

শ্রীশ্রীগুরুকৃপাহি কেবলম্

শ্রীশ্রী ৮৪ ক্লোশ ব্রজমণ্ডল

চিত্র সঙ্গে সুশোভিত



সঞ্জলিত

দীন স্বরূপ দাস

শ্রীশ্রীরাধাকুণ্ড, (মথুরা), ইউপি

୩୧୯୮୦୦୨
ପାରମ ପ୍ରକଟିନିଧି ଶ୍ରୀଶ୍ରୀ ।

ଶ୍ରୀ ବିଜୁପାତ୍ର ପିଲାଗ୍ରୀଷ୍ଟିଆରୀ ଶ୍ରୀଶ୍ରୀଶ୍ରୀ ଅକ୍ଷେ
ପାରାଯଣ ମହାରାଜେର କରକଟାଳେ "ଶ୍ରୀଶ୍ରୀ" ୬୪ ଲୋଙ୍ଗ ବଜାର ଓଡ଼ିଶା
ପାଇଁ ଏଥୁମାନ୍ ପ୍ରଦାନ କରିଲାମ ।

୫୮

କିଂକର ପ୍ରକଟିନିଧି ।

শ্রীগুরুকপাহি কেবলম্



শ্রীশ্রী ৮৪ ক্লোশ ব্রজমণ্ডল

চিত্র সঙ্গে সুশোভিত

সন্ধিত—
দীন স্বরূপদাস

শ্রীজীরাধাকুণ, মথুরা।
ইউপি, পিন—২৮১৫০৮

প্রকাশক :—

বাবা শ্রীভজহরিদাস মহারাজ
শ্রীশ্রীরাধাকৃষ্ণ।

প্রথমসংস্করণ :—

২৬শে আবগ, শ্রীকৃষ্ণের জন্মাষ্টমীতিথি, বঙ্গাব্দ-১৪০০
সম্পাদক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত।

প্রাপ্তিষ্ঠান :—

১। প্রভুপাদ শ্রীনিত্যানন্দ গোস্বামী।
C/o. শ্রীমদমোহনজীউর মন্দির।
পোঃ—বুলবুলচণ্ডি, মালদহ (পঃ বঃ)।

২। বাবা শ্রীভজহরিদাস মহারাজ।
C/o. শ্রীনিতাই-গৌর-গিরিধারী মন্দির (গৌরধাম)।
শ্রীশ্রীরাধাকৃষ্ণ।

৩। (ক) শ্রীপ্রিয়াচরণ দাস বাবা মহারাজ।
অভিরাম অস্থাগার। গোবর্দ্ধন
(খ) শ্রীনরোত্তমদাস বাবা মহারাজ।
ছত্রী ভজনকুটী, শ্রীচকলেখর, গোবর্দ্ধন।

৪। শ্রীগৌরেশ্বর ঠোর।
C/o. শ্রীমদমোহনদাস।
৪২ নং কেশীঘাট, বৃন্দাবন।

৫। শ্রীক্রপ-সনাতন গৌড়ীয়মঠ, শ্রীবৃন্দাবন।

৬। শ্রীহরিনাম প্রেস, শ্রীবৃন্দাবন।
৭। শ্রীশ্রীমহুন্দরদাস মণ্ডল।
শ্রীরাধাপতি ঘাট, শ্রীবৃন্দাবন।
৮। শ্রীকেশবজী গৌড়ীয়মঠ, শ্রীমথুরা।

৯। শুক্র সেবাশ্রম।
শ্রীযুক্তনিমাইচরণ চ্যাটার্জী।
পোঃ—রামজীবনপুর।
জিলা—মেদিনীপুর (পঃ বঃ)

১০। শ্রীযুক্ত গনেশচন্দ্র দত্ত।
৩৮ অক্ষয় দত্ত লেন, নিমতলা ঘাট ট্র্যাট-
কলিকাতা—৬

১১। সংস্কৃত পুস্তক ভাণ্ডার।
৩৮, বিধানসরণী, কলিকাতা—৬

১২। শ্রীযুক্ত সুবল তেওয়ারী।
C/o. শ্রীনীলমাধব সেবাশ্রম।
গ্রাম—মেশ্যা, পো: ইচাগ,
জিলা—পুরুলিয়া (পঃ বঃ)।

মুদ্রক :—শ্রীহরিনাম প্রেস

শ্রীহরিনাম পথ, বাগবুন্দেলা
শ্রীবৃন্দাবন।

প্রচারানুকূল্যে ভিক্ষা—৫০ টাকা


ନିବେଦନ

ମର୍ବ ପ୍ରଥମେ ଆମାର ଦୀକ୍ଷାଗୁରୁ ଶ୍ରୀଶ୍ରୀ ୧୦୮ ମଦନଗୋପାଳ ଗୋପାମୀ ପ୍ରଭୁପାଦକେ ଭୂମିତେ ପଡ଼ିଯା ଦଶବ୍ଦ ପ୍ରଗାମ ଜାନାଇ । ତେପରେ ଆମ ସାହାର କୃପାୟ ବ୍ୟାସ ସଂକ୍ଷରଣ ଏବଂ ଭଜନ ପଦ୍ଧତି ସମ୍ବନ୍ଧେ ଶିକ୍ଷାଲାଭ କରିତେଛି ମେହି ଶ୍ରୀଶ୍ରୀ ୧୦୮ କୃଷ୍ଣଦାସ ବାବା ମହାରାଜଜୀକେ ଭୂମିତେ ପଡ଼ିଯା ଦଶବ୍ଦ ପ୍ରଗାମ ଜାନାଇ । ସାହାର ଅହେତୁକୀ କରନାର ପ୍ରଭାବେ ଆମ ଶ୍ରୀଶ୍ରୀବ୍ରଜଧାମେ ଆଗମନ କରିଯାଛି ତିନି ଶ୍ରୀଶ୍ରୀ ୧୦୮ ବାବା ଭଜହର ଦାସଜୀ (ଆମାର ଜ୍ୟୋତି ଆତା) କେ ଦଶବ୍ଦ ପ୍ରଗାମ ଜାନାଇ ଅତଃପର ସମସ୍ତ ବୈଷ୍ଣବଗଙ୍କେ ଦଶବ୍ଦ ପ୍ରଗାମାଷ୍ଟେ ନିବେଦନ ଏହି ଯେ—ଆମି ଶ୍ରୀଶ୍ରୀବ୍ରଜମଣ୍ଡଳ ଭ୍ରମ କରିଯା ଏବଂ ବହୁ ଗ୍ରହ ହିତେ ସକଳେର କୃପାୟ ଯାହା ଯାହା ସଂଗ୍ରହ କରିତେ ସମର୍ଥ ହଇଯାଛି ‘ତାହାଇ’ ଏହି “ଶ୍ରୀଶ୍ରୀ ୮୪ କ୍ରୋଷ ବ୍ରଜମଣ୍ଡଳ” ନାମକ ଗ୍ରହକାନିର ମଧ୍ୟେ ଲିପିବଦ୍ଧ କରିଯାଛି ।

ଶ୍ରୀବ୍ରଜଧାମ ଚିଲ୍ୟଭୂମି, ଏହିହାନେର ଏକ ଏକଥାନି ଧୂଲିକଣା ପର୍ଯ୍ୟନ୍ତ ମଣିମୁକ୍ତା ସ୍ଵରପ, ମେଇଜନ୍ତ ଏହି ଚିନ୍ୟ ଭୂମିର ମହିମା ବର୍ଣନ କରିତେ ଆମାର ସାମର୍ଥ୍ୟ ନାହିଁ, କେବଳମାତ୍ର ଉଲ୍ଲେଖିତ ଗୁରୁ-ବୈଷ୍ଣବଗଣେର କୃପାୟ ସଂକିଞ୍ଚିତ ଦିକ ନିର୍ଣ୍ୟ ହିମାବେ ଶ୍ରୀଶ୍ରୀବ୍ରଜମଣ୍ଡଳ କିଭାବେ ପଦିକ୍ରମ କରିତେ ହୁଯ ତାହାର ମାନଚିତ୍ର (ଅନେକ ସହଯ ପରିକ୍ରମା ଚଲାକାଲିନ ମହାନ୍ତଗନ ସ୍ତ୍ରୀବିଧୀ-ଅମ୍ବୁବିଧୀ ବିଚାର କରିଯା ସ୍ତ୍ରୀନିଦିଷ୍ଟ ପରିକ୍ରମା ମାର୍ଗେର ପରିବର୍ତନ ଓ କରିଯା ଥାକେନ), ମୋଟାମୂଳି ଶ୍ରୀବ୍ରଜମଣ୍ଡଳେ କତକଣ୍ଠିଳ ପ୍ରାମ ଆହେ ତାହାର ମାନଚିତ୍ର, କିନ୍ତୁ ମନ୍ଦିର ଏବଂ କୁଣ୍ଡାଦିର ଚିତ୍ର ଏହି ଗ୍ରହେ ସମ୍ମିଲିତ କରିଯାଛି । ଏହିଗ୍ରହେ ଅନେକ ପ୍ରକାର ଭୁଲକ୍ରଟି ଥାକିତେ ପାରେ ମେଇଜନ୍ତ କୃପାୟ ପାଠକବୃନ୍ଦେର ନିକଟ ଆମି କ୍ଷମା ପ୍ରାର୍ଥି ।

ଇତି—

ଗ୍ରହକାର



ମୁଚ୍ଚିପତ୍ର

ପ୍ରଥମ ଅଧ୍ୟାୟ

ଆବୁନ୍ଦାବନଲୀଲା

ପୃଷ୍ଠା—୯

ଶ୍ରୀଗୁର୍ବାଦି ସନ୍ଦର୍ଭ

୧

ଆବୁନ୍ଦାବନେର ସ୍ତବ ଶ୍ରୀବୁନ୍ଦାବନୋଂପତ୍ର ସସଙ୍କେ

୨

ଶ୍ରୀରାଧାଗୋବିନ୍ଦ ମନ୍ଦିର

୩

ଶ୍ରୀରାଧାଗୋବିନ୍ଦ ମନ୍ଦିର, ଶ୍ରୀରାଧାଗୋପିନାଥ ମନ୍ଦିର, ଶ୍ରୀରାଧାମଦନମୋହନ ମନ୍ଦିର,

୫

ଶ୍ରୀରାଧାମଦାମୋଦର ମନ୍ଦିର, ଶ୍ରୀକୃଷ୍ଣଚନ୍ଦ୍ରଜୀଟ (ଲାଲାବାୟୁ) ମନ୍ଦିର

୬

ଶ୍ରୀଜଗନ୍ଧାରଥ ମନ୍ଦିର, ଶ୍ରୀଗୋପାଲଜୀଟ (ସାଙ୍କୀ ଗୋପାଳ) ମନ୍ଦିର, ଶ୍ରୀବନ୍ଧୁରଥ ମହାଦେବ ମନ୍ଦିର

୭

ଶ୍ରୀବନ୍ଧୁରଥ ମନ୍ଦିର, ଶ୍ରୀଶାହଜୀ ମନ୍ଦିର, ଶ୍ରୀମୀରାବାଙ୍ଗ ମନ୍ଦିର, ଶ୍ରୀରଙ୍ଗମାଥଜୀ (ଶେଠେର) ମନ୍ଦିର

୮

ଶ୍ରୀଗୋପାଲଜୀ (ବ୍ରଜାରୀ) ମନ୍ଦିର, ଶ୍ରୀଧାମ ଗୋଦାବିହାର ମନ୍ଦିର, ଶ୍ରୀଗୌରାଙ୍ଗ ମହାପ୍ରଭୁ ମନ୍ଦିର

୯

ଶ୍ରୀରାଧାଶ୍ରୀମୁଖ ମନ୍ଦିର,

ପିସିମାର ଶ୍ରୀନିତାଇଗୋର ମନ୍ଦିର, ଶ୍ରୀଗୋପେଶ୍ଵର ମହାଦେବ ମନ୍ଦିର, ଶ୍ରୀରାଧାରମଣ ମନ୍ଦିର,

୧୦

ଶ୍ରୀରାଧାମାଧବ ମନ୍ଦିର

୧୧

ଶ୍ରୀଲୁଟନ କୁଞ୍ଜ, ଶ୍ରୀରାଧାବିନୋଦ ଓ ଶ୍ରୀଗୋକୁଳାନ୍ତ ମନ୍ଦିର, ଶ୍ରୀରାଧାବଲ୍ଲଭ ମନ୍ଦିର, ଶ୍ରୀଜାମାଇ-
ବିନୋଦ ମନ୍ଦିର ଶ୍ରୀମଧୀପୀଠ, ଶ୍ରୀପାଗଲବାବାର ମନ୍ଦିର

୧୦

ଶ୍ରୀ ଅର୍ଥଶାର୍ମ ଶାମୀଜୀର ଆଶ୍ରମ, ଶ୍ରୀକାଂଚ ମନ୍ଦିର, ଶ୍ରୀଆନନ୍ଦମୟୀ ଆଶ୍ରମ, ଶ୍ରୀରାମକୃଷ୍ଣପରମହଂସ-
ଦେବେର ମନ୍ଦିର, ଶ୍ରୀଜାନକୀବଲ୍ଲଭ ମନ୍ଦିର, ଶ୍ରୀ ଅଷ୍ଟମଥୀ ମନ୍ଦିର, ଶ୍ରୀଜୟପୁଡ଼ିଯା ମନ୍ଦିର

୧୧

ଶ୍ରୀକାତ୍ୟାୟଣୀପୀଠ, ଶ୍ରୀକାଠିରାବାବା ଆଶ୍ରମ, ଶ୍ରୀକୃଷ୍ଣବଲରାମ (ଇଂରେଜ) ମନ୍ଦିର, ଶ୍ରୀମୁଖେର ରାଜାର
ମନ୍ଦିର, ଶ୍ରୀଚିରୁବାଟ ଓ ବଞ୍ଚାଭରଣ ଘାଟ, ଗୋପୀଗଣ କର୍ତ୍ତକ କାତ୍ୟାୟଣୀ ବ୍ରତ ଏବଂ ଶ୍ରୀକୃଷ୍ଣେର
ବଞ୍ଚାଭରଣ ଲୀଲା

୧୨

ଶ୍ରୀଅମରଘାଟ, ଶ୍ରୀକେଶ୍ବରାଟ, ଶ୍ରୀକେଶ୍ବରଦେତ୍ୟେର ମୁଦ୍ରି

୧୩

ଶ୍ରୀଧରମୀର ଘାଟ, ଶ୍ରୀପାନିଷାଟ

୧୪

ଶ୍ରୀଆଦିବଜ୍ଜୀ ଘାଟ, ଶ୍ରୀରାଜଘାଟ, ଶ୍ରୀବରାହଘାଟ, ଶ୍ରୀକାଲିଯଦମଘାଟ, ଶ୍ରୀକାଲିଯଦମ ଲୀଲା

୧୫

ଶ୍ରୀଗୋପାଲଘାଟ, ଶ୍ରୀମୂର୍ତ୍ୟଘାଟ ଓ ଦ୍ୱାଦଶ ଆଦିତ୍ୟଘାଟ

୧୬

গ্রামাদির নাম

পৃষ্ঠা—নং

শ্রীযুগলঘাট, শ্রীবিহার ঘাট, শ্রীঅঙ্কেরঘাট, শ্রীইমলিতলা ঘাট	১৯
শ্রীশিঙ্গার (বট) ঘাট	২০
শ্রীগোবিন্দ ঘাট, শ্রীরামবাগ ঘাট, শ্রীঅটলবন, শ্রীকেবাৰিবন, শ্রীবিহারবন	২১
শ্রীকালীয়দমবন, শ্রীগোচারণবন, শ্রীগোপালবন, শ্রীনিবুজ্জ্বল ও সেবাকুঞ্জ, শ্রীনিধুবন	২২
শ্রীবুলনবন, শ্রীগহৰবন, শ্রীপঢ়বন, শ্রীকিশোৱন, শ্রীবাধাৰাগ, শ্রীবন্দাৰনে দ্বাদশ উপবন	২৩
শ্রীবন্ধুকুণ্ড, শ্রীগোবিন্দকুণ্ড	২৪
শ্রীগজৰাজকুণ্ড প্রসিদ্ধকুণ্ড, প্রসিদ্ধ সমাজ, প্রসিদ্ধকৃপ	২৫
প্রসিদ্ধদেবী, শ্রীবংশীবট, শ্রীঅদৈতবট, শ্রীযমুনাপুলিন, শ্রীরামপুলীন	২৬
প্রসিদ্ধ কদম্ব, প্রসিদ্ধ পুলীন, প্রসিদ্ধ মহাদেব প্রসিদ্ধ বট, প্রসিদ্ধ ঘাট, শ্রীবজধামে প্রসিদ্ধ ঘোল বট, শ্রীবজধামে প্রসিদ্ধ দ্বাদশবন, শ্রীবজধামে প্রসিদ্ধ দ্বাদশ উপবনাদি	২৭
শ্রীবজধামে প্রসিদ্ধ পাচ মহাদেব, শ্রীঅক্ষুরতীর্থ, শ্রীঅক্ষুরমহাশয়ের শ্রীবন্দাবনাগমন এবং শ্রীকৃষ্ণলীলা দর্শন	২৮
শ্রীমুদামাকুটী	২৯
শ্রীভোজনস্ত্রী ও ভাতৱোল	৩০

শ্রীমথুরা লীলা

শ্রীমথুরার অবস্থান, শ্রীমথুরা উৎপত্তি	৩১
শ্রীকৃষ্ণের জন্ম পরিচয়, শ্রীকংসের জন্ম পরিচয়	৩২
শ্রীবন্ধুদেবের জন্ম পরিচয়, শ্রীবন্ধুদেবের পূর্বজন্ম কথা, কংস কর্তৃক যোগমায়াবধের উদ্দোগ রজকেরমুক্তি, তন্ত্রবাধের উপাখ্যান, স্তুতামা মালাকারের উপাখ্যান, শ্রীমতীকুজার উপাখ্যান শ্রীকৃষ্ণ কর্তৃ'ক ধর্মভঙ্গ, কুবলয়াপীড় বধ	৩৩
চান্দুর-মুষ্টিকাদির উপাখ্যান	৩৪
শ্রামন্মহাপ্রভুর শ্রীমথুরা দর্শন	৩৫
কংসের মৃত্যি	৩৬
শ্রীধাম মথুরা পরিক্রমা	৩৭
শ্রীবিশ্বাস্তি তীর্থ, শ্রীগতশ্রম তীর্থ	৩৮
শ্রীবিমুক্ত তীর্থ, শ্রীগুহ তীর্থ, শ্রীপ্রয়াগতীর্থ, শ্রীকনখন তীর্থ, শ্রীতিন্দুক তীর্থ	৪১
শ্রীমৃঘ্য তীর্থ, শ্রীবটস্বামী তীর্থ, শ্রীঞ্জবতীর্থ	৪২
শ্রীঞ্জব তীর্থ, শ্রীমোক্ষ তীর্থ, শ্রীকোটি তীর্থ	৪৩
শ্রীবোধি তীর্থ, শ্রীনব তীর্থ, শ্রীসংযম তীর্থ, শ্রীধারাপতন তীর্থ	৪৪

গ্রামাদির নাম

পৃষ্ঠা - নং

শ্রীনাগ তীর্থ, শ্রীঘটাভরণ তীর্থ, শ্রীব্ৰহ্ম তীর্থ	৪৫
শ্রীসুৰতীপতন তীর্থ, শ্রীচক্র তীর্থ, শ্রীদশাখমেধ তীর্থ, শ্রীবিষ্ণুরাজ তীর্থ, শ্রীকোটি তীর্থ	৪৬
শ্রীগোকৰ্ণাখ্য তীর্থ, শ্রীকৃষ্ণগঙ্গা তীর্থ, শ্রীবৈকুণ্ঠকুণ্ড তীর্থ, শ্রীঅসিকুণ্ড তীর্থ	৪৭
শ্রীচতুঃসামান্তিক তীর্থ, শ্রীকৃষ্ণের জন্মভূমি, শ্রীমথুরাধীশ মন্দির, শ্রীপোতৱা কুণ্ড	৪৮
শ্রীজ্ঞানবাবরা মন্দির, শ্রীভূতেৰ মহাদেবজীউ, শ্রীদ্বাৰিকাধীশ মন্দির	৪৯
শ্রীবৰাহদেবজী মন্দির, শ্রীগতশ্রম নারায়ণ মন্দির, শ্রীকেশবদেবজী মন্দির	৫০
শ্রীদাটজী, শ্রীমদনমোহনজী এবং শ্রীগোকুলনাথজী, শ্রীদীঘাবিষ্ণু মন্দির, শ্রীবিড়লা মন্দির, পুৱাতত্ত্ব সংগ্ৰহালয়, কিছু মন্দিরের পঢ়িচ্য	৫১
শ্রীমথুরায় অবস্থিত চীলা	৫২
মথুরায় চারটি দৱজা, মথুরায় অবস্থিত মহাদেব, মথুরায় প্ৰসিদ্ধ কুণ্ড, শ্রীমথুৱা মাহাত্ম্য	৫৩

শ্রীভগবানের আবির্ভাব লীলা।

শ্রীনামমালা, শ্রীরাধাগোবিন্দদেবজীউ	৫৫
শ্রীরাধাগোপনাথজীউ	৫৬
শ্রীরাধামদনমোহনদেবজীউ	৫৮
শ্রীজগন্ধারাথদেবজীউ	৫৯
শ্রীরাধাশ্রামসুন্দরজীউ, শ্রীরাধামদনগোপালজীউ, শ্রীবন্ধবিহারীজীউ	৬৪
শ্রীরাধাবিনোদজীউ, শ্রীরাধাবল্লভজীউ, শ্রীরাধাৰমণজীউ	৬৫
শ্রীরাধামাধবজীউ, শ্রীরাধাদামোদৱজীউ, শ্রীগিরিৱাজশীলা	৬৬
শ্রীক্রীনাথজীউ	৬৭
শ্রীবামনদেবজীউ, শ্রীক্ষীরচোৱাগোপনাথজীউ, ব্ৰজে শ্রীয়মুনিৱার আবিৰ্ভাব	৬৮
শ্রীয়মুনীৱার প্ৰবাহ	৬৯
শ্রীয়মুনী মাহাত্ম্য, কিছু ব্ৰজমণ্ডলে পৱিত্ৰমা নিৰ্ণয়	৭০
যাত্ৰাদিগেৰ সুবিধা, সংক্ষেপে কিছু গ্ৰামেৰ দূৰত্ব নিৰ্ণয়	৭১

ছত্ৰীয় অধ্যায়

শ্রীব্ৰজমণ্ডলেৰ দক্ষিণাংশ লীলা।

ধোৱৈৱো, তেহো, ছেড়ো, আল্লহপুৱ, গোপালগড়, গোটীয়ালীফপুৱ, শাহপুৱ, ঝড়ীপুৱ	৭৩
---	----

ଗ୍ରାମାଦିର ନାମ

ପୃଷ୍ଠା—୧୯

ବଲରାଇ ସୁଲତାନପୁର, ସବୁରୀଲୋଡ଼ପୁର, କରଗାବଳ, ନଗଲା ଗ୍ୟାସୀ, ଆଲୀପୁର, ବାଂଦ, କୋରକା /-	୧୫
କୟଲୋ, ନାରାଜାବାଦ / ଉରାଜାବାଦ, ନବାଦା	୧୬
ବିର୍ଜିପୁର, ଆଜନପୁର, ଅଡ଼କୀ ଧନପାଇ ମରହୋଲୀ, ମହୋଲୀ / ମଧୁବନ	୧୭
ତାଡ଼ସି / ତାଲବନ, ଧେଶକାନ୍ତରେର ମୁକ୍ତି	୧୮
ନଗରୀ, ବେରକା, ନବୀପୁର, କଦରବନ / କୁମୁଦବନ, ଉସଫାର ଉଚ୍ଚଗ୍ରାମ	୧୯
ହକିମପୁର, ନଗଲା ଗୁଜର, ଚେନପୁର, ସାଇପୁରା, ବସା ନଗଲା, ବସାଇ. ସୁମା ଗ୍ରାମ, ନଗଲା ଛାଙ୍ଗୀ, ସାଦାର	୨୦
ମୁରିଯା ନଗଲା ଆଡ଼ିଂ, ବରିଫା, ନଗଲା ରାମପୁର, ମାଧୁରୀକୁଣ୍ଡ ଗ୍ରାମ, ଜ୍ଯୋଦା, ମୋରା ଜ୍ୟୋନଗ୍ନୀଓ, ତୋଷ, ହରିପୋରା ନଗଲା	୨୧
ଭୂତପୁରା ନଗଲା, ବିହାରବନ, ପେଷାଇ ନଗଲା, ଅମଗଙ୍ଗପୁର, ଅରହସ, ଫେଚରୀ, ସକନା, ସାତୋହା ନଗଲା ବୋହରା, ବାକଲପୁର, ପାଲୀଖଡ଼ା, ଗିରଧରପୁର ନୋ-ଗ୍ରାମ, ସାଲେମପୁର, ମାରାମ ନଗର, ଖାମନୀ, ଜୁନଶୁଟୀ, ନଗଲା କାଶୀ, ଦତ୍ତିଯା	୨୨
ଗଣେଶରା, କୌଟୀ, ବାଟୀ / ବହନାବନ, ଛଟୀକରା	୨୩
ଶ୍ରୀଗର୍ଭ ଗୋବିନ୍ଦ, ସୁନରମ	୨୪
ନାରାୟଣପୁର, ଆଠାସ, ଜୋନାଇ, ଦେବୀ ଆଠାସ, ଜୈତ, ସକରାୟା, ମସେରା ରାଲ, ଜନତି / ଜୁହ୍ଲେଦି ଗ୍ରାମ, ମଟାଲି ନଗଲା, ଭଦ୍ରାଲ, ନଗଲା ନେତା, ବଡୋତା କୋହାଇ, ସମତି, ପାଲୀଆକ୍ଷଗ, ମୁଖରାଇ, ପାଞ୍ଜବୀ ନଗଲା	୨୫
ଶ୍ରୀଯମୁନାମାତା, ଶ୍ରୀରାଧାକୁଣ୍ଡ ଗ୍ରାମ, କୁଣ୍ଡଯ ଉଂପତ୍ତିର କାରଣ, ଅରିଷ୍ଟାନ୍ତରେର ମୁକ୍ତି	୨୬
ଶ୍ରୀରାଧାକୁଣ୍ଡ ଅବସ୍ଥିତ କିଛୁ ମନ୍ଦିର, କୁଞ୍ଜ ସାଟ ଶିବୋଥୋର	୨୭
ମାଲ୍ୟାହାରୀ କୁଣ୍ଡ ଲନ୍ତିଆ କୁଣ୍ଡ, ବଲରାମ କୁଣ୍ଡ, ଭାଉଥୋର କୁଣ୍ଡ, ବଜନାଭ କୁଣ୍ଡ, ଗୋପକୂଳୀ, କୁମୁଦ- ସରୋବର, ଶ୍ରୀଉଦ୍ଧବକୁଣ୍ଡ	୨୮
ଭୂତକୁଣ୍ଡ, ଗୋଯାଲ ପୋଥରା, ଶ୍ରୀନାରଦକୁଣ୍ଡ, ଶ୍ରୀଗୋବର୍ଦ୍ଧନ ଗ୍ରାମ ଶ୍ରୀଗୋବର୍ଦ୍ଧନନୋଂପତ୍ତି କଥା ଶ୍ରୀମାନସୀଗଙ୍ଗା	୨୯
ମିନ୍ଦ ଶ୍ରୀକୃତ୍ୟନାସ ବାବାର ଜୀବନୀ	୩୦
କିଲ୍ଲୋଲକୁଣ୍ଡ, ପାପମୋଚନ କୁଣ୍ଡ, ଦାନସାଟୀ, ଆନୋର ଗ୍ରାମ, ପ୍ରକଟ, ଶ୍ରୀସନ୍ଧର୍ଗକୁଣ୍ଡ, ଶ୍ରୀଗୌରୀକୁଣ୍ଡ ନୀପକୁଣ୍ଡ, ସଥିତରା ଗ୍ରାମ, ଭୀମନଗର, ଶ୍ରୀଗୋବିନ୍ଦକୁଣ୍ଡ, ଶ୍ରୀଗନ୍ଧର୍ବକୁଣ୍ଡ, ପୁଛରୀ ଗ୍ରାମ, ଶ୍ରୀଅନ୍ଧରା ଏବଂ ନବାଲ କୁଣ୍ଡ	୩୧

ଗ୍ରାମାଦିର ନାମ

ପୃଷ୍ଠା—୧୯

ଶ୍ରୀଦାଉଜୀ ମନ୍ଦିର, ଶ୍ରୀଇନ୍‌କୁ କୁଣ୍ଡ ଶ୍ରୀଶୁରଭୀ କୁଣ୍ଡ, ଶ୍ରୀକନ୍ଦ୍ରଖଣ୍ଡୀ, ଏଇବତ କୁଣ୍ଡ, ସତୀପୁରା ଗ୍ରାମ,	୧୮
ଶ୍ରୀଶୁରଜକୁଣ୍ଡ, ବିଲହୁକୁଣ୍ଡ, ଚନ୍ଦ୍ରମରୋବର / ମହମଦପୁର / ପର୍ସୋଲୀ ଗ୍ରାମ, ଭୁବନପୁରା, ପେଠାଗ୍ରାମ	୧୯
ଆଡାପାଲୀ, ମଲୁ, ନୈରୁପଟ୍ଟି, ନଗଳା ଜାଙ୍ଗଲୀ, ଇମଳ, ନରୁ ତସିଯା ସୌକ ଗ୍ରାମ	୧୦୦
ବଚ୍‌ଗ୍ରାମ, ସାବଳା ଗ୍ରାମ, ଶେରା ନଗଳା, ରତ୍ନ ନଗଳା, ଡୋମପୁରା, କୋଥରା	୧୦୧
ଗାଁଠୋଲୀ, ମଲସରାୟ, ବୀଟ / ଟୋରକାସନା, ମକରବା	୧୦୨
ନିମଗ୍ନାୟ, କୁଞ୍ଜରା ଗ୍ରାମ, କାସଟ ନଗଳା	୧୦୩
ଭଗୋମା, ପାଡ଼ଳ, ମଡୋରା ପଲସୋ, ମୌତାମ୍ବା	୧୦୪
ମହରୋଲୀ, ଜାମୁ, ଦୋମେରମ, ମୁଡ଼ମେରମ ଦୌଲତପୁର	୧୦୫

ତୃତୀୟ ଅଧ୍ୟାୟ

ଶ୍ରୀବ୍ରଜମଣ୍ଡଳେର ମଧ୍ୟାଂଶ ଲୀଳା।

ଆରହି, ଅକବରପୁର, ବିଲୋଡୀ, ପେଛୋରା, ସିହାନା, ଶିବାଳ, ବରୋରା, ଜମାଲପୁର, କୋକେରା	୧୦୬
ପେଲଥୁ, ମୂର୍ଯ୍ୟକୁଣ୍ଡ / ଭରଣାଥୁଦ୍, ମିନ୍ଦ ଶ୍ରୀମଦୁଷ୍ଟନନ୍ଦାସ ବାବାର ସଂକ୍ଷିପ୍ତ ଜୀବନୀ	୧୦୭
ରହେଡା, ସାହାର	୧୦୮
ପାଲୀଗ୍ରାମ, ବଡ଼ଭନ୍ଦା, ଡେରାବଳୀ, ଡାହୋଲୀ	୧୦୯
ଦେବପୁର, ମତାରପୁର, ସାଥୀ, ଶଞ୍ଚଚୁଡ଼େର ମୁକ୍ତି, ଅଲବାଇ	୧୧୦
ଉମରାୟା, ରଗବାଡୀ, ମିନ୍ଦ ଶ୍ରୀକୃଷ୍ଣନ୍ଦାସ ବାବାର ଜୀବନୀ	୧୧୧
ଖାନପୁର, ଭଦ୍ରାବଳ, ଖାୟରା / ଖାଦିରବନ, ଲୋଧୋଲୀ, ପିସବା / ପେସାଟ, ଆଜନେଠ	୧୧୨
ଶ୍ରୀଇନ୍‌ଦୁଲେଖାସଥୀର ପରିଚୟ, କରହଳା	୧୧୩
କାମାଇ, ଶ୍ରୀବିଶାଖାସଥୀର ପରିଚୟ, ହାଥିଯା, କୁପନଗର, ନୋହରା, ରାକୋଲୀ, ଡମାଲା/ଡାଭାରୋ	୧୧୪
ଶ୍ରୀତୁଙ୍ଗବିନ୍ଦୀ ସଥୀର ପରିଚୟ	୧୧୫
ଚିକ୍‌ସୌଲୀ, ଶ୍ରୀଚିତ୍ରାସଥୀର ପରିଚୟ, ଶ୍ରୀବର୍ଷଣା ଗ୍ରାମ	୧୧୬
ଶ୍ରୀସଭାରମହାରାଜେର ପରିଚୟ, ପିରିପୁକୁର / ପିଯଳ ମରୋବର, ଶ୍ରୀଭାନୁଖୋର / ଭାନୁକୁଣ୍ଡ,	୧୧୭
କୌର୍ତ୍ତିନା କୁଣ୍ଡ	୧୧୮
ସାକରିଥୋର, ଶ୍ରୀବ୍ରଜେଶ୍ଵର ମହାଦେବ	୧୧୯
ଶ୍ରୀଦାନଗଡ଼, ଶ୍ରୀମାନଗଡ଼	୧୨୦
ଶ୍ରୀମୟୁରକୁଟୀ, ଗାଜିପୁର / ପ୍ରେମମରୋବର	୧୨୧

গ্রামাদির নাম

পৃষ্ঠা—ং

উচ্চ গ্রাম / ললিতা গ্রাম. শ্রীলিতাসঞ্জীর পরিচয়, সঙ্কেত গ্রাম রীঠোরা, লোহরবাড়ী, শ্রীনলঘুগ্রাম শ্রীনলমহারাজের পরিচয়, বিজবারী	১২০
	১২১
	১২৩
জমালপুর, নগরিয়া, জমালপুর, পিলোলী / চিললী, বকাস্তুরের মুক্তি জাৰ / জাৰট, যোগপীঠে শ্রীকৃষ্ণমঞ্জুৰী, শ্রীমঙ্গলালী মঞ্জুৰী ইত্যাদি অষ্টমঞ্জুৰীৰ পরিচয় ধনসিংহ, তুমোৱা, গোহারা বৰহানা, মুখারী, ধৰ্মনগৰ, ভদ্ৰবন	১২৪
	১২৫
কোশীকলা, কোটবন, নবীপুৰ, দইগ্রাম, উমৰালা, লালপুৰ, গঢ়ীবুখারী, মড়োৱা কমার, শ্রীচৰণপাহাড়ী, বঠেন খুৰ্দ / ছোট বৈঠান, বঠেন কলা / বড় বৈঠান	১২৬
	১২৭
হুলবানা, পথৰপুৰ, লেটৰী, সিৰথৰা, খিটাবিটা, কদোনা	১২৯
পুটুৱী, কুটুৱী, সঁচোলী, বদনগড়, গিড়োহ, কোকিলাবন, ভড়োখৰ, মহারানা, ভৰ্তিয়া চৌমুঁহা, পৱনথম, নগলায়োজী, পারসোলী, অঘাস্তুরের মুক্তি	১৩০
	১৩১
জমুবী, মাঁগৰোলী, আছুৱী, বাজনা, বৰহৱা, সেই	১৩২
জৈতপুৰ, মই, বসই, বৎসবন	১৩৩
বৎসাস্তুরের মুক্তি, উঘনা, হেলাৰী, বৰাইবজ, গাঁগৰোলী, লহুৰবাড়ী, দলোতা ভে-গ্রাম, শ্বারহ / শ্রীচীৰঘাট	১৩৪
	১৩৫
জাৰলী, সেদপুৰ, বিলোডা, অগৱয়ালা, বেহটা, কাজৱোটী / শ্রীঅক্ষয়বট, শ্রীতপোবন, শ্রীগোপীঘাট, প্রলম্বাস্তুরের মুক্তি	১৩৬
	১৩৭
শ্রীবিহারবন, উহবা / শ্রীৱামঘাট	
চমারগড়, গুলালপুৰ, বাজেদপু, ধীমৱী / নিবারণ ঘাট, শেৱগড় / খেলনবন, পীৱপুৰ, বসই, সেনবা, শেৱগড়, নগলা, রাজবাড়ী	১৩৮
	১৩৯
রক্ষেৱা, অস্তোলী, নো-গ্রাম, বৰোলী, তৰোলী, নৱী, শ্বামৱী	১৪০
বিড়াবল, উন্দী, লাড়পুৰ, আজমোটী, মোৱা, তাতা / শ্রীছত্ববন	
পিঙ্গৱী, কৱাহৱী, জটৰাড়ী, ধূৱসী, খড়বাড়ী, আজমপুৰ, গোহেতা, অজয়পুৰ, দোতানা, বহৰাবলী, ছসেনী, বিষ্ণুৱা, পে-গ্রাম	১৪১
	১৪২
শহজাদপু, গড়ীবড়া, রামপুৰ, উঘানী, ধনোতা, রূপনগৰ, খেৱাল, শেৱনগৰ মৰোই / মাৰই, এচ., শুকসান, শাহপুৰ,	১৪৩
	১৪৪
চৌকী, শেষশায়ী, শ্রীনলনবন, সুজাৰলী, বুখৱাৰী, বৰকা, স্বৰ্যকুণ্ড নগলা হসনপুৰ, খৰোট, হতানা, ফালেন, রাজগঢ়ী, বৰচাৰলী	

ଚତୁର୍ଥ ଅଧ୍ୟାଯ

ଶ୍ରୀବ୍ରଜମଣ୍ଡଲେର ପଞ୍ଚମ ଏବଂ ଉତ୍ତରାଂଶ ଲୌଳା

ପୃଷ୍ଠା—ନং

ଗ୍ରାମଦିନର ନାମ

ଶ୍ରୀମତ୍ତାକ, ସାମହି, ସରୋଲୀ ଚୌଥ, ଦାତୁ ନଗଲା, ବେହେଜ	୧୪୫
ନଗଲାମୋତୀ, ନଗଲା ଖପାନ, ଚୌମେଦୀ, ମାଲୀପୁର, ମାଲପୁର, ଡୀଗ / ଲାଠାବନ	୧୪୬
ଦିଦାବଲୀ, କିଶନପୁର, ନଗଲା ଶ୍ରୀପୁର, ନଗଲା ବଦ୍ରୀପୁର, ନଗଲା କୋକଲା, ଭିଲମାନା, ଇକଲହରା,	
ପାଞ୍ଚା, ରଙ୍କା ନରୈନା, ନଗଲା ହରମୁଖ, ନରୈନା ଚୌଥ, ନାହରା ଚୌଥ	୧୪୭
ଧମାରୀ, ଘାଟା, ସୁହେରା, ସେଟୁ, ରଙ୍କ ପରମଦରା, ପରମଦରା, ବଦ୍ରୀ, ଶୁହାନା	୧୪୮
ନଗଲା ମହାରାଣୀୟା, ଟୁକୋଲୀ ପହଳବାଡା, ମୋନାକା, ଡିଗଚୌଲୀ, କଲ୍ୟାଣପୁର, ଥୋହ, ଚୁଲ୍ଲେରା	୧୪୯
ଉଦୟପୁରୀ, ଭୟାରୀ ନଗଲା, କାଯାରୀକା ନଗଲା, ଶ୍ରୀଆଦିବତ୍ରୀନାଥ,	୧୫୦
ଆଲୀପୁର ଗ୍ରାମ, ପଶୋପା ମୋରୋଲୀ, ଥାନପୁର, ନଗଲା କିଶୋରାସିଂହ, ରଙ୍କ ସବସାନା, ବିରାର,	
ପଙ୍ଗା, ସବଲାମା, ସରୋଲୀ ଧାଟ, ଖୁଟ୍ଟପୁରିୟା, ବିଲୋନ୍, ଶ୍ରୀକେନ୍ଦ୍ରାରମାଧ୍ୟ	୧୫୧
ବାଦଲୀ, ଲୁହେର, ଅଗରାବଲୀ, ଶ୍ରୀଚରଣପାହାଡ଼ୀ, ଶାହପୁର, କରମୁକା, ଲାଲପୁର, ବାସରା, ଇଙ୍ଗ୍ରୋଲୀ	୧୫୨
ଅଞ୍ଚମା, ଛିଛର ବାଡ଼ୀ, ନଗଲା ହରନାରାଯଣ, ନଗଲା ହରମୁଖ, କଦମ୍ବଶ୍ରୀ, କନବାଡ଼ା, ମୁଲ୍ଲକା, ମୁରାର,	
କ୍ଷାମା / କାମ୍ୟବନ	୧୫୩
ଶ୍ରୀବୃନ୍ଦାଦେବୀ, ଶ୍ରୀବିଷ୍ଣୁସିଂହାସନ, ଶ୍ରୀରାମେଶ୍ଵର ସେତୁବନ୍ଧ	୧୫୪
ଶ୍ରୀବିମଲାକୁଣ୍ଡ, ଲୁକାଲୁକି / ଲୁକଲୁକି କୁଣ୍ଡ	୧୫୫
ସିନ୍ଧ ଶ୍ରୀଜୟକୃଷ୍ଣଦୀମବାବାଜୀ ମହାରାଜେର ଜୀବନୀ	୧୫୬
ପାଞ୍ଚବ କୁଣ୍ଡ	୧୫୭
ଶ୍ରୀଆଲତାପାହାଡ଼ୀ, ବ୍ୟୋମାସ୍ତରେର ମୁକ୍ତି	୧୫୮
ବବେରା ଗ୍ରାମ—ଯୋଗପୀଠେ ଶ୍ରୀରଙ୍ଗଦେବୀ ଏବଂ ଶ୍ରୀଶୁଦେବୀର ପରିଚୟ, ନନ୍ଦୋଲା, ରଙ୍କ ନନ୍ଦୋଲା	
ପର ନନ୍ଦୋଲା, ରଙ୍କ କନବାଡ଼ା, ସୁମ୍ମେରା—ଯୋଗପୀଠେ ଶ୍ରୀଚମ୍ପକଲତାସଖୀ, ଡାନା	୧୫୯
ଧିଲାବଟୀ, ରାଧାନଗରୀ, ଅକାତୀ, କୁଳବାନା, ବାଦୀପୁର, କଲାବଟୀ, ତାର, ଭୋଜନଥାଲୀ, ନଗଲା-	
ସୀତାରାମ, ନନ୍ଦେରା	୧୬୦
କନବାଡ଼ୀ, ଟକୋରା, ଲେବଡ଼ା, ଅକବରପୁର, ପାପଡ଼ୀ, ଆସୁକା, ସତବାସ, ନଗଲ ଈଶ୍ଵରୀସିଂହ,	
ନଗଲା ଜାବରା, ନଗଲା ବଲଦେବ, ନଗଲା ଦାନସହାୟ, ଭଟ୍ଟକୀ, ଏଚବାଡ଼ା, ଉଁଚେରା, ନଗଲା	
ବନଚାରିଯା	୧୬୧
ପରେହି, ପଥରାଲୀ, ସହେଡ଼ା, ନଗଲା ଭୋଗରା, ନଗଲା ଚାହର, ନଗଲା ଦାତୁ, ଲୋହଗଡ଼, ବସଟି ଡହରା	
ବାମନବାଡ଼ୀ, ଗାଁବଡ଼ୀ, କିରାବତୀ, ମୋନେରା, ରଙ୍ଗଲପୁର, ନଗଲା କୁଳନ, ମମଧାରା, ଶୀଗ୍ନ୍ୟା	୧୬୨
ଖେଚାତାନ, ଖେଡ଼ଲୀ ଗୁମାନୀ, ନଗଲା ଡରୋଖର, ବାମନୀ, ପାଇଗ୍ରାମ, ଜୁରହରା, ଜୁରହରୀ, ହଥାନ-	
ଗ୍ରାମ, ଶ୍ରୀମଶବାଦ, ଅମିନାବାଦ, ଜଖୋପଳ, ବିକଟି, ଡୁଡୋଲୀ	୧୬୩

গ্রামাদির নাম

পৃষ্ঠা—নং

পুষ্টিনা, শহীরা, নেহদা, হাজীপুর, তিলোয়ারা, শিঙ্গার, নই, জরোঞ্জী, মঢ়কী, বসডলা,	১৬৪
বিছোর মিমকো; দারকো, ইন্দ্রানি, সামইখেরা, বদকা, বুরাকা, কাচীবেরা, অঙ্কোপ, বনচারী, লোহিনা, সোন্ধ	১৬৫
মুরুলী, ডাখোরা, কোডলা, হেডেল, বদতোলী, করমন, ভুলবানা, খিরবী, গোরতা, ডাঙ্গোলী	১৬৬
খাষ্টী, পালঢ়ী, ভেঞ্চোলী, ভিরুকী, বংসানা, লিখী, ধারণ, রামগঢ়, চৌদরস, মাহলি হাসনপুর, সহোলী	১৬৭
	১৬৮

পঞ্চম অধ্যায়
শ্রীভজমণ্ডলের পুর্বাংশ লীলা।

গ্রামাদির নাম

মারবগ্রাম, রামঘটী, রায়পুর, জেদপুরা, ভমরোগা, খাজপুর, মানাগটী, অভয়পুর, চাঁদপুর খুদ', ভত্তিয়াকা, বিড়োলী, দিলুপট্টী, বঘাট, খিদম	১৬৯
নানাকপুর, তিলকাহটী, মণিঘটী, ফিরোজপুর, মেরই, ভগত মকরেতিয়া, মুসমনা, রামঘটী মদারামঘটী, কোলানা, ঝুরপুর, অবাখেড়া বুদমানা, লাগা, ফসীদপুর, সিগোনী, মডআকা, ইনায়েতগঢ়, আরামিকরণ হিন্দুপট্টী, লানা কাসব	১৭০
লানামকদমপুর, বাজনা, সদীকপুর, লালপুর, সলাকা, পরাসৌলী, নোসেরপুর, মুবারিক পুর, কানেকা, নবীপুর, সেউপট্টী, মুডালীয়া, দিলুপট্টী, নোহাবীল	১৭১
জাফরপুর, বসাউ, দৌলতপুর, খাপতগঢ়, মঙ্গলখোহ, ছীনপাহাড়ী, বাষৱী, মরহেলা দেদনা, মকদ্দমপুর, বরেঠ, পিতোরা, মীরপুর, বেনুয়া, লকতোরী, তেহরা, সিকন্দরপুর জরেলীয়া, বালকপুর, সেদপুর, শুরীর, রাজগঢ়ী, বিজাউ, নগলা মোজী, শুলভানপুর, বৈকুণ্ঠপুর, ইরোলী, শ্বামলী	১৭২
ওহবা, বিধোলী টেটিগ্রাম, সরকোরিয়া, হরনোল, ইরোলী, বিলেন্দপুর, মীরতানা, নসীটি, নগলা শ্বাম, ভাণীরবন	১৭৩
শ্রীমতীরাধারাণীর বিবাহ	১৭৪
ভদ্রবন, বিজৌলী, জাবরা, মঁট, রাজাগঢ়ী	১৭৫
ছাহরী, জাঙ্গিয়াপুর, যেগমপুর, ডরহোলী, ভীম, বেলবন	১৭৬
নলনমুরিয়া, অরুয়া, নগলা অলিয়া, পিপরোলী, পাণিঘাট, / গ্রাম, সোর, লোহগঢ়, কুকরারী	১৮০
	১৮১

গ্রামাদির নাম

পৃষ্ঠা—নং

কসেরা, পোখর হানয় মানসরোবর, মারলী, কিনরট, সরায়, জয়পুর, ইসাপুর, লক্ষ্মীনগর,	১৮২
আচুর্বাসামুনির আশ্রম	
ডহুরয়া, কল্যাণপুর, ভূতিয়া, স্বরজ, দিবানা, ছিকরা, চুরাহসী, সরদারগঢ়, খোহসী, থানা অমরসিংহ, গৌরাঙ্গ, রাঘা, আচুর, সারসা, ডেসরা, পড়বারী, কটেলা, মহলা ককরেটিয়া	১৮৩
বাহাহুরপুর, ইটোলী, কারব, গোসানা, মায়াপুরী, শাহপুর, সিহোরা, লোহবন, আলীপুর/ আয়রে গ্রাম	১৮৪
গোরাই	১৮৫
নগলা পোলা, হয়াতপুর, নগলা মীরবুলাখী, নগলা কাজী, তারাপুর, মদনপুর, কিশনপুর, খেরিয়া, বান্দী/আনন্দ বিনন্দী, জগদীশপুর, খানপুর, মনোহরপুর, অমীরপুর, ছোলী, বলদেব ছবরট, খড়েরা, সাহবপুর, জুচারদার, হাথৌড়া হবিবপুর, বলরামপুর, শোরপুর, নরহোলী, জেগীপুর, মহাবন / পুরাতন গোকুল	১৮৬
পৃতনার মুক্তি, তৃণাবর্তের মুক্তি	১৮৭
শকটভজ্ঞ লীলা	১৮৯
যমলাঞ্জুনের মুক্তি	১৯০
কাকাস্ত্রের মুক্তি, শ্রীশোদামাতার বিশ্বরূপ দর্শন	১৯১
অঙ্গাওষাট, চিষ্টাহরণ ঘাট, শ্রীবলরামের আবির্ভাব, ইসলামপুর	১৯২
মুবারেকপুর, গোকুল, শ্রীরমণরেতী, রাত্তেল গ্রাম	১৯৩
শ্রীমতীরাধাৰাণীৱজন্মতিথি, নবীপুর, অন্ধুল, রায়পুরমই	১৯৪
	১৯৫





श्रीआदिबद्री

श्रीआदिबद्री


SRI ADIBADRI



श्रीकृष्णजन्मभूमि

श्रीकृष्णजन्मभूमि

SRI KRISHNAJANMABHOOMI



श्रीकुसुमसरोवर

श्रीकुसुमसरोवर

SRI KUSUM SAROVAR

শ্রীবৃক্ষাবন লীলা

প্রথম অধ্যায়

শ্রীগুর্বাদি বন্দনা

বন্দেহহং শ্রীগুরোঃ শ্রীযুত পদকমলঃ
শ্রীগুরুন্মৈবেষ্টবাংশচ শ্রীরূপঃ সাগ্রজাতঃ
সহগণরঘূনাথাদ্বিতঃ তঃ সজীবম্ ।
সাদৈতঃ সাবধূতঃ পরিজন সহিতঃ
শ্রীকৃষ্ণচৈতন্যদেবঃ শ্রীরাধাকৃষ্ণপাদান্ম
সহগনলিতা - শ্রীবিশাখাদ্বিতাংশ্চ ॥

অনুবাদঃ—আমি শ্রীদীক্ষাগুরুর চরণকমল বন্দনা করি ; শিক্ষাগ্রন্থগুলকে এবং বৈষ্ণবগণকে এবং বৈষ্ণবগণকে বন্দনা করি ; অগ্রজ শ্রীসনাতনের সহিত, পরিকর—সমন্বিত রঘুনাথ ভট্ট ও রঘুনাথ দাসগোষ্ঠামীর সহিত এবং শ্রীজীব গোষ্ঠামীর সহিত শ্রীরূপ গোষ্ঠামীর বন্দনা করি ; শ্রীনিত্যানন্দাদৈতের সহিত এবং পরিকর বর্গের সহিত শ্রীকৃষ্ণচৈতন্যদেবকে বন্দনা করি ; পরিকর বর্গের সহিত শ্রীললিতা—বিশাখা সমন্বিত শ্রীরাধাকৃষ্ণকে বন্দনা করি ।

শ্রীবৃন্দাবনের স্তব

—ঃ শ্রীবৃন্দাবন মহিমামূল হইতে :—

রাধাকৃষ্ণ বিলাসপূর্ণ শুচৎকারং মহামাধুরী সারফাৰ চমৎকৃতিং হরিরসোৎকৰ্ষ্য কাষ্ঠা পরাম্ ।
দিবাং স্বাদুরশৈক রম্য শুভগাশেষং শেষাদিভিঃ সৈগৈর্গম্যগুণোপপারমনিশং সংস্তোমি বৃন্দাবনম্ ॥

অনুবাদ :— যে স্থান শ্রীরাধাকৃষ্ণের বিলাস—সৌভাগ্যে পূর্ণ চমৎকারিত—জনক, যে স্থান মহা-মাধুর্যের সার হেতু অতীব বিশ্বায়ক, —যে স্থান শ্রীহরির রসোৎকৰ্ষের (শৃঙ্খার রসের) পরাকাষ্ঠা প্রতিপাদক, অপ্রাকৃত ও আস্বাদনীয় মুখ্য উজ্জল—রসের অশেষ সৌভাগ্যে গৌরবাদ্ধিত (অথবা—উন্নত উজ্জল রসের দারাই অশেষভাবে একমাত্র রমণীয় ও সৌভাগ্যমণ্ডিত) ঈশ্বর সহিত শেষাদি দেবগণ পর্যন্ত যাহার গুণরাশির বর্ণনা করিয়া শেষ করিতে পারেন না,—এমন শ্রীবৃন্দাবনকে আমি দিবানিশ সম্যক প্রকারে স্তব করিতেছি ।

প্রেমাঙ্গং পশুপক্ষি ভূরুহ লতা কুঞ্জাদি সংকন্দরা বাপী কৃপ তড়াগ সিন্ধু সরসী—রঞ্জস্তলী বেদিভিঃ ।
কালিন্দ্যং পুলিনেন তৎসু সকলেনা শেষ বৃন্দাবনং রাধামাধব—রূপ মোহিতমহং ধ্যায়ামি সচিদননম্ ॥

অনুবাদ :— পশু পক্ষী বৃক্ষলতা কুঞ্জাদি কন্দরা বাপী কৃপ তড়াগ সিন্ধু সরোবর এবং রঞ্জস্তলী বেদীর সহিত কালিন্দী পুলিন ও তত্ত্ব সকলের সহিত বিরাজমান—শ্রীরাধামাধবের রূপে মোহিত, প্রেমে অঙ্গ, সচিদনন সমগ্র শ্রীবৃন্দাবনকেই ধ্যান করিতেছি ।

শ্রীবৃন্দাবনোৎপত্তি সমষ্টে

প্রথমতঃ

—ঃ গর্গ-সংহিতা হইতে :—

পরিপূর্ণতমঃ সাক্ষাৎ শ্রীকৃষ্ণে ভগবান্ স্বয়ম্ । অসংখ্যব্রহ্মাণ্পতির্গোলোকাধিপতিঃ প্রভুঃ ॥

ভূবো ভারাবতারায় গচ্ছন্ত দেবো জনার্দিনঃ । রাধাঃ প্রাহ প্রিয়ে ভৌরু গচ্ছ ভূমপি ভূতলে ॥

রাধোবাচ—

যত বৃন্দাবনং নাস্তি ন যত্র যমুনা নদী । যত্র গোবর্দনো নাস্তি তত্র মে ন মনঃস্তথম্ ॥

বেদনাগক্রোশভূমিঃ স্বাধুমঃ শ্রীহরিঃ স্বয়ম্ । গোবর্দনং চ যমুনাং প্রেয়ামাস ভূপরি ॥

বেদনাগক্রোশভূমিঃ সাপি চাত্র সমাগতা । চতুর্বিংশত্বনৈষ্যুক্তাঃ সর্বলোকৈশ্চ বন্দিতা ॥

অনুবাদ :— অসংখ্য ব্রহ্মাণ্পতি গোলোকেষ্঵র পরিপূর্ণতম দেব জনার্দন সাক্ষাৎ প্রভু ভগবান্ শ্রীকৃষ্ণ ভূভারহরণ জন্ত ভূতলকে গমন করেন । তিনি রাধারাণীকে বলিলেন—প্রিয়ে ! হে ভৌরু ! তুমিও ভূতলে গমন কর । শ্রীরাধারাণী বলিলেন—যে স্থানে বৃন্দাবন নাই, যমুনা নদী নাই, গিরিগোবর্দন নাই সেই স্থানে যাইতে আমার মন অসৱ নহে ।

অতঃপর হরি স্থায় নিজধাম হইতে চৌরাশীক্রোশ ভূমি, গোবর্ধন ও যমুনা নদী পৃষ্ঠীতলে প্রেরণ করিলেন। ঐ সমাগত চৌরাশী ক্রোশ বৃন্দাবন চতুর্বিংশতি বনযুক্ত ও সর্বলোকবন্দিত।

তৃতীয়তঃ—

॥ শ্রীকৃষ্ণের এক দৃতী ছিলেন বৃন্দা ॥

— : তথাহি শ্রীরাধাকৃষ্ণগণোদ্দেশদীপিকায় :—

বৃন্দা বৃন্দারিকা মেলা মুরল্যাঞ্চাস্তু দৃতিকাঃ । কৃঞ্জাদিসংস্কৃতাভিজ্ঞা বৃক্ষাযুর্বেদকোবিদাঃ ॥
বশীকৃতস্থানবরা দ্বয়োঃ স্নেহেন নির্ভরাঃ । গৌরাঙ্গচিত্রবসনা বৃন্দা তামু বরীয়সী ॥

অনুবাদ :— বৃন্দা, বৃন্দারিকা, মেলা, মুরলীয়াদির দৃতিকা। তিনি সমস্ত কৃঞ্জাদি সংক্ষারে অভিজ্ঞাযুর্বেদে পণ্ডিতা স্থাবর জঙ্গম তাঁহার অধীনে। সবকে বশে রাখিতে পারে এবং দোনজনের স্নেহে নির্ভর হৃদয়। গৌরাঙ্গ এবং বিচিত্র বসন শৃঙ্গারের জন্য ও বৃন্দা শ্রেষ্ঠ।

তপ্তকাঞ্চনবর্ণাভা বৃন্দা কাঞ্চিমনোহরা । নীলবস্ত্রপরীধূনা মুক্তাপুষ্পবিরাজিতা ॥
চন্দ্রভান্তুঃ পিতা তস্তাঃ ফুল্লরা জননী তথা । পতিরস্তা মহীপালী মঞ্জরী ভগিনী চ সা ॥
বৃন্দাবন সদাবাসা নানাকেলীরসোৎসুকা । উভয়োর্মিলনাকাঞ্জকী তয়োঃ প্রেমপরিপ্লুতা ॥

অনুবাদ :— বৃন্দার বর্ণ তপ্তকাঞ্চনের ভায় কাঞ্চি হইতেও পরম মনোহর। বন্দ্র—নীলবর্ণ, মুক্ত মালা ও পুষ্পদামে বিরাজিত। পিতা—চন্দ্রভান্ত, মাতা—ফুল্লরা, পতি—মহিপাল, ভগিনী—মঞ্জরী বৃন্দা সদা সর্বদাই বৃন্দাবনে বাস করেন। তিনি নামা কেলিরসে উৎকৃষ্টিত। যুগলের মিলন এবং ত্রে সম্পাদনই তাঁহার অভিপ্রেত সেবা।

এই বৃন্দার নামানুসারে শ্রীবৃন্দাবনোৎপত্তি।

— : তৃতীয়তঃ :—

তুলসী তথা বৃন্দাবন হইতে বৃন্দাবনোৎপত্তি—

— তথাহি ক্ষান্দে মথুরাখণে —

ততো বৃন্দাবনং পুণ্যং বৃন্দাদেবী সমান্তিঃম্ । হরিণাধিষ্ঠিতং তদি ব্রহ্মকুরুদাদিসেবিতম্ ॥
বৃন্দাবনং সুগহনং বিশালং বিস্তৃতং বহু । মুনীনামাশ্রমৈঃ পূর্ণং বগ্যবৃন্দাসমধিতম্ ॥
যথা লক্ষ্মীঃ প্রিয়তমা সদা ভক্তিপরায়ণা । গোবিন্দস্ত প্রিয়তমং তথা বৃন্দাবনং ভূবি ॥

অনুবাদ :— তদনন্তর সর্বতোভাবে বৃন্দাদেবীর আশ্রিত পুণ্য বৃন্দাবন। বহু বিস্তৃত, মুণিগৃহ আশ্রমে পরিপূর্ণ, তুলসীবন—সমন্বিত, ব্রহ্মা—কুরু প্রভৃতি দেবগণের সেবিত, অতিত্জের্য, পরমশোভয় মেই বৃন্দাবনে শ্রীহরি অধিষ্ঠিত আছেন। সর্বদা সেবাপরায়ণা লক্ষ্মীদেবী যেৱপ বিষ্ণুর প্রিয়ত তদন্তপ বৃন্দাবন এই পৃথিবীতে গোবিন্দের প্রিয়তম।

লুপ্তপ্রায় শ্রীবৃন্দাবনকে প্রকাশ করিবার জগ্ন শ্রীমন্মহাপ্রভুর কৃপায় শ্রীরূপগোষ্ঠামী শ্রীবৃন্দাবনে আগমন করিয়া ব্রহ্মকুণ্ড হইতে শ্রীবৃন্দাদেবীর প্রকাশ—

—ঃ তথাহি শ্রীভক্তিরস্থাকরে ৎ—

শ্রীরূপে শ্রীবৃন্দা স্বপ্নচলে জানাইলা । ব্রহ্মকুণ্ড-তট হইতে তাঁ'রে প্রকাশিলা ॥

শ্রীবৃন্দাদেবীর শোভা মহিমা অপার । সর্বকার্য সিদ্ধি হয়, হৈলে কৃপ। তাঁ'র ॥

—ঃ তথাহি শ্রীসাধনদীপিকায়ঃ—

ব্রহ্মকুণ্ডটোপাঞ্চে বৃন্দাদেবী প্রকাশিতা । প্রভোরাঙ্গাবলেনাপি শ্রীরূপেণ কৃপার্কিনা ॥

অনুবাদঃ—মহাপ্রভুর আদেশবলে কৃপাসিদ্ধ শ্রীরূপ ব্রহ্মকুণ্ডের তটসমীপে শ্রীবৃন্দাদেবীকে ও একট করিলেন ।

অবস্থান

মথুরা হইতে দশ কিঃ মিঃ উত্তরে, মাঁঠ হইতে সাত কিঃ মিঃ দক্ষিণে এবং সটীকরা হইতে সাত কিঃ মিঃ পূর্বভাগে শ্রীবৃন্দাবন ধাম অবস্থিত ।

শ্রীশ্রীরাধাগোবিন্দ মন্দির

শ্রীরঞ্জী মন্দিরের সন্মুখে প্রাচীন শ্রীগোবিন্দ মন্দির অবস্থিত । মন্দিরে শ্রীরাধাগোবিন্দ বিজী বিরাজিত । কথিত আছে—মন্দিরখানি সাততালা নির্মিত ছিল এবং সর্বোচ্চ গন্তুজে আড়াইমন ধৃত একখানি আলো জালানো থাকিত । সেই আলোখানি দিল্লী হইতে দেখা যাইত । দিল্লীর সন্তাট রঞ্জেব এই আলো দর্শন করিয়া সৈন্যাদাৰা শ্রীবজমণ্ডলে বহু হিন্দু মন্দির ধৰ্ম কৰেন তন্মধ্যে প্রমাণ কৃপ শ্রীগোবিন্দ মন্দির বর্তমানে ও দর্শনীয় ।

পুরাতন মন্দিরের পার্শ্বে চবিশ পরগণা জেলার ঢমন্দকুমার বস্তু কর্তৃক নৃতন শ্রীরাধাগোবিন্দ মন্দির স্থাপিত হয় । মন্দিরে শ্রীরূপ গোষ্ঠামীর প্রাণধন শ্রীরাধাগোবিন্দ দেবজীউ অত্যন্ত সুন্দর দর্শনীয় ।


—ঃ তথাহি স্কান্দে মথুরাখণ্ডে নারদোত্তোঃ—

তশ্চিন্বন্দাবনে পুগং গোবিন্দস্য নিকেতনম্ । তৎ সেবকসমাকীর্ণং তত্ত্বে স্থীয়তে ময়া ॥


ভুবি গোবিন্দবৈকৃষ্ণং তশ্চিন্বন্দাবনে হৃপ । তত্ত্ব বৃন্দাদেয়ো ভুত্যাঃ সন্তি গোবিন্দলালসাঃ ॥

বৃন্দাবনে মহাসন্ধ যৈদ্রং পুরুষোত্তমৈঃ । গোবিন্দস্য মহীপাল তে কৃতার্থাঃ মহীলে ॥

অনুবাদঃ—সেই বৃন্দাবনে শ্রীগোবিন্দদেবের প্রসিদ্ধ সেবকপরিবেষ্টিত মন্দির বিরাজিত । মি সেখানেই অবস্থান করি । হে রাজন् ! এই পৃথিবীতে সেই বৃন্দাবনে শ্রীগোবিন্দের বৈকৃষ্ণ অবস্থিত । বিন্দের প্রতি লালসাযুক্ত বৃন্দা প্রভৃতি সেবিকাগণ তথায় আছেন । হে মহীপাল ! যে সকল শ্রেষ্ঠ চৰ বৃন্দাবনে শ্রীগোবিন্দের বিশাল গৃহ দর্শন করিয়াছেন, তাহারা এই পৃথিবীতে কৃতার্থ ।




পসোপা গ্রামে শ্রীরাধাকৃষ্ণ মন্দির




বুন্দাবনে শ্রীরঞ্জনী মন্দিরে
বিরাজিত - সোনার তালগাছ


শ্রীরূপাবনে বিরাজিত




শ্রীরাধাগোবিন্দ মন্দির



শ্রীরাধাপীনাথ মন্দির



শ্রীরাধামদনমোহন মন্দির



শ্রীইশ্বলী বৃক্ষ / শ্রীমন্মহাপ্রভুর বৈষ্ঠক

শ্রীশ্রীরাধাগোপীনাথ মন্দির

শ্রীরাধারমণ মন্দিরের পার্শ্বে শ্রীরাধাগোপীনাথ মন্দির অবস্থিত। শ্রীপাদ মধুপঙ্ক্তি গোস্বামী বংশীবটের নীচ হটতে শ্রীগোপীনাথজীটিকে প্রকট করিয়াছেন। রাজপুতনার শেখাওয়াত নির্বাসী রায়-শাগন্জী ১১৮৯ খ্রীষ্টাব্দে শ্রীগোপীনাথজীটির প্রাচীন মন্দির নির্মাণ করিয়া দেন। কালাপাহাড়ের উৎপাত কালে শ্রীরাধাগোপীনাথজীট জয়পুরে স্থানান্তরিত হয়। ১৯৫৮ খ্রীষ্টাব্দে প্রেরণায় চরিষ্পরগণ জেলার ঢন্ডকুমাৰ বন্ধু প্রাচীন মন্দিরের উত্তরভাগে নৃতন শ্রীরাধাগোপীনাথজীটির মন্দির প্রতিষ্ঠা করিয়া বিগ্রহাদি স্থাপনা করিধাচ্ছেন। মন্দিরের পার্শ্বে শ্রীপাদ মধুপঙ্ক্তি গোস্বামীর সমাধি অবস্থিত।

শ্রীরাধামদনমোহন মন্দির

শ্রীযমুনার তটে প্রাচীন শ্রীমদনমোহন মন্দির অবস্থিত। শ্রীসনাতন গোস্বামী মথুরায় চৌবের গৃহ হটতে শ্রীমদনমোহনজীটিকে আনয়ন করিয়া শ্রীযমুনার তটে দাদশাদিত্য টীলার উপরে সেবাকার্য স্থাপন করেন। অমৃতসহরের রামদাস সদাগর কর্তৃক ১৫২৩ খ্রীষ্টাব্দে শ্রীমদনমোহনজীটির মন্দির ও সেবার ব্যবস্থা হইয়াছেন। যবনের অত্যাচার আশঙ্কায় ঠাকুর করলীতে স্থানান্তরিত হয়। বর্তমানে সেই মন্দিরে এবং টীলার নীচে নৃতন শ্রীমদনমোহনজীটির সেবাকার্য চলিতেছেন।

শ্রীরাধাদামোদর মন্দির

শ্রীরাধাদামোদর মন্দির শৃঙ্গার বটের নিকটে অবস্থিত। এই মন্দিরে চার গোস্বামীর শ্রীবিগ্রহ বিরাজিত। যেমন—(ক) শ্রীরাধা-বৃন্দাবনচন্দ্ৰ শ্রীকৃষ্ণদাস কবিরাজ গোস্বামীর দ্বাৰা প্রতিষ্ঠিত। তাহার বামে—(খ) শ্রীজীব গোস্বামীর প্রাণধূম শ্রীরাধাদামোদর ও শ্রীললিতা স্থী। তাহার বামে—(গ) শ্রীজয়দেব গোস্বামীপাদের প্রাণধন শ্রীরাধামাধবজীটি এবং তাহার বামে—(ঘ) শ্রীভূগৰ্ভ গোস্বামী পাদের প্রাণধন শ্রীরাধাচলচিকনীয়। বিগ্রহ দর্শনীয়। শ্রীপাদ সনাতন গোস্বামী শ্রীকৃষ্ণের চৱগচ্ছ মুক্ত যে গোবর্দ্ধন শিলা প্রাপ্তি হইয়াছিলেন তাহা এই মন্দিরে নিত্য পূজিত হইতেছেন। শ্রীকৃষ্ণ জন্মাষ্টমী-উপলক্ষে সর্ববৃন্দাবনকে দর্শন করাইবার জন্য বাহিরে আনয়ন করা হয়। এই মন্দির পরিক্রমা করিলে শ্রীগিরিরাজ গোবর্দ্ধনের পরিক্রমা ফল লাভ হয়। মন্দিরের পার্শ্বে শ্রীকৃপগোস্বামীপাদের ভজন কুটীর এবং সমাধি মন্দির, শ্রীকৃষ্ণদাস কবিরাজ গোস্বামী এবং শ্রীজীবগোস্বামী ও শ্রীভূগৰ্ভ গোস্বামীপাদের সমাধি মন্দির বিরাজিত। এই মন্দিরের সন্নিধিতে সপ্ত সমুদ্র কূপ এবং নৈঝৰতকোণে শ্রীবলদেবজীটি দর্শনীয়।

শ্রীকৃষ্ণচন্দ্ৰজীটি (লালাবাবু মন্দির)

এই মন্দির শ্রীব্ৰহ্মকুণ্ডের পূর্বদিকে অবস্থিত। কলিকাতার প্রথ্যাত জমিদার লালাবাবু এই মন্দিরের প্রতিষ্ঠাতা। একদা তিনি গৃহে সজ্জাবস্থায় বিকালে কর্ণগোচর হইল “বেলা গেল”, এই কথা শুনিয়া তিনি চিন্তা করিতে লাগিলেন, সত্যি আমাৰ বেলা ত গেল। অর্থাৎ আমাৰ বয়স আস্তে আস্তে চলিয়া যাইতেছে কিন্তু আমি কিজন্ত এই সংসাৱে আসিয়া কি কাজ কৰিতেছি। তখন হইতে মনে বৈৱাহিকে

উদয় হয় এবং সংসারখর্চ ত্যাগ করিয়া ব্রজ ধামে চলিয়া আসেন। অজে সিদ্ধ শ্রীকৃষ্ণদাস বাবাৰ আশ্রয় গ্রহণ (কৃপা লাভ) কৰিলেন। সংসারের প্রায় সমস্ত ধন-রত্ন দ্বারা শ্রীবৃন্দাবনে এক বিৱাট মন্দিৰ নিৰ্মাণ কৰিয়া শ্রীকৃষ্ণজীটকে প্ৰতিষ্ঠা কৰিলেন। তৎপৰে তিনি শ্রীগোবৰ্ধনে আগমন কৰিয়া শ্রীভগবৎ ভজনানন্দে নিবিষ্ট হইয়া যান। শ্রীকৃষ্ণজীট মন্দিৰের সদৰ দৰজার বামপার্শে শ্রীলালাবাবুৰ সমাজ অবস্থিত।

শ্রীজগন্নাথ মন্দিৰ

শ্রীজগন্নাথ ঘাটেৰ পার্শ্বে শ্রীজগন্নাথ মন্দিৰ অবস্থিত। মন্দিৰে শ্রীজগন্নাথ, শ্রীবলরাম, ও শ্রীমতী-সূভদ্রাদেবী বিৱাজিত।

শ্রীগোপালজীট, নামান্তৰ সাক্ষীগোপাল মন্দিৰ

শ্রীগোবিন্দ মন্দিৰের উত্তৰ পশ্চিম ভাগে শ্রীগোপালজী মন্দিৰ অবস্থিত। কথিত আছে— উড়িষ্যাবাসী ছই বিশ্ব তীর্থ অমণে আসিয়াছিলেন, বড়বিশ্ব ছিলেন বৃক্ষ, ছোটবিশ্ব ছিলেন যুবা, ছোট বিশ্ব সৰ্ববিদ্যা সেবা শুশ্রষা দ্বারা বড়বিশ্বকে পৰিতৃষ্ঠ কৰিতেন। সেবায় সন্তুষ্ট হইয়া শ্রীবৃন্দাবনে গোপাল-জীটকে সাক্ষী কৰিয়া বড়বিশ্বে ছোটবিশ্বের সহিত স্বীয় কল্পকে বিবাহ দিতে অঙ্গীকাৰ কৰিলেন। ছোটবিশ্ব কিন্তু বড়বিশ্বের স্থায় কুলীন ঘৰ ছিল না, সেই জন্য দেশে ফিরিয়া আসিলে বড়বিশ্বের আঞ্চীয়-স্বজনগণ প্ৰতিশ্ৰূত বিবাহে সন্মত হইলেন না। বড়বিশ্ব তাহাতে সমস্তায় পড়িলেন। ছোটবিশ্ব তখন শ্রীগোপালেৰ সাক্ষেৰ কথা বলিলেন। আঞ্চীয় স্বজন তাহাতে বলিলেন—আচ্ছা, যদি শ্রীগোপাল-দেব এখানে আসিয়া সাক্ষা দেন, তাহা হইলে কল্পা দান কৰা হইবে। তাঁহারা মনে কৰিয়াছিলেন বিগ্ৰহ-কল্পী শ্রীগোপালদেবে আগমন তো সন্তুষ্ট নয়! যাহা হউক ছোট বিশ্ব শ্রীবৃন্দাবনে আগমন কৰিয়া শ্রী-গোপালদেবেৰ নিকট কাঁদিয়া কাঁটিয়া উড়িষ্যায় যাইয়া সাক্ষ্য দানেৰ নিমিত্ত প্ৰার্থনা জানাইলেন। তাঁহার ভক্তিতে প্ৰসন্ন হইয়া বিগ্ৰহকল্পী শ্রীগোপাল তাহার সঙ্গে সঙ্গে আগমন কৰিয়া যথাস্থানে যথাসময়ে সাক্ষ্য দিলেন। বিবাহ কার্য হইয়া গেল। সেই অবধি শ্রীগোপালজী উড়িষ্যার পুৰুষোত্তম ক্ষেত্ৰে সত্যবাদী গ্ৰামে অবস্থান কৰিতেছেন। তৎপৰে শ্রীগোপালজীটৰ নাম শ্রীসাক্ষীগোপালজী।

এই শ্রীগোপালজী শ্রীবজ্রনাভেৰ (শ্রীকৃষ্ণেৰ প্ৰপোত্র শ্রীবজ্রনাভ) নিৰ্মাতা। বৰ্তমান সময়ে শ্রীগোপালজীটৰ ভগৱত মন্দিৰটি শ্রীগোপালজীটৰ সাক্ষ্যকৰ্ত্তৃপে সকলেৰ দৃষ্টিগোচৰ হইতেছেন। মন্দিৰেৰ সন্মুখে কিঞ্চিৎ পূৰ্বদিশায় প্রাচীন শ্রীহনুমানজী মন্দিৰ বিৱাজিত। ইনি সিংহপৌরী শ্রীহনুমানজী বলিয়া বিখ্যাত।

শ্রীবন্থগুৰীমহাদেবেৰ মন্দিৰ

শ্রীবন্থবিহারী মন্দিৰে যাইবাৰ পথে সদৰ রাস্তায় ত্ৰিকৈনীৰ উপৰে শ্রীবন্থগুৰীমহাদেব মন্দিৰ অবস্থিত। কথিত আছে—শ্রীসনাতনগোস্বামী শ্রীবৃন্দাবন বাস কৰিবাৰ কালে প্ৰত্যহ শ্রীগোপীশৰ দৰ্শনে যাইতেন।

কিন্তু তখন শ্রীবন্দুর বন-জঙ্গলে পূর্ণ ছিল। এইহেতু শ্রীসনাতন প্রভুকে মধ্যে মধ্যে বহু ক্লেশ ভোগ করিতে হইত। শ্রীগোপীশ্বরজীউ শ্রীসনাতনের প্রতি প্রসন্ন হইয়া একদিন স্থপ্তে আদেশ করিলেন, সনাতন তোমাকে আমার জন্য আর এতদূর আসিতে হইবে না। আমি এখন তোমার নিকট বনখণ্ডী নামে প্রকট হইলাম। অতএব তুমি প্রতাহ এই স্থানে আমাকে দর্শন করিবে সেই অবধি শ্রীসনাতন প্রভু প্রত্যহ এই স্থানে আসিয়া শ্রীবন্দুর মহাদেব দর্শন করিতেন।

শ্রীবন্দুর মন্দির

শ্রীমদনমোহন মন্দিরের পূর্ব দিশায় শ্রীবন্দুর মন্দির অবস্থিত। শ্রীহরিদাস স্বামী বিষয় ত্যাগী উদাসী বৈষ্ণব। তাহারই ভজনে প্রসন্ন হইয়া নিধুবন হইতে শ্রীবন্দুর প্রকটিত হইয়াছেন। শ্রীহরিদাস স্বামীর ভজন কীর্তন নিত্য ঠাকুর একাগ্র চিত্তে অবগ করিতেন। ঠাকুর দর্শনের সময় সকাল নয়'টা হইতে বার'টা এবং বিকাল ছয়'টা হইতে নয়'টা। বিশেষ দর্শনের দিন তাহার ব্যাতিক্রম হইয়া থাকে। বৈশাখ মাসের শুক্লা তৃতীয়ায় যুগল চরণ সর্বসাধারণের দর্শন হইয়া থাকে। বাহির হইতে কোন তোগজ্বর্য ঠাকুরের ভোগ-লাগান হয় না। মন্দিরেই ঠাকুরের ভোগজ্বর্য তৈরী হইয়া থাকে। ভক্ত গণের স্বুকরণ আহ্বানে ঠাকুর বাহিরে চলিয়া আসে, একবার কোন এক ভক্ত ঠাকুরের নয়ন দর্শন করিতে করিতে প্রাণ ত্যাগ করিয়াছিলেন ইত্যাদি কারণে বর্তমানে ঠাকুরের ঝলক দর্শন অর্থাৎ ঝঁকি দর্শন হইয়া থাকে। ঝঁকি কথাটীর অর্থ হইল—শ্রীবিহারীজীউর সম্মুখ—দরজার পর্দা ১/২ মিনিট পর পর বক্ষ এবং খুলিতে থাকা।

শ্রীশাহজী মন্দির

শ্রীনিধুবনের নিকটে শ্রীশাহজী মন্দির অবস্থিত। লঞ্চো নিবাসী শ্রীকুন্দনলালজী এই মন্দির নির্মান করাইয়া শ্রীরাধাৱমজীউকে প্রতিষ্ঠা করিয়া সেবার সর্বপ্রকার স্বুব্যবস্থা করিয়াছেন। মাঘী শুক্লাপঞ্চমীর বাসন্তী কামরা দর্শকের চিত্তে বিশ্বয় জাগায়। মন্দিরের সম্মুখে খেতে প্রস্তরের বঁকা বঁকা খাস্তাগলি অত্যন্ত সুন্দর দর্শনীয়।

শ্রীমীরাবাঙ্গ মন্দির

শ্রীশাহজী মন্দিরের পার্শ্বে শ্রীমীরাবাঙ্গ মন্দির অবস্থিত। মন্দিরে শ্রীগিরিধাৰী গোপাল বিরাজিত। মন্দিরে বিশেষত্ব প্রতিদিন প্রাতে ও সন্ধ্যায় শ্রীমতী মীরার ও অন্যান্য মহাজনদের পদাবলী কীর্তন হইয়া থাকে। একটি প্রবাদ আছে—এই মন্দিরে শ্রীরূপ গোম্বামীর একখানা বৈষ্টক বিদ্যমান আছেন।

শ্রীরঞ্জনাথজী নামান্তর শেঠের মন্দির

আচীন শ্রীগোবিন্দ মন্দিরের ঈশানে কিঞ্চিৎ পূর্বদিশায় এই মন্দির অবস্থিত। লঞ্চীঁচাদ শেঠের আত্ম শ্রীরাধাকৃষ্ণ দাম ও গোবিন্দ দাম এই মন্দির প্রতিষ্ঠাতা। মন্দিরে সোনার তাল গাছ (গুড় সুস্ত) টি

দর্শকের মনে বিশ্বায় জাগাইয়া দেয়। ইহা ছাড়া ইন্দ্রাসন, পুষ্করণী, বালাজী ভগবান्, বাহন ঘর (স্বর্ণ এবং রৌপ্য নিমিত্ত বিবিধ বাহন সংযুক্ত সোনার পাল্কী), শীশ মহল, বিহুৎ চালিত শ্রীরাম ও শ্রীকৃষ্ণ লীলা দর্শন, চন্দন কাঠের বিশাল রথ এবং শ্রীমন্দিরের মুখ্য বিগ্রহের নাম “শ্রীরঞ্জনাথজীট”, মন্দিরে চল এবং অচল বিগ্রহ দর্শনীয়, মন্দিরে দক্ষিণ ভারতীয় কারিগরের কলাকৌশ্ল ইত্যাদি দর্শনীয়। এই স্থানে পৌষ্টী শুভ্রা একাদশী হইতে মাঘী কৃষ্ণপক্ষমী পর্যান্ত বৈকুণ্ঠেৎসব মেলা, চৈত্র কৃষ্ণ দ্বিতীয়া হইতে দ্বাদশী পর্যন্ত রথোৎসব মেলা, গড়ের মধ্যে শ্রীগজরাজ কৃষ্ণ শ্রাবণী পূর্ণিমায় শ্রীগজেন্দ্র মোক্ষগ লীলার অভিনয় ইত্যাদি ভাবে মেলা বসিয়া থাকেন।

শ্রীগোপালজী (ব্রহ্মচারী) মন্দির

শ্রীগোপেশ্বর মহাদেব মন্দিরের অতি সন্মিকটে শ্রীগোপালজী মন্দির অবস্থিত। গোয়ালিয়রের রাজা এই মন্দির নির্মাণ করিয়া শ্রীগোপালজীটকে প্রতিষ্ঠা করিয়াছেন।

শ্রীধাম গোদাবিহার মন্দির

শ্রীজালাবাবু মন্দিরের পাখে' এই মন্দির অবস্থিত। শ্রীবলদেবাচার্য মহারাজ কর্তৃক এই মন্দির প্রতিষ্ঠিত। মন্দিরে বিভিন্ন দেব-দেবী-ঋষি-মহাযি আদি প্রায় ৩০০ মূর্তি বিরাজিত। মন্দিরের প্রথম বেদ গর্ভ দ্বার, দ্বিতীয় বৈকুণ্ঠ দ্বার তার আগে নবগ্রহ, সূর্য-রথ, শ্রীচৈতন্য মহা প্রভু, গো-মাতা, পিয়াউ ও শিব লোক, ব্রহ্মলোক, তপোবন, বৈকুণ্ঠের শ্রীলক্ষ্মীনারায়ণ ভগবান্ দশ অবতারের সহিত বিশাজমান। তৎপর ভক্তলোক রঘুবংশ দর্শন, আচার্য পীঠ মহাপুরুষ দর্শন ব্রহ্মাকক্ষ আদি নয় খণ্ড স্থাপিত করা হইয়াছে।

শ্রীগৌরাঙ্গ মহাপ্রভু মন্দির

ইমলিতলায় শ্রীগৌরাঙ্গ মহাপ্রভুর অপূর্ব শ্রীমূর্তি দর্শনীয়। পুরাতন শ্রীমদনমোহন মন্দিরে শ্রীগৌরাঙ্গ মহাপ্রভুর মূর্তি দর্শনীয়। প্রাচীন শ্রীগোবিন্দ মন্দিরে শ্রীগৌরাঙ্গ মহাপ্রভুর শ্রীমূর্তি দর্শনীয়। শিঙারবটে শ্রীগৌরাঙ্গ মহাপ্রভু ও শ্রীনিতানন্দ প্রভু দর্শনীয়। ধীরসমৰে শ্রীনিবাস আচার্য প্রভুর কুঞ্জে শ্রীমন্ মহাপ্রভুর মূর্তি দর্শনীয়। পাথরপুরা শ্রীকাঞ্জালী মহাপ্রভু দর্শনীয়। সারস্বত গৌড়ীয়মঠ ও শ্রী-চৈতন্য গৌড়ীয়মঠে শ্রীমন্ মহাপ্রভুর মূর্তি দর্শনীয়। শ্রীরাধারমণ মন্দিরের পশ্চাত্ত্বাগে শ্রীবড়ভূজ মহা-প্রভুর মূর্তি দর্শনীয়। মহাদ্বাৰা শিশিৰ বাবুৰ প্রতিষ্ঠিত গোপীনাথ বাজারে শ্রীঅমিয় নিতাই গৌরাঙ্গ মহা-প্রভুর মূর্তি দর্শনীয়। ব্রহ্মকুণ্ড তৈরে শ্রীনিতাই-গৌর-সৌতানাথ মন্দির দশ'নীয়। কেশীঘাটে শ্রীকৃষ্ণদাস গোষ্ঠামীৰ প্রতিষ্ঠিত শ্রীপ্রাণগৌর নিতানন্দ প্রভুৰ অপূর্ব মূর্তি দশ'নীয়। বনখণ্ডীতে পিসিমাৰ নিতাই গৌর দশ'নীয় ইত্যাদি।

শ্রীরাধাগৃহামসুন্দর মন্দির

লুই বাজারে শ্রীরাধাগৃহামসুন্দর মন্দির অবস্থিত। শ্রীগুমানন্দ প্রভু শ্রীগুমসুন্দরজীটকে প্রকট

করিয়াছেন। মন্দিরের সেবাপূজা এবং শৃঙ্গারাদির পরিপাটী খুব সুন্দর। অক্ষয় তৃতীয়ায় এইস্থানে চন্দন শিঙার অতী মনোরম দশ'নীয়।

পিসিমার শ্রীনিতাইগোর মন্দির

বীরভূম জেলার অস্তর্গত ঘোড়াড়াঙ্গা পারলিয়া এবং কালীপুর কড়া গ্রামের মধ্যস্থলে একটি উপবন ছিল। মেইস্থান হইতে ক্ষেপা নামক জনৈক গোয়ালা কর্তৃক মৃত্যু খনন করিয়া শ্রীনিতাই-গৌর, শ্রীরাধাগোপীনাথ এবং শ্রীশালগ্রাম বিগ্রহ চতুষ্টয় প্রকাশ করেন। ঠাকুর সংস্কার করিবার সময় পাদদণ্ডের নিয়ন্দেশে 'দাস মুরারী গুপ্ত' এই নাম দেখিতে পাওয়া যায়। ক্রমে ঠাকুর চলিয়া আসে শ্রীবৃন্দবনে। এইস্থানে পিসিমা গোষ্ঠামিনী ঠাকুরকে ৮/৯ বৎসরের বালক পুত্ররূপে সেবা করিতে লাগিলেন। সেই জন্য বর্তমানে শ্রীমুরারীগুপ্তের প্রতিষ্ঠিত পিসিমার শ্রীনিতাই-গৌর মন্দির নামে পরিচিত। মন্দির খানি লুই বাজারের বনখণ্ডী মহল্লায় অবস্থিত।

শ্রীগোপীশ্বর অথবা শ্রীগোপেশ্বর মহাদেব মন্দির

শ্রীবংশীবটের মৈখুতকোণে এই মন্দির অবস্থিত। বংশীবট শ্রীকৃষ্ণের রাসলীলার প্রসিদ্ধ স্থান। শ্রীকৃষ্ণ রাসলীলার অভিনয়ে এই স্থানে দাঁড়াইয়া শুললিত মোহন বংশীধনি করিয়া ব্রজবুন্দরীগণকে আকর্ষণ করিয়াছিলেন। ব্রজলীলার এমনই আকর্ষণ যে দেবাদিদেব মহাদেবও এই লীলায় বিভোলা, তিনিও গোপী আনুগত্যে প্রেময়কে পাইবার লোভে গোপীরূপে প্রেমময়ের প্রেমরাজ্যে প্রবেশ করিয়াছেন। মহাদেব মহারামে গোপীরূপ ধারণ করিয়া উপস্থিত হইলে রাসেশ্বর শ্রীকৃষ্ণ তাঁহাকে দেখিতে পাইয়া পরিহাস পূর্বক গোপীশ্বর বলিয়া সম্মোধন করিলেন, এইহেতু তিনি এইস্থানে গোপীশ্বর নামেই অভিহিত হইয়াছেন। বস্তুতঃ ব্রজগোপীগণ নিজ অভীষ্ট কামনায় শ্রীমহাদেবকে লিঙ্গকর্পে স্থাপন করিয়া পূজা করিয়াছিলেন তদবধি তিনি গোপীশ্বর নামেই পূজিত হইতেছেন। কিন্তু সর্বসাধারণের নিকট তিনি শ্রীগোপেশ্বর মহাদেব নামে পরিচিত।

শ্রীরাধারমণজীউ মন্দির

নিধুবনের পাশে 'শ্রীরাধারমণজীউ'র মন্দির অবস্থিত। শ্রীগোপালভট্ট গোষ্ঠামীর প্রেমে প্রসম্ভ হইয়া শ্রীশালগ্রাম শিলা হইতে শ্রীরাধারমণজীউ প্রকট হইয়াছেন। অদ্যাবধি শ্রীরাধারমণজীউ পৃষ্ঠ-দেশে সেই শ্রীশালগ্রাম শিলা চিহ্ন বিরাজ করিতেছেন। মন্দিরের পশ্চাদ্ভাগে শ্রীপাদ গোপালভট্ট গোষ্ঠামীপাদের সমাজ বিরাজিত। সত্যই ঠাকুর দশ'ন মাত্র হৃদয়ে প্রেম-ভক্তির উদয় হয়।

শ্রীরাধামাধব মন্দির

শ্রীগোকুলানন্দ মন্দিরের উত্তর পশ্চিমে শ্রীরাধামাধবজীউ'র মন্দির অবস্থিত। শ্রীপাদ জয়দেব কর্তৃক সেবিত বিগ্রহ শ্রীরাধামাধবজীউ মন্দিরে বিরাজিত। এই মন্দিরের দীশান কোণে শ্রীযুগল কিশোরের উচ্চ মন্দির চূড়া বিহীন অবস্থায় দর্শকের নয়ন-গোচর হইতেছেন।

শ্রীলুটন কুঞ্জ

শ্রীরাধামোদর মন্দিরের পাশে^১ শ্রীলুটন কুঞ্জ অবস্থিত। এক জনক্ষতি—এই স্থানে কোন একদিন শ্রীমতীরাধাৰাণী শ্রীকৃষ্ণ বিৱহে ঝুলায় লুটোপুটি দিতে থাকিলে অক্ষয় শ্রীকৃষ্ণ আসিয়া দর্শন প্ৰদানাত্মে কুঞ্জ মধ্যে গমন কৰিয়া যুগল মি঳ন ঘটিয়াছিল, সেইজন্য এই স্থানের নাম শ্রীলুটন কুঞ্জ। বৰ্তমানে এই স্থানে শ্রীনিতাইংগোৱ বিগ্ৰহ নিত্য প্ৰেমের সহিত সেবাপূজা হইতেছেন।

শ্রীরাধাবিনোদ ও শ্রীগোকুলানন্দজী মন্দির

শ্রীরাধারঘণ মন্দিরের পশ্চিম-উত্তর কোন স্থিত মন্দিরে শ্রীরাধাবিনোদজীটিৱ বিজয় মুৰ্তি শোভা দৰ্কন কৰিতেছেন। শ্রীপাদ বিশ্বনাথ চক্ৰবৰ্তী মহাশয়েৰ সেবিত শ্রীরাধাগোকুলানন্দজীটি ও শ্রীপাদ লোকনাথ গোষ্ঠামীপাদেৰ সেবিত শ্রীরাধাবিনোদজীটি মন্দিৱে বিৱাজ কৰিতেছেন। এই মন্দিৱেৰ বাম পাশে^১ শ্রীপাদলোকনাথ গোষ্ঠামীৰ সমাজ এবং শ্রীপাদ চক্ৰবৰ্তী মহাশয়েৰ সমাজ ও শ্রীপাদ নৱোত্তম ঠাকুৱ মহাশয়েৰ বৈষ্টক দশনীয়।

শ্রীরাধাবল্লভ মন্দিৱ

নৃতন শ্রীসৌতানাথ মন্দিৱে মৈৰখত কোণে শ্রীরাধাবল্লভজীটিৱ মন্দিৱ অবস্থিত। শ্রীপাদ হৱি বংশ গোষ্ঠামীৰ প্ৰতি কৃপা কৰিয়া শ্রীনিকুঞ্জবন হইতে ঠাকুৱ প্ৰকট হইয়াছেন। ঝুলনাদিতে মন্দিৱেৰ সাজসজ্জা অতি চমৎকাৰ দৃশ্য।

শ্রীজামাইবিনোদ মন্দিৱ

এই মন্দিৱ শ্রীরামকৃষ্ণ মিশনেৰ সম্মিকটে অবস্থিত। তাড়াশ স্তুম্যথিপতি বনমালী রায়বাহাদুৱ মহাশয় এই মন্দিৱেৰ প্ৰতিষ্ঠাতা। মন্দিৱে শ্রীবিগ্ৰহ জামাইবিনোদ নামে বিখ্যাত। মন্দিৱেৰ সেবা পৱিপাটি অতীৰ অপূৰ্ব। বিনোদজীটিৱ সেবাদি জামাই উপচাৱেই সম্পৰ হয়। কথিত আছে রায়-বাহাদুৱেৰ এক কল্পা ছিলেন লক্ষ্মী অংশ সন্তুতা, বিনোদজীটি তাৰ পাণি গ্ৰহণ কৰিয়াছিলেন। এই হেতু ঠাকুৱ শ্রীজামাইবিনোদ নামে জগতে বিখ্যাত।

শ্রীসমাধী পীঠ

এই স্থানে চৌধুৱ মহাস্তেৰ সমাধি মন্দিৱ, শ্রীজয়দেৱ গোষ্ঠামী, শ্রীচণ্ডীদাস গোষ্ঠামীৰ সমাধি ইত্যাদি বহু সমাধি মন্দিৱ দৰ্শনীয়। শ্রীরঞ্জী মন্দিৱেৰ পাশে^১ এবং শ্রীগোবিন্দ মন্দিৱেৰ পূৰ্বভাগে অবস্থিত।

শ্রীপাগলবাবাৰ মন্দিৱ

প্ৰথমতঃ তৃতগলি

শ্রীবৃন্দাবনেৰ তৃতগলিতে অবস্থিত। মন্দিৱে শ্রীরাধাকৃষ্ণেৰ অপূৰ্ব মূৰ্তি দৰ্শনীয়। এইস্থানে অৰ্থও শ্রীহরিনাম মহাপঞ্জ চলিতেছেন।

দ্বিতীয়তঃ লীলাবাগ

শ্রীমথুরা এবং শ্রীবৃন্দাবনে রাস্তার প্রায় মধ্যস্থানে অবস্থিত। মন্দিরখানি নয় তালা এক বিড়াট আকারে দর্শনীয়। মন্দিরে শ্রীরাধাকৃষ্ণ, শ্রীরামপীতা ইত্যাদি বহু ঠাকুর ও দেবদেবীর বিগ্রহ বিরাজিত। এই স্থানেও অথঙ্গ শ্রীহরিনংম মহাযজ্ঞ চলিতেছে।

“হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।

হরে রাম হরে রাম রাম হরে হরে ॥”

শ্রীঅর্থগোনন্দ স্বামীজীর আশ্রম

রাঙ্গার সঙ্গে মন্দির খানি অত্যন্ত সুন্দর দর্শনীয়। মন্দিরে শ্রীনৃত্যগোপাল এবং ভাব-ভাবের মহাদেব দর্শনীয়।

শ্রীকাঁচ মন্দির

শ্রীবুদ্ধজী মন্দিরের পশ্চাতভাগে শ্রীকাঁচ মন্দির অবস্থিত। মন্দিরে শ্রীরাধাকৃষ্ণের ষুগল বিগ্রহ দর্শনীয়। মন্দিরের দেউয়ালে এবং ছাদে বহু সুন্দর সুন্দর কাঁচের কারুকার্য দর্শনীয়।

শ্রীআনন্দময়ি আশ্রম

ইহা শ্রীমথুরা-বৃন্দাবন রাঙ্গার পার্শ্বে অবস্থিত। সংস্থাপক মা আনন্দময়ী। মন্দিরে শ্রীনিতাই-গৌর—শ্রীকৃষ্ণ ছলিয়া এবং পাঁচখানি শিবলিঙ্গ দর্শনীয়।

শ্রীরামকৃষ্ণ পরমহংস দেবের মন্দির

মা আনন্দময়ী আশ্রমের পার্শ্বে শ্রীমন্দির বিরাজিত। মন্দিরখানি শ্রেতপাথে তৈরী অত্যন্ত সুন্দর দর্শনীয়। মন্দিরে শ্রীরামকৃষ্ণ পরমহংস দেবের বিশাল মূর্তি দর্শনীয়।

শ্রীজানকীবল্লভ মন্দির

শ্রীকেশীষাটের পার্শ্বে এই মন্দির বিদ্যমান। স্বামীভগবান দাসজী এই মন্দির নির্মাণ করিয়া-ছেন। মন্দিরে শ্রীরাম-শ্রীসন্ধু এবং মাতাশ্রীজানকীদেবী বিরাজিত।

শ্রীঅষ্টসংগী মন্দির

শ্রীমদনমোহন মন্দিরের খন্দুখে এই মন্দির বিদ্যমান। বীরভূম জেলার হেতমপুর রাজবাড়ীর রাজা রামরঞ্জন চক্রবর্তী এবং মহারাজী পানসুন্দরীদেবী শ্রীমন্দির নির্মাণ করেন। মন্দিরের মধ্যস্থলে শ্রীরাধা-রামবিহারী এবং দুই পার্শ্বে অষ্টসংগী বিরাজিত।

শ্রীজয়পুড়িয়া মন্দির

রাজা মাধব সিং পাথর দ্বারা সুন্দর কারুকার্য্যযুক্ত এই মন্দির নির্মাণ করিয়াছেন। মন্দিরে শ্রীরাধা-মাধবজীট, শ্রীহংসগোপালজীট এবং শ্রীআনন্দ বিহারীজীট দর্শনীয়।

শ্রীকাত্যায়নী পীঠ

শ্রীহরিমজী ব্যাস প্রায় সোয়ালক্ষ টাকা ব্যায় করিয়া কাঁচাদি দ্বারা এই শ্রীমন্দির নির্মাণ করিয়াছেন। মন্দিরে শ্রীরাধাযুগলকিশোর এবং স্বর্গ নির্মিত শ্রীকাত্যায়ণীদেবী বিরাজিত।

শ্রীকাটিয়াবাবা আশ্রম

ব্রজবিদেহী শ্রীরামদাস কাটিয়াবাবার স্থাপিত শ্রীরাধাকৃষ্ণ এবং শ্রীগোপাল মুর্দ্দি। ঠাকুর অত্যন্ত সুন্দর দশনীয়।

শ্রীকৃষ্ণবলরাম (ইংরেজ) মন্দির

অভয়চরণ বেদান্ত তীর্থের স্থাপিত শ্রীগৌরনিতাই, শ্রীরাধাকৃষ্ণ এবং শ্রীকৃষ্ণবলরাম বিগ্রহ। এইস্থানে প্রভুপাদ এ, সি, ভক্তি বেদান্ত তীর্থের সমাধী বিরাজিত। মন্দিরখানি শ্রীকৃষ্ণভাবনা সংযুক্ত দ্বারা পরিচালিত।

শ্রীমুঙ্গের রাজাৰ মন্দির

মুঙ্গের জেলার শ্রীকমলেখৰী প্রসাদ সিংহ দ্বারা এই শ্রীমন্দির নির্মিত। মন্দিরে শ্রীরাধা-মোহনজীউ বিরাজিত।

শ্রীচীরঘাট ও বস্ত্রাভরণঘাট

শ্রীভূমিৰ ঘাটের দক্ষিণে ও শ্রীগোবিন্দ ঘাটের উত্তরে শ্রীচীরঘাট বিশ্বামীন। শ্রীমন মহাপ্রভু শ্রীবৃন্দাবনে আগমন করিয়া এই ঘাটে স্থান করিয়াছিলেন। শ্রীকৃষ্ণ জলক্রীড়া খেলিবার সময় কৈতুক করিয়া গোপীগণের বসন অপহরণ করতঃ কদম্ব বৃক্ষের উপরে আরোহণ করিয়াছিলেন। এই হেতু ঘাটের উপরিস্থু কদম্ব বৃক্ষকে চীর কদম্ব বলিয়া উল্লেখ করা হয়। শ্রীকৃষ্ণ কেশিদৈত্যকে বধ করিয়া এই ঘাটে উপবেশন করিয়া বিশ্রাম করিয়াছিলেন, এই হেতু ঘাটের অপর নাম চেহন ঘাট। শ্রীবৃন্দাবনে সাধারণতঃ তিনি কদম্বই প্রসিদ্ধ। যেমন—কালীকদম্ব, চীরকদম্ব ও দোলাকদম্ব।

গোপীগণ কর্তৃক কাত্যায়ণী ত্রত এবং শ্রীকৃষ্ণের বস্ত্রহরণ লীলা।

অগ্রহায়ণ মাসে ভজের কুমারীগণ শ্রীকৃষ্ণকে পতিকাপে পাইবার জন্য শ্রীয়মনারতটে বালুকাদ্বারা কাত্যায়নীর প্রতিমা নির্মাণ করিয়া ধূপ-দীপ-নৈবেদ্য ইত্যাদি উপহারে পূজা করিতে লাগিলেন। শ্রীকৃষ্ণ তাহাদের পূজায় সন্তুষ্ট হইয়া মাসান্তে (পূর্ণিমার দিন) আগমন করিলেন এবং গোপীগণ নিত্য নিয়মানুসারে শ্রীয়মনার তটে নিজ বসন সকল রাখিয়া স্নান করিতেছেন দেখিয়া, অতি সহজ বসনগুলি লইয়া কদম্ববৃক্ষের উপর আরোহণ করিলেন। গোপীগণ স্নানান্তে বসনগুলি শ্রীয়মনার তটে না দেখিয়া তীরস্থু কদম্ববৃক্ষের উপর শ্রীকৃষ্ণ সমেত দেখিতে পাইলেন। গোপীগণ বিবজ্ঞাবস্থায় তীরে উঠিতে লজ্জা বোধ করিতেছেন, সেইজন্য জল হইতে গোপীগণ বালতে লাগিলেন যে—হে প্রাণনাথ ! হে গোবিন্দ ! আমাদের বসনগুলি দিয়ে দাও, শ্রীকৃষ্ণ বলিলেন যে—তোমরা যদি আমাতে দেহ-মন ঘোল আনা দান করিয়া থাক তবে তীরে

ଉଠିଯା ବସନ ଲଇଯା ଯାଇତେ କି ଅନୁବିଧା ଆଛେ । ଶ୍ରୀକୃଷ୍ଣର ବାକ୍ୟାମୁସାରେ ସମସ୍ତ ଗୋପୀଗଣ ଜଳ ହଇତେ ତୌରେ ଆଗମନ କରିଲେ ଶ୍ରୀକୃଷ୍ଣ ପ୍ରସନ୍ନ ହଇଯା ବସନ ସକଳ ଦାନ କରିଲେନ ଏବଂ ମନସ୍କାମନା ପୂର୍ଣ୍ଣ କରିଲେନ ।

ତଥାହି ଶ୍ରୀମଦ୍ଭାଗବତେ ୧୦।୨୧।୨୭

ଆଭଗବାନୁବାଚ

ସାତାବଳା ବ୍ରଜଃ ସିନ୍ଦା ମଯେମା ରଙ୍ଗୁଥ କ୍ଷପାଃ । ସତ୍ତଦିଶ୍ୱ ବ୍ରତମିନ୍ ଚେକରାର୍ଯ୍ୟାର୍ଚନଃ ସତ୍ୱିଃ ॥

ଅନୁବାଦ :— ଶ୍ରୀକୃଷ୍ଣ ବଲିଲେନ—ହେ ଅବଳାଗଣ ! ତୋମରା ସିନ୍ଦ ହଇଯାଇ ; ଏଥିନ ବ୍ରଜେ ଗମନ କର, ଆମାର ସହିତ ଆଗାମିନୀ ରଜନୀସମୁହେ କ୍ରୌଡ଼ା କରିତେ ପାରିବେ, ସେ ଉଦ୍ଦେଶ୍ୟେ ତୋମରା ବ୍ରତ ଆଚାରଣ କରିଯାଇ ଏବଂ କାତ୍ଯାୟନୀର ପୂଜା କରିଯାଇ ।

ଆଭମରଘାଟ

ଶ୍ରୀଚାରଘାଟେର ଉତ୍ତରେ ଶ୍ରୀଭର ଘାଟ ବିଦ୍ୟମାନ । ଏହି ଘାଟେର ତଟେ ବହ ପୁଷ୍ପବୁକ୍ଷେର କାନନ, ତାହାତେ ଶ୍ରୀରାଧାଗୋବିନ୍ଦଦେବଜୀ ବିରାଜ କରିତେହେନ ଦେଖିଯା ଅଭରଗଣ ମନାନନ୍ଦେ ଗୁଣ ଗୁଣ ଧବନିତେ ଗାନ କରିଯା ଘୁରିଯା ବେଡ଼ାଇତେ ଲାଗିଲେନ, ସେଇଜନ୍ତ ଏହି ଘାଟେର ନାମ ଶ୍ରୀଭର ଘାଟ ।

ଆକେଶୀଘାଟ

ଶ୍ରୀଭର ଘାଟେର ଉତ୍ତରେ ଶ୍ରୀକେଶୀଘାଟ ବିଦ୍ୟମାନ । ଏହି ସ୍ଥାନେ ଶ୍ରୀକୃଷ୍ଣ କେଶୀଦୈତ୍ୟକେ ନିଧିନ କରିଯାଇଲେନ ।

ଶ୍ରୀକେଶୀଦୈତ୍ୟର ମୁଦ୍ରି

କେଶୀ ପୁରାକାଳେ ଇନ୍ଦ୍ରେ ହତ୍ର ଧାରଣ କାରୀ ଏକଜନ ଅନୁଚର ଛିଲେନ । ତାହାର ନାମ ଛିଲ କୁମୁଦ । ଇନ୍ଦ୍ର ହୃତ୍ତମୁରକେ ସଥ କରିଯା ବ୍ରନ୍ଦାହତ୍ୟା ପାପେ ଲିପ୍ତ ହଇଲେ, ମେଇ ପାପ ହଇତେ ଯୁକ୍ତ ହଇବାର ଜଣ୍ଠ ଏକ ଅଶ୍ଵମେଧ ଯଜ୍ଞେର ଆୟୋଜନ କରିଯାଇଲେନ । ସଞ୍ଜେର ଶୁଭ ଅଶ୍ଵଟ୍ଟିତେ ଆରୋହନ କରିତେ କୁମୁଦେର ଅଭିଲାଷ ଜମିଲେ, ତିନି ସଥନ ଆରୋହଣ କରିତେ ଚେଷ୍ଟା କରିତେହେନ ଶୁଭନ ମରଦଗଣ ତାହାକେ ଦେଖିଯା ଫେଲିଲେନ । ତାହାରା କୁମୁଦକେ ଧରିଯା ଇନ୍ଦ୍ରେ ନିକଟେ ଆନ୍ୟନ କରିଲେନ । ଇନ୍ଦ୍ର ଏହି କଥା ଶ୍ରବଣ କରିଯା କ୍ରୋଧେ ଅଭିଶାପ ଦିଲେନ ଯେ—“ରେ ଦୁର୍ମତେ ! ତୁମି ରାକ୍ଷସ ହୁ, ଏବଂ ଅଥେର ଶାୟ ଆକୃତି ହଇଯା ମର୍ତ୍ତ୍ୱାମେ ଗମନ କର ।”

ସେଇ ଅଭିଶାପେ କୁମୁଦ ବ୍ରଜେ ମୟଦାନବେର ପୁତ୍ର କେଶୀ ନାମେ ଜନ୍ମଗ୍ରହଣ କରିଯା କଂମେର ଅନୁଚର ହଇଯାଇଲେ । କଂମ ଶ୍ରୀକୃଷ୍ଣକେ ହତ୍ୟା କରିବାର ଜଣ୍ଠ କେଶୀକେ ପ୍ରେରଣ କରିଲେନ । କେଶୀଦୈତ୍ୟ ବିଶାଳ ଅଥେର ରୂପ ଧାରଣ କରିଯା ମଥୁରା ହଇତେ ଶ୍ରୀବୃନ୍ଦାବନେ ଆଗମନ କରିଲେନ । ଦୈତ୍ୟ ଗଜନ କରିତେ କରିତେ ପଞ୍ଚାତେର ପଦଦସ୍ୟ ଦ୍ଵାରା ଶ୍ରୀକୃଷ୍ଣକେ ଆୟାତ କରିଲେ, ଶ୍ରୀକୃଷ୍ଣ କ୍ରୋଧେ ତାହାର ଦୁଇପାଦ ଗ୍ରହଣ କରିଯା ଭରଗ କରାଇତେ କରାଇତେ ଶତ-ଧର୍ମ (ଚାରିଶତ ହସ୍ତ) ଦୂରେ ଫେଲିଯା ଦିଲେନ । କେଶୀ ସଂଜ୍ଞା ଲାଭ କରିଯା ପୁନରାୟ ଉତ୍ଥିତ ହଇଲେନ ଏବଂ କ୍ରୋଧେ ମୁଖବ୍ୟାଦାନ କରିଯା ଆତିକ୍ରତବେଗେ ଶ୍ରୀକୃଷ୍ଣର ନିକଟ ଆସିଲେ ଲାଗିଲେନ । ଶ୍ରୀକୃଷ୍ଣ ହାସିଲେ ତାହାର ମୁଖ-ମଧ୍ୟେ ବାମ ବାହ୍ସ ସପ୍ରେର ପ୍ରବେଶେର ଶାୟ ନିଭ୍ୟେ ପ୍ରବେଶ କରାଇଯାଇଲେନ । ଅତିତ୍ପ୍ର

লোহ-স্পৃষ্টের ঘায় কেশীর মুখ্যাদান-বিবৃত দন্তসকল শ্রীকৃষ্ণ ভুজগ্পদে পড়িয়া গেল এবং শ্রীকৃষ্ণের বাহু কেশীর দেহগত হইয়া উপেক্ষিত রোগের ঘায় বন্ধি পাইতে লাগিলে, কেশী ঘর্ষাঙ্গ কলেবর ও বিবৃত নেত্র হইয়া চৱণ-ক্ষেপণ ও বিষ্ঠা-বিসর্জন করিতে করিতে প্রাণহীন হইয়া ভূতলে পতিত হইল। শ্রীকৃষ্ণ পরিপক্ষ কক্ষ'টিকা (কাঁকুড়) ফলতুল্য কেশীর দেহমধ্য হইতে প্রাণথানি আকর্ষণ করিয়া স্ব-শরীরে প্রবেশ করাইলেন।

তথাহি আদিবরাহে

গঙ্গা শতগুণং পুণং যত্র কেশী নিপাতিতঃ ।

তত্ত্বাপি চ বিশেষোহস্তি কেশিতৌর্থে বন্ধুন্ধরে !

তম্ভিন্ন পিণ্ড-প্রদানেন গয়াপিণ্ডফলং লভেৎ ॥

অনুবাদ :—যেখানে কেশীনামক দৈত্য নিহত হইয়াছিল, সেইস্থান গঙ্গা হইতেও শতগুণ ফলপুদ। ঐস্থানে পিণ্ডদান করিলে গয়ায় পিণ্ডদানের ফললাভ হয়। এই ঘাটের সন্নিকটে শ্রীপ্রাণগোরনিত্যানন্দ মন্দির, শ্রীমুরারীমোহন কুঞ্জ, শ্রীগোর-গদাধর মন্দিরে শ্রীগদাধর গোষ্ঠোমীর দন্ত সমাজ ইত্যাদি বিরাজিত।

শ্রীধীরসমীর ঘাট

শ্রীকেশীঘাটের পূর্বে ও শ্রীবন্দবনের উত্তর দিশায় শ্রীধীরসমীর ঘাট বিদ্যমান। শ্রীযমুনার সমীপস্থ পরম শোভনীয় শ্রীরাধাগোবিন্দের স্থুত-বিহারের একান্ত স্থান। যুগল কিশোরের সেবার নিমিত্ত সুগন্ধি, সুশীতল ও মৃদুমন্দ সমীরণ এই স্থানে ধীরে ধীরে প্রবাহিত হইয়াছিল, এই হেতু এই স্থানের নাম ধীরসমীর। শ্রীনিবাস আচার্য প্রভুর বংশধরগণ এই স্থানে বসবাস করিতেছেন। আচার্য প্রভুর কুঞ্জে শ্রীমন্মহাপ্রভুর দর্শনীয় অপূর্ব শ্রীমূর্তি এবং মন্দিরের সম্মুখে শ্রীনিবাস আচার্য প্রভু ও শ্রীরামচন্দ্র কবি-রাজের সমাজ বিরাজিত।

তথাহি শ্রীব্রজরীতিচিন্তামণি

যদা স বংশীবটগঃ স্ববংশীঃ বংশীধরো অবাদয়দাশু তর্হি ।

ধীরঃ সমীরোহপি বভুবয়ত্র স্তলঞ্চ তন্তীরসমীর নাম ॥

অনুবাদ :—বংশীধর শ্রীকৃষ্ণ সেই বংশীবটের সম্মুখে গিয়া যে সময় বংশীধরনি করিয়াছিলেন, সেই সময় বাতাস ও আশুধীর অর্থাৎ স্তম্ভিত হইয়াছিলেন, এইরূপে যে স্থানে বাতাস ধীর হইয়াছিলেন, উক্ত স্থানকে ধীরসমীর নামে অভিহিত করিয়াছেন।

শ্রীপাণিঘাট

শ্রীরাধা-বাগের দক্ষিণে এবং শ্রীবন্দবনের পূর্বভাগে শ্রীপাণিঘাট বিদ্যমান। ব্রজসুন্দরীগংগ শ্রীকৃষ্ণের নির্দেশে শ্রীহর্বিশ্বা মুণিকে তোজন করাইবার নিমিত্ত এই ঘাটে শ্রীযমুনা পার হইয়াছিলেন। দেহাবসানে বৈক্ষণবদের এইস্থানে অন্তেষ্ঠী ক্রিয়া হইয়া থাকে।

শ্রীআদিবদ্রী ঘাট

পানিঘাটের দক্ষিণে এবং শ্রীবৃন্দাবনের দক্ষিণ পূর্বকোণে প্রাচীন যমুনা তীরে শ্রীআদিবদ্রী ঘাট বিদ্যমান। এই ঘাটে শ্রীকৃষ্ণ গোপীগণকে শ্রীআদিবদ্রীনাথ ভগবানকে দর্শন করাইয়াছিলেন।

শ্রীরাজ ঘাট

আদিবদ্রী ঘাটের দক্ষিণে এবং শ্রীবৃন্দাবনের দক্ষিণ পূর্বকোণে শ্রীরাজঘাট বিদ্যমান। এই ঘাটে শ্রীকৃষ্ণ শ্রীমতীরাধাৱাণীকে শ্রীযমুনা পার করাইবার ছলে মিলন ঘটিয়াছে। কোন একদিন শ্রীমতী-রাধাৱাণী সখীগণ সঙ্গে তৃথ, দধি, মাখন ইত্যাদি বিক্রি করিবার জন্য শ্রীযমুনার তটে আগমন করিয়া শ্রী-যমুনা পার হইবার জন্য কোন সাধন খুঁজে পাইতেছেন না। এইদিকে ভগবান শ্রীকৃষ্ণ নাবিক সাজিয়া শ্রীযমুনার ঘাটে উপস্থিত হইলেন। সখীগণ নাবিককে এক আনা, দুই আনা ইত্যাদি ভাবে পনের আনা পর্যন্ত দান করিতে স্বীকার করিলেন কিন্তু নাবিক ষেল আনার কমে কোন সখীকেই পার করিতে স্বীকার করিতেছেন না। শেষ পর্যন্ত ষেল আনা দান করিবেন জানাইয়া সমস্ত সখী এবং শ্রীমতীরাধা-রাণী মৌকায় আরোহণ করিলেন। নাবিক অর্দ্ধ যমুনায় গমন করিয়া শ্রীমতীরাধাৱাণীর হস্তে সমস্ত ননী-মাখন ভোজন করিলেন এবং স্বকান্ত (শ্রীকৃষ্ণরূপ) ধারণ করিয়া উভয়ে প্রেমসাগরে নিমগ্ন হইলেন।

শ্রীবরাহ ঘাট

শ্রীবৃন্দাবনের দক্ষিণ পশ্চিম কোণে, প্রাচীন শ্রীযমুনা তীরে বিদ্যমান। সন্ধিকটে শ্রীবরাহদেব দর্শননীয়। এই স্থানে শ্রীগৌতম মুণির আশ্রম বিরাজিত।

শ্রীবরাহ ঘাটে শ্রীবরাহ ঘাট।

তীরে শ্রীবরাহদেব মন্দিরেতে নাট ॥

দর্শন করিতেই মহা শুণ্য হয় ।

ঘাটের যে মহিমা লিখা নাহি যায় ॥

শ্রীকালিয়দমন ঘাট

শ্রীবরাহ ঘাটের প্রায় অর্দ্ধ মাইল উত্তরে প্রাচীন যমুনাতীরে শ্রীকালিয়দমন ঘাট বিদ্যমান। এই স্থানে ৫৫০০ বৎসর পূর্বের কালীকদম্ব বৃক্ষ বিদ্যমান। শ্রীকৃষ্ণ এইস্থানে কালিয়নাগকে দমন করিয়াছেন।

শ্রীকালিয়নাগদমন লীলা

স্বায়ন্ত্র মন্দিরে ভৃগুবংশসন্তু বেদশিরা নামক এক মুণি বিক্ষ্যাচলে তপস্যা করিতেন। অশ্বশিরা নামক অপর এক মুণি তাহার আশ্রমে তপস্যার্থে সমাগত হইলে, তাহাকে দেখিয়া রোষরক্ত নয়নে বেদশিরা বলিতে লাগিলেন যে—হে বিপ্র আপনি এখানে তপস্যা করিতে পারিবেন না, অত্তত্ত্ব কোথাও চলিয়া যান। তাহার প্রতি উত্তরে অশ্বশিরা বলিলেন যে—এই স্থান আপনারও নয় আমারও নয়, ইহা

মহাবিষ্ণুর। এইভাবে উভয়ে তর্ক-বিতর্ক চলিতে থাকিলে অশ্বশিরা বেদশিরাকে বলিলেন যে—‘তাহার ক্রোধ সপে’র ত্যায় অতএব তুমি সপ’ হও। বেদশিরাও অভিশাপ দিলেন যে ‘তুমি কাক হইয়া ভূতলে অবস্থান কর,। সেইজন্ত অশ্বশিরা নীল পর্বতে ঘোগিবর ভুগ্ণ কাক হইয়া জন্মগ্রহণ করিলেন।

দক্ষ মহারাজা—কশ্চপের কাছে তদীয় মনোহর একাদশ কন্যাকে অপ’ণ করিলেন। তন্মধ্যে কদ্র সকলের জোষ্টা, সেই কদ্র কোটি কোটি মহাসপ’ প্রসব করেন। উহাদের মধ্যে সর্বজ্যোষ্ট ফণিবর পরাপর শেষনাগ অনন্ত, এই শেষনাগ হরির বাক্যানুসারে ভূমণ্ডল ধারণ করিয়া রহিয়াছেন এবং শ্রীভগবান् কৃষ্ণ হইয়া তাহার আধার রূপে মহাভার যুক্ত দীর্ঘ দেহ ধারণ করিলেন। বেদশিরা ঐ সকল সপ’মধ্যে মহাফণী কালীয় হইয়া জন্মগ্রহণ করিলেন।

ব্রহ্মার পুত্র মরৌচ, তাহার পুত্র কশ্চপ, তত্ত্বপুত্র গরুড়। এই গরুড় সমৃদ্ধের মধ্যে রমণকালীপে রোজ সপ’গুলিকে ভক্ষণ করিতেন, তাহাতে তাহারা ক্ষুক ও ভয়কাতর হইয়া গরুড়কে বলিতে লাগিলেন যে—হে গরুড়! তুমি সাক্ষাৎ বিষ্ণুবাহন, অতএব তুমি যথাবিধি মাসে মাসে প্রতি গৃহ হইতে বৃক্ষতলে আমাদের প্রদন্ত অমৃত প্রভৃতি উপচার এবং একটি করিয়া সপ’ পর্যায় ক্রমে বলিক্রপে গ্রহণ কর। সেই অনুসারে গরুড়কে নিত্য দিব্য বলি প্রদান করিতে লাগিলেন। একদা কালীয় গৃহে বলিপ্রদানের পালা পড়িলে, সে বলপূর্বক গরুড়ের বলি সকল স্বয়ং ভক্ষণ করিলেন। গরুড় এই অবস্থা দেখিয়া ক্রোধে তাহার উপর আক্রমণ করিলেন। কালীয় ভয়ে সপ্ত সমৃদ্ধ সপ্তদ্বীপ ইত্যাদি স্থানে উপস্থিত হইয়া কোথা ও রক্ষা পাইলেন না। তাহার পর ভয়াতুবা কালীয় দেবদেব শেষনাগ অনন্তের চরণপ্রান্তে গমন করিলেন এবং তাহাকে প্রণাম ও প্রদক্ষিন করিয়া রক্ষার জন্য প্রার্থনা জানাইলেন। তখন শেষনাগ বলিলেন যে, তুমি কোথাও রক্ষা পাইবে না, তবে এক কাজ কর—পূর্বকালে সৌভরিমুণি শ্রীবল্দাবনে যমুনার তলে তপস্তা করিবার সময় মৈনগণ চতুর্পাশে বিচরণ করিতেন। সেই সময় গরুড় আসিয়া তাহাদের ভক্ষণ করিত, ইহাতে মৈনগণ দুঃখিত হইয়া মুণির নিকটে প্রার্থনা জানাইলেন, মুণি গরুড়কে অভিশাপ দিলেন যে—এই স্থানে গরুড় কদাপি আগমন করিবে না, যখন আগমন করিবে তখনই তাহার মৃত্যু হইবে। সেই ভয়ে গরুড় আর ঐ স্থানে গমন করে না, অতএব তুমি সেই স্থানে গমন কর। তাহার বাক্যানুসারে ভয়াতুর কালীয় স্ব-পরিবার ও বন্ধু-বান্ধব সহ শ্রীযমুনার জলে অবস্থান করিতে লাগিলেন।

কালীয়ের বিষাণু দ্বারা সেই জল পাক হইয়া সর্বদাটি ফুটিত। অতএব তাহার উপর দিয়া পক্ষী প্রভৃতি খেচেরগণ গমন করিলে তন্মধ্যে পতিত হইয়া তৎক্ষণাত প্রাণ ত্যাগ করিত। কালীয় হৃদের তীরে স্থাবর-জঙ্গমে প্রাণী গমনাগমন করিলে কালীয়নাগের বিষজলের তরঙ্গস্পর্শী এবং দুষ্ট বারিকণাবাহী বায়ু কর্তৃক স্পৃষ্ট হইবামাত্র তৎক্ষণাত মরিয়া যাইত। একদা শ্রীকৃষ্ণ গো ও গোপগণ সঙ্গে বনে গমন করিলেন। সেই দিন শ্রীবলরামের বনে গমন হয় নাই (কেহ কেহ বলিয়া থাকেন সেই দিন শ্রীবলরামের জন্মতীথি ছিল)। সখা ও গোবৎসগণ শ্রীয়কালীন রৌদ্রতাপে অত্যন্ত তৃষ্ণৰ্থ হইয়া সেই যমুনার জল

পান করিলে গতপ্রাণ হইয়া সকলে সলিলের নিকট পতিত হইয়া রহিল। এবং শ্রীকৃষ্ণের অমৃতবর্ষণী দৃষ্টিতে পুনর্জীবিত হইয়াছিল।

কালীয় নাগকে দমন করিবার জন্য শ্রীকৃষ্ণ যমুনার পার্শ্বে এক কদম্ববৃক্ষ হইতে লঙ্ঘ দিয়া জলে পতিত হইলেন; এখানে সকল বৃক্ষাদির মৃত্যু হইলেও এই কদম্ববৃক্ষের মৃত্যু হয় নাট তাহার কারণ একদা স্বর্গ হইতে গুরুড় চন্দ্রমা হরণ করিয়া শ্রীকালীয়দেহে উপস্থিত হইয়াছিলেন। সেখানে এই কদম্ববৃক্ষের উপর চন্দ্রমা রাখিয়া ইন্দ্রের সঙ্গে বন্ধুত্ব করিয়াছিলেন। তখন বৃক্ষ সুধাস্পর্শে অমরত লাভ করিয়াছিল। নাগ শ্রীকৃষ্ণকে জলে বিহার করিতে দেখিয়া ক্রোধে শরীর দ্বারা শ্রীকৃষ্ণের শরীরকে বেষ্টিত করিয়া ফণ সকল উন্নত করতঃ দংশন করিতে লাগিলেন। সখাগণ দূর হইতে শ্রীকৃষ্ণকে জলে পতিত দেখিয়া ক্রন্দন করিতে লাগিলেন। অনন্তর ব্রজে মহাভয়কর ত্রিবিধি মহোৎপাত দেখা দিলে নন্দ প্রভৃতি গোপগণ বলিতে লাগিলেন যে—শ্রী-বলরাম আজ বনে গমন করে নাই, শ্রীকৃষ্ণ একা বনে গমন করিয়াছে অতএব পথে কিছু অমঙ্গল ঘটিয়াছে। ইত্যাদি ভাবে চিন্তা করিতে করিতে গাভীগণের পদচিহ্ন এবং শ্রীকৃষ্ণের ধ্বজা-বজ্র-পদ্ম ইত্যাদি যুক্ত পদচিহ্ন দর্শন করিতে করিতে যমুনাতটক কালিদেহে আসিয়া উপস্থিত হইলেন। কালিদেহে সখাগণের নিকট হইতে শ্রীকৃষ্ণের জলে গমন বার্তা শ্রবণ করিয়া নন্দ প্রভৃতি গোপগণ হৃদমধ্যে প্রবেশ করিতে উদ্ঘত হইলেন তখন শ্রীবলরাম তাহাদিগকে এই বলিয়া সাম্ভূত দিয়াছিলেন (তিনি জানিতেন শ্রীকৃষ্ণ অনাদির আদি গোবিন্দ) যে—শ্রীকৃষ্ণকে কালীয়নাগ কিছুই করিতে পারিবে না, পরিবর্তে তাহাকে দমন করিয়া অল্পসময়ের মধ্যে তীরে ফিরিয়া আসিবেন।

কালীয় যখন মস্তক উন্নত করিয়াছিলেন তখন শ্রীকৃষ্ণ পদাঘাত দ্বারা তাহাকে দমন করিয়াছিলেন। সেই মস্তকের উপর শ্রীকৃষ্ণ বিচির তাণ্ডব-নৃত্য করিতে করিতে কালীয়ের ক্রোধ্যকৃত সহস্র ফণ ও গাত্র ভগ্ন করিয়াছিলেন। এবং কালীয় বহুমুখে রুধির বমন করিতে করিতে গতপ্রাণ অবস্থায় শ্রীকৃষ্ণের চরণে শরণাগত হইয়াছিলেন। কালীয়ের এইরূপ অবস্থা দেখিয়া শ্রীগণ পতির মঙ্গলের জন্য শ্রীকৃষ্ণ চরণে বহু প্রকারে স্তুতি করিতে লাগিলেন। তাহাদের স্তুতিতে শ্রীকৃষ্ণ প্রসন্ন হইয়া বলিলেন যে—তোমরা এই স্থান শ্রাগ করিয়া পুত্র, কলত্র, বন্ধু-বান্ধবসহ রমণকৌপীপে গমন কর। আমার পদচিহ্ন তোমাদের মস্তকে দেখিতে পাইলে গুরুড় আর তোমাদের ভক্ষণ করিবে না। এই কথা শ্রবণ করিয়া সকলে শ্রীকৃষ্ণকে স্তুতি করিতে লাগিলেন এবং রমণকৌপীপে প্রস্থান করিলেন। কালীয়নাগ চলিয়া গেলে শ্রীযমুনার জল বিষ-হীন এবং অমৃততুল্য হইয়াছিল। শ্রীকৃষ্ণ যমুনা হইতে তীরে উঠিয়া শ্রীনন্দমহারাজ এবং সখাগণের সহিত আলিঙ্গনাদি করিয়াছিলেন।

তথাহি আদিবরাহে

কালিয়স্ত হৃদং গত্বা ক্রীড়ং কৃত্বা বস্তুকরে। স্নানমাত্রেণ সর্বপাপৈঃ প্রমুচ্যতে॥

অনুবাদঃ—হে বস্তুকরে! কালিয়ের হৃদে গমন করিয়া, তথায় ক্রীড়া করিয়া ও তথায় স্নান-মাত্র লোক সর্বপাপ হইতে নিশ্চিতই মুক্ত হয়। এই হৃদে যে প্রাণত্যাগ করে, সে আমার ধামে গমন করে।

শ্রীগোপাল ঘাট

কালীদহের উত্তরে শ্রীগোপালঘাট বিদ্যমান। শ্রীব্রজরাজ ও মা যশোদা এই ঘাটে উপবেশন করিয়াছিলেন। শ্রীকৃষ্ণ কালীয়নাগ দমনের পর তৌরে উঠিলে শ্রীব্রজরাজ ও ব্রজেষ্ঠী নয়ন জলে আর্দ্ধচিত্ত হইয়া শ্রীকৃষ্ণকে ক্রোড়ে লইয়া সমস্ত অঙ্গ প্রত্যক্ষ অবলোকন করিয়াছিলেন এবং এই ঘাটে শ্রীনন্দমহারাজ শ্রীকৃষ্ণের কল্যাণের নিমিত্ত ভ্রান্মণগণকে বহুগাত্তী দান করিয়াছিলেন।

শ্রীমূর্যঘাট ও দ্বাদশাদিত্যঘাট

শ্রীগোপাল ঘাটের উত্তরে শ্রীমূর্যঘাট বিদ্যমান। ঘাটের উপরিষ্ঠ টীলাকে দ্বাদশাদিত্য টীলা বলা হয়। এই টীলার উপরে শ্রীলসনাতন গোস্বামী শ্রীমদনমোহনজীউকে শ্রীমথুরা হইতে আনয়ণ করিয়া সেবা-পূজা করিয়াছেন। শ্রীকৃষ্ণ কালীয়নাগকে দমন করিয়া এই টীলার উপর উপবেশন করিলে শ্রীকৃষ্ণের রূপ দর্শনে দেবতাগণ অত্যন্ত আনন্দিত হইয়াছিলেন। তখন শ্রীকৃষ্ণকে শীতার্থ মনে করিয়া দ্বাদশ সূর্যের দ্বারা তাপদান করিয়াছিলেন। তাহাতে শ্রীকৃষ্ণের শ্রীঅঙ্গ হইতে স্বেদবিন্দু নির্গত হইয়া ধারাক্রপে শ্রীযমুনায় পতিত হইয়াছিল, সেইজন্তু এই দ্বাদশাদিত্য ঘাটের অপর নাম শ্রীপ্রকল্পন তীর্থ।

তথাহি শ্রীস্ত্রবাবল্যাং ব্রজবিলাসে

— ৮২তম শ্লোক —

সূর্যেদ্বাদশভিঃ পরং মুররিপুঃ শীতার্ত উগ্রাতপৈর্ভৰ্তি প্রেমভৈরেক দারচরিতঃ শ্রীমান্ মুদা সেবিতঃ।
যত্র শ্রীপুরুষৈঃ ব্রহ্মপন্ডকলৈরাবেষ্টিতো রাজতে স্নেহৈর্দশসূর্যমাম তদিদং তীর্থং সদা সংশ্রয়ে॥

অনুবাদ :— যথায় অতি শীতার্ত উদ্বারলীলাপরায়ণ পরমসূন্দর মুরারি দ্বাদশসূর্য কর্তৃক ভৃত্তি-প্রেমভারে ও আনন্দে প্রবলতাপদান দ্বারা সেবিত হইয়াছিল এবং শৰ্কায়মান শ্রীপুরুষ পূর্ণ গো-সকল দ্বারা স্নেহে বেষ্টিত হইয়া বিরাজ করিয়াছিলেন। এই সেই দ্বাদশসূর্যমামক তীর্থকে আমি সর্বদা আশ্রয় করি।

তথাহি ভক্তিরস্তাকরে

অহে শ্রীনিবাস ! সূর্যগণের তাপেতে । দূরে গেল শীত, ঘর্ষ হইল দেহেতে ॥

সেই ঘর্ষ-জল সূর্যকন্তায় মিলিল । এইহেতু ‘প্রকল্পন’—নাম তীর্থ হইল ॥

তথাহি আদিবরাহে

পুণরন্যৎ প্রবক্ষ্যামি তচ্ছ্ব হং বস্তুন্দরে । ক্ষেত্রং প্রকল্পন নাম সর্বপাপহরং শুভম্ ॥
তশ্চন্ম স্নাতস্ত মহুজঃ সর্পপাপৈঃ প্রমুচ্যতে । অথাত হি মুঞ্চন্ প্রাণন্ মম লোকং স গচ্ছতি ॥

অনুবাদ :— হে বস্তুন্দরে ! অন্তুতীর্থের কথা ব'লব, তাহা তুমি শ্রবণ কর । প্রকল্পন নামে সর্বপাপনাশক শুভক্ষেত্র আছে । তথায় স্নাত ব্যক্তি সকল পাপ হইতে মুক্ত হয় । আবার প্রাণত্যাগ করিলে সে ব্যক্তি নিশ্চয়ই আমার ধামে গমন করে ।

তথাহি শ্রীচৈতন্য মঞ্জলে

শীতে আর্ত হঞ্চ কৃষ্ণ এ ঘাটে উঠিল । দ্বাদশ সূর্যোর তাপ গগণে উঠিল ॥

দ্বাদশ আদিত্য তেজিঃ বলে লোকে । কালীয়দমন মুর্তী দেখ পরতেকে ॥

শ্রীযুগল ঘাট

সূর্যঘাট অর্থাৎ দ্বাদশাদিত্য ঘাটের উত্তরে শ্রীযুগলঘাট বিভাগান । এইস্থানে শ্রীযুগল বিহারীর আচীন মন্দির চূড়াহীন অবস্থায় বিরাজিত ।

রাধাকৃষ্ণ শ্বান করে আনন্দে এই থানে । সেইজন্য যুগলঘাট পরতেকে মানে ॥

মনবাঙ্গ। পূর্ণ হয় ঘাট দরশনে । ঘাটকটে বিহারীজী বিরাজে এ কারণে ॥

শ্রীবিহার ঘাট

শ্রীযুগলঘাটের উত্তরে শ্রীবিহার ঘাট বিভাগান । এইস্থানে শ্রীযুগল বিহারীজীউ মন্দির বিরাজিত ।

কালুসঙ্গে বিনোদনী বিহুরে এই ঘাটে । সেইজন্য বিহারঘাট দেশান্তরে রটে ॥

যুগলবিহারী ঘূর্ণি তীরের উপরে । শ্রীমতী কামুকেয়ে সদাই নেহারে ॥

শ্রীঅঙ্কের ঘাট

এইঘাট শ্রীযুগল ঘাটের উত্তরে বিষ্ণুমান । ঘাটের নিকটে শ্রীকৃষ্ণ গোপীকাগণের সহিত নেত্রে অঙ্কুলিষ্ট ক্রমে লুক্লুকানি খেলা খেলিয়াছেন ।

কোন একদিন শ্রীকৃষ্ণ গোচারণ লীলায় আগমন করিয়া এইস্থানে গোপীগণের সহিত নেত্রে অঙ্কুলিষ্ট ক্রমে লুক্লুকি খেলা আরম্ভ করিলেন । একজন গোপী আর একজন গোপীর নেত্রে অঙ্কুল দ্বারা আবদ্ধ করিলে—অন্তান্ত গোপী ও শ্রীকৃষ্ণ যমুনার তীরস্থ কোন জঙ্গলে পলায়ণ করিলেন, অতঃপর সেই গোপী অল্প সময়ের মধ্যে সমস্ত গোপী ও শ্রীকৃষ্ণকে বাহির করিয়া ফেলিলেন । এইভাবে একে একে সমস্ত গোপীগণের খেলা সমাপ্ত হইলে পরে শ্রীকৃষ্ণের পালা আসে—শ্রীকৃষ্ণের চক্ষু আবদ্ধ করিলে সমস্ত গোপীগণ এমনভাবে পলায়ণ করিলেন যে শ্রীকৃষ্ণ কাহাকেও খুঁজিয়া বাহির করিতে পারিলেন না । তাহাতে শ্রীকৃষ্ণ পরাজয় স্বীকার করিলে সমস্ত গোপীগণ জঙ্গল হইতে বাহির হইয়া ঝুঁঝুর স্বরে হাস্তধৰনি করিতে লাগিলেন । নেত্রে অঙ্কুল দ্বারা আবদ্ধ করিয়া লুক্লুকানি খেলা খেলিবার জন্য এই স্থানের নাম অঙ্কের এবং ঘাটের নাম শ্রীঅঙ্কের ঘাট ।

শ্রীইমলিতলা ঘাট

অঙ্কের ঘাটের উত্তরে এইঘাট বিষ্ণুমান । এখানে প্রায় ৫,৫০০ বাইসর পুর্বের তেঁচুল বৃক্ষ এবং শ্রীমিত্তাই-গৌর ও শ্রীরাধা-গোবিন্দের মন্দির বিরাজিত । শ্রীরাধিকার বিরহে শ্রীকৃষ্ণ অধীর হইয়া এই ইমলিতলার কুঞ্জে উপবেশন করিয়া বিহুল অন্তরে শ্রীরাধানাম জপ করিয়াছিলেন । অনন্তর তিনিই

କଲିଯୁଗେ ଶ୍ରୀରାଧାଭାବ ଆସାଦିତେ ଶ୍ରୀକୃଷ୍ଣଚିତ୍ତ ରହି ଅବତୀର୍ଣ୍ଣ ହଇଯା ସଥିନ ଶ୍ରୀବ୍ରନ୍ଦାବନେ ଆଗମନ କରିଯାଇଲେ, ସେଇ ସମୟ ଏହି ଇମଲି ବୁକ୍ସେର ତଳେ ଉପବେଶନ କରିଯାଇଲେନ । ସେଇ ଅବସ୍ଥା ଏହି ଘାଟେର ନାମ ଶ୍ରୀଇମଲିତଳା ଘାଟ ।

ଶ୍ରୀମନ୍ମହାପ୍ରଭୁର ଇମଲିତଳାଯ ଆଗମନ—

ତଥାହି ଶ୍ରୀଚିତ୍ତଗୁଚ୍ଛରିତାମୁତେ

ଆତେ ବ୍ରନ୍ଦାବନେ କୈଳ ଚୌରାଟେ ଥାନ । ତେତେବେଳୀ ତଳାତେ ଆସି କରିଲ ବିଶ୍ଵାମୀ ॥
କୁଞ୍ଜଲୀଳା କାଳେ ସେଇ ବୁକ୍ସ ପୁରାତନ । ତାର ତଳେ ପିଡ଼ି ବାଙ୍କା ପରମ ଚିକଣ ॥
ନିକଟେ ଯମୁନା ବହେ ଶୀତଳ ମଧ୍ୟିର । ବ୍ରନ୍ଦାବନ-ଶୋଭା ଦେଖି ନୟନେ ବହେ ନୀର ॥
ତେତେବେଳୀତଳେ ବସି କରେନ ନାମ ସକ୍ଷିତନ । ମଧ୍ୟାହ୍ନ ଆସି କରେ ଅକ୍ରୂବେ ଭୋଜନ ॥

ଶ୍ରୀଶିଙ୍ଗାର (ବଟ) ଘାଟ

ଇମଲିଘାଟେର ଉତ୍ତରେ ଶ୍ରୀଶିଙ୍ଗାରଘାଟ ବିଦ୍ୟମାନ । ଘାଟେର ତୀରେ ପରମ ରମଣୀୟ ଶ୍ରୀଶିଙ୍ଗାରବଟବୁକ୍ସ ବିରାଜିତ । ଶ୍ରୀମନ୍ମନିତ୍ୟାନନ୍ଦପ୍ରଭୁ ଶ୍ରୀବ୍ରନ୍ଦାବନେ ଆଗମନ କରିଯା ଏହିଥାନେ ଉପବେଶ କରିଯା, ଅମୃତବାହିନୀ ଶ୍ରୀୟମୁନାର ପରମ ଶୋଭା ଦର୍ଶନ କରିଯାଇଲେନ । ପ୍ରଭୁ ନିତ୍ୟାନନ୍ଦ ବାଲ୍ୟଲୀଳାର ଆବେଶେ ପ୍ରତ୍ୟାହ ଏହିଥାନେ ଥୁଲି ଖେଳା ଖେଲିଲେନ । ତୋହାର ବଂଶଧର କର୍ତ୍ତକ ଶ୍ରୀନିତ୍ୟାନନ୍ଦପ୍ରଭୁରେର ସେବା ପରମ ସମାଦରେ ସଂପନ୍ନ ହଇଯା ଆସି ତେବେ । ଏହିଥାନେ ନିବାସ କରିଲେ ଶ୍ରୀନିତ୍ୟାନନ୍ଦପ୍ରଭୁର କୃପା ଲାଭ ହଇଯା ଥାକେ । ଶ୍ରୀକୃଷ୍ଣ ରାମ ରଜନୀତି ଏହି ଘାଟେ ଉପବେଶନ କରିଯା ଶ୍ରୀରାଧିକାର ବେଶ ରଚନା କରିଯାଇଲେନ ।

ତଥାହି ଶ୍ରୀଭକ୍ତିରହାକରେ

ଦେଖ ଏ ଅପୂର୍ବ ବଟ ସ୍ମୂନାର ତୀରେ । ସକଳେ ‘ଶୃଙ୍ଗାର-ବଟ’ କହଯେ ଇହାରେ ॥
ଏଥା ଶ୍ରୀକୃଷ୍ଣର ନାମ ବେଶାଦି-ବିଲାସ । ବାଢାଇଲା ଶୁବଲାଦି ସଖାର ଟୁଲାସ ॥
ଇହାରେ ଓ ‘ନିତ୍ୟାନନ୍ଦ-ବଟ’ କେହୋ କଯ । ସେ ସାହା କହଯେ ତାହା ସବ ସତା ହୟ ॥
ନିତ୍ୟାନନ୍ଦ ଏଥା ଯୈଛେ କୈଲୋ ଆଗମନ । ସଂକ୍ଷେପେ କହଯେ ତାହା କରହ ଶ୍ରୀବନ୍ଦ ॥

ତଥାହି ଶ୍ରୀବର୍ଜାରୀତିଚିନ୍ତାମଣି

ଶୃଙ୍ଗାର ଶାନ୍ତେ ସଦ୍ୟୀ ନିକୁଞ୍ଜେ ଶୃଙ୍ଗାରାଯାମାସ ପରାଂ ପ୍ରିୟା ସଂ ॥

ଶୃଙ୍ଗାର ନାମ ସ ବଟୋଥିଥୁନାପି ମନ୍ତ୍ରୀୟତେ ତତ୍ତ୍ଵଦିବେକ୍ଷତେ ଚ ॥

ଅନୁବାଦ : ବିହାରାବସାନେ ସେ ବଟ ବୁକ୍ସେର ତଳଦେଶର୍ଥିତ ନିକୁଞ୍ଜେ ଶ୍ରୀକୃଷ୍ଣ ପରମ ପ୍ରିୟତମା ଶ୍ରୀରାଧାକେ ବିବିଧ ବେଶଭୂଷାଯ ପୁର୍ବେର ମତ ବିଭୂଷିତ କରିଯାଇଲେନ, ସେଇ ବଟବୁକ୍ସ ବର୍ତ୍ତମାନେ ‘ଶୃଙ୍ଗାରବଟ’ ନାମ ଅଭିହିତ । ଏହି ବଟବୁକ୍ସେର ନିଚେ ଏଥିର ରୁହଣ୍ୟ ଲୀଳାର ସଙ୍ଗେ ଶୃଙ୍ଗାରାଦିତେ ଉପଯୋଗୀ ଏକ ନିକୁଞ୍ଜ ପରିଦୃଷ୍ଟ ହଇତେହେ । କଥିତ ଆଛେ—ସେ ସମୟ ଶ୍ରୀପାଦ ବିଶ୍ଵନାଥ ଚକ୍ରବର୍ତ୍ତୀ ମହାଶୟ ଏହି ଗ୍ରହ ରଚନା କରିଯାଇଲେନ, ସେଇ ସନ୍ଦୟ ଶୃଙ୍ଗାର ବଟେର ନିଚେ ଅତୀବ ନିଭୃତ ଏକ ନିକୁଞ୍ଜ ବିଦ୍ୟମାନ ଛିଲ ।

শ্রীগোবিন্দঘাট

শ্রীশঙ্কারবটের উত্তরে শ্রীগোবিন্দঘাট বিষ্টমান। শ্রীগোবিন্দ রাসমণ্ডলে অস্তর্কান হইলে এই স্থানে গোপীগণের সম্মুখ উপস্থিত হইয়াছিলেন।

একদিন শ্রীকৃষ্ণ রাসেতে আসিয়া। এক এক গোপী সঙ্গে এক এক কৃষ্ণ হইয়া॥
রাসকরে মহানন্দে শ্রীরাধা দেখিয়া। পলায়ণ করিলেন মনেতে বিচারিয়া॥
কৃষ্ণচল্ল রাধিকাকে দেখিতে না পাইয়া। অন্ধেবণ করিতেছে রাস ত্যাগিয়া॥
খুঁজিতে খুঁজিতে কৃষ্ণ এইস্থানে আসিলা। রাধার সদে মিলন হইল রঙিয়া॥
সেইজন্য গোবিন্দঘাট সর্বলোকে বলে। কামনা থাকিলে মনে দর্শনেতে ফলে॥

শ্রীরামবাগঘাট

শ্রীরামচরিতমানসগন্ধ প্রণেতা শ্রীতুলসীদাসজীউর বৈষ্ঠক সৃতিতে শ্রীরামজীউর মন্দির বর্তমানে বিরাজিত। এইস্থানে শ্রীকৃষ্ণ রামরূপে দান দিয়াছিলেন। প্রাচীন রামানন্দ মহাআশ্চান্ত শ্রীসংকৰ্ণ দাসজী মহারাজের ভজনস্থান।

শ্রীআটলবন

শ্রীবৃন্দাবনের দক্ষিণ পার্শ্বে বিষ্টমান। এই বনে শ্রীআটলতীর্থ ও শ্রীআটলবিহারী বিরাজমান। শ্রীকৃষ্ণ ভাতরোল হইতে ভোজন করিয়া এইস্থানে আগমন করিলে পর সখাগণ আনন্দের সহিত ভোজন সম্বন্ধে জিজ্ঞাসা করিলেন। শ্রীকৃষ্ণচন্দ আহ্লাদের সহিত বলিতে লাগিলেন যে—আঃ! ‘আটল’ হইয়াছে। সেই অবধি এই বনের নাম আটলবন বলিয়া জগতে বিখ্যাত। এই বনের পূর্বে শ্রীবলদেবজীউ দর্শনীয়।

শ্রীকেবাৱিবন

ইহা আটলবনের বায়ুকোণে বিষ্টমান। এখানে দাবানল কুণ্ড বিরাজিত। শ্রীকৃষ্ণ যেইদিন কালিয়নাগকে দমন করেন, সেইদিন রাত্রে সমস্ত ব্রজবাসী কালীয়হন্দের অর্দ্ধমাটল দূরবর্তী এই মনোরম স্থানে শয়ন করিয়াছিলেন। মধ্যরাত্রিতে দুষ্ট কংসের চৱগণ স্থৰ্যোগ পাইয়া এক সঙ্গে চতুর্দিকে অগ্নি প্রয়োগ করিয়াছিল। সেই অগ্নি প্রজ্জলিত হইয়া উদীপ্ত হইতে আৱস্থা করিলে, প্রাণ রক্ষার কোন উপায় না দেখিয়া ব্রজবাসীগণ শ্রীকৃষ্ণ ও বলরামের মুখ্যবলোকন করিতে লাগিলেন, শ্রীকৃষ্ণ দাবানল হইতে ব্রজবাসীগণকে রক্ষা করিবার নিমিত্ত আশ্বাস প্রদান করিয়া তাঁহাদিগকে চক্ষু মুদ্রিত অনুরোধ করিলেন এবং স্বীয় অচিষ্ট্য শক্তির প্রভাবে তৎক্ষণাত্মে অনল নির্বাপণ করিলেন। ব্রজবাসীগণ চক্ষু উন্মীলন করিয়া অগ্নি দেখিতে না পাইয়া অত্যন্ত আশ্চর্যাপ্তি হইয়া পরম্পর বলিতে লাগিলেন—“কে নিবাৰি?” সেই অবধি এই বনের নাম ‘কেবাৰিবন’ এবং অগ্নি নির্বাপণ স্থানের নাম দাবানল কুণ্ড, এই কুণ্ডের বায়ুকোণে শ্রীমতীবিল।

শ্রীবিহারবন

কেবাৰিবনের নৈঞ্চনিক কোণে এই বন বিষ্টমান। এইস্থানে শ্রীরাধাকূপ বিরাজিত। পরিক্রমার

যাত্রীগণ এই কুপের নিকটে আগমন করিয়া উচ্চবনিতে রাধে রাধে, অথবা শ্রীরাধেশ্বাম এই নামে উচ্চবন করিয়া থাকেন।

শ্রীকালীয়দমন বন

ইহা গোচারণ বনের উত্তরে বিদ্যমান। এইস্থানে প্রাচীন কদম্ববৃক্ষ প্রাচীন যমুনাভৌরে বিরাজ আন। শ্রীকৃষ্ণ কালীয় দমন অভিপ্রায়ে এই বৃক্ষের শাখা হইতে ঝম্প প্রদান করিয়াছিলেন। সেই অবধি এই বৃক্ষের নাম “কালিকদম” নামে পরিচিত। এই বৃক্ষের কিছু উত্তরে শ্রীকালীয় মন্দিরের মন্দির বিরাজমান। ইহার অন্তিম প্রবোধানন্দ সরস্বতীর সমাজ বিরাজমান।

শ্রীগোচারণ বন

বিহার বনের পশ্চিমে প্রাচীন যমুনাভৌরে এই বন বিদ্যমান। এখানে শ্রীবরাহদেব বিরাজমান। এইস্থানে শ্রীগৌতমমুণির আন্তর্ম বিরাজিত। গোচারণ বনের অপর নাম শ্রীবরাহস্তীট।

শ্রীগোপালবন

ইহা শ্রীকালীয় দমন বনের উত্তরে বিদ্যমান। এখানে শ্রীনন্দ যশোদার মৃত্তি বিরাজমান। কালীয়দমনের অব্যাহতি পরে শ্রীবজ্রাজ শ্রীকৃষ্ণের মন্দির কামনায় আক্ষণগণকে বহু গাভী দান করিয়া ছিলেন। এইস্থানকে গোপাল ঘাটও বলা হয়।

শ্রীনিকুঞ্জবন ও সেবাকুঞ্জ

ইহা শ্রীগোপালবনের ঈশান কোণে বিদ্যমান। এইকুঞ্জে শ্রীরাধাকৃষ্ণ নিত্যই মৈশবিহার সম্পর্ক করিয়া থাকেন। ইহার পার্শ্বে শ্রীঅন্নপূর্ণদেবীর ও পূর্বে শ্রীপৌর্ণমাসী দেবীর মন্দির বিদ্যমান। এবং পশ্চিমে শ্রীসীতানাথ মন্দির বিরাজিত। শ্রীঅবৈত সন্তানগণ কর্তৃক শ্রীসীতানাথ প্রভু ও শ্রীমদ্বগোপাল দেবের সেবা নির্বাহ হইয়া থাকেন। শ্রীলিতাকুণ্ড এবং তমাল তরু সংযুক্ত অপূর্ব দর্শন স্থান। কুঞ্জখানি কদম্ব, শ্যাম, তমাল ইত্যাদি লতাবৃক্ষদ্বারা পরিশোভিত। বনের একটি তমালবৃক্ষে অসংখ্য শিলামূর্তি দেখিতে পাওয়া যায়। চারিপার্শ্বে বন মধ্যস্থানে শ্রীমতীরাধাৱাণীর অতিসুন্দর শ্রীবিগ্রহ দর্শনীয়।

শ্রীনিধুবন

শ্রীনিকুঞ্জ বনের উত্তরে শ্রীনিধুবন বিদ্যমান। শ্রীরাধারূপ মন্দির ও সাহজী মন্দির ইহার সন্নিকটে। এই বনে বিশাখাকুণ্ড বিদ্যমান। ভারত বিখ্যাত প্রাচীন গায়ক তানসেনের গুরুদেব শ্রীহরিদাস স্বামী এইস্থানে ভজন করিয়াছিলেন। তিনি গানের মাধ্যমে এই শ্রীনিধুবন হইতে শ্রীবক্ষবিহারীকে প্রকট করিয়াছেন। এইস্থানে তাহার সমাধি দর্শনীয়। কথিত আছে—শ্রীশ্যামানন্দ প্রভু নিধুবনে ঝাড়ু করিবার কালে শ্রীমতীবৃষতানু নন্দিনীর নূপুর প্রাণ হইয়াছিলেন। বর্তমানে সেইস্থান থানি প্রস্তর ফলকে খচিত হইয়া নিত্য পুজিত হইতেছেন। ইহার পার্শ্বে শ্রীশ্যামানন্দ প্রভুর সমাজ বিদ্যমান।

তথাহি শ্রীবজরীতিচিষ্টামণি

যদ্বত্ত্বে নীধুবনং তত্ তন্ম গীতং শ্রতিচিন্মৈতং
সোহষ্ঠিতো যত্প পরাং পিয়াং প্রাগ্ রসোমুখীত্যোং রম্যন্ত প্রিয়াভাঃ ॥

অনুবাদ :—সেই শ্রীবংশীবট নামক ঘোগপীঠের উত্তরে নিধুবন অর্থাৎ বিহার কানন আছে, ইহাট ‘নিধুবন’ নামে কথিত। এখানে শ্রীরাধার সঙ্গে যে নিধুবন অর্থাৎ লীলা রমণ আছে, ইহাই প্রেমিক-ভক্তের একমাত্র জ্ঞেয়, শ্রবণীয় এবং চিন্মৈয়, সেই নিধুবনে পরম প্রিয়তমা শ্রীরাধাকে লইয়া রমণ করার উদ্দেশ্যে রাসবিহারী শ্রীকৃষ্ণ রাসোমুখী ব্রজললনা গনের নিকট হইতে রাস আরস্তের পূর্বেই অন্তিম হইয়াছিলেন।

শ্রীবুলনবন

শ্রীরাধাবাগের দক্ষিণ ভাগে এই বন বিদ্যমান। এইস্থানে শ্রীরাধাকৃষ্ণকে বুলনে বসিয়ে সমীগগণ বিভিন্ন প্রকার গান ও মৃত্য করিতে করিতে বুলন খেলা খেলিয়া থাকেন। এই লীলা বর্তমানেও চলিতেছে, কোন কোন ভাগ্যবান বাত্তি এইস্থানে নিরন্তর গোপনে লক্ষ্য রাখিলে, অবশ্যই শ্রীমতীরাধাৱাণী তাহাকে দর্শন প্রদান করাইবেন।

শ্রীগহুবরবন

বুলন বনের দক্ষিণে বিদ্যমান। তথায় পানিঘাট বিরাজমান।

শ্রীপপড়বন

ইহা গহুবর বনের দক্ষিণে বিদ্যমান। এইস্থানেই শ্রীকৃষ্ণ গোপীদিগকে আদি “বদ্রীনাথ” দর্শন করাইয়াছিলেন।

শ্রীকিশোরবন

সেবাকুঞ্জের পাশে শ্রীকিশোরবন বিদ্যমান। এইস্থানে শ্রীহরিমারায়ণ ব্যাসজী শ্রীরাধাযুগল-কিশোরকে প্রেক্ট করিয়াছেন।

শ্রীরাধাবাগ

শ্রীবৃন্দাবনের ঈশানকোণে, শ্রীযমুনাতীরে শ্রীরাধাবাগ বিদ্যমান। এই বনকে শ্রীরাধাবাগ ঘাট ও বলিয়া থাকেন; ইহার পূর্বদিকে শ্রীযমুনার ছাই ধারায় মধ্যবর্তী মনোরম বালুকা পূর্ণ স্থান, শ্রীযমুনা পুলিন বিদ্যমান। ধৌরসমীর ও রাধাবাগের মধ্যবর্তী স্থানকে শ্রীরাম পুলিন বসা হয়। এখানে গোপকৃষ্ণ বিরাজমান। তথা ময়ুরের কেকারব বিহঙ্গের কুজন, পরামৃত বাহিনী শ্রীযমুনার কুন্কুল নাদ শ্রবণে হৃদয়ে সত্যাই অপার্থিব আনন্দের উদ্দীপন হয়।

শ্রীবৃন্দাবনে দ্বাদশ উপবন

(১) অট্টলবন, (২) কেৰারিবন, (৩) বিহারবন, (৪) গোচারণবন (৫) কালীয়দমন বন (৬)-

গোপালবন, (৭) নিকুঞ্জবন, (৮) মিথুবন, (৯) রাধাবাগ, (১০) ঝুলনবন, (১১) গহৰবন, (১২) পদ্মবন

শ্রীবিন্দকুণ্ড

শ্রীগোবিন্দকুণ্ডের ঈশান কোণে এবং শ্রীরামকৃষ্ণ আশ্রমের পাশে শ্রীবিন্দকুণ্ড বিদ্যমান। এই কুণ্ডের চতুর্পার্শ্বে কুঞ্জ সমূহ এবং চারসপ্তদিয়া বৈষ্ণবগণ বসবাসে স্থোভিত। এইস্থানে শ্রীরামানন্দি আশ্রম, শ্রীপরশুরাম আশ্রম, শ্রীনিতাইগৌর মন্দির ইত্যাদি বিরাজিত।

—ঃ শ্রীমথুরা মাহাত্ম্য দৃষ্টহয় :—

তত্ত্ব ব্রাহ্মে মহাভাগে বহুগুল্মান্তাবৃতে। তত্ত্ব স্নানং প্রকুর্বীত একরাত্তোষিতো নরঃ ॥

গন্ধবৈরৱপস্রোভিষ্ঠ ক্রৈড়মানঃ স মোদতে। তথাত্র মুঞ্চতে প্রাণান্ম মম লোকং স গচ্ছতি ॥

অনুবাদ :- যে একরাত্রি উপবাস করিয়া বিবিধ লতাগুল্ম বেষ্টিত ব্রহ্মকুণ্ডে স্নান করে, সেইজন গন্ধব ও অপসরাগণের সহিত বিহার পরায়ণ হইয়া আনন্দ লাভ করে এবং এইস্থানে প্রাণত্যাগ করিলে আমার লোকে গমন করে।

তত্ত্ব কুণ্ডং মহাভাগে! বহুগুল্মান্তাবৃতম্। পুণ্যমেব মহাতীর্থং সুরম্যসলিলাবৃতম্ ॥

তত্ত্ব স্নানং প্রকুর্বীত চতুঃ কালোষিতোনৱঃ। মোদতে বিমলে দিব্যে গন্ধবঁণঃ কুলে সুখঃ ॥

তত্ত্বাপি মুঞ্চতে প্রাণান্ম সততঃ কৃতনিশচয়ঃ। গন্ধববুলমুৎসজ্য মম লোকং স গচ্ছতি ॥

অনুবাদ :- এই বৃন্দাবনে বহুলতাগুল্ম বেষ্টিত ব্রহ্মকুণ্ড আছে তাহা মহাতীর্থ, পুণ্যজনক, অতিরিমণীয় জলব্যাপ্তি। যে উপবাস করিয়া প্রাতঃ মধ্যাহ্ন, সায়াহ্ন ও রাত্রিকালে চারিবার স্নান করে, সেইজন দ্রব্য বিমল গন্ধবকুলে সুখভোগ করিয়া থাকে। যে কৃতনিশচয় হইয়া এই স্থানেই প্রাণত্যাগ করে, সেই ব্যক্তি গন্ধববুল পরিতাগ করিয়া শেষে বিঘুলোকে গ.ন করে।

তত্ত্বাচ্যৰ্যং প্রবক্ষ্যামি তৎ শৃঙ্গে বস্তুন্দরে। লভন্তে মনুজা সিদ্ধিং মম কার্য্য-পরায়ণঃ ॥

তস্য তত্ত্বোভৱপার্শ্বেশোকবৃক্ষঃ সিতপ্রভঃ। বৈশাখস্ত তু মাসস্ত শুক্লপক্ষস্ত দ্বাদশী ॥

স পুষ্পতি চ মধ্যাহ্নে মম ভক্তাস্ত্রথাবহঃ। ন কশ্চিদভিজানাতি বিনা ভাগবতং শুচিম ॥

অনুবাদ :- হে পৃথি সেইস্থানে এক আশ্চর্য্য ব্যাপার বলিতেছি শ্রবণ কর, মৎকার্য্য—তৎপর মানবগণ এইস্থানে সিদ্ধিলাভ করিয়া থাকে। যে স্থানে সেই কুণ্ডের উত্তরদিকে একটি শ্঵েতবর্ণ অশোকবৃক্ষ আছে, বৈশাখী শুক্লাদশীতে মধ্যাহ্নকালে সেই দক্ষ পুষ্পিত হয়, তাহা আমার ভক্তগণের স্বর্ণদায়ক। বিশুল ভক্তব্যতীত এই ব্যাপার কেহই জানিতে পারে না।

শ্রীগোবিন্দকুণ্ড

শ্রীবৃন্দাবনের পূর্বভাগে এবং শ্রীরংজী মন্দিরের পাশে শ্রীগোবিন্দকুণ্ড বিদ্যমান। বর্তমানে কুণ্ডখানি সংস্কার বিহিন অবস্থায় দর্শনীয়। এইস্থান শ্রীরাধাগোবিন্দের বিহারস্থল।

তথাহি শ্রীবজরীতিচিন্তামণি

তদক্ষিণে দ্রুত এব কিঞ্চিত্ শ্রীষ্মামি-গোবিন্দপদে সরোহস্তি ।

সমস্তক্ষে যস্ত নিকুঞ্জ পুঞ্জাঃ যেয়ুল্লসন্তি অমরালিঙ্গাঃ ॥

অনুবাদ :—সেই দোলাস্থলীর দক্ষিণে কিছু দূরে, ‘শ্রীগোবিন্দকুণ্ড’ নামক শ্রীকৃষ্ণের এক সরোবর আছে। উহার চতুর্দিকে নিকুঞ্জ পুঞ্জে সুশোভিত এবং সেইকুঞ্জে অমরগগ মধুর ঘূঞ্জনে উল্লাসিত থাকেন।

শ্রীগজরাজকুণ্ড

শ্রীগোবিন্দ মন্দিরের উত্তরে বর্তমানে শ্রীরঞ্জনাথজী মন্দিরের গড়ের ভিতরে বিদ্যমান। এইস্থানে শ্রাবণী পূর্ণিমা তিথিতে গজেন্দ্রমোক্ষণ লীলার অভিনয় হইয়া থাকে।

প্রসিদ্ধকুণ্ড

- | | |
|--|--|
| (ক) শ্রীদাবানলকুণ্ড—কেবারিবনে বিদ্যমান। | (খ) শ্রীললিতাকুণ্ড—নিকুঞ্জবনে অবস্থিত। |
| (গ) শ্রীবিশাখাকুণ্ড—নিখুবনে বিরাজিত। | (ঘ) শ্রীবন্ধুকুণ্ড—রঞ্জজীমন্দিরের পার্শ্বে বিদ্যমান। |
| (ঙ) শ্রীগজরাজকুণ্ড—রঞ্জজীমন্দিরে বিদ্যমান। | (চ) শ্রীগোবিন্দকুণ্ড—রামকৃষ্ণ মন্দিরের পার্শ্বে বিরাজিত। |

প্রসিদ্ধ সমাজ

(১)—শ্রীসনাতন গোস্বামীর সমাজ—শ্রীবাদশ আদিত্য চীলার নিকট এবং শ্রীমদনমোহনের প্রাচীন মন্দিরের দক্ষিণ ভাগে বিদ্যমান। (২)—শ্রীরূপগোস্বামী ও শ্রীজীবগোস্বামীর সমাজ—শ্রীরাধা-দামোদর মন্দিরের পার্শ্বে বিদ্যমান। (৩) শ্রীগোপালভট্ট গোস্বামীর সমাজ—শ্রীরাধারমণ মন্দিরের পার্শ্বে বিদ্যমান। (৪) শ্রীলোকনাথ গোস্বামীর সমাজ—শ্রীগোকুলানন্দে বিদ্যমান। তাহার পার্শ্বে শ্রীনরোক্তম ঠাকুর মহাশয়ের বৈষ্টক। (৫)—শ্রীবৃন্দপণ্ডিত গোস্বামীর সমাজ—শ্রীরাধাগোপীনাথ মন্দিরের পার্শ্বে বিদ্যমান। (৬)—শ্রীরঞ্জনাথভট্ট গোস্বামীর সমাজ—শ্রীগোবিন্দ মন্দিরের ইশান কোনবর্তী চৌষট্টি মহাস্ত সমাজবাটাতে বিরাজিত। তথায় ছয় চক্রবর্তী ও অষ্ট কবিরাজের সমাজ বিরাজমান। ইহার নিকটে মোহনীদাসজীর সমাজ বিরাজমান। (৭)—শ্রীনিবাস আচার্যা প্রভু, শ্রীরামচন্দ্র কবিরাজ ও শ্রীগৌরীদাস পণ্ডিতের সমাজ—ধীরসমীরে বিদ্যমান। (৮)—শ্রীশ্বামানন্দ প্রভুর সমাজ—শ্রীশ্বামসুন্দর মন্দিরের নিকট বিদ্যমান। (৯)—শ্রীহরিবংশ গোস্বামীর সমাজ—শ্রীরাধাবল্লভ মন্দিরের পার্শ্বে বিরাজিত। (১০)—শ্রীপ্রবোধানন্দ সরস্বতীর সমাজ—কালীদহে বিদ্যমান। (১১)—শ্রীগদাধর পণ্ডিত গোস্বামীর দন্ত সমাজ—কেশীঘাটের নিকটে বিদ্যমান। (১২)—শ্রীহরিদাস স্বামীর সমাজ—নিখুবনে অবস্থিত। (১৩)—শ্রীগোপালগুরু গোস্বামীর পুস্প সমাজ—গোপালগুরু মঠ, বংশীবটে বিদ্যমান।

প্রসিদ্ধকুপ

(ক)—শ্রীবেণুকুপ—শ্রীচৌষট্টি মহাস্ত সমাজের উত্তরে। একদা শ্রীকৃষ্ণ সখাগণ সঙ্গে এইস্থানে মহুন্দ খেলিতেছিলেন। সেই সময় সখাগণ জল তৃষ্ণায় কাত্তর হইয়া শ্রীকৃষ্ণের নিকটে জল চাহিলে,

শ্রীকৃষ্ণ পৃথিবীর দিকে মুরগীর মুখ রাখিয়া ধৰনি করিবামাত্র পাতাল হইতে জল নির্গমন হইতে লাগিল। সখাগণ পরম আনন্দে জলপান করিয়া শ্রীকৃষ্ণের গুণের প্রশংসা করিতে লাগিলেন। সেই অবধি এই কৃপের নাম বেগুন্ত হইয়াছে।

(খ) — শ্রীসপ্তসমুদ্র কৃপ—শ্রীগোপেশ্বর মহাদেবের নিকটে বিদ্যমান। (গ) — শ্রীগোপকৃপ—জ্ঞানগুদড়ীর নিকটে বিদ্যমান। (ঘ) — শ্রীরাধাকৃপ—বিহারবনে বিরাজিত।

প্রসিদ্ধ দেবী

(ক) — শ্রীপাতালদেবী—শ্রীপাতালদেবীর নামাঙ্গ শ্রীযোগমায়। প্রাচীন শ্রীগোবিন্দ মন্দিরের নৈঞ্চনিক কোণে বিদ্যমান। (খ) — শ্রীঅৱপূর্ণা দেবী—শ্রীসেবাকুঞ্জের নিকটে বিদ্যমান। (গ) — শ্রীপৌর্ণমাসী দেবী—শ্রীসেবাকুঞ্জের পূর্বে বিদ্যমান।

শ্রীবৎশীবট

শ্রীযমুনার তীরে এই বটবৃক্ষ বিরাজিত। শারদীয় রাস পুর্ণিমায় ভগবান् শ্রীকৃষ্ণ এইস্থানে ব্রজগোপীগণ সঙ্গে মহারাস করিয়া থাকেন।

শ্রীঅদৈতবট

শ্রীমদনমোহন মন্দিরের পূর্বে প্রাচীন শ্রীযমুনাতীরে শ্রীঅদৈতবট বিদ্যমান। শ্রীঅদৈতপ্রভু শ্রীবৃন্দাবনে আগমন করিয়া এই বৃক্ষতলে শ্রীকৃষ্ণের আরাধনা করিয়াছেন। এইস্থানে শ্রীরাধামদনগোপাল, শ্রীঅদৈতপ্রভু ও মাতাসীতাদেবীর মূর্তি দর্শনীয়। শ্রীরাধামদনগোপাল শ্রীঅদৈত প্রভুর প্রেমে প্রকট হইয়াছেন। এই বৃক্ষ দর্শন মাত্র সর্ব পাপ ক্ষয় হয়।

শ্রীযমুনাপুলীন

শ্রীতীর্থরাজ প্রয়াগের অভিমান এইস্থানে ভঙ্গ হয় এবং দেহের পাপরাশি দূর হয়ে সোনার বরণ দেহ লাভ হয়। পাশ্চে কাশীম বাজারের রাজা শ্রীমনীশ্বর নন্দীর ঠাকুর ও শ্রীজগন্ধার্থজীউর মন্দির প্রতিষ্ঠিত হয়। শ্রীরাধাবাগের পূর্বদিকে, শ্রীযমুনাধারার মধ্যবর্তী মনোরম বালুকাপূর্ণ স্থান।

শ্রীরাসপুলীন

শ্রীবীরসমীর ও শ্রীরাধাবাগের মধ্যস্থলে শ্রীরাসপুলীন বিদ্যমান। শ্রীকৃষ্ণচন্দ্রের নিত্য রাসলীলা স্থল।

—ঃ তথাহি শ্রীচৈতন্যমঙ্গলে ॥

থতেক গোপীকাগণে

রাস কৈল বৃন্দাবনে

রাধা আদি করি করে সেবা।

দ্বারকায় ছিল যত

কঞ্জলী অনুগত

আর যত রং অঙ্গুত্বা ॥

প্রসিদ্ধ কদম্ব

(ক) — শ্রীকালীকদম্ব, (খ) — শ্রীচৌরকদম্ব, (গ) — শ্রীদোলাকদম্ব !
 পুলীন

(ক) — শ্রীরামপুলীন, (খ) — শ্রীযমুনা পুলীন ।

মহাদেব

(ক) শ্রীগোপেশ্বর মহাদেব, (খ) — শ্রীবনখণ্ডী মহাদেব ।

প্রসিদ্ধবট

(ক) — শ্রীঅদ্বৈতবট, (খ) — শ্রীশৃঙ্গারবট, (গ) — শ্রীবংশীবট ।

প্রসিদ্ধঘাট সমূহ

(১) মহান্ত ঘাট, (২) শ্রীরামপীল ঘাট, (৩) কালীদহ ঘাট, (৪) গোপাল ঘাট, (৫) নাভাঘাট,
 (৬) প্রস্কন্দন ঘাট, (৭) সূর্যঘাট, (৮) কড়িয়া ঘাট, (৯) যুগলঘাট, (১০) ধূসরঘাট, (১১) গয়াঘাট,
 (১২) শ্রীজীবঘাট, (১৩) বিহারীঘাট, (১৪) ধূরাপার ঘাট, (১৫) নাগরী ঘাট, (১৬) ভীমঘাট, (১৭)
 অঙ্কের ঘাট, (১৮) টেহুরী ঘাট, (১৯) ইমলিতলা ঘাট, (২০) বর্দ্ধমান ঘাট, (২১) বারীয়া ঘাট, (২২)
 শৃঙ্গার ঘাট, (২৩) গঙ্গামোহন ঘাট, (২৪) গোবিন্দ ঘাট, (২৫) হিম্বত ঘাট, (২৬) চীরঘাট, (২৭)
 হমুমান ঘাট, (২৮) অমর ঘাট, (২৯) কিশোরী ঘাট, (৩০) পাণ্ডা ঘাট, (৩১) কেশীঘাট, (৩২) বরাহ
 ঘাট, (৩৩) ধীরসমীর ঘাট, (৩৪) রাধাবাগ ঘাট, (৩৫) পাণি ঘাট, (৩৬) আদিবদ্রী ঘাট, (৩৭) রাজ-
 ঘাট, (৩৮) রাণাপতি ঘাট, (৩৯) কোড়িয়া ঘাট, (৪০) শ্রীজগন্ধার ঘাট, (৪১) রামবাগ ঘাট,
 (৪২) প্রতাপকুণ্ড ঘাট ।

শ্রীব্রজধামে প্রসিদ্ধ ঘোল বট

— : শ্রীপদ্মপুরাণ হইতে :—

(১) সংকেতবট, (২) ভাগীরবট, (৩) জাৰট, (৪) শৃঙ্গারবট, (৫) বংশীবট, (৬) শ্রীবট,
 (৭) জটাজুটবট, (৮) কামবট, (৯) মনোরথবট, (১০) আশাৰট, (১১) অশোকবট, (১২) কেলিবট,
 (১৩) ব্ৰহ্মবট, (১৪) রুদ্ৰবট, (১৫) শ্রীধৰবট (১৬) সবিত্রীবট ।

শ্রীব্রজধামে প্রসিদ্ধ দ্বাদশ বন

— : শ্রীপদ্মপুরাণ হইতে :—

(১) শ্রীমধুৰন, (২) তাজবন, (৩) কুমুদবন, (৪) বহুলাবন, (৫) কামাবন, (৬) খদিৰবন,
 (৭) শ্রীবৃন্দাবন, (৮) ভদ্রবন, (৯) ভাগীরবন, (১০) বিৰুবন, (১১) লৌহবন, (১২) মহাবন ।

শ্রীব্রজধামে প্রসিদ্ধ দ্বাদশ উপবনাদি

(১) শ্রীরাধাকৃষ্ণ, (২) বৃষভারূপুর, (৩) সঙ্কেত, (৪) নলগ্রাম, (৫) রাল (৬) বদ্রীনারায়ণ,

(৭) যাবট, (৮) কোকিলাবন, (৯) কেটবন, (১০) খেলনবন, (১১) মাঠবন, (১২) দাটুজী।

শ্রীঅক্ষয়ামে প্রসিদ্ধ পাঁচ শ্রীমহাদেবজীউ

(ক) মথুরায়—শ্রীভূতেশ্বর মহাদেব, (খ) কাম্যবনে—শ্রীকামেশ্বর মহাদেব, (গ) গোবর্দ্ধনে—
শ্রীচাকলেশ্বর মহাদেব, (ঘ) বৃন্দাবনে—শ্রীগোপেশ্বর মহাদেব, (ঙ) নন্দগ্রামে—শ্রীনন্দেশ্বর মহাদেব।

শ্রীঅক্রূরতীর্থ

শ্রীবৃন্দাবন এবং শ্রীমথুরার মধাভাগে শ্রীযমুনারত্নট শ্রীঅক্রূরতীর্থ বিদ্যমান। শ্রীঅক্রূরমহাশয়
যেইস্থানে স্নানাদি কার্য করিয়াছেন সেইস্থানের নাম শ্রীঅক্রূর ঘাট। এই ঘাটের অপর নাম শ্রীৰক্ষদ।
এই তীর্থে স্নান করিলে সংসার সাগর হইতে মুক্তিলাভ পাওয়া যায়।

—ঃ তথাহি সৌরপুরাণে :—

অনন্তর মতিশ্রেষ্ঠং সর্বপাপবিনাশনম্।

অক্রূরতীর্থমত্যার্থমস্তি প্রিয়তরং হরেঃ ॥

পুণিমায়ং তু যঃ স্নায়াৎ তত্ত্ব তীর্থবরে নর। স মুক্ত এব সংসারাত্ত কার্ত্তিক্যাত্ত বিশেষতঃ ॥

অনুবাদঃ—অনন্তর শ্রীহরির অতীব প্রিয়, সর্বপাপনাশক অতিশ্রেষ্ঠ অক্রূরতীর্থ বিদ্যমান।
যে ব্যক্তি পুর্ণিমাতিথীতে বিশেষতঃ কার্ত্তিকী পূর্ণিমায় সেই শ্রেষ্ঠ তীর্থে স্নান করে, সেই সংসার হইতে
মুক্ত হয়।

—ঃ তথাহি আদিবরাহে :—

তীর্থরাজং হি চাক্ররং গৃহ্যানাং গৃহ্যমুক্তম্যম্। তৎফলং সমবাপ্নোতি সর্বত্তির্থাৰ্বগাহনাৎ ॥

অক্রূরে চ পুনঃ স্নাত্বা রাঙ্গগ্রস্তে দিবাকরে। রাজস্ম্যাখ্যমেধাত্যাঃ ফলমাপ্নোতি মানবঃ ॥

অনুবাদঃ—অক্রূরতীর্থ নিশ্চয়ই সকল তীর্থের রাজা এবং গৃহাগণের মধ্যে অতিশ্রেষ্ঠ। পুনশ্চ
স্বর্যগ্রহণ দিনে মানব অক্রূরতীর্থে স্নান করিয়া রাজস্ম্য অশ্বমেধের ফললাভ করে। এইস্থানে শ্রীঅক্রূর-
মহাশয় স্নান করিবার সময় শ্রীকৃষ্ণের বিভূতি দর্শন করিয়াছেন

শ্রীঅক্রূরমহাশয়ের শ্রীবৃন্দাবনাগমন এবং শ্রীকৃষ্ণলীলা দর্শন

কংস শ্রীকৃষ্ণকে হত্যা করিবার জন্য পৃতনা, তৃণাবর্ত্ত ইত্যাদি অস্তরণগকে প্রেরণ করিয়াছিলেন
কিন্তু কেহই শ্রীকৃষ্ণকে হত্যা করিতে পারিলেন না অথচ নিজেরাই একে একে নিহত হইয়াছিলেন। তখন
কংস মনে করিলেন শ্রীকৃষ্ণকে এখানে ধনুর্যজ্ঞে: অনুষ্ঠান উপলক্ষে আনয়ন করিয়া সকলে একত্রিত হইয়া
হত্যা করিবেন।

কংস পূর্বে শ্রীমহাদেবকে তপস্থায় সন্তুষ্ট করিয়া ধনুর্যানি লাভ করিয়াছিলেন। শ্রীমহাদেবজীউ
বলিয়াছিলেন যে—এই ধনুর দ্বারা তুমি বহুরাজ্য জয় লাভ করিতে পারিবে। ধনুর্যানি সহজে কেহ ভঙ্গ
করিতে পারিবে ন। তবে যে ইহাকে ভঙ্গ করিবে সেই তোমাকে হত্যা করিবে। ধনুর্যজ্ঞের সংবাদটি
কংস বিভিন্ন দেশ-বিদেশে প্রচার করিয়াদিলেন। এইদিকে শ্রীকৃষ্ণ-বলরামকে অনুষ্ঠানে যোগদানের জন্য

কংস শ্রী অক্তুর মহাশয়কে বৃন্দাবনে প্রেরণ করিলেন। অক্তুর রথে করিয়া শ্রীবন্দবনে আগমন করিবার সময় বিভিন্ন বৃক্ষলতা, ফুলের বাগান, ময়ুরাদি সুন্দর সুন্দর দৃশ্য দর্শন করিতে করিতে শ্রীনন্দমহারাজের ভবনে উপস্থিত হইয়াছিলেন। এখানেও শ্রীষশোদারাণী এবং গোপগোপীদিগের বহুলীলা দর্শন করিয়াছিলেন।

শ্রীকৃষ্ণ-বলরামকে মথুরায় লইয়া যাওয়ার জন্য তাহার আগমন, এই সংবাদ যেই মাত্র শ্রীনন্দ-যশোদাদি-গোপ-গোপীগণ শুনিতে পাইলেন তখন কেহ রোদন, কেহ অক্তুরকে অভিশাপ, কেহ বা রথের চাকার নৌচে শয়ন ইত্যাদি ভাবে বিলাপাদি করিতে লাগিলেন। শ্রীকৃষ্ণ সকলকে ‘কাল আসিব’ এই কথা বলিয়া সান্ত্বনা দিয়াছিলেন। এবং শ্রীবলরামের সঙ্গে মথুরায় রওনা হইলেন। অক্তুর রথখানি চালনা করিতে করিতে যমুনার তটে উপস্থিত হইলেন।

শ্রীকৃষ্ণ-বলরাম যমুনায় স্নান করিলেন। শ্রীঅক্তুরমহাশয়ও যমুনার জলে স্নান করিয়া গায়ত্রী মন্ত্র জপ করিতে করিতে জলের মধ্যে শ্রীবন্দুদেবের ছুঁট পুত্রকে দেখিতে পাইলেন। তখন চিন্তা করিলেন—তাহারা সলিল মধ্যে কেন? তবে কি রথেপরি নাই; এইরূপ চিন্তা করিয়া শ্রীয়মন্ত্র হইতে উঠিয়া দেখিলেন সেখানেও তাহারা পূর্ববৎ বিরাজিত। পুনরায় জলে নিমগ্ন হইয়া অসুরগণ কত্ত্বক স্তরমান শ্রীঅনন্তদেবকে দেখিয়াছিলেন। শ্রীঅনন্তদেবের প্রসন্ন বদন, ক্রুর সুন্দর, মাসিকা উন্নত, চরণে নূপুর ইত্যাদি।

সেখানে শ্রীনন্দাদি পার্বত্যগণ, ব্রহ্ম, রূদ্র, প্রভৃতি দিঙ্গ, প্রজাপতি, প্রহ্লাদ, নারদ প্রভৃতি উত্তম ভাগবত কর্তৃক বিশিষ্ট বাক্য দ্বারা স্তরমান তাঁহাকে দেখিয়াছিলেন। শ্রী, পুষ্টি, বাণী, কৌর্তি, উর্জা ইত্যাদি দেবী ও জীবগণের সংসার হেতু বিদ্যা ও অবিদ্যা আর উভয়ের কারণীভূত শক্তি ও মায়া ইঁহারা তাঁহার সেবা করিতেছিলেন। এই সকল লীলা দর্শন করিয়া শ্রীঅক্তুর মহাশয় শ্রীকৃষ্ণকে স্তুতি করিতে লাগিলেন। তৎপরে শ্রীঅক্তুর মহাশয় জল হইতে উঠিয়া শ্রীকৃষ্ণ বলরামকে রথে করিয়া মথুরায় কংসের রাজধানীর দিকে রওনা হইলেন। শ্রীমন্মহাপ্রভু শ্রীবন্দবনধাম অবগ কালে শ্রীঅক্তুরতাঁর্থে আগমন করিয়াছেন।

— : তথাহি শ্রীচৈতানচরিতাঘতে :—

একদিন অক্তুর ঘাটের উপরে। বসি মহাপ্রভু কিছু করেন বিচারে॥

এইঘাটে অক্তুর বৈকৃষ্ণ দেখিল। ব্রজবাসী লোক গোলোক দর্শন পাইল॥

এত বলি ঝঁপ দিল জলের উপরে। ডুবিয়া রহিলা প্রভু জলের ভিতরে॥

দেখি কৃষ্ণদাস কাঁপি ফুকার করিল। ভট্টাচার্য শীঘ্র আসি প্রভু উঠাইল॥

শ্রীসুন্দামাকুটী

শ্রীবশীবটের পার্শ্বে (পরিক্রমা মার্গে) শ্রীসুন্দামাকুটী বিগ্রহান। মন্দিরে শ্রীরাম-লক্ষ্মণ এবং শ্রীমতীস তাদেবীর মুর্তি দর্শনীয়। এইস্থানে নিত্য প্রেমের সহিত শ্রীরামলীলার অভিনয় এবং সাধু-মহাত্মাদের সেবা হইয়া থাকে।

শ্রীভোজনস্তুলী ও ভাতরোল

শ্রীঅক্তুর ঘাটের সামান্য দক্ষিণে, বর্তমানে বিরলা মন্দিরের সন্নিকটে শ্রীভোজনস্তুলী বিস্তৃত। শ্রীকৃষ্ণ অগ্রজের সহিত গোচারণ করিতে আসিয়া এইস্থানে অন্নভিক্ষা ছলে যাঞ্জিক পঞ্জীগণকে কৃপা করিয়াছিলেন।

—ঃ তথাহি শ্রীভক্তিরস্তাকরে ঃ—

দেখ শ্রীনিবাস ! এ পরম রম্য স্থানে । করিলেন যজ্ঞ অঙ্গীরাদি মুণিগণে ॥
অনুলাগি' কৃষ্ণ এখা সখা পাঠাইলা । গোপশিশু বাক্যে বিপ্র ক্রোধযুক্ত হৈলা ॥
সখা গিয়া কৃষ্ণের সকল নিবেদিল । পুনঃ কৃষ্ণ মুণিপঞ্চী আগে পাঠাইল ॥
মুণিপঞ্চীগণ মহা মনের আনন্দে । এখা অন্ন আনিয়া দিলেন কৃষ্ণচন্দে ॥
গণসহ কৃষ্ণ অন্ন ভূজেন এখাই । ভোজনে কৌতুক যত, তার অন্ত নাই ॥
হইল সবার অতি আনন্দ হৃদয় । এ 'ভোজনস্তুল' নাম সকলে জানয় ॥

—ঃ শ্রীস্তুবাবলীগ্রন্থ দৃষ্ট হয় ঃ—

অর্নের্যত্ব চতুর্বিধৈঃ পৃথুগুণেঃ স্বৈরং সুধানিন্দিভিঃ কামং রামসমেতমচুতমহো প্রিতৈর্ব্যষ্টেব্রতম্ ।
শ্রীমান যাঞ্জিকবিপ্রসুন্দরবধূবর্গঃ স্বয়ং যোমুদ্বা ভক্ত্যা ভোজিতবান্স স্তুলঞ্চ তদিদং তৎপাপি বন্দামহে ॥

অনুবাদ : অহো । যে স্থানে যাঞ্জিক বিপ্রগণের যে স্থানৰী পঞ্জীগণ স্বেচ্ছায় স্বয়ং প্রীতি ও উক্তিভরে প্রিঞ্চ বয়স্তগণ পরিবেষ্টিত শ্রীবলরামের সহিত শ্রীকৃষ্ণকে সুধাধিকারী মহাশুণ বিশিষ্ট চতুর্বিধ অন্ন আহার করাইয়াছিলেন, এই সেই ভোজনস্তুল । সেই ভোজনস্তুল এবং সেই বধূবর্গকেও বন্দনা করি ।



শ্রীমথুরা লীলা

শ্রীমথুরাধ্যায়

শ্রীমথুরা জেলার উত্তর-পশ্চিমে হরিয়াণা র গুরগাঁও জেলা, উত্তর-পূর্বে আলিগড় জেলা, পূর্বে পটোগয়া, দক্ষিণে আগ্রা এবং পশ্চিমে রাজস্থানের ভরতপুর জেলা। মথুরা জেলার আয়তন ১,৪৫৫ বর্গ মাইল। এইস্থানে শ্রীমকালে খুব গরম এবং শীতকালে প্রচণ্ড ঠাণ্ডা। বাসবিক বৃষ্টিপাত খুবই কম। গড়ে ২৫° ঢ ইঞ্চি! এইস্থানে বড় জঙ্গল এবং পাহাড় নেই বলিলেই চলে। শ্রীমথুরা নামের উৎপত্তি সম্বন্ধে বহু মতামত রহিয়াছে।

শ্রীমথুরা উৎপত্তি

মধুদৈত্যের রাজত্বকালে, তাহার নামানুসারে শ্রীমথুরা নামের উৎপত্তি। মধুদৈত্য শ্রীমহাদেবকে ভজনে সন্তুষ্ট করিয়া এক শূল লাভ করিয়াছিলেন। শ্রীমহাদেব বলিয়াছিলেন যে—এই শূল যাহার হস্তে থাকিবে তাহাকে পৃথিবীতে কেহ বধ করিতে পারিবে না। মধুদৈত্য শূলখানি নিজপুত্র লবণ্যসুরকে দান করিয়াছিলেন। লবণ্যসুর শূলখানি লাভ করিয়া দেশে খুব অন্ত্যায় অত্যাচার করিতে আরম্ভ করিলেন। অত্যাচারের হাত হইতে রক্ষা করিবার জন্য শ্রীরামচন্দ্রের ভাই শক্রলোক, মহামুণি ভার্গবের সঙ্গে এইস্থানে আগমন করেন। ভার্গবমুণি জানিয়ে দেয় যে—লবণ্যসুর যখন মৃগযায় যায়, তখন সেই শূলখানি শ্রীশিব-মন্দিরে রাখিয়া যায় অতএব সেই শূলখানি তাহাকে হত্যা করিতে হইবে। সেই অনুসারে শ্রীশক্রলোক লবণ্যসুরকে মৃগয়া হইতে ফিরিয়া আসিবার পথে মহাযুদ্ধ স্থষ্টি করেন এবং তাহাকে নিহত করেন। ইহার পরে শ্রীশক্রলোক এইস্থানে ‘শূরসেনা’ নগরী প্রতিষ্ঠা করেন। শূরসেনা নগরীর বর্তমান নাম শ্রীমথুরা।

শ্রীয়মনুর তটে তটে যাদবগণের বাস, সেই অনুসারে শ্রীমথুরা নামের খ্যাতি। ইত্যাদি বহু অব্যাখ্যান শ্রীমথুরা সম্বন্ধে পাওয়া যায় ঐতিহাসিক এবং পৌরাণিক কাহিনী কিংবদন্তীর মাধ্যমে।

শ্রীউগ্রসেনের পুত্র কংস, তিনি শ্রীমথুরায় রাজত্ব করিবার সময় বহু শ্রকার অন্ত্যায় অত্যাচার করিতে থাকেন। ভগবান শ্রীকৃষ্ণ শ্রীবন্দীবনে লীলা করিতে আসিয়া কংসকে মুক্তি প্রদান করতঃ মথুরায় শাস্তি প্রদান করেন সেইজ্য সেই সময় হইতে শ্রীমথুরা নামের খ্যাতি।

কলিযুগে শ্রীকৃষ্ণের লীলাভূমি প্রায় লুপ্তাবস্থা দেখিয়া শ্রীমন্মহাপ্রভু ষড় গোদ্বামৈগণকে শ্রীধাম-নবদ্বীপ হইতে প্রেরণ করতঃ পুনরায় শ্রীকাশ করিয়াছেন।

ଶ୍ରୀକୃଷ୍ଣର ଜୟ ପରିଚୟ

ମୁମୁଚ୍ଯୁ'ନ୍ଯୋ ଦେବାଃ ସ୍ତ୍ରମନାଂସି ମୁଦାଵିତାଃ । ମନ୍ଦଃ ଜଲଧରା ଜଗର୍ଜୁରମୁସାଗରମ् ॥

ନିଶ୍ଚିଥେ ତମଟୁକୁତେ ଜାୟମାନେ ଜନାର୍ଦନେ । ଦେବକ୍ୟାଃ ଦେବରାପିଣ୍ୟାଃ ବିଷ୍ଣୁଃ ସର୍ବପ୍ରହାଶ୍ୟଃ ।

ଆଦିରାସୌଦ୍ୟଥା ପ୍ରାଚ୍ୟାଃ ଦିଶୀନ୍ଦ୍ରିଯପୁଷ୍ଟଳଃ ॥

(ଶ୍ରୀମତ୍ତଙ୍ଗବତେ)

ଅନୁବାଦ :—ମୁଣିଗଣ ଏବଂ ଦେବଗଣ ଆନନ୍ଦିତ ହଇଯା ପୁଷ୍ପବୃଷ୍ଟି କରିଯାଛିଲେନ, ଗଭୀର ଅନ୍ଧକାର ଦ୍ୱାରା ଜଗନ୍ତ ସଥନ ପରିବାୟାଣ, ମେହି ଅର୍ଦ୍ଧରାତ୍ରେ ଭଗବାନ୍ ଜନାର୍ଦନନ ଜନିବାର ଉପକ୍ରମ କରିଲେ ସମୁଦ୍ର ସକଳେର ସହିତ ଜଳ-ଧର ସକଳ ମନ୍ଦ ଗଜ୍ଜ'ନ କରିଯାଛିଲ । ମେହି ସମୟେ ଯେମନ ପୂର୍ବଦିକେ ପୂର୍ବଚନ୍ଦ୍ର ପ୍ରକାଶ ପାଇ, ମେହିରପ ଦେବ-ରାପିଣୀ ଦେବକୀର ଗର୍ଭେ ସର୍ବାନ୍ତର୍ଯ୍ୟାମୀ ଭଗବାନ୍ ଶ୍ରୀକୃଷ୍ଣଙ୍କପେ ଆବିଭୂତ ହଇଲେନ ।

ଭଗବାନ୍ ଶ୍ରୀକୃଷ୍ଣ ଆବିଭୂତ ହଇବାର ସମୟ ତିଥି ଓ ନକ୍ଷତ୍ରାଦି ଯେମନ :—

(କ)—ବୈବସ୍ତ୍ରତ ମସନ୍ତରୀଯ ଅଷ୍ଟାବିଂଶ ଚତୁର୍ଥୀଗେ ଦ୍ୱାପରେର ଶେଷଭାଗେ ଶ୍ରୀକୃଷ୍ଣର ଆବିର୍ଭାବ । (ଖ)—
ଚା—ଶ୍ରୀମଥୁରା, (ଗ) ପିତା—ଶ୍ରୀବର୍ଷଦେବ ମହାରାଜ । ମାତା—ଶ୍ରୀମତୀଦେବକୀ । (ଘ) ମାସ—ଭାଦ୍ରମାସ ।
(ଙ୍ଗ) ପକ୍ଷ—ଶ୍ରୀକୃଷ୍ଣ ପକ୍ଷ । (ଚ) ତିଥି—ଅଷ୍ଟମୀ । (ଛ) ଦିନ—ବୁଦ୍ଧାର । (ଜ) ସମୟ—ରାତ୍ରଦିତୀଯ ପ୍ରହର
(ମଧ୍ୟରାତ୍ର) । (ଝ) ନକ୍ଷତ୍ର—ରୋହିଣୀ, (ଝ୍ର) ପ୍ରକୃତି—(୧) ଆକାଶଖାନି ବିଜଳୀ—ଗଜ'ନ ଏବଂ ମେଘୁକ୍ତ ।
(୨) ନଦୀ-ନଦୀ ସରୋବର ଶୈଳ, ସିଙ୍ଗୁ ସମସ୍ତଇ ତଥନ ସୁଶୀତଳ । (୩) ଶିଙ୍ଗ ବାତାସ ବହିତେଛିଲ ଇତ୍ୟାଦି ।

(ଟ)—ପ୍ରଭୁର ଆବିର୍ଭାବ ସମୟେ ବ୍ରନ୍ଦା-ବିଷ୍ଣୁ ମହେଶର ଆସିଯା ସ୍ତତି କରିତେ ଲାଗିଲେନ । ଗନ୍ଧବ୍ରଦଗନ୍ଧ
ଗାନ କରିତେ ଲାଗିଲେନ ଏବଂ ସର୍ଗ ହଇତେ ଦେବଗଣ ପୁଷ୍ପବୃଷ୍ଟି କରିତେ ଲାଗିଲେନ ଇତ୍ୟାଦି । ମହିର୍ ଗର୍ଗ ଧ୍ୟାନ
କରିଯା ଏହି ଅନାଦିର ଆଦି ଗୋବିନ୍ଦେର ନାମ ରାଖିଯାଛେ ଶ୍ରୀକୃଷ୍ଣ ।

ଯୋଗପୀଠେ ଶ୍ରୀକୃଷ୍ଣ ନିତ୍ୟକିଶୋର, ବସନ—ପୀତାମ୍ବର, ଗଠନ—ଇନ୍ଦ୍ରନිଲମଣୀ, ବୟସ—୧୫୯୨୭, ପଦ୍ମ-
ଦଲେର ମଧ୍ୟସ୍ଥାନେ ଶ୍ରୀରାଧାକୃଷ୍ଣ, ଚତୁର୍ଦିକେ ଅଷ୍ଟସଥୀ ଓ ମଞ୍ଜରୀଗଣ ପରିବେଚ୍ଛିତ, କୁଞ୍ଜ—ଶ୍ରୀଗୋବିନ୍ଦାନନ୍ଦ କୁଞ୍ଜ ।

ଶ୍ରୀକଂସେର ଜୟ ପରିଚୟ

ଶ୍ରୀମହାବିଷ୍ଣୁ ନାରାୟଣେର ପୁତ୍ର ଶ୍ରୀବନ୍ଦା, ଶ୍ରୀବନ୍ଦାର ପୁତ୍ର ଶ୍ରୀଦକ୍ଷମହାରାଜ, ଶ୍ରୀଦକ୍ଷେର କନ୍ତା ଦିତି । ଏହି
ଦିକେ ବ୍ରନ୍ଦାର ଅପର ଛେଲେ ମରୀଚି, ମରୀଚିର ତନୟ ଶ୍ରୀକଶ୍ୱପ । ଏହି କଶ୍ୱପ ଦିତିକେ ବିବାହ କରେନ । ତାହା-
ଦେର ଦୁଇ ଛେଲେ (୧)—ଶ୍ରୀହିରଣାକଶିପୁ ଓ (୨)—ଶ୍ରୀହିରଣ୍ୟାକ୍ଷର । ହିରଣ୍ୟାକ୍ଷରକେ ଶ୍ରୀବରାହଦେବଭଗବାନ ହତ୍ୟା
କରେନ । ହିରଣ୍ୟାକ୍ଷରର ତନୟ କାଳନେମୀ । ତିନି ଦ୍ୱାପର ଯୁଗେ ଉତ୍ତରେନେର ତନୟ କଂସରପେ ଜନ୍ମଗ୍ରହଣ କରେନ ।
ଉତ୍ତରେନେର ଶ୍ରୀର ନାମ ପଦ୍ମା । ତିନି ଏକଦିନ ରଜସ୍ଵଳା ଅବସ୍ଥାଯ ସୁଧ୍ୟାମୁନ ପର୍ବତ ଦର୍ଶନ କରିତେ ଗମନ କରିଯା
ଶୌଭପତି ଦାନୀର କ୍ରମିଲ କର୍ତ୍ତ୍ରକ (ଉତ୍ତରେନ ବେଶେ) ଧର୍ବିତ ହୋଇଯାଇ ତାହାତେ କଂସେର ଜୟ ହେଁ । ମଗଧରାଜ୍ୟେର
ରାଜା ଜରାମନ୍ତର । ତାହାର ଦୁଇ କନ୍ତା (୧)—ଅଷ୍ଟି ଓ (୨)—ପ୍ରାଣ୍ତି । ମହାରାଜ ଜରାମନ୍ତ ଏହି ଦୁଇ କନ୍ତାକେ
କଂସେର ସଙ୍ଗେ ବିବାହ କାର୍ଯ୍ୟ ସମ୍ପାଦନ କରେନ ।

শ্রীবস্মুদেবের জন্ম পরিচয়

শ্রীবস্মুদেবের পিতা—শূর, মাতা—মারিয়া, পত্নী দেবকী। তাহারা দশজন আতা এবং পাঁচজন ভগিনী ছিলেন। দেবকীর গর্ভে মথুরাতে ভগবান् শ্রীকৃষ্ণের জন্ম হয়। দেবকীর পিতা—দেবক; তাহারা চার আতা এবং সাতজন ভগিনী ছিলেন। শ্রীগর্গমুণি মথুরাতে বস্মুদেবের সঙ্গে দেবকীর বিবাহ কার্য সম্পন্ন করিয়াছেন।

শ্রীবস্মুদেবের পুরুষজন্ম কথা

সয়ন্ত্রু মধ্যস্তরে সুতপা এবং তাহার শ্রী পৃশ্চি অরণ্যে দ্বাদশ সহস্র বৎসর কঠোরভাবে তপস্থা করিয়া ভগবান্ শ্রীহরির দর্শন লাভ করিয়াছিলেন। শ্রীনায়ায়ণ তাহাদের তপস্থায় সহস্ত হইয়া বরদান করিতে চেষ্টা করিলে পৃশ্চি বলিলেন যে—আপনার মত সন্তান যেন আমার উদরে জন্মগ্রহণ করেন। তখন শ্রীনায়ণ “তথাস্ত, তথাস্ত, তথাস্ত” বলিয়া তিনি বার সত্তা করিয়াছিলেন। সেইজন্য ভগবান তিনবার তাহাদের উদরে জন্মগ্রহণ করিয়াছিলেন। তৃতীয় বারে সেই সুতপা হইতেছেন শ্রীবস্মুদেব মহারাজ, পৃশ্চি হইতেছেন শ্রীমতীদেবকী মহারাণী এবং তাহাদের মনস্কমনা পূর্ণ করিবার জন্য ভগবান শ্রীকৃষ্ণ দেবকীর গর্ভে আবিভূত হইয়াছেন।

কংস কর্তৃক ঘোগমায়া বধের উদ্দোগ

শ্রীকৃষ্ণের আজ্ঞানুসারে বিন্ধ্বাচল পর্বত হইতে ঘোগমায়া গোকুলে শ্রীমতী যশোদাৰ গর্ভে জন্মগ্রহণ কবিলেন। এইদিকে শ্রীমতী দেবকীর গর্ভ হইতে শ্রীকৃষ্ণ আবিভূত হইয়া বস্মুদেবের সাহায্যে গোকুল চলিয়া আসেন। শ্রীবস্মুদেব মহারাজ শ্রীকৃষ্ণকে শ্রীমতী যশোদাৰ কোলে এবং শ্রীযোগমায়াকে শ্রীমতীদেবকীর কোলে স্থানান্তরিত করেন। ঘোগমায়াৰ প্রভাবে শ্রীমথুরা ও গোকুলেৰ সমস্ত প্রাণী নিন্দিতাবস্থায় ছিল। সেই কারণে, সেই সময়ে কোথায় কি হইয়াছিল তাহারা কেহ কিছুই বুঝিতে পারেন নাই।

তৎপরে সন্তানের চিংকার শুনিতে পাইয়া প্রহরিদের নির্দ্রা ভাঙ্গিয়া যায় এবং কংস মহারাজকে সন্তান উৎপত্তিৰ সংবাদ জানিয়ে দেয়। কংস সংবাদটি শুনিবার সঙ্গে সঙ্গে দেবকীর স্তূপীকাগৃহে আগমন করেন, কারণ—কংস দৈবাবণী শুনিতে পাইয়াছিলেন যে—দেবকীর অষ্টমগর্ভের সন্তানই হইবে তাহার শক্র কিন্তু তিনি এইস্থানে বালক না দেখিতে পাইয়া একটি বালিকাকে দেখিতে পাইলেন। দেবকী বালিকাটিকে রক্ষার জন্য অনেক অনুরোধ করা সতোও কংস তাহাকে শিলাতে আছাড় মারিবার জন্য যেই উপক্রম করিলেন তেমনি হস্ত হইতে বালিকাটি পিছলিয়ে আকাশে উঠিয়া যায়। কংস আকাশের দিকে তাকিয়ে দেখেন—চতুর্দিক অগ্নিময়, তাহাতে তয়ে দুদয় কঁপিতে লাগিল। সেই সময় আর একটি দৈববাণী শুনিতে পাইলেন যে—‘হে হুরাচার কংস, তুমি আমাকে হত্যা করিতে উদ্ধৃত হইয়াছ, দেখন তোমাকে যে হত্যা করিবে সে অন্ত কোথাও জন্মগ্রহণ করিয়াছে।’ এই কথা বলিয়া ভগবতি নিঃস্থানে প্রস্থান করিলেন।

রঞ্জকের মৃত্তি

ত্রেতাযুগে অযৌধ্যায় শ্রীরামচন্দ্রের রাজ্যকালে জনৈক রঞ্জক শ্রীরামের অনুচরগণের সমক্ষে নিজ প্রিয়াকে বলিল—তুমি পরগেহবাসিনী ছষ্টা, তোমাকে আমি গ্রহণ করিব না। শ্রীলোভী রাম সীতাকে গ্রহণ করিয়াছেন বটে, কিন্তু আমি তোমাকে ভজনা করিব না। রাম বহুলোকের মুখে এইরূপ বাক্য শ্রবণ করিয়া লোকাপবাদ ভয়ে তৎক্ষণাৎ সীতাকে বনে ত্যাগ করিলেন; কিন্তু রম্ভুবর রাম রঞ্জককে দণ্ড দিতে ইচ্ছা করিলেন না। সেই রঞ্জক দ্বাপরাণ্তে মথুরায় জন্মগ্রহণ করিয়াছিলেন। তিনি ধৌত ও উত্তম বস্ত্রসকল কংসের রাজপ্রসাদে লইয়া আসিতে থাকিলে, শ্রীকৃষ্ণ তাহাকে দেখিতে পাইয়া বস্ত্র সকল চাহিয়া ছিলেন। রঞ্জক শ্রীকৃষ্ণকে বস্ত্র প্রদান না করিয়া উল্টা ভৎসনা করিতে থাকিলে শ্রীকৃষ্ণ কুপিত হইয়া নিজের কর্ণাগ্র দ্বারা রঞ্জকের দেহ হইতে মস্তক পৃথক্ করিয়া ফেলিলেন এবং মোক্ষপদ প্রদান করিলেন।

তন্ত্রবায়ের উপাধ্যান

তন্ত্রবায় ত্রেতাযুগে মিথিল নগরে শ্রীজনকরাজার আদেশে শ্রীরামচন্দ্রের বিবাহকালে রাম-শুক্রগণের বেশরচনার বসন বহন করিয়াছিলেন। তন্ত্রবায় শ্রীরামলক্ষ্মণকে দর্শন করিয়া মোহিত হইয়াছিলেন এবং স্ব-হস্তে উত্তরকে বস্ত্র পরিধান করাইতে বাসনা জাগিলে অশেদশী শ্রীরামচন্দ্র তাহাকে মনে মনে বর প্রদান করিলেন যে—দ্বাপরাণ্তে ভারতে তোমার মনোরথ পূর্ণ হইবে। সেইজন্তু তিনি দ্বাপরাণ্তে মথুরায় জন্মগ্রহণ করিয়াছেন।

শ্রীকৃষ্ণ এবং শ্রীবলরাম রঞ্জকের নিকট হইতে উত্তরীয় এবং পরিধেয় বস্ত্রসকল গ্রহণ করিলে, তন্ত্র-বায় সেইগুলি দ্বারা শ্রীকৃষ্ণ এবং বলরামকে সুন্দরভাবে বেশ রচনা করিয়াছিলেন। শ্রীকৃষ্ণ সেইজন্তু প্রসন্ন হইয়া আপনার সাক্ষাৎ এবং ইহলোকে পরমাত্মা বল, ঐশ্বর্য, সৃতি ও ইন্দ্রিয় পুটুতা প্রদান করিলেন।

সুন্দামা মালাকারের উপাধ্যান

কুবেরের চৈত্ররথ নামে রম্পীয় মনোজ্ঞ এক কানন ছিল, হেমমালী নামে মালী তাহার রক্ষক। হেমমালী ছিলেন শাস্তি, তিনি শ্রীকৃষ্ণ প্রাপ্তির জন্য নিত্য শতপুষ্পের দ্বারা শ্রীমহাদেবের পূজা করিতেন। পূজায় শ্রীমহাদেব প্রসন্ন হইয়া বর প্রদান করিলেন যে—দ্বাপরাণ্তে ভারতের মথুরায় তোমার জন্ম হইবে এবং সেইস্থানে মনোরথ হফল হইবে।

শ্রীমহাদেবের আজ্ঞাহুসারে তিনি শ্রীমথুরায় শ্রীশুধামা মালাকার নামে জন্মগ্রহণ করিলেন। শ্রীকৃষ্ণ ও বলরাম তাহার গৃহে আগমন করিলে মালাকার গাত্রোথান পূর্বক প্রণাম করিয়া পাঠ অর্ঘ্যাদি দ্বারা পূজা করিলেন। এবং উত্তমোত্তম স্বগন্ধি—পুষ্পের দ্বারা মালা রচনা করিয়া উত্তরকে সুন্দরভাবে অলঙ্কৃত করিলেন। মালায় ভূষিত হইয়া শ্রীকৃষ্ণ প্রসন্নচিত্তে তাহাকে বল, যশঃ, আয়ু ও কাষ্ঠি সমুদ্ভূত হইবে; ইত্যাদি ভাবে বহু বর প্রদান করিলেন।

শ্রীমতীকুজ্জার উপাধ্যান

ত্রেতাযুগে সূর্যপথে নামী রাঙ্গসী পঞ্চবটী বনে আগমন করিয়া শ্রীরামচন্দ্রকে দেখিতে পাইলেন

ଶ୍ରୀମଥୁରା ଜୀଲା

ଏବଂ ଶ୍ରୀରାମଚନ୍ଦ୍ରକେ ପତିରପେ କାମନା କରିଲେନ । ସୂର୍ଯ୍ୟଥା ଶ୍ରୀରାମଚନ୍ଦ୍ରକେ ଅବିଚଳିତ ଦେଖିଯା ଶ୍ରୀଲଙ୍ଘନେର ନିକଟେ ଗମନ କରିଲେନ । ଶ୍ରୀଲଙ୍ଘନ ତାହାର ବାକ୍ୟ ଶ୍ରବଣ କରିଯା ଅତାଷ୍ଠ କ୍ରୋଧାସ୍ତିତ ହଇଲେନ ଏବଂ ଶାଶ୍ଵିତ ଅସିଦାରା ତେଙ୍କଣାଂ ତାହାର ନାମିକା ଛେଦନ କରିଲେନ । ଛିନ୍ନନାସା ସୂର୍ଯ୍ୟଥା ଲକ୍ଷ୍ୟ ଗମନ କରିଯା ରାବଣକେ ଇହା ନିବେଦନ କରିଲେନ ଅତଃପର ଶ୍ରୀରାମଚନ୍ଦ୍ରକେ ପତିରପେ ପାଇବାର ଜଣ୍ଠ ପୁକ୍ଷର ତୌରେ ଗମନ କରିଯା ଜଳମଧ୍ୟେ କର୍ତ୍ତୋର ଭାବେ ଅୟୁତ ବଂସର ଯାବଂ ଶ୍ରୀମହାଦେବେର ତପଶ୍ଚା କରିଯାଇଲେନ । ତପଶ୍ଚାୟ ଶ୍ରୀମହାଦେବ ପ୍ରସନ୍ନ ହଇଯା ତାହାକେ ବର ପ୍ରାର୍ଥନା କରିତେ ଆଦେଶ କରିଲେ ସୂର୍ଯ୍ୟଥା ସଲିଲେନ ଯେ - “ଶ୍ରୀରାମଚନ୍ଦ୍ର ଯେନ ଆମାର ପତି ହୟ ।” ତଥନ ଶ୍ରୀମହା-ଦେବ ସଲିଲେନ ଯେ - “ତୋମାର ମନୋରଥ ଆଜ ପୂର୍ଣ୍ଣ ହଇବେ ନା, ଦ୍ୱାପରାସ୍ତେ ଶ୍ରୀକୃଷ୍ଣ ଅବତାରେ ତାହା ପୂର୍ଣ୍ଣ ହଇବେ ।

ସେଇ ସୂର୍ଯ୍ୟଥା ଦ୍ୱାପରାସ୍ତେ ମଥୁରାଯ ତ୍ରିବକ୍ରା ନାମେ (କୁଞ୍ଜା) ଜନ୍ମଗ୍ରହଣ କରିଯା କଂସେର ଅନୁଲେପନ କାର୍ଯେ ଶ୍ରେଷ୍ଠ ଦାସୀ ହଇଲେନ । ଶ୍ରୀକୃଷ୍ଣ କଂସେର ରାଜ୍ୟାନ୍ତିତେ ଆଗମନ କରିବାର କାଳେ ରାଷ୍ଟ୍ରାୟ ଚନ୍ଦମାଦି ଅଞ୍ଚ ବିଲେପନେର ପାତ୍ର ସମେତ କୁଞ୍ଜାକେ ଦେଖିତେ ପାଇଯା ସଲିଲେନ ଯେ - “ହେ ଅଞ୍ଜନେ, ତୁ ମି ଆମାଦିଗକେ ଏହି ଉତ୍ସମ ଅଞ୍ଚବିଲେପନ ଦାନ କର, ତାହାତେ ତୋମାର ଅଚିରକାଳ ମଧ୍ୟେ ପରମ ମଙ୍ଗଳ ହଇବେ ।” କୁଞ୍ଜା ଆନନ୍ଦେର ସହିତ ଉତ୍ସଯକେ ସନ ସ୍ଵଗନ୍ଧି ଚନ୍ଦନ ଅନୁଲେପନ କରିଯା ଦିଲେନ । ଶ୍ରୀକୃଷ୍ଣ ତାହାତେ ପ୍ରସନ୍ନ ହଇଯା ନିଜେର ପଦଦୟ ଦ୍ୱାରା ତାହାର ଛୁଟ ପାଦାଗ୍ରେ ଉପର ଦାଁଡାଇଯା ଦକ୍ଷିଣ ହସ୍ତେ ଉନ୍ନତ ଉନ୍ନତ ହୁଇଟି ଅନ୍ଦୁଲି (ମଧ୍ୟାମା ଓ ତର୍ଜୁଣୀ) ଦ୍ୱାରା (ଚିବୁକ ମୁଖେର ଅଧୋଭାଗ) ଧାରଣ କରିଯା ତାହାର ଦେହ ଉନ୍ନତ କରିଯା ଦିଲେନ । କୁଞ୍ଜା ରପ, ଗୁଣ, ଏବଂ କାମାତୁରେ ଶ୍ରେଷ୍ଠ ହଇଯା ଶ୍ରୀକୃଷ୍ଣକେ ସ୍ବ-ଗୃହେ ଆନନ୍ଦ କରିତେ ଚେଷ୍ଟା କରିଲେ ଶ୍ରୀକୃଷ୍ଣ ତାହାକେ ଏହି ସଲିଯା ସାନ୍ତ୍ଵନା ପ୍ରଦାନ କରିଲେନ ଯେ - “ଆମି କଂସକେ ବଧ କରିଯା ସୁହନ୍ଦଗଣେର ପ୍ରୟୋଜନ ସିନ୍ଧ କରତଃ ତୋମାର ଗୃହେ ଆଗମନ କରିବ ।” ଶ୍ରୀକୃଷ୍ଣ କଂସକେ ବଧ କରିବାର ପରେ ତାହାର ଗୃହେ ଆଗମନ କରିଯା କୁଞ୍ଜାର ମନକାମନା ପୂର୍ଣ୍ଣ କରିଯାଇଲେ ।

ଶ୍ରୀକୃଷ୍ଣ କର୍ତ୍ତ୍ତକ ଧନୁର୍ଭଙ୍ଗ

ତ୍ରିପୁର ସମ୍ବରେ ଭଗବାନ୍ ଶ୍ରୀହରି ଲକ୍ଷଭାର ମସିଷ୍ଟି ଧନୁର୍ଧାନି ଶ୍ରୀଶକ୍ଷବକେ ଦାନ କରିଯାଇଲେନ । କ୍ଷତ୍ରିୟ ଗାନ୍ଧର ବିନାଶାର୍ଥେ ଶ୍ରୀପରଶ୍ରାମ ବହୁ ତପଶ୍ଚା କରିଯା ଧନୁର୍ଧାନି ଶ୍ରୀମହାଦେବେର ନିକଟ ହଇତେ ଲାଭ କରିଯାଇଲେନ । ଶ୍ରୀପରଶ୍ରାମ ମେହି ଧନୁର୍ଧାନି ଯହପତି କଂସକେ ଦାନ କରିଯା ସଲିତେ ଲାଗିଲେନ ଯେ - ଇନ୍ଦ୍ରଧରୁ ତୁଲ୍ୟ ଏହି ଧନୁ, ତାହାକେ କେହ ଭଗ୍ନ କରିତେ ପାରିବେ ନା । ତବେ ଯେ ଧନୁର୍ଧାନି ଶପ୍ତ କରିବେ ତାହାର ହସ୍ତେ ତୋମାର ମୃତ୍ୟୁ ହଇବେ ।

ଶ୍ରୀକୃଷ୍ଣ ଏବଂ ଶ୍ରୀବଲବାମ ପୂର୍ବବାସୀ ଲୋକଦିଗକେ ଜିଜ୍ଞାସା କରିତେ କରିତେ ଧର୍ମର୍ଯ୍ୟଜ୍ଞ ସ୍ଥାନେ ଆସିଯା ଉପସ୍ଥିତ ହଇଲେନ । ସେଇ ଧନୁର୍ଧାନି ପରମୈଶ୍ଵର୍ୟାୟତ୍ତ ବହୁ ପୁରୁଷ କର୍ତ୍ତ୍ତକ ସ୍ଵରକ୍ଷିତ ହଇଯାଏ ଶ୍ରୀକୃଷ୍ଣ ବଲପ୍ରକର୍କ ଧନୁର୍ଧାନି ବାମହସ୍ତେ ଉତ୍ତୋଳନ ପୂର୍ବିକ ଶୁଣାକର୍ମଗେରେ ଦ୍ୱାରା ମଧ୍ୟଭାଗେ ଭାଙ୍ଗିଯା ଫେଲିଲେନ । ଧନୁର୍ଭଙ୍ଗ ଶଦେ ସନ୍ତୁ-ଲୋକ ଓ ପାତାଳ ପ୍ରତିଧ୍ୱନିତ ହଇଲା ଧନୁର୍ଭଙ୍ଗେ କଂସେର ମନେ ଭୟ ଆରା ବାଡ଼ିଯା ଗେଲା ଏବଂ ଶ୍ରୀକୃଷ୍ଣକେ ବଧ କରିବାର ଜଣ୍ଠ ବଜ୍ରମଙ୍ଗକେ ତେଙ୍କଣାଂ ପ୍ରେରଣ କରିଲେନ ।

କୁବଲସାପୌଡ଼ ବଧ

ସଲିର ତନୟ ମନ୍ଦଗତି । ମନ୍ଦଗତି ଲକ୍ଷହସ୍ତୀର ତୁଲ୍ୟ ବଲବାନ୍ । ଏକଦା ତିନି ମନ୍ୟ-ଧ୍ୟେ ମଲ୍ଲହୁଦେଇ

অস্থমানাংর্থ নির্গত হইয়া মন্ত্র দাতৃগের মন্ত্র মানবগণকে বাহুবয়ে বিমদ্দিত করিয়া বেগে গমন করিলে তাহার বাহু বেগে বৃদ্ধ ত্রিত মুণি পথে নিপত্তি হয়। তাহার মুণি ক্রুদ্ধ হইয়া অভিশাপ দিলেন যে—“হে হস্তী ! তুমি গজের স্নায় মনোমন্ত হইয়া ভূতলস্থ জনগণকে মদ্দিত করিতেছ অতএব তুমি গজ হও।” মুণির অভিশাপ শুনিয়া মন্দগতি মুক্তির জন্য চরণে প্রার্থনা জানাইলে, মুণি বলিলেন যে—আমার বাক্য কথমো মিথ্যা হইতে পারে না, তবে তুমি দাপরাণ্ডে শ্রীকৃষ্ণের হস্ত নিহত হইয়া মৃত্যুপদ লাভ করিবে।

মুণির অভিশাপে তিনি বিন্ধাগিরিতে গজ হইয়া জন্মগ্রহণ করিলেন, তাহার নাম হয় কুবলয়া-পীড়। এই কুবলয়াপীড়ের শরীরে ছিল অযুত গজের শক্তি। মগৱারাজ জ্ঞানসন্ধি লক্ষণগজ দ্বারা বলপূর্বক বনে ঐ হস্তীকে ধারণ করিয়াছিল এবং তাহাকে আনয়ন করিয়া কংসকে ঘোতুক দিয়াছিল। শ্রীকৃষ্ণ রঞ্জনারে আগমন করিয়া কুবলয়াপীড় নামে হস্তীকে দেখিতে পাইলেন। শ্রীকৃষ্ণ হস্তীপালককে বলিলেন যে—আমারা রঞ্জনান দর্শন করিতে আসিয়াছি অতএব আমাদিগকে ভিতরে প্রবেশ করিবার জন্য রাস্তা ছাড়িয়া দাও। হস্তীপালক রাস্তা না ছাড়িয়া উল্টা। শ্রীকৃষ্ণকে হত্যা করিবার জন্য হস্তীকে প্রেরণ করিলেন। হস্তী শ্রীকৃষ্ণকে হত্যা করিতে উত্ত হইলে উভয়ের মধ্যে তুম্বল ঘূর্ণ হয়, অবশেষে শ্রীকৃষ্ণ হস্তীর শুশ ধারণ করিয়া ভূতলে ফেলিয়া দিলেন এবং দস্ত উৎপাটন করিয়া তাহারই আঘাতে হস্তী ও হস্তী-পালককে নিহত করিলেন। তৎপরে তাহার তেজ শ্রীকৃষ্ণের লীন হইয়া যায়।

চান্দুরযুষ্টিকাদির উপাধ্যায়

পুরাকালে অমরাবতীতে উত্থ্য নামে এক মহামুণি ছিলেন। তাহার কামদেব সদৃশ পাঁচ পুত্র ছিল। পুত্রগণ মনোন্দৃত হইয়া বিদ্যা অধ্যয়ন ও জপ পরিত্যাগ পূর্বক বলির মল্লরঙ্গে গমন করিয়া সর্বদা মল্লযন্দে রত্ত থাকিতেন। সেইজন্য উত্থ্যামুণি রোষবশে পুত্রদিগকে অভিশাপ প্রদান করিলেন যে—“হে পুত্রগণ ! তোমরা ব্রহ্মকর্ষ্ণ পরিত্যাগ করিয়া ক্ষত্যিয়ের কর্মে রত হইয়াছ অতএব তোমরা ভারতখণ্ডে মল্ল-যোদ্ধা হও ; আর অসুর সংসর্গে সম্য অসুর হইয়া থাক। পিতার অভিশাপে পুত্রগণ (চান্দু, মুষ্টিক, কৃষ্ণ, শঙ্খ ও তোশল) মথুরায় জন্ম গ্রহণ করিয়া কংসের অগুচর হইয়াছেন।

শ্রীকৃষ্ণ রঞ্জনানে আগমন করিয়া প্রথমে চান্দুরে সঙ্গে ভুজে ভুজে লড়াই তৎপরে শ্রীকৃষ্ণ চান্দুরের বাহুবয় ধারণ করিয়া ঘূর্ণাইতে ঘূর্ণাইতে ভূমিতে আচাড়িয়া প্রাণ বর্হিত করিলেন। মুষ্টিক শ্রীবলরামকে স্ব মুষ্টি দ্বারা আঘাত করিলে শ্রীবলরাম ঘূল্ফ দ্বয়ে ধারণ করিয়া শুণ্যে আমিত করতঃ ভূপাতিত করিলে, মুষ্টিকের মুখ দিয়া শোণিত বমন করিতে করিতে নিধন প্রাপ্ত হয়। কৃট দানবকে শ্রীবলরাম বামমুষ্টি দ্বারা অবনীলা ক্রমে নিহত করিলেন। শ্রীকৃষ্ণ শঙ্খদানবকে আসিতে দেখিয়া পদাগ্র দ্বারা আঘাত করিয়া নিহত করিলেন। এইভাবে তাহাদের তেজোরাশি শ্রেষ্ঠ ব্যক্তিগণের সমক্ষে বিষ্ণুদেহে প্রবেশ করিলেন।

যদিও শ্রীমন্মহাপ্রভু সর্বজ্ঞ তথাপি শ্রীকৃষ্ণদাস ব্রাহ্মণের দ্বারা শ্রীবজ্জন্মগুলের সমস্ত বিবরণ অবগ এবং দর্শনাদি করিয়াছেন।

—ঃ তথাহি শ্রীচৈতন্যমঙ্গলে :—

দেখিতে চাহিলা প্রভু মথুরা মণ্ডল । আপনে ঈশ্বর কৃষ্ণদাসে করে ছল ॥
 কৃষ্ণদাস কহে প্রভু ইথে কর মন । পুরীর তিন দিকে গড়ের পত্রন ॥
 পূরবে যমুনা নদী বহে দক্ষিণ মুখে । উত্তরে দক্ষিণ দ্বার গড়ের ছই দিকে ॥
 কংসের আবাস দেখ পুরীর মৈৰ্খ্যতে । পূরবে উত্তরে ছই দ্বার তাহাতে ॥
 বসিবার চৌতারা (বেদী) দেখ বাড়ীর উত্তর । পুরীর বায়ুকোণে দেখ কারাগার হের ॥
 মূর্ত্ত্বান হের দেখ ইহার দক্ষিণে । বিবরি কহিব কিছু শুন সাবধানে ॥
 কংসভয়ে বস্তুদেব লঞ্চ ধান পুত্র । আচম্ভিতে কৃষ্ণ তার কোলে কৈল মৃত্র ॥
 সেই খানে বস্তুদেব বসিলা সত্ত্বে । মূর্ত্ত্বান তেক্ষিণ লোক বলয়ে ইহারে ॥
 ইহার উত্তরে দেখ উদ্বের ঘর । এ বোল শুনিতে প্রভুর গলে ছই ধার ॥
 উদ্বের পূর্বে দেখ উদ্বের ঘর । মালাকার বাস দেখ পূরবে ইহার ॥
 ইহার দক্ষিণে দেখ কুজার ঘর । তাহার দক্ষিণে রঞ্জন্ত্বান মনোহর ॥
 বস্তুদেব আবাস দেখ তার অগ্নিকোণে । এ বোল শুনিয়া প্রভু হাসে মনে মনে ॥
 গদ গদ স্বর কিছু অরঞ্জ বদন । উগ্রসেন-বাড়ি দেখ ইহার ঈশান ॥
 দেখছ বিশ্রান্তি ঘাট দক্ষিণে তাহার । গতশ্রম নাম মৃত্তি এখা পরচার ॥
 কংস মারি টানিয়া ফেলিতে হৈল খাল । তেক্ষিণ কংসখালি ঘাট দক্ষিণে ইহার ॥
 দেখছ প্রয়াগ ঘাট ইহার দক্ষিণে । তাহার দক্ষিণে ঘাট এ তিন্দুক নামে ॥
 সপ্ততীর্থ বলি ঘাট ইহার দক্ষিণে । তাহার দক্ষিণে দেখ ঋষিতীর্থ নামে ॥
 ইহার দক্ষিণে দেখ মুখ্যতীর্থ আর । তাহার দক্ষিণে কোটি তীর্থের প্রচার ॥
 তাহার দক্ষিণে দেখ বোধতীর্থ নামে । দক্ষিণে গণেশতীর্থ দেখ বিদ্যমানে ॥
 এই ত দ্বাদশ ঘাট সর্বতীর্থ সার । পুরীর দক্ষিণে রঞ্জন্ত্বমি দেখ আর ॥
 তাহার দক্ষিণে আর দেখ অপরাপ । দুরাশয় কংস রাজা খুদিলেক কৃপ ॥
 কৃষ্ণ মারি ইহাতে ফেলিব হেন কাম । কংস খুদিল কৃপ কংসকৃপ নাম ॥
 দেখছ অগস্ত্যকৃপ মৈৰ্খ্যতে তাহার । সেতুবন্ধ-সরোবর উত্তরে ইহার ॥
 সপ্ত সমুদ্র কুণ্ড ইহার উত্তরে । দেবকীর সাত পুত্র মারিতে পাথরে ॥
 ইহার উত্তরে দেখ লিঙ্গ ভূতেশ্বর । দেখ সরস্বতীসঙ্গম পুরীর উত্তর ॥
 এই খানে দেখ দশ অশ্মেধ ঘাট । ইহার দক্ষিণে সোমতীর্থের এ বাট ॥
 কর্ণাতরণ মর্জন ইহার দক্ষিণে । নাগতীর্থ ধারা বহে পাতাল গমনে ॥
 সঞ্জন আদি কুণ্ড ঘাটে গেলা তবে । পুরী অনুভব করে নিজ অনুভবে ॥
 কৃষ্ণদাস বলে প্রভু শুনহ বচন । মথুরা মণ্ডল ভূমি একুইশ যোজন ॥

ଦ୍ୱାଦଶ ବନ ହୟ ଛଥ ଘୋଜନ ଭିତରେ । ସେଥାମେ ଯେ କୈଳ କୁଷି ଦେଖାବ ସକଳେ ॥
ନାରଦ ବଚନ ବଂସ ଶୁଣ ଏହି ଥାନେ । ବନ୍ଦୁଦେବ ଦେବକୀରେ ରାଖେ ଏହି ଥାନେ ॥
ଏହିଥାନେ ତୈଲ କୁଷି ଚତୁର୍ବୁଜ ଦେଖି । ଏଥା ପରିହାର ମାଗେ ବନ୍ଦୁଦେବ ଦେବକୀ ॥
ଏହିଥାନେ ବନ୍ଦୁଦେବ କୁଷି ଲଞ୍ଚା କୋଳେ । ନିଦ୍ରାୟ ପ୍ରହରିଗଣ ପଡ଼ିଗେଲା ଭୋଲେ ॥
ଫଣ ଛତ୍ର ଲାଇୟା ବାସୁକୀ ପାଇଁ ଧାଇଁ । ସମୁନାତେ ପାର ମେ ଶୃଗାଲୀ ଆଗେ ଯାଇଁ ॥
ଏହି ମହାବନେ ନନ୍ଦଯୋଧେର ସମ୍ମତି । ନିନ୍ଦେ ପ୍ରସବିଲ କଣ୍ଠା ସଶୋଦା ପୁଣ୍ୟବତ୍ତୀ ॥
ନନ୍ଦ-ଘରେ ପୁତ୍ର ଥୁଇୟା କଣ୍ଠାରେ ଆନିଲ । ଦେବକୀର କଣ୍ଠା ବଲି କଂସକେ ଭାଣିଲ ॥
ପାପିଷ୍ଠ ମେ କଂସରାଜ ମାରିତେ କଣ୍ଠାରେ । ବିଜ୍ଞାଂ ହଇୟା ମେହି ଗେଲ ଆକାଶରେ ॥
ଅପରାଧେ କଂସ ସ୍ଵର୍ଗତ କରଯେ ଦୌହାରେ । ଗଗନେ ଆକାଶବାଣୀ ଶୁଣେ ହେନ କାଳେ ॥
ଶୁନିଯା ମେ ବାଣୀ କଂସ ହିଂସିତେ ଲାଗିଲ । ନିଶ୍ଚଯ କରିୟା ନିଜ ମରଣ ଜାନିଲ ॥

କଂସର ମୁକ୍ତି

ପୁରାକାଳେ ସମୁଦ୍ରମହନ୍ ସମୟେ କାଳନେମି ନାମେ ଏକ ମହାଶୁର ସମୁଖିତ ହଇୟା ବିଷ୍ଣୁର ସହିତ ଯୁଦ୍ଧ କରେ
ଏବଂ ବିଷ୍ଣୁବଲେ ମେ ନିହିତ ହୟ । ଶୁଦ୍ଧାଚାର୍ଯ୍ୟ ତାହାକେ ସଞ୍ଜୀବନୀ ବିଢାଯ ପୁନଜୀବିତ କରିଲେ ପୁନର୍ବାର ମେ
ଭଗବାନ୍ ବିଷ୍ଣୁର ସହିତ ଯୁଦ୍ଧକାମନାୟ ମନେ ମନେ ଉତ୍ତମ କରେ । ଦୈତ୍ୟ କାଳନେମି ମନ୍ଦର ପର୍ବତ ସମ୍ମିପେ ପ୍ରତିଦିନ
ଦୁର୍ବାରସ ପାନ କରିୟା ବ୍ରଙ୍ଗାକେ ଭଜନ କରତଃ ତପଶ୍ଚା କରିୟାଛିଲ । ତପଶ୍ଚା କରିତେ କରିତେ ତାହାର ଦେହ
ବଲ୍ମୀକ ସ୍ମୃତିକାମୟ ହଇୟା ଗିଯାଛିଲ, ଏଇରୂପେ ଦିବ୍ୟ ଶତ ବଂସର ଅତୀତ ହଇଲେ ମେହି କଙ୍କାଳମାତ୍ରାର କାଳ-
ନେମିକେ ବ୍ରଙ୍ଗା ବଲିଲେନ,—ବର ପ୍ରାର୍ଥନା କର । କାଳନେମି ବଲିଲ,—ବ୍ରଙ୍ଗାଙ୍ଗେ ବିଷ୍ଣୁବଲେ ବଲୀଯାନ୍ ଯେ ସକଳ
ମହାବଳ ଦେବତା ବିଦ୍ୟମାନ, ତାହାର ପୂର୍ଣ୍ଣକ୍ଷମତା ସମ୍ପଦ ହଇଲେ ଓ ତାହାଦେର ହତ୍ତେ ଯେନ ଆମାର ଘୃତ୍ତା ନା ହୟ । ବ୍ରଙ୍ଗା
ବଲିଲେନ,—ହେ ଦୈତ୍ୟ ! ତୋମାର ପ୍ରାର୍ଥିତ ଏହି ବର ବଡ଼ି ଦୁର୍ଲଭ, ତଥାପି କାଳାନ୍ତରେ ତୁମି ଏହି ବର ପ୍ରାପ୍ତ
ହଇବେ, ଆମାର ବାକ୍ୟ ମିଥ୍ୟା ହଇବେ ନା ।

ମେହି କାଳନେମି ଉତ୍ତରମେନର ପଞ୍ଚାତେ କଂସରୂପେ ଜନ୍ମଗ୍ରହଣ କରିଲେନ । ଉତ୍ତରମେନ ଯଥନ କଣ୍ଠା ଦେବକୀକେ
ବନ୍ଦୁଦେବେର ସହିତ ବିବାହ ଦିଯାଛିଲେନ ତଥନ କଂସ ଏକ ଦୈବବାଣୀ ଶୁନିତେ ପାଇୟାଛିଲେନ ଯେ—“ଦେବକୀର ଅଷ୍ଟମ
ଗର୍ଭସ୍ତ୍ର ସମ୍ପଦ ତୋମାକେ ହତ୍ୟା କରିବେ ।” ଏହି କଥା ଶୁନିବାମାତ୍ର କଂସ କ୍ରୋଧେ ଭଗ୍ନିକେ ହତ୍ୟା କରିତେ ଉତ୍ତତ
ହଇଲେ ବନ୍ଦୁଦେବ ବଲିଲେନ ଯେ—ତୁମି କେନ ଭଗ୍ନିକେ ହତ୍ୟା କରିତେ ଉତ୍ତତ ହଇୟାଛ, ମେ ଯେ ତୋମାକେ ହତ୍ୟା
କରିବେ ନା, ତାହାର ଅଷ୍ଟମ ଗର୍ଭର ସମ୍ପଦ ତୋମାକେ ହତ୍ୟା କରିବେ ଅତ୍ୟନ୍ତ ଆମି ତୋମାକେ ସମସ୍ତ ସମ୍ପଦ—
ଶୁନିକେ ପ୍ରଦାନ କରିବ, ତୁମି ତାହାଦିଗକେ ହତ୍ୟା କରିବୋ । ଏହି କଥା ଶ୍ରୀବନ୍ଦମାତ୍ର କରିବୁ
ଦେବକୀର ଗର୍ଭର ବ ହଇୟାଛେ ବଲିଯା ସୋଷନା କରିଲେନ ଏବଂ ଅଷ୍ଟମ ଗର୍ଭ ଶ୍ରୀକୃଷ୍ଣ ସ୍ଵଯଂ ଅବତାର ହଇୟା ଗେଲୁଣେ

শ্রীনন্দমহারাজের সঙ্গে অবস্থান করিতে লাগিলেন ও যোগমায়াকে কংসের হস্তে অর্পণ করাইলেন। তিনি যোগমায়াকে হত্যা করিতে যখন বাছ দুটি উত্তোলন করিলেন তখন হস্ত হইতে যোগমায়া পিছলিয়ে আকাশে উঠিয়া বলিতে লাগিলেন যে—তোমাকে যে হত্যা করিবে মে অন্ত কোথাও জন্মগ্রহণ করিয়াছে। এই কথা শ্রবণ করিয়া কংস তৎকালীন শিশুদিগকে বিভিন্ন অস্তুরের সাহায্যে হত্যা করিতে লাগিলেন। শ্রীকৃষ্ণকে হত্যা করিবার জন্য পুতনা, তৃণাবর্ত্ত ইত্যাদি অস্তুরকে গোকুলে প্রেরণ করিয়াছিলেন।

শ্রীকৃষ্ণ ধূর্যজ্ঞ অরুষ্টানে যোগদানের জন্য অক্ষুরের রথে করিয়া মথুরায় আগমন করিলেন। এইস্থানে আগমন করিয়া রজক, চান্দুর, মৃষ্টিক ইত্যাদি অস্তুরকে বধ করিয়াছিলেন তৎপরে কংসের সম্মুখে উপস্থিত হইলেন। কংস তাহাকে হত্যা করিবার জন্য অসিচর্ষ হস্তে গ্রহণ করিয়া চালনা করিতেই মন্ত্রক হইতেই মুকুটখানি রঞ্জমঞ্জে পড়িয়া যায়। সেই সময় শ্রীকৃষ্ণ কংসকে কেশে ধরিয়া মঞ্জ হইতে রঞ্জস্তলে ফেলিয়া দিলেন এবং কংসের বুকে অবস্থান করিলে প্রাণ বহিগ্রহ হইয়া শ্রীনারায়ণের শরীরে লীন হইয়া যায়।



শ্রীধামমথুরা পরিক্রমা

শ্রীবিশ্রামতীর্থ বা ঘাট হইতে শ্রীমথুরা পরিক্রমার প্রারম্ভ। শ্রীবিশ্রামঘাট, পপুলেশ্বর, মহাদেব, খৃষ্টক বৈতরণ, শ্রীবেণীমাধব, শ্রীরামেশ্বর মহাদেব, শ্রীবলভদ্র ও শ্রীমনমোহনজীউ, গলির ভিতর শ্রীরামজী ও শ্রীগোপানজীউ, তিন্দুকতীর্থ, সূর্যতীর্থ, এখানে দর্শনীয় ঝুবতীর্থ, টীলার উপরে শ্রীক্ষৰজী এবং ঐ মন্দিরের পার্শ্বে অটল গোপাল। অঘী তীর্থ টীলার উপরে সপ্তসৌ, বলি টীলায় শ্রীবলিমহারাজ ও বামন-দেব। কলিযুগ টীলায় মহাবীর, রঞ্জত্তমিতে চাণুর মৃষ্টিক ও কুবলয়পীড় বধের প্রতি মুর্তি। রঞ্জেশ্বর মহাদেব, তাহার উত্তরে কংসটীলা, কংস আখরা ও কংসবধস্তল, উগ্রসেন মহারাজা, শিবতাল, কঙ্কালীদেবী, জগন্নাথদেব, উদ্ববজী ও গোপীকাঙ্গল, বলভদ্রকুণ্ড ও বলদেবজীউ দর্শনীয়, শ্রীমসিংহদেব, শ্রীবদরীনাথ, ভুতেশ্বর মহাদেব ও পাতালদেবী, পুত্রাকুণ্ড, কেশবদেবজীউ, জন্মভূমি সম্মুখে মালপুরা অর্ধাং কারাগারে

শ্রীবস্তুদেব ও দেবকী দেবীকে রক্ষা করিবার নিমিত্ত মল্লগণের উপবেশন স্থল। মহাবিদ্যা দেবী, মহাবিদ্যা কুণ্ড, সরস্বতী কুণ্ড, ইহা অষ্টিকা বনে অবস্থিত। একদা শ্রীমন্মহারাজ শ্রীগোকর্ণের মহাদেব দর্শন করিয়া রাত্রিতে কুণ্ডতীরে শয়ন করিলে স্বদর্শন নামে কোন বিদ্যাধর শাপভট্ট হইয়া সর্পদেহ প্রাপ্ত হইলে সেই সপ্ত' শ্রীব্রজরাজের চরণ গ্রাস করিতে আরম্ভ করিলে শ্রীকৃষ্ণ আগমন পূর্বক তাহার উপর স্বীয় চরণ অপর্ণ করিয়া সপ্ত' ঘোষি হইতে মুক্ত করিয়াছিলেন। এইহেতু এই কুণ্ডকে স্বদর্শন মোক্ষণ কুণ্ডও বলা হয়। অনন্তর সরস্বতীদেবী, চামুণ্ডাদেবী রজকবধটীলা, গোকর্ণ তৌর্থ, গোকর্ণ মহাদেব, অশ্বরিষ টীলা, চক্রতৌর্থ কৃষ্ণগঙ্গা, সোমতৌর্থ, ঘটাভগণতৌর্থ, ধারাপত্রনতৌর্থ, বৈকৃষ্ণতৌর্থ বস্তুদেব ঘাট, বরাহ ক্ষেত্র, কর্কটিকা নাথ, মহাবীর, গণেশ, শ্রীমন্সিংহ মণি, কর্ণিকা অভিমুক্ততৌর্থ এবং বিশ্রামস্থাট বা বিশ্রামতৌর্থ।

শ্রীবিশ্রাম্ভ তৌর্থ

ভগবান শ্রীকৃষ্ণ কংসকে বধ করিয়া এইস্থানে বিশ্রাম করিয়াছিলেন। সেইজন্য এই স্থানের মহিমা অত্যন্ত অত্মনীয়। শ্রীমন্মহাপ্রভু শ্রীবৃন্দাবনাগমন কালে সর্ব প্রথমে এইস্থানে আগমন করিয়া স্নান ও বিশ্রামাদি করিয়াছিলেন।

—ঃ তথাহি শ্রীচৈতন্তচরিতামৃতে :—

মথুরা-নিকটে আইলা, মথুরা দেখিয়া । দণ্ডবৎ হৈয়া পড়ে প্রেমাবিষ্ট হৈয়া ॥

মথুরা-আসিয়া কৈল বিশ্রাম্ভতৌর্থে স্নান । জনস্থানে কেশব দেখি করিলা প্রণাম ॥

—ঃ তথাহি সৌরপুরাণে :—

ততো বিশ্রাম্ভতৌর্থাখ্যং তৌর্থমং হোরিনাশনম্ । সংসারমুক্তসংগ্রহেশবিশ্রাম্ভিদং মৃণাম্ ॥

তত্ত্ব তৌর্থে কৃতস্থানো যোহৃঁয়েদচূড়ে নরঃ । স মুক্তে ভবস্তাপাদমৃতহায় কল্পতে ॥

অনুবাদ :—ইহার পর লোকের সংসার-মুক্তিরিতে বিচরণ জনিত ক্লেশ হইতে বিশ্রামগ্রন্থ পাপ-বিনাশন বিশ্রাম্ভতৌর্থ নামক তৌর্থ। যে ব্যক্তি তথায় স্নান করিয়া অচুত্যের অচ'ন করে সে সংসারতাপ হইতে মুক্ত হইয়া অমরত্ব লাভে সমর্থ হয়।

শ্রীগতশ্রম তৌর্থ

—ঃ ভক্তিরত্নাকরে :—

এই গতশ্রম দেব-দেব রমাস্থানে । সর্বতৌর্থ-ফলপ্রাপ্তি ইঁহার দর্শনে ॥

—ঃ তথাহি আদিবরাহে :—

সর্বতৌর্থেষু যৎ স্নানেং সর্বতৌর্থেষু যৎ ফলম্ । তৎ ফলং লভতে দেবি ! দৃষ্ট্বা দেবং গতশ্রমম্ ॥

অনুবাদ :—হে দেবী ! সর্বতৌর্থে স্নানে যে ফল এবং সর্বতৌর্থের যে ফল সেই সকল ফল লোক বিশ্রামতৌর্থে গতশ্রমদেবকে দর্শন করিয়া লাভ করিয়া থাকে।

ଶ୍ରୀଅବିମୁକ୍ତ ତୌର୍ଥ

ଏହି ଅବିମୁକ୍ତ ତୌର୍ଥ ଜ୍ଞାନେ ମୁକ୍ତି ହୁଏ । ପ୍ରାଣତ୍ୟାଗେ ବିଷ୍ଣୁଲୋକ ପ୍ରାପ୍ତି ସୁନିଶ୍ଚୟ ॥

—: ତଥାହି ଆଦିବରାହେ :—

ଅବିମୁକ୍ତ ନରଃ ସ୍ଵାତୋ ମୁକ୍ତିଂ ପ୍ରାପ୍ନୋତ୍ୟସଂଶୟମ् । ତତ୍ରାଥ ମୁଖତେ ମମ ଲୋକଃ ସ ଗଛତି ॥

ଅନୁବାଦ :— ମଥୁରାୟ ଅବିମୁକ୍ତତୌର୍ଥେ ଜ୍ଞାନକାରୀ ବ୍ୟକ୍ତି ନିଃସନ୍ଦେହେ ମୁକ୍ତି ଲାଭ କରେ । ମେଇକପ ତଥାୟ ପ୍ରାଣତ୍ୟାଗକାରୀ ବ୍ୟକ୍ତି ଆମାର ଧାରେ ଗମନ କରେ ।

ଶ୍ରୀଗୁହତୌର୍ଥ

ଏହି ଦେଖ ଗୁହତୌର୍ଥ ଏଥା ଜ୍ଞାନ କୈଲେ । ସଂସାରେତେ ମୁକ୍ତ ହୁଏ—ବିଷ୍ଣୁଲୋକ ମିଲେ ॥

—: ତଥାହି ଆଦିବରାହେ :—

ଅସ୍ତି ଚାନ୍ଦତରଦୃ ଗୁହଃ ସର୍ଵସଂସାରମୋକ୍ଷଗମ୍ । ତଥିନ୍ ସ୍ଵାତୋ ନରୋ ଦେବି ମମ ଲୋକେ ମହୀୟତେ ॥

ଅନୁବାଦ :— ହେ ଦେବି । ସର୍ବ ସଂସାରବନ୍ଧନ ହଇତେ ମୁକ୍ତିପ୍ରଦ ଗୁହ ନାମକ ଏକ ତୌର୍ଥ ଆଛେ । ତଥାୟ ସ୍ଵାତ ବ୍ୟକ୍ତି ଆମାର ବୈକୁଞ୍ଚିଧାରେ ପୂଜିତ ହଇଯା ଥାକେ ।

ଶ୍ରୀପ୍ରୟାଗ ତୌର୍ଥ

ଦେବେର ଛଳ'ଭ ଏ ପ୍ରୟାଗତୌର୍ଥ ନାମ । ଅଗ୍ନିଷ୍ଟୋମଫଳ ମିଲେ ଏଥା କୈଲେ ଜ୍ଞାନ ॥

—: ତଥାହି ସୌରପୁରାଣେ :—

ପ୍ରୟାଗ-ନାମ ତୌର୍ଥକୁ ଦେବାନାମପି ଛଳ'ଭମ୍ । ତଥିନ୍ ସ୍ଵାତୋ ନରୋ ଦେବି ଅଗ୍ନିଷ୍ଟୋମଫଳଂ ଲଭେ ॥

ଅନୁବାଦ :— ମଥୁରାନ୍ତର୍ଗତ ପ୍ରୟାଗନାମକ ତୌର୍ଥ ଦେବଗଣେର ଛଳ'ଭ । ହେ ଦେବୀ ! ତଥାୟ ସ୍ଵାତ ବ୍ୟକ୍ତି ଅଗ୍ନିଷ୍ଟୋମଯଜ୍ଞେର ଫଳ ପ୍ରାପ୍ତ ହୁଏ ।

—: ତଥାହି ଶ୍ରୀଚିତ୍ତଗମଙ୍ଗଳେ :—

ଦେଖଇ ପ୍ରୟାଗ ଘାଟ ଇହାର ଦକ୍ଷିଣେ । ତାହାର ଦକ୍ଷିଣେ ଘାଟ ଏ ତିନ୍ଦୁକ ନାମେ ॥

ଶ୍ରୀକନ୍ଥନ ତୌର୍ଥ

ଏହି କନ୍ଥନ-ତୌର୍ଥ ଏଥା କୈଲେ ଜ୍ଞାନ । ପରମ ଗ୍ରିଷ୍ମ ଲଭେ, ପୁରାଣେ ପ୍ରମାଣ ॥

—: ତଥାହି ଆଦିବରାହେ :—

ତଥା କନ୍ଥନ-ତୌର୍ଥ ଗୁହତୌର୍ଥଃ ପରମ ମମ ! ଜ୍ଞାନମାତ୍ରେଣ ତତ୍ରାପି ନାକପୃଷ୍ଠେ ଚ ମୋଦିତେ ॥

ଅନୁବାଦ :— କନ୍ଥନ ନାମକ ତୌର୍ଥ ତଜ୍ଜପ ଆମାର ପ୍ରତି ଗୁହତୌର୍ଥ । ତାହାତେ ଓ ଜ୍ଞାନମାତ୍ରେ ଲୋକ ସ୍ଵର୍ଗେ ସ୍ଵର୍ଥଭୋଗ କରେ ।

ଶ୍ରୀତିନ୍ଦୁକ ତୌର୍ଥ

ଏହି ହ୍ରାନେର ବର୍ତ୍ତମାନ ନାମ ବାଙ୍ଗାଲୀ ଘାଟ ।

এই দেখ মহাত্মীর্থ তিন্দুক আখ্যান । বিশ্বলোক-প্রাপ্তি হয় এথা কৈলে স্নান ॥

—ঃ তথাহি আদিবরাহে :—

অস্তি ক্ষেত্রং পরং গুহং তিন্দুকং মম নামতঃ । তশ্চিন্মাতো নরো দেবি মম লোকে মহীয়তে ॥

অনুবাদঃ—তিন্দুক নামে আমার এক অতি গুহ ক্ষেত্র আছে । হে দেবী ! তথায় স্নাত ব্যক্তি আমার ধামে পূজিত হয় ।

শ্রীসূর্য তীর্থ

এই সূর্যতীর্থ পাপ নাশয়ে সকলি । এথা তপ কৈলা বিরোচন-পুত্র বলি ॥

চন্দ্ৰ সূর্য-গ্রহণ, সংক্রান্তি, রবিবারে । রাজসূয়ফল লভে স্নান যেই করে ॥

—ঃ তথাহি আদিবরাহে :—

ততঃ পরং সূর্যতীর্থং সর্বপাপপ্রমোচনম् । বৈরোচনেন বলিনা সূর্যস্ত্রাধিত পুরা ॥

আদিতোহনি সংক্রান্তৌ গ্রহণে চন্দ্ৰ সূর্যযোঃ । তশ্চিন্মাতো নরো দেবি রাজসূয়ফলং লভেৎ ॥

অনুবাদঃ—তাৰপৱ সৰ্বপাপবিমোচন সূর্যতীর্থ । বিরোচনপুত্র বলি পুৱাকালে তথায় সূর্যের আৱাধনা কৱিয়াছিলেন । হে দেবী ! রবিবারে সংক্রান্তিদিনে ও চন্দ্ৰসূর্যের গ্রহণ কালে এই তীর্থে স্নাত ব্যক্তি রাজসূয় ঘজের ফল প্রাপ্তি হয় ।

শ্রীবটস্মামী তীর্থ

এই দেখ বটস্মামী তীর্থ তীর্থৈত্তম । বটস্মামী সূর্য এথা বিখ্যাত ভূবন ॥

ভক্তিপূৰ্ব এ তীর্থ-সেবনে রোগ-ক্ষয় । ঐশ্বর্য লভ্য, উত্তম গতি অস্তে হয় ॥

—ঃ তথাহি সৌরপুরাণে :—

ততঃ পরঃ বটস্মামিতীর্থাখ্যং তীর্থমুক্তম্ । বটস্মামীতি বিখ্যাতো যত্র দেবো দিবাকরঃ ॥

তীর্থঃ চৈব যো ভক্ত্যা রবিবারে নিষেবতে । আপ্নোত্যারোগ্যমৈশ্বর্যমন্তে চ পরমাঃ গতিম্ ॥

অনুবাদঃ—তা'র পরে ‘বটস্মামী তীর্থ’ নামক উত্তম তীর্থ অবস্থিত, যথায় সূর্যদেব বটস্মামী নামে প্রসিদ্ধ । যে জন রবিবারে ভক্তিপূৰ্বক সেই তীর্থের সেবা করে, সেইহকালে আরোগ্য ও ঐশ্বর্য লাভ করে এবং জীবনাস্তে পরমগতি প্রাপ্তি হয় ।

শ্রীধ্রুব তীর্থ

এই ‘ধ্রুবতীর্থ’—ধ্রুব-তপস্ত্বার স্থান । ধ্রুবলোক প্রাপ্তি ধ্রুব হয় কৈলে স্নান ॥

তীর্থমুখ্য এথা শ্রাদ্ধে পিতৃলোক তরে । সর্বতীর্থফল পায় জপাদি যে করে ॥

—ঃ তথাহি আদিবরাহে :—

যএ ধ্রবেণ সন্তপ্তমিছয়া পরমঃ তপঃ । তত্ত্বেব স্নানমাত্রেণ ধ্রুবলোকে মহীয়তে ॥

ধ্রবতীর্থে তু বস্ত্রে যঃ শ্রাদ্ধঃ কুরতে নরঃ । পিতৃন সংতোষয়ে সর্বান্ম পিতৃপক্ষে বিশেষতঃ ॥

ଅନୁବାଦ :—ସେଇ ତୀର୍ଥେ ଶ୍ରୀ ସକାମଭାବେ ପରମ ତପଶ୍ଚା କରିଯାଛିଲେନ, ସେଇ ତୀର୍ଥେ ଜ୍ଞାନ ମାତ୍ରେ ଲୋକ ଶ୍ରୀବଲୋକେ ପୂଜିତ ହୟ । ସେ ବ୍ୟକ୍ତି ଶ୍ରୀବତୀର୍ଥ—ବିଶେଷତଃ ପିତୃପଙ୍କେ ଶ୍ରାଵ କରେ, ସେ ସକଳ ପିତୃ-ପୁରୁଷଙ୍କେ ଉଦ୍ଧାର କରିତେ ସମର୍ଥ ହୟ ।

ଶ୍ରୀଶ୍ଵର ତୀର୍ଥ

ଦେଖ ‘ଶ୍ଵରତୀର୍ଥ’ ଶ୍ରୀବତୀର୍ଥର ଦକ୍ଷିଣେ । ବିଷୁଳୋକ ପ୍ରାପ୍ତି ହୟ ଏ ତୀର୍ଥର ଜ୍ଞାନେ ॥

କୃଷ୍ଣପ୍ରିୟ ଶ୍ଵରତୀର୍ଥ ପୁରାଣେତେ କଥା । ଏଥା ଜ୍ଞାନ କୈଲେ କୃଷ୍ଣଭକ୍ତି ଲଭ୍ୟ ହୟ ॥

—ଃ ତଥାହି ଆଦିବରାହେ :—

ଦକ୍ଷିଣେ ଶ୍ରୀବତୀର୍ଥର୍ଷ ଶ୍ଵରତୀର୍ଥ ପ୍ରକାରିତମ୍ । ସତ୍ର ଜ୍ଞାନୋ ନରୋ ଦେବି ମମ ଲୋକ ମହୀୟତେ ॥

ଅନୁବାଦ :—ହେ ଦେବୀ ! ଶ୍ରୀବତୀର୍ଥର ଦକ୍ଷିଣେ ଶ୍ଵରତୀର୍ଥ କଥିତ । ତଥାଯ ଜ୍ଞାନ ବ୍ୟକ୍ତି ଆମାର ଧାମେ ପୂଜିତ ହୟ ।

—ଃ କଳପୁରାଣେ ମଧୁରାଥଙ୍କେ :—

ତଥିନ୍ ମଧୁସନେ ପୁଣ୍ୟବିହିତ ଥିରେ ହରେଃ ତ୍ରିଯମ । ଜ୍ଞାନମାତ୍ରେଣ ଭୂପାଳ ହରେଭି ଭକ୍ତିଂ ପରାଃ ଲଭେ ॥

ଅନୁବାଦ :—ସେଇ ମଧୁସନେ ଶ୍ରୀହରିର ପ୍ରିୟ, ପୁଣ୍ୟ ଶ୍ଵରତୀର୍ଥ । ହେ ଭୂପାଳ ! ତଥାଯ ଜ୍ଞାନମାତ୍ରେଇ ଲୋକ ଶ୍ରୀହରିତେ ପରା ଭକ୍ତି ଅବଶ୍ୟାଇ ଲାଭ କରେ ।

—ଃ ଶ୍ରୀଚିତ୍ତତ୍ତ୍ଵ ମଙ୍ଗଳେ :—

ସମ୍ପୂର୍ଣ୍ଣତୀର୍ଥ ବଲି ସାଟି ଇହାର ଦକ୍ଷିଣେ । ତାହାର ଦକ୍ଷିଣେ ଦେଖ ଶ୍ଵରତୀର୍ଥ ନାମେ ॥

ଶ୍ରୀମୋକ୍ଷ ତୀର୍ଥ

ଏହି ‘ମୋକ୍ଷତୀର୍ଥ’ ଶ୍ଵରତୀର୍ଥ ଦକ୍ଷିଣେତେ । ଏଥା ମୋକ୍ଷପ୍ରାପ୍ତି ଅବଗାହନ-ମାତ୍ରେତେ ॥

—ଃ ତଥାହି ଆଦିବରାହେ :—

ଦକ୍ଷିଣେ ଶ୍ଵରତୀର୍ଥର୍ଷ ମୋକ୍ଷତୀର୍ଥଃ ବନ୍ଧୁଙ୍କରେ । ଜ୍ଞାନମାତ୍ରେଣ ତତ୍ତ୍ଵାପି ମୋକ୍ଷଃ ପ୍ରାପ୍ତୋତି ମାନସଃ ॥

ଅନୁବାଦ :—ହେ ବନ୍ଧୁଙ୍କରେ ! ଶ୍ଵରତୀର୍ଥର ଦକ୍ଷିଣେ ମୋକ୍ଷତୀର୍ଥ, ଦେଖାନେଓ ଜ୍ଞାନମାତ୍ରେ ମାନସ ମୋକ୍ଷ ଲାଭ କରେ ।

—ଃ ଶ୍ରୀଚିତ୍ତତ୍ତ୍ଵ ମଙ୍ଗଳେ :—

ଇହାର ଦକ୍ଷିଣେ ଦେଖ ମୁଖ୍ୟତୀର୍ଥ ଆର । ତାହାର ଦକ୍ଷିଣେ କୋଟି ତୀର୍ଥର ପ୍ରଚାର ॥

ଶ୍ରୀକୋଟି ତୀର୍ଥ

ଏହି ‘କୋଟିତୀର୍ଥ’ ଦେବତାଙ୍କ—ଏଥାଯ । ଜ୍ଞାନ ଦାନ କରେ ସେ ସେ ବିଷୁଳୋକ ପାଇ ॥

—ଃ ତଥାହି ଆଦିବରାହେ :—

ତତ୍ରୈବ କୋଟିତୀର୍ଥଃ ତୁ ଦେବତାଙ୍କପି ଦୂରତ୍ତମ । ସତ୍ର ଜ୍ଞାନେ ଦାନେ ମମ ଲୋକେ ମହୀୟତେ ॥

ଅନୁବାଦ :— ତଥାଯଇ ଦେବଗଣେର ଓ ହୁଲ'ଭ କୋଟିତୀର୍ଥ ବିଷମାନ । ତଥାଯ ସ୍ଵାନଦାନେ ଲୋକ ଆମାର ଧାମେ ପୂଜିତ ହୟ । ଏହି ହୁନେ ରାବଣ କୁଟୀ ଅମିନ୍ଦି ।

ଶ୍ରୀବୋଧି ତୀର୍ଥ

ଏହି 'ବୋଧିତୀର୍ଥ' ଏଥା ପିଣ୍ଡପ୍ରଦାନେତେ । ପିତୃଲୋକ ପ୍ରାଣ୍ତି ହୟ କହେ ପୁରାଣେତେ ॥

—: ତଥାହି ଆଦିବରାହେ :—

ତତ୍ତ୍ଵେବ ବୋଧିତୀର୍ଥାଞ୍ଚ ଦେବାନାମପି ହୁଲ'ଭମ୍ । ପିଣ୍ଡ ଦସ୍ତା ତୁ ବସୁଧେ ପିତୃଲୋକଃ ହି ଗଛତି ॥

ଅନୁବାଦ :— ମେହି ହୁନେଇ ଦେବଗଣେର ହୁଲ'ଭ ବୋଧିତୀର୍ଥ-ନାମକ-ତୀର୍ଥ । ହେ ବସୁଧେ ! ଏଥାନେ ପିଣ୍ଡଦାନ କରିଲେ ଲୋକ ନିଶ୍ଚିତ ପିତୃଲୋକେ ଗମନ କରେ ।

—: ଶ୍ରୀଚିତ୍ତନ୍ତ ମଙ୍ଗଲେ :—

ତାହାର ଦକ୍ଷିଣେ ଦେଖ ବୋଧିତୀର୍ଥ ନାମେ । ଦକ୍ଷିଣେ ଗଣେଶତୀର୍ଥ ଦେଖ ବିଷମାନେ ॥

ଶ୍ରୀନବତୀର୍ଥ

ଦେଖ 'ନବତୀର୍ଥ' ଅମିନ୍ଦି ଉତ୍ତରେତେ । ଏହି ତୀର୍ଥ ନା ହୟ, ନା ହବେ ପୃଥିବୀତେ ॥

—: ତଥାହି ଆଦିବରାହେ :—

ଉତ୍ତରେ ହସିକୁଣ୍ଡାଚ ତୀର୍ଥଂ ଚ ନବସଂଜ୍ଞକମ୍ । ନବତୀର୍ଥଂ ପରଃ ତୀର୍ଥଂ ନ ଭୂତଃ ନ ଭବିଷ୍ୟତି ॥

ଅନୁବାଦ :— ଅମିନ୍ଦିରେ ଉତ୍ତରେ ନବ-ନାମକ ତୀର୍ଥ । ନବତୀର୍ଥ ଅପେକ୍ଷା ଶ୍ରେଷ୍ଠ ତୀର୍ଥ ହୟ ନାହିଁ, ହଇବେ ନା ।

ଶ୍ରୀସଂସମନ ତୀର୍ଥ

ଏହି ତୀର୍ଥେର ବର୍ତ୍ତମାନ ନାମ ଶ୍ରୀଶାମୀଘାଟ ଏବଂ ଶ୍ରୀବସୁଦେବ ଘାଟ । କଂସେର କାରାଗାର ହଇତେ ମୁକ୍ତି-ଲାଭ କରିଯା ଏହି ଘାଟେ ଶ୍ରୀବସୁଦେବ ମହାଶୟ ସ୍ଵାନ କରିଯାଇଲେନ ।

ତୈଳୋକ୍ୟ-ବିଦିତ ଏହି ତୀର୍ଥ ସଂୟମନ । ଏଥା ସ୍ଵାନ ଫଳ-ବିଘ୍ନଲୋକେତେ ଗମନ ।

—: ତଥାହି ଆଦିବରାହେ :—

ତତ: ସଂୟମନଂ ନାମ ତୀର୍ଥଂ ତୈଳୋକ୍ୟବିକ୍ରତମ୍ । ତତ ସ୍ଵାତୋ ମରୋ ଦେବି ମମ ଲୋକଃ ହି ଗଛତି ॥

ଅନୁବାଦ :— ତଦନୟତର ତ୍ରିଲୋକବିଦ୍ୟାତ ସଂୟମନ-ନାମକ ତୀର୍ଥ । ହେ ଦେବୀ ! ଲୋକ ତଥାଯ ସ୍ଵାନ କରିଲେ ନିଶ୍ଚୟଇ ଆମାର ଧାମେ ଗମନ କରିବେ ।

ଶ୍ରୀଧାରାପତନ ତୀର୍ଥ

ଏ 'ଧାରାପତନ ତୀର୍ଥ'-ସ୍ଵାନେ ହରେ ଶୋକ । ପାଯ ମହେଶ୍ୱରୀ, ପ୍ରାଣତ୍ୟାଗେ ବିଘ୍ନଲୋକ ॥

—: ତଥାହି ଆଦିବରାହେ :—

ଧାରାପତନକେ ଶ୍ଵାସ ନାକପୃଷ୍ଠେ ହି ମୋଦତେ । ଅଧାତ୍ର ମୁକ୍ତରେ ପ୍ରାଣନ୍ତିମ ମମ ଲୋକଃ ମ ଗଛତି ॥

ଅନୁବାଦ :— ଧାରାପତନକ ତୀର୍ଥେ ସ୍ଵାନ କରିଯା ଲୋକ ହର୍ଗେ ସୁଧ ଲାଭ କରେ । ଆର ଏହିତୀର୍ଥେ ସେ ପ୍ରାଣତ୍ୟାଗ କରେ, ମେ ଆମାର ଧାମେ ଗମନ କରେ ।

ଶ୍ରୀନାଗ ତୌର୍ଥ

ଏ ‘ନାଗତୌର୍ଥ’— ତୌର୍ଥୀତ୍ତମ ଶାସ୍ତ୍ରେ କହେ । ସ୍ନାନେ ସର୍ଗପ୍ରାଣ୍ତି, ମୈଲେ ପୁନର୍ଜୀବି ନହେ ॥

—ଃ ତଥାହି ଆଦିବରାହେ :—

ତତ୍ତ୍ଵଃ ପରଂ ନାଗତୌର୍ଥଃ ତୌର୍ଥନାମୁତ୍ତମୋତ୍ତମମ् । ଯତ୍ ସ୍ନାତା ଦିବଃ ସାନ୍ତ୍ଵି ଯେ ମୃତାନ୍ତେହପୁନର୍ଭବାଃ ॥

ଅନୁବାଦ :—ତାହାର ପରେ ତୌର୍ଥଗଣେର ମଧ୍ୟ ଉତ୍ତମ ଅପେକ୍ଷା ଓ ଉତ୍ତମ ନାଗତୌର୍ଥ, ସେଥାନେ ସ୍ନାନ କରିଯାଇଲୋକ ସର୍ଗେ ଗମନ କରେ । ସାହାଦେର ଏଥାନେ ମୃତ୍ୟୁ ହୁଏ, ତାହାଦେର ଆର ପୁନର୍ଜୀବି ହୁଏ ନା ।

—ଃ ଶ୍ରୀଚତ୍ରତ୍ନ ମନ୍ତ୍ରଲେ :—

କଞ୍ଚାଭରଣ ମର୍ଜନ ଇହାର ଦକ୍ଷିଣେ । ନାଗତୌର୍ଥ ଧାରା ବହେ ପାତାଳ ଗମନେ ॥

ଶ୍ରୀସ୍ତାଭରଣ ତୌର୍ଥ

ସର୍ବପାପ ନାଶେ ‘ସ୍ତାଭରଣ’ ପ୍ରଥାନ । ସୂର୍ଯ୍ୟଲୋକେ ପୂଜ୍ୟ ଏଥା କରଯେ ଯେ ସ୍ନାନ ॥

—ଃ ତଥାହି ଆଦିବରାହେ :—

ସ୍ତାଭରଣକଂ ତୌର୍ଥଃ ସର୍ବପାପବିମୋଚନମ् । ତସିନ୍ ସ୍ନାତୋ ନରୋ ଦେବି ସୂର୍ଯ୍ୟଲୋକେ ମହୀୟତେ ॥

ଅନୁବାଦ :—ସ୍ତାଭରଣକ-‘ତୌର୍ଥ’ ସର୍ବପାପନାଶନ । ହେ ଦେବୀ ! ତଥାଯ ସ୍ନାତ ବ୍ୟକ୍ତି ସୂର୍ଯ୍ୟଲୋକେ ପୂଜ୍ୟ ହଇଯା ଥାକେ ।

ଶ୍ରୀବ୍ରଙ୍ଗତୌର୍ଥ

ଏହ ‘ବ୍ରଙ୍ଗତୌର୍ଥ’—ତୌର୍ଥୀତ୍ତମ ଏ ବିଦିତ । ସ୍ନାନାଦିତେ ବିଷ୍ଣୁଲୋକ—ପ୍ରାଣ୍ତି ସୁନିଶ୍ଚିତ ॥

—ଃ ତଥାହି ଆଦିବରାହେ :—

ତୌର୍ଥନାମୁତ୍ତମଃ ତୌର୍ଥଃ ବ୍ରଙ୍ଗଲୋକେହତିବିକ୍ରତମ୍ ତତ୍ ସ୍ନାତାଚ ପୀହା ଚ ସଂଘତୋ ନିୟତାସନଃ ।

ବ୍ରଙ୍ଗଗା ସମଗ୍ରୁଜ୍ଞାତୋ ବିଷ୍ଣୁଲୋକଂ ସ ଗଛୁତି ॥

ଅନୁବାଦ :—ତୌର୍ଥଗଣେର ଉତ୍ତମ ବ୍ରଙ୍ଗତୌର୍ଥ’ ଜଗତେ ଅତିପ୍ରସିଦ୍ଧ । ଯେ ଜନ ତଥାଯ ସ୍ନାନ କରିଯାଇଲୁ ସଂଘମୀ ଓ ଶ୍ରିରାସନ ହୁଏ, ସେ ବ୍ୟକ୍ତି ବ୍ରଙ୍ଗାର ଅନୁମତି ଲାଭ କରିଯା ବିଷ୍ଣୁଲୋକେ ଗମନ କରେ ।

ଶ୍ରୀ ସୋମତୌର୍ଥ

ଅହେ ଶ୍ରୀନିବାସ, ଏହ ‘ସୋମତୌର୍ଥ’—ଷ୍ଟଳ । ଦେଖି ଯମୁନାବାରି ବହୟେ ନିର୍ମଳ ॥

ଏଥା ଅଭିଷିକ୍ତ ହୈଲେ ସର୍ବସିଦ୍ଧ ହୁଏ । ସୋମଲୋକେ ଶୁଦ୍ଧୀ—ଇଥେ ନାହିକ ସଂଶୟ ॥

—ଃ ତଥାହି ଆଦିବରାହେ :—

ସୋମତୌର୍ଥେ ତୁ ବନ୍ଧୁଧେ ପବିତ୍ରେ ଯମୁନାନ୍ତ୍ସି ତତ୍ରାଭିଯେକଂ କୁର୍ବାତ ସ୍ଵ-ସ୍ଵ-କର୍ମପ୍ରତିଷ୍ଠିତଃ ।

ମୋଦତେ ସୋମଲୋକେ ତୁ ଏବମେବ ନ ସଂଶୟ ॥

ଅନୁବାଦ :—ହେ ବନ୍ଧୁଧେ ! ସ୍ଵ-ସ୍ଵ-ବର୍ଣ୍ଣାଶ୍ରମୋଚିତ କରେ ପ୍ରତିଷ୍ଠିତ ବ୍ୟକ୍ତି ସେହି ସୋମତୌର୍ଥେ’ ପବିତ୍ର ଯମୁନାରୁଲେ ସ୍ନାନ କରିବେ । ଏଇରୂପ ସ୍ନାନକାରୀ ବ୍ୟକ୍ତି ସୋମଲୋକେ ଶୁଦ୍ଧ ଲାଭ କରେ—ଇହାତେ ସଂଶୟ ନାହିଁ ।

শ্রীসরস্তৌপতন তীর্থ'

‘সরস্তৌপতন’—তীর্থে যেই স্নান করে। অবর্ণ হয়েন যদি, পাপ যায় দূরে ॥

—ঃ তথাহি আদিবরাহেঃ—

সরস্ত্যাশ্চ পতনং সর্বপাপহরং শুভম্। তত্ত্ব স্নাত্বা নরো দেবি অবর্ণোহপি যত্ির্ভবেৎ ॥

অনুবাদঃ—সরস্তৌপতন সর্বপাপনাশক ও শুভকর। হে দেবি। চারিবর্ণের বহিভুত অতএব সন্নাসাধিকার বহিত ব্যক্তিশ তথায় স্নান করিয়া সন্নাসী হইতে পারে।

শ্রীচক্রতীর্থ'

‘চক্রতীর্থ’ বিখ্যাত দেখছ শ্রীনিবাস। এথা স্নান করয়ে ত্রিরাত্র-উপবাস ॥

স্নানমাত্রে মনুষ্যের ব্রহ্মহত্যা যায়। কহিতে কি—পরম তুল'ভ ফল পায় ॥

—ঃ তথাহি আদিবরাহেঃ—

চক্রতীর্থং তু বিখ্যাতং মাথুরে মম মণ্ডলে। যস্তত্ত কুরুতে স্নানং ত্রিরাত্রোপোষিতো নরঃ ॥
স্নানমাত্রে মনুজো মুচ্যাতে ব্রহ্মহত্যায় ॥

অনুবাদঃ—আমার মথুরামণ্ডলে চক্রতীর্থ বিখ্যাত। যে ব্যক্তি ত্রিরাত্র উপবাস করিয়া তথায় স্নান করে, সে ব্যক্তি স্নানমাত্রে ব্রহ্মহত্যা হইতে মুক্ত হয়।

শ্রীদশাশ্বমেধ তীর্থ'

দেখছ ‘দশাশ্বমেধ’ তীর্থ পূর্বে ঝৰি। এথা প্রত্ত পুজো সদা কৈল সুখে ভাসি’ ॥

হেন তীর্থে’ নিয়ত যে সবে স্নান করে। স্বর্গপদ তুল'ভ না হয় সে সবারে ॥

—ঃ তথাহি আদিবরাহেঃ—

দশাশ্বমেধমূষিভিঃ পূজিতং সর্বদা পুরা। তত্ত্ব যে স্নান্তি নিয়তাস্তেষাং স্বর্গো ন তুল'ভঃ ॥

অনুবাদঃ—পুরাকালে সর্বদা ঝৰিগণের পূজিত এই দশাশ্বমেধ তীর্থ। যাহারা সংযত হইয়া তথায় স্নান করে, স্বর্গ তাহাদের তুল'ভ হয় না।

শ্রীবিষ্ণুরাজ তীর্থ'

এই ‘বিষ্ণুরাজতীর্থ’ কল্যান নাশয়। এথা স্নান কৈলে বিষ্ণুরাজ ন পীড়য় ॥

—ঃ তথাহি আদিবরাহেঃ—

তীর্থেন্ত বিষ্ণুরাজস্ত পুণ্যং পাপহরং শুভম্। তত্ত্বেব স্নাতং মনুজং বিষ্ণুরাজো ন পীড়য়েৎ ॥

অনুবাদঃ—বিষ্ণুরাজ-তীর্থ’ পুণ্যদায়ক পাপনাশক ও মঙ্গলকারক। এথায় স্নাত ব্যক্তিকে বিষ্ণু-রাজ মিশ্যয়ই পীড়া দেয় না।

শ্রীকোটি তীর্থ'

এই দেখ ‘কোটিতীর্থ’ পরম মঙ্গল। এথা স্নানমাত্রে মিলে গঙ্গাকোটি-ফল ॥

—ঃ তথাহি আদিবরাহে :—

ততঃ পরং কোটি তীর্থং পবিত্রং পরমং শুভম্। তত্ত্বেব স্নানমাত্রেণ গঙ্গাকোটিফলং লভ্যেৎ।

অনুবাদ :—তা'র পর পরম পবিত্র ও শুভ কোটিতীর্থ'। তথায় স্নানমাত্রে লোক নিশ্চয়ই কোটি গঙ্গাস্নানের ফল লাভ করে !

শ্রীগোকর্ণাখ্য তীর্থ'

এই বিশ্বমাথ—তীর্থ' 'গোকর্ণাখ্য' নাম। বিষ্ণুপ্রিয় ভূবনে বিদিত অনুপম ॥

—ঃ তথাহি আদিবরাহে :—

ততো গোকর্ণতীর্থাখ্যঃ তীর্থং ভূবনবিশ্রুতম্। বিদ্যতে বিশ্বমাথস্ত বিক্ষেরত্যস্ত বল্লভম্॥

অনুবাদ :—তা'র পর বিষ্ণুর অতিপ্রিয় জগদ্বিদ্যাত, বিশ্বাথের গোকর্ণতীর্থ'নামক তীর্থ বিদ্যমান ।

শ্রীকৃষ্ণগঙ্গা তীর্থ'

প্রতিদিন এই 'কৃষ্ণগঙ্গা'—স্নান কৈলে। পঞ্চতীর্থ' হৈতে দশশুণ ফল মিলে ॥

—ঃ তথাহি আদিবরাহে :—

পঞ্চতীর্থ'ভিষেকাচ যৎ ফনং লভতে নরঃ। কৃষ্ণগঙ্গাস্নানেন তৎ দশশুণং দিনে দিনে ॥

অনুবাদ :—লোক বিশ্রান্তিশৌকর-নৈমিত্য-প্রয়াগ পুকুর—এই পঞ্চতীর্থ'স্নান-দ্বারা যে ফল লাভ করে, প্রত্যহ কৃষ্ণগঙ্গাস্নানে তাহার দশশুণ ফল লভ্য হয় ।

শ্রীবৈকুণ্ঠ তীর্থ'

'বৈকুণ্ঠ-তীর্থ'—স্নানেতে মহাফল পায়। সর্বপাপে মুক্ত হৈয়া বিষ্ণুলোকে যায় ॥

—ঃ তথাহি আদিবরাহে :—

বৈকুণ্ঠতীর্থে যঃ স্নাতি মুচ্যতে সর্বপাতকেঃ। সর্বপাপবিনিময়েত্তো বিষ্ণুলোকং স গচ্ছতি ॥

অনুবাদ :—যে জম বৈকুণ্ঠতীর্থে স্নান করে সে সকল পাতক হইতে মুক্ত হয়। সে ব্যক্তি সর্ব-প্রকার পাপ হইতে মুক্ত হৈয়া বিষ্ণুলোকে গমন করে ।

শ্রীঅসিকুণ্ড তীর্থ

এই 'অসিকুণ্ডতীর্থ' দেখ শীনিবাস। এথা স্নানে বহু ফল-পুরাণে প্রকাশ ॥

শ্রীবরাহ, নারায়ণী, লাঙ্গলী, বামনে। কুণ্ডে স্নান করিয়া দেখয়ে চারি জনে ॥

সাগর পর্যন্ত তীর্থ' স্বত মথুরায়। সে সকল পরিক্রমা-ফল মিলে তায় ॥

—ঃ তথাহি আদিবরাহে :—

একা বরাহসংজ্ঞা চ তথা নারায়ণী পরা। বামনা চ তৃতীয়া বৈ চতুর্থী লাঙ্গলী শুভা ॥

এতাশ্চতশ্রো যঃ পশ্যেৎ স্নাত্বা কুণ্ডেহসিসংজ্ঞকে । চতুঃসাগরপর্যন্তা ক্রান্তা তেন ধৰ্মা ক্র্ষবম् ।
তীর্থীগাং মাথুরাগাংশ সর্বেষাং ফলমশ্নুতে ॥

অনুবাদ :—একা-বরাহনাম্বী, দ্বিতীয়া-নারায়ণী, তৃতীয়া-বামনা ও চতুর্থী-মঙ্গলময়ী লাঙ্গলী—এই চারি শ্রীমূর্তি যে ব্যক্তি অসিকুণ্ডে স্নান করিয়া দর্শন করে, সে নিশ্চয়ই চতুঃসমুদ্রপরিবেষ্টিতা ধরিগ্রীকে পরিক্রমা করে এবং সকল মাথুর-তীর্থের ফল লাভ করে ।

শ্রীচতুঃসামাজিক তীর্থ

এই ‘চতুঃসামাজিক’—নাম কৃপ হয় । এথা স্নান কৈলে বেদলোকে বিলসয় ॥

—ঃ তথাহি আদিবরাহে :—

চতুঃসামাজিকো নাম কৃপঃ লোকেষ্য বিশ্রুতঃ । তত্ত্ব স্নাতো নরো ভদ্রে দেবৈষ্ঠ সহ মোদতে ॥

অনুবাদ :—চতুঃসামাজিক—নামক কৃপ ত্রিজগতে প্রমিদ্ধ । হে ভদ্রে ! তাহাতে স্নাত ব্যক্তি দেবগণের সহিত স্মৃথভোগ করে । ইত্যাদি তীর্থ সকল শ্রীভক্তিরস্তাকর গ্রন্থ হইতে সংগ্রহিত ।

—ঃ সংক্ষেপে কিছু মন্দিরের পরিচয় :—

শ্রী কৃষ্ণের জন্মভূমি

মথুরা পৃথিবীর মধ্যে ধন্ত কারণ তগবান্ শ্রীকৃষ্ণ গোলোক হইতে ভূলোকে লীলা করিবার জন্য এইস্থানে আবিভূত হইয়াছেন । দ্বাপর যুগ হইতে বর্তমানেও স্থানটি দর্শনীয় । মন্দিরে গমন করার সঙ্গে সঙ্গে হৃদয়ে শান্তি ও শ্রেমের উদয় হয় ।

শ্রীকৃষ্ণ জন্মভূমির ভিতরে এক বিশাল শ্রীমদ্ভাগবত ভবন বিরাজিত । ভবনে শ্রীরাধাকৃষ্ণ, শ্রীরাম-লক্ষ্মণ-সীতাদেবী, শ্রীজগন্নাথ-দেবজী, শ্রীমন্মহাপ্রভু ইত্যাদি বিগ্রহ দর্শনীয় । কংস ঘেইস্থানে মাতা দেবীকে আবক্ষ করিয়া রাখিয়াছিলেন সেই কারাগারটি দর্শনীয় । পার্শ্বে শ্রীহনূমানজী, শ্রীশিবলিঙ্গ, মাদুর্গা ইত্যাদি মন্দির বিরাজিত । শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী তিথিতে এইস্থানে বিড়াট মেলা বসিয়া থাকে ।

শ্রীমথুরাধীশ মন্দির

শ্রীকৃষ্ণজন্মভূমি এবং শ্রীভূতেশ্বর মহাদেব মন্দিরের মধ্যভাগে শ্রীমথুরাধীশ মন্দির অবস্থিত । মন্দিরে শ্রীমথুরাধীশ তগবান অত্যন্ত সুন্দর দর্শনীয় । এই মথুরা ধামে আগমন করিয়া শ্রীমথুরাধীশ তগবানকে দর্শন করিলে মানবের আর পুনঃজন্ম হয় না ।

শ্রীপোতরা কুণ্ড

শ্রীকৃষ্ণ জন্মভূমীর পশ্চাতে পোতরা নামে এক বিশালকুণ্ড বিরাজিত । এইস্থানে শ্রীকৃষ্ণ জন্মগ্রহণ করিবার পরে তাহার বন্ধু উপবস্থাদি মাতা দেবকী ধৌত করিয়াছিলেন । সেইজন্য এই কুণ্ডের নাম পোতরা কুণ্ড ।

শ্রীকৃষ্ণ জন্মের পরে এই কুণ্ড মধ্যে । বস্ত্রাদি ধৌত করে দেবকী আনন্দে ॥

সেইজন্য পোতরা কুণ্ড অতি রম্যস্থান । কৃষ্ণচরণ দর্শন মিলে ইথে কৈলে স্নান ॥

শ্রীজ্ঞানবাবরা মন্দির

শ্রীপোতরা কুণ্ডের পার্শ্বে শ্রীজ্ঞান বাবরা মন্দির বিরাজিত। এইস্থানে শ্রীউদ্বৃক্ষমহারাজ শ্রীমথুরা দর্শনে আগমন করিয়া শ্রীকৃষ্ণের লীলা চিন্তা করিতে করিতে পাগলের মত হইয়াগিয়াছিলেন, সেইজন্তু এই স্থানের নাম শ্রীজ্ঞান বাবরা বলিয়া পরিচিত। কেহ কেহ এই স্থানকে জ্ঞান বাবরী বলিয়া থাকেন। এই স্থানে শ্রীউদ্বৃক্ষমহারাজের মূর্তি দর্শনীয়।

শ্রীভূতেশ্বর মহাদেব

ভূতেশ্বরে শ্রীভূতেশ্বর মহাদেব ও শ্রীপাতালদেবী বিরাজিত। এইস্থানে ভাদ্রমাসে প্রতিবৎসর চৌরাশীক্রোশ বন পরিক্রমা আরম্ভ ও সমাপ্ত হয়।

—ঃ তথাহি গর্গসংহিতায়ঃঃ—

ক্ষত্রি শ্রীমথুরায়াশ্চ নামা ভূতেশ্বর শিবঃ। দন্তা দণ্ডং পা তকিনে ভক্তার্থান্মুক্তাং ভজেৎ॥

অনুবাদঃ—মথুরার দ্বারপালের নাম—ভূতেশ্বর শিব, তিনি পাপীকে দণ্ড দান করেন, তাহার প্রতি ভক্তি করিলে তিনি প্রসন্ন হইয়া থাকেন।

—ঃ তথাহি শ্রীমথুরামাহাত্ম্যঃঃ—

মথুরায়াঁশ্চ দেব হং ক্ষেত্রপালো ভবিষ্যসি। তয়ি দৃষ্টে মহাদেব মম ক্ষেত্রফলং লভেৎ॥

—ঃ নির্বাণ খণ্ডঃ—

যত্র ভূতেশ্বরো দেবো মোক্ষদঃ পাপিনামপি। মম প্রিয়তমো নিত্যং দেব ভূতেশ্বরঃ পরঃ॥

কথং বা ময়ি ভক্তিং স লভতে পাপপূরুষঃ। যো মদীয়ং পরং ভক্তং শিবং সংপূজয়েন হি॥

মন্মায়া-মোহিতধিযঃ প্রায়স্তে মানবাধমাঃ। ভূতেশ্বরঃ ন স্মরন্তি ন নমন্তি স্তবন্তি বা॥

অনুবাদঃ—হে দেব ! হে মহাদেব ! তুমি মথুরামণ্ডলে ক্ষেত্রপাল হইবে, তোমাকে দর্শন করিলে আমার ক্ষেত্রদর্শন ফল লাভ হয়।

নির্বাণখণ্ডে—মথুরায় ভূতেশ্বরদেব পাপিগণকেও মোক্ষদান করেন ; সেই পরম দেব নিতাই আমার প্রিয়। যে ব্যক্তি আমার পরম ভক্ত সেই শিবের অর্চনা না করে, সেই পাপী কিঙ্কপে আমাতে ভক্তি লাভ করিবে ? যে সকল লোক ভূতেশ্বরকে স্মরণ, নমন্তাৰ বা স্তব না করে, সেই নৰাধমগণ নিশ্চয়ই আমার মাঘায় মোহিতচিত্ত।

শ্রীদ্বারিকাধীশ মন্দির

অসিকুণ্ড্যাটের সন্মুখে এই বিশাল মন্দির ১৮১৪-১৫ সালের মধ্যে নির্মিত হয়। ইহার সেবা-পূজা কাংকরোলীর পুষ্টি মার্গিয় গেঁসাই দ্বারা হইতেছে। স্থাপত্য কাল থেকে ট্রাণ্টির পর্যাপ্ত মহস্ত আছে। এই মন্দির ১৮০ ফুট লম্বা এবং ১২০ ফুট চওড়া। মন্দিরটি পাথর দ্বারা তৈরী। দরজার বাহিরে অনেক ছেশনারি ইত্যাদির দোকান এবং মন্দিরের মধ্যে অনেক স্থূল কলাত্মক স্তম্ভের উপর বিশাল মণ্ডপ

আছে। মন্দিরের শিখর সুর্ণ মন্দির। মঙ্গপে বহু রঞ্জের কারুকার্য এবং উপরের কার্য দেখার মত। শ্রীদ্বারিকানাথজীতে অনেক সুন্দর ও আকর্ষণীয় চতুর্ভুজ শ্যামমূর্তি আছে যাহার চার হাতে গদাদি অবস্থিত এবং বামে শ্রীমতীরঙ্গী দেবী বিরাজিত। শ্রীদ্বারিকানাথজীতে দিনে আটবার ঝাঁকিয়া দর্শন হইয়া থাকে। চার বাঁচ প্রাতে যেমন—মঙ্গলা, শৃঙ্গাৰ, ঠাকুৰ দর্শন এবং রাজভোগ। বিকালে উত্থাপন, ভোগ, সন্ধ্যা আৱতি ও শয়ন। শীত ও গ্রীষ্মকালে ঝাঁকিয়াৰ সময় বদল হইয়া থাকে। মঙ্গলা আৱতিৰ ঝাঁকি ছয়টা ত্ৰিশ মিনিটে, শয়ন গ্ৰীষ্মকালে সাতটা ও শীতকালে ছয়টা ত্ৰিশ মিনিট। প্ৰসাদ নিজ মন্দিরেই তৈৱী হয়, বাহিৰে আমানিয়া মন্দিরে ভোগে লাগে না। শ্রাবণমাসের ঝুলন ও ভাদ্রমাসের জন্মাষ্টমীতে বড় আনন্দের সহিত মেলা বসিয়া থাকে।

শ্রীবৰাহদেবজী মন্দির

মানিক চৌকে শ্রীবৰাহদেবজী বিরাজিত। শ্রীবৰাহদেবজী সন্ধে এক সংক্ষিপ্ত ইতিহাস—কপিলদেব নামক কোন ব্রাহ্মণ হইতে ইন্দ্ৰ শ্রীবৰাহদেবজীকে মৰ্ত্তলোক হইতে দেবলোকে লইয়া যান। রাবণ ইন্দ্ৰকে পৰাজয় কৰিয়া শ্রীবৰাহদেবজীকে লক্ষ্য আনয়ন কৰেন। তদনন্তৰ শ্রীরামচন্দ্ৰ রাবণকে বধ কৰিয়া ঠাকুৰ অযোধ্যায় আনয়ন কৰেন। শ্রীরামচন্দ্ৰের আদেশে শ্রীশক্রুত্বদেব লবণ্যাসুৱকে বধ কৰিবার জন্য মথুৱায় আগমন কৰেন এবং ঐ অস্তুৱকে বধ কৰিয়া মথুৱাপুৱী স্থাপন কৰতঃ বহু সংখ্যক ব্ৰাহ্মণেৰ বাসেৰ ব্যবস্থা কৰিয়া অযোধ্যায় গমন কৰিয়া শ্রীরামচন্দ্ৰের চৰণে সমস্ত কথা বৰ্ণন কৰেন। তাহাতে শ্রীরামচন্দ্ৰ শক্রুত্বেৰ প্ৰতি প্ৰসন্ন হইয়া শ্রীবৰাহদেবজীকে অৰ্পণ কৰেন। তদনুসারে শ্রীশক্রুত্বদেব শ্রীবৰাহদেবজীকে মথুৱায় আনয়ন কৰিয়া সেবা স্থাপন কৰেন। সেই অবধি শ্রীবৰাহদেব মথুৱায় বিৱাজ কৰিতেছেন।

শ্রীগতশ্রমনারায়ণ মন্দির

রামানুজ সম্প্রদায়ের আচার্য শ্রীপ্রাণনাথ শাস্ত্ৰীৰ দ্বাৰা ১৮৫৭ ইংৰাজী সালে এই মন্দির নিৰ্মিত। হয়। মন্দিরে শ্রীবিষ্ণুভগবান দর্শনীয়। শ্রাবণ মাসে মন্দিরে খুব আনন্দের সহিত ঝাঁকি হইয়া থাকে।

শ্রীকেশবদেবজী মন্দির

শ্রীকৃষ্ণ জন্মস্থানের পঞ্চাং ভাগে আদি শ্রীকেশবদেবজী মন্দির বিরাজিত।

—ঃ তথাহি আদিবৰাহে :—

প্ৰদক্ষিণীকৃতা তেন সপ্তদীপা বস্তুকুৱা।

প্ৰদক্ষিণীকৃতো যেন মথুৱায়ান্ত কেশবঃ।

ইহা জনৈ কৃতং পাপমন্তজন্মকৃতং চ যৎ। তৎ সৰ্বং নিশ্চিতি শীঘ্ৰঃ কেশবস্তু চ কীৰ্তনে॥

অনুবাদ :- যে ব্যক্তি মথুৱাপুৱীতে শ্রীকেশবদেবকে প্ৰদক্ষিণ কৰিয়াছে সে সপ্তদীপা বস্তুকুৱাকে প্ৰদক্ষিণ কৰিয়াছে। এই জন্মে কৃত ও অন্ত জন্মে কৃত যে পাপ তৎসমস্তই শ্রীকেশবেৰ কীৰ্তনে শীঘ্ৰই নষ্ট হয়।

শ্রীদাউজী, শ্রীমদনমোহনজী এবং শ্রীগোকুলনাথজী মন্দির

এই তিনি মন্দির বাঙ্গলীঘাটের (রাম ঘাট) উপর বিরাজিত। শ্রীবল্লভসপ্রদায়ের প্রমুখ গোঁসাই দ্বারা সেবিত। মন্দির অনেক প্রাচীন এবং গুজরাটী ধাত্রীদের জন্য আকর্ষণ কেন্দ্র। এইস্থান হইতে গোঁসাইগণের দ্বারা চৌরাশীক্রোশ বন পরিক্রমা যাত্রার ব্যবস্থা আছে।

শ্রীদীর্ঘবিষ্ণু মন্দির

মনোহরপুরে এক বিখ্যাত মন্দির। এইস্থানে ভগবান শ্রীবিষ্ণু প্রসিদ্ধ প্রতিমা দীর্ঘ্যক্রমে বিরাজিত।

—ঃ তথাহি মথুরা মাহাঞ্জ্যে :—

দীর্ঘবিষ্ণুঃ সমালোক্য পদ্মনাভঃ স্বয়ম্ভুবম্। মথুরায়ঃ সকন্দেবি। সর্বাভীষ্ঠমবাপ্যাঃ ॥

তথা—বিশ্রান্তি সংজ্ঞকং দৃষ্টা দীর্ঘবিষ্ণুঃ কেশবম্। সর্বেষাঃ দর্শনাঃ পুণ্যমেভিদ্বৈঃ ফলঃ লভেৎ ॥

অনুবাদঃ— হে দেবি ! মথুরায় একমাত্র দীর্ঘবিষ্ণু, পদ্মনাভ ও স্বয়ম্ভুদেবকে দর্শন করিলে সমস্ত অভীষ্ঠ বস্ত লাভ হয়। বিশ্রান্তি তীর্থ, দীর্ঘবিষ্ণু ও কেশবদেবকে দর্শন করিলে সকল দেবদেবী দর্শনের ফল লাভ হয়।

শ্রীবিড়লা মন্দির

মথুরা ও বৃন্দাবনের রাস্তায় অবস্থিত। এই মন্দির বিড়লা দ্বারা প্রতিষ্ঠিত। মন্দিরে শ্রীকৃষ্ণ ভগবান, শ্রীরাম-সীতা এবং শ্রীলক্ষ্মীনাৰায়ণ অত্যন্ত মন আকর্ষণীয় দর্শনীয়। এক স্তম্ভের উপর সম্পূর্ণ শ্রীমন্তাগবত গীতা লিখিত আছে। এইস্থানে বিভিন্ন প্রকারের মূর্তি ও দর্শনীয়।

পুরাতন সংগ্রহালয়

মথুরায় পুরাতন সংগ্রহালয়ের মাধ্যমে স্ব-দেশের এক বিশিষ্ট স্থান অধিকার করিয়াছেন। এই স্থানে কুবাগ, বৌদ্ধ জৈন কালের অনেক সিখিত চিহ্ন, বিভিন্ন প্রকারের মূর্তি ইত্যাদি দর্শনীয়। শ্রীকৃষ্ণ জন্মস্থান এবং কংকালী চীলা খুদাই করিয়া অনেক প্রাচীন মূর্তি স্মরক্ষিত করিয়াছেন।

ব্রহ্মগাইড নামক গ্রন্থ হইতে কিছু মন্দিরের পরিচয়

শ্রীধাম মথুরায় অসংখ্য তীর্থ তাহার ব্যাখ্যা অথবা গণনা করিবার ক্ষমতা মুনি ঋষি কাহারও নাই, যদিও কেহ তীর্থাদির বর্ণনা করিয়া শেষ করিতে পারে আমার দ্বারা তাহা একেবারেই অসম্ভব। (১) রঙ্গেখের মহাদেব—মথুরা-আগরা রাস্তার পার্শ্বে, (২) দাউজী মহারাজ—তিলকদ্বারের ভিতরে। (৩) কংসমিকস্মন—চত্রা বাজারে হোলী দরজার পার্শ্বে, (৪) অম্বূর্ণী দেবী—চত্রা বাজারে, (৫) গোবর্দ্ধন-নাথজী—গলীভোথচন্দ্রে, (৬) বীরভদ্রের—চত্রা বাজ রে, (৭) রামজী মন্দির—গলীভোথচন্দ্রের দ্বারা প্রতিষ্ঠিত, (৮) লক্ষ্মীনাৰায়ণ—গলী ভোগচন্দ্রের আগে, (৯) কাহায়ালাল—চত্রা বাজারে, (১০) বিট্ঠল মন্দির—গলী গোলপাড়ায়, (১১) গৌরধন নাথ—সুখসঞ্চারক কম্পানীর সামনে কংসখালের

আগে, (১২) বিজয় গোবিন্দ—ছত্রা বাজার, (১৩) স্বামী বিরজানন্দ শ্বারক—ছত্রা বাজার, (১৪) কিশোরী রমণ—বিরজানন্দ শ্বরকের পার্শ্বে, (১৫) মথুরানাথ—গলী দশাবতারের আগে, (১৬) দাউজী মহারাজ—গলী দশাবতারের সামনে, (১৭) গতশ্রমনারায়ণ—বিশ্বামিষাট বাজারে, (১৮) যম এবং যমুনা—বিশ্বামিষাটে, (১৯) চন্দ্রিকাদেবী গলী দশাবতারে সতীবুজ্জের সামনে, (২০) পিপলেশ্বর মহাদেব—সতীবুজ্জের কিছু আগে, (২১) বটুক মরব এবং যোগমায়া—প্রয়াগ ঘাটের উপর, (২২) দাউজী (পৃষ্ঠিমার্গিয়া)—দাউজী ঘাটের উপর, (২৩) মদনমোহনজী—দাউজী ঘাটের উপর (২৪) গোকুল নাথজী—দাউজী ঘাটের উপর (২৫) দ্বাবিকাধীশজী—রাজাধিরাজ বাজার, বিশ্বাম ঘাটের আগে মুখ্য সড়কের পার্শ্বে, (২৬) হলুমান মন্দির—অসিকুণ্ড ঘাটের উপর, (২৭) মহাকালেশ্বর মহাদেব—সন্ত ঘাটের উপর, (২৮) মদনমোহনজী—স্বামীঘাটে তৌরের উপর, (শ্রীযমুনা) (২৯) রাণীবালা মন্দির—স্বামী ঘাটের উপর, (৩০) বিহারীজী মন্দির—স্বামীঘাটের বাজারে বিরাজিত, (৩১) শ্রীগোবিধন নাথজী মন্দির—স্বামী ঘাটের উপর, বিহারীজী মন্দিরের সামনে, (৩২) গোবিন্দদেব মন্দির—চূড়ী গলীতে (৩৩) মহালক্ষ্মী মন্দির—চূড়ী গলীর সামনে মুখ্য বাজারে, (৩৪) কংসেশ্বর মহাদেব—কংস টীলার উপর, সবচেয়ে প্রাচীন মন্দির, (৩৫) কালভৈরব মন্দির—কংসটীলার উপর, কংসেশ্বর মহাদেবের নিকট, (৩৬) গোপীনাথজী—ডোরী বাজারে মুখ্য সড়কের পার্শ্বে, (৩৭) সৌতারাম—ধোয়া মণ্ডী মুখ্য সড়কের পার্শ্বে, (৩৮) দাউজী মহারাজ—চৌক বাজারে রামদাস মোরী এবং চৌরাহের উপর, (৩৯) মথুরানাথজী—গলী গুস্তাইয়ান দাউজী মন্দিরের আগে, (৪০) শ্রীনাথজী—কাবুলী মহারাজের হাবেলীতে যাহা পাটিয়া বলে, (৪১) কিশোরী রমণ—গুড়হাই বাজারে মুখ্য সড়কের পার্শ্বে, (৪২) এবং প্রাণদো দেহ—বাটীবলী কুঞ্জে, বৃন্দাবন দরজায়, (৪৩) গীতা মন্দির—মথুরা-বৃন্দাবন রাস্তার পার্শ্বে, ইহাকে বিড়লা মন্দির বলে, (৪৪) দেবকী বস্তুদেব ও কেশবদেব মন্দির—ইহা প্রাচীন মন্দির, পোতরা কুণ্ড থেকে আগে, (৪৫) শ্রীকৃষ্ণ জন্মভূমি—ডীগ দরজায়, পোতরা কুণ্ডের উপর, (৪৬) গঙ্গেশ্বর মহাদেব—শ্রীকৃষ্ণ জন্মভূমির দক্ষিণে, (৪৭) ভূতেশ্বর মহাদেব—গোবর্কন রাস্তার পার্শ্বে, পরিক্রমা মার্গে, (৪৮) জৈন মন্দির—চৌরাসীর উপর, কুফওনগর থেকে আগে, (৪৯) গোকৰ্ণ মহাদেব—আকাশবাণীর নিকটে, বৃন্দাবন রাস্তার পার্শ্বে, (৫০) গায়ত্রী তপোভূমি—আকাশবাণী থেকে আগে বৃন্দাবন রাস্তার পার্শ্বে, (৫১) তীলকঠেশ্বর—আকাশবাণীর নিকটে, (৫২) চামুণ্ডাদেবী—গায়ত্রী তপোভূমির সামনে, পরিক্রমা রাস্তার পার্শ্বে, (৫৩) মহাবিদ্যা দেবী—পরিক্রমা রাস্তায়, রামলীলা ময়দানের পার্শ্বে, (৫৪) চিত্রগুণ মন্দির—ভরতপুর দরজার পার্শ্বে, জংশন মার্গ ইত্যাদি।

মথুরায় অবস্থিত টীলা

- (ক) ক্রুবটীলা, (খ) ঋষিটীলা, (গ) কলিযুগ টীলা, (ঘ) বলিটীলা (ঙ) কংসটীলা, (চ) রঞ্জক-বধ টীলা, (ছ) অস্বরীম টীলা, (জ) হলুমান টীলা, (ঝ) গতশ্রম টীলা ॥

মথুরায় চারটি দরজা

হলি, ভরতপুর, ডিগ, শ্রীবৃন্দাবন ॥

মথুরায় অবস্থিত মহাদেব

শ্রীভূতেশ্বর, গোকর্ণেশ্বর, পিপলেশ্বর, রঞ্জেশ্বর, গল্তেশ্বর, কালিন্দীশ্বর, সোমেশ্বর, রামেশ্বর,
বীরভূত ইত্যাদি ।

মথুরায় প্রসিদ্ধ কুণ্ড

শিরতাল, শ্রীবলভদ্র, পুতুরা, মহাবিহার, সরস্বতীকুণ্ড ইত্যাদি ।

শ্রীমথুরা মাহাআশ্চ

—ঃ তথাহি শ্রীআদিবরাহে দৃষ্ট হয় —

সূর্যোদয়ে তমো নশ্যেৎ যথা বজ্রভয়ান্বগাঃ । তাঙ্ক্ষ্যঃ দৃষ্ট্বা যথা সর্পা মেঘা বাতহতা ইব ॥

তত্ত্বজ্ঞানাদ্যথা ছুঁথং সিংহং দৃষ্ট্বা যথা মৃগাঃ । তথা পাপানি নশ্যন্তি মথুরাদর্শনাং ক্ষণাং ॥

অনুবাদঃ—সূর্যোদয়ে অঙ্ককার যেকপ বিনষ্ট হয়, বজ্রপাত তয়ে পর্বত যেরূপ বিনাশপ্রাপ্ত হয়,
গরুড় দর্শনে সর্পকুল ও পবনভাড়িত মেঘ যেরূপ অদৃশ্য হয়, তত্ত্বজ্ঞান হইলে যেরূপ ছুঁথ নাশ পায় এবং
সিংহ দেখিয়া মৃগগণ যেরূপ নষ্ট হয়, তদ্রূপ শ্রীমথুরাদর্শনে ক্ষণকালে পাপসকল ধ্বংস প্রাপ্ত হইয়া থাকে ।

বিংশতিদ্বিজনানান্ত মাথুরং মম মণ্ডলম् । পদে পদেহস্থয়েবীয়ং পুণ্যং নাত্র বিচারণম্ ॥

তীর্থে চৈব গৃহে বাপি চতুরে পথি চৈব হি । যত্র তত্র মৃতা দেবি মুক্তিং যান্তি ন চাতথা ॥

অনুবাদঃ—আমার মথুরামণ্ডল বিংশতিযোজন বিস্তৃত । এই মণ্ডল মধ্যে প্রতিপদক্ষেপে অস্থ-
মেধ যস্তের পুণ্য লাভ হয় এ বিষয়ে তর্কের অবকাশ নাই । হে দেবী ! মথুরাধামে পুণ্যস্থানাদিতে-
গৃহে, চহরে (চুতারায়), পথে—যে কোন স্থানে মৃতব্যক্তি নিশ্চয়ই মুক্তি লাভ করে—অন্তর্থা হয় না ।

—ঃ তথাহি পদ্মে পাতালখণেঃ—

বছজন্মানি পাপানি সংক্ষিপ্তানি নিবন্ধনে । মথুরাপ্রভবং পাপং নশ্যতি ক্ষণমাত্রতঃ ॥

অনুবাদঃ—বছজন্ম ব্যাপিয়া অন্তর্ত্র সংক্ষিপ্ত পাপসকল মথুরায় নিবৃত্ত হইয়া যায় । আর মথুরাতে
উৎপন্ন পাপ ক্ষণমাত্রকালে বিনাশপ্রাপ্ত হয় ।

—ঃ তথাহি শ্রীগর্গ-সংহিতায়ঃ—

ক্রবঞ্জনো নাম ফলং হরেল'ভেচ্ছ়্গন্ম লভেৎ কৃষ্ণকথাফলং নরঃ ।

স্পৃশন্ম সত্তাঃ স্পৃশনজং মধোং পুরিজিভ্রংস্তলস্ত্রা দলগন্ধজং ফলম্ ॥

পশ্চন্ম হরেন্দ'শনজং ফলং স্বতো তক্ষ্যঃ চ নৈবেচ্ছভবং রমাপতেঃ ।

কুর্বন্ম ভুজাভ্যাঃ হরিসেবয়া ফলং গচ্ছন্ম লভেন্তৈর্থফলং পদে পদে ॥

রাজেন্দ্রহস্তা নিজগোত্রাত্মকী ত্রৈলোক্যহস্তাপি চ কোটিজন্মস্তু ।

রাজচ্ছণ্মু সং মথুরানিবাসতো যোগীধরাণাং গতিমাপ্তুযান্নরঃ ॥

অমুবাদঃ—মথুরার কথা বলিলে হরিনাম জপের ফল, কিছু শ্রবণ করিলে কৃষ্ণনাম শ্রবণের ফল, কিছু স্পর্শ করিলে শ্রেষ্ঠজন স্পর্শফল, কিছু আত্মাণ করিলে তুলসী আত্মাণের ফল হয়। যাহা কিছু দর্শনে হরিদর্শনের ফল এবং গমনে পদে পদে তীর্থফল হইয়া থাকে। হে রাজন্ম! তুমি শ্রবণ কর—
কোটি জন্মব্যাপী রাজহস্তা জ্ঞাতিষ্ঠাতী ও ত্রৈলোক্যহস্ত্যাকারী নরও মথুরাবাস প্রভাবে যোগেধরগণের গতি লাভ করিয়া থাকে।



শ্রীভগবানের আবিঞ্চিৎ লীলা

শ্রীনামমালা

জয় জয় রাধা মাধব—রাধা মাধব রাধে
জয় জয় রাধা মদনগোপাল—রাধা মদনগোপাল রাধে
জয় জয় রাধা গোবিন্দ রাধা গোবিন্দ রাধে
জয় জয় রাধা মদনমোহন—রাধা মদনমোহন রাধে
জয় জয় রাধা গোপীনাথ—রাধা গোপীনাথ রাধে
জয় জয় রাধা দামোদর—রাধা দামোদর রাধে
জয় জয় রাধা রাধারমণ—রাধা রাধারমণ রাধে
জয় জয় রাধা বিনোদ—রাধা বিনোদ রাধে
জয় জয় রাধা শ্যামসুন্দর—রাধা শ্যামসুন্দর রাধে
জয় জয় রাধা পিরিধারী—রাধা পিরিধারী রাধে
জয় জয় রাধা বক্ষবিহারী—রাধা বক্ষবিহারী রাধে
জয় জয় রাধা বক্ষবল্লভ—রাধা বক্ষবল্লভ রাধে
জয় জয় রাধা শ্রীনাথজী—রাধা শ্রীনাথজী রাধে মাধবেন্দ্রপুরী গোস্বামীর প্রাণধন হে।
জয় জয় রাধা কৃষ্ণচন্দ্ৰ—রাধা কৃষ্ণচন্দ্ৰ রাধে
জয়দেবের প্রাণধন হে।
মৌতানাথের প্রাণধন হে॥
কৃপ গোস্বামীর প্রাণধন হে॥
মন্তনের প্রাণধন হে॥
মধুপঙ্ক্তির প্রাণধন হে॥
জীবগোস্বামীর প্রাণধন হে॥
গোপালভট্টের প্রাণধন হে॥
লোকনাথের প্রাণধন হে॥
স্বামনন্দের প্রাণধন হে॥
দাসগোস্বামীর প্রাণধন হে॥
হরিদাস স্বামীর প্রাণধন হে॥
হরিবংশ গোস্বামীর প্রাণধন হে॥
লালাবাবুর প্রাণধন হে॥

শ্রীরাধাগোবিন্দদেবজী

শ্রীলক্ষণগোস্বামী শ্রীমন্মহাপ্রভুর আজ্ঞায় শ্রীবৃন্দাবনে আগমন করিয়া লুপ্ততীর্থ প্রকটনে ভৰ্তী হইয়া কোথাও শ্রীবিগ্রহ না দেখিয়া অন্তরে সাতিশয় চিন্তাপ্রতি হইলেন। তত্ত্ব বনে বনে ভজবাসীগণের গৃহে গৃহে ঘুরিয়া কোথাও কিছুই না দেখিয়া মুক্তকষ্টে রোদন করিতে লাগিলেন। একদিন বিষন্নচিত্তে যমুনারত্নে বসিয়া আছেন—এমন সময় জনৈক ভজবাসী আসিয়া তাহার দুখের কারণ জিজ্ঞাসা করিলে শ্রীলক্ষণপ্রভু আঠোপাঁচ বৃত্তান্ত তাহাকে খুলিয়া বলিলেন। তখন সেই কৃপালু ভজবাসী গোস্বামীপাদকে গোমাটিলায় লইয়া গিয়া বলিলেন যে—একটি উৎকৃষ্ট গাত্তী নিত্য পূর্বাঙ্গে আসিয়া এইস্থানে দুঃক্ষরণ করিয়া থাকে অতএব ইহাট শ্রীগোবিন্দস্তুল। ভজবাসী তৎপরে অপ্রকৃত হইলে শ্রীলক্ষণগোস্বামী শ্রীভজবাসী-গণকে আনয়ন করাইয়া স্থানটি খনন করাইলে শ্রীগোবিন্দদেব প্রকটিত হইলেন।

দাক্ষিণাত্যবাসী রাধানগর ও আমের বৃহস্পতি নামে উকৈকে ভ্রান্তিরাধাৱাণীৰ বিগ্রহকে স্বীয়-
কণ্যাভাবে সেবা কৰিতেছিলেন। ভ্রান্তিৰ অপ্রকটে গ্রামবাসীগণ শ্রীমতীৱাধাৱাণীৰ সেবা কৰিতে
লাগিলেন। শ্রীমৎকপগোৰূম্বামী কৰ্ত্ত'ক শ্রীগোবিন্দদেব প্রকটিত হইলে শ্রীগদাধৰ পশ্চিত প্রভুৰ শিষ্য
ও রাজা প্রতাপকুন্দেৰ পুত্ৰকে রাত্ৰিকালে স্থপথোগে শ্রীমতীৱাধাৱাণী বলিলেন যে—‘আমাৰ প্ৰাণনাথ শ্রীমত-
নন্দন ব্ৰজে প্রকটিত হইয়াছেন—অতএব আমাকে শীঘ্ৰই ব্ৰজে প্ৰেৰণ কৰ।’ রাজপুত্ৰ হৃষ্মামুসারে শ্রী-
গদাধৰ পশ্চিতেৰ ছুইজন শিষ্য দ্বাৰা শ্রীমতীৱাধাৱাণীকে পথে পথে সেবা কৰাইয়া ব্ৰজে আনয়ন কৰিয়া
শ্রীগোবিন্দদেবেৰ বামপাখে ‘বিজয়ী কৰাইলেন।

শ্রীলকপগোৰূম্বামীৰ সময়ে ঠাকুৱ একখানি ঝোপ-ঘাড়ে বিৱাজিত ছিলেন। তৎপৰে শ্রীঘূনাথ
ভট্ট গোৰূম্বামীৰ শিষ্য মানসিংহ কৰ্ত্ত'ক ১৫৯০ খ্রীঃ লালপাথৰ শ্রীগোবিন্দদেবেৰ মন্দিৰ নিৰ্মাণ কৰিয়া
দিয়াছিলেন। কালাপাহাড়েৰ উৎপাত আশক্ষায় শ্রীৱাধাগোবিন্দদেবজী জয়পুৱে স্থানান্তৰীত হইয়াছেন।
বৰ্তমানে শ্রীলকপগোৰূম্বামী কৰ্ত্ত'ক প্ৰতিষ্ঠিত শ্রীগোবিন্দদেবজী জয়পুৱে বিৱাজিত।

শ্রীৱাধাগোপীনাথজীউ

—ঃ তথাহি শ্রীভক্তিৱত্ত্বাকৰ হইতে :—

পৰমামন্দ ভট্টাচাৰ্য মহাশয়। শ্রীমধুপশ্চিত অতি গুণেৰ আলয় ॥

দেঁহাপ্ৰেমাধীন কৃষ্ণ ব্ৰজেন্দ্ৰকুমাৰ। পৰমদুৰ্গম চেষ্টা, কহি সাধ্য কা'ৰ ॥

বংশীবট- নিকট পৰম রম্য হয়। তথা গোপীনাথ মহাৰঞ্জে বিলসয় ॥

—ঃ তথাহি শ্রীসাধনদীপিকায়ামঃ :—

যষ্টেন সুপ্ৰকটিতো গোপীনাথো দয়ামুধিঃ। বংশীবটত্ত্বে শ্রীমদ্যমনোপত্তে শুভে ॥

অনুবাদঃ—শ্রীযমুনাৰ উপতটিষ্ঠ মনোহারী বংশীবটত্ত্বে দয়াৰ সাগৱ গোপীনাথ মধুপশ্চিত—
কৰ্ত্ত'ক প্ৰকটিত হইয়াছেন।

শ্রীমদনমোহনে দেখিয়া কৃষ্ণদাস। তুমে পড়ি' প্ৰগময়ে ছাড়ি' দীৰ্ঘধাৰ ॥

অকস্মাৎ দৰ্শন দিলেন কৃপা কৰি। শ্রীমধুপশ্চিত হৈলা সেবা-অধিকাৰী ॥

শ্রীপৰমামন্দ ভট্টাচাৰ্য মহাশয়। মধুপশ্চিতে তা'ৰ স্নেহ অতিশয় ॥

শ্রীবন্দ্বাবন মাহাত্ম হইতে—শ্রীপাদমধুপশ্চিত গোৰূম্বামীৰ প্ৰেমে প্ৰসন্ন হইয়া শ্রীগোপীনাথজীউ বংশী-
বটেৰ নিকট হইতে প্ৰকট হইয়াছিলেন। শ্রীপাদমধুপশ্চিত গোৰূম্বামী শ্রীবন্দ্বাবনে আসিয়া শ্রীকৃষ্ণ দৰ্শন
লালসায় অত্যন্ত বাঁকুল হইয়া বনে বনে যমুনাতীৰে তাঁহার অৰ্পণ কৰিতেছিলেন। কিন্তু কোথাও প্ৰাণ-
বললভ শ্ৰীকৃষ্ণেৰ দৰ্শন না পাইয়া অত্যন্ত শোকাকুলতা বশতঃ নানা প্ৰকাৰ বিলাপ কৰতঃ রোদন কৰিতে
লাগিলেন। শ্রীকৃষ্ণ দৰ্শন লালসায় তাঁহার উৎকৰ্ষ বলবতী হইয়া উঠিল। বিৱহে অনাহাৰে বংশীবটেৰ
নিম্নে মুৰ্ছিত অবস্থায় পড়িয়া আছেন। এমন সময় ভক্তবৎসল শ্রীভগবান্ ভক্তদুঃখে কাতৰ হইয়া নবজলধৰ

গোপীনাথ স্বরূপে স্বপ্নে দর্শন দিয়া বলিলেন—আমি বংশীরট মূলদেশে মুক্তিকা গর্তে আছি, আমাকে উত্তোলন করিয়া সেবা কর। পশ্চিত গোস্বামী স্বপ্ন দর্শনে পরমানন্দিত হইয়া শ্রীগোপীনাথজীউকে বংশী-বটের মূলদেশের ভূগর্ভ হইতে উত্তোলন করিয়া অভিষেকাদি ক্রমে পর্ণ কুটীরে স্থাপনা করিয়া সেবা করিতে লাগিলেন।

শ্রীমতী জাহবা মাতাকে শ্রীগোপীনাথের পাশ্চ' বিগ্রহরূপে সেবা স্থাপনের কারণ—শ্রীমতী-জাহবা মাতা যখন শ্রীরামাই প্রভু ও শ্রীউক্তারণ ঠাকুরকে সঙ্গে লইয়া শ্রীবৃন্দাবনে আগমন করিয়াছিলেন তখন শ্রীরামাই প্রভুর অমুমোদনে শ্রীমতী জাহবামাতা ভক্তবৃন্দ সঙ্গে করিয়া কাম্যবনে যাত্রা করিলেন।

— : তথাহি শ্রীমুরলীবিলাসে :—

প্রভাতে উঠিয়া সবে প্রাতঃস্নান করি, কাম্যবনে যাত্রা কৈলা বলি হরি হরি।

শ্রীরূপ সমাতন ভট্ট রঘুনাথ, শ্রীগোপাল ভট্ট আদি ভক্তগণ সাথ।

সবে মিলি চলি চলি আইল কাম্যবন, গোপীনাথ শ্রীমন্দিরে করিলা গমন।

ভোগ নাহি লাগে মাত্র পূজার সময়, মাধব আচার্য দেখি আনন্দ হৃদয়।

সমাদরে করি তেঁহ চরণ বন্দন, যথাঘোগ্য সর্বাকারে দিলেন আসন।

শৃঙ্খল আরতি কালে আরতি বাজিলা, দ্বাৱ হতে শ্রীজাহবা দর্শন করিলা।

স্তুব স্তুতি কৈলা সবে দেখি গোপীনাথ, প্রেমাবেশে পুনঃপুনঃ কৈলা প্রাণিপাত।

জাহবা কহেন মৃগ্রি আপনার হাতে, পাক করি ভোগ লাগাব গোপীনাথে।

এত শুনি পাক আয়োজন করি দিলা, অবিলম্বে নানাবিধি রক্ষন করিলা।

ভোগ লাগাইলা দিব্য সঙ্গেহ বচনে, গোপীনাথ দেব প্রীতে কৈলা আস্বাদনে।

জল পান করাইয়া দিলা আচমন, যতনে গোস্বামী সবে করিলা ভোজন।

শেষে কিছুমাত্র দেবী করিলা ভোজন, অবশেষ পাত্র রাম করিলা গ্রহণ।

দিবা অবশেষে সন্ধ্যা আসি উপস্থিত, ভূমি কোকিলে গান করে স্তুলিত।

নানা পক্ষী কলরব শুনিতে কধুর, নানা পুষ্প গন্ধামোদে তরে ব্রজপুর।

নানা বর্ণ গাভী সব হাস্তা রবে গায়, ঝুতুমতী গাভী লাগি বৃষ্যুদ্ধ তায়।

জলদে বিজরী যেন বেড়িল সুন্দর, নীলমণি বেড়ে যেন চন্দ্ৰ সুধাকর।

প্রদক্ষিণ করি দেবী সম্মুখে দাঁড়লো, মল্লিকা মালতী মালা গলে পরাইলা।

মন্দির বাহিরে তবে আসিবার কালে, আকর্ষিলঃ গোপীনাথ ধরিয়া অঞ্চলে।

বসনে ধরিতে তিনি উলঠি চাহিলা, হাসি গোপীনাথ নিজ নিকটে লইলা।

এই ত কহিমু গোপীনাথ দরশন, শ্রীমতীর কৈলা যৈছে বন্ধু আকর্ষণ।

শ্রদ্ধাযুক্ত হয়ে যেবা শুনে এই লীলা, কৃষ্ণপ্রেমে ভাসে তাঁরে মিলে ভবতেলা।

সেই সময় হইতে শ্রীমতী জাহবা মাতার মুর্তি শ্রীগোপীনাথের পাশ্চ' বিগ্রহরূপে পূজাসেবা হইতেছেন।

শ্রীরাধামদনমোহনদেবজী

শ্রীবৃন্দাবনে পূর্বকালে প্রায় গ্রাহস্ত আশ্রমী লোকের বাস ছিল না, কেবল নিবিড় অরণ্যেই পূর্ণ ছিল। তজ্জ্ঞ শ্রীপাদ সনাতন গোষ্ঠামী প্রত্যহ ভিক্ষার জন্য অর্থাৎ আহার্যের নিমিত্ত মথুরাতে গমন করিতেন। তিনি একদিন মাধুকরী করিতে গিয়া কোন এক চৌবের গৃহে শ্রীমদনমোহনকে দর্শন করিয়া অত্যন্ত আনন্দিত হইয়াছিলেন। সেইজ্ঞ প্রতিদিন মথুরায় গমন করিয়া প্রথমে শ্রীমদনমোহনজীউকে দর্শন ও তদনন্তর মাধুকরী করিতেন। চৌবের রমণী নিজ পবিত্রতার প্রতি লক্ষ্য না রাখিয়া প্রেমের সহিত শ্রীমদনমোহনজীউকে সেবা করিতেন। সেইজ্ঞ তিনি সেই রমণীকে একটু পবিত্রতার সহিত সেবা করিতে আদেশ করিলেন। পরদিন শ্রীসনাতন গোষ্ঠামী চৌবের গৃহে আগমন করিয়া দেখিলেন যে—শ্রীমদনমোহন চৌবের বালকের সহিত একত্রে বসিয়া ভোজন করিতেছেন এবং বালক স্বভাব চাঁপল্য দোষবশতঃ ঘেঁকপ গোলমাল করিয়া থাকে শ্রীমদন মোহন ও বালকগণের সহিত তাহাই করিতেছেন। তখন শ্রীসনাতন গোষ্ঠামী আশ্চার্যান্বিত হইয়া চৌবের স্ত্রীকে প্রণাম ও বহুবিধ স্নতি করিতে করিতে আপনাকে অপরাধী জ্ঞানে ধীকার দিতে লাগিলেন।

সেইদিন রাত্রে স্বপ্নে শ্রীমদনমোহনদেবজী শ্রীসনাতন গোষ্ঠামীকে বলিলেন যে—তুমি আমাকে মথুরা হইতে আনয়ন করিয়া জল তুলসী দ্বারা সেবা কর। এইদিকে চৌবের স্ত্রীকেও স্বপ্নে বলিলেন যে—তুমি আমাকে শ্রীসনাতনের হস্তে সমর্পণ কর। পরদিন শ্রীসনাতন গোষ্ঠামী মথুরাতে গমন করিয়া চৌবের রমণীকে নিজ স্বপ্নের কথা প্রকাশ করিলেন। চৌবের স্ত্রীও তাহাকে নিজ স্বপ্নের বিবরণ জানাইলেন এবং শ্রীমদনমোহনজীউকে শ্রীসনাতনের হস্তে সমর্পণ করিলেন। তিনি শ্রীবৃন্দাবনে আদিত্যচীলায় আনয়ন করিয়া একখানি কুড়ে ঘরে স্থাপন করিলেন। রোজ তিনি শ্রীমদনমোহনজীউকে অলবণে বন্ধুশাক ও অঙ্গীরাফ অর্পণ করিতেন। একদিন গোষ্ঠামীপাদকে ঠাকুর বলিলেন যে ‘একটু লবন দাও’। ততুত্ত্বে শ্রীসনাতন গোষ্ঠামী বলিলেন যে—আমি উদাসী, তুমি কোনদিন লবণ, কোনদিন চিনি ইত্যাদি চাইলে কোথা হইতে আনয়ন করিব। ততুত্ত্বে শ্রীমদনমোহনজীউ বলিলেন যে—‘আমি যদি কোন উপায়ে তাহার ব্যাবস্থা করিতে পারি তাহাতে তোমার কোন আপত্তি থাকিবে কি?’ তখন শ্রীসনাতন গোষ্ঠামী বলিলেন যে—তুমি যদি তাহার ব্যাবস্থা করিয়া দাও তবে আমি রসইয়াদি করিয়া দিব। সেই অনুসারে শ্রীমদনমোহনজীউ অমৃত শহরের কোন এক সদাগরের একখানি পণ্য দ্রব্য বোঝাই নোকা শ্রীবৃন্দাবনের দ্বাদশান্তিতা চীলার পার্শ্বে যমুনার চড়ায় আবদ্ধ করাইলেন এবং শ্রীপাদ সনাতন গোষ্ঠামীর কৃপায় তাহা মুক্ত করাইলেন। ভক্ত শ্রেষ্ঠ বণিক সেই দ্রব্য মথুরার বাজারে বিক্রি করিয়া সমস্ত পয়সা দ্বারা শ্রীমদনমোহনের মন্দির ও সেবাকার্যে নিযুক্ত করিলেন।

পুরুষোত্তম জানা শ্রীগোবিন্দ ও শ্রীমদনমোহনের জন্য দ্বাই মুর্তি রাধা-বিগ্রহ শ্রীবৃন্দাবনে প্রেরণ করিয়াছিলেন। কিন্তু শ্রীমদনমোহনের সেবাধিকারীকে ঠাকুর স্বপ্নে জানাইলেন যে—‘ডড় মুর্তিখানি শ্রীমতীললিতাসংগী এবং হোটযুর্টিখানি শ্রীমতীরাধাৱাণী।’ সেইজ্ঞ শ্রীমদনমোহনের বামপাশে

শ্রীমতীরাধারাণী এবং দক্ষিণপাঞ্চে' শ্রীলিতাসূচীকে স্থাপন করিয়াছিলেন। কালাপাহার শ্রীবন্দ্বাবনে ঠাকুর মন্দিরের উপর উৎপাত করিবেন মনে করিয়া পূর্বেই জয়পুরের রাজা জয়সিংহ শ্রীভগবৎ প্রেরণায় প্রেরিত হইয়া শ্রীমদনমোহনদেবজীটিকে গাড়ীয়োগে আপনার রাজধানীতে আনয়ন করিয়াছিলেন। কিন্তু পথিমধ্যে করলী নামক স্থানে শ্রীমদনমোহনের গাড়ী অচল হইয়া যায়। বহু চেষ্টার সঙ্গেও গাড়ী অগ্রে চালাইতে অক্ষম হইয়া সকলেই শ্রীমদনমোহনের অভিপ্রায় অবগত হইলেন। সেইজন্য জয়পুরের রাজা করলীতে মন্দির প্রতিষ্ঠা করিয়া, শ্রীমদনমোহনের সেবাকার্য গ্রহণ করাইয়াছিলেন।

শ্রীজগন্নাথদেবজীটি

শ্রীজগন্নাথদেবের উৎপত্তি সম্বন্ধে—

প্রথমকারণ

দ্বারকায় শ্রীকৃষ্ণের ঘোলহাজার মহিয়ৈ ছিলেন। সেইস্থানে তাহাদের সহিত অবস্থান কালে একদিন রাত্রে শ্রীকৃষ্ণ “হা রাধে হা রাধে” বলিয়া কাঁদিতে লাগিলেন। ক্রমন্বয়ে দেখিয়া রুক্ষিণী সত্যভামা সকলেই বিস্তৃত হইয়াছিলেন এবং তৎকারণ বুবিবার জন্য রোহিণী মাতাকে জিজ্ঞাসা করিলেন, তাহারা জানিতেন যে রোহিণী মাতা পূর্বে শ্রীবন্দ্বাবনে ছিলেন অতএব মাতা ভিন্ন কেহই ইহার উত্তর দিতে পারিবেন না। মাতা রোহিণী তাহাদের বাক্যানুসারে বলিলেন যে—যদিও আমি শ্রীরজলীলার কথা অবগত আচি তথাপি জননী হইয়া পুত্রের গুপ্তলীলা প্রকাশ করিতে পারিতেছি না। শ্রীরামকৃষ্ণের রাসাদি লীলাকথা বলিতে থাকিলে যদি তাহারা আসিয়া শুনিতে পায় তবে আমার আর লজ্জার সৌম্য থাকিবে না। মহিষীগণের উৎকর্ষ অনুসারে সুভদ্রাদেবীকে দ্বারের দ্বারী রাখিয়া দ্বরজা বন্ধ করাইলেন এবং ভিতরে শ্রীরামকৃষ্ণের লীলাকথা প্রকাশ করিতে লাগিলেন।

মাতা রোহিণী শ্রীকৃষ্ণের লীলাকথা আরম্ভ করিলে দুইভাই রাজসভা হইতে চক্ষন হইয়া অন্তঃপুরের দিকে ছুটিয়া চলিলেন, কারণ যে স্থানে শ্রীকৃষ্ণলীলাগুণের কথা আলেচনা হইবে সেই স্থানে সর্ববদ্ধাই শ্রীকৃষ্ণ সর্বকর্ম ত্যাগ করিয়া অবস্থান করেন। শ্রীরামকৃষ্ণ অন্তঃপুরের দিকে রওনা হইলে সুভদ্রাদেবী বাধা দিলেন। সুভদ্রাদেবীর বাধা অনুসারে উভয়ে দরজার বাহিরে দণ্ডায়মান হইয়া মাতা রোহিণীদেবীর কথোপকথন শুনিতে লাগিলেন।

প্রথমত :—শ্রীকৃষ্ণের রাসলীলা কথা আরম্ভ করিলে শুনিতে শুনিতে তিনজনের শ্রীঅঙ্গেই অন্তু প্রেমাধিকার লক্ষণ সকল দৃষ্ট হইতে লাগিল।

দ্বিতীয়ত :—শ্রীমতীরাধারাণীর প্রেমবৈচিত্রের বর্ণন আরম্ভ হইলে শ্রীবলরামের হস্তপদ ক্রমশঃ সঙ্কুচিত হইতে লাগিল।

তৃতীয়ত :—শ্রীমতীরাধারাণীর বিলাস বর্ণন আরম্ভ হইলে শ্রীকৃষ্ণের হস্তপদ ক্রমশঃ সঙ্কুচিত হইতে লাগিল। এইভাবে শ্রীমতীসুভদ্রাদেবীরও হস্তপদ সঙ্কুচিত হইয়া একেবারে নিশ্চল হইয়া পড়িল।

লীলা কথা শ্রবণ করিয়া সৃদর্শন চক্র গলিয়া লম্হিত ভাবে শ্রীকৃষ্ণের পাখে' অবস্থান করিতে লাগিল। এমন সময় দেবৰ্ষি নারদ সেই স্থানে আগমন করিয়া দূর হইতে তাহাদের এইরূপ অবস্থা অবলোকন করিয়া আশচর্যাবিত হইলেন।

চতুর্থতঃ—রোহিণীমাতা শ্রীমতীরাধাৱাণীৰ বিৱহ দশা বৰ্ণন আৱস্থ কৱিলে সকলেৰ পূৰ্ববৎ দেহ ফিৱিয়া আসিল। তখন শ্রীকৃষ্ণ দেবৰ্ষি নারদকে দেখিতে পাইলেন। নারদ ঝৰি শ্রীকৃষ্ণকে কৱজোৱে বলিতে লাগিলেন যে—আপনাদেৱ পূৰ্ব মূহৰ্তে' যে অপূৰ্ব ভাববিকাৰাবস্থা দেখিতে পাইয়াছি, তাহার কৃপাপূৰ্বক প্ৰকাশ কৱন। তখন শ্রীকৃষ্ণ নারদ ঝৰিকে বলিতে লাগিলেন যে—মাতা রোহিণী অন্তঃপুৱে মহিমাগণেৱ নিকট ব্ৰজলীলা কথা আলোচনা কৱিতেছিলেন। সেই সকল রাসাদি লীলাকথা শ্রবণ কৱিয়া আমাদেৱ ঈকুপ ঘৰস্থা প্ৰাপ্ত হইয়াছিল। নারদ ঝৰি বলিলেন যে—প্ৰভু আমাকে এইরূপ একটি বৰদান কৱন যাহাতে আপনাদেৱ চাৰিজনেৱ ঈ অপৰূপ রূপটি জগতে প্ৰকাশিত হয়। নারদ ঝৰিৰ বাক্যানুসারে শ্ৰীজগন্নাথ, শ্ৰীবলৱাম, শ্রীমতীমুভদ্রাদেবী ও সৃদৰ্শনচক্ৰ জগতে প্ৰকাশিত হইয়াছে। শ্ৰীমতীমুভদ্রাদেবীৰ বামপাখে শ্ৰীজগন্নাথদেবজী, দক্ষিণপাখে' শ্ৰীবলৱামজী অবস্থান পূৰ্বক লীলাকথা শ্রবণ কৱিয়াছিলেন, সেইজন্ত শ্ৰীমতীমুভদ্রাদেবীৰ বামপাখে শ্ৰীজগন্নাথদেবজী, দক্ষিণপাখে শ্ৰীবলৱাম-দেবজী ও নীচে সৃদৰ্শনচক্ৰ জগতে বিগলিত ঘূৰ্ণিঙ্গপে প্ৰকাশিত।

দ্বিতীয়কাৱণ

শ্ৰীব্ৰহ্মাৰ প্ৰথম পৰাবৰ্ত্তী শ্ৰীচতুৰ্বৰ্ষ ভগবান् শ্ৰীনীলমাধব মুন্তিৰকপে শজাক্ষেত্ৰ নীলাচলে পতিত নীচকে কৃপাবিতৰণার্থ অবতীৰ্ণ হ'ন। দ্বিতীয়পৰাবৰ্ত্তী মহু-সন্ধি একযুগ গত হইলে সত্যযুগ আৱস্থ হয়। সেই সময় শ্ৰীইন্দ্ৰহায় নামে সূৰ্যবংশীয় এক পৱন বিষ্ণুভক্ত রাজা মালবদেশেৱ অবস্থানগৰীতে রাজকুল কৱিতেন। তিনি শ্ৰীভগবানেৱ সাক্ষাৎকাৱ লাভ কৱিবাৰ জন্ম অতাপ্ত ব্যাকুল হইয়াছিলেন। ভগবৎ প্ৰেৰিত কোন এক বৈষ্ণব তখন শ্ৰীইন্দ্ৰহায়েৱ রাজসভায় উপস্থিত হইয়া কথা প্ৰসঙ্গে শ্ৰীনীলমাধবেৱ কথা জ্ঞাপন কৱিলেন। রাজা এইসংবাদ প্ৰাপ্ত হইয়া বিভিন্ন দিকে বিভিন্ন ভাঙ্গণকে শ্ৰীনীলমাধবেৱ অনুসন্ধানে প্ৰেৰণ কৱিলেন। সকলেই বিফল মনোৱাথ হইয়া রাজধানীতে প্ৰত্যাবৰ্তন কৱিলেন। একমাত্ৰ রাজপুরোহিত শ্ৰীবিদ্যাপতি বহুস্থান ভ্ৰমণ কৱিতে কৱিতে 'শবৰ' নামক একটি অনায় জাতীয় দেশে উপস্থিত হইলেন। সেই শবৰ-পঞ্জীতে উপনীত হইয়া তিনি 'বিশ্বাবস্থ' নামক এক শবৱেৱ গৃহে আশ্ৰয় গ্ৰহণ কৱিলেন এবং তথায় গৃহস্থামীৰ 'ললিতা' নামী একটি কুমাৰী কন্থাকে একাকিনী দেখিতে পাইলেন। কিছুক্ষণ পৱে গৃহস্থামী শবৰ গৃহে প্ৰত্যাবৰ্তনপূৰ্বক সেই ব্ৰাহ্মণ অতিথিৰ সেবা কৱিবাৰ জন্ম কন্থাকে আদেশ কৱিলেন। তৎপৱে শবৱেৱ বিশেষ অনুৱোধে বিষ্ঠাপতি তাহার কন্যাৰ পাণিগ্ৰহণ কৱেন।

বিষ্ঠাপতি দেখিতে পাইলেন, উক্ত শবৰ প্ৰত্যাহ রাত্ৰিতে বাহিৱে চলিয়া যান এবং তৎপৱদিবস

ମଧ୍ୟାହ୍ନେ ଗୁହେ ପ୍ରତ୍ୟାୟର୍ଥନ କରେନ, ତଥନ ଶବରେର ଶରୀରେ କର୍ପୂର, କଷ୍ଟରୀ, ଚନ୍ଦନାଦିରଗଢ଼ ପାଓୟା ଯାଯା । ବିଦ୍ୟାପତି ତାହାର ପତ୍ନୀ ଲଲିତାମନ୍ଦରୀକେ ଇହାର କାରଣ ଜିଜ୍ଞାସା କରିଲେ ଲଲିତା ଜାନାଇଲେନ ଯେ, ତାହାର ପିତା ପ୍ରତ୍ୟାହ ଶ୍ରୀନୀଲମାଧବେର ପୂଜାର୍ଥେ ଅନ୍ତର୍ଗ୍ରହ ଗମନ କରେନ ।

ଏତଦିନ ପରେ ଶ୍ରୀନୀଲମାଧବେର ସନ୍ଧାନ ପାଇୟା ବିଦ୍ୟାପତିର ଆନନ୍ଦେର ସୀମା ଥାକିଲା ନା । ଶବରେ ଆଦେଶ ଲଜ୍ଜମ କରିଯାଇ ଲଲିତା ପତିକେ ଶ୍ରୀନୀଲମାଧବେର କଥା ଜାନାଇଯାଇଲେନ । ବିଦ୍ୟାପତି ଶ୍ରୀନୀଲମାଧବେର ଦର୍ଶନ ପ୍ରାପ୍ତିର ଜୟ ଅତ୍ୟନ୍ତ ବ୍ୟାକୁଳ ହଇୟା ଉଠିଲେନ । ଅବଶ୍ୟେ ଏକଦିନ କନ୍ତାର ବିଶେଷ ପ୍ରାର୍ଥନାଯ ବିଶ୍ୱାବସ୍ତୁ ବିଦ୍ୟାପତିର ଚକ୍ରବନ୍ଧନ କରିଯା ତାହାକେ ଶ୍ରୀନୀଲମାଧବେର ଦର୍ଶନାର୍ଥ ଲାଇୟା ଗେଲେନ । ବିଶ୍ୱାବସ୍ତୁର କନ୍ତା ସ୍ଵାମୀର ବସ୍ତା-ପ୍ଲେ କତକଗୁଲି ସର୍ପ ବାଧିଯା ଦିଯାଇଲେନ । ବିଦ୍ୟାପତି ପଥେ ଐଣ୍ଟଲି ନିକ୍ଷେପ କରିତେ କରିତେ ଚଲିତେ ଲାଗିଲେନ । ସଥନ ବିଦ୍ୟାପତି ଶ୍ରୀନୀଲମାଧବେର ମୟୁଖେ ଉପଚିତ ହଟିଲେନ, ତଥନ ଶବର ବିଦ୍ୟାପତିର ଚକ୍ରବ ବନ୍ଧନ ଉନ୍ମୋଚନ କରିଯା ଦିଲେନ । ବିଦ୍ୟାପତି ଶ୍ରୀନୀଲମାଧବେର ଅପୂର୍ବ ଶ୍ରୀମନ୍ତି ଦର୍ଶନ ପୂର୍ବକ ଆନନ୍ଦେ ହୃତା ଓ ଶ୍ଵର କରିତେ ଲାଗିଲେନ । ଶବର ବିଦ୍ୟାପତିକେ ଶ୍ରୀନୀଲମାଧବେର ନିକଟେ ରାଖିଯା କନ୍ଦ-ମୂଳ ଓ ବନପୃଷ୍ଠାଦି ପୂଜୋପକରଣ ଆହରଣାର୍ଥ ଅନ୍ତର୍ଗ୍ରହ ଗମନ କରିଲେନ । ଇତ୍ୟବସରେ ବ୍ରାହ୍ମଣ ଦେଖିଲେନ, ଏକଟି ଶୁଦ୍ଧ କାକ ନିକଟଙ୍କୁ ଏକଟି କୁଣ୍ଡ ପତିତ ହଇବାମାତ୍ର ପ୍ରାଣ ତାଗ କରିଲ ଏବଂ ଚତୁର୍ଭୁଜ ମୃଣି ଧାରଣ ପୂର୍ବକ (ସାରପାୟ ଲାଭ କରିଯା) ବୈକୁଞ୍ଜେ ଗମନ କରିଲ । ଇହ ଦେଖିତେ ପାଇୟା ମେହି ବ୍ରାହ୍ମଣ ଓ ମେହି ବୃକ୍ଷେ ଆରୋହଣ ପୂର୍ବକ ଉତ୍ତର କୁଣ୍ଡ ପତିତ ହଇୟା ପ୍ରାଣ-ବିସର୍ଜନେର ଚେଷ୍ଟା କରିଲେନ । ଏମନ ସମୟ ଏଇରୂପ ଏକଟି ଆକାଶବାଣୀ ହଇଲ—“ହେ ବ୍ରାହ୍ମଣ ! ତୁ ମି ଯେ ଶ୍ରୀନୀଲମାଧବେର ଦର୍ଶନ ପାଇୟାଇ, ତାହା ସର୍ବ ପ୍ରଥମେ ଶ୍ରୀଇନ୍ଦ୍ରହ୍ୟମ ମହାରାଜକେ ଜ୍ଞାପନ କର ।”

ଶବର ବନଫୁଲ ଓ କନ୍ଦ-ମୂଳ ଆହରଣ କରିଯା ଶ୍ରୀନୀଲମାଧବେର ପୂଜା କରିତେ ଆରଣ୍ୟ କରିଲେନ, ତଥନ ଶ୍ରୀନୀଲମାଧବ ଶବରକେ ବଲିଲେନ,—“ଆମି ଏତଦିନ ତୋମାର ପ୍ରଦତ୍ତ ବନଫୁଲ ଓ ବନଫଳ ଗ୍ରହଣ କରିଯାଇଛି, ଏଥନ ଆମାର ଭକ୍ତ ଶ୍ରୀଇନ୍ଦ୍ରହ୍ୟମ ମହାରାଜେର ପ୍ରଦତ୍ତ ରାଜସେବା ଗ୍ରହଣ ଅଭିଲାଷ ହଇଯାଇ ।

ଶ୍ରୀନୀଲମାଧବେର ପୂଜା ହଇତେ ବଞ୍ଚିତ ହଇବେନ—ଭାବିଯା ଶବର ନିଜ ଜାମାତା ବିଦ୍ୟାପତିକେ ସ୍ଵଗୁହେ ଆବଳ କରିଯା ରାଖିଲେନ, ପରେ ତୁହିତାର ପୁନଃ ପୁନଃ ପ୍ରାର୍ଥନାଯ ବ୍ରାହ୍ମଣକେ ମୁକ୍ତି ଦିଲେନ । ବ୍ରାହ୍ମଣ ତଥନ ଶ୍ରୀ-ଇନ୍ଦ୍ରହ୍ୟମ ମହାରାଜେର ନିକଟେ ଉପଚିତ ହଇୟା ଶ୍ରୀନୀଲମାଧବେର ଆବିଷ୍କାରବାର୍ତ୍ତା ଜ୍ଞାପନ କରିଲେନ । ରାଜୀ ମହାନନ୍ଦେ ବଜ୍ର ଲୋକଜନ ଲାଇୟା ଶ୍ରୀନୀଲମାଧବକେ ଆନୟନ କରିବାର ଜୟ ଅଭିଯାନ କରିଲେନ । ବିଦ୍ୟାପତିର ନିକ୍ଷେପ ସର୍ପ ହଇତେ ଉତ୍ପର ଉତ୍ସିଦ୍ଧିଗୁଲି ତାହାଦେର ପଥପ୍ରଦର୍ଶକ ହଇଲ କିନ୍ତୁ ଶ୍ରୀଇନ୍ଦ୍ରହ୍ୟମ ତଥା ଶ୍ରୀନୀଲମାଧବ ବିଗ୍ରହ ଦେଖିତେ ନା ପାଇୟା ମୈତ୍ରସାମନ୍ତର୍ବାରୀ ଶବରପଣ୍ଡା ଅବରୋଧ ଓ ଶବରକେ ବନ୍ଦୀ କରିଲେନ । ତଥନ ରାଜୀର ପ୍ରତି ଆକାଶବାଣୀ ହଇଲ—“ଶବରକେ ଛାଡ଼ିଯା ଦାଁ ଓ । ନୀଳାଦ୍ଵିର ଉପର ଏକଟି ମନ୍ଦିର ନିର୍ମାଣ କର ; ତଥା ଦାରୁ-ବନ୍ଦରପେ ଆମାର ଦର୍ଶନ ପାଇବେ, ଶ୍ରୀନୀଲମାଧବ ମୃଣିତେ ତୁମି ଦର୍ଶନ ପାଇବେ ନା ।”

ଶ୍ରୀଇନ୍ଦ୍ରହ୍ୟମ ପ୍ରସ୍ତରେ ଦ୍ୱାରା ଶ୍ରୀମନ୍ଦିର ନିର୍ମାଣାର୍ଥ ‘ବଟ୍ଟଲମାଳା’ ନାମକ ସ୍ଥାନ ହଇତେ ପ୍ରସ୍ତର ଆନୟନ କରିବାର ବ୍ୟାବସ୍ଥା କରିଯା ତଥା ହଇତେ ନୀଳକନ୍ଦର ପର୍ଯ୍ୟନ୍ତ ଏକଟି ପଥ ନିର୍ମାଣ କରିଲେନ । ଏ ପଥେ ପ୍ରସ୍ତର

আনয়ন করাইয়া শঙ্খনাভিমণ্ডলে একটি মন্দির নির্মাণ করাইলেন এবং ‘রামকৃষ্ণপুর’ নামক একটি গ্রাম স্থাপন করিলেন। শ্রীমন্দির মাটির নীচে ৬০ হাত ও মাটির উপরে ১২০ হাত উচ্চ করা হইল। মন্দিরের উপর একটি কলস ও তাহার উপর একটি চক্র স্থাপিত হইল এবং মন্দিরটিকে সুবর্ণমণ্ডিত করা হইল। শ্রীইন্দ্ৰছায় মহারাজ শ্রীব্ৰহ্মার দ্বাৰা শ্রীমন্দির প্রতিষ্ঠা কৰিবাৰ অভিলাষ কৰিয়া ব্ৰহ্মলোকে উপস্থিত হইয়া ব্ৰহ্মার অপেক্ষায় বহুকাল ঘাপন কৰিলেন। এই সময়েৱে মধ্যে শ্রীইন্দ্ৰছায়ের নিৰ্মিত মন্দিৰ সমুদ্রেৰ বালুকাদ্বাৰা আবৃত হইয়া গেল। ইতিমধ্যে ‘সুৱৰ্দেব’ তৎপৱে ‘গালমাধব’ প্ৰভৃতি কয়েকজন রাজা তথায় রাজত্ব কৰিলেন। গালমাধব বালুকাভ্যন্তৰ হইতে মন্দিৰটি উদ্ধাৰ কৰিলেন। এদিকে শ্রীইন্দ্ৰছায় ব্ৰহ্মার নিকট হইতে স্বীয় রাজ্যে প্ৰত্যাবৰ্তন কৰিয়া উক্ত মন্দিৰটি তাঁহার রচিত বলিয়া দাবী কৰায় গালমাধব ঐ মন্দিৰ নিজকৃত বলিয়া জানাইলেন, কিন্তু মন্দিৰেৰ নিকটবৰ্তী কল্পবটিস্থিত ‘ভূষণি’ কাক—যিনি যুগমুগান্তৰ ধৰিয়া শ্রীরামনাম কৌৰুণ্য কৰিতে কৰিতে তথায় সমস্ত ব্যাপার দৰ্শন কৰিতেছিলেন, তিনি জানাইলেন যে, ঐ মন্দিৰটি শ্রীইন্দ্ৰছায় মহারাজ নিৰ্মাণ কৰাইয়াছেন। তাঁহার অনুপস্থিতিতে উহা বলুকায় প্ৰোথিত হইয়া পড়িয়াছিল। গালমাধব রাজা তাহা উদ্ধাৰ কৰিয়াছেন। গালমাধব সত্যেৰ অপলাপ কৰায় শ্রীইন্দ্ৰছায় সৰোবৰেৰ পশ্চিমে, শ্রীমন্দিৰেৰ বহিৰ্দেশে ব্ৰহ্মার নিদেশানুসৰে অবস্থান কৰিলেন। শ্রীইন্দ্ৰছায় শ্রীব্ৰহ্মাকে এই পৱন মুক্তিদায়ক ক্ষেত্ৰ ও শ্রীমন্দিৰ প্রতিষ্ঠা কৰিবাৰ জন্য প্ৰাৰ্থনা জ্ঞাপন কৰিলেন শ্রীব্ৰহ্মা বলিলেন—“শ্রীভগবানেৰ স্বৰূপ শক্তি দ্বাৰা প্ৰকাশিত এই শ্রীক্ষেত্ৰ ও স্বপ্রকাশ শ্রীভগবানকে প্রতিষ্ঠা কৰিবাৰ ক্ষমতা আমাৰ নাই। শ্রীজগন্নাথ ও তাঁহার শ্রীধাৰ্ম এই প্ৰপঞ্চে তদীয় কৃপায় নিষ্ঠ বিৱৰাভিত; তবে আমি এই মন্দিৰেৰ চূড়ায় একটি ধৰ্জা বন্ধন কৰিয়া দিতেছি; যাহারা দূৰ হইতে এই ধৰ্জা দৰ্শন কৰিয়া দণ্ডবৎ প্ৰণাম কৰিবেন তাঁহারা অনায়াসে মুক্তিলাভ হইবে।

শ্রীদাকুৰুক্ষুঃ— শ্রীইন্দ্ৰছায় মহারাজ শ্রীনৈলমাধবেৰ দৰ্শন না পাইয়া অনশণ ব্ৰত অবলম্বন পূৰ্বক প্ৰাণতাৰ্থেৰ শক্তি কৰিয়া কুশশয্যায় শয়ন কৰিলেন। তখন শ্রীজগন্নাথদেৰ স্বপ্নে তাঁহাকে বলিলেন—“তুমি চিষ্ঠা কৰিষ্য না, সমুদ্রেৰ বাক্ষিমাহান’ নামক স্থানে দাকুৰুক্ষুৰপে ভাসিতে ভাসিতে আমি উপস্থিত হইব।” রাজা সৈন্য সামস্ত-সহ ঐস্থানে উপস্থিত হইলেন এবং শঙ্খ চক্ৰ গদা-পদ্মাঙ্গিত শ্রীদাকুৰুক্ষুকে দৰ্শন কৰিলেন। রাজা বহু বলবান লোক হস্তী, প্ৰভৃতি নিযুক্ত কৰিয়াও সেই দাকুৰুক্ষুকে বিচলিত কৰিতে পাৰিলেন না। তখন শ্রীজগন্নাথদেৰ রাজাকে স্বপ্নে জানাইলেন—“আমাৰ পূৰ্বসেৱক বিশ্বাবস্থ—যিনি আমাৰ শ্রীনৈলমাধব স্বৰূপেৰ পূজা কৰিতেন, তাঁহাকে এখানে আনয়ন কৰ এবং একটি সুবৰ্ণ-ৰথ দাকু—অঙ্গেৰ সম্মুখে স্থাপন কৰ।

রাজা সেই স্বপ্নাদেশানুসৰে কাৰ্য্য আৱস্থা কৰিলেন। বস্তু, শবৰ আসিয়া শ্রীদাকুৰুক্ষুৰ এক-পাৰ্শ্বে ও বিদ্যাপতি ব্ৰাহ্মণ অপৰ পাৰ্শ্বে ধাৰণ কৰিলেন। তখন চতুর্দিকে সকলে হৱিসংকীৰ্তন কৰিতে লাগিলেন। রাজা শ্রীদাকুৰুক্ষুৰ শ্রীচৰণ ধাৰণ পূৰ্বক রথে আৱোহণ কৰিবাৰ জন্য প্ৰাৰ্থনা কৰিতে লাগিলেন। শ্রীদাকুৰুক্ষু রথে আৱোহণ কৰিলে রাজা তাঁহাকে নিৰ্দিষ্ট স্থানে লইয়া আসিলেন। তথায়

ଶ୍ରୀବ୍ରଦ୍ଧା! ସଜ୍ଜ ଆରଣ୍ୟ କରିଲେନ ; ଶ୍ରୀନୁସିଂହଦେବ ସଜ୍ଜ ବେଦୀତେ ଅବସ୍ଥାନ କରିଯାଛିଲେନ । କଥିତ ହସ୍ତୟ, ଯେ-ସ୍ଥାନେ ଶ୍ରୀମନ୍ଦିର ବର୍ତ୍ତମାନ, ସେଇ ସ୍ଥାନେ ଐସଜ୍ଜ ଅନୁଷ୍ଠାତ ହଇଯାଛିଲ । ମୁକ୍ତି ମଣ୍ଡପେର ସଂଲଗ୍ନ ପର୍ଶିମ ଦିକେ ଯେ ନୁସିଂହଦେବ ବିରାଜମାନ ଆଛେନ, ତିନିଇ ଉକ୍ତ “ଆଦି ନୁସିଂହଦେବ” ।

ଶ୍ରୀଇନ୍‌ଦ୍ରହ୍ୟମ ମହାରାଜ ଶ୍ରୀଦାରୁବ୍ରଦ୍ଧାକେ ଶ୍ରୀମୃତିରିପେ ପ୍ରକଟ କରିବାର ଜଣ୍ଠ ବହୁଦକ୍ଷ ଶିଳ୍ପୀଙ୍କେ ଆହ୍ଵାନ କରିଲେନ ; କିନ୍ତୁ ତାହାରା କେହିଁ ଦାରୁବ୍ରଦ୍ଧା ସ୍ପର୍ଶ ହି କରିତେ ପାରିଲ ନା, ତାହାଦେର ଅଞ୍ଚଶ୍ଚର ସମସ୍ତଟି ଖଣ୍ଡିତ — ବିଖଣ୍ଡିତ ହଇଯାଗେଲ । ଅବଶ୍ୟେ ସ୍ୟଂ ଭଗବାନ୍ ‘ଅନ୍ତର ମହାରାଗ’ ନାମେ ଆୱାପରିଚ୍ୟ ପ୍ରଦାନ ପୂର୍ବକ ଏକଟି ବୁନ୍ଦଶିଳ୍ପୀର ଛନ୍ଦବେଶେ ତଥାଯ ଉପସ୍ଥିତ ହଇଯା ୨୧ ଦିନେର ମଧ୍ୟେ ଦ୍ୱାର ରୁଦ୍ଧ କରିଯା ଶ୍ରୀବିଶ୍ରାହ ପ୍ରକଟିତ କରିବେନ, — ଏଇରୂପ ପ୍ରତିଶ୍ରୁତି ଦାନ କରିଲେନ । ଏହିକେ ଯେ-ସକଳ କାରିଗର ରାଜାର ଆହ୍ଵାନେ ଆଗମନ କରିଯାଇଲେନ, ଉକ୍ତ ବୁନ୍ଦ ସ୍ମୃତିଧରେ ଉପଦେଶାମୁଦ୍ରାରେ ରାଜା ତାହାଦେର ଦ୍ୱାରା ତିନଟି ରଥ ପ୍ରସ୍ତୁତ କରାଇଲେନ । ସେଇ ବୁନ୍ଦ କାରିଗର ଦାରୁବ୍ରଦ୍ଧାକେ ଶ୍ରୀମନ୍ଦିରେ ଭିତରେ ଲାଇଯା ଗିଯା ଦ୍ୱାର ରୁଦ୍ଧ କରିଯା ଏକାକୀ ଅବସ୍ଥାନ କରିବେନ ଏବଂ ୨୧ ଦିନେର ପୂର୍ବେ କିଛିତେଇ ରାଜା ଦ୍ୱାର ଉତ୍ୟୋଚନ କରିତେ ପାରିବେନ ନା — ଏଇରୂପ ପ୍ରତିଜ୍ଞା କରାଇଲେନ ; କିନ୍ତୁ ତୁହାର ସମ୍ମାନ ଅତିବାହିତ ହଇବାର ପର କାରିଗରେର ଅନ୍ତର ଶକ୍ତି ନା ପାଇଯା ରାଜା ଅତ୍ୟନ୍ତ ଉତ୍ୟକ୍ଷିତ ହଇଯା ପଡ଼ିଲେନ । ମନ୍ତ୍ରୀର ପୁଣଃ ପୁଣଃ ନିଷେଧ ସନ୍ତୋଷ ରାଜା ରାଜ୍ଞୀର ପରାମର୍ଶାମୁଦ୍ରାରେ ବନ୍ଦ ପୂର୍ବକ ସହଷ୍ଟେ ଶ୍ରୀମନ୍ଦିରେ ଦ୍ୱାର ଉତ୍ୟୁକ୍ତ କରିଲେନ ; ତଥାଯ ବୁନ୍ଦ କାରିଗରକେ ଦେଖିତେ ପାଇଲେନ ନା, କେବଳ ଦେଖିଲେନ—ଦାରୁବ୍ରଦ୍ଧ ତିନଟି ଶ୍ରୀମୃତିରିପେ ପ୍ରକଟିତ ରହିଯାଛେନ । ଆରା ସମ୍ମୁଖେ ଉପସ୍ଥିତ ହଇଯା ଦେଖିଲେନ, ଶ୍ରୀମୃତିର ଶ୍ରୀହଙ୍କେ ଅନ୍ତୁଲିସମୂହ ଓ ଶ୍ରୀପାଦ ପଦ୍ମ ପ୍ରକାଶିତ ହ’ନ ନାହିଁ । ବିଚକ୍ଷଣ ମନ୍ତ୍ରୀ ଜ୍ଞାପନ କରିଲେନ— ଉତ୍ୟବୁନ୍ଦ କାରିଗର ଆର କେହିଁ ନହେନ, ତିନି ସ୍ୟଂ ଶ୍ରୀଜଗନ୍ନାଥ ; ରାଜା ନିଜେର ପ୍ରତିଜ୍ଞା ଭଙ୍ଗ କରିଯା ଏକ ସମ୍ମାନ କାଳ ପୂର୍ବେ ଶ୍ରୀମନ୍ଦିରେ ଦ୍ୱାର ଉତ୍ୟୋଚନ କରାଯ ଶ୍ରୀଜଗନ୍ନ ଥ ଆପନାକେ ଏହି ଭାବେ ପ୍ରକଟିତ କରିଯାଛେ । ରାଜା ତଥନ ନିଜେକେ ଅତ୍ୟନ୍ତ ଅପରାଧି ଜ୍ଞାନେ ପ୍ରାଗତାଗ କରିବାର ସକଳ କରିଯା କୁଶଶୟ୍ୟାଯ ଶୟନ କରିଲେ ଅଧିରାତ୍ରେ ଶ୍ରୀଜଗନ୍ନାଥଦେବ ରାଜାକେ ସ୍ଵପ୍ନେ ଦର୍ଶନ ଦାନ କରିଯା ବଲିଲେନ — “ଆମି ଏଇରୂପ ଦାରୁବ୍ରଦ୍ଧ ଆକାରେଇ ‘ଶ୍ରୀପୁରୁଷୋତ୍ତମ’ ନାମେ ଶ୍ରୀମିଲାଚଲେ ନିତା ଅଧିଷ୍ଠିତ ଆଛି । ଏହି ପ୍ରମକେ ଆମି ଆମାର ଶ୍ରୀଧାମେର ସହିତ ଚବିଶଟି ଅର୍ଚାବତାରକପେ ଅବତୀର୍ଣ୍ଣ ହୁଏ । ଆମି ପ୍ରାକୃତ ହଞ୍ଚ-ପଦାଦିରହିତ ହଇଯା ଓ ଅପ୍ରାକୃତ ହଞ୍ଚ-ପଦାଦିର ଦ୍ୱାରା ଭକ୍ତେର ପ୍ରଦତ୍ତ ସେବୋପକରଣ ଗ୍ରହଣ କରି ଏବଂ ଭୁବନ ମଞ୍ଜଳାର୍ଥ ବିଚରଣ କରି”-ବେଦେର ଏହି ନିତ୍ୟ ପ୍ରତିଜ୍ଞା ରକ୍ଷା କରିବାର ଜଣ୍ଠ ତୁମି ଯେ ପ୍ରତିଜ୍ଞା ଭଙ୍ଗ କରିଯାଇ, ତଂପ୍ରସନ୍ନେ ଏକଟି ଲୌଲାମାଧ୍ୱରୀ ପ୍ରକଟ କରିବାର ଜଣ୍ଠ ଆମି ଏହି ମୂର୍ତ୍ତିତେ ପ୍ରକଟିତ ହଇଯାଇ । “ଶ୍ରେମାଞ୍ଜନ୍ମଚୁରିତ ଭଙ୍ଗି ବିଲୋଚନେ” ଆମାର ମାୟରମନ୍ତ୍ରକାରୀ ଭକ୍ତଗଣ ଆମାକେ “ଶ୍ରୀଶ୍ୟାମମୁନ୍ଦର ମୁରଲୀ-ବଦନ” ରୂପେଦର୍ଶନ କରେନ । ଆମାର ଶ୍ରୀଶ୍ୟାମମୁନ୍ଦର ସେବାର ସଦିଓ ତୋମାର ଅଭିଲାଷ ହସ୍ତାନ୍ତର ହଇଲେ ତୁମି ସର୍ବ ବା ରୌପ୍ୟ ନିର୍ମିତ ହଞ୍ଚପଦାଦିର ଦ୍ୱାରା ଆମାକେ କଥନ କଥନ ଭୂଷିତ କରିତେ ପାର, କିନ୍ତୁ ଜାନିଓ—ଆମାର ଶ୍ରୀଅଞ୍ଜଳୀ ଯାବତୀୟ ଭୂଷଣେ ଭୂଷଣ ସ୍ଵରୂପ । ରାଜା ସ୍ଵପ୍ନ୍ୟାଗେ ଶ୍ରୀଜଗନ୍ନାଥଦେବେର ଏହି ବାଣୀ ଶ୍ରୀ କରିଯା କୁତୁଳାର୍ଥ ହଇଲେନ ଏବଂ ପ୍ରାର୍ଥନା ଜାନାଇଲେନ — “ଯେ ବୁନ୍ଦ କାରିଗର ଏହି ଶ୍ରୀମୃତ ପ୍ରକଟ କରିଯାଇଛେ ତାହାର ବଂଶଧରେ ଯେନ ଯୁଗେ ଯୁଗେ ଜୀବିତ ଥାକିଯା ତିନଟି ରଥ ନିର୍ମାଣକାର୍ଯେ ବ୍ୟାପ୍ତ ଥାକେନ ।” ଶ୍ରୀଜଗନ୍ନାଥଦେବ ଈୟ ହାସ୍ତ କରିଯା ବଲିଲେନ,

“তাহাই হইবে” তৎপরে শ্রীজগন্নাথদেব রাজাকে আরও বলিলেন—যে বিশ্ববস্তু নীলমাধবরূপী আমার সেবা করিতেন, তাহার বংশধরগণ যুগে যুগে আমার দয়িতা’ সেবক নামে পরিচিত থাকিয়া সেবা করিবেন। বিদ্যাপত্তির ব্রহ্মগপত্তী গর্ভজাত বংশধরগণ আমার অচ'ক হইবেন; আর বিদ্যাপত্তির শবরীর গর্ভজাত সন্তানগণ আমার ভোগ রক্ষনকার্য করিবেন। তাহারা “সূয়ার” (সূপকার) নামে খ্যাত হইবেন।

শ্রীচন্দ্রহায় মহারাজ শ্রীজগন্নাথদেবকে বলিলেন—“আমাকে একটি বরদান করিতে হইবে। প্রত্যাহ এক প্রহর অর্থাৎ তিনিটা মাত্র আপনার শ্রীমন্দিরের দ্বারকুল থাকিবে; আর জগদ্বাসী সকলের দর্শনের জন্য অবশিষ্ট সময় আপনার শ্রীমন্দিরের দ্বার উন্মুক্ত থাকিবে। সারাদিন আপনার ভোজন চলিবে, আপনার হস্তপল্লব কখনও শুক্ষ থাকিবে না।” শ্রীজগন্নাথদেব “তথাস্ত” বলিয়া সম্মত হইলেন এবং বলিলেন—এখন তোমার নিজের জন্য কিছু বর প্রার্থনা কর।” রাজা বলিলেন—“যাহাতে কোনও ব্যাক্তি আপনার শ্রীমন্দিরকে নিজ সম্পত্তি বলিয়া দাবী করিতে না পারে, তজ্জন্ম আমি নির্বাশ হইতে চাই, আমাকে সেই বর দান করো। শ্রীজগন্নাথদেব ‘তথাস্ত’ বলিয়া রাজাকে এই বরও প্রদান করিলেন।

শ্রীরাধাগ্ন্যমসুন্দরজীউ

শ্রীগ্রামামন্দ প্রভু নীলগিরি পর্বত হইতে শ্রীগ্রামসুন্দরজীউকে প্রকট করিয়াছিলেন। তৎপরে তিনি শ্রীগ্রামসুন্দরজীউকে শ্রীবৃন্দাবনে আনয়ন করিয়া শ্রীসেবাকুণ্ঠের পার্শ্বে স্থাপন করিয়াছেন। মন্দিরে ঠাকুর অত্যন্ত সুন্দর দর্শনীয়।

শ্রীরাধামদনগোপালজীউ

শ্রীঅদৈতপ্রভু শ্রীবৃন্দাবনে আগমন করিয়া যে বটবৃক্ষের নীচে বসিয়া বিশ্রাম করিয়াছেন তাহার নাম শ্রীঅদৈত বট। এই বটবৃক্ষটি অস্তাবধি দর্শনীয়। শ্রীঅদৈত প্রভুর প্রেমে প্রসন্ন হইয়া এই বটবৃক্ষের মূল হইতে শ্রীরাধামদনগোপালজীউ প্রকটিত হইয়াছেন।

শ্রীবক্ষবিহারীজীউ

শ্রীপাদ হরিদাসস্বামী শ্রীবৃন্দাবনে আগমন করিধা নিখুবনে অবস্থান করতঃ ভজন করিয়েছিলেন। সেই সময় শ্রীবক্ষবিহারী স্বামীহরিদাসের প্রতি প্রসন্ন হইয়া আদেশ করিলেন যে—আমি এই স্থানের মৃক্তিকা গভে' আবরিত আছি। তুমি আমাকে উত্তোলন করিয়া সেবা কর। শ্রীহরিদাসস্বামী মৃক্তিকা খনন করিতে করিতে শুণিয় অপরূপ শ্রীবক্ষবিহারীজীউকে প্রাপ্ত হইয়া পরম আনন্দের সহিত তাহার সেবা করিতে লাগিলেন। শ্রীবক্ষবিহারী প্রকট হইতে অস্তাবধি শ্রীবৃন্দাবনে বিরাজিত আছেন। মন্দিরে শ্রী-বিগ্রহের ঝাঁকি দর্শন হইয়া থাকে। ঝাঁকি কথাটির অর্থ—শ্রীবিহারীজীউর সম্মুখের কাপড়ের পর্দা বারংবার খুলিতে ও বন্ধ করিতে থাকে। ইহাছাড়া বৈশাখ মাসের শুক্লা তৃতীয়ায় যুগলচরণ সর্বসাধারণ দর্শন করিয়া থাকেন।

দ্বিতীয়ত

শ্রীহরিদাসস্মার্মী নিধুবনে অবস্থান কালে সদা-সর্বদা শ্রীভগবানের লৌলা-কীর্তনে মগ্ন থাকিতেন। ভগবান্ স্বয়ং শ্রীবক্ষবিহারীরূপ ধারণ করিয়া স্মার্মী হরিদাসের কীর্তনাদি শ্রবণ করিতেন। তিনি প্রহরে-প্রহরে লৌলা অমুসারে গান করিতেন। সেই গানে প্রসন্ন হইয়া ঠাকুর তাঁহার দ্বারা প্রকটিত হইয়াছেন।

শ্রীরাধাবিনোদজীউ

শ্রীপাদ লোকনাথ গোস্বামীপাদের প্রেমে আকৃষ্ট হইয়া শ্রীরাধাবিনোদদেবজীউ উমরায়ের শ্রীকিশোরাকুণ্ড হইতে প্রকট হইয়াছেন। তৎপরে শ্রীবিগ্রহ শ্রীবৃন্দাবনে স্থানান্তরীত হইয়াছিল কিন্তু কালা-পাহাড়ের তথ্য আশঙ্কায় শ্রীরাধাবিনোদদেবজীউ জয়পুরে দ্বিপেলিয়া বাজারের সম্মুখে স্থানান্তরীত হইয়াছে। বর্তমানে শ্রীপাদ লোকনাথ গোস্বামী কর্তৃক প্রকটিত ঠাকুর জয়পুরে বিরাজিত।

শ্রীরাধাবল্লভজীউ

শ্রীপাদ হরিবংশ গোস্বামী কর্তৃক নিকুঞ্জবন হইতে প্রকটিত শ্রীরাধাবল্লভজীউ। শ্রীরাধাবল্লভের সেবাইত্বন্দকে রাধাবল্লভী গোসাই বলিয়া উল্লেখ করা হয়। সেই অমুসারে তাহারাই শ্রীতি পূর্বক অচ্যাবধি সেবা চালাইতেছেন। শ্রীবৃন্দাবনস্থ অচ্যান্ত মন্দিরের ঠাকুর কালাপাহাড়ের ভয়ে স্থানান্তরীত হইলেও সেবাইত্বন্দের বলবত্তী অনিছায় শ্রীরাধাবল্লভজীউ শ্রীবৃন্দাবনেই অচ্যাবধি বিরাজিত আছেন।

শ্রীরাধারমণজীউ

দাঙ্কিণাত্য দেশে ভট্টমারী গ্রামের বেন্দটভট্টের পুত্র শ্রীগোপালভট্ট গোস্বামী। তিনি শ্রীমন্মহাপ্রভুর কৃপায় শ্রীবৃন্দাবনে আগমন করিয়া শ্রীশালগ্রামকে শ্রীকৃষ্ণক্ষেত্র সেবাপূজা করিতে লাগিলেন। সেই সময় ধনী পরিবারের কোন এক ভক্ত তাঁহাকে অপূর্ব কিছু অলঙ্কারাদি দিয়াছিলেন। তিনি অলঙ্কারাদি দেখিয়া মৃদ্ধিত হইয়া পড়িলেন, যেহেতু ঐ সমস্ত অলঙ্কার হস্ত-পদচীন শ্রীশালগ্রামের অঙ্গে কিভাবে ভূষিত করিবেন। বিশয়ের বিষয় সেইদিন রাত্রে শ্রীশালগ্রাম ত্রিভঙ্গ মুরলীধারী মূর্তি প্রকট করিয়া বিরাজমান হইলেন। মনানন্দে শ্রীগোপালভট্ট গোস্বামী অচ্যান্ত গোস্বামী (শ্রীসনাতন, শ্রীজীব ইত্যাদি) দিগকে আনয়ন করিয়া ঠাকুরের উৎপত্তি বৃত্তান্ত প্রকাশ করিলেন। ঠাকুরের উৎপত্তি বৃত্তান্ত শ্রবণকরিয়া তাহারা ঠাকুরকে অভিষেকাদি দ্বারা প্রতিষ্ঠিত করিলেন এবং নাম রাখিলেন শ্রীরাধারমণজীউ। সেই দিনটি ছিল বৈশাখের পূর্ণিমা তিথি। অচ্যাবধি শ্রীরাধারমণের পৃষ্ঠদেশে সেই শালগ্রামের বিলক্ষণ চিহ্ন বিরাজ করিতেছে। শ্রীবিগ্রহের বামপার্শে শ্রীমতীরাধারামী নাই, তৎপরিবর্তে সিংহাসনের বামদিকে একটি বৌপ্য মুকুট শ্রীমতীর প্রতিভূক্তে অর্চিত হইতেছে। আমন্দের বিষয় :—কালাপাহাড়ের ভয়ে অচ্যান্ত ঠাকুর স্থানান্তরীত হইলেও শ্রীরাধারমণজীউ স্থানান্তরীত হয় নাই। অচ্যাবধি ঠাকুর শ্রীবৃন্দাবনস্থ শ্রীরাধারমণ মন্দিরে বিরাজিত।

শ্রীরাধামাধবজীউ

শ্রীজয়দেব গোস্বামী কত্ত'ক সেবিত বিগ্রহ। একদা শ্রীজয়দেব গোস্বামী শ্রীবৃন্দাবনে গমন করিতে ইচ্ছা করিলেন। কিন্তু স্থুল বিগ্রহ কি প্রকারে লইয়া যাইবেন এইরূপ মনে মনে চিন্তা করিতে থাকিলে— শ্রীরাধামাধবজীউ ত'হাকে বলিলেন যে—‘আমি হোট্ট হইয়া যাইব এবং ভার ও হালকা হইয়া যাইবে অতএব আমাকে তোমার সহিত শ্রীবৃন্দাবনেল ইয়া চল।’ আদেশ পাইয়া শ্রীজয়দেব গোস্বামী ঝুলির মধ্যে শ্রীবিগ্রহ রাখিয়া চলিতে চলিতে শ্রীবৃন্দাবনস্থ কেশীঘাটে আসিয়া উপস্থিত হইলেন। কোন এক ভক্ত মহাজন বিগ্রহ আকর্ষণে মন্দির নির্মাণ করিয়া দিয়াছিলেন। তৎপরে কালাপাহাড়ের অত্যাচার আশঙ্কায় শ্রীবিগ্রহ জয়পুরে স্থানান্তরিত হইয়াছেন। বর্তমানে শ্রীজয়দেব গোস্বামীর সেবিত বিগ্রহ জয়-পুরে বিরাজিত।

শ্রীরাধামোদরজীউ

শ্রীরাধামোদরজীউর প্রকট সম্বন্ধে—

—ঃ তথাহি সাধনদীপিকায়ামঃ—

রাধাদামোদরো দেবঃ শ্রীরূপেগ প্রতিষ্ঠিতঃ। জীবগোস্বামিনে দস্তঃ শ্রীরূপেগ কৃপাক্ষিন।॥

অনুবাদঃ—শ্রীরাধাদামোদরদেব শ্রীরূপগোস্বামিকত্ত'ক প্রকটিত হন। কৃপার সাগর শ্রীরূপ শ্রীজীব গোস্বামীকে সেই শ্রীরাধাদামোদর বিগ্রহ সেবার্থে প্রদান করেন।

শ্রীজীবের শ্রীরাধাদামোদর-বিলাস-দর্শন

—ঃ তথাহি শ্রীভক্তিরস্তাকর গ্রন্থ হইতেঃ—

জানাইষ্য সংক্ষেপে প্রকট-বিবরণ।

রাধাদামোদর এক জীবের জীবন।

নিরন্তর শ্রীজীবের পরম উল্লাস।

দেখিয়া শ্রীরাধাদামোদরের বিলাস।

মধ্যে মধ্যে ভক্ষ্যদ্রব্য মাগে শ্রীজীবেরে। শ্রীজীব দেখয়ে প্রভু ভুঞ্জে যে প্রকারে।

একদিন বাজায় বাঁশী হাসিয়া হাসিয়া। শ্রীজীবে কহয়ে—‘মোরে দেখহ আসিয়া’॥

কৈশোর বয়স, বেশ ভুবনমোহন।

দেখিতেই শ্রীজীব হইল অচেতন॥

চেতন পাইয়া হিয়া আনন্দে উথলে।

ভাসয়ে দৌধল দু'টী নয়নের জলে॥

প্রসন্দে কহিমু কিছু—ঝঁছে বহু হয়।

রাধাদামোদর সর্বচিন্ত আকর্য॥

কালাপাহাড়ের অত্যাচার আশঙ্কায় সেই বিগ্রহ জয়পুরে স্থানান্তরিত হইয়াছেন।

শ্রীগিরিরাজশীলা

শ্রীশঙ্করানন্দ সরস্বতী শ্রীবৃন্দাবন হইতে একখণ্ড চেপটা চতুর্ষোণ ঈষৎ হরিদ্রাভ শ্রীগিরিরাজের শিলা আনয়ন করিয়া পুরীতে শ্রীমন্মহাপ্রভুকে উপহার দিয়াছিলেন। শ্রীমন্মহাপ্রভু এই শিলাখণ্ডখানিকে শ্রীকৃষ্ণকলেবর মনে করিয়া তিনি বৎসর সেবাপূজা করিয়াছিলেন। ইহার পরে শ্রীরঘূর্ণাথদাস গোস্বামীকে

শ্রীভগবানের আবির্ভাব লীলা

শ্রীমন্মহাপ্রভু সন্তুষ্ট হইয়া শ্রীগিরিরাজ শিলাখণ্ডানি সেবাপূজা করিতে আদেশ করিয়াছিলেন। আরও বলিয়াছিলেন যে—এই শিলাখণ্ডের সেবা করিলে অচিরাতে শ্রীকৃষ্ণপ্রেম প্রাপ্তি হইবে। সেই আজ্ঞামুসারে তিনি আজীবন শ্রীগিরিধারীর সেবা-পূজা করিয়াছেন। শ্রীরঘনাথদাস গোস্বামী অপ্রকটের পরে শ্রীগঙ্গা-নারায়ণ চক্রবর্তীর কল্প বিষ্ণুপ্রিয়া দেবী এই শিলার বহুদিন সেবা-পূজা করিয়াছিলেন। তাহার অপ্রকটের পরে শিলাখণ্ড খানি শ্রীবৃন্দাবনস্থ গোকুলানন্দের মন্দিরে স্থাপন করিয়াছিলেন। ১৩৫৬ বাংলায় শিলাখণ্ডানি শ্রীবৃন্দাবনস্থ বনবিহার ভাগবত নিয়াসে স্থানান্তরীত হইয়াছে।

সেইজন্ত শ্রীগুরুদেবের আজ্ঞামুসারে শ্রীগিরিরাজ শিলাকে বৈষ্ণবগণ প্রতি মন্দিরে-মন্দিরে শ্বেতে-শ্বেতে স্থাপন করিয়া সেবা-পূজা করিতেছেন। এই শ্রীগিরিরাজজীকে পূজা করিবার জন্য শ্রীকৃষ্ণ স্বয়ং পূজা করিয়া নন্দাদি গোপ-গোপীগণকে উপদেশ করিয়াছিলেন। তৎপরে গোপ-গোপীগণ এবং অগ্রান্ত বৈষ্ণবগণ পূজা করিতে আরস্ত করিলেন।

শ্রীশ্রীনাথজী

শ্রীপাদ মাধবেন্দ্রপুরী গোস্বামী শ্রীবৃন্দাবনে আগমন করিয়া আমগ করিতে করিতে শ্রীগোবর্দ্ধনে অবস্থিত আনোর গ্রামে উপস্থিত হইলেন। তত্রস্থ শ্রীগোবিন্দকুণ্ডে স্নান করিয়া একটি বৃক্ষের তলায় ভজন করিতে করিতে সন্ধ্যা হইয়া গেলে, শ্রীনাথজী গোপবালকরূপে একটি ছুঁপরিমান ছুঁপ আনয়ন করিলেন এবং গোস্বামীপাদকে বলিলেন যে—এই ছুঁপটুকু তুমি পান কর। পরে আমি ছুঁপ ভাণ্টি লইয়া যাইব। আরও বলিলেন যে—তুমি কেন মাগিয়া ভোজনাদি কর না। কুণ্ডে জল নিতে গ্রামের শ্রীগণ আসিয়াছিলেন, এবং তোমাকে অনাহার অবস্থায় দেখিয়া ছুঁপদ্বারা আমাকে প্রেরণ করিলেন। পুরী-গোস্বামী বলিলেন যে—তুমি কেমন করিয়া বুঝিতে পারিলে, আমি উপবাসি। তত্ত্বে শ্রীনাথজী বলিলেন যে—এই গ্রামের আমি গোপ, এইস্থানে কেহ উপবাস থাকিতে পারে না। এই কথা বলিয়া গোপবালক অস্তর্হিত হইলেন। পুরীগোস্বামী সেই ছুঁপ পান করিয়া অষ্টমান্ত্রিক ভাবে বিভোর হইয়া-ছিলেন।

রাত্রে তাহার একটু তন্ত্র আসিলে পুনরায় সেই বালক সম্মুখে আসিয়া উপস্থিত হইলেন এবং গোস্বামীপাদকে একটি কুঞ্জে লইয়া গেলেন। বালকটি বলিলেন—‘আমার নাম শ্রীনাথ, কেহ কেহ শ্রী-গোবর্দ্ধননাথ, শ্রীগোপাল ইত্যাদি বলিয়া থাকেন। মুসলমানের ভয়ে পূজারী আমাকে এই কুঞ্জে স্থাপন করিয়া পলায়ণ করিয়াছেন, আমি অতি কঢ়ে এখানে অবস্থান করিতেছি, শীত-বৃষ্টি-দাবাগ্রামিতে অনেক দুঃখ পাইতেছি, তুমি আমাকে পর্বতের উপর লইয়া স্থাপন কর।’ এই কথা বলিয়া বালক অস্তর্জান হইলেন। মাধবেন্দ্রপুরী গোস্বামী রজনী প্রভাতে গ্রামের মধ্যে প্রবেশ করিলেন এবং গ্রামবাসীগণের সম্মুখে তাহা প্রকাশ করিলেন।

গ্রামবাসীগণ মনানন্দে কুঠার কোদালি সঙ্গে করিয়া পুরীগোস্বামীর সঙ্গে সেই স্থানে আগমন

করিলেন এবং বহু কঠে ঠাকুর বাহির করিয়া শ্রীগিরিজাজের উপর স্তুদ্রভাবে প্রতিষ্ঠিত করিলেন। নবশত ঘটের জল, দধি দুষ্প্রস্তুত ইত্যাদি দ্বারা শ্রীনাথজীকে অভ্যন্তরে ও বিভিন্ন ভোগসামগ্রি দ্বারা পূজা করিয়া মহানন্দে শ্রীনাথজীকে প্রকটিত করিলেন। কালাপাহাড়ের অত্যাচার আশঙ্কায় উদয়পুরের রাণা বীরকেশরী রাজসিংহ ঠাকুরকে মেৰাবে আনয়ন করিবার চেষ্টা করিলে, সিহাড় নামক গ্রামে আসিতেই রথচক্র বসিয়া ধায়, বহুচেষ্টা করিয়াও রথচক্রকে সম্মুখে চালনা করিতে না পারিয়া সেই স্থানেই শ্রীনাথজীকে প্রতিষ্ঠিত করিলেন। শ্রীনাথজীটির নামাঙ্গুসারে সেই স্থানের বর্তমান নাম শ্রীনাথদ্বার।

শ্রীবামনদেবজীউ

গুরু শুক্রার্চার্যোর আঙ্গাঙ্গুসারে বলিমহারাজ দান প্রদান করিতে বসিলে, শ্রীভগবান্দান গর্বিত বলিমহারাজের যজ্ঞে বামনরূপ ধারণ করিয়া উপস্থিত হইয়াছিলেন এবং ত্রিপাদভূমি গ্রহণের ছলে ত্রিবিক্রমসূর্তি ধারণ করতঃ স্তুতলে প্রেরণ করিয়াছিলেন। এই শ্রীবামনদেবজী পরব্যোমের দ্বিতীয় চতুর্বৃত্তের অন্তঃপাতী প্রছ ঘ্রের প্রকাশবিগ্রহ।

শ্রীক্ষীরচোরা গোপীনাথজী

শ্রীক্ষীরচোরা গোপীনাথের পূর্বনাম শ্রীগোপীনাথজীটি। মন্দিরটি দক্ষিণ ভারতের রেমুগাতে বিরাজিত। শ্রীপাদমাধবেন্দ্রপুরী গোম্বামী যখন গোবর্দনে শ্রীগোপালজীটিকে প্রকট করিয়াছিলেন। তখন শ্রীগোপালজীটি স্বপ্নে আদেশ করিয়াছিলেন যে—‘হে পুরৌগোস্মামী আমার তাপ নিবারন হইতেছে না। তুমি নীলাচল হইতে মলয়চন্দন আনয়ন করিয়া আমার শ্রীঅঙ্গে লেপন কর, তাহাতে আমার তাপ নিবারিত হইবে’। স্বপ্নাঙ্গুসারে পুরৌগোস্মামী নিজ শিষ্যকে শ্রীগোপালজীটির সেবার দ্বায়ীত নিরপেক্ষ করিয়া নীলাচলের পথে রওনা হইলেন। চলিতে চলিতে রাস্তায় রেমুনাতে শ্রীগোপীনাথের মন্দির দর্শন করিয়া সেইস্থানে সেইদিন অবস্থান করিলেন। মন্দিরে সন্ধ্যায় যে দ্বাদশ মৃৎপাত্রে ক্ষীরভোগ লাগিয়া থাকে তাহার খুব প্রসিদ্ধি, এই কথা শ্রবণ করিয়া গোস্মামীপাদ একটু প্রসাদ আস্বাদনের চিষ্টা করিলেন কিন্তু তিনি অ্যাচিত অবস্থায় দিন অতিবাহিত করেন সেইজন্য ক্ষীর প্রসাদ আস্বাদন করিবার ইচ্ছা থাকি-লেও কিছুই বলিতে পারিলেন না। অস্তৰ্ধামী শ্রীগোপীনাথজীটি সেই ভোগ হইতে একখানি মৃৎপাত্র চুরি করিয়া ধড়ার অঞ্চলে ঢাকিয়া রাখিলেন। রাত্রে পূজারৌকে শ্রীগোপীনাথজীটি স্বপ্নে ডাকিয়া বলিলেন যে—‘ওহে পূজারী মন্দিরে আমার ধড়ার অঞ্চল দ্বারা ঢাকা একখানি ক্ষীর পাত্র রহিয়াছে, তাহা আনয়ন করিয়া গ্রামের শৃঙ্খ হাটে অবস্থিত পুরৌগোস্মামীকে প্রদান কর’। পূজারী স্বপ্নাঙ্গুসারে মন্দির হইতে ক্ষীর পাত্রখানি আনয়ন করিয়া পুরৌগোস্মামীকে অর্পণ করিয়াছিলেন। সেই জন্য এই ঠাকুরের নাম ‘শ্রীক্ষীরচোরা গোপীনাথজীটি’।

ত্রিশ্রী শ্রীষ্যনার আবির্ভাব

ত্রিশ্রীবৈবর্ত মধ্যস্তরের সময় শ্রীকৃষ্ণ কোন একদিন গোলোকে গুপ্ত বৃন্দাবন সাজিয়ে বিরজার সহিত

বিহার করিতেছিলেন। তাহাতে দ্বার প্রহরি ছিলেন শ্রীদাম। এইদিকে শ্রীমতীরাধারাণী শ্রীকৃষ্ণকে দেখিতে না পাইয়া অব্বেষণ করিতে করিতে গুপ্ত বৃন্দাবনে প্রবেশ করিতে চেষ্ট। কবিলে শ্রীদাম দ্বারকন্দ করিয়া রাখেন। সেই জন্য রাধারাণী তাহাকে অভিষাপ দিলেন যে—'তোমার মর্তবামে বৈশ্যকুলে জন্ম হইবে।' তখন শ্রীদামও অভিষাপ দিলেন যে—'তোমাকে সহস্র বৎসর শ্রীগোবিন্দ হারা হইয়া থাকিতে হইবে।' সাপাসাপির পর শ্রীমতীরাধারাণী ভিতরে প্রবেশ করিলেন। এইদিকে রাধারাণীর ভয়ে বিরজাকে শ্রীকৃষ্ণ দ্রব করিয়া রাখিলেন। রাধারাণী শ্রীকৃষ্ণকে একা একা সুন্দর কাননে বিচরণ করিতে দেখিয়া বলিতে লাগিলেন—'আপনি এই সুন্দর কাননে কেন একা একা বিচরণ করিতেছেন, সঙ্গে অন্যকোন প্রেয়সী আছে কি? আমি কিছুই দেখিতে পাইতেছিম।' শ্রীকৃষ্ণ তখন বলিলেন—'না প্রেয়সী, এই গুপ্তবৃন্দাবন তোমার জন্য প্রতিষ্ঠা করিয়া অপেক্ষা করিতেছি মাত্র।' শ্রীমতীরাধারাণী তখন ধ্যান করিয়া জানিতে পারিলেন যে—বিরজা ভয়ে এখানে দ্রব হইয়া রহিয়াছে। সেইজন্য বিরজা-কেও অভিষাপ দিলেন যে—'তুমি চিরকাল এই ভাবে থাকিবে।' এইদিকে শ্রীকৃষ্ণ বিরজাকে বলিলেন যে—তুমি এই কারণ অর্গবে অংশের দ্বারা বিরাজমান থাকিবে। এবং তোমার মনস্কামনা শ্রীমতীরাধা-রাণীর সত্ত্বী হইয়া পুরণ করাব।

সেইজন্য দ্বাপরযুগে শ্রীমতীরাধারাণীর সত্ত্বী শ্রীমতীচন্দ্রাবলী (সেই বিরজা) এবং তাহার অংশ হইতে শ্রীযমুনার সৃষ্টি। শ্রীকৃষ্ণ যখন মথুরাতে আবিভূত হইয়াছিলেন তখন কংসের ভয়ে শ্রীবস্তুদেব শ্রীকৃষ্ণকে গোকুলে স্থানান্তরিত করিয়াছিলেন। স্থানান্তর কালে রাস্তায় ছিল সেই যমুনা। শ্রীযমুনার মনস্কামনা পুরণের জন্য শ্রীবস্তুদেবের কোল হইতে শ্রীকৃষ্ণ শ্রীযমুনার জলে পড়িয়া ঘায় এবং শ্রীমতী-যমুনার মনস্কামনা পূরণ করিয়া পুনরায় বস্তুদেবের কোলে অবস্থান করেন।

শ্রীযমুনার প্রবাহ

গোলক হইতে শ্রীকৃষ্ণের ইঙ্গিতে শ্রীযমুনা বিরজাবেগ ভেদ করিয়া (অসংখ্য ব্রহ্মাণ্ড সমূহ অতিক্রম করিয়া) সমস্ত ব্রহ্মালোক প্লাবিত করেন এবং শত শত দেবলোকের এক লোক হইতে অপর লোকে উপনীত হন। অনন্তর অভ্যন্তর বেগে সুমেরু পর্বতের মস্তকে পতিত হন এবং গিরিশৃঙ্গসমূহ অতি-ক্রম করিয়া গণগিরি সকল ভেদ করতঃ সুমেরুর দক্ষিণদিক হইতে গমনে উত্তীর্ণ হন। তারপর যমুনা ও গঙ্গা পরম্পর পৃথক হইয়া গঙ্গা হিমালয় পর্বতে এবং মহানদী যমুনা কালিন্দ পর্বতে গমন করেন। যমুনা যখন কালিন্দ হইতে বিনির্গত হন, তখন তিনি কালিন্দী নামে আখ্যায়ীত হইয়া থাকেন। বেগবতী যমুনা কালিন্দ শৈলের সামুদ্রিক সুন্দৃ গণ-গিরির তট সকল ভেদ করিয়া ভূতলে পতিত হন এবং তত্ত্ব দেশ সকল পবিত্র করিয়া খাওয়া কাননে উপস্থিত হইয়া থাকেন। কালিন্দন্দনী যমুনা পরিপূর্ণতম সাক্ষাৎ শ্রীকৃষ্ণকে পতিকপে পাইবার জন্য পরম দিব্য দেহ ধারণ করিয়া তপস্তা করিয়াছিলেন। তিনি অনেক দিন পিতৃগৃহে কলিন্দপর্বতের কথা কথে মাতৃসদেহে বিরাজিত থাকিয়া বেগময় জলকপে ব্রজমণ্ডলে উপস্থিত হইয়াছেন।

ବାନ୍ଦରପୁଣ୍ଡ ପର୍ବତଶ୍ରେଣୀର (କାଲିନ୍ ପର୍ବତ) ଚମ୍ପାସାର ହିମବାହ ହିଟେ ଶ୍ରୀସୁନ୍ଦରୀ ସୃଷ୍ଟି ହଁଯା ସୟମୋତ୍ତମ ଶିଵାଲିକ ଇତ୍ୟାଦି ପର୍ବତରେ ଉପର ଦିଯା ପଂଚାନବଟ ମାଇଲ ପ୍ରବାହିତ ହଇଯା ଥାଡା ନାମକ ସମତଳ ସ୍ଥାନେ ନାମିଯା ଆସିଯାଇଛେ । ଫୈଜାବାଦ, ଦିଲ୍ଲୀ, ଶ୍ରୀବନ୍ଦାବନ, ମଧୁରା, ଆଗ୍ରା ଇତ୍ୟାଦି ସ୍ଥାନେ ଉପର ଦିଯା ଶ୍ରୀସୁନ୍ଦରୀ ପ୍ରୟାଗେ ଶ୍ରୀଗନ୍ଧାର ସହିତ ମିଳିତ ହଇଯାଇଛେ । ଚମ୍ପାସାର ହିମବାହ ହିଟେ ପ୍ରୟାଗ ପର୍ବତ ଶ୍ରୀସୁନ୍ଦରୀର ଦୂରତ୍ତ ଆଟିଶତ ସାଟ ମାଇଲ ।

ଶ୍ରୀସୁନ୍ଦରୀ ମାହାତ୍ମ୍ୟ

—: ତଥାହି ଶ୍ରୀଆଦିବରାହେ :—

ଗଞ୍ଜାଶତଗ୍ନୀ ପ୍ରୋକ୍ତା ମଧୁରେ ମମ ମଣଲେ । ସୟମୁନୀ ବିଶ୍ରତା ଦେବି ନାତ୍ର କାର୍ଯ୍ୟ ବିଚାରଗୀ ॥

ତତ୍ର ତୈର୍ଥୀନି ଗୁହାନି ଭବିଷ୍ୟତ୍ତି ମମାନୟେ । ଯେଷୁ ଶ୍ଵାତୋ ନରୋ ଦେବି ମମ ଲୋକେ ମହୀୟତେ ॥

ଅନୁବାଦ :—ଆମାର ମଧୁରାମଣଲେ ପ୍ରସିଦ୍ଧ ସୟମୁନୀ ଗଙ୍ଗା ଅପେକ୍ଷା ଶତଗ୍ନୀ ଅଧିକ ବଲିଯା କଥିତ । ଏଟ ବିଷୟେ ତର୍କ କର୍ତ୍ତବ୍ୟ ମହେ । ହେ ଅନୟେ ଦେବୀ ! ମେହି ସୟମୁନୀଯ ଆମାର ଗୁହା ତୀର୍ଥ ସକଳ ଥାକିବେ । ତାହାତେ ପ୍ରାତ ବ୍ୟାକ୍ତି ଆମାର ଧାମେ ପୂଜିତ ହୟ ।

—: ତଥାହି ଶ୍ରୀପଦମପୁରାଗେ ପାତାଳଷ୍ଟଣେ :—

—: ମରୀଚିଚିର୍ଗେ :—

ରମୋ ଯଃ ପରମାଧାରଃ ସଚ୍ଚିଦାନନ୍ଦଲକ୍ଷଣଃ । ବ୍ରହ୍ମତ୍ୟପନିଷଦ୍ଗୀତଃ ସ ଏବ ସୟମୁନୀ ସ୍ଵସ୍ତମ ॥

ଅନୁବାଦ :—ତିନି ସକଳ ଆଧାରେର ଆଧାର ଅର୍ଥାଂ ସର୍ବକାରଣେର କାରଣ, ସଚ୍ଚିଦାନନ୍ଦସ୍ଵରୂପ, ରସମୟ-ପୁରୁଷ, ଉପନିୟମେ ବ୍ରକ୍ଷ ବଲିଯା କୌଣ୍ଡିତ, ମେହି ସ୍ଵୟଂ ଭଗବାନ୍ ରସମୟସ୍ଵରୂପ ଶ୍ରୀକୃଷ୍ଣ ସ୍ଵୟଂ ସୟମୁନାରୂପେ ବିରାଜିତ ।

—: ତଥାହି କ୍ଷାକ୍ଷେ :—

ସଥା ସ୍ପର୍ଶମଣିସ୍ପର୍ଶାଂ ଲୌହ ସାତି ଶୁର୍ବର୍ଣ୍ଣତାମ୍ । ତଥା କୃଙ୍ଗାଜଳସ୍ପର୍ଶାଂ ପାପଃ ଗଚ୍ଛତି ପୁଣ୍ୟତାମ୍ ॥

ଅନୁବାଦ :—ଲୌହ ଯେକପ ସ୍ପର୍ଶମଣିର ସ୍ପର୍ଶ ପାଇଯା ସ୍ଵର୍ଣ୍ଣପରିଗିତ ହୟ, ତତ୍କପ ପାପର ଶ୍ରୀସୁନ୍ଦରୀର ଜଳ ସ୍ପର୍ଶେ ପୁଣ୍ୟେ ପରିଣତ ହୟ ।

କିଛୁ ଶ୍ରୀବର୍ଜମଣ୍ଡଳେ ପରିକ୍ରମା ନିର୍ଣ୍ୟ

- ୧। ଶ୍ରୀବନ୍ଦାବନ (ପଞ୍ଚକ୍ରୋଷ) ପରିକ୍ରମା,
- ୨। ଶ୍ରୀମଧୁରା ପରିକ୍ରମା,
- ୩। ଶ୍ରୀସୁନ୍ଦରୀ (ଶ୍ରୀବନ୍ଦାବନ ଏବଂ ଶ୍ରୀମଧୁରା ଏକତ୍ରେ) ପରିକ୍ରମା,
- ୪। ଶ୍ରୀଗିରିରାଜ (ସପ୍ତକ୍ରୋଷ) ପରିକ୍ରମା,
- ୫। ଶ୍ରୀବର୍ଷାଣା ପରିକ୍ରମା,
- ୬। ଶ୍ରୀକୋକୀଲାବନ ପରିକ୍ରମା,
- ୭। ଶ୍ରୀମାତ୍ରଗତ (ଭର୍ଜେର ଚତୁଃପାର୍ଶ୍ଵ ଗ୍ରାମାଦି) ପରିକ୍ରମା,
- ୮। ଶ୍ରୀବର୍ଜମଣ୍ଡଳ (ଭାଦ୍ରମାସେ ମଧୁରାୟ ଶ୍ରୀଭୂତେଶ୍ଵର ମନ୍ଦିର ହିଟେ ସେ ପରିକ୍ରମା ବାହିର ହୟ) ପରିକ୍ରମା,
- ୯। ଶ୍ରୀଗହର-ବନ (ପେଶାଇ ଗ୍ରାମେ ତାହାକେ କେହ କେହ ଝାଡ଼ି ବଲିଯା ଥାକେନ) ପରିକ୍ରମା,
- ୧୦। ଶ୍ରୀକାମ୍ବନ ପରିକ୍ରମା,
- ୧୧। ଶ୍ରୀରାଧାକୁଣ୍ଡ ପରିକ୍ରମା,
- ୧୨। ଶ୍ରୀମାନ୍ଦୀଗଙ୍ଗା (ଶ୍ରୀଗୋବର୍ଦ୍ଧନେ ଅବସ୍ଥିତ) ପରିକ୍ରମା ।

যাত্রীদিগের সুবিধা

কলিকাতা, দিল্লী, হরিদ্বার, বোম্বাই, পূর্বী, পাঞ্জাব, মধ্যপ্রদেশ ইত্যাদি স্থান হইতে সরাসরী শ্রীমথুরাধামে পৌছাইবার রেললাইন ব্যাবস্থা আছে। শ্রীমথুরা হইতে—শ্রীবৃন্দাবন, গোবর্দ্ধন, ছাতা, নন্দগ্রাম, বর্ধাণা, কোশী, মোহঝীল, রায়া বলদেব ইত্যাদি স্থানে বাসগাড়ী যাতায়াতের সুব্যাবস্থা আছে। ইহা ছাড়া গোবর্দ্ধন হইতে কামাবন, হোডেল হইতে হাসনপুর, রায়পুর হইতে বাজনা ইত্যাদি ভাবে ভ্রজে বহু গাড়ী যাতায়াত হইতেছে। বাস, টেক্সেপ্সি ইত্যাদি গাড়ী রিজার্ভ করিলে তাহারা সুন্দর ভাবে ৮৪ ক্রোশ ভ্রজধামের মুখ্য মুখ্য স্থান দর্শন দানে সাহায্য করিয়া থাকেন। শ্রীবৃন্দাবনে ভারতসেবা আশ্রম সংগ বিবাজিত, ইহা ছাড়া বহু ধর্মশালায় থাকিয়া ভ্রজধাম দর্শনের সুব্যাবস্থা আছে। ভ্রজে বহু পাঞ্জা আছে যাহারা শুধু যাত্রীদিগকে মন্দিরাদি দর্শন করানোই তাহাদের একমাত্র কাজ।

সংক্ষেপে কিছু গ্রামের দূরত্ব নির্ণয়

মথুরা হইতে মৈঝীল—৪৬ কিঃমিঃ

”	”	ছাতা	—	৩৯	”
”	”	সোক	—	২১	”
”	”	কুমুদবন	—	১০॥	”
”	”	বলদেব	—	২৪	”
”	”	মধুবন	—	৭	”
”	”	রায়া	—	৮	”
”	”	দিবানা	—	৮	”

নৈঝীল হইতে বৃন্দাবন—৩৬ কিঃমিঃ

”	”	রায়পুর	—	১২২০	”
”	”	মাঠ	—	২৯	”
”	”	কামা	—	১৪	কিঃমিঃ
”	”	কোশী	—	১০	”
”	”	মেহেরাগা	—	১২	”
”	”	বর্ধাণা	—	৮	”
”	”	বিড়োকি	—	৭	কিঃমিঃ

শেরগড় হইতে আকবরপুর—১৭ কিঃমিঃ

”	”	ছাতা	—	১৩	”
”	”	দলোতা	—	১২	”
”	”	মোহঝীল	—	১০	”
”	”	তরলী	—	১০	”
”	”	কোশী	—	১৮	”

হাসনপুর হইতে হোডেল—১৬ ”

খিরবি—১০ ”

মারব — ৭ ”

ডীগ — ১৪ কিঃমিঃ

কোশী — ৩৮ ”

সাহার — ১১ ”

বর্ধাণা — ২০ ”

সোক — ১২ ”

ছাতা হইতে গোবর্দ্ধন—২৭ কিঃমিঃ

কারব হইতে বলদেব — ৮ কিঃমিঃ

রায়া — ৮ ”

” ” সাহার — ১৬ ”

” ”

” ” বর্ধাণা — ১৬ ”

ডীগ হইতে	কামা — ২২	কিংমিঃ	খো হইতে	পশোপা ৬	কিংমিঃ
" "	পশোপা — ১৫	"	ছটিঘরা "	চৌমুহা — ৫	"
বৃন্দাবন হইতে	মথুরা — ১০	"	" "	বৃন্দাবন — ৮	"
বৃন্দাবন হইতে	মাঠ — ৭	"	" "	মথুরা — ১০	"
লোহেসার হইতে	কামা — ৬	"	" "	আকবরপুর ৮	"
মানঘড়ি হইতে	বাজনা — ৯	"	হোডেল	কোটবন — ৯	"
বড়বৈঠান হইতে	কোশী — ৫	"	বলদেব	রায়া — ১৬	"
" "	কোকিলাবন ৪	"	মাঠ	রায়া — ১২	"
বর্ষাগা হইতে	সী — ৮	"	মাঠ	জাবরা — ৫	"
কারব হইতে	রায়া — ৮	"	আড়িং	বরিয়া — ৬	"
" "	বলদেব — ৮	"	কামা	কোশী — ২৪	"
সাহার "	পেকু' — ৮	"	ছটিঘরা	কোশী — ৩০	"









প্রশ্নীতি
বাবা শ্রীচুকলদাস মহারাজ
বি. কর, অস্জিত বিজ্ঞান
গাথাকুণ্ড, ময়ূরা, ইউ. পি.
সম্পাদক কর্তৃক অক্ষয়কুণ্ড সংস্কৃতি

প্রাক্তিক চিহ্ন

১. বৈষ্ণব মন্দির
২. চৌটী রোড
৩. রেলসাইন
৪. সড়ক
৫. বাজা
৬. রাজ্য সীমা
৭. ব্রজের সীমা
৮. অধ্যম সাক্ষরণ - ১-১-১৫০
৯. গ্রাম -
১০. এক টাঙ্কি = ঘোড়াই কি. মি.
১১. ম. = মেগালো




শ্রীশ্রী ৮৪ ক্রোশ ব্রহ্মগুল এবং সীমান্তগত পরিদ্রবের মানচিত্র



୪ କ୍ରୋପ ଭଜମଣ୍ଡଳ ଏବଂ ତ ପରିକ୍ରମାର ମାନଚିତ୍ର


ଉତ୍ତର




ଶ୍ରୀ ଚୈତ୍ରି ୪ କ୍ରୋପ ଭଜମଣ୍ଡଳ

ଶ୍ରୀମାନ୍ତର୍ଗତ ପରିକ୍ରମା
 ଅଗୋବର୍ଜନ, ପୁରୁଷ, ଶାମତାଙ୍କ, ସାମଟି, ନଂ ଦାନ୍ତ, ସହଜ, ଡିଗ୍ରୀ, ଦିଦାବଳୀ, ଟାକୋଳା, ଧୋ, କାନ୍ଦିକା, ଆଶ୍ରମପୁର, ଆଦିଷ୍ଟ୍ରୀ, ପମୋପା, ବରୋଲୀ, ବିଲୋଲ, କେନୋରନାଥ, ବଦଲୀ, ଚରଣ ପାହାଡ଼ି, କଳାବଟୀ, ଭୋଜନଥାଳି, ମନ୍ଦରୀ, ମତ୍ସ୍ୟାସ, ଭଟ୍ଟକୀ, ଉତ୍ତରୋ, ପରେହି, ପାଇଗ୍ରାମ, ଜୁରହୋ, ହୁତୋଳୀ, ପୁରୁଷାମା, ଶିଳାର, ମହାକୀ, ଇଲାମା, ଅକ୍ଷୋପ, ମୋଢ଼, ମୋହିମା, ବନଚାରୀ, ଡଖୋରା, ମେରୋଲୀ, ପାଳାଟୀ, ଧାରୀ, ଲିଦି, ହାମରମୁଖ, ମାରସ, ଜେମପୁର, ଅଭୟମୁଖ, ଭମରୋମା, କଟୋଲୀଆ, ବାଜନା, ସାମୀକ୍ଷର, ପରମୋଳୀ, ମଲାକା, ବରୋଟି, ପିତୋରା, ମୀରପୁର, ଦୁରୀର, ଟେଟୀଆମ, ହରମୋଳ, ମସିଟି, ଜାବା, ନନ୍ଦମୁଖୀଆ, କନୋରା, ମର୍ଦୀ, ଧାନୀ, ରାଯା, ଶୀଯରାପନା, ହୃଦୀଲୀ, କାରବ, ଆମନ୍ଦିବିଲମ୍ବୀ, ବଲଦେବ, ହରପୁର, ଗଡ଼ି ଆଲିଫପୁର, ଶାହପୁର, ବଲଦେବ, ହୁଲତାମପୁର, ନଗଳା ଗ୍ୟାନୀ, ବାନ୍ଦ, ଧନଗ୍ରାମ, ଉତ୍ସକାର, କୁମୁଦନ, ଶାହପୁର, ନଂ ମୁହୀଯା, ମେଧ, ବଚତ୍ରାମ, କୋଥରା, ସାମଟି]

ମହେ ମହାଶ୍ରୀ ପ୍ରଭୁତ୍ବ ପୋଡ଼ିଆ ବୈକ୍ରମ ମଞ୍ଜୁନାଥରେ ଆଚାର୍ଯ୍ୟବ୍ରଦ୍ଧି
 କିମ ହିତେ ଶ୍ରୀ ଚୈତ୍ରି ୪ କ୍ରୋପ ଭଜମଣ୍ଡଳ ପରିକ୍ରମା ଯାତ୍ରା କରିବାଛିଲେମ।
 ମହା ମୁଖ ପରିକ୍ରମା କରିବିଲେମ। ଶ୍ରୀବିନାନନ୍ଦ ପ୍ରାତିନିଧିମନ୍ଦିରରେ
 ଯେତେ କିମ ଏହି ହିତେ ଶ୍ରୀଭଜମଣ୍ଡଳ ଯାତ୍ରା ଉତ୍ତରାଷ୍ଟ୍ର ଏବଂ ପୁନରାୟ
 ଯାଏ କି ଏହି ନରା ଅହସାରେ ପରିକ୍ରମା କରିଲେ ଅଜେବ ହାଦିଶବନ ଏବଂ





শ্রীব্ৰহ্মগুলেৱ দক্ষিণাংশ লীলা

ছিতীয় অধ্যায়

ধোরৈৱা

শ্রীমথুৱা হইতে পাঁচ কিঃ মিঃ উত্তৱে ধোৱৈৱা গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাধাকৃষ্ণ মন্দিৰ এবং প্রাচীন গোশালা দৰ্শনযৈ।

তেহৱা

ধোৱৈৱা হইতে দুই কিঃ মিঃ পশ্চিমে তেহৱা গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাধাকৃষ্ণ, শ্রীমহাদেব, শ্রীহৃষ্মান মন্দিৰ বিৱাজিত। গ্রামেৰ পার্শ্বে অহতাগঞ্জ বিদ্যমান। এবং শ্রীমথুৱার উত্তৱভাগে গোবিন্দ পুৱ বিৱাজিত।

ছেড়ৱা

তেহৱা হইতে এক কিঃমিঃ এবং জি,টি, ৰোড হইতে ০ ৩৫০ কিঃমিঃ দূৱে ছেড়ৱা গ্রাম বিদ্যমান। গ্রামে শ্রীমহাদেব মন্দিৰ বিৱাজিত।

আল্লাহপুৱ

ছটীকৱা হইতে এক কিঃমিঃ দক্ষিণে আল্লাহপুৱ গ্রাম অবস্থিত। এই গ্রামেৰ অপৱনাম অন্দেৱপুৱ।

গোপালগড়

ছটীকৱা হইতে তিন কিঃ মিঃ পূৰ্বভাগে গোপালগড় গ্রাম অবস্থিত। ৱাস্তাৱ পার্শ্বে শ্রীগিৰি-ধাৰী গোপাল মন্দিৰ বিদ্যমান।

গঢ়ীয়ালীকপুৱ গ্রাম

শাহপুৱ হইতে দুই কিঃ মিঃ পূৰ্বভাগে গঢ়ীয়ালীকপুৱ অবস্থিত। এইস্থান শ্রীযমুনাৱ দক্ষিণ ভাগেৰ শেষ সীমানা।

শাহপুৱ

ঝড়ীপুৱ হইতে দেড় কিঃ মিঃ দক্ষিণে শাহপুৱ গ্রাম অবস্থিত।

ঝড়ীপুৱ

বলৱই হইতে এক কিঃ মিঃ দক্ষিণে ঝড়ীপুৱ গ্রাম অবস্থিত।

বলরাই

সুলতানপুর হইতে অর্দ্ধ কিঃ মিঃ দক্ষিণে বলরাই গ্রাম বিদ্যমান।

সুলতানপুর

বলরাই হইতে অর্দ্ধ কিঃ মিঃ উত্তরে সুলতানপুর গ্রাম বিরাজিত।

বুরুলীলাড়পুর

করনাবল হইতে দেড় কিঃ মিঃ দক্ষিণে বুরুলীলাড়পুর গ্রাম বিদ্যমান।

করনাবল

বুরুলীলাড়পুর হইতে দেড় কিঃ মিঃ উত্তরে করনাবল গ্রাম বিরাজিত।

নগলা গ্যাসী

বুরুলীলাড়পুর হইতে এক কিঃ মিঃ পশ্চিমে নগলা গ্যাসী অবস্থিত।

আলীপুর

করনাবল হইতে দেড় কিঃ মিঃ পশ্চিমে আলীপুর গ্রাম অবস্থিত।

বাঁদ

আঁজনপুর হইতে আড়াই কিঃ মিঃ দূরে বাঁদ গ্রাম বিদ্যমান। এই গ্রামে শ্রীপাদ হরিবংশের জন্মস্থান। গ্রামে শ্রীরাধাকৃষ্ণ মন্দির, শ্রীদাউজী মন্দির, কুণ্ড ইত্যাদি দর্শনীয়।

কোরকা / কয়লো গ্রাম

আলীপুর হইতে এক কিঃ মিঃ দূরে কোরকা গ্রাম বিদ্যমান। কোরকা গ্রামের পার্শ্বে রামপুর অবস্থিত। কোরকা গ্রামের প্রাচীন নাম কয়লো গ্রাম। এইস্থান হইতে শ্রীবস্তুদেব শ্রীকৃষ্ণকে মাথায় লইয়া শ্রীযমুনা পার হইয়াছিলেন। মথুরায় কংসের কারাগার হইতে যখন শ্রীকৃষ্ণকে শ্রীবস্তুদেব যমুনা পার করাইতেছিলেন তখন যমুনায় শ্রীকৃষ্ণ পড়িয়া যায়। শ্রীবস্তুদেব অনেক খোজা-খুজি করিয়াও শ্রীকৃষ্ণকে পাইতেছেন না। শ্রীকৃষ্ণ শ্রীযমুনার মনকামনা পূর্ণ করিয়া পুণরায় শ্রীবস্তুদেবের কোলে অবস্থান করেন। সেইজন্ত এই স্থানের নাম কয়লো গ্রাম। এবং ঘাটের নাম শ্রীকয়লোঘাট। ঘাটের ছাই দিকে উথনেশ্বর ও পাড়েশ্বর মহাদেব বিরাজিত। কয়লো গ্রামে শ্রীকৃষ্ণ ও শ্রীবস্তুদেবের মন্দির দর্শনীয়।

নারাঙ্গাবাদ / ঔরঙ্গাবাদ

কয়লো গ্রামের দেড় মাইল দূরে নারাঙ্গাবাদ অবস্থিত। এই গ্রাম রূপক হইতে এক কিঃ মিঃ এবং শ্রীমথুরা হইতে চার কিঃ মিঃ। গ্রামে শ্রীকয়লাদেবী এবং শ্রীনারায়ণ মন্দির বিরাজিত।

নবাদা

বাঁদ হইতে তিন কিঃ মিঃ এবং নারাঙ্গাবাদ হইতে ছাই কিঃ মিঃ দূরে নবাদা গ্রাম বিদ্যমান। নবাদার পার্শ্বে তেতরা স্থান অবস্থিত।

বিজ'পুর

নবাদা হইতে দুই কিঃ মিঃ উত্তর বিজ'পুর গ্রাম বিস্তুমান।

আজনপুর

নবাদাৰ পার্শ্বে আজনপুর বিৱাজিত।

অডকী

ব'দ গ্রামের পার্শ্বে অডকী অবস্থিত।

ধনগ্রাম

ব'দ হইতে তিন কিঃ মিঃ পশ্চিম-উত্তরাংশে ধনগ্রাম অবস্থিত। গ্রামে শ্রীদাউজী, শ্রীমহাদেব, শ্রীহৃষ্মান মন্দিৰ এবং কুণ্ড দর্শনীয়। শ্রীনন্দমহারাজেৰ সম্পত্তি এইস্থান পর্যন্ত বিস্তৃত ছিল, সেইজন্য এই স্থানেৰ নাম শ্রীধনগ্রাম বলিয়া পরিচিত।

নৱহোলী

মথুৱা হইতে প'চ কিঃ মিঃ দক্ষিণে এবং বিজ'পুর হইতে এক কিঃ মিঃ দূৰে নৱহোলী গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাধাকৃষ্ণ এবং শ্রীহৃষ্মান মন্দিৰ বিৱাজিত।

মহোলী / শ্রীমধুবন

শ্রীমধুৱা হইতে সাত কিঃ মিঃ দক্ষিণ-পশ্চিমাংশে এবং নৱহোলী হইতে চার কিঃ মিঃ পশ্চিমে অহোলী গ্রাম বিবাজিত। এই গ্রামেৰ প্রাচীন নাম শ্রীমধুবন। এই বন দ্বাদশবনেৰ অন্ততম এবং প্রথম। গ্রামেৰ পূৰ্বে শ্রবণ্টিলা বিৱাজিত। এখানে শ্রবণ প্রতিমূর্তি দর্শনীয়, এই টিলার উপরে বসিয়া শ্রীশ্রবণমহারাজ কঠোৱ তপস্থায় মগ্ন ধাৰিতেন। গ্রামেৰ নৈঞ্চনিক কোথে শ্রীমধুকুণ্ড বিস্তুমান। ভগবান শ্রীকৃষ্ণ এই বনে শ্রীমধুদৈত্যকে বিমাস কৰিয়াছেন, সেই জন্য এই বনেৰ নাম শ্রীমধুবন।

—: তথাহি শ্রীভক্তিৱজ্ঞাকৰ গ্রন্থে :—

মথুৱাবনান্তর্গত মথুৱাপুৱী—যার। মাহাত্মা কহিতে কেহ নাহি পায় পার॥
মধুদৈত্যবধ এথা কৈল ভগবান्। এই হেহু ‘মধুবন’ মথুৱা আখ্যান॥

—: তথাহি ক্ষান্তে মথুৱাখণ্ডে :—

অধোবিনং প্রথমতো যত্র বৈ মথুৱাপুৱী। মধুদৈত্যো হতো যত্র হরিপাং বিশ্বর্তন॥

অনুবাদ :— প্রথমে মধুদৈত্যেৰ বন—যেখানে মথুৱাপুৱী বিৱাজিত এবং যথায় বিশ্বরূপী শ্রীহরি মধুদৈত্যকে বধ কৰিয়াছিলেন। এইবন যাহাৰা দর্শন কৰিয়াছেন এবং নাম শ্রবণ কৰিয়াছেন কিম্বা সেৱা কৰিয়াছেন অথবা মহিমা কীৰ্তন কৰিয়াছেন পৃথিবীতে তাহাৰাই ধৰ্ষ। শ্রীহরিৰ প্ৰিয় এই মধুবনে কিছুই ছল'ভ নহে। যাহাৱা এই বনে আগমন কৰিয়াছে তাহাদেৱ সকল অভীষ্ঠ অচিৱেই লাভ হইয়া থাকেন।

—ଃ ତଥାହି ଶ୍ରୀମଥୁରା ମାହାତ୍ମ୍ୟୋ ୧—

ରମ୍ୟଂ ମଧୁବନଂ ନାମ ବିଷୁଙ୍ଗାନମରୁତ୍ତମମ୍ । ସଦ୍ ଦୃଷ୍ଟି ମନୁଜୋ ଦେବୀ ! ସର୍ବାମ୍ କାମାନବାପୁଯୁଧୀ ॥

ଅନୁବାଦ ୧—‘ମଧୁବନ’ ନାମେ ରମଣୀୟ ବିଷୁଙ୍ଗାନ ଅତ୍ୟାତ୍ମମ । ଏହି ବନ ଦର୍ଶନ କରିଲେ ଲୋକେର ସମସ୍ତ ଅଭୀଷ୍ଟ ଲାଭ ହେଁ ।

ତାଡ଼ିସି ଓ ଶ୍ରୀତାଲବନ

ଶ୍ରୀମଧୁବନ ହଇତେ ତିନି କିମିଃ ଦକ୍ଷିଣେ ତାଡ଼ିସି ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଏହି ଗ୍ରାମେ ପ୍ରାଚୀନ ନାମ ତାଲବନ । ଗ୍ରାମେ ପଞ୍ଚମେ ତାଲବନ କୁଣ୍ଡ ବିନ୍ଦମାନ । କୁଣ୍ଡେର ପୂର୍ବତୀରେ ଶ୍ରୀବଲଦେବଜୀଟିର ମନ୍ଦିର ବିରାଜିତ । ଇହା ଛାଡ଼ା ଏଇଦ୍ଵାନେ ବହୁ ତାଲବୃକ୍ଷ, ଶ୍ରୀମହାଦେବଜୀ ଇତ୍ୟାଦି ଦର୍ଶନୀୟ । ଶ୍ରୀବଲରାମ ଏଇଦ୍ଵାନେ ଧେନୁକାଶ୍ୱରକେ ସଥି କରିଯାଛେ ।

ଧେନୁକାଶ୍ୱରେର ମୁକ୍ତି

ଗଞ୍ଜମାଦନ ପର୍ବତେର ଏକ ଗୁହାୟ ଝରି ଦୁର୍ବାସା ଧ୍ୟାନ କରିତେନ । ବିରୋଚନମନ୍ଦନ ବଲିର ସାହସିକ ନାମେ ଏକ ପୁତ୍ରଛିଲ । ତିନି ସେଇ ପର୍ବତେ ଅଧ୍ୟତ କାମିନୀର ସହିତ କ୍ରୀଡ଼ା କରିତେ ଥାକିଲେ ଝରିର ଧ୍ୟାନ ଭଙ୍ଗ ହେଇଯା ଥାଏ । ତାହାତେ ଝରି ଅଭିଶାପ ଦିଲେନ ଯେ—ରେ ଗର୍ଦ୍ଭଭାକାର ଦୁର୍ଖତେ ! ତୁହି ଗର୍ଦ୍ଭଭ ହେଇଯା ଭୂତଳେ ଅବସ୍ଥାନ କର । ଅଭିଶାପ ଶୁଣିଯା ସାହସିକ ଝରି ଚରଣେ ମୁକ୍ତିର ଜନ୍ମ ପ୍ରାର୍ଥନା ଜାନାଇଲେ, ଝରି ପ୍ରାର୍ଥନାୟ ସମ୍ମତ ହେଇଯା ବଲିଲେନ ଯେ—ଦ୍ୱାପରଯୁଗେ ଶ୍ରୀକୃଷ୍ଣ-ବଲରାମ ଅବତୀର୍ଣ୍ଣ ହେବେନ । ସେଇ ସମସ୍ତ ତୋମାର ମୁକ୍ତିପଦ ଲାଭ ହେବେ ।

ସେଇ ସାହସିକ ନାମକ ଅମ୍ବର ଶ୍ରୀବନ୍ଦାବନଙ୍କ ତାଲବନେ ଅବସ୍ଥାନ କରିତେ ଲାଗିଲେନ । ଏକଦିନ ସଖାଗଣ ଶ୍ରୀରାମ ଓ ଶ୍ରୀକୃଷ୍ଣକେ ବଲିତେ ଲାଗିଲେନ ଯେ—ଗୋବର୍ଦ୍ଧନ ପର୍ବତେର ଅନତିଦୂରେ ବହୁତର ତାଲତରକେ ସମ୍ବକ୍ଷିଣ ଏକଟି ଶୁଭହଂ କାନନ ଆଛେ । ସେଇ କାନନେ ସ୍ଵପକ ପ୍ରଚୁରତର ତାଲଫଳ ପତିତ ହେଇଥେଛେ ଓ ପତିତ ହେଇଯା ରହିଯାଇଛେ କିନ୍ତୁ ଦୁରାଜ୍ଞା ଧେନୁକାଶ୍ୱର କର୍ତ୍ତକ ସେ ସମସ୍ତ ତାଲଫଳ ଅବରନ୍ତ ହେଇଯା ଆଛେ । ସେଇ ଅମ୍ବର ନରମାଂସ ଭୋଜୀ ଏବଂ ଅତ୍ୟନ୍ତ ବଲଶାଲୀ, ଅତ୍ୟନ୍ତ ହେ ସଖା ଆମାଦିଗକେ ସେଇ ସକଳ ଫଳ ପ୍ରଦାନ କରୁଣ । ଏହିପ୍ରକାର କଥା ଶୁଣିଯା ଶୁଦ୍ଧଦଗଣେର ପ୍ରୟୋଗାର୍ଥ୍ୟ କରିବାର ଜନ୍ମ ଶ୍ରୀବଲରାମ ଓ ଶ୍ରୀକୃଷ୍ଣ ମେଥାନେ ଗମନ କରିଲେନ, ବଲରାମ ତାଲବନେ ପ୍ରବିଷ୍ଟ ହେଇଯା ମହାବଲେ ବାହୁଦୟ ଦ୍ୱାରା ତାଲବୃକ୍ଷ ସକଳକେ କଷିତ କରିଯା ତାଲଫଳ ସକଳକେ ପାତିତ କରିତେ ଆରଣ୍ୟ କରିଲେନ । ତାଲ-ପତନେର ଶବ୍ଦ ଶ୍ରବଣ କରିଯା ଗର୍ଦ୍ଭଭାକାର ଧେନୁକାଶ୍ୱର ତଥାୟ ଆଗମନ କରିଲେନ ଏବଂ ପଞ୍ଚାଦ୍ଭାଗେର ପଦଦୟ ଦ୍ୱାରା ବଲଦେବେର ବକ୍ଷଙ୍ଗରେ ଆସାତ କରିଲେନ । ପୁନରାୟ ଆସାତ କରିତେ ଉତ୍ସନ୍ତ ହେଇଲେ, ଶ୍ରୀବଲରାମ ଧେନୁକାଶ୍ୱରେ ପଦଦୟ ଏକହଂ ଦ୍ୱାରା ତୁଲିଯା ଲାଇଯା ସୁରାଇତେ ସୁରାଇତେ ତାଲବୃକ୍ଷେର ଉପରେ ନିଃକ୍ଷେପ କରିଲେନ । ସେଇ ଧେନୁକାଶ୍ୱରେ ଆସାତେ ତାଲବୃକ୍ଷ ଭାଙ୍ଗୟା ପଡ଼ିଲ ଏବଂ ଅମ୍ବରେ ପ୍ରାଣ ସହିର୍ଗତ ହେଇଯା ଭୂତ ଶବ୍ଦ କରିତେ ଆରାମ ଓ କୁଷ୍ଠର ପ୍ରତି ଧାବିତ ହେଲେ, ଶ୍ରୀବଲରାମ ସେଇ ସକଳ ଗର୍ଦ୍ଭଭକ୍ଷୀ ଅମ୍ବରଗଣକେ ପେଚନେର ପଦଦୟ

গ্রহণ করিয়া তালবৃক্ষের উপর নিষ্কেপ করিতে করিতে বিনাশ প্রাপ্তি করিয়াছিলেন। এইভাবে সেই স্থানের অস্তরগণকে বিনাশ প্রাপ্তি করিয়া সমস্ত ব্রজবাসীগণকে নিরাপদে তালফল ভক্ষণ করাইয়াছিলেন।

এই লীলাটি শ্রীকৃষ্ণের ছয়বৎসর বয়ঃক্রম কালে ভাদ্রমাসে হইয়াছিল। শ্রীকৃষ্ণ পূর্বে প্রস্তাদকে বর প্রদান করিয়াছেন যে—তোমার বৎশ আমার হস্তে বধ হইবে না। সেইজন্য শ্রীকৃষ্ণ তাহাকে শ্রীবল-রামের দ্বারা বধ করাইয়াছিলেন।

নগরী

রামপুর হইতে দেড় কিঃমিঃ দূরে নগরী গ্রাম অবস্থিত।

বেরুকা

উঁচাগ্রাম হইতে দুই কিঃমিঃ দূরে বেরুকা গ্রাম বিচ্ছিন্ন।

নবীপুর

উসকার হইতে দুই কিঃ মিঃ দূরে নবীপুর গ্রাম অবস্থিত।

কুমুদবন ও শ্রীকুমুদবন

নাগরী হইতে দুই কিঃমিঃ পশ্চিমে এবং শ্রীতালবন হইতে দুই মাইল দূরে শ্রীকদরবন বিচ্ছিন্ন। এই বনের প্রাচীন নাম শ্রীকুমুদবন। এই বনে শ্রীকুমুদকুণ্ড শোভা বর্দ্ধন করিতেছেন। প্রস্ফুটিত কুমুদে তাহা সতত সুশোভিত। অমর অমরী সেই কুমুদের মধ্যপানে নিয়ত নিরত। নানা বর্ণের বৃক্ষ কুণ্ডির চতুর্দিকে পরিবেষ্টিত। সুখাগণের সমভিযাহারে শ্রীকৃষ্ণ এষস্থানে সতত বিহার করিয়াথাকেন। সেইজন্য এই বনের নাম শ্রীকুমুদবন। মানবগণ এই বনে আগমন করিলে বিষ্ণুলোকে পূজিত হয়। এইস্থানে শ্রীকপিল-দেব, শ্রীবলভাচার্যের উপবেশন স্থান ইত্যাদি দর্শনীয়।

—ঃ তথাহি আদিবরাহেঃ—

কুমুদবনমেতচ তৃতীয়বনমৃতম্। যত্র গঙ্গা নরো দেবি মম লোকে মহীয়তে॥

অনুবাদঃ—হে দেবি ! এই কুমুদবন তৃতীয়বন ও উত্তম, যথায় গমন করিয়া লোক আমার ধারে পূজ্য হইয়া থাকে।

—ঃ তথাহি শ্রীচৈতন্যমঙ্গল গ্রন্থেঃ—

দেৰহ কুমুদবনে কৃষ্ণের চরিত। এই খানে খেলা খেলে বালক সহিত।

শ্রীদাম সুবল গোষ্ঠৈ মুখ্য দুই জন। বালকে বালকে খেলা কন্দল তখন।

কন্দলিয়া নাম স্থান তেওঁতে ইহার। কহিল কুমুদ নাম বনের বিহার।

উসকার

তালবন হইতে তিন কিঃ মিঃ দূরে উসকার গ্রাম অবস্থিত।

উঁচাগ্রাম

কুমুদবন হইতে দেড় কিঃ মিঃ উত্তরে উঁচাগ্রাম অবস্থিত।

হকীমপুর

উচ্চাগ্রাম হইতে এক কিঃ মিঃ উত্তরে হকীমপুর বিদ্যমান ।

নগলা গুজর

হকীমপুর হইতে এক কিঃ মিঃ উত্তরে নগলা গুজর অবস্থিত ।

চেনপুর

বসই হইতে এক কিঃ মিঃ দূরে চেনপুর অবস্থিত ।

সাইপুরা গ্রাম

সঁসা গ্রাম হইতে দুই কিঃ মিঃ পূর্ব দক্ষিণাংশে সাইপুরা গ্রাম অবস্থিত । এই গ্রামে শ্রীরাধা-কৃষ্ণ মন্দির বিদ্যমান ।

স্থাসঙ্গে শ্রীকৃষ্ণ গোচারণ করিয়া । এইস্থানে খেলা করে মহা হরসিয়া ॥

সৰীগণ খেলাকরে সঁ সঁ সঁ ভাবে । রাধিকা সবার শ্রেষ্ঠ সাইপুরা গ্রামে ॥

বসা নগলা

সাইপুরা গ্রাম হইতে এক কিঃ মিঃ বায়ুকোণে বসা নগলা অবস্থিত । অল্পকিছু পরিবার নিয়ে তাহারা সুন্দর ভাবে কালাতিপাত করিতেছেন ।

বসাই

সঁসা গ্রামের পূর্বভাগে বসাই গ্রাম অবস্থিত । শ্রীকৃষ্ণের অন্ত গোপী আছে এবং শ্রীকৃষ্ণ সকলকে ভালবাসেন । কিন্তু এক এক গোপী মনে মনে চিন্তা করিতে লাগিলেন যে—যদি কোন প্রকারে শ্রীকৃষ্ণকে বস করিতে পারি তবে আমাকেই বেশী ভাল বাসিবেন । এই প্রকার গোপীগণ চিন্তা করিতে থাকিলে স্থানের নাম বসাই গ্রাম বলিয়া বিখ্যাতলাভ করিতেছেন । গ্রামে শ্রীমহাদেব মন্দির দর্শণীয় ।

সঁসা গ্রাম

মাধুরীকুণ্ড হইতে আড়াই কিঃ মিঃ দক্ষিণ পার্শ্বে সঁসা গ্রাম অবস্থিত । গ্রামের দক্ষিণ পার্শ্বে শ্রীমহাদেব মন্দির বিরাজিত ।

মাধুরীকুণ্ডের দক্ষিণ পার্শ্বে সঁসা গ্রাম হয় । তাহার মধ্যে রাধাকৃষ্ণ স্থখে বিলসয় ॥

নগলা ছান্দা

বাদাই হইতে দুই কিঃ মিঃ উত্তরে ছান্দানগলা অবস্থিত । গ্রামের পার্শ্বে শ্রীমহাদেব মন্দির বিরাজিত । স্থায়ী অজবাসীগণ বিদেশী বৈষ্ণব ও ভক্তগণকে অনেক আদরণ্যত্ব করিয়া থাকেন ।

বাদার গ্রাম

মুরীয়া নগলা হইতে তিন কিঃ মিঃ উত্তর পশ্চিমাংশে বাদার গ্রাম অবস্থিত । এই গ্রামে শ্রীমহাদেব ও শ্রীহনুমান মন্দির বিরাজিত ।

মুরিয়া নগলা

সাইপুরা হইতে তিনি কি মিঃ পশ্চিমে মুরিয়া নগলা অবস্থিত। অন্ধকিছু পরিবার নিয়ে গ্রামটি সুন্দরভাবে সুশোভিত।

আড়িং গ্রাম

শ্রীগোবর্ধন হইতে চার মাইল পূর্বে এবং দক্ষিণ হইতে পাঁচ মাইল পশ্চিমে আড়িং গ্রাম অবস্থিত। গ্রামের পার্শ্বে অরিষ্টাস্ত্রের টীলা বিদ্যমান সেই টীলা হইতে অরিষ্টাস্ত্র উৎপন্ন হইয়া শ্রীকৃষ্ণকে হত্যা করিবার জন্য শ্রীরাধাকৃষ্ণে গমন করিয়াছিলেন। গ্রামের উত্তর পার্শ্বে কেলিকুণ্ড বিদ্যমান। কেলিকুণ্ডে শ্রীকৃষ্ণ শ্রীমতীরাধারাগীর সহিত অগ্রাপণ জলকেলি করিতেছেন। কুণ্ডের তীরে শ্রীগঙ্গাজী মন্দির, রাসবেদী বংশীবট এবং শ্রীবিহারীজী মন্দির দর্শনীয়। গ্রামের উত্তর পার্শ্বে কমলকুণ্ড বিরাজিত। এইকুণ্ডে অগ্রাপণ কমলপুষ্প দর্শনের দ্বারা শ্রীকৃষ্ণ যে বিবাজ করিতেছেন তাহার প্রমাণ হিসাবে সাক্ষী প্রদান করিতেছেন। ইহা ছাড়াও গ্রামে শ্রীগোপালজী মন্দির, শ্রীরাধারমণ মন্দির, শ্রীসতানারায়ণ মন্দির, শ্রীদাউজী (বড়) মন্দির, শ্রীদাউজী (ছোট) মন্দির ইত্যাদি বিরাজিত।

বরিফা গ্রাম

আড়োপালি হইতে তিনি কি:মিঃ এবং আড়িং গ্রাম হইতে ছয় কি: মিঃ দক্ষিণাংশে বরিফা গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাধাকৃষ্ণ মন্দির দর্শনীয়। এইস্থানে শ্রীকৃষ্ণ সখাগণ সঙ্গে বিভিন্ন প্রকার মিষ্টিদ্রব্য ভোজন করিয়াছেন।

নগলা রামপুর

আড়িং গ্রামের দক্ষিণ ভাগে নগলা রামপুর অবস্থিত।

মাধুরীকুণ্ড গ্রাম

আড়িং হইতে চার কি: মিঃ পূর্ব দক্ষিণাংশে মাধুরীকুণ্ড গ্রাম অবস্থিত। এই গ্রামে রাধারাগীর প্রিয়স্থী মাধুরী বসবাস করিয়াছিলেন তাহার নামানুসারে গ্রামের নাম মাধুরীকুণ্ড গ্রাম। মাধুরী সখী শ্রীরাধাকৃষ্ণকে বিভিন্ন প্রকার ফুলের দ্বারা নিতা শৃঙ্খারাদি করিয়া থাকেন। গ্রামের পার্শ্বে শ্রীমাধুরীকুণ্ড বিদ্যমান। এই কুণ্ডে স্নান করিলে বহুজনের সঞ্চিত পাপ হইতে মুক্ত হওয়া যায়। কুণ্ডের তীরে শ্রীমাধুরী-মোহন মন্দির বিরাজিত।

জচোদা

আড়িং হইতে আড়াই কি: মিঃ পূর্বাংশে জচোদা গ্রাম অবস্থিত।

মোরা

সাকনা হইতে দুই কি:মিঃ উত্তরে এবং খামনী হইতে ২'৭ কি:মিঃ দক্ষিণে মোরা গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাম-সীতা মন্দির বিরাজিত। একদা শ্রীকৃষ্ণ শ্রীরাধিকার সহিত মিলিত হইলে তাহাদের চারি-

দিক বেষ্টন করিয়া ময়ুরগণ আনন্দে পুছ বিস্তার করিয়া নৃত্য করিতেছিলেন। সেই অবধি এই গ্রামের নাম ময়ুর। বর্তমানে এই গ্রাম মোরা নামে পরিচিত। মোরাগ্রাম হইতে দেড় কি.মি. দূরে নগলা মোরা অবস্থিত।

—ঃ তথাহি শ্রীভক্তিরস্তাকরে :—

ঐ যে ময়ুর গ্রাম—কৃষ্ণ ঐ খানে। দেখে ময়ুরের নৃত্য প্রিয়াগণসনে ॥
 কি অপূর্ব ! লক্ষ লক্ষ ময়ুর-মণ্ডলী। রাই-কানু-পানে চায় উঁধে' পুছ তুলি ॥
 ময়ুরের মধ্যে রাই-কানু বিলসয়। নাচয়ে নাচায়—কি অন্তুত হর্ষোদয় ॥
 চতুর্দিকে করতালি দিয়া সখীগণ। দেখয়ে অন্তুত শোভা ভূবনমোহন ॥

জখীনগাঁও

আজিং হইতে আড়াই কিঃমি: উত্তর পূর্বাংশে এবং বসতি হইতে আড়াই কিঃমি: দক্ষিণ পূর্বাংশে জখীনগাঁও অবস্থিত। এই গ্রামের দ্বিতীয় নাম দক্ষিণ গ্রাম। এইস্থানে রাধারাণী দক্ষিণ্য ভাব প্রকাশ করিয়া শ্রীকৃষ্ণের সহিত বিলাসাদি লীলা করিয়াছিলেন। গ্রামে রেণুকা কুণ্ড, রেবতী কুণ্ড, বলভদ্র কুণ্ড, জমদগ্ধি কুণ্ড, কচরবন কুণ্ড অত্যন্ত সুন্দর দর্শনীয়। কুণ্ডগুলিতে অগ্নাপিৎ বিভিন্ন প্রকারের পক্ষি (বক, হংস ইত্যাদি) বিচরণ করিয়া শোভা বিস্তার করিতেছেন। এই গ্রামে শ্রীবলদেবজীউর মন্দির, শ্রীদাউজী মন্দির বিরাজিত।

—ঃ তথাহি শ্রীভক্তিরস্তাকর হইতে :—

ঐ দেখ দক্ষিণ-গ্রামাদি কথোদ্বৰে। ও-সব স্থানেতে কৃষ্ণ আনন্দে বিহরে ॥
 দক্ষিণ গ্রামেতে কৃষ্ণ রঞ্জে বিলসয়। দক্ষিণ নায়িকা-ভাব ব্যক্ত অতিশয় ॥

তোষ গ্রাম

জখীনগাঁও হইতে দুই মাইল ঈশান কোণে এবং রাল হইতে তিনি কি: মি: দক্ষিণ-পশ্চিমাংশে তোষ গ্রাম অবস্থিত। জনশ্রুতি:—শ্রীকৃষ্ণের এক প্রিয়নর্ম সখার নাম তোষ তিনি শ্রীকৃষ্ণকে এইস্থানে নানাপ্রকার নৃত্য-কলা শিক্ষা প্রদান করাইয়াছিলেন, সেইজন্য এই গ্রামের নাম তোষগ্রাম। গ্রামের পূর্বভাগে শ্রীরাধাকৃষ্ণ মন্দির এবং তোষকুণ্ড, কুণ্ডের তৌরে শ্রীরাধারমণ মন্দির বিরাজিত।

—ঃ তথাহি শ্রীভক্তিরস্তাকর হইতে :—

বসতি নিকট রাম-কৃষ্ণ-তোষ-স্থানে। মহাতোষে বিলসে সকল সখাগণে ॥

হরিপোরা নগলা

জখীনগাঁও হইতে দেড় কি: মি: পূর্বে হরিপোরা নগলা অবস্থিত। অলংকিছু পারবার নিয়ে গ্রামটি সুসজ্জিত। শ্রীহরি এইস্থানে নিত্যলীলা করিতেছেন।

এই দেখ হরিপোরা গ্রাম মহারঞ্জে। নিতা বিহরয়ে হরি সখীগণ সঙ্গে ॥

ভূতপুরা নগলা

হরিপোরা নগলা হইতে এক কিঃ মিঃ উত্তরে ভূতপুরা নগলা অবস্থিত। এইস্থানে ভগবান্ কোন এক ভূতকে মুক্তিপদ লাভ করাইয়াছিলেন, সেইজন্য এই গ্রামের নাম ভূতপুরা। গ্রামের পার্শ্বে ভূতকুণ্ড এবং কুণ্ডের মহাদেব বিরাজিত।

বিহারবন

তোষ গ্রাম হইতে দেড় কিঃ মিঃ পশ্চিমে বিহারবন অবস্থিত। অন্নকিছু পরিবার নিয়ে গ্রামটি পরিশোভিত। শ্রীকৃষ্ণ কোন একদিন এই গ্রামে এক এক গোপীকাঙগণের সহিত এক এক কৃষ্ণ হইয়া একই সময়ে বিহার করিয়াছিলেন, সেইজন্য এই গ্রামের নাম বিহারবন। গ্রামে শ্রীবনবিহারী মন্দির বিরাজিত।

নির্দিষ্ট সময়ে কৃষ্ণ এই বন মধ্যে। বিহার করিয়াছিল সখীগণ সঙ্গে ॥

সেইজন্য এই গ্রামের নাম বিহার বন। বর্তমানে দৃষ্টিগোচর হয় অনুক্ষণ ॥

পেষাই নগলা

বিহারবন হইতে এক কিঃ মিঃ পশ্চিমে পেষাই নগলা অবস্থিত। অন্নকিছু পরিবার নিয়ে একটি বস্তি গঠিত হইলে তাহাকে ব্রজবাসীগণ নগলা বলিয়া থাকেন।

অসগরপুর

দতীয়া হইতে এক কিঃ মিঃ পূর্বভাগে অসগরপুর অবস্থিত। গ্রামে শ্রীহনুমানজী এবং শ্রীরাধা-কৃষ্ণ মন্দির বিরাজিত।

অরহস

বাটী হইতে দেড় কিঃ মিঃ পূর্ব-দক্ষিণাংশে অরহস গ্রাম অবস্থিত।

ফেচৱী

সাকনা হইতে আড়াই কিঃ মিঃ পূর্ব-দক্ষিণাংশে ফেচৱী গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীহনুমানজী মন্দির বিরাজিত।

সকনা

বাটীগ্রাম হইতে ছাই কিঃ মিঃ পশ্চিম-দক্ষিণাংশে সকনা গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীদাউজী মন্দির বিরাজিত।

সাতোহা

খাননী হইতে তিন কিঃ মিঃ পূর্বভাগে সাতোহা গ্রাম অবস্থিত। শ্রীশান্তরু মহারাজ পুত্র কাম নায় এইস্থানে শ্রীশৃষ্ট্যদেবের আরাধনা করিয়াছিলেন। সেই শান্তরু মহারাজের নামানুসারে এই গ্রামের নাম সাতোহা বলিয়া পরিচিত। এইস্থানে শ্রীশান্তরু কুণ্ড, শ্রীবিহারীজী মন্দির, শ্রীরাধাকৃষ্ণ মন্দির ও শ্রীরামসীতা মন্দির বিরাজিত।

—: তথাহি শ্রীভক্তিরঞ্জকর গ্রন্থ হইতেঃ—

দেখহ 'সাতোগ্রা'-গ্রাম-কুণ্ড সুনির্মল । শাস্ত্রে মুণির এই তপস্যার স্থল ॥

নগলা বোহরা

সাতোহা হইতে দুই কিঃমিঃ দক্ষিণাংশে নগলা বোহরা অবস্থিত ।

বাকলপুর

সাতোহা হইতে এক কিঃ মিঃ উত্তরে বাকলপুর গ্রাম বিস্তমান । গ্রামে শ্রীহৃষ্মান মন্দির বিরাজিত ।

পালীখড়া

মহোলী হইতে দুই কিঃ মিঃ উত্তরে পালীখড়া গ্রাম অবস্থিত ।

গিরধরপুর

পালীসেরার পার্শ্বে গিরধরপুর অবস্থিত ।

নো-গ্রাম

সালেমপুর হইতে এক কিঃ মিঃ উত্তরে নো-গ্রাম অবস্থিত ।

সালেমপুর

বেরুকা হইতে অদ্বি কিঃ মিঃ পূর্বভাগে সালেমপুর গ্রাম অবস্থিত ।

মারাম নগর

মহোলী হইতে দেড় কিঃ মিঃ দূরে মারাম নগর অবস্থিত ।

খামনী

মোরা হইতে দুই কিঃমিঃ দক্ষিণে খামনী গ্রাম অবস্থিত । গ্রামে শ্রীগোপালজি ট মন্দির, খামনী কুণ্ড এবং কুণ্ডের মহাদেব বিরাজিত ।

জুনসুটী

খামনী হইতে দুই কিঃ মিঃ দক্ষিণে জুনসুটী গ্রাম বিস্তমান ।

নগলা কাশী

খামনী হইতে দেড় কিঃ মিঃ দূরে নগলা কাশী অবস্থিত ।

দত্তীয়া

মোর গ্রামের সওয়া মাইল অগ্নিকাণে এবং খামনী হইতে এক কিঃমিঃ পূর্বভাগে দত্তীয়া গ্রাম অবস্থিত । শ্রীকৃষ্ণ এইস্থানে দন্তবক্রকে বধ করিয়া ধমুনার পরপারে গরুই নামক স্থানে পিতা শ্রীনন্দ-মহারাজের সহিত মিলিত হইয়াছিলেন । গ্রামে শ্রীরাধাকৃষ্ণের যুগলমূর্তি অত্যন্ত সুন্দর দর্শনীয় । দত্তীয়ার পার্শ্বে অসগরপুর অবস্থিত ।

গণেশরা।

সাতোহা হইতে তুই মাটিল ঈশান কোগে গণেশরা গ্রাম অবস্থিত। এই গ্রামের বায়ুকোণে গঙ্গেশরা কুণ্ড, শ্রীরাধাকৃষ্ণ মন্দির, শ্রীগিরিবাজ মন্দির বিরাজিত। এইস্থানে শ্রীকৃষ্ণ গন্ধুদ্রব্য ব্যবহার করিয়াছিলেন সেইজন্তু এইস্থানের নাম গণেশরা বলিয়া পরিচিত। গণেশরার পার্শ্বে বাজনা স্থান অবস্থিত।

—ঃ তথাহি শ্রীভক্তিরত্নাকর গ্রন্থঃ —

দূর হইতে কহে-দেখ ‘গঙ্গেশর স্থান’। কৃষ্ণ গন্ধুদ্রব্য পরে—তেই এ আখান॥

কোটা।

হেড়রা গ্রাম হইতে এক কিঃ মিঃ পশ্চিমে এবং জি, টি, রোড হইতে ০.৫০০ কিঃ মিঃ দূরে কোটা গ্রাম অবস্থিত। গ্রামে সিঙ্ক শ্রীহস্তমান মন্দির বিরাজিত।

বাটী / বহুলাবন

ছটীকরা হইতে চার কিঃ মিঃ পশ্চিম-দক্ষিণাংশে এবং সাকমা হইতে তুই কিঃ মিঃ উত্তরে বাটী গ্রাম অবস্থিত। এই গ্রামের প্রাচীন নাম বহুলাবন। এই বনটি সর্বোত্তম পঞ্চমবন। বহুলাবন নাম হইবার কারণ—কোন কৃষ্ণভক্ত ভ্রান্তগের একটি গাভী চরিতে চরিতে বহুলাবনে আসিলে একটি ব্যাঘ তাহাকে আক্রমন করে। গাভী তাহার ক্ষুধার্ত বৎসকে ছুঁপান করাইয়া অতিনি ভ্রই প্রস্ত্রাবর্তন করিবে বলিয়া ব্যাঘের নিকট প্রতিশ্রূতি হয়। গাভী বৎসের নিকট গিয়া বলিল—বৎস তোমার যত ইচ্ছা ছুঁপ পান কর এই তোমার শেষ ছুঁপ পান, কারণ গাভী ব্যাঘের নিকট প্রতিশ্রূতি দিয়াচি। তাহা শুনিয়া বৎস বলিল—তুমি যেনেপ ব্যাঘের নিকট প্রতিজ্ঞা করিয়াছ আমিও সেইরূপ প্রতিজ্ঞা করিতেছি যে—তোমাকে না বঁচাতে পারিলে আমিও একবিন্দু ছুঁপ খাইব না। ভ্রান্তগ গাভী ও বৎসের সঙ্গে জানিতে পারিয়া গাভী ও বৎসকে লইয়া ব্যাঘের নিকট গমন করিলে ব্যাঘ গাভী বৎস ও ভ্রান্তকে উপস্থিত দেখিয়া ব্যাঘ বলিল আমি একজমকেই খাইব বলিয়াছি, তিনজনকে খাইব বলি নাই, বৎস ও ভ্রান্ত বলিল বহুনা গাভীকে আমাদের নিকট হইতে বিদায় দিলে আমরাও তোমার নিকট আঝোঁসর্গ করিব। এদিকে ভ্রান্তগের শ্রীকৃষ্ণ সেবার গাভীর এই প্রকার সংকটাপন অবস্থার কথা জানিতে পারিয়া শ্রীকৃষ্ণ তথায় শ্রীনারদকে পাঠাইলেন। নারদ শ্রীকৃষ্ণের নিকট গিয়া সমস্ত মৃত্যুন্মুক্ত জানাইলে শ্রীকৃষ্ণ তৎক্ষণাত সেইস্থানে গমন করত ব্যাঘকে নিধন করিয়া গাভী প্রভৃতিকে রক্ষা করিয়াছিলেন। গ্রামের উত্তরে শ্রীবহুলাকুণ্ড, এই কুণ্ডের উত্তরাংশে শ্রীকৃষ্ণকুণ্ড ইহাছাড়া শ্রীবল্লভাচার্যের উপবেশন স্থান, শ্রীলক্ষ্মীনারায়ণ মন্দির, শ্রীবহুলানামক গাভীর স্থান, শ্রীকৃষ্ণের মহাদেব ইত্যাদি দর্শনীয়।

ছটীকরা।

বাটীগ্রাম হইতে চার কিঃ মিঃ পূর্বভাগে কিঞ্চিৎ উত্তর দিশায় এবং জৈত গ্রাম হইতে আড়াই কিঃ মিঃ দক্ষিণভাগে ছটীকরা গ্রাম অবস্থিত। শ্রীকৃষ্ণের যমলাঞ্জুন ভগ্ননের পর শ্রীব্রজরাজনন্দ মহাবন

পরিত্যাগ করিয়া এইস্থানে কয়েক বৎসর যাবৎ বসবাস করিয়াছিলেন। এইস্থানে অবস্থান কালে শ্রীকৃষ্ণ একদিন সখগণ সঙ্গে গোচারণ করিতে বনে গমন করিলেন। সেই সময় কংস প্রেরিত বকাস্ত্র শ্রীকৃষ্ণকে হত্যা করিতে চেষ্টা করিলে, নিজেই নিহত হইয়াছিলেন।

শ্রীগুরুড় গোবিন্দ

চট্টীকরা গ্রামের এক কিঃ মিঃ উত্তর-পূর্বাংশে গুরুড় গোবিন্দ অবস্থিত। এইস্থানে শ্রীগুরুড় গোবিন্দ মন্দির বিরাজিত। এইস্থানে এই নামের উৎপত্তি সমন্বে—

প্রথমতঃ

শ্রীরাম অবতারে ইন্দ্রজিৎ কর্তৃক শ্রীরামচন্দ্র নাম পাশে বদ্ধ হইলে শ্রীগুরুড় শ্রীরামের বন্ধন মোচন করিয়াছিলেন। তদবধি শ্রীরামচন্দ্রের ভগবত্তা সমন্বে গুরুড়ের কিছু সন্দেহ হয়। অবশেষে শ্রীকৃষ্ণ অবতারে গুরুড় শ্রীকৃষ্ণকে দর্শন করিতে আসিয়া ব্রজময় শ্রীকৃষ্ণের বিভূতি দর্শন করিতে লাগিলেন, ইহাতে গুরুড় নিতান্ত বিস্মিত হইয়া শ্রীকৃষ্ণের মায়া জানিতে পারিয়া অতি আর্তনাদে তাঁহার শরণ গ্রহণ করেন এবং বিবিধ স্মৃতিতে শ্রীকৃষ্ণের কৃপা লাভ করেন। অনন্তর শ্রীকৃষ্ণ গুরুড়কে আশাস প্রদান করতঃ তাঁহার ক্ষন্দে আরোহন করিয়া বলিলেন আজ হইতে তোমার নাম আমার নামের অগ্রে উচ্চারিত হইবে এবং আমাদের এই বিগ্রহের নাম শ্রীগুরুড় গোবিন্দ বলিয়া সর্বসাধারণের বিদিত হইবে।

দ্বিতীয়তঃ

কোন একদিন শ্রীদাম শ্রীগুরুড়ের রূপ ধারণ করিয়া খেলা করিতেছিলেন। তখন শ্রীকৃষ্ণ চতুর্ভুজ নারায়ন রূপ প্রকাশ করিয়া তাঁহার ক্ষন্দে আরোহন করিয়াছিলেন, এইহেতু শ্রীগুরুড় গোবিন্দ নাম প্রকাশ হইল;

—ঃ তথাহি শ্রীভক্তিরত্নাকরে ঃ—

‘গুরুড় গোবিন্দ’ এই-দেখ শ্রীনিবাস। এথা করিলেন কৃষ্ণ অন্তুত বিলাস ॥

শ্রীদাম গুরুড় হৈয়া খেলয়ে আনন্দে। চতুর্ভুজ গোবিন্দ চড়্যে তা’র ক্ষন্দে ॥

গুরুড় গোবিন্দ দুঁহু শোভা অতিশয়। এই হেতু ‘গুরুড় গোবিন্দ’ নাম কয় ॥

—ঃ তথাহি শ্রীলঘূতাগবতাম্বৃতে ঃ—

শ্রীদামি তাঙ্ক’ঁং প্রাপ্তে সোহপি চতুর্ভুজ ইত্যাদি—

অনুবাদঃ—শ্রীদাম শ্রীগুরুড়রূপ ধারণ করিলে শ্রীকৃষ্ণও চতুর্ভুজ নারায়ণরূপ প্রকাশ করিলেন ইত্যাদি।

সুনরম

চট্টীকরা হইতে তিন কিঃ মিঃ উত্তর-পূর্বাংশে সুনরম গ্রাম অবস্থিত। এই গ্রামের পুর্বভাগে শ্রীযমুনার তৃষ্ণ নগনাকোক অবস্থিত। সুনরম গ্রামে শ্রীসৌভাগী শুণির তপস্যা স্থল বলিয়া পরিচিত।

ନାରାୟଣପୁର

ସୁନରସ ହଇତେ ଏକ କିଃମିଃ ଦୂରେ ନାରାୟଣପୁର ଅବସ୍ଥିତ । ଏକଦିନ ଏହିଥାନେ ସଖୀଗଣେର ସମ୍ମୁଖେ ଶ୍ରୀକୃଷ୍ଣ ଶ୍ରୀନାରାୟଣରପ ପ୍ରକାଶ କରିଲେନ । କାରଣ ତାହାଦେର ଅଭିଲାସ ଛିଲ ଯେ—ତୁମି ଶ୍ରୀଗର୍ଭଭୂତୀଟିର ମନ୍ଦିରମନ୍ତର କିମ୍ବା ତାବେ ପୂରଣ କରିଲେ ତାହା ଆମଦେର ସମ୍ମୁଖେ ଶ୍ରୀନାରାୟଣରପ ପ୍ରକାଶ ନା କରିଲେ କିଛୁଇ ବିଧାସ କରିବ ନା ।

ଆଠାସ

ସକରାଯା ହଇତେ ଦେଡ଼ ମାଇଲ ଦକ୍ଷିଣେ ଆଠାସ ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଏହିଥାନେ ଶ୍ରୀ ଗଣ୍ଠାବତ୍ର ମୁନିର ତପସ୍ୱା ଶ୍ତଳ ବଲିଯା ସର୍ବସାଧାରଣେର ପରିଚିତ ।

ଜୋନାଇ

ପରଥମ ହଇତେ ଏକ କିଃ ମିଃ ପୂର୍ବଭାଗେ ଜୋନାଇ ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଶ୍ରୀକୃଷ୍ଣ ଅଘାସୁରକେ ବଧ କରିଯା ଏହିଥାନେ ସଥାଗଣ ସଙ୍ଗେ ଭୋଜନ କରିଯାଇଲେନ ।

ଦେବୀ ଆଠାସ

ଏହିଗ୍ରାମ ଆଠାସ ଗ୍ରାମେର ଏକ ମାଇଲ ପଞ୍ଚମେ ଅବସ୍ଥିତ । ଶ୍ରୀକୃଷ୍ଣଙ୍କ ଭଗ୍ନୀ ଏବଂ ଶ୍ରୀଯଶୋଦାର କନ୍ତା ଶ୍ରୀଏକୋନଂଶ୍ଚ ଦେବୀର ଗ୍ରାମ । ଦେବୀ ଏହିଥାନେ ଅଷ୍ଟଭୂଜାକୁପେ ବିରାଜ କରିତେହେନ । ଏକୋନଂଶ୍ଚ ଦେବୀର ଅପର ନାମ ଶ୍ରୀବିଦ୍ଵାବାସିନୀ । ଶ୍ରୀବିଦ୍ଵାବାସିନୀ ପର୍ବତୋପରି ଅଷ୍ଟଭୂଜାକୁପେ ବିରାଜିତ ।

ଜୈତ

ଛଟୀକରା ହଇତେ ଆଡ଼ାଇ କିଃ ମିଃ ଉତ୍ତରେ ଜୈତ ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଗ୍ରାମେ ଶ୍ରୀହତୁମାନଜୀଟିର ମନ୍ଦିର ଦର୍ଶନୀୟ । ଶ୍ରୀକୃଷ୍ଣ ଅଘାସୁରକେ ବଧ କରିଲେ ସର୍ଗ ହଇତେ ଦେବଗଣ “ଜୟ ଜୟ” ଧ୍ୱନି କରିଯା ଶ୍ରୀକୃଷ୍ଣଙ୍କ ଉପରେ ପୁଷ୍ପବର୍ଷଗ କରିଯାଇଲେନ । ସେଇଜଣ୍ଠ ଏହି ଗ୍ରାମେର ନାମ ଜୈତ ବଲିଯା ପରିଚିତ ।

—ଃ ତଥାହି ଶ୍ରୀଭକ୍ତିରଙ୍ଗାକରେ ୩—

ଏଥା ପୁଷ୍ପ ବର୍ଷେ ଦେବ, ଜୟଧନି କରେ । ଏ ହେତୁ ‘ଜୟେତ’—ଗ୍ରାମ କହୟେ ଇହାରେ ॥

ସକରାଯା

ରାମତାଳ ହଇତେ ତିନ କିଃ ମିଃ ଏବଂ ଦେବୀ ଆଠାସ ହଇତେ ଛଇ କିଃ ମିଃ ଉତ୍ତରେ ସକରାଯା ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ ।

ମଘେରା

ବାଟୀଗ୍ରାମ ହଇତେ ଚାର କିଃ ମିଃ ଉତ୍ତରେ ମଘେରା ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଅକ୍ରୂର ମହାଶୟ ସଖନ ଶ୍ରୀକୃଷ୍ଣ ବଲବାମକେ ବ୍ରଜ ହଇତେ ମୁୟରାୟ ଲାଇଯା ଯାଯ ତଥନ ଏହିଥାନେ ଶ୍ରୀକୃଷ୍ଣ ବିରାହେ ବ୍ରଜବାସ ରମଣୀଗଗ ମୁଚ୍ଛିତ ହଇଯାଇଲେନ । ସେଇଜଣ୍ଠ ଏହି ଥାନେର ନାମ ମଘେରା ବଲିଯା ପରିଚିତ । ଗ୍ରାମେ ଶ୍ରୀଦୁଇଜୀ ମନ୍ଦିର ବିରାଜିତ ।

—ଃ ତଥାହି ଶ୍ରୀଭକ୍ତିରଙ୍ଗାକରେ ୪—

ଏହି ଦେଖ ‘ମଘେରା’—ଗ୍ରାମ—ଓହିଥାନେ । କୃଷ୍ଣଙ୍କ ଗମନ ପଥ ହେବେ ସର୍ବଜନେ ॥

ଯେକୁପ ବ୍ୟାକୁଲ ସବେ—କହିଲେ ନା ହୟ । ଏବେ ଲୋକେ ‘ମଘେରା’ ଇହାର ନାମ କୟ ॥

রাল গ্রাম

জনতি হইতে চার কিঃ মিঃ পূর্বে রালগ্রাম অবস্থিত। শ্রীনন্দমহারাজ যখন কংসের অত্যাচারে সটিয়ায় অবস্থান করিতেছিলেন, তখন সটিয়ারা হইতে রাল পর্যন্ত তাহার বাসস্থানের সীমানা ছিল। গ্রামের পূর্বাংশে শ্রীলক্ষ্মীনারায়ণ মন্দির। পশ্চিমাংশে শ্রীবলরাম কুণ্ড, কুণ্ডতটে শ্রীকুণ্ডেশ্বর মহাদেব বিরাজিত। উত্তরাংশে শ্রীরাধরী কুণ্ড, কুণ্ডতৌরে শ্রীবিহারীজী মন্দির।

— : তথাহি শ্রীভক্তিরঞ্জকরে :—

ঘষ্টীকরা, রাওল পর্যন্ত নন্দ রহে। ‘রাওল’ গ্রামের নাম এবে ‘রাল’ কহে ॥

জনতি / জুহলেদি গ্রাম

বসতি গ্রাম হইতে দেড় কিঃ মিঃ পূর্বে জনতি গ্রাম অবস্থিত। শ্রীকৃষ্ণের প্রিয়নন্দ সখী জন্মমতী এই গ্রামে অবস্থান করিয়াছিলেন তাহারই নামামুসারে এই গ্রামের নাম জনতি গ্রাম হইয়াছে। গ্রামের পূর্বভাগে সূর্যকুণ্ড অবস্থিত। কুণ্ডের তৌরে শ্রীকিশোরী রমণ মন্দির এবং শ্রীরাধা বিহারী মন্দির দর্শনীয়।

মটালি নগলা

রাল হইতে দুই কিঃ মিঃ পশ্চিমে মটালি নগলা অবস্থিত। অল্পকিছু পরিবার নিয়ে এই বন্টিটি সুসজ্জিত।

ভদ্রাল

বড়োতা হইতে দুই কিঃ মিঃ উত্তরে ভদ্রাল গ্রাম অবস্থিত। এইগ্রাম শ্রীভদ্রা যুথেশ্বরীর স্থান। গ্রামে শ্রীরাধাকৃষ্ণ মন্দির এবং শ্রীহনুমান মন্দির বিরাজিত। এইগ্রামের অপর নাম ভাদার।

— : তথাহি শ্রীভক্তিরঞ্জকরে :—

হের দেখ ‘ভদ্রায়’—নাম গ্রাম হয়। এইখানে ভদ্রা যুথেশ্বরী বিলসয় ॥

নগলা নেতা

ভাদাল হইতে এক কিঃ মিঃ উত্তরে নগলা নেতা অবস্থিত।

বড়োতা

শিবাল হইতে আড়াই কিঃ মিঃ পূর্ব—দক্ষিণাংশে বড়োতা গ্রাম অবস্থিত।

কোহাই গ্রাম

শ্রীরাধাকুণ্ড হইতে উত্তর-পূর্বকোণে সাড়েতিন কিঃ মিঃ এবং ভাদার হইতে দেড় মাইল পশ্চিমে কোহাই গ্রাম বিদ্যমান। এই গ্রামের পূর্বনাম কেওনাই গ্রাম। একদিন শ্রীকৃষ্ণ বনে গোচারণ করিতে করিতে এইস্থানে উপস্থিত হইলেন। এবং হঠাৎ শ্রীমতি রাধারাণীর কথা মনে পড়িলে ঘুরিতে ঘুরিতে দৃতীকে দর্শন লাভ করিলেন। শ্রীকৃষ্ণ রাধারাণীকে উদ্দেশ্য করিয়া দূতীকে বলিতে লাগিলেন যে—‘এই স্থানে কেও নাই?’ সেই অনুসারে এইস্থানের নাম কোহাই গ্রাম।

—ঃ তথাহি শ্রীভক্তিরস্তাকর গ্রন্থে :-—

এই আগে দেখছ ‘কেজনাই’—নামে গ্রাম। এথা রাই-বিহনে ব্যাকুল ঘনশ্যাম॥

কেঙনা আই দৃতীরে শ্রীকৃষ্ণ পৃষ্ঠয়। এ হেতু কেজনাই—এবে কোনাই কহয়॥

গ্রামে শ্রীশ্যামসুন্দর মন্দির, শ্রীগোপালজী মন্দির, শ্রীগিরিরাজ ও হহুমান মন্দির (কেমারী মন্দির), এবং কোষ্টাই কুণ্ড বিরাজিত।

বসতি গ্রাম

শ্রীরাধাকুণ্ড হইতে সাড়ে তিনি মাইল পূর্বে এবং জনতি গ্রামের দেড় মাইল পশ্চিমে বসতি গ্রাম অবস্থিত। শ্রীবৃষভামু মহারাজা রাভেল গ্রাম হইতে এই গ্রামে কিছুদিন অবস্থান (বসতি স্থাপন) করিয়া বর্ষাগ্রামে চলিয়াগিয়া ছলেন, সেইজন্ত এই গ্রামের নাম বসতি গ্রাম হইয়াছে। এই গ্রামে দুইখানি শ্রীগোপালজী মন্দির, রাজকদম্ব এবং বসন্ত কুণ্ড দর্শনীয়। বসন্ত কুণ্ডের তীরে ভগবান শ্রীকৃষ্ণ বসন্ত কালীন লৌলা করিয়া থাকেন। কুণ্ডটি সংস্কার বিহীন হইলেও অস্ত্বস্তু সুন্দর দর্শনীয়।

—ঃ তথাহি শ্রীভক্তিরস্তাকরে দৃষ্ট হয় :—

আগে এ ‘বসতি’ গ্রাম দেখ শ্রীনিবাস। এথা বৃষভামুরাজা করিলেন বাস॥

পালীত্রাঙ্গণ

মুখরাই হইতে দেড় কিঃ মিঃ দক্ষিণে এবং শ্রীযমুনামাতা গ্রাম হইতে দেড় কিঃ মিঃ উত্তরে পালী-ত্রাঙ্গণ গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীপাড়লেখের মহাদেব এবং শ্রীগিরিধারী বিরাজিত। মন্দিরের পার্শ্বে শ্রী-পালীকুণ্ড দর্শনীয়।

শ্রীমুখরাই গ্রাম

শ্রীরাধাকুণ্ড গ্রামের ছাই কিঃ মিঃ পূর্ব দক্ষিণাংশে মুখরাই গ্রাম অবস্থিত। শ্রীমতীরাধারাণীর মাতামহী শ্রীমুখরাদেবী এইস্থানে বসবাস করিয়াছিলেন সেইজন্ত এই গ্রামের নাম শ্রীমুখরাই গ্রাম। এই গ্রামে শ্রীমুখরাকুণ্ড, শ্রীমুখরাদেবী মন্দির, শ্রীবিহারীজী মন্দির, শ্রীগিরিধারী মন্দির, শ্রীমদনমোহন মন্দির ইত্যাদি বিরাজিত।

—ঃ তথাহি শ্রীভক্তিরস্তাকর হইতে :—

শ্রীকুণ্ডদক্ষিণে ‘মুখরাই’ গ্রাম হয়। তথা গিয়া পশ্চিত শ্রীনিবাস—প্রতি কয়॥

রাধিকার মাতামহী মুখরা প্রাচীনা। তাঁ’র এই বাসস্থান—জানে সর্বজন।॥

এথা মহাকৌতুক মুখরা অলক্ষিত। রাধাকৃষ্ণে মিলায় হইয়া উল্লিখিত।॥

পাঞ্জাবী নগলা

রাধাকুণ্ড হইতে এক কিঃমিঃ উত্তরে পাঞ্জাবী নগলা অবস্থিত।

ଶ୍ରୀସୁନ୍ଦରୀ ଗ୍ରାମ

ଶ୍ରୀଗୋବର୍ଦ୍ଧନ ହଇତେ ଆଡ଼ାଇ କିଃ ମିଃ ପୂର୍ବାଂଶେ ଶ୍ରୀସୁନ୍ଦରୀ ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଗ୍ରାମେ ଶ୍ରୀସୁନ୍ଦରୀ ମାତାର ମନ୍ଦିର ଦର୍ଶନୀୟ । କଥିତ ଆଛେ ଯେ—ଶ୍ରୀକୃଷ୍ଣ ସଥିନ ଶ୍ରୀଗିରିଗୋବର୍ଦ୍ଧନ ଧାରଣ କରିଯାଇଲେନ ମେହି ସମୟ ଶ୍ରୀସୁନ୍ଦରୀ ଏହିସ୍ଥାନ ଦିଯା ପ୍ରବାହିତ ହଇତେଛିଲ । ମେହିଜନ୍ମ ଏହି ସ୍ଥାନେର ନାମ ଶ୍ରୀସୁନ୍ଦରୀ ଗ୍ରାମ ।

ଶ୍ରୀରାଧାକୁଣ୍ଡ ଗ୍ରାମ

ମୁଖରାଇ ଗ୍ରାମେର ସନ୍ଧୟା ମାହିଲ ଉତ୍ତରେ ଏବଂ ଶ୍ରୀଗୋବର୍ଦ୍ଧନ ହଇତେ ଚାର କିଃମିଃ ଈଶାନକୋଣେ ଶ୍ରୀରାଧାକୁଣ୍ଡ ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ ।

ଶ୍ରୀକୃଷ୍ଣଙ୍କ ଉଂପତ୍ତିର କାରଣ

ଶ୍ରୀକୃଷ୍ଣ ବୃଦ୍ଧପଧାରୀ ଅରିଷ୍ଟାନ୍ତରକେ ନିଧନ କରିଯା ମେହି ଦିନ ରାତ୍ରେ ବ୍ରଜରମାଗଣେର ସମଭିବ୍ୟାହାରେ ରାମଦୂଲ୍ଲାଖିତେ ରାମଲୀଲାଯ ପ୍ରାର୍ଥନା କରିଲେ ଗୋପୀଗଣ ମୃଦୁମନ୍ଦ ହାତ୍ୟ ସହକାରେ ବଲିତେ ଲାଗିଲେନ ଯେ—ହେ ବୃଦ୍ଧଙ୍କ ମର୍ଦନ ! ଆଜ ଆମାଦିଗକେ ତୁମି ସ୍ପର୍ଶ କରିଓ ନା କାରଣ ବୃଦ୍ଧତ୍ୟା କରାତେ ତୋମାର ଶରୀରେ ପାପ ଲିପ୍ତ ହଇଯାଇଁ । ଶ୍ରୀକୃଷ୍ଣ ବଲିଲେନ—ହେ ମୁନ୍ଦରୀଗଣ, ତବେ କିମ୍ପକାରେ ଏହି ପାପ ହଇତେ ମୁକ୍ତିପଦ ଲାଭ କରିତେ ପାରିବ । ତତ୍ତ୍ଵରେ—ତୁମି ଯଦି ତ୍ରିଭୁବନେର ସମସ୍ତ ତୀର୍ଥ ଅବଗାହନ କରିତେ ପାର ତବେ ଏହି ପାପ ହଇତେ ମୁକ୍ତିପଦ ଲାଭ କରିବେ । ଶ୍ରୀକୃଷ୍ଣ ବଲିଲେନ ଯେ—ଆମି ଏହି ବ୍ରଜଧାମ ପରିତ୍ୟାଗ କରିଯା କୋଥାଓ ସାଇତେ ପାରିତେଛି ନା, ଯଦି ତ୍ରିଭୁବନେର ସମସ୍ତ ତୀର୍ଥ ଆହ୍ଵାନ କରିଯା ଏହିସ୍ଥାନେ ଆନନ୍ଦ କରିଯା ସ୍ନାନ କରି ତବେ ତୋମାଦେର ବିଶ୍ୱାସ ଏବଂ ଆମାର ଏହି ସ୍ଥାନେଇ ସ୍ନାନ ହଇବେ । ମେହି ଅମୁମାରେ ଶ୍ରୀକୃଷ୍ଣ ସଜୋରେ ଚରଣେର ପାର୍ଶ୍ଵ ଆସାନ୍ତ କରିଲେ ମୁକ୍ତେ ପାତାଳ ହଇତେ ସ୍ଵ ସ୍ଵ ରଥ ଧାରଣ ପୂର୍ବକ (ଯେବନ—ନବନ ସମୁଦ୍ର, କ୍ଷୀର ସମୁଦ୍ର, ଗୋଦାବରୀ, ପ୍ରସାଦ ଇତ୍ୟାଦି) ବିଭିନ୍ନ ତୀର୍ଥ ଆଗମନ କରିତେ ଲାଗିଲେନ । ଶ୍ରୀକୃଷ୍ଣ ମେହି ସମସ୍ତ ତୀର୍ଥେ ସ୍ନାନ କରିଲେନ । ଏହିସ୍ଥାନେ ଶ୍ରୀକୃଷ୍ଣଙ୍କ ଚରଣଘାତେ ଉଂପନ୍ଧ କୁଣ୍ଡର ନାମ ଶ୍ରୀଗ୍ରାମକୁଣ୍ଡ । ତଥନ ଶ୍ରୀମତୀରାଧାରୀମି ମଧ୍ୟିଗଙ୍ଗକେ ବଲିତେ ଲାଗିଲେନ ଯେ—ହେ ସର୍ବିଗଣ, ଚଲ—ଆମାର ଏବଂ ଶ୍ରୀଗ୍ରାମକୁଣ୍ଡର ପାର୍ଶ୍ଵ ମୁନ୍ଦରଭାବେ ଆର ଏକଟି କୁଣ୍ଡ ମୃଷ୍ଟି କରିବ । ଶ୍ରୀମତୀରାଧାରୀମି ଦ୍ୱାରା ନିର୍ମିତ କୁଣ୍ଡର ନାମ ଶ୍ରୀରାଧାକୁଣ୍ଡ । ଏହି କୁଣ୍ଡରେର ଚତୁରପାର୍ଶ୍ଵ ସମସ୍ତ ସଧା, ମଧ୍ୟ ଓ ମଞ୍ଜରୀଗଣେର କୁଣ୍ଡ କୁଣ୍ଡାଦି ବିରାଜିତ ।

ଅରିଷ୍ଟାନ୍ତରେର ମୁକ୍ତି

ଅରିଷ୍ଟାନ୍ତରେର ପୂର୍ବନାମ ଦିଜିସତ୍ତମ ବରତନ୍ତ୍ରମ ବରତନ୍ତ୍ରମ । ତିନି ଶ୍ରୀକୃଷ୍ଣ ବୃଦ୍ଧପତ୍ତିର ନିକଟ ବିଦ୍ୟାଭ୍ୟାସ କରିଲେନ । କୋନ ଏକଦିନ ପଡ଼ିତେ ଗିଯା ଶ୍ରୀକୃଷ୍ଣ ମମୀପେ ପାଦ-ପ୍ରସାରିତ କରିଲେ, ଶ୍ରୀ ତନ୍ଦର୍ଶନେ ତ୍ରୁଟି ହଇଯା ବଲିଲେନ ଯେ—ହେ ଦୁର୍ଗତେ ତୁମି ବୁଝେ ଆମାର ମୟୁଖେ ଅବସ୍ଥାନ କରିତେଛୁ ଅତ୍ୟବସଥ ହୁଏ । ମେହି ଅଭିଶାପେ ବରତନ୍ତ୍ରମ ହଇଯା ଅନୁରଗଣେର ସଂମର୍ଗେ ଅନୁରବ ପ୍ରାପ୍ତ ହଇଯାଇଛେ ।



কোন এক সময় বৃষকুপধাৰী অৱিষ্টাস্তুৰ সখা ও গো-গণেৰ মধ্যে গোচাৰণ প্ৰবেশ কৰিলেন। তাহাৰ নিষ্ঠুৰ নিমাদে গোপ গোপীগণ ভয়েত্তস্ত হইয়াছিলেন এবং “হা কৃষ্ণ হা কৃষ্ণ রক্ষা কৰ” বলিয়া চিৎকাৰ কৰিতে লাগিলেন। অনস্তুৰ শ্রীকৃষ্ণ “তোমাদেৱ ভয় নাই” বলিয়া আশ্঵স্ত প্ৰদান কৰিয়া-ছিলেন। সেই অস্তুৰ শ্রীকৃষ্ণেৰ প্ৰতি মহাক্রোধে ধাৰিত হইলে, শ্রীকৃষ্ণ তাহাৰ শৃঙ্খেৰ অগ্ৰভাগ ধাৰণ পূৰ্বক মুহূৰ্ষে ভাসিত কৰিয়া ভূমিতে পাতিত কৰিলেন এবং বিষাণ উৎপাটন কৰিয়া তদ্বাৰাই তাহাকে নিহত কৰিলেন। অস্তুৰ শ্রীকৃষ্ণেৰ হস্তে নিহত হইয়া মুক্তিপদ লাভ কৰিয়াছিলেন।

কিছু মন্দিৰেৰ নাম

পৃথিবীৰ বিভিন্ন স্থানে সেবিত ঠাকুৰ শ্রীরাধাকুণ্ডেৰ চতুপার্শ্বে বিৱাজিত। তন্মধ্যে কিছু বিগ্ৰহেৰ নাম যেমন :— শ্রীরাধাগোবিন্দদেবজী, শ্রীরাধাগোপীনাথদেবজী, শ্রীরাধামদনমোহনদেবজী, শ্রীরাধাশ্যামসুফুরদেবজী, শ্রীরাধারমণদেবজী, শ্রীরাধাবিনোদদেবজী, শ্রীরাধাকাঞ্চনদেবজী, শ্রীরাধাদামদেবজী, শ্রীভগুংগাধুরদেবজী, শ্রীলক্ষ্মীনারায়ণদেবজী, শ্রীসীতারামজী, শ্রীনহাদেবজী, শ্রীদাসগোষ্ঠীপাদেৱ সমাধী, শ্রীমিতাই-গৌর-সীতানাথজী, শ্রীমন্মহাপ্ৰভুজী, শ্রীরাধাবল্লভদেবজী, শ্রীভজহুৰিদাস বাবাৰ সেবিত শ্রীমিতাই-গৌর-গিৰিধাৰী মন্দিৰ ইত্যাদি।

কুঞ্জ

কুণ্ডলয়েৰ চতুপার্শ্বে সমস্ত সখা, সখী ও মঞ্জুৰীগণেৰ কুঞ্জাদি বিৱাজিত। যেমন :— ললিতামন্দদ-কুঞ্জ, বসন্তকুঞ্জ, মাধবামন্দদ কুঞ্জ, চিৰামন্দদ কুঞ্জ, ইন্দুলেখামন্দদ কুঞ্জ, চম্পকলতামন্দদ কুঞ্জ, তুঞ্জবিষ্ণু-মন্দদ কুঞ্জ, সুদেবীসুখদ কুঞ্জ, মদমসুখদ কুঞ্জ, মলিলকমল কুঞ্জ ইত্যাদি।

ঘাটঃ (১) শ্রীবুলনবটষ্ঠ ঘাট

শ্রীরাধাকুণ্ডেৰ অগ্নিকোণে শ্রীবুলনবটষ্ঠ ঘাট অবস্থিত। এই ঘাটেৰ উপৰিভাগে অতি প্ৰাচীন শ্রীরাধাকৃষ্ণেৰ মন্দিৰ এবং বটবৃক্ষ বিৱাজিত। প্ৰতি বৎসৱ জলকেলি উৎসবেৰ পঢ়দিন এই বৃক্ষেৰ ঢালে

গ্রামস্থ অজগোপীগণ মহাসমারোহে ঝুলন লীলার অভিনয় করিয়া থাকেন। এই ঘাটের অপর নাম শ্রী-রাধাকৃষ্ণের ঘাট।

(২) মাজাহৰা ঘাট

ইহা শ্রীরাধাকৃষ্ণের উত্তর তীরে অবস্থিত। শ্রীনিত্যানন্দেশ্বরী শ্রীজাহৰামাতা শ্রীকৃষ্ণ দর্শন করিতে আসিয়া এইস্থানে উপবেশন করিয়াছিলেন এবং এইঘাটে স্নান করিয়াছিলেন সেইজন্ত এই ঘাটের নাম মাজাহৰা ঘাট।

(৩) শ্রীগোবিন্দ ঘাট

শ্রীরাধাকৃষ্ণের পূর্বতীরে শ্রীগোবিন্দঘাট অবস্থিত। শ্রীপাদ সন্নাতন গোস্বামী এই ঘাটে স্নান করিবার সময় শ্রীরাধাগোবিন্দের ঝুলনলীলা দর্শন করিয়া শ্রীকৃপগোস্বামীকৃত চাটুপুস্পাঞ্জলীর “বেণীবালা ঙ্গনা ফণা” এই শ্লোকের রহস্য হৃদয়াঙ্গম করিয়াছিলেন। এইঘাট শ্রীগোপালভট্ট গোস্বামীর ভজন কুটীর ও শ্রীবক্ষবিহারী মন্দিরের মধ্যভাগের পশ্চিম দিশায় অবস্থিত। শ্রীকৃষ্ণ সংস্কার করাইবার কালে লালাবাবু এইঘাটের সীমা নিরূপণ করিয়া তিনিদিক কিঞ্চিৎ উচুঁ করিয়া রাখিয়াছেন।

(৪) শ্রীরামবাড়ী ঘাট

শ্রীরামবাড়ী ঘাট শ্রীরাধাকৃষ্ণের দক্ষিণ তীরে প্রায় মধ্যভাগে অবস্থিত।

(৫) শ্রীযুগল সঙ্গম ঘাট

শ্রীরাধা ও শ্রীশ্যামকৃষ্ণের সন্ধিস্থলে অবস্থিত। বৈষ্ণবগণ এইস্থানে আগমন করিয়া প্রথমে শ্রী-রাধাকৃষ্ণ স্নান করিয়া তদনন্তর শ্রীশ্যামকৃষ্ণে স্নান করিয়া থাকেন। এই সঙ্গমঘাটের উপরে শ্রীগিরিরাজ মহারাজ ও শ্রীচরণচিহ্ন দর্শনীয়।

(৬) শ্রীদাসগোস্বামী ঘাট

শ্রীরাধাকৃষ্ণের উত্তর তীরে এবং মাজাহৰা ঘাটের পূর্বভাগে এই ঘাট বিরাজিত। শ্রীপাদ রঘুনাথ দাসগোস্বামী এইঘাটে নিত্য স্নান করিয়া থাকেন সেইজন্ত এই ঘাটের নাম শ্রীদাসগোস্বামী ঘাট।

(৭) শ্রীমানস পাবন ঘাট

শ্রীশ্যামকৃষ্ণের অগ্নিকোণে শ্রীমানস পাবন ঘাট অবস্থিত। এইঘাট শ্রীমতী বৃষভান্তনন্দিনীর অতিশয় প্রিয় বলিয়া প্রসিদ্ধ।

(৮) শ্রীপঞ্চপাণ্ডব ঘাট

ইহা শ্রীমানস পাবন ঘাটের পূর্ব সংলগ্ন। এই ঘাটের পাশেই শ্রীপঞ্চপাণ্ডবের বৃক্ষ বর্তমানেও দর্শনীয়।

(৯) শ্রীরাধাবল্লভ ঘাট

ইহা শ্রীপঞ্চপাণ্ডব ঘাটের পূর্বে শ্রীশ্যামকৃষ্ণের উত্তর তীরে অবস্থিত।

(১০) শ্রীনদিনী মাতা ঘাট

শ্রীশ্বামকুণ্ডের উত্তর তৌরে অবস্থিত।

(১১) শ্রীজীবগোষ্ঠামী ঘাট

শ্রীনদিনীমাতা ঘাটের পূর্বদিকে অবস্থিত।

(১২) শ্রীঘনমাধুব ঘাট

শ্রীজীবগোষ্ঠামী ঘাটের পূর্বকোণে এবং গয়াঘাটের পূর্বসীমা পর্যান্ত বিস্তৃত।

(১৩) শ্রীরাধাবিনোদ ঘাট

শ্রীশ্বামকুণ্ডের উত্তীর্ণকোণে শ্রীরাধাবিনোদ ঘাট বিরাজিত।

(১৪) শ্রীগয়া ঘাট

শ্রীশ্বামকুণ্ডের পূর্বভাগে শ্রীগয়াঘাট অবস্থিত। গোপকুঞ্চ হইতে কুণ্ডে যাইবার সময় এইঘাট দেখিতে পাওয়া যায়।

(১৫) শ্রীঅষ্টসধী ঘাট

শ্রীগয়াঘাট ও শ্রীমন্মহাপ্রভুর উপবেশন ঘাটের মধ্যভাগে অবস্থিত।

(১৬) শ্রীমন্মহাপ্রভুর উপবেশন ঘাট

শ্রীশ্বামকুণ্ডের বায়ুকোণে অবস্থিত। এই ঘাটের উপরিস্থিত তমালবৃক্ষের নীচে শ্রীমন্মহাপ্রভু উপবেশন করিয়া আরিট গ্রাম সন্দেশে আলোচনা করিয়াছিলেন।

(১৭) শ্রীপাশাখেনা ঘাট

শ্রীমন্মহাপ্রভুর উপবেশন ঘাটের পশ্চিমে এবং শ্রীশ্বামকুণ্ডের দক্ষিণ তৌরে অবস্থিত।

(১৮) শ্রীমদ্বন্মোহন ঘাট

শ্রীশ্বামকুণ্ডের নৈঞ্চনিক কোণে শ্রীমদ্বন্মোহন ঘাট অবস্থিত।

মহাদেব

শ্রীরাধাকুণ্ডে ছুইটি প্রাচীন এবং প্রসিদ্ধ মহাদেব। যথা :—(ক) শ্রীকুণ্ডেশ্বর মহাদেব :—ইহা শ্রীরাধা-কুণ্ডের নৈঞ্চনিক কোণে অবস্থিত। (খ) শ্রীবন্থগুৰী মহাদেব :—ইহা শ্রীশ্বামকুণ্ডের পূর্বাংশে অবস্থিত। ইহা ছাড়া শ্রীরাধারমণ মন্দিরে, শ্রীরাজবাড়ী মন্দিরে, শ্রীসীতারাম মন্দিরে, শ্রীরাধাবল্লভ আচার্যের বৈঠকে শ্রীমহাদেবেরলিঙ্গ মন্দির বিরাজিত।

শ্রীশিবোথৰ

শ্রীরাধাকুণ্ডের পশ্চিমে শ্রীশিবোথৰ কুণ্ড অবস্থিত। কুণ্ডের উত্তর তৌরে শ্রীকুণ্ডেশ্বর মহাদেব এবং দক্ষিণতৌরে সমস্ত বৈক্ষণে ও বৈষ্ণবীদিগকে দেহান্তে সৎকার করিয়া থাকেন। কারণ :—একদা এক শৃগালী এইস্থানে দেহ রক্ষা করিয়া শ্রীমতীরাধারাণীর নিত্য পরিকর হইয়াছিলেন।

ଶ୍ରୀମାଲ୍ୟହାରୀକୁଣ୍ଡ

ଏହିକୁଣ୍ଡ ଶିବୋଖରେ ଉତ୍ତରେ ଅବସ୍ଥିତ । ଏହିଥାନେ ଶ୍ରୀମତୀରାଧାରାଣୀ ସଥିଗଣ ସଙ୍ଗେ ଶ୍ରୀକୃଷ୍ଣର ନିମିତ୍ତ ମୁକ୍ତାହାର ରଚନା କରିଯା ଥାକେନ ।

ଶ୍ରୀଲଲିତାକୁଣ୍ଡ

ଶ୍ରୀଶ୍ରୀମକୁଣ୍ଡର ଉତ୍ତର ଭାଗେ ଶ୍ରୀଲଲିତାକୁଣ୍ଡ ଅବସ୍ଥିତ । କୁଣ୍ଡର ପୂର୍ବ ତୀରେ ଶ୍ରୀଲଲିତ ବିହାରୀ ମନ୍ଦିର । ପଞ୍ଚମ ତୀରେ ଶ୍ରୀସୀତାରାମ ମନ୍ଦିର ଏବଂ ଦକ୍ଷିଣ ତୀରେ ଶ୍ରୀଜୀ ଦ୍ଵାରା ମୁଦ୍ରଣ କୁଟୀର ।

ଶ୍ରୀବଲରାମକୁଣ୍ଡ

ଶ୍ରୀଭାହୁଖୋରେ ଦ୍ଵିଶାନକୋଣେ ଶ୍ରୀବଲରାମ କୁଣ୍ଡ ଅବସ୍ଥିତ ।

ଶ୍ରୀଭାନୁଥୋର

ଶ୍ରୀଲଲିତାକୁଣ୍ଡର ପଶ୍ଚିମେ ଶ୍ରୀଭାନୁଥୋର କୁଣ୍ଡ ଅବସ୍ଥିତ ।

ଶ୍ରୀକଙ୍କଣକୁଣ୍ଡ

ଶ୍ରୀରାଧାକୁଣ୍ଡର ମଧ୍ୟଭାଗେ ଶ୍ରୀକଙ୍କଣକୁଣ୍ଡ ଅବସ୍ଥିତ । ଏହି କୁଣ୍ଡଟି ଶ୍ରୀରାଧାକୁଣ୍ଡ ସଂକ୍ଷାର ବିହୀନ ଦର୍ଶନେର ଅଗୋଚର । ଶ୍ରୀମତୀରାଧାରାଣୀ ଯୋଳ ହାଜାର ଗୋପୀଗଣ ସଙ୍ଗେ, ନିଜ ନିଜ ହସ୍ତେର କଙ୍କଣ ଦ୍ଵାରା ଏହି କୁଣ୍ଡଟି ନିର୍ମିତ କରିଯାଇଲେନ, ସେଇଜତ୍ତ ଏହି କୁଣ୍ଡର ନାମ ଶ୍ରୀକଙ୍କଣ କୁଣ୍ଡ ।

ଶ୍ରୀବଜ୍ରନାଭକୁଣ୍ଡ

ଶ୍ରୀଶ୍ରୀମକୁଣ୍ଡର ମଧ୍ୟଭାଗେ ଶ୍ରୀବଜ୍ରନାଭ କୁଣ୍ଡ ଅବସ୍ଥିତ । ଶ୍ରୀକୃଷ୍ଣର ପ୍ରପୋତ ଶ୍ରୀବଜ୍ରନାଭ ଏହି କୁଣ୍ଡଟି ନିର୍ମାଣ କରିଯାଇଲେନ, ସେଇଜତ୍ତ ଏହି କୁଣ୍ଡର ନାମ ଶ୍ରୀବଜ୍ରନାଭ କୁଣ୍ଡ ।

ଶ୍ରୀଗୋପକୁଣ୍ଡ୍ୟା

ଶ୍ରୀଶ୍ରୀମକୁଣ୍ଡର ପୂର୍ବତୀରେ ଶ୍ରୀଗୋପକୁଣ୍ଡ୍ୟା ଅବସ୍ଥିତ । ଏହି କୁଣ୍ଡ୍ୟା ହଇତେ ଗୋପୀଗଣ ଶ୍ରୀକୃଷ୍ଣକେ ଜଳ-ପାନ କରାଇଯାଇଲେନ ।

ଶ୍ରୀକୁମୁମସରୋବର

ଶ୍ରୀରାଧାକୁଣ୍ଡ ହଇତେ ଦେଡ ମାଇଲ ଦକ୍ଷିଣେ ଏବଂ କିଞ୍ଚିତ ପଞ୍ଚମାଂଶେ ଶ୍ରୀକୁମୁମସରୋବର ଅବସ୍ଥିତ । ଏହି ସରୋବରେ ଦ୍ଵିଶାନ କୋଣେ ଶ୍ରୀହୃମାନଜୀ ମନ୍ଦିର, ଅପ୍ରି କୋଣେ ଶ୍ରୀଉଦ୍ଧବଜୀ ମନ୍ଦିର, ନୈଥନ୍ କୋଣେ ଶ୍ରୀବନ୍ଦିବିହାରୀ ମନ୍ଦିର ଏବଂ ପଞ୍ଚମ ତୀରେ ରାଜା ଶୁରଜମଳେର (ଭରତପୁର ରାଜାର) ସମାଧି ଅବସ୍ଥିତ । ଏହି ସରୋବରେ ଶ୍ରୀମତୀ-ରାଧାରାଣୀ ନିତ୍ୟ ସର୍ପିଗଣ ସଙ୍ଗେ ପୁଞ୍ଚଚିଯନ କରିଯା ଥାକେନ । ଶ୍ରୀନାରଦ ଥବି ଏହି ସରୋବରେ ଆନ କରିଯା ଗୋପୀ ଦୂରପ ପ୍ରାଣ ହଇଯାଇଲେନ । ଦ୍ଵାରକାଯ ଶ୍ରୀକୃଷ୍ଣ ଅନ୍ତର୍ଧାନ ହଇଲେ ଦ୍ଵାରକାର ମହିଯିଗଣ ଶ୍ରୀକୃଷ୍ଣ ବିରହେ ଶ୍ରୀବନ୍ଦାବନେ ଆଗମନ କରିଯାଇଲେନ ଏବଂ ଏହି ସରୋବରେ ତୀରେ ଶ୍ରୀଉଦ୍ଧବ ମହାଶୟେର ଶ୍ରୀମୁଖେ ଏକମାସ ସାବ୍ଦ ଶ୍ରୀମନ୍ତାଗବତ କଥା ଶ୍ରୀବନ୍ଦାବନେ ଶ୍ରୀକୃଷ୍ଣର ସାନ୍ନିଧ୍ୟ ଲାଭ କରିଯାଇଲେନ ।

ଶ୍ରୀଉଦ୍ଧବକୁଣ୍ଡ

ଶ୍ରୀଶ୍ରୀବନ୍ଦାବନ ଗ୍ରାମ ହଇତେ ଶ୍ରୀରାଧାକୁଣ୍ଡ ଗ୍ରାମେ ପରିକ୍ରମା କରିଯା ଆସିବାର କାଳେ ରାସ୍ତାର ଦକ୍ଷିଣ

শ্রীরাজমঞ্জলের দক্ষিণাংশ লীলা

পার্শ্বে শ্রীটুঙ্কবুঁগু অবস্থিত। কুণ্ডটে শ্রীরাধাকুষের যুগল বিগ্রহ দর্শনীয়। এইকুণ্ডের জলে আচমন করিলে সকল প্রকার পাপ তাপ এবং সমস্ত অমঙ্গল দূরীভূত হয়।

ভূতকুণ্ড

শ্রীনারদ কুণ্ডের দক্ষিণ পার্শ্বে এবং যেই স্থানে শ্রীগোবর্দ্ধনে বাসন্তেও চলার ও পরিক্রমার বাস্তো মিলিত হইয়াছে সেইস্থানে শ্রীভূতকুণ্ড অবস্থিত। এক জনশ্রুতিঃ—শ্রীরাধাকুণ্ড হইতে এক মহাআগ্নি নিয়ে শ্রীগিরিবাজ পরিক্রমা করিতেন। একদিন রাত্রে পরিক্রমা করিতে এইস্থানে আগমন করিয়া কিছু সাধু-মহাআগ্নির সমাবেশ দেখিতে পাইলেন। তাহাদের মধ্যে ভাণ্ডারা চলিতেছে। মহাআগ্নিকে বলিলেন— বাবা বস, ভোজন কর। মহাআগ্নি বলিলেন যে—আমি পরিক্রমা পূর্ণ না করিয়া কিছুই ভোজন করিব না অতএব আপনারা যদি কিছু প্রসাদ দিয়ে দেন তবে আমি লইয়া যাইব এবং পরিক্রমাস্তে ভোজন করিব। মহাআগ্নির বাক্যানুসারে কিছু রুটি, সজি ইত্যাদি দিয়া দিলেন। মহাআগ্নি ঘোলার মধ্যে প্রসাদ রাখিয়া চলিতে লাগিলেন। কচুক্ষণ পরে দেখিতে পাইলেন যে—ঘোলা হইতে লাল রক্তেরমত কিছু রস পড়িতেছে। তিনি পরিক্রমা পূর্ণ করিয়া প্রভাতে দেখিতে পাইলেন যে—ভূতেরা যাহা আহার করে সেইরূপ কিছু খাত্তজ্বা ঘোলার মধ্যে রহিয়াছে। কথাটি গোপন রাখিতে চেষ্টা করিলেও প্রকাশিত হইয়া যায়। অস্ত্বাবধি এই কুণ্ডের পার্শ্বে আগমন করিয়া সেই লীলার কথা শ্রবণ করিলে মনের গতি পরিবর্তন হইয়া যায়। এই কুণ্ডের পার্শ্বে বর্তমানেও কোন জনবসতি নাই। এই কুণ্ডে স্নান করিলে পাপ এবং ভূতে পাওয়া রোগী পর্যাপ্ত মুক্তিপদ লাভ করিয়া থাকেন।

শ্রীগোয়াল পোথরা

শ্রীকুস্ম সরোবর হইতে অর্ক কিঃ মিঃ দক্ষিণে শ্রীগোয়াল পোথরা অবস্থিত। এইস্থানে শ্রীমধুমঞ্জলের নিকট হইতে সখাগণ সূর্য পূজার মৈবেঠ লুঠন করিধাইলেন। শ্রীগোয়াল পোথরা শ্রীগিরি-রাজের কর্মসূরুপ। এই কুণ্ডের উত্তর ভাগে শ্রীগুমকুটী শোভা বিস্তার করিতেছেন। সেইস্থানে শ্রীরঞ্জকুণ্ড নামক একটি কুণ্ড বিরাজিত রহিয়াছে।

শ্রীনারদকুণ্ড

শ্রীকুস্ম সরোবরের পূর্বাংশে শ্রীনারদকুণ্ড অবস্থিত। এই কুণ্ডের পশ্চিম তীরে শ্রীনারদজীটির মন্দির বিরাজিত। এই কুণ্ডে সোমবরতী অম্বাবস্তা দিবসে স্নান করিলে মনস্কামনা পূর্ণ হইয়া থাকে। সেই-জন্য সেইদিন এই কুণ্ডে বহুলোকের সমাগম দেখিতে পাওয়া যায়।

শ্রীগোবর্দ্ধন গ্রাম

শ্রীরাধাকুণ্ড হইতে চার কিঃ মিঃ দক্ষিণ-পশ্চিমাংশে শ্রীগোবর্দ্ধন গ্রাম অবস্থিত।

শ্রীগোবর্দ্ধনোৎপন্নিকথা

গোল্পকে শ্রীকৃষ্ণ শ্রীমতীরাধারাগীর সঙ্গে রামকৃষ্ণায় সন্তুষ্ট হইয়া বরদান অন্তস্থারে কমল নয়ন হইতে

ଫଳ, ଫୁଲ, ବସ୍ତାଦିତେ ପରିପୂର୍ଣ୍ଣ ସୁନ୍ଦର ଶ୍ରୀଗିରିରାଜେର ସୃଷ୍ଟି କରିଯାଛିଲେନ । ଶ୍ରୀକୃଷ୍ଣ ଦ୍ୱାପରେ ଅନ୍ତେ ମର୍ତ୍ତବ୍ୟାମେ ଅବତୀର୍ଣ୍ଣ ହଇଯା ଲୀଲା କରିବେନ ମେହିଜନ୍ତୁ ଶ୍ରୀଗିରିରାଜକେ ଭାରତବର୍ଷେ ଶାଲମଣୀ ଦ୍ୱୀପ ମଧ୍ୟେ ଦ୍ରୋଗ ପର୍ବତରେ ପତ୍ରି ଦ୍ୱାରା ଜମାଗ୍ରହଣ କରି ଅବତୀର୍ଣ୍ଣ କରାଇଲେନ । ଏହିଦିକେ କାଶୀଧାମ ହଇତେ ଶ୍ରୀପୁନ୍ତ୍ର ଝବି ଭ୍ରମଣ କରିତେ କରିତେ ମେହି ପର୍ବତକେ ଅବଲୋକନ କରିଲେନ ଏବଂ ତାହାକେ କାଶୀଧାମେ ଲଈଯା ସାଇବାର ଜନ୍ମ ଅମୁରୋଧ ଜାନାଇଲେନ । ଶ୍ରୀଗିରିରାଜ ଝବିକେ ଶ୍ଵପଥ କରିଯା ଲଈଲେନ ଯେ—“ଆପନି ଆମାକେ ରାସ୍ତାଯ କୋଥାଓ ସ୍ଥାପନ କରିଲେ ଆମି କିନ୍ତୁ ଆର ମେହିଚାନ ହଇତେ କୋଥାଓ ସ୍ଥାନାନ୍ତରିତ ହଇବ ନା ।” ମେହି ଅମୁରାରେ ଝବି ଶ୍ରୀଗିରିରାଜ ପର୍ବତକେ ହଞ୍ଚେ ଉତ୍ତୋଳନ ପୂର୍ବକ ଶ୍ରୀବ୍ରନ୍ଦାବନେର ଉପର ଦିଯା କାଶୀଧାମେ ଲଈଯା ସାଇତେଛିଲେନ । ତଥନ ଶ୍ରୀ-ଗିରିରାଜ ଚିନ୍ତା କରିଲେନ ଯେ ; ଶ୍ରୀକୃଷ୍ଣ ଏହିଚାନେ ଅବତୀର୍ଣ୍ଣ ହଇଯା ଲୀଲା କରିବେନ ଅତ୍ରବ ଆମାକେ ଏହିଚାନେଇ ଥାକିତେ ହଇବେ । ଏହିକପ ଚିନ୍ତା କରିଯା ଶ୍ରୀଗିରିରାଜ ସ୍ଵଶ୍ରୀ ଦ୍ୱାରା ଖୁବ ଭାରୀ ହଇତେ ଲାଗିଲେନ । ଏହିଦିକେ ଝବି ପରିଶ୍ରାନ୍ତ ହଇଯା ମେହି ପ୍ରତିଜ୍ଞାର କଥା ଭୁଲିଯା ଗେଲେନ ଏବଂ ଶ୍ରୀଗିରିରାଜ ପର୍ବତକେ ବ୍ରଜେ ସ୍ଥାପନ କରିଯା ବିଶ୍ରାମାନ୍ତେ ଶ୍ରୀଗିରିରାଜକେ ପୁନରାୟ ହଞ୍ଚେ ଉତ୍ତୋଳନ କରିତେ ଚେଷ୍ଟା କରିଲେନ କିନ୍ତୁ ଅନେକ ଚେଷ୍ଟା କରିଯାଓ ତାହାକେ କାଶୀଧାମେ ଲଈଯା ସାଇତେ ପାରିଲେନ ନା । ମେହିଜନ୍ତୁ ଝବି କୁନ୍ଦ ହଇଯା ଶ୍ରୀଗିରିରାଜକେ ଅଭିସମ୍ପାଦ କରିଲେନ ଯେ—“ତୁମି ପ୍ରତି ବଂସର ତିଲ ପରିମାନେ କ୍ଷୟପ୍ରାପ୍ତ ହଇଯା ସାଇବେ ।” ଏହି ବଲ୍ୟା ଝବି ବ୍ୟର୍ଥ ମନେ କାଶୀଧାମେ ଚଲିଯା ଗେଲେନ ।

ବ୍ରଜଧାମେ ଶ୍ରୀନିମନ୍ଦମହାରାଜ ଏବଂ ବ୍ରଜବାସୀ ସକଳେ ବୃଷ୍ଟିର ଜନ୍ମ ଶ୍ରୀଇନ୍ଦ୍ରପୁଜା କରିତେଛିଲେନ । ଶ୍ରୀଗିରିରାଜ ମହାରାଜ ଯେ ଇନ୍ଦ୍ରେ ମହିମାର ଚେଯେଓ ଅଧିକ ମେହି ଧାରଣା ତାହାଦେର ଛିଲ ନା । ମେହିଜନ୍ତୁ ଶ୍ରୀକୃଷ୍ଣ ଇନ୍ଦ୍ରେର ପୂଜାକେ ବନ୍ଧ କରାଇଯା ଶ୍ରୀଗିରିରାଜେର ପୂଜା କରିତେ ଆଦେଶ କରିଲେନ । ଏହିଦିକେ ଇନ୍ଦ୍ରେର ପୂଜା ବନ୍ଧ ହଇଯାଛେ ବୁଝିତେ ପାରିଯା ଦେବରାଜ ଇନ୍ଦ୍ର କ୍ରୋଧେ ପ୍ରେବଳ ବେଗେ ବୃଷ୍ଟିଧାରା ଆରଣ୍ଟ କରିଲେନ । ସକଳେ ବୃଷ୍ଟିର ହାତ ହଇତେ ବନ୍ଧ ପାଇବାର ଜନ୍ମ ଶ୍ରୀକୃଷ୍ଣର ଶରନାପନ ହଇଲେନ । ମେହିଜନ୍ତୁ ଶ୍ରୀକୃଷ୍ଣ ସମ୍ପୂର୍ଣ୍ଣ ବଂସର ବ୍ୟମେ ଆଟ୍ୟୋଜନ ଦୈର୍ଘ୍ୟ, ପ୍ରାଚୀ ଯୋଜନ ପ୍ରକ୍ଷେତ୍ର ଏବଂ ତୁରି ଯୋଜନ ଉଚ୍ଚତା ଶ୍ରୀଗିରିରାଜକେ ହଞ୍ଚେ ଉତ୍ତୋଳନ ପୂର୍ବକ ବଲିତେ ଲାଗିଲେନ ଯେ—“ତୋମର ସକଳେ ନିର୍ଭୟେ ଏହି ଶ୍ରୀଗିରିରାଜେର ନୀଚେ ପ୍ରବେଶ କର ।” ସକଳେ ଶ୍ରୀଗିରିରାଜେର ନୀଚେ ପ୍ରବେଶ କରିଲେନ । ଏହିଦିକେ ଦେବରାଜ ଇନ୍ଦ୍ର ଏକମଙ୍ଗେ ସାତଦିନ ଯାବଂ ପ୍ରେବଳ ବେଗେ ବୃଷ୍ଟିଧାରା କରିଯାଓ ସଥନ ତାହାଦେର କୋନ ପ୍ରକାରେ କ୍ଷତି କରିତେ ପାରିଲେନ ନା ତଥନ ଇନ୍ଦ୍ର ଶ୍ରୀକୃଷ୍ଣର ଚରନେ କ୍ଷମା ପ୍ରାର୍ଥନା ଜାନାଇଯାଛିଲେନ । ତଥରେ ଶ୍ରୀକୃଷ୍ଣ ଶ୍ରୀଗିରିରାଜକେ ପୂର୍ବେର ସ୍ଥାପନ କରିଯାଛିଲେନ ଏବଂ ମେହିଦିନ ହଇତେ ସକଳେ ଶ୍ରୀଗିରିରାଜେର ପୂଜା କରିତେ ଆରଣ୍ଟ କରିଲେନ ।

ଶ୍ରୀମାନସୀଗଙ୍ଗୀ

ଶ୍ରୀଗୋବର୍କନ ଗ୍ରାମେ ମଧ୍ୟାଶ୍ଳେ ଶ୍ରୀମାନସୀଗଙ୍ଗା ଅବସ୍ଥିତ । ଶ୍ରୀମାନସୀଗଙ୍ଗା ଉତ୍ସପନ୍ତି ସମସ୍ତେ ସେମନ :— କୋନ ଏକ ସମୟ ଶ୍ରୀମନ୍ଦମାଦି ଗୋପଗଣ ଶ୍ରୀମତୀଯଶୋଦା ପ୍ରଭୃତି ଗୋପାଙ୍ଗାଦିଗକେ ସଙ୍ଗେ କରିଯା ଭାଗୀରଥୀ ଗନ୍ଧାୟ ମ୍ରାଣ କରିବାର ଜନ୍ମ ସାତା କରିଲେନ । ଚଲିତେ ଚଲିତେ ପଥିମଧ୍ୟେ ରାତ୍ର ଉପର୍ଦ୍ଵିତୀ ହଇଲେ ଶ୍ରୀଗୋବର୍କନ

সমীপে সকলে রাত্রিযাপন করিতে লাগিলেন। সেই সময় শ্রীকৃষ্ণ মনে মনে বিচার করিলেন যে শ্রীব্রজ ভূমির মহামহিমায় আকৃষ্টিত্ব হইয়া এই ব্রজে নিখিল তীর্থ বিরাজিত। কিন্তু ব্রজবাসীগণ এই ভূমির অহিমা আদৌ অবগত নহে, শুতরাং আমাকে ইহার সমাধান করিতে হইবে। শ্রীভগবানের মনে এই প্রকার বিচার উদয় হওয়া মাত্র শ্রীগঙ্গাজী মকরবাহিনী রূপে তৎক্ষণাত্ম সর্বসমক্ষে প্রকটিত হইলেন। সহস। শ্রীগঙ্গাদেবীর আবির্ভাবে ব্রজবাসীগণ অত্যন্ত বিস্মিত হইয়া পরম্পরে নানাপ্রকার তর্ক বিতর্ক করিতে লাগিলেন, তখন শ্রীকৃষ্ণ ব্রজবাসীগণকে বলিতে লাগিলেন যে— ব্রজভূমিকে সেবা করিবার জন্য ত্রিভুবনের সমস্ত তীর্থই আসিয়া বিরাজ করিতেছেন। আপনারা গঙ্গাস্নানের নিমিত্ত ব্রজের বাহিরে যাইতে উদ্যত হইয়াছেন। ইহা জানিতে পারিয়া পতিত পাবনী ‘মা গঙ্গা’ আজ আপনাদের সম্মুখে উপস্থিত হইয়াছেন। অতএব আপনারা অতি সত্ত্বর শ্রীগঙ্গাজীর পবিত্র জলে স্নানাদি কার্য সুসম্পন্ন করুন। আজ হইতে এই তীর্থ ‘শ্রীমানসী গঙ্গা’ নামে সর্বত্র প্রসিদ্ধি লাভ করিবেন। কার্ত্তিক মাসের অমাবস্যা তিথিতে শ্রীকৃষ্ণের মন হইতে শ্রীমানসীগঙ্গা আবির্ভূত হইয়াছিলেন। শ্রীমানসীগঙ্গার পূর্বতীরে শ্রীমুখাবিন্দ (শ্রীগিরিবাজ মন্দির) এবং শ্রীলক্ষ্মীনারায়ণ মন্দির, দক্ষিণতীরে শ্রীহরিদেব মন্দির এবং ব্রহ্মকুণ্ড, উত্তরতীরে সিঙ্ক শ্রীকৃষ্ণদাস বাবার আন্তর্ম, শ্রীচক্রতীর্থ (চাকলেশ্বর মন্দির), শ্রীসনাতন গোষ্ঠামীপ্রভুর ভজন কুটীর ইত্যাদি বহু মন্দির বিরাজিত।

সিঙ্ক শ্রীকৃষ্ণদাস বাবা

শ্রীকৃষ্ণদাস বাবা উৎকলবাসী করণ-বংশৎ ছিলেন। তাহার পিতার নাম শ্রীসনাতন কাননগো এবং মাতার নাম জরী মঙ্গরাজাৰ কল্প। সংসার ধর্ম ত্যাগ করিয়া ঘোল বৎসর বয়মে তিনি শ্রীব্রজধামে আগমন করিয়াছিলেন। শ্রীবন্দাবনে আগমনের পর যথন শুনিতে পাইলেন যে শ্রীপাদ রূপগোষ্ঠীপাদের সেবিত শ্রীগোবিন্দদেবজী জয়পুরে স্থানান্তরিত হইয়াছে তখন তিনি জয়পুরে চলিয়া গিয়াছিলেন। সেইস্থানে প্রায় ৮/১০ বৎসর অতিবাহিত করিয়া পুনরায় ব্রজে চলিয়া আসেন। কাম্যবনে সিঙ্ক শ্রীজয়কৃষ্ণদাস বাবাজী মহারাজের নিকটে ভজন পদ্ধতি শিক্ষা লাভ করিয়া দোহন বনে গমন পূর্বক আটা ভিক্ষা করিয়া কখনো গুলিয়া কখনো বা আঙু ঝটি করিয়া ঠাকুরকে ভোগ দিতে লাগিলেন এবং কঠোর ভাবে ভজনে প্রবৃত্ত হইলেন। এইভাবে ভজন করিতে করিতে শরীর দুর্বল হইয়া পড়িল। আস্তে আস্তে চক্ষু দৃষ্টিহীন হইল। তখন অনাহার অনিদ্রার মাধ্যমে ভজন করিতে লাগিলেন। এইভাবে ছই-তিনি দিন অতিবাহিত হইলে শ্রীমতীরাধাৱাণী স্বয়ং আগমন করিয়া তাহার চক্ষু ছইটির পুনর্দৃষ্টি এবং শক্তি প্রদান করিয়া বলিলেন যে—‘তুমি শ্রীগোবৰ্কনে গমন পূর্বক মনিষ্ঠ বৈষ্ণবগণকে মৎপাদপদ্ম-সাভের সহজ সোপান জানাইয়া কৃতার্থ কর।’

শ্রীমতীরাধাৱাণীর আজ্ঞামুসারে বাবা শ্রীগোবৰ্কনে আগমন করিয়া বহু বৈষ্ণবগণকে ভজনপদ্ধতি সম্বন্ধে শিক্ষা প্রদান করিয়াছিলেন। তিনি প্রার্থনামৃত তরঙ্গিণী, ভাবনাসার সংগ্রহ, সাধনামৃত চল্লিকা প্রভৃতি গ্রন্থ রচনা করিয়াছিলেন। সিঙ্ক বাবা কখনও শ্রীমানসীগঙ্গার তটে কখনও বা শ্রীমানসীগঙ্গার

ଜଲେ ଶ୍ରୀରାଧାକୁଙ୍କେର ଲୌଳା ଦର୍ଶନ କରିଯା ପ୍ରେମାବେଶେ ମଗ୍ନ ଥାକିତେନ । ଆଖିଶି ଶୁକ୍ଳା ଚତୁର୍ଦ୍ଦିଶେ ମିନ୍ଦବାବ । ଅପ୍ରକଟ ହଇଯାଇଲେନ ।

ଶ୍ରୀକିଲ୍ଲୋଳ କୁଣ୍ଡ

ଗୋବର୍ଦ୍ଧନ ଗ୍ରାମେ ଈଶାନକୋଣେ ଶ୍ରୀକିଲ୍ଲୋଳ କୁଣ୍ଡ ଅବସ୍ଥିତ । ଏହି କୁଣ୍ଡର ପଞ୍ଚମ ତୀରେ ଶ୍ରୀକିଲ୍ଲୋଳ ବିହାରୀ ମନ୍ଦିର ବିରାଜିତ ।

ଶ୍ରୀପାପମୋଚନ କୁଣ୍ଡ

ଶ୍ରୀଦାନନ୍ଦାଟୀର ପୂର୍ବଭାଗେ ଶ୍ରୀପାପମୋଚନ କୁଣ୍ଡ ଅବସ୍ଥିତ । ଏହିକୁଣ୍ଡ ସ୍ଵାନମାତ୍ର ମାନବ ସର୍ବପ୍ରକାର ପାପ ହିଟେ ମୁଦ୍ରିପଦ ଲାଭ କରିଯା ଥାକେନ । ବର୍ତ୍ତମାନେ ଏହିକୁଣ୍ଡର ନାମ ‘ନିବର୍ତ୍ତକୁଣ୍ଡ’ । ଏହିକୁଣ୍ଡର ପାର୍ଶ୍ଵ ଶ୍ରୀଅଖଗ ମୋଚନ କୁଣ୍ଡ ଅବସ୍ଥିତ ଛିଲ । ବର୍ତ୍ତମାନେ କୁଣ୍ଡଟି ଦର୍ଶନେର ଅଗୋଚର ।

ଦାନନ୍ଦାଟୀ

ଶ୍ରୀଗୋବର୍ଦ୍ଧନ ଗ୍ରାମେ ମଧ୍ୟଭାଗେ ଶ୍ରୀଦାନନ୍ଦାଟୀ ଅବସ୍ଥିତ । ଏହିସ୍ଥାନେ ଶ୍ରୀକୃଷ୍ଣ ଶ୍ରୀମତୀରାଧାରାଗୀର ସହିତ ଦାନଲୀଲା ଅର୍ଥାତ୍ ଶୁକ୍ଳ ଆଦାୟ ଲୀଲାଛିଲେ ପ୍ରେମକୋଳଲ କରିଯାଇଲେନ । ଦାନନ୍ଦାଟୀର ଦକ୍ଷିଣପାର୍ଶ୍ଵ ଶ୍ରୀଦାନ୍ତିରାୟେର ମନ୍ଦିର ବିରାଜିତ । ତଥାଯ ଲଲିତ ତ୍ରିଭୂତ ବେଶେ ଶ୍ରୀକୁଙ୍କେର ବିଗ୍ରହ ଦାନନ୍ଦିରାୟ ନାମେ ବିରାଜ କରିତେଛେ ।

ଆନୋର ଗ୍ରାମ

ଶ୍ରୀଗୋବର୍ଦ୍ଧନ ଗ୍ରାମେ ଆଡାଇ ମାଇଲ ଦକ୍ଷିଣେ ଏବଂ ପୁତ୍ରରୀ ଗ୍ରାମେ ଦେଡମାଇଲ ଉତ୍ତରେ ଶ୍ରୀଆନୋର ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଏହିସ୍ଥାନେ ଶ୍ରୀନାନ୍ଦାଦି ବ୍ରଜବାସୀଗଣେର ଭକ୍ତି ନିବେଦିତ ଚର୍ବ୍ୟ-ଚୋଷ୍ଟ-ଲେହ-ପେୟ ଚତୁର୍ବିଧ ସତ୍ତରସ ସମୁହ ଅନ୍ନକୃତ ଭୋଗ ଗ୍ରହଣେର ନିମିତ୍ତ ଶ୍ରୀଗିରିରାଜ କୃପା କରିଯା ‘ଆନୋ ଆନୋ’ ଏହିରୂପ ବାରମ୍ବାର ଉଚ୍ଚପ୍ରାତର ବଲିଯାଇଲେନ, ସେଇଜୟ ଏହି ଗ୍ରାମ ଆନୋର ବଲିଯା ସର୍ବତ୍ର ପ୍ରସିଦ୍ଧ ।

ପ୍ରକଟ


ଶ୍ରୀପାଦ ମାଧ୍ୟବେନ୍ଦ୍ରପୁରୀ ଶ୍ରୀବୃନ୍ଦାବନେ ଅଭଗ କାଳେ ଏହିଗ୍ରାମେ ଆଗମନ କରିଯା ଶ୍ରୀନାଥଜୀକେ ପ୍ରକଟ କରିଯାଇଲେନ । ଏବଂ ଶ୍ରୀନାଥଜୀକେ ଶ୍ରୀଗିରିରାଜେର ଉପର ସ୍ଥାପନ କରିଯା ଅଭିଷେକାନ୍ତେ ବିଭିନ୍ନ ପ୍ରକାର ଭୋଗାଦି ଦ୍ୱାରା ପୁଜା କରିଯାଇଲେନ ।

ଶ୍ରୀ ମନ୍ଦର୍ମଣକୁଣ୍ଡ

ଶ୍ରୀଆନୋର ଗ୍ରାମେ ପୂର୍ବଭାଗେ ଶ୍ରୀମନ୍ଦର୍ମଣ କୁଣ୍ଡ ଅବସ୍ଥିତ । ଏହି କୁଣ୍ଡର ଉତ୍ତରତୀରେ ଶ୍ରୀବିହାରୀଜୀ ମନ୍ଦିର (ଶ୍ରୀମନ୍ଦର୍ମଣ ଦେବଜୀ) ବିରାଜିତ । ଏହିକୁଣ୍ଡ ସ୍ଵାନ କରିଲେ ଅଭିଶିଖ ପୂର୍ବକୃତ ଗୋ-ହତ୍ୟାଦି ମହାପାପ ପଲାୟନ କରେ ।

ଶ୍ରୀ ଗୌରୀକୁଣ୍ଡ

ମନ୍ଦର୍ମଣ କୁଣ୍ଡର ପୂର୍ବଭାଗେ ଶ୍ରୀଗୌରୀକୁଣ୍ଡ ଅବସ୍ଥିତ । ଏହି କୁଣ୍ଡ ସ୍ଵାନମାତ୍ର ସର୍ବପାପ ହିଟେ ମୁକ୍ତ ହେୟା । ଏଥାନେ ପ୍ରତ୍ୟାହ ଚନ୍ଦ୍ରାବଳୀ ଶ୍ରୀକୃଷ୍ଣ ଦର୍ଶନେର ନିମିତ୍ତ ଉତ୍ସକଟ୍ଟିତା ହଇଯା ଗୌରୀ ପୁଜାରଛିଲେ ଆଗମନ କରିଯା ଥାକେନ ।




গোবর্দন গ্রামে শ্রীমানসীগঙ্গা।



পুছরী গ্রামে শ্রীলোঠাঙ্গী মহারাজ




পেঁচা গ্রামে শ্রী কুষের লীলানুসারে
শ্রীকদম্ববন্ধু




নদ্দগ্রামে শ্রীনদমহারাজের মন্দির



শ্রীবন্দুদেব কর্তৃক মথুরা হইতে
শ্রীকৃষ্ণকে গোকুলে স্থানান্তর-
কালে শ্রীশ্বন্মানদী অতিক্রম।



সূর্যকণ্ঠ ছোটভৱণা
গ্রামে শ্রীসূর্যাদেব ভগবান



নীমগ্রামে নিষ্পাকোঁ শ্রীরাধাকৃষ্ণ মন্দির

শ্রীনীপকুণ্ড :— শ্রীগোরীকুণ্ডের পশ্চিমে শ্রীনীপকুণ্ড অবস্থিত। এই শ্রীনীপকুণ্ডের অপর নাম ‘শ্রীদ্বোণ ক্ষেত্র’। এইস্থানে সমস্ত সখা এবং সখীগণ শ্রীকৃষ্ণের সহিত কদম্ব ও পলাশপত্রের দ্বারা দ্রোণী প্রস্তুত করিয়া দধি ভক্ষণ করিয়াছিলেন। সেইজন্য সেই সময় হইতে তত্ত্ব তরুসমূহের পত্র জ্ঞাগাকার হইয়াগিয়াছে; আর সেই মহাপুণ্যাক্ষেত্র দ্বোণ নামে অভিহিত হইয়াছে।

শ্রীসর্থীতরা গ্রাম :— শ্রীগোবর্ধন গ্রামের এক কিঃ মিঃ পশ্চিমে শ্রীসর্থীতরা গ্রাম অবস্থিত। শ্রীচন্দ্রবলীর সর্থীস্থলী নামাঙ্গারে এই গ্রামের নাম শ্রীসর্থীতরা গ্রাম। বর্তমানে এইস্থানের নাম সর্থী-তরা। এইস্থানে সর্থীতরা নামে একটি সুন্দর কুণ্ড দর্শনীয়।

ভীমনগর :— শ্রীআনন্দের গ্রামের এক কিঃ মিঃ উত্তরে শ্রীভীমনগর নামক একটি ছোট গ্রাম অবস্থিত। গ্রামটি শ্রীগিরিবাজের তটে খুব সুন্দর দর্শনীয়।

শ্রীগোবিন্দ কুণ্ড :— শ্রীআনন্দের গ্রামের দক্ষিণে এবং শ্রীগিরিবাজের সন্নিকটে শ্রীগোবিন্দকুণ্ড অবস্থিত। এইস্থানে দেবরাজ ইন্দ্র স্মৃত অপরাধ ক্ষমাপ্রার্থনার নিমিত্ত শ্রীসুরভীগাতী এবং অল্যায় তীর্থের জলে শ্রীকৃষ্ণকে অভিষেক করিয়া শ্রীগোবিন্দনাম প্রদান করিয়াছিলেন। এই কুণ্ডের পূর্বভৌরে শ্রী-গোবিন্দদেবজী মন্দির, নৈঞ্চন কোণে শ্রীনাথজী মন্দির, উত্তর তীরে শ্রীমাধবদাস বাবাৰ আশ্রম, দক্ষিণভৌরে শ্রীমদনমোহন মন্দির, এবং পশ্চিমভৌরে শ্রীগিরিবাজ মহারাজ বিরাজিত।

শ্রীগন্ধৰ্ষ কুণ্ড :— শ্রীগোবিন্দকুণ্ডের দক্ষিণ পার্শ্বে শ্রীগন্ধৰ্ষ কুণ্ড অবস্থিত। দেবরাজ ইন্দ্র কত্ত্বক শ্রীকৃষ্ণের অভিষেকে কালে গন্ধৰ্ষবগণ এইস্থানে গন্ধৰ্ষব লোক হইতে আগমন করিয়া শ্রীকৃষ্ণকে স্তুতি করিয়াছিলেন।

পুছৱী গ্রাম :— আনন্দের গ্রাম হইতে দেড়মাইল দক্ষিণে পুছৱী গ্রাম অবস্থিত। এই পুছৱী গ্রাম নাম হইবার কারণ—শ্রীগিরিবাজ দর্শনে অনেকটা ময়ূরাকৃতি ময়ূরের পেছনে পুচ্ছ থাকে, সেই অনু-সারে শ্রীগিরিবাজমহারাজের দক্ষিণ প্রান্তে পুছৱী গ্রাম বলিয়া পরিচিত। গ্রামের উত্তর পার্শ্বে শ্রীকৃষ্ণ-বলরাম মন্দির বিরাজিত।

শ্রীঅপ্সরা কুণ্ড এবং নবালকুণ্ড

পুছৱী গ্রামের উত্তর পার্শ্বে এই কুণ্ড ছাইটি অবস্থিত। শ্রীনবালকুণ্ডের প্রাচীন নাম ‘শ্রীপুচ্ছকুণ্ড’। ভরতপুর নিবাসী শ্রীযতীনবালরামী এই কুণ্ডের সংস্কার করিয়াছিলেন, সেইজন্য এইকুণ্ডের বর্তমান নাম শ্রীনবালকুণ্ড। এইকুণ্ডে স্নানমাত্র মালুষ মুক্তিলাভ করিয়া থাকেন। কুণ্ডের পূর্বপার্শ্বে শ্রীনিসিংহদেবের মন্দির, পশ্চিম পার্শ্বে শ্রীঅপ্সরা কুণ্ড। শ্রীঅপ্সরা কুণ্ডে অপরাদি দেবীগণ নিত্য স্নান করিয়া থাকেন। এই কুণ্ডে স্নানমাত্রে মানবগণ রাজস্ময় ও অশ্বমেধ ঘজ্জের ফল লাভ করিয়া থাকেন। কুণ্ডের পশ্চিম পার্শ্বে শ্রী-অপ্সরা বিহারী মন্দির এবং শ্রীলোঠাজী মন্দির অবস্থিত। শ্রীকৃষ্ণের প্রিয়সখা শ্রীলোঠাজী এইস্থানে ভজনানন্দে নিমগ্ন হইয়াছেন। অপ্সরা কুণ্ডের উত্তর পার্শ্বে শ্রীরাঘবপঞ্চিতের গোফা। শ্রীরাঘব পশ্চিম শ্রীবৃন্দাবন অঞ্চল কালে এইস্থানে আসিয়া গোফা তৈরী করিয়া ভজন করিয়াছিলেন। শ্রীলোঠাজী মন্দিরের

পার্শ্বে অথও শ্রীহরিনাম মহাযজ্ঞ মহা আনন্দের সহিত হইতেছেন।

শ্রীদাউজী মন্দির :—শ্রীপুরূষীগ্রাম হইতে এক কিঃ মিঃ উত্তরে শ্রীদাউজী মন্দির অবস্থিত। মন্দিরের ভিতরে শৃঙ্গার শিলা এবং শ্রীকৃষ্ণের সপ্তম বৎসরের চরণচিহ্ন বিরাজিত। মন্দিরটি শ্রীগিরিবাজের উপরে অবস্থিত হওয়ায় বৈষ্ণবগণ মন্দিরে গমন করেন না। শ্রীগিরিবাজের পার্শ্বে মন্দিরকে দর্শন করিয়া দণ্ডবৎ প্রণামাদি করিয়া থাকেন। প্রবাদ আছে যে এইস্থানে দাঁড়াইয়া শ্রীকৃষ্ণ শ্রীগিরিবাজকে ধারণ করিয়াছিলেন।

শ্রীইন্দ্রকুণ্ড :—শ্রীদাউজী মন্দিরের নিম্নদেশে শ্রীইন্দ্রকুণ্ড অবস্থিত। এই কুণ্ডের প্রাচীন নাম ‘শ্রীশক্ত কুণ্ড’। এই কুণ্ডের তীরে ইন্দ্র স্বীয় অপরাধ ক্ষমাপণের নিমিত্ত শ্রীকৃষ্ণের চরণে বহুত স্তুতি করিয়া-ছিলেন। কুণ্ডে স্নানমাত্রে শতযজ্ঞের ফল লাভ হইয়া থাকে।

শ্রীসুরভীকুণ্ড :—শ্রীদাউজী মন্দিরের নিম্নদেশে শ্রীসুরভীকুণ্ড অবস্থিত। ইন্দ্র কর্তৃক শ্রী-কৃষ্ণকে গোবিন্দ পদে অভিষিক্ত করিবার পরে এইস্থানে সুরভী আপন দুষ্ট দ্বারা শ্রীকৃষ্ণকে অভিষেক করিয়াছিলেন।

শ্রীকদম্বথণ্ডি :—শ্রীসুরভীকুণ্ডের উত্তর পার্শ্বে শ্রীকদম্বথণ্ডি অবস্থিত। এইস্থানে শ্রীকৃষ্ণ সদা-সর্বদা শ্রীমতীরাধারামীর সহিত রাসাদি লীলা করিয়া থাকেন। তাহার দর্শনমাত্র নর নারায়ণ হয়।

শ্রীঐরাবত কুণ্ড :—শ্রীকদম্বথণ্ডির মধ্যস্থলে শ্রীঐরাবত কুণ্ড অবস্থিত। ইন্দ্রের শ্রীকৃষ্ণ-ভীষেক কালে ঐরাবত হস্তি স্বর্গ হইতে এইস্থানে আগমন করিয়াছিলেন। এইকুণ্ড দর্শনে মানবের ভক্তি এবং মুক্তি হইয়া থাকে।

ঘৰ্তীপুরা গ্রাম :—শ্রীগোবৰ্দ্ধন শহর হইতে ছুটি মাইল অগ্নিকোণে ঘৰ্তীপুরা গ্রাম অবস্থিত। শ্রীগিরিবাজের সমীক্ষে যানে শ্রীপাদ মাধবেন্দ্রপুরী গোষ্ঠামীপাদ শ্রীনাথজী'র তৃপ্তি বিধানের নিমিত্ত ষড়রস যুক্ত নানাবিধ উপকরণে অন্নকূট মহোৎসব সম্পন্ন করিয়াছিলেন, সেই শ্রীমাধবেন্দ্র ঘৰ্তীর নাম হইতে ঘৰ্তীপুরা গ্রাম প্রসিদ্ধি লাভ করিয়াছে। অস্তাপিও কার্ত্তিক শুক্লা প্রতিপদ দিবসে এইস্থানে মহাসমাবোহে শ্রীঅন্নকূট মহোৎসব কার্য সম্পাদিত হইয়া আসিতেছেন। সন্নিকটে শ্রীপাদ বল্লভাচার্যের উপবেশন স্থান। গ্রামে শ্রীমদনমোহন, শ্রীনবন্মৌতি প্রীয়াজী, শ্রীমথুরেশজী'উ, শ্রীবাস্তবদেব দত্ত, শ্রীসারঙ্গ মূরারী ও শ্রীবৃন্দাবন দাস ঠাকুরের মা নারায়ণী দেবীর শ্রীপাট বিরাজিত। এই গ্রামের প্রাচীন নাম ‘শ্রীগোপাল-পুরা গ্রাম’।

শ্রীমুখারবিন্দ অন্নকূট :—শ্রীঘৰ্তীপুরা গ্রামের মধ্যভাগে এবং শ্রীগিরিবাজের তটে শ্রীমুখারবিন্দ অবস্থিত।

শ্রীমারকুণ্ড :—ঘৰ্তীপুরা গ্রামের মধ্যভাগে শ্রীমারকুণ্ড অবস্থিত। এইকুণ্ডের দ্বিতীয় নাম উদ্দৱ কুণ্ড। কথিত আছে—শ্রীপাদ মাধবেন্দ্রপুরী গোষ্ঠামী শ্রীগোপালদেবজী'উকে প্রকট করিয়া যখন মহা-

সমারোহে শ্রীঅঞ্চল মহোৎসব করিয়াছিলেন। তখন সমস্ত অঞ্চলের মার আসিয়া এইস্থানে জমা হইতে থাকে এবং মারের দ্বারা একটি কুণ্ডাকাঁচ স্থষ্টি হয়। সেইজন্য এই কুণ্ডের নাম শ্রীমারকুণ্ড। এইকুণ্ড দর্শনমাত্র অনন্ত ফল লাভ হয়।

শ্রীসুরজকুণ্ড :—শ্রীযতীপুরা গ্রামের উত্তরভাগে শ্রীসুরজকুণ্ড অবস্থিত। কুণ্ডের দক্ষিণ তৌরে শ্রীকুণ্ডেশ্বর মহাদেব মন্দির বিরাজিত।

শ্রীবিলচূকুণ্ড :—শ্রীযতীপুরা গ্রামের দেড় মাইল উত্তরে এবং শ্রীগোবর্দ্ধন গ্রামের অর্দ্ধমাইল দক্ষিণে শ্রীবিলচূকুণ্ড অবস্থিত। বর্তমানে কুণ্ডটি বিবিধ বৃক্ষ ও মনোহর মণিরত্ন দ্বারা শুশোভিত। এই কুণ্ডে স্থান করিলে মানব মুক্তিপদ লাভ করিবে।

শ্রীচন্দ্রসরোবর / মহম্মদপুর / পরসৌলী গ্রাম

শ্রীগোবর্দ্ধন গ্রাম হইতে দুই কিলোমিটার দক্ষিণে এবং যমুনামাতা গ্রাম হইতে এক মাইল মৈঞ্চিত কোণে মহম্মদপুর গ্রাম অবস্থিত। এই গ্রামের পূর্বনাম পরাসৌলী গ্রাম। গ্রামের পশ্চিমভাগে পাকা রাস্তার সঙ্গে শ্রীচন্দ্রসরোবর। সরোবরের চতুর্দিকস্থ তীরে মণিসমূহের দ্বারা বঁধানো এবং উত্তম বৃক্ষ-লতায় পরিবেষ্টিত। সরোবরের তীরে শ্রীচন্দ্র বিহারীজী মন্দির, শ্রীপাদ বল্লভাচার্যের বৈঠক, শ্রীপাদ বিট্ঠলনাথজীউর বৈঠক, শ্রীপাদ গোকুল নাথজীউর বৈঠক, শ্রীপাদ সুবদাসজীউর ভজন কুটির, শ্রীমন্মহাপ্রভুজীউর বৈঠক, এবং গ্রামের সঙ্গে শ্রীমরস্বতী দেবীর মন্দির বিরাজিত।

—ঃ তথাহি শ্রীভক্তিরত্নাকর গ্রহেঃ—

এই পরাসৌলী গ্রাম—দেখ শ্রীনিবাস। বসন্ত সময়ে এখা করিলেন রাস।

এই দেখ ‘চন্দ্রসরোবর’ অনুপম। এখা রাসাবেশে কৃষ্ণন্দের বিশ্রাম॥

ত্বরনপুরা :—আড়িং হইতে চার কিঃমিঃ এবং মহম্মদপুর হইতে দুই কিঃমিঃ পূর্বভাগে ত্বরনপুরা গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীবিহারীজী এবং শ্রীগোপালজী মন্দির বিরাজিত।

পেঁতা গ্রাম

শ্রীবৃন্দাবন মাহাত্ম হইতেঃ—ইহা পরাসৌলী গ্রামের দুই মাইল দক্ষিণে অবস্থিত। রাসে অস্তুর্ধানের পর শ্রীকৃষ্ণ এখানে চতুর্ভুজ হইয়া গোপীকাগণকে পরীক্ষা করিয়াছিলেন। কিন্তু মাদনাখ্য মহাভাববতী শ্রীরাধিকা উপস্থিত হওয়া মাত্র সর্ব সমর্থ শ্রীগোবিন্দ নানা যত্ন করা সত্ত্বেও তাহার দুই হস্ত রাখিতে সমর্থ হয় নাই। কথিত আছে—শ্রীকৃষ্ণ ইন্দ্রের উপদ্রব হইতে ব্রজবাসীগণকে রক্ষা করিবার জন্য এখানে সখাগণ সঙ্গে পরামর্শ করিয়াছিলেন। কিন্তু শ্রীকৃষ্ণ সখাগণের নিকট শ্রীগোবর্দ্ধন ধারণ করিবার কথা প্রকাশ করিলে তাহারা শ্রীকৃষ্ণের শুকোমল শরীর দ্বারা এই গুরুতর কার্য সম্পাদন হওয়া সম্পূর্ণ অসম্ভব জ্ঞানে এই কার্য হইতে বিরত হইবার পরামর্শ দেন কিন্তু শ্রীকৃষ্ণ তাহাতে সম্মত হইলেন না। অনন্তর সম্মুখে একটি কদম্ববৃক্ষ দেখিয়া সখাগণ বলিলেন—যদি তুমি এই বৃক্ষকে ধরিয়া মুচ্ছাইতে

পার, তাহা হইলে আমাদের বিশ্বাস হইবে, তবেই আমরা গোবর্দন ধারণের অনুমতি দিতে পারি। ইহা শ্রবণ করিয়া শ্রীকৃষ্ণ পরমানন্দে সেই বৃক্ষকে ধরিয়া মুচড়াইয়া ফেলিলেন। তদন্তে সখাগণ সন্তুষ্ট চিন্তে শ্রীকৃষ্ণকে সম্মতি জ্ঞাপন করিয়া মল্লবেশ রচনা দ্বারা কোমরে পেটিবদ্ধ পরাইয়া দিলেন। যে বৃক্ষকে শ্রী-কৃষ্ণ মুচড়াইয়া বক্র করিয়াছিলেন সেই প্রাচীন বৃক্ষই এঠাকদম্ব নামে সর্বসাধারণে পরিচিত এবং তদবধি এইস্থানের নাম “পেটো” বলিয়া বিখ্যাত।

বর্তমানে সেই কদম্ব বৃক্ষটি প্রাপ্তি হইয়াগিয়াছে। যেইস্থানে কদম্ববৃক্ষটি ছিল সেইস্থানে বৃক্ষের বেদিটি দেখিতে পাওয়া যায় এবং গ্রাম বাসিগণ সেই বৃক্ষের কিছুটা আনয়ন করিয়া শ্রীজানকীবল্লভ মন্দিরে স্থাপন করিয়াছেন। গ্রামের বায়ুকোণে শ্রীনারায়ণ সরোবর অবস্থিত। সরোবরের পশ্চিমে শ্রীচতুর্ভুজ নারায়ণ মন্দির, কুণ্ডতীরে শ্রীমহাদেব মন্দির ও শ্রীরাধারমণ মন্দির ইহা ছাড়া ক্ষীরসাগর, বলভ কূপ, লক্ষ্মীকৃপ ইত্যাদি দর্শনীয়।

আড়ডাপালী :—সোঁখ হইতে চার কিঃমিঃ পূর্বাংশে আড়ডাপালী অবস্থিত। গ্রামে শ্রীদ্বারকাধীশ মন্দির বিরাজিত।

মলু :—সোঁখ হইতে দুই কিঃ মিঃ উত্তরে মলু অবস্থিত।

নেনুপট্টী :—জাঙ্গলী হইতে অর্ক কিঃ মিঃ দূরে নেনুপট্টী অবস্থিত।

নগলা জাঙ্গলী :—জালী হইতে এক কিঃ মিঃ দূরে নগলা জাঙ্গলী অবস্থিত।

ইমল গ্রাম :—সোঁক গ্রাম হইতে দেড় কিঃ মিঃ উত্তরাংশে ইমল গ্রাম অবস্থিত। গ্রামের পার্শ্বে শ্রীমহাদেব মন্দির বিরাজিত। অত্যন্ত সুন্দর পরিবেশ নিয়ে গ্রামটি সুসজ্জিত।

নলুগ্রাম :—তসিয়া গ্রাম হইতে দেড় কিঃ মিঃ পূর্বাংশে নলু গ্রাম অবস্থিত। গ্রামবাসীগণের প্রীতি খুবই প্রসংশনীয়।

তসিয়া গ্রাম :—বচগ্রাম হইতে দুই কিঃ মিঃ ঈশাগকোণে তসিয়া গ্রাম অবস্থিত। গ্রামের পূর্বাংশে শ্রীমহাদেব মন্দির বিরাজিত।

সোঁক গ্রাম

তসিয়া গ্রাম হইতে দুই কিঃ মিঃ পূর্বাংশে সোঁক গ্রাম অবস্থিত। এক জনশ্রুতি—কোন এক-দিন শ্রীমতীরাধারাণী সখীগণ সঙ্গে শ্রীকৃষ্ণকে অন্তেবন করিতে করিতে এই বনে আসিয়া উপস্থিত হইলেন। বসমধ্যে বিভিন্ন প্রকারের খাত্তদ্বয় দেখিয়া সখীগণ শ্রীমতীরাধারাণীকে বলিতে লাগিলেন যে—হে সখী—চেয়ে দেখ, কি সুন্দর সুন্দর খাত্তদ্বয়। আমরা এইগুলি দ্বারা বনভোজন লীলা আরম্ভ করিব। রাধারাণী বলিলেন যে—তোমরা আর এক পাগল, বন মধ্যে কোথায় পাইব বর্তন, কোথায় জল, কোথায় মসল্লা? কি প্রকারে রসই হইবে। এইপ্রকার চিন্তা করিবার সঙ্গে সঙ্গে রসই করিবার সমস্ত বর্তমাদি নিজ সম্মুখে দেখিতে পাইলেন। সখীগণ মনানন্দে বন্য শাক—সজি আমানি করিতে লাগিলেন।

রাধারাণী তেল হসপ্তা দ্বারা সজিকে সেঁক (সহার) দিলেন। এই সময় শ্রীকৃষ্ণ নন্দালয়ে শ্রীমধুমঙ্গলকে বলিতে লাগিলেন যে—হে সখা, আমাদের ভোজনের জন্য কোথায় যেন রসই কার্যা আরস্ত হইয়াছে, চল সেইস্থানে গমন করিব। শ্রীকৃষ্ণ মধুমঙ্গলকে সঙ্গে করিয়া অমণ করিতে করিতে সেইস্থানে আসিয়া উপস্থিত হইলেন। সেইভাবে এইস্থানের নাম বর্তমানে সেঁক গ্রাম বলিয়া পরিচিত। গ্রামে সূরজ কুণ্ড, সেঁক কুণ্ড, শ্রীসীতারাম মন্দির, শ্রীহনুমানজী মন্দির, শ্রীগিরিরাজ মন্দির বিরাজিত।

বচ্ছ্রাম

সেঁক গ্রাম হইতে তিন কিঃ মিঃ পশ্চিম-দক্ষিণাংশে বচ্ছ্রাম অবস্থিত। এই গ্রামের প্রাচীন নাম বৎসবন। কোন একদিন শ্রীকৃষ্ণ এবং বলরাম সখাগণ সঙ্গে গোচারণ করিতে করিতে এইস্থানে আসিয়া উপস্থিত হইলেন। এমন সময় শ্রীদাম এবং মধুমঙ্গলাদি সখাগণ বলিতে লাগিলেন যে—“হে ভাইয়া হমারী বজ্ঞ, ভুখ লাগ গই, কিছু ভোজন করা দে।” এইকথা শ্রবণ করিয়া শ্রীকৃষ্ণ সমস্ত সখাগণকে সঙ্গে করিয়া একটি কদম্ব বৃক্ষের নৌচে উপবেশন করিলেন এবং হস্তের বংশীটি সুমধুর স্বরে বাজাইতে আরস্ত করিলেন। এমতাবস্থায় কোথা হইতে দৰি, ক্ষীর, রাবরী, মনী, মাখনাদির ভাণ্ড সারিবদ্ধ ভাবে আপনি আপনি আগমন করিতে লাগিলেন। বনমধ্যে খাত্তদ্রব্য দেখিয়া সকলের মন অত্যন্ত আনন্দিত। তৎপরে আরস্ত হয় ভোজন লীলা। গ্রামে রাবরী কুণ্ড, রামকুণ্ড, বিমলকুণ্ড সঞ্চরকুণ্ড, আড়বার কুণ্ড, জ্ঞান কুণ্ড, সহস্র কুণ্ড ও কনক সাগর অবস্থিত। শঙ্কর কুণ্ডতে প্রাচীন (বড়মন্দির) শ্রীরাধাকৃষ্ণ মন্দির বিরাজিত। কুণ্ডাদিতে স্থান করিলে পূর্ব জন্মের সর্কিত পাপ ক্ষয় প্রাপ্ত হইয়া থাকেন।

সাবলা গ্রাম :—পেঠা গ্রাম হইতে দুই কিঃ মিঃ দক্ষিণে সাবলা গ্রাম অবস্থিত। এইস্থানে শ্রীরাধাকৃষ্ণ মন্দির, শ্রীমহাদেব মন্দির, শ্রীবড়ীবালে বাবা, শ্রীউধোদাস বাবা, শ্রীগোপালদাস বাবা এবং শ্রীখুগ্নালদাস বাবার সমাধি দর্শনীয়।

জলাশয় শৃগ্রাবস্থায় সাবলা ফুটিল। ফুল দেখি সখাগণের আনন্দ বাড়িল ॥

শ্রীকৃষ্ণের মহিমা কে বুঝিতে পারে। এই যে ব্রজের লীলা কল্পবক্ষ মূলে ॥

শেরা নগলা :—গুলাল নগলার দক্ষিণ পার্শ্বে' এবং সাবলা গ্রামের এক কিঃ মিঃ বাবধানে অবস্থিত। গ্রামের পশ্চিম পার্শ্বে' শ্রীহনুমানজী এবং শ্রীমহাদেবের মন্দির বিরাজিত।

রত্নগ্রাম :—সাবলা গ্রাম হইতে দুই কিঃ মিঃ দক্ষিণে রত্নগ্রাম অবস্থিত।

বতি ক্রিড়াস্থল সেইজন্য রত্নগ্রাম। বিশুদ্ধ ভাবের মধ্যে নাহি কোন কাম ॥

ডোমপুরা :—কোথরা গ্রাম হইতে দুই কিঃ মিঃ উত্তর পূর্বাংশে ডোমপুরা গ্রাম অবস্থিত।

কোথরা :—পুছুরী হইতে তিন কিঃ মিঃ দক্ষিণ ভাগে কোথরা গ্রাম অবস্থিত। গ্রামে শ্রী-কোথরাকুণ্ড, শ্রীসত্যনারায়ণ মন্দির বিরাজিত। সীমা পরিক্রমা করিবার সময় বছগ্রাম হইতে কোথরা গ্রাম হইয়া সামাই গ্রামে থাইতে হয়।

গাঁঠোলী

গোবর্দন গ্রাম হইতে আড়াই কিঃ মিঃ পশ্চিমে গাঁঠোলী গ্রাম অবস্থিত। গ্রামের পূর্বভাগে শ্রীগুলালকুণ্ড, কুণ্ডটো শ্রীমন্মহাপ্রভুর বৈষ্টক বিরাজিত। এইস্থানে বসন্তকালে হোলীর সময় সখীগণ শ্রী-রাধাকৃষ্ণের বন্ধে বন্ধে গ্রন্থি বন্ধন করিয়া আনন্দ উপভোগ করিয়াছিলেন। সেইজন্য এই গ্রামের নাম গাঁঠোলী বলিয়া বিখ্যাত।

—: তথাহি শ্রীভক্তিরত্নাকর হইতে :—

ঝিছে পরিক্রমা করি' গোবর্দন দিয়া। গেলেন 'গাঁঠোলী'—গ্রামে উল্লিঙ্গিত হৈয়া॥

রাঘব পশ্চিম শ্রীনিবাস-প্রতি কয়। "কহিয়ে গাঁঠুলি-গ্রাম নাম যৈছে হয়॥

এখা হোলি খেলি' দোঁহে বৈসে সিংহাসনে। সখী তুল্য বন্ধে গাঁঠি দিলা সঙ্গেপনে॥

সিংহাসন হৈতে দোঁহে উঠিলা যখন। দেখয়ে বসনে গাঁঠি, হাসে সখীগণ॥

হইল কৌতুক অতি, দোঁহে লজ্জা পাইলা। ফাণ্ডয়া লটিয়া কেহ গাঁঠি খুলি' দিলা॥

এ-হেতু গাঁঠুলি,— এ গুলালকুণ্ড জলে। এবে ফাণ্ড দেখে লোক বসন্তের কালে॥

শ্রীমন্মহাপ্রভু গোবর্দন গ্রামে আগমন করিয়া মনে মনে চিন্তা করিলেন যে—শ্রীগিরিরাজের উপরও উঠা যাইবে না এবং শ্রীগোপালজৈউ দর্শন হইবে না, সেইজন্য—

—: তথাহি শ্রীচৈতন্যচরিতাম্বতে :—

অন্নকূট নাম গ্রামে গোপালের স্থিতি। রাজপুত লোকের সেই গ্রামেতে বসতি॥

একদিন আসি রাত্রে গ্রামীকে বলিল। তোমার গ্রাম মারিতে তুলুক ধারী সাজিল॥

আজি রাত্রে পলাহ গ্রামে না রহ একজন। ঠাকুর লইয়া ভাগ; আসিবে কাল যবন॥

শুনিয়া গ্রামের লোক চিন্তিত হইল। প্রথমে গোপাল লঞ্চ গাঁঠুলি গ্রামে থাইল॥

গোবিন্দ কুণ্ডাদি তীর্থে প্রভু কৈল স্নান। তাহাই শুনিল গোপাল গেল গাঁঠুলি গ্রাম॥

সেই গ্রামে গিয়া কৈল গোপাল দর্শন। প্রেমাবেশে প্রভু করে কৈর্তন নৰ্তন॥

মলসরায় :—গাঁঠোলী হইতে সাড়ে তিন কিঃ মিঃ উত্তরে মলসরায় গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরামজানকী মন্দির বিরাজিত।

বৌট/চোরকাঘনা :—মলসরায় গ্রামের এক কিঃমিঃ পশ্চিম-দক্ষিণাংশে চোরকাঘনা অবস্থিত। এইস্থানের পূর্ববনাম বৌট। এইস্থানে শ্রীমন্মহাপ্রভুর বৈষ্টক এবং কালুয়া বাবা আশ্রম দর্শনীয়। আশ্রমে শ্রীকালুয়াজী এবং শ্রীগিরিরাজ বিরাজিত।

সকরবা :—শ্রীগোবর্দন হইতে দুই কিঃ মিঃ উত্তর-পশ্চিমাংশে সকরবা গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাধাকৃষ্ণ মন্দির বিরাজিত। এইস্থানে সখীগণ শ্রীকৃষ্ণকে শপথ করাইয়াছিলেন। শপথে শ্রীকৃষ্ণ সখীগণকে বলিয়াছিলেন যে—“শ্রীরাধিকাবিমু কভু না জানিয়ে আ’র”। সেইজন্য এই গ্রামের নাম শক্রোয়া। বর্তমানে এই গ্রামের নাম সকরবা নামে পরিচিত।

ନିମଗ୍ନାୟ

ଗୋବର୍ଦ୍ଧନ ହଇତେ ନିମଗ୍ନାୟ ଚାର କିଂ ମିଃ ଉତ୍ତର ପଞ୍ଚମ ଦିକେ ଅବସ୍ଥିତ । ଶ୍ରୀକୃଷ୍ଣ ଗୋବର୍ଦ୍ଧନ ଧାରଣେର ପର ଏହିଥାନେ ଆସିଯା ବିଶ୍ରାମ କରିତେ ଥାକିଲେ, ସଥିଗଣ ଚତୁର୍ଦ୍ଦିଶ୍କେ ବୈଷ୍ଣତାବହ୍ନ୍ୟ ନିମିଶ୍ରନ (ବ୍ୟାଙ୍ଗନାଦି ସେବା) କରିଯାଇଛିଲେନ । ଏହିଗ୍ରାମ ନିଷାଦିତୋର ବାସଥାନ । ଗ୍ରାମେର ଉତ୍ତରେ ଶ୍ରୀମୁଦର୍ଶନ କୁଣ୍ଡ ଅବସ୍ଥିତ । ଶ୍ରୀମୁଦର୍ଶନ କୁଣ୍ଡର ତୀରେ ଶ୍ରୀକୃଷ୍ଣର ମହାଦେବ, ପ୍ରାଚୀନ ତପସ୍ତଳୀ ଏବଂ ଶ୍ରୀନିମାର୍କ ରାଧାକୃଷ୍ଣମନ୍ଦିର । ମନ୍ଦିରେ ବିଗ୍ରହ ସେବା ଯେମନ— କ) ଶ୍ରୀନିମାର୍କ ରାଧାକୃଷ୍ଣ ବିଗ୍ରହ (ଖ) ଶ୍ରୀହଂସ ଭଗବାନ୍, ମହାର୍ଷି ଶ୍ରୀସନକାନ୍ଦି, ଦେବର୍ଷି ଶ୍ରୀନାରଦ, ଜଗନ୍ନାଥ ଶ୍ରୀନିମାର୍କାଚାର୍ଯ୍ୟ, ଶ୍ରୀନିବାମାଚାର୍ଯ୍ୟର ବିଗ୍ରହ ।

— : ତଥାହି ଶ୍ରୀଭକ୍ତିରତ୍ନକରେ ଦୃଷ୍ଟ ହ୍ୟ :—

ଶ୍ରୀନିବାମ-ପ୍ରତି କହେ ରାଘବ ପଣ୍ଡିତ । ଏହି ‘ନିମଗ୍ନାମ-ନାମ-ଐଛେ ଏ ବିଦିତ ॥

ଗୋବର୍ଧନ ହିତେ ସବେ ନିର୍ଗତ ହଇଯା । ପ୍ରାଣାଧିକ ନିର୍ମଳୀଳ କୃଷ୍ଣମୁଖ ଚାଯା ॥

— : ତଥାହି ଶ୍ରୀନିବାମାଲ୍ୟାଂ ବ୍ରଜବିଲସେ ୪୩ ତମ-ଶ୍ଲୋକ :—

ଆପୋଭୋଧପାଧିକ ପ୍ରୈଯେରପି ପରଃ ପୁତ୍ରୈମୁକୁନ୍ଦସ୍ତ ଯା:

ପ୍ରେହାଂ ପାଦସରୋଜ୍ୟୁଗ୍ମବିଗନ୍ଦୁଧର୍ମ୍ସ୍ତ ବିଲୋଃ କରମ୍ ।

ନିର୍ମଞ୍ଜ୍ଞାରଶିଖଗୁନ୍ଦରଶିରଶ୍ଚୁମ୍ଭ୍ରିତ୍ । ଗୋପ୍ୟଶିରଃ

ତାସାଂ ପାଦରଜାଂସି ସନ୍ତତମହଂ ନିର୍ମଞ୍ଜ୍ଞାମି ଫୁଟମ୍ ॥

ଅନୁବାଦ :—ସେ ଗୋପୀକାଗଣ ମୁକୁନ୍ଦେର ପାଦପଦ୍ମ-ୟୁଗଳ ହଇତେ ନିର୍ଗତ ସର୍ଵବିନ୍ଦୁର କଣ ପ୍ରାଣାପେକ୍ଷାଓ ଅଧିକ ପ୍ରେୟ ପୁତ୍ରଗଣେର ଦାରୀ ନିର୍ମଞ୍ଜନ କରାଇଯା ହୁଚାରୁମୟୁରପିଛି ଶୋଭିତ ଶିର ଅନେକକ୍ଷଣ ଧରିଯା ଚୁମ୍ବନ କରେନ ; ମେଟ ଗୋପୀଗଣେର ଚରଣରେଣୁ ଆମି ସର୍ବଦା ନିଶ୍ଚିତ ନିର୍ମଞ୍ଜନ କରି ।

କୁଞ୍ଜରାଗ୍ରାମ

ପାଡ଼ଳ ଗ୍ରାମ ହଇତେ ଦେଡ଼ ମାଇଲ ପୂର୍ବେ ଏବଂ ରାଧାକୁଣ୍ଡ ହଇତେ ଦେଡ଼ ମାଇଲ ଉତ୍ତରେ କିଥିଏ ପଞ୍ଚମ-ଦିକେ କୁଞ୍ଜରା ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଏହିଗ୍ରାମର ପୂର୍ବ ନାମ ‘ନବାଗ୍ରାମ । ଏହିଥାନେ ଶ୍ରୀମତୀରାଧାରାଣୀ ଶ୍ରୀକୃଷ୍ଣର ମହିତ କୁଞ୍ଜଲୀଳା ଅନ୍ତିନୟ କରିଯା ଶ୍ରୀକୃଷ୍ଣକେ କୁଞ୍ଜର ରାଜ ବଲିଯା ସମୋଧନ କରିଯାଇଛିଲେନ, ଶୈଇଜନ୍ତ ଏହି ଥାନେର ନାମ କୁଞ୍ଜରାଜ ଅଥବା କୁଞ୍ଜରା । ଏହି ଗ୍ରାମେ ଶ୍ରୀଦାଉଜୀ ମନ୍ଦିର, ଶ୍ରୀହର୍ମାନଜୀ ମନ୍ଦିର, ଶ୍ରୀବଲରାମକୁଣ୍ଡ ବିରାଜିତ ।

— : ତଥାହି ଶ୍ରୀଭକ୍ତିରତ୍ନକରେ :—

ଏହି କୁଞ୍ଜେ ‘ନବାଗ୍ରାମ’ ଦେଖଇ ଅଗ୍ରେତେ । ଶ୍ରୀକୁଣ୍ଡର କୁଣ୍ଡମୀମା ହ୍ୟ ଏଥା ହିତେ ॥

ଏବେ ଲୋକ କହୁଯେ ‘କୁଞ୍ଜରା’—ନାମେ ଗ୍ରାମ । ଏଥା ରାଧାକୃଷ୍ଣର ବିଲାସ ଅନୁପମ ॥

କାସଟ ନଗଳୀ 1 :—କୁଞ୍ଜରା ହିତେ ଏକ କିଂ ମିଃ ପୁର୍ବେ କାସଟ ନଗଳା ଅବସ୍ଥିତ । ନଗଳାର ପଞ୍ଚାତେ ଶ୍ରୀମହାଦେବ ମନ୍ଦିର ବିରାଜିତ । ଅଛକିଛୁ ପରିବାର ନିଯେ (ଏକ ତ୍ରିତ ହିତ୍ୟା) ଶୁନ୍ଦର ଭାବେ ତାହାରା ବସବାସ କରିତେଛେ ।

ভগোসা :—মড়োরা হইতে ছই কিঃমিঃ দক্ষিণাংশে ভুসাগা গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীবাঁকে বিহারী এবং শ্রীরাধাগিরিধারী মন্দির বিরাজিত।

পাড়ল :—মীমগ্রাম হইতে ছষ্ট মাইল উত্তরে পাড়ল গ্রাম অবস্থিত। এইস্থানে শ্রীমতীরাধারাণী শ্রীকৃষ্ণের নিমিত্ত স্বৰ্গীগণ সঙ্গে পাড়লপুষ্প চয়ন করিয়া মালা গ্রন্থন করিয়াছেন। সেইজন্য গ্রামের নাম পাড়ল বলিয়া পরিচিত।

—: তথাহি শ্রীভক্তিরস্তাকরে :—

দেখহ ‘পাটল গ্রাম’—এখা স্বীসঙ্গে। পাটল-পুষ্প চয়ন করেন রাই রাঙ্গে।

মড়োরা :—মহরোলী হইতে চার কিঃমিঃ দক্ষিণ পূর্বাংশে মড়োরা গ্রাম অবস্থিত। গ্রামের পূর্বভাগে শ্রীমড়োরা কুণ্ড এবং কুণ্ডতটে শ্রীকৃষ্ণের মহাদেব ও শ্রীরাধাকৃষ্ণ মন্দির বিরাজিত।

পলসো

সীহ গ্রাম হইতে এক কিঃমিঃ দক্ষিণে পলসো গ্রাম অবস্থিত। শ্রীকৃষ্ণ মথুরা যাত্রাকালে উজগোপী-কাগণ যখন রোদন করিতে আরস্ত করিলেন তখন তাহাদিগকে সান্ত্বনা করিবার জন্য ‘কালি পরশু আসিব’ বলিয়া সান্ত্বনা করিয়াছিলেন। সেইজন্য এইস্থানের নাম পলসো বলিয়া বিখ্যাত।

—: তথাহি শ্রীভক্তিরস্তাকরে :—

‘পরশো’-নাম গ্রাম এই দেখহ অগ্রেতে। পরশো-নাম হৈল যৈছে কহি সংজ্ঞপেতে॥

রথে চড়ি’ কুশ মথুরায় যাত্রা কৈলা। গোপিকার দশা দেখি’ বাকুল হইলা॥

লোকদ্বারে কহিলেন শপথ খাইয়া। ‘কালি পরশের মধ্যে মিলিব আসিয়া॥

এ হেতু পরশো-নাম হইল ইহার। কহিতে না জানি—যৈছে চেষ্টা গোপিকার॥

এইস্থানে পরশো কুণ্ড, সতীদেবীমন্দির, তলাপবালে মন্দির, বীচগ্রামকা মন্দির, ভবকরি মন্দির, সোনারকা মন্দির এবং কপইয়া মন্দির বিরাজিত।

কোন একদিন এইস্থানে এক গোপ দেহরক্ষা করিলে তাহার শ্রী, স্বশুর-স্বামুরী-আঢ়ীয় স্বজন সকলের নিকট অনুমতি গ্রহণ করিয়া স্বামীকে সঙ্গে লইয়া চৌভায় (আগুনে) প্রবেশ করিলেন কিন্তু সেই শ্রীর শরীরে কোন প্রকারে অগ্নি স্পর্শ না করিলে, সেই স্থানটি অস্তাৰধি সতীস্থান বলিয়া পরিচিত।

সীহ

ডাহোলী হইতে ছই কিঃমিঃ দক্ষিণে সীহ গ্রাম অবস্থিত। মথুরা-প্রয়াণে শ্রীকৃষ্ণ গোপীগণের অবস্থা দর্শনাত্ত্বে অধীর হইয়া ‘শীঘ্ৰ’ আসিব এইকথা বারস্বার বলিতে থাকিলে, এইস্থানের নাম সীহ বলিয়া পরিচিত।

—: তথাহি শ্রীভক্তিরস্তাকরে :—

পরশো-নিকট এই ‘শী়-নামেতে’ গ্রাম। সংজ্ঞপে কহিয়ে যৈছে হইল-শ্রীনাম॥

ଏଥା କୃଷ୍ଣଚନ୍ଦ୍ର ଧୈର୍ଯ୍ୟ ଧରିଲେ ନା ପାରେ ।
ମଥୁରା ହଇତେ ଶୀଘ୍ର କରିବ ଗମନ ।
ରଥେ ଚଢ଼ି' କୃଷ୍ଣଚନ୍ଦ୍ର ଚଲେ ମଥୁରାୟ ।
ଅମ୍ବଖ୍ୟ ଗୋପୀର ନେତ୍ର ଅଞ୍ଚଳ-ସହିତେ ।
ଏକତ୍ର ହଇୟା ଜଳ ଚଲେ ନଦୀପାରା ।
ଏହି ଗୋପୀକାର ପ୍ରେମ—ଅଶ୍ରୁମୟ ସ୍ଥାନ ।

ଗୋପିକାର ଦଶ । ଦେଖି' କହେ ବାରେ ବାରେ ॥
ଏହି ହେତୁ ଶୀଘ୍ର ଶୀ, କହୟେ ସର୍ବଜନ ॥
କୃଷ୍ଣ ବିନା ଗୋପୀଗଣ ହୈଲା ଯତ୍ତା ଶ୍ରାୟ ॥
ମେତ୍ର-ଅଶ୍ରୁ ବୁକ ବାହି' ପଡ଼େ ପୃଥିବୀତେ ॥
ସବେ କହେ—ଏହି ହୟ ସମୁନାର ଧାରା ॥
ଅହେ ଶ୍ରୀନିବାସ, ଏ ଦେଖ୍ୟେ ଭାଗ୍ୟବାନ୍ ॥

ମହରୋଲୀ :—ମୁଡ୍ସେରସ ହଇତେ ତିନ କିଃ ମିଃ ଏବଂ ପଳ୍ଲେସୋ ହଇତେ ତିନ କିଃ ମିଃ ପଶ୍ଚିମ ମହାରୋଲୀ ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଗ୍ରାମେ ଶ୍ରୀମେରଲୀକୁଣ୍ଡ ଏବଂ କୁଣ୍ଡତଟେ ଶ୍ରୀକୁଣ୍ଡେଶର ମହାଦେବ ବିରାଜିତ । ଇହାଛାଡ଼ା ଶ୍ରୀହୃମାନଙ୍ଗୀ, ଶ୍ରୀଶ୍ରୀରାଧାକୃଷ୍ଣର ମନ୍ଦିର ଦର୍ଶନୀୟ ।

ଝାଁନ୍ତୁ :—ମହରୋଲୀ ହଇତେ ଆଡ଼ାଇ କିଃ ମିଃ ପଶ୍ଚିମେ ଝାଁନ୍ତୁ ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଗ୍ରାମେ ଶ୍ରୀଜାନ୍ତୁ-କୁଣ୍ଡ, ଶ୍ରୀଗୋପାଲଙ୍ଗୀଟୁ, ଶ୍ରୀକୁଣ୍ଡେଶର ମହାଦେବ ଏବଂ ଶ୍ରୀଲକ୍ଷ୍ମୀନାରାୟଣ ମନ୍ଦିର ବିରାଜିତ ।

ଦୋମେରସ :—ମଲସରାୟ ହଇତେ ତିନ କିଃ ମିଃ ପଶ୍ଚିମେ କିଞ୍ଚିତ୍ ଉତ୍ତର ଦିଶାୟ ଦୋମେରସ ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଗ୍ରାମେ ଶ୍ରୀରାଧାକୃଷ୍ଣ ମନ୍ଦିର ଏବଂ ବସକୁଣ୍ଡ, କୁଣ୍ଡତଟେ ଶ୍ରୀକୁଣ୍ଡେଶର ମହାଦେବ ଏବଂ ଶ୍ରୀଲକ୍ଷ୍ମୀନାରାୟଣ ମନ୍ଦିର ବିରାଜିତ ।

ମୁଡ୍ସେରସ :—ଦୋମେରସ ହଇତେ ଚାର କିଃ ମିଃ ପଶ୍ଚିମେ ମୁଡ୍ସେରସ ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଗ୍ରାମେ ଶ୍ରୀପିରି-ପୁର କୁଣ୍ଡ ଅବସ୍ଥିତ । ଏହିକୁଣ୍ଡର ଅପରନାମ ମଣିକୁଣ୍ଡ । କୁଣ୍ଡତଟେ ଶ୍ରୀରାଧାକୃଷ୍ଣ ମନ୍ଦିର ବିରାଜିତ ।

ଦୌଲତପୁର :—ଦୋମେରସ ଏବଂ ମୁଡ୍ସେରସ ଗ୍ରାମେର ଦକ୍ଷିଣାଂଶେ ଦୌଲତପୁର ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ ।



শ্রীব্ৰহ্মগুলেৱ মধ্যাংশ লীলা

তত্তীয় অধ্যায়

আবাই

চৌমুঁহা হইতে এক মাইল দক্ষিণ পশ্চিমাংশে এবং জৈত হইতে তিন কিঃ মিঃ বায়কোগে আঞ্চলিক গ্রাম অবস্থিত। এই গ্রামে শ্রীরাধাকৃষ্ণ মন্দিৰ এবং শ্রীরামবাগ ও শ্রীগুামবাগ নামে দুইটি সুন্দৰ বাগান দৰ্শনীয়। ব্ৰহ্মোহনেৱ পৰক্ষণে ব্ৰজশিঙ্গুৱা এইস্থানে আগমন কৰতঃ বলিতে লাগিলেন যে—শ্রীকৃষ্ণ আজই অঘাস্তুৱকে বধ কৰিয়াছে। এইভাৱে কথোপকথন কৰিতে থাকিলে বৰ্তমানে এইস্থানেৱ নাম আজই বলিয়া পৰিচিত।

অকবৱপুৱ :—ছটিকুৱা হইতে আট কিঃ মিঃ এবং চৌমুঁহা হইতে তিন কিঃ মিঃ উত্তৰে অকবৱপুৱ অবস্থিত। এই গ্রামেৱ পূৰ্বনাম ‘সাপলিখেৱ’। গ্রামেৱ মধ্যভাগে বনবাৰী কুণ্ড এবং কুণ্ডতটে শ্রীগোপালজী মন্দিৰ বিৱাজিত।

বিলোড়ী :—অকবৱপুৱেৱ উত্তৰভাগে বিলোড়ী গ্রাম অবস্থিত।

পেহোৱা :—অকবৱপুৱেৱ পূৰ্বভাগে পেহোৱা গ্রাম অবস্থিত।

সিহানা :—আকবৱপুৱ হইতে দেড় কিঃ মিঃ পশ্চিমে সিহানা গ্রাম অবস্থিত। গ্রামে বড় মন্দিৰ এবং ছোট মন্দিৰ নামে দুইটি মন্দিৰ দৰ্শনীয়। শ্রীকৃষ্ণ অঘাস্তুৱকে বধ কৰিলে ব্ৰজবাসীগণ অতাপ্ত সহৃষ্ট চিন্ত হইয়া শ্রীকৃষ্ণকে “সিহানা” অৰ্থাৎ চতুৰ বলিয়া প্ৰশংসা কৰিয়াছিলেন। সেইজন্য এইস্থানেৱ নাম সিহানা গ্রাম। এইস্থানে শ্রীপনক, সনন্দ, সনাতন ও সনৎকুমাৰ চতুঃসনেৱ বিগ্ৰহ এবং ক্ষীরসাগৰ তীৰে পুড়ানাথজী নামক শ্রীনারায়ণদেৱ দৰ্শনীয়।

শিবাল :—সিহানা হইতে তিন কিঃ মিঃ পশ্চিমে শিবাল গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীহৃমানং কৃষ্ণেৱ মন্দিৰ বিৱাজিত।

বৰোৱা :—শিবাল হইতে এক কিঃ মিঃ উত্তৰে বৰোৱা গ্রাম অবস্থিত।

জমালপুৱ :—বৰোৱা হইতে অক্ষ কিঃ মিঃ উত্তৰে জমালপুৱ গ্রাম অবস্থিত।

কোকেৱা :—নৱী এবং সিহানা গ্রামদ্বয়েৱ মধ্যস্থানে কোকেৱা গ্রাম অবস্থিত।

পেলখুঁ :—তদাল হইতে সাড়েতিন কিঃ মিঃ উত্তরে এবং সূর্যাকুণ্ড (ছোটভরগা) হইতে দুই কিঃ মিঃ পূর্বভাগে পেলখুঁ গ্রাম অবস্থিত। এইগ্রামে শ্রীরাধাকৃষ্ণ, শ্রীগোপালজী, শ্রীমহাদেবজী এবং শ্রীহৃষ্মানজীউর মন্দির দর্শনীয়।

সূর্যাকুণ্ড গ্রাম / ভৱণা খুন্দ'

শ্রীরাধাকৃষ্ণ হইতে চার মাইল উত্তরে এবং বড়ভরা হইতে তিন মাইল পূর্ব দক্ষিণাংশে সূর্যাকুণ্ড গ্রাম অবস্থিত। বর্তমানে এই গ্রামের নাম ছোট ভরা।

শ্রীবৃন্দাবন মাহাঞ্চা হইতে :—শ্রীমতী বৃষভানুনন্দিনী প্রাণবল্লভের দর্শনোৎকর্তায় মধ্যাহ্নলীলায় সূর্যাপূজার ছলে সখীগণের সহিত এখানে আগমন করিধা থাকেন। গোধন ও সম্পদ বৃক্ষের নিমিত্ত দেবী পৌর্ণমাসীর আদেশে জটিলা শ্রীরাধিকাকে সূর্যাপূজার নিমিত্ত কুন্দলতার হস্তে অর্পণ করিলে কুন্দলতা শ্রীরাধিকার সহিত বিবিধ রসপ্রসঙ্গে সূর্যাপূজার ছলে চলিয়াছেন, সঙ্গে সখীগণও সূর্যাপূজার সামগ্ৰী লইয়া তাঁহার পশ্চাতে পশ্চাতে সূর্যাকুণ্ডে চলিয়াছেন, সেই সময় শ্রীকৃষ্ণ গোচারণ রংগে সখীগণের সহিত গোবর্কনে আসিয়া উপনীত হইয়াছেন, কুন্দলতা ইহা অবগত হইয়া শ্রীকৃষ্ণের নিমিত্ত তুলসীমঞ্জলীকে দিয়া শ্রীরাধিকার সংবাদ সহ মাল্যাদি পাঠাইয়া দিলেন। তুলসী মাল্যাদি লইয়া কৃষ্ণের নিকট আগমন করিলে শ্রীরাধা ও শ্রীকৃষ্ণের সহিত মিলিবার নিমিত্ত সূর্যাকে প্রণাম করিয়া সূর্য পূজা রাতে সখীসঙ্গে পথের দিকে বাহির হইয়া শ্রীকৃষ্ণের নিকট কন্দর্প কুহলি নামে পুষ্পবাটীকায় পুষ্প চয়ন ছলে গমন করিলেন। শ্রীকৃষ্ণ ও তুলসীর মুখে শ্রীরাধার সংবাদ পাইয়া সানন্দে মধুমঙ্গলের সহিত সেই পুষ্পবাটীকায় প্রবেশ করিয়া স্বস্থী শ্রীরাধিকার দর্শন পাইলেন। উভয়ে উভয়কে দর্শন করিয়া প্রেমসিদ্ধ উচ্ছলিত হওয়ায় শ্রীঅঙ্গে বিবিধ ভাবাবলী প্রকাশ পাইল। মধ্যাহ্ন কালের মিলনে প্রথমে কন্দর্প যজ্ঞ আরম্ভ হইল, পরে কুন্দলতা যজ্ঞের আচার্যে সূর্যাপূজা সম্পন্ন হইল।

—ঃ তথাহি শ্রীভক্তিরস্ত্বাকরেঃ—

এই 'সূর্যাকুণ্ড গ্রাম'—মোরনাখ্যা হয়।	দেখ সূর্যবিগ্রহ, বিপিনে সূর্যালয়।
সখীসহ সূর্য পূজে রাই মহাস্তৰে।	কৃষ্ণ পুরোহিত হৈয়া পূজায় কৌতুকে।
কৃষ্ণ প্রীতিদাতা এই সূর্যদয়াময়।	কঠিতে কি মহিমা—কেবা না আরাধয় ?

তথাহি—

যমুনাজনকং সূর্যং সর্বরোগাপহারকম্। মঙ্গলালয়রপং তং বন্দে কৃষ্ণতিপ্রদম্॥

অনুবাদ :—যমুনার পিতা সর্বরোগহারী, কৃষ্ণ পাদপদ্মে অনুরাগপ্রদানকারী; অতএব মঙ্গলের আধার স্বরূপ সেই সূর্যাদেবকে বন্দনা করি।

সিদ্ধ মধুসূনদন্দাস বাবাজী মহারাজের সংক্ষিপ্ত জীবনী

সিদ্ধ মধুসূনদন্দাস বাবাজী মহারাজ পূর্বাশ্রমে কুলীন আশ্রম সন্মান ছিলেন। নবীন বয়স, চক্ষুদ্বয়

রক্তবর্ণ ছিল। মাতা-পিতা তাহাকে অনিচ্ছা সত্ত্বেও বিবাহ দিয়াছিলেন। বিবাহ দিন রাত্রে তিনি পলা-য়ণ করিয়া শ্রীবৃন্দাবনোদ্দেশ্যে গমন করিলেন। শ্রীবৃন্দাবনে আগমন করিয়া বনে-বনে, শ্রীযমনার তৌরে তৌরে ভজন করিতে লাগিলেন। একদিন শ্রীযমনার তর্টে (গঙ্গামাতা বংশ) জনৈক মহাঞ্চ। তাঁহাকে দীক্ষামন্ত্র প্রদান করিয়াছিলেন। সিদ্ধবাবা শ্রীরাধাকুণ্ড হইতে শ্রীমতীরাধারাণীর কৃপায় সিদ্ধ প্রণালী প্রাপ্ত হইয়াছিলেন এবং শ্রীমতীরাধারাণী আদেশ করিয়াছিলেন যে—তুমি শ্রীস্রষ্টাকুণ্ডে গমন করিয়া ভজন কর, সেইস্থানেই তোমার সেবালাভ হইবে এবং যে মন্ত্র তুমি প্রাপ্ত হইয়াছ, সেই মন্ত্রে কাহাকেও দীক্ষিত করিও না। শ্রীমতীরাধারাণীর আদেশামূল্যাবে সিদ্ধবাবা স্রষ্টাকুণ্ডে ভজন করিয়াছিলেন।

শ্রীমতীরাধারাণী যে পাথরের উপরে অলঙ্করাদি রাখিয়া স্থান করিতেন, সেই পাথরখানি সিদ্ধবাবা স্রষ্টাকুণ্ড হইতে প্রাপ্ত হইয়া তৌরে উত্তোলন করিয়াছিলেন। বর্তমানেও সিদ্ধ বাবার আশ্রমে পাথরখানি দর্শন লাভ হইতেছেন। কোন একদিন পূর্ববাশ্রম হইতে নিজ স্তৰী দর্শনের জন্য আগমন করিলে সিদ্ধবাবা তাহা শ্রবণ করিয়া পলায়ণ করিয়াছিলেন তৎপরে সিদ্ধবাবার স্তৰী ঘুরে ঘুরে কোথাও দর্শন না পাইয়া স্বদেশে প্রত্যাগমন করিয়াছিলেন। কোন একদিন সিদ্ধ বাবার পায়ে ক্ষতরোগ প্রকাশ পাইলে তাহার কোন প্রতিকারের উপায় না পাইয়া তিনি কোন এক বনে গমন করিয়া ‘হা রাধে হা রাধে’ বলিয়া কান্নাকাটি করিতে লাগিলেন। এইভাবে তুইদিন অতিবাহিত হইলে তৃতীয় দিনে কোন গ্রামের পরিচিত বালিকারপে শ্রীমতীরাধারাণী কটি ও জল লইয়া নিকটে উপস্থিত হইয়াছিলেন। তৎপরে বালিকার শ্রিয়বাক্যামূল্যাবে সিদ্ধবাবা প্রসাদ তোজন করিয়াছিলেন। বালিকা চলিয়া গেলে ক্ষত পা নিরাময় হইয়া ধায়, সেইজন্তু সন্দেহমনে সিদ্ধবাবা সেই বালিকার গৃহে আগমন করিয়া যখন শুনিতে পাইলেন যে—এই বালিকায় কটি নিয়ে ধায় নাই তখন মনের দুঃখে কান্নাকাটি করিতে লাগিলেন। এই ঘটনাটি সিদ্ধবাবা গোপন রাখিতে চেষ্টা করিলেও গোপন রাখিতে পারিলেন না। অগ্রহায়ণী শুক্রাষ্টমী তিথিতে সিদ্ধবাবা দেহ রক্ষা করিয়া ছিলেন। গ্রামে শ্রীস্রষ্টাকুণ্ডের মন্দির, শ্রীগোপালজী মন্দির, শ্রীসিদ্ধ বাবার আশ্রম এবং শ্রীস্রষ্টাকুণ্ড বিরাজিত।

রহেড়া :—সাঁখী হইতে আড়াই কিঃ মিঃ পশ্চিমে রহেড়া গ্রাম অবস্থিত। এইগ্রাম শ্রীনন্দ-মহারাজের বিলাস-ভবন। গ্রামে শ্রীরাধাকৃষ্ণ মন্দির বিরাজিত।

সাহার

শিবাল হইতে পাঁচ কিঃমিঃ এবং বড়ভরনা হইতে তুই মাইল উত্তরে সাহার গ্রাম অবস্থিত। গ্রামে সাহার কুণ্ড এবং শ্রীরাধামোহন মন্দির বিরাজিত। শ্রীনন্দমহারাজের অগ্রজ শ্রীউপামন্দ এইস্থানে বসবাস করিয়াছেন।

—ঃ তথাহি শ্রীভক্তিরত্নাকর গ্রহেঃ —

এ ‘সাহার’—গ্রামে উপনদের বসতি। অধিক বয়স মন্ত্রমাত্রে বিজ্ঞ অতি।

—ঃ তথাহি শ্রীস্তৰাবলী হইতে :—

শ্঵েতশ্বাক্ষভ্রাগ সুন্দরমুখঃ শ্যামঃকৃতী মন্ত্রণাভিজ্ঞঃ সংসদি সম্মতঃ ব্রজপতেঃ কুর্বন্স্থিতিং যোহিচ্ছিঃ ।
স্বপ্রাণাবুদ্ধখণ্ডনেমুরভিদঃ আতুঃ স্মৃতঃ তোষয়েৎ সাহারে নিবসন্ম স গোষ্ঠমবতান্নামোপনন্দ সদঃ ॥

অনুবাদ :—যিনি শুভ শ্যাম্ভরাজিতে সুন্দরমুখ শ্যামবর্ণ, কৃতী, মন্ত্রণাকুশল, ব্রজরাজ নন্দের সভায় সর্বদা অবস্থান পূর্বক নিজ অবুদ্ধ প্রাণত্বাগে আত্মপূর্ব মুরারী কঁকের প্রৌতি বিধান করিয়া থাকেন সাহার-গ্রাম-নিবাসী উপনন্দ-নামে খ্যাত তিনি গোষ্ঠকে সর্বদা রক্ষা করুণ ।

পালীগ্রাম :—কুঞ্জরা হইতে তিন কিঃ মিঃ বায়ুকোণে পালিগ্রাম অবস্থিত । শ্রীমতীরাধারাণীর এক যুথেশ্বরীর নাম ছিল পালি, তিনি এই গ্রামে বসবাস করিয়াছিলেন, সেইজন্য এই গ্রামের নাম পালি-গ্রাম । গ্রামে বড় মন্দির এবং ছোট মন্দির নামে দুইটি মন্দির ও পালিকুণ্ড বিরাজিত ।

—ঃ তথাহি শ্রীভক্তিরত্নাকর গ্রন্থে :—

এই দেখ ‘পালিগ্রাম অপূর্ব উত্তান । পালিতা নামেতে যুথেশ্বরী-বাসস্থান ॥

বড়ভৱা গ্রাম :—ডোরাবলী হইতে দেড় মাইল ঈশান কোণে বড়ভৱা গ্রাম অবস্থিত । জন-ক্রতি :—এই গ্রামের পার্শ্বে একটি জলপ্রবাহিত বাঁধ রহিয়াছে, সেইজন্য এই গ্রামের নাম বড়ভৱা । গ্রামের দক্ষিণ পার্শ্বে শ্রীবড় মন্দির (শ্রীবিহারীজী মন্দির) উত্তর পার্শ্বে ছোট মন্দির (শ্রীগোপালজী মন্দির) এবং কৃষ্ণকুণ্ড বিরাজিত ।

ডেরাবলী গ্রাম

পালি হইতে দেড় মাইল বায়ুকোণে ডেরাবলী গ্রাম অবস্থিত । শ্রীনন্দমহারাজ গোকুলে অবস্থান কালে, শ্রীকৃষ্ণকে হত্যা করিবার জন্য কংস মধুরা হইতে অমুরগণকে প্রেরণ করিতে লাগিলেন, এই-দিকে অমুরগণ আগমন পূর্বক শ্রীকৃষ্ণ কর্তৃক নিহত হইতে লাগিলেন । শ্রীনন্দমহারাজ বাংসল্য প্রেমে বশীভূত হইয়া শ্রীকৃষ্ণকে রক্ষা করিবার জন্য সেইস্থান হইতে গমন পূর্বক কিছুদিন সচীকরাতে অবস্থান করিয়াছিলেন, টহার পর শ্রীনন্দগ্রামাভিমুখে গমন করিলে এইস্থানে আসিতেই সন্ধ্যা হইয়াগিয়াছিল । সেইজন্য শ্রীনন্দমহারাজ এইস্থানে ডেরা স্থাপন করিয়া রাত্রে অতিবাহিত করিয়াছিলেন এবং পরদিন শ্রীনন্দগ্রামে গমন করিয়াছিলেন । শ্রীনন্দমহারাজ এইস্থানে ডেরা স্থাপন করিয়া রাত্র বাস করিয়াছিলেন, সেই হইতে এই গ্রাম ডেরাবলী বলিয়া প্রসিদ্ধ । গ্রামে শ্রীরামজানকী মন্দির, শ্রীরাধাকৃষ্ণ মন্দির, এবং ডেরাবলী কুণ্ড বিরাজিত ।

—ঃ তথাহি শ্রীভক্তিরত্নাকর গ্রন্থ হইতেঃ—

এই ‘ডেরাবলি-গ্রাম’—ষষ্ঠীবরা হৈতে । এথা ডেরা কৈলা নন্দ নন্দীশ্বর যাইতে ॥

ডাহোলী :—বর্ষণা হইতে হয় কিঃ মিঃ এবং সোহ হইতে দুই কিঃ মিঃ উত্তরে ডাহোলী গ্রাম অবস্থিত ।

দেবপুর :—ডাহোলী হইতে এক কিঃ মিঃ পূর্বভাগে দেবপুর গ্রাম অবস্থিত।

সতারপুর :—দেবপুর হইতে এক কিঃ মিঃ উত্তর-পূর্বাংশে সতারপুর গ্রাম অবস্থিত।

সঁখী :—নরী হইতে দেড় কিঃ মিঃ পশ্চিমে এবং সাহার হইতে তিন কিঃ মিঃ উত্তরে সঁখী গ্রাম অবস্থিত। এইস্থানে শ্রীকৃষ্ণ শঙ্খচূড়কে বধ করিয়াছিলেন সেইজন্য এই গ্রামের নাম সঁখী গ্রাম। গ্রামে শ্রীরাধাকৃষ্ণ মন্দির এবং ক্ষীরসাগর বিরাজিত।

শ্রীশংখচূড়ের মুক্তি

শ্রীমতীরাধারাণী, বিরজা এবং ভূমি এই তিনজন শ্রীকৃষ্ণের পত্নী, তন্মধ্যে শ্রীরাধাই শ্রীকৃষ্ণের অত্যন্ত প্রীয়া। একদা শ্রীকৃষ্ণ বিরজার সহিত রমমাণ হইলে সখীমুখে শ্রীরাধা এইকথা অবগ করিয়া বিরহবন্ধায় অবস্থান করিতে লাগিলেন। শ্রীমতীরাধারাণীকে বিরহিণী জানিয়া শ্রীকৃষ্ণ শ্রীদামের সহিত তাহার নিকুঞ্জে উপনীত হইলেন। শ্রীরাধারাণী শ্রীকৃষ্ণকে দেখিয়া মানের সহিত বলিতে লাগিলেন যে—হে হরে, যেখানে বিরজা নদী হইয়া রহিয়াছে সেখানে তুমি নদ হইয়া অবস্থান কর, আমার আর প্রয়োজন কি? এই কথা শুনিয়া শ্রীদাম বলিলেন যে—হে রাধে, তোমার মত কোটি কোটি শক্তিমূষ্টি করিতে সমর্থ যে শ্রীকৃষ্ণ, তিনি স্বয়ং বিরাজিত অতএব মান করিও না। তখন শ্রীমতীরাধারাণী শ্রীদামকে অভিশাপ পর্বক বলিতে লাগিলেন যে—হে মৃচ্যু, তুমি আমার নিন্দা করিতেছ অতএব রাক্ষস হও। শ্রীদামও অভিশাপ পূর্বক বলিলেন যে—হে রাধে, শ্রীকৃষ্ণ অনুকূল বলিয়া তোমার মান হইয়াছে অতএব শ্রীকৃষ্ণের সহিত তোমার বিয়োগ ঘটিবে। এইরূপে উভয়ে শাপাশাপি হইলে শ্রীকৃষ্ণ শ্রীমতীরাধারাণীকে সাঙ্গন প্রদান পূর্বক বলিতে লাগিলেন যে—হে রাধে শোক করিও না, বিয়োগ হইলেও মাসে মাসে আমার দর্শন লাভ হইবে এবং শ্রীকৃষ্ণ শ্রীদামকেও বলিলেন যে—তুমি নিজাংশে অনুর হইবে। বৈবস্ত মৰ্ষত র আমার হস্তে তোমার মৃত্যু হইয়া পুনরায় পূর্ববৎ শরীর প্রাপ্ত হইবে। সেইজন্ত শ্রীদাম যক্ষালয়ে স্থুনের গৃহে, মহা-তপস্তী কুবেরের অনুচর শঙ্খচূড় নামে জন্ম গ্রহণ করিলেন।

কোন একদিন হোলীর সময় শ্রীকৃষ্ণও শ্রীবলরাম ব্রজরমনীগণের সহিত রাত্রিকালে বিহার করিতে ছিলেন। সেই সময় শঙ্খচূড় সেইস্থানে উপস্থিত হইয়া অবলাঙ্গণকে অপহরণ করিতে লাগিলেন, তাহারা ভয়ে রোদন করিতে লাগিলেন। শ্রীকৃষ্ণ তাহাদের রোদন শব্দ শ্রবণ করিয়া শঙ্খচূড়ের এই ঘটনা বুঝিতে পারিলেন। শঙ্খচূড় শ্রীকৃষ্ণকে আসিতে দেখিয়া ব্রজরমণীগণকে ত্যাগ করিলেন এবং ভয়ে পলায়ণ করিতে লাগিলেন। কিন্তু শ্রীকৃষ্ণ তাহার নিকটস্থ হইয়া মুষ্টি প্রহারে চূড়ামণি সহ মস্তক ছেদন করিলেন। শ্রীকৃষ্ণ শঙ্খচূড়ের উজ্জ্বল মণিটি শ্রীবলরামকে অর্পণ করিলেন। শ্রীবলরাম শ্রীমধুমঙ্গলের দ্বারা সেই মণিটি শ্রীমতী-রাধারাণীকে অর্পণ করিলেন। সথীগণ সেই মণিটি শ্রীমতীরাধারাণীর কঠে পরাইয়া শোভা দর্শন করিতে লাগিলেন।

অলবাই :—নরী হইতে তিন কিঃমিঃ, সঁখী হইতে দ্রুই কিঃমিঃ উত্তরে অলবাই গ্রাম অবস্থিত।

এই গ্রামের পূর্বনাম আরবাড়ী। শ্রীকৃষ্ণের সহিত রঞ্জযুদ্ধ অর্থাৎ হোরী খেলা করিবার নিমিত্ত শ্রীরাধিকা স্থীগণেও সহিত অভিযান করিয়াছিলেন সেইজন্ত এই গ্রামের নাম শ্রীআরবাড়ী বলিয়া পরিচিত। গ্রামে শ্রীদাউজী মন্দির এবং কুণ্ড বিরাজিত।

উমরায়া

বনবাড়ী হইতে হৃষ্ট কিঃ মিঃ পশ্চিমে এবং খানপুর হইতে হৃষ্ট কিঃ মিঃ দক্ষিণে উমরায়া গ্রাম অবস্থিত। ছত্রবনে শ্রীকৃষ্ণ শ্রীদামের প্রচেষ্টায় রাজা হইলে স্থীগণের চেষ্টায় পৌর্ণমাসীদেবী শ্রীরাধিকাকে এইস্থানে শ্রীবৃন্দাবনেশ্বরী পদে অভিষিক্ত করিয়াছিলেন। গ্রামের উত্তরে শ্রীকিশোরী কুণ্ডের তীরে শ্রীপাদ লোকনাথ গোষ্ঠামীর ভজন কুটীর অবস্থিত। শ্রীলোকনাথ প্রভুর প্রেমে বশোভূত হইয়া শ্রীরাধা-বিনোদজীউ এই কিশোরীকুণ্ড হইতে প্রকট হইয়াছেন। শ্রীলোকনাথপ্রভুর হৃদয় শ্রীরাধা-বিনোদজীউ বর্তমানে জয়পুর রাজধানীতে বিরাজিত।

রণবাড়ী

ছাত হইতে তিন কিঃ মিঃ দক্ষিণ-পশ্চিমাশে রণবাড়ী গ্রাম অবস্থিত। আরবাড়ী হইতে শ্রীমতী রাধারাণী স্থীগণকে সঙ্গে করিয়া রঞ্জযুদ্ধ (হোলী খেলা) করিবার জন্য এই গ্রামে আগমন করিলেন। এইদিকে শ্রীকৃষ্ণ স্থাগণকে সঙ্গে করিয়া এইস্থানে আগমন করিলেন। উভয়পক্ষে তুমূল রঞ্জযুদ্ধের অভিনয় হইলে এইস্থানের নাম রণবাড়ী বলিয়া পরিচিত। এই গ্রামে সিন্ধ শ্রীকৃষ্ণদাস বাবা দেহরক্ষা করিয়াছেন। কুণ্ডতটে শ্রীরাধাকৃষ্ণ মন্দির এবং সিন্ধ বাবার সমাধি বিদ্ধমান।

সিন্ধ শ্রীকৃষ্ণদাস বাবাজী মহারাজ

সিন্ধ শ্রীকৃষ্ণদাস বাবার পূর্বাশ্রমের নাম শ্রীকৃষ্ণপ্রসাদ চট্টোপাধ্যায়। পিতা শ্রীগোকুলচন্দ্র চট্টোপাধ্যায়। গৃহে তাঁহাকে বিবাহ দিবার প্রস্তাব হইলে একদিন রাত্রে গৃহত্যাগ করিয়া পদব্রজে শ্রীবৃন্দাবনে চলিয়া আসেন। শ্রীবৃন্দাবনীয় শ্রীমদনমোহন মন্দিরে কিছুদিন সেবা-পূজা করিয়া রণবাড়ী গ্রামে চলিয়া আসেন। এইস্থানে মাধুকরি করিয়া জীবন নির্বাচ করিতে করিতে ভজন করিতে লাগিলেন। একদা তিনি এইস্থান হইতে তীর্থ দর্শনে র জন্য বাহির হইয়া ঘূরিতে ঘূরিতে দ্বারকায় উপস্থিত হইলেন। সেইস্থানে তৎস্মুদ্রাদি ধারণ করিলে মনের গতি পরিবর্তন হয় তাহাতে তিনি পুনরায় শ্রীবৃন্দাবনে ফিরিয়া আসিয়া গোবর্দন এবং কামাবনের সিন্ধ বাবাদের নিকট তপ্তস্মুদ্রা ধারণ কথাটি শ্রেকাশ করিলেন। ইহাতে তাঁহারা বলিলেন— তুমি হইলে দ্বারকার মহারাজারাজেশ্বরী শ্রীকৃষ্ণনীর দাসী আর আমরা হইলাম এইস্থানের গোয়ালিনী শ্রীমতীরাধারাণীর দাসী অতএব আমাদের সহিত তোমার কোন সম্বন্ধ নাই। এইদিকে শ্রীমতীরাধারাণীও স্বপ্নে জানাইলেন যে— তুমি এখন কুস্তীনির দাসী। সেইজন্ত মনের দুঃখে সিন্ধবাবা রণবাড়ীতে নিজ ঘরের দরজা বন্ধ করিয়া মনের দুঃখে বিরহানলে দক্ষ হইতে লাগিলেন। পৌষমাসের অমাবস্যা তিথিতে স্ব-ইচ্ছায় চরণ হইতে অগ্নির দ্বারা ধীরে ধীরে সম্পূর্ণ শরীর দক্ষ হইয়াছিল সেইজন্ত আজ পর্যন্ত সেই তিথিটি ব্রজ-বাসীগণ চৌরাশী ক্রোশের ব্রজমণ্ডলস্থ বৈষ্ণবগণকে সেবা করাইয়া স্মরণ করাইতেছেন।

খানপুর :—উমরায়া হইতে আড়াই কিঃ মিঃ উত্তরে খানপুর গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীগিরি-ধারী মন্দির বিরাজিত। শ্রীকৃষ্ণ বকাস্তুরকে বধ করিয়া এইস্থানে বসিয়া সখাগণ সঙ্গে ভোজন করিয়া ছিলেন। সেইজন্ত এইস্থানের নাম খানপুর বলিয়া পরিচিত।

ভদ্রাবল :—খানপুর হইতে আড়াই কিঃ মিঃ উত্তরে এবং ছাতা হইতে চার কিঃ মিঃ পশ্চিমে ভদ্রাবল গ্রাম অবস্থিত। শ্রীনন্দমহারাজের এইস্থানে ভাঙ্গার গৃহ থাকার জন্য এইস্থানের নাম ভদ্রাবল বলিয়া পরিচিত। গ্রামে শ্রীভদ্রাবল কুণ্ড, শ্রীরাধাবনবিহারী, শ্রীনিতাইগৌর, শ্রীরাধাকৃষ্ণ এবং শ্রীবাঁকে-বিহারী মন্দির বিরাজিত।

খায়রা / খাদিরবন

নগরিয়া হইতে দুই কিঃ মিঃ দক্ষিণে এবং অঞ্জনেষ্ঠ হইতে তিন কিঃ মিঃ পূর্বভাগে খায়রা গ্রাম অবস্থিত। বকাস্তুর গোপবালকগণকে গ্রাম করিতে চেষ্টা করিলে ভয়ে গোপবালকগণ খায়রে খায়রে বলিয়া চিংকার করিতে থাকেন তখন শ্রীকৃষ্ণ তাহাদিগের চিংকার শুনিয়া সকলকে রক্ষা করিয়াছিলেন। খায়রে খায়রে বলিয়া চিংকার করিলে এইস্থানের নাম খায়রে বলিয়া পরিচিত। গ্রামের উত্তরদিকে শ্রী-সঙ্গমকুণ্ড। এইস্থানে শ্রীকৃষ্ণ গোপীকাগণ সমভিব্যহারে বিবিধ বিহার করিতেছেন। কুণ্ডের উত্তরতীরে শ্রীরাসমণ্ডল ও কদম্বখণ্ডী, শ্রীলোকনাথ ও শ্রীভূগত' গোষ্ঠামীর ভজন কুটী; শ্রীদাউজী মন্দির ইহাছাড়া শ্রীকঘলাদেবী মন্দির এই গ্রামে বিরাজিত।

লোধৌলী :—শিসবা হইতে এক কিঃ মিঃ উত্তর পশ্চিমাংশে লোধৌলী গ্রাম অবস্থিত। এই স্থানে লোধৌলী কুণ্ড এবং শ্রীললিতবিহারী মন্দির বিরাজিত।

পিসবা / পেশাই গ্রাম

করহলা হইতে দুই কিঃ মিঃ পূর্বাংশে পেশাই গ্রাম অবস্থিত। শ্রীকৃষ্ণ জল পিপাসায় কাতর হইলে পর শ্রীবলরাম এইস্থানে শ্রীকৃষ্ণকে জল পান করাইয়া পিপাসা দূর করিয়াছিলেন। সেইজন্ত এই স্থানের নাম পেশাই বলিয়া পরিচিত। গ্রামের বায়ুকোণে অতি মনোরম কদম্বখণ্ডী বিরাজিত। বর্তমানে এই কদম্বখণ্ডিকে পেশাই গ্রামের ঝাড়ি বলিয়া থাকেন। এইস্থানে দ্রোণাচার্যের পুত্র অশ্বথমা ভজনানন্দে নিমগ্ন ছিলেন। শনিবার, সোমবৰ্তী অমাবস্যা এবং পূর্ণিমায় এইস্থানে মহা সমারোহের সহিত পরিক্রমা হইয়া থাকে।

—ঃ তথাহি শ্রীভদ্রিঙ্গাকরে ঃ—

ওই যে ‘পিয়াসো’—গ্রামে কুকে পিয়াস হৈল। বনদেব আনি’ জল কুকে পিয়াইল ॥

গ্রামে শ্রীনিতাইগৌর, শ্রীরাধাকৃষ্ণ মন্দির, কিশোরাকুণ্ড, শ্রামতলাই ইত্যাদি বিরাজিত।

আজনেষ্ঠ

বর্ধাণা হইতে চার কিঃমিঃ এবং লোধৌলী হইতে এক কিঃমিঃ পশ্চিমে আজনেষ্ঠ গ্রাম অবস্থিত।

এইগ্রামের পূর্ব নাম আঁজনক । একদিন শ্রীকৃষ্ণ স্বীয় হস্তে এইস্থানে শ্রীরাধিকার নেত্রে অঞ্জন পরাইয়াছিলেন সেইজন্য এইস্থানের নাম আঁজনেট বলিয়া পরিচিত । গ্রামের দক্ষিণে শ্রীকিশোরী কুণ্ড, কুণ্ডের পশ্চিম তৌরে অঞ্জনমৌল বিবাজমান । এইখানে শ্রীরাধাকৃষ্ণ মন্দির দর্শনীয় । এইগ্রাম শ্রীইন্দুলেখাসখীর জন্মস্থান ।

—ঃ তথাহি শ্রীভক্তিরত্নাকর হইতে :—

অহে শ্রীনিবাস, দেখ ‘আঁজনক’—গ্রাম । এথা রাধাকৃষ্ণের বিলাস অনুপম ॥

শ্রীরাধিকা মিজবেশ করয়ে নিজ’নে । হইলা ভূষিতা নানা রঞ্জাদি—ভূষণে ॥

কেশবন্ধনাদি করি’ অঞ্জন পরিতে । অকস্মাত বংশীধরনি প্রবেশে কর্ণেতে ॥

সেইক্ষণে শ্রীরাধিকা সখীগণ-সঙ্গে । এথা আসি’ কৃষ্ণে মিলিলেন মহারংশে ॥

আগুসরি’ আনি কৃষ্ণ বিহুল হইলা । বৃন্দা—বিরচিত পুষ্পাসনে বসাইলা ॥

দেখে অঙ্গশোভা-নেত্রে না দেখে অঞ্জন । জিজ্ঞাসিতে বৃত্তান্ত কহিলা সখীগণ ॥

রসের আবেশে কৃষ্ণ অঞ্জন লইয়া । দিলেন রাধিকানেত্রে মহা-হর্ষ হৈয়া ॥

অঞ্জনের ছলে নানা পরিহাস কৈল । এ হেতু এ স্থান-নাম ‘আঁজনক’ হৈল ॥

শ্রীইন্দুলেখাসখীর পিতা—সাগর, মাতা—বেলা, পতি—দুর্বিল, গ্রাম—আঁজনক, স্বভাব—
রামপ্রথমা, বর্ণ—চম্পক (হরিভাল), বন্ত—চাপকষ্টী (দারিস্কুলুম), সেবা—চামর ('ন্ত্য), ভাব—বাসক-
সজ্জা, কুঞ্জ—তপ্তকাঞ্চন স্মৃথি কুঞ্জ, স্থিতি—অগ্নিদলে, বয়স ১৪।২।১২, শ্রীইন্দুলেখাসখীর মবদ্বীপ লীলায়
নাম—শ্রীবস্তুরামানন্দ । তাহার যুথে—(১) তুঙ্গভদ্রা, (২) রসোতুঙ্গা, (৩) রংবাটী, (৪) সুমঙ্গলা, (৫)—
চিরলেখা, (৬) বিচিরাঙ্গী, (৭) মোদনৌ, (৮) মদনালসা । জন্ম—ভাদ্র শুক্লা পঞ্চমীতে ।

করালা

রহেড়া হইতে তিনি কিঃমিঃ পশ্চিমে করালা গ্রাম অবস্থিত । গ্রামে শ্রীরাধাকৃষ্ণ মন্দির দর্শনীয় ।
চন্দ্রাবলীর মাতামহী করালা এইগ্রামে বসবাস করিয়াছেন । তাহারই নামাচ্ছন্নারে এইগ্রাম করেলা বলিয়া
পরিচিত । গ্রামের পূর্বভাগে মনোরম কদম্বখণ্ডী, ভাদ্র পুরিমায় এখানে মহা সমাবেশে শ্রীরাসলীলাৰ
অভিনয় হইয়া থাকে ।

—ঃ তথাহি শ্রীভক্তিরত্নাকর হইতে :—

এই করালা-গ্রামেতে চন্দ্রাবলী-স্থিতি । করালার পুত্র গোবধ'ন যা'র পতি ॥

চন্দ্রভানু পিতা, ইন্দুমতী মাতা যা'র । চন্দ্রাবলী হন জেষ্ঠা ভগ্নী রাধিকার ॥

শ্রীচন্দ্রাবলীর পিতা—পঞ্চ সহোদর । সকলের জ্যেষ্ঠ বৃষভানু নৃপবর ॥

চন্দ্রভানু, রঞ্জভানু, সুভানু, শ্রীভানু । ক্রমে এ পঞ্চের সূর্য্য-সম তেজ জন্ম ॥

গোবধ'ন মল্ল চন্দ্রাবলীর সহিতে । সখীস্তলী-গ্রামে কভু রহে করালাতে ॥

পদ্মা-আদি যুথেশ্বরী রহি' এই ঠাঁই । কৃষ্ণ যৈছে মিলে সে কৌতুক অস্ত নাই ॥

করহলা গ্রামের দক্ষিণ ভাগে পড়েই স্থান অবস্থিত।

কমই

করহলা হইতে এক কিঃ মিঃ দক্ষিণে কমই গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাধাকৃষ্ণ মন্দির বিরাজিত। এইগ্রাম শ্রীরাধিকার সখী বিশাখাৰ জন্মস্থান।

—ঃ তথাহি শ্রীভক্তিরস্তাকরে ঃ—

দেখ এই 'কামাই' 'কৱালা'—গ্রামদ্বয়। কামাই গ্রামতে বিশাখাৰ জন্ম হয়।

শ্রীবিশাখা সখীৰ পিতা—পাবন (পারল), মাতা—দক্ষিণা, পতি—বাহিক, গ্রাম—কামাই, স্বত্বাব—অধিকমধ্যা, বর্ণ—বিদ্যুৎ, বস্ত্ৰ—তারাবলী, সেবা—কর্পূৰ (বস্ত্রালঞ্চার), ভাব—স্বাধীনভত্তকা, কুণ্ড—মেঘবর্ণ মদন সুখদা, স্থিতি—ঈশানদলে, বয়স—১৪১২১৫, নবদ্বীপ লীলায় তাহার নাম—শ্রীরাধারামান্দ, শ্রীবিশাখাসখীৰ যুথে—(১) মাধবী, (২) মালতী, (৩) চন্দনেখা, (৪) কুঞ্জী, (৫) হরিণী, (৬) চপলা, (৭) সুরভি, (৮) শুভাননা। জন্ম—তাজ গুৱাটৈতে।

হাথিয়া :— ডাহোলী হইতে তিন কিঃ মিঃ পশ্চিমে হাথিয়া গ্রাম অবস্থিত। শ্রীমতীরাধারাণী বৰ্ধানা গ্রাম লীলা করিবাৰ সহয় স্বৰ্গ হইতে শ্ৰীৰাবত হস্তী এইস্থানে আগমন কৱিয়াছিলেন। শ্রীমতী-রাধারাণীকে অভিষেক কৱিবাৰ জন্য শ্ৰীৰাবত হস্তীৰ দ্বাৰা সমুজ্জ হইতে জল আনয়ন কৱিয়াছিলেন। সেই জন্য এইস্থানেৰ নাম হাথিয়া বলিয়া বিখ্যাত।

রূপনগৰ :— হাথিয়া হইতে এক কিঃ মিঃ দূৰে রূপনগৰ গ্রাম অবস্থিত।

নোহৱা :— মুৱাৰ হইতে দেড় কিঃ মিঃ পূৰ্বভাগে নোহৱা গ্রাম অবস্থিত।

রকোলী :— নোহৱা হইতে এক কিঃ মিঃ উত্তৰ ভাগে রকোলী গ্রাম অবস্থিত।

ডমালা / ডাভারো

মানপুৱা হইতে দুই কিঃ মিঃ পশ্চিম-দক্ষিণাংশে ডমালা গ্রাম অবস্থিত। এই গ্রামের প্রাচীন নাম ডাভারো। কোন একদিন স্বেলেৰ মুখে শ্রীরাধিকার অপূৰ্ব অতুলনীয় রূপ ও গুণেৰ কথা শ্ৰবণ কৱিয়া এইস্থানে শ্রীকৃষ্ণেৰ দুইটি নয়ন অঞ্জলে দুবুচুবু হইয়াছিলেন। সেইজন্য এই গ্রামেৰ নাম ডাভারো বলিয়া প্ৰসিদ্ধ।

—ঃ তথাহি শ্রীভক্তিরস্তাকরে ঃ—

'ডভৰারো'—গ্রাম এই-কৃষ্ণেৰ এখানে। ভৱিল নয়নে অঞ্চল রাধিকা দৰ্শনে॥

ডভৰারো—অৰ্থ অশ্রুযুক্ত নেত্ৰে কয়। এবে লোকে প্ৰসিদ্ধ ডাভারো নাম হয়॥

এইস্থান শ্রীতুঙ্গবিদ্যাদেবীৰ জন্মস্থান। শ্রীমতীতুঙ্গবিদ্যাসখীৰ নবদ্বীপ লীলায় নাম শ্রীবক্রেষ্ণৰ পঞ্জি। পিতা—পৌষ্ঠৰ, মাতা—মেধা, পতি—বালিশ, গ্রাম—শ্রীডাভারো, স্বত্বাব—দক্ষিণাপ্রথৱা, বর্ণ—চন্দ্ৰকুমাৰ, বস্ত্ৰ—পাণৱৰ্বণ, সেবা—গীতবান্ধ, ভাব—বিশ্বলক্ষা, কুণ্ড—অৱগবৰ্ণ নন্দদুণ্ডু, স্থিতি—

ପଞ୍ଚମଦିଲେ, ସୟମ—୧୪୨୧୩, ଶ୍ରୀମତୀତୁଙ୍ଗବିଦ୍ୟାସଥୀର ସୁଧେ—(୧) ମଞ୍ଜୁମେଧା, (୨) ସୁମୟୁରା, (୩) ସୁମଧ୍ୟା, (୪) ମଧୁରେକ୍ଷନା, (୫) ତରୁମଧ୍ୟା, (୬) ମଧୁସୁନ୍ଦା, (୭) ଗୁଗୁଡ଼ା, (୮) ବରାଙ୍ଗନା । ଜନ୍ମ—ଭାଦ୍ର ଶୁକ୍ଳା ପ୍ରତିପଦ ।

ଚିକଶୋଲୀ

ଶ୍ରୀବର୍ଷାଗା ହଇତେ ଦେଡ଼ କିଃ ମିଃ ଦକ୍ଷିଣ-ପଞ୍ଚମାଂଶେ ଚିକଶୋଲୀ ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଇହା ଶ୍ରୀରାଧିକାର ବେଶ ରଚନାର ସ୍ଥାନ ବଲିଯା ପରିଚିତ । ଏହି ଗ୍ରାମେ ଶ୍ରୀଚିତ୍ରାସଥୀର ଜନ୍ମସ୍ଥାନ । ଏହି ଗ୍ରାମେର ପଞ୍ଚାଂଭାଗେ ଖୋର ଅବସ୍ଥିତ ।

—ଃ ତଥାହି ଶ୍ରୀଭକ୍ତିରଙ୍ଗାକରେ ଦୃଷ୍ଟ ହୟ :—

‘ଚିକଶୋଲୀ’—ଗ୍ରାମ-ପୂର୍ବେ ଏହି ଚିତ୍ରଶାଲୀ । ଏଥା ରାଈ ବିଚିତ୍ର ବେଶେତେ ଦକ୍ଷ ଆଲୀ ॥
ପର୍ବତଗହରେ ଦେଖ ନିବିଡ଼ କାନନ । ଏବେ ଲୋକେ କହେ ଏହି ଗହର ବନ ॥
ଏ ‘ଶ୍ରୀତଳାକୁଣ୍ଡ’—ସୁବେଷିତ ବୃକ୍ଷଗନ । ଦେଖି ଦୋହନୀକୁଣ୍ଡ’—ଏଥା ଗୋଦୋହନ ॥

ଶ୍ରୀମତୀ ଚିତ୍ରାସଥୀର ପିତା—ଚତୁର, ମାତା—ଚର୍ଚିକା, ପତି—ପିଠର, ଗ୍ରାମ—ଚିକଶୋଲୀ ସଭାବ—ଅଧିକମ୍ବଦି, ବର୍ଗ—କାଶ୍ମିର, ବନ୍ଦ୍ର—କାଚପ୍ରତା, ସେବା—ବଞ୍ଚାଲକାର (ମାଲ୍ୟ), ଭାବ—ଦିବାଭି ସାରିକା, ଛିତି—ପୂର୍ବଦିଲେ, ସୟମ—୧୪୨୧୬, କୁଞ୍ଜ—କିଞ୍ଚିକ ଚିତ୍ରାନନ୍ଦନା । ନବଦୀପିଲୀଲାଯ ନାମ ଶ୍ରୀଗୋବିନ୍ଦାନନ୍ଦ ଘୋଷ । ଶ୍ରୀମତୀ ଚିତ୍ରାସଥୀର ସୁଧେ—(୧) ରସାଲିକା, (୨) ତିଲକିନୀ, (୩) ଶୌରସେନୀ, (୪) ସୁଗନ୍ଧିକା, (୫) ରମିଲା (୬) କାମଙ୍ଗରୀ, (୭) ନାଗରୀ, (୮) ନାଗବେଲିକା । ଜନ୍ମ—ଆଶ୍ମିନୀ ଶୁକ୍ଳା ତୃତୀୟାତେ ।

ଶ୍ରୀବର୍ଷାଗା ଗ୍ରାମ

ଶ୍ରୀଗୋବର୍ଦ୍ଧନ ହଇତେ ଏକୁଶ କିଃ ମିଃ ଏବଂ ଉଚ୍ଚଗ୍ରାମ ହଇତେ ଦୁଇ କିଃ ମିଃ ଅଗ୍ନିକୋଣେ ଶ୍ରୀବର୍ଷାଗା ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଏହି ଗ୍ରାମ ଶ୍ରୀବୃଷଭାନୁ ମହାରାଜେର ନାମାନୁସାରେ ଉତ୍ତପନ । ଗ୍ରାମେର ମଧ୍ୟ ସୁଉଚ୍ଚ ପର୍ବତେର ଉପରେ ଶ୍ରୀମତୀରାଧାରାଗୀର ମନ୍ଦିର ଅତିଶୟ ଶୋଭା ବର୍ଦ୍ଧନ କରିତେଛେ । ଏହି ପର୍ବତେର ନାମ ଶ୍ରୀବ୍ରଙ୍ଗଗିରି ପର୍ବତ । ଗ୍ରାମେ ଶ୍ରୀପ୍ରିୟା କୁଣ୍ଡ, ଶ୍ରୀଭାନୁକୁଣ୍ଡ ଶ୍ରୀଜୟପୁର ରାଜାର ମନ୍ଦିର, ଶ୍ରୀଗହରବନ, ଶ୍ରୀବିଲାସଗଡ଼, ଶ୍ରୀମୟୁବକୁଟି, ଦାନଗଡ଼, ମାନଗଡ଼, ଶ୍ରୀପିରି ପୁକୁର, ଶ୍ରୀଚତୁର୍ମୁଖ ବ୍ରହ୍ମାଜୀ ମନ୍ଦିର, ଗ୍ରାମେର ଉତ୍ତରାଂଶେ ଶ୍ରୀକୃତ୍ତିନା ମାତା ଏବଂ ଶ୍ରୀବୃଷଭାନୁ ମହାରାଜ ସହ ଶ୍ରୀଦାମ ଓ ଅଷ୍ଟସଥୀର ମନ୍ଦିର ବିରାଜିତ । ଗ୍ରାମେ ପଞ୍ଚମେ ମୁକ୍ତାକୁଣ୍ଡ (ରତନକୁଣ୍ଡ) ।

—ଃ ତଥାହି ଶ୍ରୀଭକ୍ତିରଙ୍ଗାକରେ :—

ବୃଷଭାନୁପୁର ଏ-ବର୍ଷାଗ ନାମ କଯ । ପର୍ବତ-ସମୀପେ ବୃଷଭାନୁର ଆଲ୍ୟ ॥
ଅପୂର୍ବ ପର୍ବତ—ଏଥା ବ୍ରଜେନ୍ଦ୍ରକୁମାର । କରିଲେନ ଦାନଲୀଲା ଅୟ-ଅଗୋଚର ॥
ଏହାନେ ରାଧିକାର ମାନଭଙ୍ଗ ହୈଲ । ଏଥା କୁଷି ବିବିଧ ବିଲାସେ ମନ୍ତ୍ର ହୈଲ ॥
ପର୍ବତଦୟେର ମଧ୍ୟେ ଏ ସକ୍ରିଂ ପଥେ । ସେ କୌତୁକ ତାଙ୍କ କେହ ନା ପାରେ କହିତେ ॥
ଏବେ ଏ ସାଂକରିଖୋର ନାମ ସବେ କଯ । ଦାନ-ମାନ-ବିଲାସ ପର୍ବତ ଗଡ଼ଭ୍ରଯ ॥
ଅହେ ଶ୍ରୀନିବାସ, ଶ୍ରୀରାଧିକା ସଥୀଗଣେ । ବାଲ୍ୟାବେଶେ ନାନା ଖେଲା ଖେଲିଲା ଏଖାନେ ॥

রাধিকার অপূর্ব বয়স-সন্ধিকালে । এখ মহা উল্লাসে বিলসে সখী মিলে ॥
এ নৌপ কাননে স্মথে রাধা বিলসয় । ব্যক্ত ঘোবনের শোভা সখী নিরীখয় ॥

শ্রীবৃষভানুমহারাজের পরিচয়

শ্রীহরির অংশ হইতে বৃগন্মপের পুত্র স্বচন্দ্ৰ। তাহার স্তৰীর নাম কলাবতী। উভয়ে গোমতী তীক্ষ্ণ
অৱগ্রে দ্বাদশ বৎসর কঠোৰ ভাবে ব্ৰহ্মার স্তব কৰেন। স্তবে সন্তুষ্ট হইয়া শ্রীবৰ্ণা স্বচন্দ্ৰকে বলিলেন যে—
বৰ গ্ৰহণ কৰ। তখন তিনি বলিলেন ‘আমাকে মোক্ষ বৰ দান কৰুন।’ ব্ৰহ্মা তাহাই হটক বলিবাৰ সঙ্গে
সঙ্গে কলাবতী বলিলেন যে—আমি তোমাকে অভিশাপ দিব কাৰণ—পতিই স্তৰীৰ পৰম গতি। পতিৰ
মোক্ষ দান কৰিলে, আমাৰ কি গতি হইবে। ব্ৰহ্মা বলিলেন যে—‘আমাৰ বৰ অন্যথা হইবে না অতএব
তোমৰা এখন স্বৰ্গে বিবিধ স্থৰ উপভোগ কৰ। দ্বাপৰযুগে ভাৰতবৰ্ষে (মৰ্ত্তধামে) স্বচন্দ্ৰ শ্রীবৃষভানু নামে
এবং কলাবতী শ্রীমতীকৰ্ত্তাৰ রাপে জন্মগ্ৰহণ কৰিবে। তোমাদেৱ উভয় হইতে যখন শ্রীমতীৱাধাৰাণী
জন্মগ্ৰহণ কৰিবে তখন তোমৰা উভয়েৱই মোক্ষপদ লাভ হইবে। শ্রীবৃষভানুমহারাজেৰ পিতা—শ্রীমহী-
ভানু, শ্রী-শ্রীমতীকৰ্ত্তাদেবী, আতা—শ্রীবৃষভানু, শ্রীসুভানু ও শ্রীভানু। ভগিনী—শ্রীমতীভানুমুদ্রাদেবী,
কন্যা—শ্রীমতীৱাধাৰাণী ও শ্রীঅনন্দমঞ্জী, পুত্ৰ—শ্রীশ্রীদাম।

পিৱিপুকুৱ / পিয়ল সৱোবৱ

শ্রীবৰ্ষাণা গ্ৰামেৰ উত্তৰভাগে অবস্থিত। এই পিয়ল সৱোবৱেৰ বৰ্তমান নাম পিৱিপুকুৱ। পিলু-
ফল চয়ন ছলে শ্রীৱাধাৰুক্ষেৰ মিলন স্থান। সেইজন্য এইস্থানেৰ নাম পিয়লসৱোবৱ। বৰ্তমানেও এই
স্থানে বহু পিলুফলেৰ বৃক্ষ দেখিতে পাৰিয়া যায়।

— : তথাহি শ্রীভক্তিৱাকৰে :—

দেখছ ‘পিয়াল’ সৱোবৱ গ্ৰামোন্তৰে । প্ৰিয়া-প্ৰিয় দোহে এথা নামাকীড়া কৰে ॥
জিয়াল বৃক্ষেৰ বন এথা অতিশয় । শোভা দেৰি’ সখীসহ দোহে হৰ্ষ হয় ॥
এই ‘পিলুখোৱ’ এথা পিলুফল ছলে । সখীসহ রাইকামুকীড়া কুতুহলে ॥

শ্রীভানুখোৱ (ভানুকুণ্ড)

এইকুণ্ড শ্রীবৰ্ষাণা গ্ৰামেৰ পূৰ্বে অবস্থিত। এইকুণ্ডেৰ বায়ুকোণে শ্রীকৰ্ত্তিনাকুণ্ড এবং নৈঞ্চনিক
কোণে শ্রীবিহাৰকুণ্ড অথবা তিলকুণ্ড অবস্থিত।

বৃষভানু মহারাজেৰ নাম অনুসাৰে । ভানুখোৱ নাম দেখ সৰ্বত্র প্ৰচাৰে ॥
কুণ্ডেৰ শোভায় গ্ৰাম হইল শোভিত । রাধাৱাণীৰ ক্ৰিড়স্থান ইহাতে বিদিত ॥
মন্দিৱাদি আছে যত কুণ্ড চতুর্দিকে । দৰ্শন কৰিবা মাত্ৰ প্ৰেমভক্তি স্ফুরিবে ॥

শ্রীকৰ্ত্তিনা কুণ্ড

এইকুণ্ডে শ্রীকৰ্ত্তিনাদেবী সৰ্বদা স্থান কৰিয়া থাকেন, সেইজন্য এই কুণ্ডেৰ নাম শ্রীকৰ্ত্তিনাকুণ্ড।

নমঃ কীর্তিমহাভাগে সর্বেথং গো ব্রজৌকসঃ । সর্ব সৌভাগ্যদে তৌর্থে স্ফুর্কীতি সরসে নমঃ ॥

অনুবাদ : -হে কীর্তিদা মহাভাগে । শ্রীব্রজভান্ত বাবা এবং সমস্ত ব্রজবাসীদের সৌভাগ্যদাতা কীর্তি সরোবর ! আপনাকে নমস্কার করি ।

শ্রীমতী কীর্তিদা দেবী এই সরোবরে ।

স্থান করে নিতি নিতি প্রসন্ন অন্তরে ॥

মেইজন্ত কীর্তিদা সরোবর নাম হয় ।

কেবল জল পরশেতে সর্বপাপ ক্ষয় ॥

দৈব ঘোগে যদি কোন প্রাণী এথা আসে । দেহান্তে গোলক ধামে প্রেমানন্দে ভাসে ॥

সাখরিখোর

সাখরিখোর কথাটার অর্থ হইল দুই পর্বতের মধ্যবর্তী সঞ্চীর্ণ রাস্তা । দক্ষিণ ভাগে পর্বতের নাম শ্রীব্রজ পর্বত এবং বামভাগে পর্বতের নাম শ্রীবিষ্ণু পর্বত । কথিত আছে—এই পথে শ্রীমতীরাধাৰাণী সখীগণ সঙ্গে দুধ-দই বিক্রি করিবার ছলে গমন করিতেছিলেন, এমন সময় শ্রীকৃষ্ণ বংশীধনি করিতে করিতে এইস্থানে আগমন করিয়া দুধ-দই লুঠন করিয়া ক্রিড়া করিয়াছিলেন ।

বহু বৎসর পূর্বে একজন গোয়ালিনী (বুড়ী) দুধ বিক্রি করিবার জন্য মটকি করিয়া দুধ লাইয়া যাইতেছিলেন (এই পথে) । এমতাবস্থায় শ্রীকৃষ্ণ তাহার হস্ত হইতে দুধের মটকি কাড়িয়া লাইয়া দুধ খাইতে আরম্ভ করিলেন । তখন সেই গোয়ালিনী “ ল গঘে লে গয়ে ” বলিয়া চিংকার করিতে লাগিলেন । সেই গোয়ালিনী ত্রিভঙ্গ মুরলীবদন শ্রীকৃষ্ণের রূপমাধুৰী চিন্তা করিতে করিতে সেইস্থানে নিত্যলীলায় গমন করিলেন । চিংকার শুনিয়া গ্রামবাসিগণ এইস্থানে আগমন করিলেন এবং কোন গোপবালককে না দেখিয়া তগবান শ্রীকৃষ্ণের এই লীলা বলিয়া অনুমান করিলেন । প্রকৃতপক্ষে তাহাই ঘটিয়াছিল । তাজ শুল্ক ত্রয়োদশীতে এখানে দধিলুঠন লীলা ও বুড়ী লীলা কৌতুক মহাসমারোহে অনুষ্ঠিত হইয়া থাকে ।

শ্রীব্রজেশ্বর মহাদেব

শ্রীভান্তখোরের পার্শ্বে শ্রীব্রজেশ্বর মহাদেব বিচ্ছান । এই ব্রজেশ্বর মহাদেবজীকে ব্রজের মঙ্গলের জন্য শ্রীব্রজভান্ত বাবা এবং সমস্ত ব্রজবাসীগণ প্রতিষ্ঠা করিয়াছেন ।

এক জনশ্রুতি :—পরবর্তীকালে শ্রীব্রজেশ্বর মহাদেবজীটকে বর্জমান স্থান হইতে উঠাইয়া অন্ত স্থানে স্থানান্তরিত করিতে চেষ্টা করিলেন । কিন্তু যাহারা অগ্রস্থানে স্থানান্তরিত করিতে চেষ্টা করিয়া-ছিলেন তাহারা শ্রীমহাদেবজীটির মাধ্যমে এক বিরাট শ্রীমতি (স্বরূপ) দর্শন করিয়া বিস্ময় হইয়াছিলেন । তখন তাহারা শ্রীব্রজেশ্বর মহাদেবজীটকে সেই স্থানেই স্থাপন করিয়া অপরাধ ক্ষমা করিবার জন্য চরণে লুটিয়ে পরিলেন ।

ব্রজেশ্বরায় তে তুভ্যং মহারূদ্ধায় তে নমঃ । ব্রজৌকসঃ শিবার্থায় নমস্তে শিবরূপিণে ॥

(গৌরীতন্ত্রে)

অনুবাদ : -হে ব্রজেশ্বর ! হে মহারূদ্ধ ! আপনাকে নমস্কার । আপনি ব্রজবাসীদের মঙ্গলের জন্য এখানে বিরাজিত । শিব স্বরূপ আপনাকে নমস্কার করি ।

শ্রীদানগড়

শ্রীব্ৰহ্মাচল পৰ্বতেৰ উপৰে এবং সাকৰিখোৱেৰ পশ্চিমে পৰ্বতোপৰি শ্রীদানগড় অবস্থিত। এই স্থানে শ্রীকৃষ্ণ শ্রীমতীরাধাৱাণীৰ সহিত দানলীলা কৰিয়াছিলেন।

দানবেষধৰায়েব দধুপাস্তাভিলাষিণে। রাধানির্ভুলভিত্তায়েব কৃষ্ণয় সততং নমঃ ॥

অনুবাদঃ—হে দানবেষধৰারী ! হে দুধ, দই অভিলাষকৰি ! শ্রীরাধা দ্বাৰা ভুক্তি শ্রীকৃষ্ণ ! আপনাকে নমস্কাৰ কৰি ।

শ্রীমতীরাধাৱাণী শ্রীললিতা-বিশাখাদি সখীগণ সঙ্গে সূর্য পুজাৰ ছলে এই বনপথে গমন কৱিলে শ্রীকৃষ্ণ তথায় আগমন কৱিয়া সখীগণকে বলিতে লাগিলেন যে—তোমৰা কোথায় গমন কৱিতেছ । কন্দৰ্প রাজাৰ আজ্ঞায় দান গ্ৰহণে আমি রাজাধিকাৰে নিযুক্ত হইয়াছি অতএব আমাকে দান প্ৰদান কৰ । শ্রী-ললিতা সখী বলিলেন যে—দেখ কানাই, তুমি অনেক রকম ছল-চাতুৰী জান অতএব আমাদেৱ রাস্তা ছাড়িয়া দাও । ইত্যাদি ভাবে কথোপ-কথন চলিতে থাকিলে সৰ্বশেষে এইস্থানে শ্রীরাধাকৃষ্ণেৰ ঘুগল মিলন ঘটিয়াথাকেন ।

শ্রীমানগড়

শ্রীগহৰ বনেৰ নৈখত কোণে পৰ্বতেৰ উপৰিভাগে শ্রীমানগড় অবস্থিত । লীলামাঝুৰ্যা হৃদিৰ জন্য শ্রীমতীরাধাৱাণী শ্রীকৃষ্ণেৰ উপৰ মান কৱিয়াছিলেন, সেই মান অহুসারে স্থানেৰ নাম মানগড় বলিয়া জগতে প্ৰসিদ্ধ । এইস্থানে শ্রীমান মন্দিৰ দৰ্শনীয় ।

দেৱ গন্ধৰ্বম্যায় রাধা মান বিধায়িণে । মান মন্দিৰ সংজ্ঞায় নমস্তে রত্নভূময়ে ॥

অনুবাদঃ—দেৱ গন্ধৰ্বাদিৰ জন্য রমণীয়, শ্রীরাধাৰ মান বিধানকাৰি মান-মন্দিৰ নাম রত্নভূময় স্থল । হে মান মন্দিৰ আপনাকে নমস্কাৰ কৰি ।

একদিন শ্রীমতীরাধাৱাণী এই কাননে একটি স্তুন্দৰ কুঞ্চ তৈৰী কৱিয়া প্ৰাণপ্ৰীয় শ্রীকৃষ্ণেৰ অপেক্ষা কৱিতে লাগিলেন কিন্তু অধিক সময় অতিবাহিত হইলেও শ্রীকৃষ্ণ আৱ আগমন কৱিলেন না । তাহাতে শ্রীমতীরাধাৱাণী দুঃখিত মনে মান কৱিয়া কুঞ্চমধ্যে বসিয়া রহিলেন । অতঃপৰ শ্রীকৃষ্ণ আগমন কৱিয়া শ্রীমতীরাধাৱাণীকে কত কাকুতি মিনতি কৱিলেন কিন্তু শ্রীমতীরাধাৱাণী একটি কথাও বলিলেন না । তাহাতে দুঃখিত মনে শ্রীকৃষ্ণ কুঞ্চ হইতে প্ৰত্যাগমন কৱিতে থাকিলে শ্রীললিতা সখী শ্রীমতীরাধা-ৱাণীকে মান ভঙ্গ কৱিয়া পার্শ্বে বসাইতে অহুৰোধ জানাইলেন । এইদিকে শ্রীকৃষ্ণ বিশাখাকে বলিলেন যে—হে সখী, তবে আমি এখন কি উপায় কৰি ! আমাৰ মন যে প্ৰাণপ্ৰীয়া বিহীন আৱ স্থিৰ হইতেছে না । তখন শ্রীবিশাখা বলিলেন যে—এক কাজ কৱিলে আপনাৰ সমস্ত কাৰ্য সিদ্ধি হইবে । শ্রীকৃষ্ণ বলিলেন—সখী, তুমি যাহা বলিবে আমি তাহাই কৱিব । সখী বলিলেন—আমি আপনাকে শুনামসখী সংজ্ঞায় হস্তে একখানি বীণা প্ৰদান কৱিব । আপনি শ্রীমতীরাধাৱাণীৰ সম্মুখে বীণা বাদন কৱিলে

অবশ্যই শ্রীমতী আপনাকে কৃপা করিবেন। সেই অনুসারে শ্রীকৃষ্ণকে শ্যামাসখী সাজাইয়া শ্রীমতীরাধা-রাণীর কুঞ্জে আনয়ন করিলেন। শ্যামাসখী মধুর ঝঞ্চারে বীণা বাদন আরম্ভ করিলে শ্রীমতী প্রসন্ন হইয়া শ্যামাসখীকে আলিঙ্গন করিলেন। তখন শ্যামাসখীও নিজরূপ ধারণ করিয়া শ্রীরাধিকার মুখচূম্বন পূর্বক গাঢ় আলিঙ্গনে আবদ্ধ হইলেন।

এইস্থানের নামানুসারে দক্ষিণদিকস্থ গ্রামের নাম মানপুরা বলিয়া পরিচিত। মানগড়ের উত্তরে জয়পুর পত্রনের রাজা বহু অর্থ ব্যায় করিয়া শ্রীরাধিকার নিমিত্ত একটি নৃত্য মন্দির প্রস্তুত করিয়াছেন। মন্দিরের মধ্যস্থলে শ্রীকৃশ্ণ বিহারী, বামপার্শে শ্রীগোপালজী এবং দক্ষিণ পার্শ্বে শ্রীহংসগোপাল বিগ্রহ বিরাজিত। শ্রীমানগড়ের পার্শ্বে হিণ্ডোলা রাসমণ্ডল, এবং রত্নাকর সরোবর অবস্থিত।

শ্রীময়ুরকুটী

শ্রীগহৰ বনের বায়ুকোণে এবং শ্রীরক্ষাচল পর্কভ্রেতের উপরে শ্রীময়ুরকুটী অবস্থিত।

শ্রীময়ুরকুটী সমক্ষে প্রথমতঃ—একবার শ্রীমতীরাধা-রাণী মান করিয়া কুঞ্জের একপার্শ্বে বসিয়া আছেন। এমন সময় শ্রীকৃষ্ণ শ্রীয়াজীর মান ভঙ্গ করিবার জন্য এক ময়ুরুরূপ প্রকাশ করিয়া স্থূলৰ ভাবে চতুর্দিক ঘূরিয়া ঘূরিয়া নৃত্য করিতে লাগিলেন। শ্রীমতীরাধা-রাণী শ্রীকৃষ্ণের এই মহিমা কিছুই বুঝিতে পারিলেন না। ময়ুরের মৃত্যে মান যে কোথায় চলিয়া গেল, তখন শ্রীকৃষ্ণ নিজ স্বরূপ প্রকাশ করিয়া যুগলরূপ ধারণ করিলেন।

দ্বিতীয়তঃ—কোন একদিন এইস্থানে শ্রীরাধাকৃষ্ণকে বেষ্টন করিয়া ময়ুর সকল পুচ্ছ সকল বিস্তারক্রমে নৃত্য করিয়াছিলেন, সেইজন্য এইস্থানের নাম শ্রীময়ুরকুটী বলিয়া বিখ্যাত।

একদিন সখাগণ শ্রীকৃষ্ণকে বলিতে লাগিলেন যে—প্রভু আজ আমাদের খুব ক্ষুদা লাগিয়াছে। অবশ্যই এখন আমাদের ভোজন করাইতে হইবে। তখন শ্রীকৃষ্ণ বংশীধনি করিবার সঙ্গে সঙ্গে ঝুড়ি ঝুড়ি লাঢ়ু ভোগ আসিতে লাগিল। সখাগণ মনানন্দে তাহা ভোজন করিতে লাগিলেন কিন্তু সখাগণের ভোজনে তৃপ্তি হইলেও শ্রীকৃষ্ণ আরও ঝুড়ি ঝুড়ি লাঢ়ু প্রদান করিতে লাগিলেন। তখন সখাগণের মধ্যে একজন অন্য একজনকে ‘নেট খাও নেট খাও’ বলিয়া ছুড়া ছুড়ি করিতে লাগিলেন। সেইজন্য অত্যাবধি এইস্থানে ভাদ্র শুক্র নবমীতে লাঢ়ুফেলা কৌতুক হইয়া থাকেন। মন্দিরে শ্রীবিগ্রহ অত্যন্ত স্থূলর দর্শনীয়।

গাজীপুর / প্রেমসরোবর

শ্রীবর্ষাণা হইতে ছাই কিঃ মিঃ উত্তরে গাজীপুর গ্রাম অবস্থিত। এই গ্রামের মধ্যে শ্রীপ্রেমসরোবর বিরাগিত। একদা শ্রীরাধাকৃষ্ণ এই স্থূলৰ সরোবর তটে আগমন করিয়া উভয়কে দর্শনামন্দে নিমগ্ন আছেন এমন সময় এক অমর আসিয়া শ্রীরাধিকার কর্ণমূলে বসিবার চেষ্টা কারলে শ্রীমতীরাধা-রাণী তাহা দর্শন করিয়া ভীতা হইয়াছিলেন। শ্রীকৃষ্ণের ইঞ্জিতে মধুমজল অমরকে দূর করিয়া দিয়া বলিলেন যে—মধুসৃদন! এখন এখানে আর নাই। এইকথা শ্রীরাধিকা অবগ করিবামাত্র চিন্ত হংখ সাগরে

নির্মজ্জিত হটেল তখন শ্রীকৃষ্ণের ক্রোড়ে অবস্থান করিয়াও শ্রীকৃষ্ণকে আর দেখিতে পাইতেছেন না। এই দিকে শ্রীরাধা ও শ্রীরাধার প্রেমপারাবারে শ্রীরাধাকে আর দেখিতে পাইতেছেন না। তখন শ্রীকৃষ্ণ শ্রীরাধা বলিয়া এবং শ্রীরাধা শ্রীকৃষ্ণ বলিয়া ডাকিতে থাকেন এবং নয়ন জলে এই সরোবর পূর্ণ হয়। শুক্ষণী শ্রীরাধাকৃষ্ণের এই ভাব দর্শন করিয়া উচ্চস্থরে শ্রীরাধাকৃষ্ণ বলিয়া গান করিতে থাকিলে তাহাদের উচ্চস্থর শ্রবণ করিয়া শ্রীরাধাকৃষ্ণের বাহাদুশ। ফিরিয়া আসে এবং উভয়কে নিকটে দেখিতে পায়। তখন উভয়ে প্রেমালিঙ্গনে আবদ্ধ হইলে এইস্থানের নাম প্রেমসরোবর বলিয়া পরিচিত হয়। এই সরোবরে একবার মাত্র স্নান করিলে শ্রীরাধাকৃষ্ণের প্রেমলাভ হইয়া থাকে।

উচ্চাগ্রাম/ললিতাগ্রাম

বর্ষাগ্রাম হইতে ছুই কিঃ মিঃ এবং মুহুর্মা হইতে তিন কিঃ মিঃ পূর্বপার্শ্বে উচ্চাগ্রাম অবস্থিত। এই গ্রামের প্রাচীন নাম শ্রীললিতা গ্রাম। শ্রীললিতা সখী এইগ্রামে জন্মগ্রহণ করিয়া অবস্থান করিতেছেন। সেইজন্য এইগ্রামের নাম শ্রীললিতা গ্রাম। গ্রামের পূর্বদিকে শ্রীবলদেবজৌর মন্দির। তাহার নৈঞ্চত্বে শ্রীনারায়ণ ভট্টের সমাধি, তদুতরে ত্রিবেণু কূপ। তাহার নৈঞ্চত্বে আলতাপাহাড়ী নামাঞ্চর বিহারীলী, কেহ কেহ চিত্র বিচিত্র শিলাখণ্ড বলিয়া উল্লেখ করেন। ইহার উত্তরে দেহিকুণ্ড। এইকুণ্ডের নৈঞ্চত্বে কোণে শ্রীরাধার চৱণচিহ্ন বিরাজমান। ভাদ্র শুক্রা দ্বাদশীতে এই গ্রামে মেলা বসিয়া থাকেন।

শ্রীমতীললিতাসখীর পিতা—বিশোক, মাতা—সারদা, পতি—বৈরেব, গ্রাম—ললিতা গ্রাম, স্বত্বাব—বামাপ্রথর। বর্ণ—গো-রচনা, বন্ধু—ময়ুরপুচ্ছ, সেবা—তাঙ্গুল, ভাব—খণ্ডিতা, কুঞ্জ—বিদ্যুৎবর্ণ ললিতানন্দনা কুঞ্জ, স্থিতি—উত্তরদলে, শ্রীললিতাসখীর নবদ্বীপ লীলার নাম শ্রীমুকুপ দামোদর। বয়স—১৪।৩।১২, তাহার যুথে (১) রত্নপ্রভা, (২) রত্নিকলা, (৩) মুভদ্রা, (৪) ভদ্রবেধিকা, (৫) স্মৃত্যী, (৬) ধনিষ্ঠা, (৭) কলহসী, (৮) কলাপিনী। জন্ম—শ্রাবণ শুক্লা একাদশী।

সঙ্কেতগ্রাম

শ্রীবর্ষাগ্রাম হইতে চার কিঃমিঃ উত্তরে সঙ্কেত গ্রাম অবস্থিত। এইস্থানে শ্রীমুবলের প্রচেষ্টায় শ্রীকৃষ্ণ এবং শ্রীললিতাসখীর প্রচেষ্টায় শ্রীরাধিকাকে আনয়ন করাইয়া প্রথম মিলন ঘটিইয়াছিলেন। সঙ্কেতের মাধ্যমে শ্রীরাধাকৃষ্ণের মিলন ঘটিলে এইস্থানের নাম সঙ্কেত গ্রাম বলিয়া পরিচিত। গ্রামের উত্তরে শ্রীগৌরাজ্ঞ মহাপ্রভুর উপবেশন স্থান এবং শ্রীপাদ গোপালভট্ট গোষ্ঠীমীর ভজন কুটীর। গ্রামের মধ্যে শ্রীসঙ্কেত বিহারী বিরাজিত। গ্রামের অগ্নিকোণে বিহুলকুণ্ড ও কৃষ্ণকুণ্ড দর্শনীয়।

— তথাহি শ্রীভক্তিরত্নাকর গ্রহেঃ —

এ ‘সংক্ষতকুণ্ডে’ সখীসঙ্কেত করিয়া। রাই-কাছ দেহারে আনেন যত্ন পাইয়া।

অলক্ষিত প্রথম গমন শুভক্ষণে। পূর্বরাগে সঙ্কেত-মিলন এইখানে।

দেখ ‘কৃষ্ণকুণ্ডাদিক’—স্থান মনোহর। সঙ্কেতে অশেষ লীলা অন্য-অগোচর।

ଶ୍ରୀମଙ୍କଳକୋଣେ ଶ୍ରୀବିହବଳ କୁଣ୍ଡ ଅବସ୍ଥିତ । ଏକଦି ଶ୍ରୀକୃଷ୍ଣ ଶ୍ରୀରାଧାନାମ ଶ୍ରବଣ କରିଯା ବିହବଳ ହଇୟାଛିଲେନ ସେଇଜନ୍ୟ ଏଇହାନେର ନାମ ବିହବଳ ଏବଂ ନୟନ ଧାରାଯ ପ୍ରବାହିତ କୁଣ୍ଡେର ନାମ ଶ୍ରୀବିହବଳକୁଣ୍ଡ ।

ଏହି ସେ ‘ବିହବଳକୁଣ୍ଡ’—ଶ୍ରୀକୃଷ୍ଣ ଏଥାମେ । ହଇଲା ବିହବଳ ରାଇନାମ ଶ୍ରବଣେତେ ॥

ରୌଠୋରା :—ଲୋହରବାଡୀ ହଇତେ ଦୁଇ କିଃ ମିଃ ଦକ୍ଷିଣେ ଏବଂ ଉଚ୍ଚାଂଗ୍ରାମ ହଇତେ ଆଡ଼ାଇ କିଃ ମିଃ ଉତ୍ତର ରୌଠୋର ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଏଇଗ୍ରାମେ ଶ୍ରୀଚନ୍ଦ୍ରବଲୀର ଜୟଶାନ । ଗ୍ରାମେ ଅଗିକୋଣେ ଶ୍ରୀଚନ୍ଦ୍ରବଲୀକୁଣ୍ଡ ଏବଂ ତାହାର ଉତ୍ତରେ ଶ୍ରୀବଲ୍ଲଭାଚାର୍ଯ୍ୟେର ବୈଠକ ଏବଂ ଶ୍ରୀରାଧାକୃଷ୍ଣ ମନ୍ଦିର ବିରାଜିତ ।

ଲୋହରବାଡୀ :—ଶ୍ରୀନନ୍ଦଗ୍ରାମ ହଇତେ ଚାର କିଃ ମିଃ ପଞ୍ଚମେ ଲୋହରବାଡୀ ଅବସ୍ଥିତ । ଗ୍ରାମେ ଲୋହରକୁଣ୍ଡ ଏବଂ ଶ୍ରୀକୁଣ୍ଡେଶ ମହାଦେବ ମନ୍ଦିର ବିରାଜିତ ।

ଶ୍ରୀନନ୍ଦଗ୍ରାମ

ଗିଡ୍ରୋହ ହଇତେ ଦୁଇ ମାଟିଲ ଅଗିକୋଣେ ଏବଂ ଲହରବାରୀ ହଇତେ ଚାର କିଃ ମିଃ ପୂର୍ବଭାଗେ ନନ୍ଦଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଶ୍ରୀନନ୍ଦମହାରାଜ ମହାବନେ (ଗୋକୁଳେ) ଅବଶ୍ୟାନ କାଲେ କଂସ ଶ୍ରୀକୃଷ୍ଣକେ ହତ୍ୟା କରିବାର ଜୟ ଅନେକ ଅଶ୍ୱରକେ ପ୍ରେରଣ କରିଯାଛିଲେନ କିନ୍ତୁ କେହିଁ ଶ୍ରୀକୃଷ୍ଣର କୋନ ଅନିଷ୍ଟ ସାଧନ କରିତେ ପାରେନ ନାହିଁ । ସେଇ ଭୟେ ବାଂମଲାଭାବେ ଶ୍ରୀନନ୍ଦମହାରାଜ ଶ୍ରୀକୃଷ୍ଣକେ ରକ୍ଷା କରିବାର ଜୟ, ମହାବନ ହଇତେ ଏଇହାନେ ଚଲିଯା ଆସେନ । ଶ୍ରୀନନ୍ଦମହାରାଜ ଏଇହାନେ ବସବାସ କରିବାର ଜୟ ଏଇଗ୍ରାମେ ନାମ ଶ୍ରୀନନ୍ଦଗ୍ରାମ । ଶ୍ରୀନନ୍ଦଗ୍ରାମ ହଇତେ ଉତ୍ତର କେଯାରୀ ଅର୍ଦ୍ଧ କିଃମିଃ, ପୂର୍ବମାସୀ ମାୟେର ମନ୍ଦିର ଦେଡ଼ କିଃ ମିଃ, ମୟୁରକୁଟୀ ଏବଂ ଚରଣ ପାହାଡୀ ଅର୍ଦ୍ଧ କିଃ ମିଃ, କାମ୍ୟବନେ ଚଲିବାର ସମୟ ରାତ୍ରାର ପାର୍ଶ୍ଵ ଅବସ୍ଥିତ ଏହି ଚରଣ ପାହାଡୀ ।

ଶ୍ରୀବ୍ରଜାବନ ମାହାତ୍ୟ ଶ୍ରୀନନ୍ଦମହିଷର ପ୍ରାକୃତିକ ଦୃଶ୍ୟ ଅତି ମନୋରମ । ପର୍ବତେର ଉପରିଭାଗେ ଶ୍ରୀନନ୍ଦମହିଷର ଗ୍ରାମ ମଣ୍ଡଳୀଭାବେ ଅବସ୍ଥିତ । ତମାଧାଷ୍ଟ ମନ୍ଦିରେ ଶ୍ରୀବ୍ରଜେଶ୍ୱର ଓ ଶ୍ରୀବ୍ରଜେଶ୍ୱରୀ, ତମ୍ଭମଧ୍ୟ ସ୍ଵନ୍ତିତ ତ୍ରିଭୁବନେ ଦ୍ଵୀପାଇୟା ଶ୍ରୀକୃଷ୍ଣ ଶ୍ରୀବଲରାମ ଆତ୍ମ୍ୟଗଲ ଭକ୍ତଜନେର ଅଭୀଷ୍ଟପୂର୍ଣ୍ଣ କରିତେଛେନ । ମନ୍ଦିରେର ଉତ୍ତରଦିକେ ଶ୍ରୀନନ୍ଦମହିଷର ବିହାର କରିତେଛେନ । ଶ୍ରୀମନ୍ଦିରେ ପାର୍ଶ୍ଵ ଦ୍ଵୀପାଇୟା ଭର୍ଜେର ଅତୁଳନୀୟ ଶୋଭା ମନ୍ଦର୍ଶନେ ଏବଂ ତୃତୀୟ ଶ୍ରୀକୃଷ୍ଣର ଅପୂର୍ବ ଲୌଳାବଲୀ ଭାବୁକେର ହନ୍ଦୟେ ଶ୍ଫୁରି ହଇଲେ ସେ କି ଏକ ଅନିର୍ବଚନୀୟ ଆନନ୍ଦ ତାହା ସତାଇ ବର୍ଣନାତୀତ । ଶ୍ରୀନନ୍ଦମହିଷର ଗ୍ରାମେ ଚତୁର୍ଦିକେ ଛାପାନ୍ନ କୁଣ୍ଡ ବିରାଜ କରିତେଛେନ । ଇହାର ନାମ ଓ ଚିତ୍ତି ପ୍ରଥମେ ଶ୍ରୀନନ୍ଦଭବମେର ଉତ୍ତର ଦରଜାର ପାର୍ଶ୍ଵ ସିଂହ ପହରୀ ଦର୍ଶନ କରିଯା ଶ୍ରୀନନ୍ଦମହିଷର ପରିକ୍ରମ୍ୟ ସାହିତ ହଇତେ ହୁଏ । ଶ୍ରୀନନ୍ଦମହିଷର ଦିଶାନକୋଣେ ସଂଚକୁଣ୍ଡ, ନାମାନ୍ତର ଧୋଯନୀକୁଣ୍ଡ, କୁଣ୍ଡେର ପଶ୍ଚିମ ତୀରେ ଶ୍ରୀମନ୍ଦମହିଷାଦେବୀ ବିରାଜମାନ । ଏହି କୁଣ୍ଡେର ବାୟକୋଣେ ଓ ଶ୍ରୀନନ୍ଦମହିଷର ଉତ୍ତର ଶ୍ରୀବିଶାଖାର ପିତା ପାବନ ଗୋପ କୃତ ଶ୍ରୀପାବନ ସରୋବର । ସରୋବରେ ଦକ୍ଷିଣ ତୀରେ ଶ୍ରୀସନାତନ ଗୋଷ୍ଠାମୀ ଶ୍ରୀକୃଷ୍ଣ ବିରହେ ଅତ୍ୟନ୍ତ କାତର ହଇୟା କୁଟୀର ନିକଟବର୍ତ୍ତୀ ଜନ୍ମଲେ ତିନଦିନ ଅନଶ୍ରେଷ୍ଟ ପଡ଼ିଯାଛିଲେନ । ତଥନ ଶ୍ରୀକୃଷ୍ଣ କୋନ ଗୋପ ଶିଶୁରକ୍ଷପେ ଦୁଃଖ ଲଇୟା ତାହାର ନିକଟ ଉପର୍ଦ୍ଵିତୀ ହଇୟା ବଲିତେ ଲାଗିଲେନ—“ତୁମି ଏଥାନେ ତିନଦିନ ଉପବାସୀ ଆହ ଇହା କେହିଁ ଜାନେ

ନା, ଆମି ଗୋଚାରଣେ ଆସିଯା ତୋମାକେ ଦେଖିତେ ପାଇୟା ଏହି ଦୁଃଖ ଲଇୟା ଆସିଯାଛି । ତୁମି ଇହା ପାନ କର, ଆମି ପରେ ବାସନ ଲଇୟା ଯାଇବ । ଆର ତୁମି କୁଟୀରେ ନା ଥାକିଯା ଏଇରୂପ ଜଙ୍ଗଲେ ଥାକିଲେ ବ୍ରଜବାସୀଗଣ ଦୁଃଖ ପାଇବେ ।” ଏହି ବଲିଯା ଶିଶୁ ଚଲିଯା ଗେଲେ ଶ୍ରୀପାଦ ସନାତନ ଦୁଃଖ ପାନ କରିତେ କରିତେ ପ୍ରେମେ ଅଧୈର୍ୟ ହଇୟା ଉଠିଲେନ । ତିନି ନୟନ ନୀରେ ବଞ୍ଚଙ୍ଗାବିତ କବିଯା ଭୂମିତଳକେ ଝିଲ୍ଲ କରିତେ ଥାକିଲେ ଶ୍ରୀକୃଷ୍ଣ ଅଲକ୍ଷେ ଥାକିଯା ସାମ୍ଭନା କରତଃ କୋନ ବ୍ରଜବାସୀ ଦାରା ଏହି କୁଟୀର ନିର୍ମାଣ କରାଇୟା ଦିଯାଛିଲେମ । ପାବନ ସରୋବରେର ଈଶାନ କୋଣେ ଶ୍ରୀନନ୍ଦୀଶ୍ଵର ତଡ଼ାଗ, ନାମାନ୍ତର ମୁଘାହାର କୁଣ୍ଡ । ଏହିଥାନେ ଶ୍ରୀନନ୍ଦମହାରାଜେର ପିତା ଶ୍ରୀପର୍ଜନ୍ମ ଗୋପେର ତପତ୍ୟା ଶ୍ଵଲ । ତାହାର ଉତ୍ତରେ କିଞ୍ଚିଂ ପର୍ଚିମ ଦିଶାଯ ମତିକୁଣ୍ଡ, ଏହିଥାନେ ଶ୍ରୀକୃଷ୍ଣ ମୁକ୍ତାକ୍ଷେତ୍ର କରିଯାଇଲେନ । ତାହାର ଉତ୍ତରେ ଫୁଲଯାଗୀ କୁଣ୍ଡ, ତାହାର ପୂର୍ବେ ବିଲାସବଟ, ତାହାର ପୂର୍ବେ ସାହଲୀକୁଣ୍ଡ । ଶ୍ରୀକୃଷ୍ଣ ବଲରାମ ପରମ୍ପରାର ପ୍ରାୟଇ ସଙ୍ଗଛାଡ଼ା ଥାକିତେନ ନା, ତଜ୍ଜଞ୍ଜ ଏକଦିନ ଶ୍ରୀସଶୋଦାମାତା ତାହାଦିଗକେ ବଲିଯାଇଲେନ ସାରସକି ଜୁଡ଼ୀ, ମେହି ଅବସ୍ଥା ଏହିକୁଣ୍ଡର ନାମ ସାରସିକ କୁଣ୍ଡ । ତାହାର ଅଗ୍ନିକୋଣେ ଶ୍ରାମପିପତ୍ତୀ କୁଣ୍ଡ, ତାହାର ଅଗ୍ନିକୋଣେ ବଟକଦମ୍ବକୁଣ୍ଡ, ତାହାର ଅଗ୍ନିକୋଣେ କେଷ୍ଵୟାରୀବଟକୁଣ୍ଡ, ତାହାର ଦକ୍ଷିଣେ କିଞ୍ଚିଂ ପୂର୍ବଦିଶା ସମ୍ବରକ୍ଷମଣ୍ଡଳୀ ଓ ଟେରିକଦମ୍ବ କୁଣ୍ଡ, ଇହା ଶ୍ରୀନନ୍ଦୀଶ୍ଵର ଓ ସାବଟେର ମଧ୍ୟରେ ଅବସ୍ଥିତ । ଏହି କୁଣ୍ଡର ଦକ୍ଷିଣତିରେ ଶ୍ରୀପାଦ ରଙ୍ଗ-ଗୋଷାମୀର ଭଜନକୁଟୀର । କଥିତ ଆଛେ—ଏକଦିନ ଶ୍ରୀକୃଷ୍ଣ ଗୋଷାମୀ ମନେ ମନେ ଚିନ୍ତା କରିତେଛେ—“ଯଦି ଦୁଃଖ ପାଇୟା ଯାଇତ, ତାହାତେ କ୍ଷୀର ତୈୟାର କରିଯା ଶ୍ରୀପାଦ ସନାତନ ପ୍ରଭୁକେ ଭୋଜନ କରାଇତାମ” ଏମନ ସମୟେ ଶ୍ରୀଭାଗୁମନିନୀ ଶ୍ରୀରାଧିକା—ବ୍ରଜବାଲିକାର କୃପେ କିଛି ଦୁଃଖ, ତଙ୍ଗୁଳ ଓ ଚିନ୍ତି ଲାଇୟା ଶ୍ରୀକୃପଗୋଷାମୀର ନିକଟ ଉପସ୍ଥିତ ହଇଲେନ ଏବଂ ଗୋଷାମୀକେ ଶୌଭ କ୍ଷୀର ତୈୟାର କରିଯା ଶ୍ରୀକୃଷ୍ଣକେ ଭୋଗଦିଯା ପ୍ରସାଦ ପାଇବାର କଥା ବଲିଯା ଭଦ୍ର ବାଲିକା ଚଲିଯା ଗେଲେନ । ଏଦିକେ ଶ୍ରୀପାଦ ରଙ୍ଗଗୋଷାମୀ କ୍ଷୀର ତୈୟାର କରିଯା ଶ୍ରୀକୃଷ୍ଣକେ ସମର୍ପଣ କରତଃ ଶ୍ରୀସନାତନ ପ୍ରଭୁକେ ପରିବେଶନ କରିତେଛିଲେନ, ଶ୍ରୀପାଦ ଦୁଇ ଏକ ଗ୍ରାସ ମୁଖେ ଦିଯା ପ୍ରେମେ ଅଧୈର୍ୟ ହଇୟା ଉଠିଲେନ । ଜିଜ୍ଞାସାକ୍ରମେ ଶ୍ରୀରାଧିକାର କାର୍ଯ୍ୟ ସୁଖିତେ ପାରିଯା ଶ୍ରୀକୃପକେ ରଙ୍ଗନ କରିତେ ନିଷେଧ କରିଲେନ; ଏହି କୁଣ୍ଡର ପୂର୍ବଭାଗେ ଶ୍ରୀରାମମଣ୍ଡଳୀବେଦୀ ଏବଂ କୁଣ୍ଡର ଦକ୍ଷିଣେ ଆଶେଶର ଶ୍ରୀମହାଦେବ କୁଣ୍ଡ । ତାହାର ପର୍ଚିମେ ଜଳବିହାର କୁଣ୍ଡ, ତାହାର ପାଯକୋଣେ କୁଣ୍ଡାକି କୁଣ୍ଡ, ତଦକ୍ଷିଣେ କୁକେଶ୍ଵର କୁଣ୍ଡ, ତଦକ୍ଷିଣେ ଶ୍ରୀକୃଷ୍ଣକୁଣ୍ଡ, ଏହିକୁଣ୍ଡ ଶ୍ରୀନନ୍ଦଗ୍ରାମେର ପୂର୍ବଭାଗେ ଅବସ୍ଥିତ ତାହାର ପୂର୍ବେ ମେହେନ କୁଣ୍ଡ, ତାହାର ଦକ୍ଷିଣେ ସେହେନ କୁଣ୍ଡ, ତାହାର ଅଗ୍ନିକୋଣେ ଭାଣ୍ଡୀରବଟ, ତାହାର ପୂର୍ବେ ଲେଓବଟ ସଥାଗଗ ସଙ୍ଗେ ଶ୍ରୀକୃଷ୍ଣର ମାଠା ଅର୍ଥାଂ ତକ୍ରପାନ କରିବାର ସ୍ଥାନ । ତଦକ୍ଷିଣେ ଅକ୍ରୂରକୁଣ୍ଡ, ଶ୍ରୀକୃଷ୍ଣ ବଲରାମକେ ମୟୁରାୟ ଲାଇୟା ଯାଇବାର ଜଣ୍ଯ ଆଗମନ କରିଲେ ଅକ୍ରୂର ଏଥାମେ ଶ୍ରୀକୃଷ୍ଣର ଚରଣଚିହ୍ନ ଦର୍ଶନ କରିଯା ଅଶେଷ ବିଶେଷକ୍ରମେ ସ୍ତ୍ରତି କରିଯାଇଲେନ । ଏଥାମେ ଅଦ୍ଧାପି ଶିଲାଖଣେ ଶ୍ରୀକୃଷ୍ଣର ଚରଣଚିହ୍ନ ବିରାଜମାନ । ଅକ୍ରୂରର ନୈଥତକୋଣେ ବନ୍ଦବନ କୁଣ୍ଡ, ତାହାର ଦକ୍ଷିଣେ ଦୁରନବନ ଓ କୁଣ୍ଡ । ଏହିବନ ନନ୍ଦଗ୍ରାମେର ଅଗ୍ନିକୋଣେ ବିତମାନ, ତାହାର ପର୍ଚିମେ ଝିମ୍‌କି ଓ ରିମ୍‌କି କୁଣ୍ଡର୍ଦୟ । ତାହାର ବାୟୁକୋଣେ ଶ୍ରୀପୋର୍ଣ୍ଣମାସୀଦେବୀର ଗୋଫା ଓ କୁଣ୍ଡ । ତାହାର ଉତ୍ତରେ ପାରନଥଣ୍ଡୀ ଏଥାମେ କୋନ ମହାତ୍ମା ଶ୍ରୀକୃଷ୍ଣ ବିରହେ ଜଳନ୍ତ ଚିତ୍ତାୟ ଆରାହନ କରିଯାଇଲେନ, ଅଦ୍ଧାପି ଓ ମେହି ଚିତ୍ତ ବିରାଜମାନ । ତାହାର ପର୍ଚିମେ ମୋହକୁଣ୍ଡ, କେହ କେହ ଏହିକୁଣ୍ଡକେ ବିଶାଖାକୁଣ୍ଡ

বলিয়া উল্লেখ করেন। তাহার বায়ুকোণে শ্রীলিলতা কৃগু। এই কৃগুর উত্তরাংশে হিন্দুলবেদী বিরাজমান। শ্রীলিলতাকৃগুর পশ্চিমে শ্রীনারদ কৃগু, তাহার পশ্চিমে শ্রীসূর্যকৃগু, তাহার অগ্নিকোণে এবং শ্রীলিলতাকৃগুর দক্ষিণে কিঞ্চিং পূর্ববিদ্যায় শ্রীউদ্ব কেওয়ারী। শ্রীকৃষ্ণের আদেশে অজবাসীগণকে প্রবোধ দিবাৰ নিমিত্ত শ্রীউদ্ব ব্ৰজে আগমন পূর্বিক এখানে দশমাস কাল নিবাস কৱিয়াছিলেন। এইস্থানে শ্রীউদ্ববেৰ উপবেশন স্থান বিৱাজমান। তাহার পশ্চিমে শ্রীনন্দ বৈঠক, শ্রীব্ৰজৱাজ গাভী দোহনেৰ সময় এখানে উপবেশন কৱিতেন। তাহার পশ্চিমে শ্রীযশোদা কৃগু, কৃগুৰ উত্তৰতীৰে হাট মূর্তি বিৱাজমান। শ্রীকৃষ্ণ-বলরামকে সঙ্গে লইয়া শ্রীব্ৰজেশ্বৰী এইখাটে স্থান কৱিবাৰ সময় দুইভাই যাহাতে কোনোৱপ চাপ্খল্য প্ৰকাশ না কৱে, তজ্জ্য জননী হাট আসিবে বলিয়া তয় দেখাইতেন। এটি কৃগু শ্রীনন্দীগুৰেৰ দক্ষিণে অবস্থিত। তাহার উত্তৰে শ্রীমথুমৃদন কৃগু ইহার ঈশান কোণে শ্রীনসিংহদেবজীৰ মন্দিৰ। কৃগুৰ উত্তৰে শ্রীযশোদা মাতাৰ দধিমন্থনেৰ প্ৰকাণ মাঠ অৰ্থাৎ মৃত্তিকাভাণ বিশেষ অবস্থিত। তাহার নৈঞ্চতকোণে দধিকৃগু, তাহার নৈঞ্চতকোণে কাৰেলা, তাহার অগ্নিকোণে এবং দধিকিৰ দক্ষিণে রাবৰিকৃগু, তাহার দক্ষিণে কিঞ্চিং পূর্ববিদ্যা কেম, তাহার নৈঞ্চতে রেম, তাহার বায়ুকোণে মাদীৰ কৃগু, তাহার পশ্চিমে পুকুৱিয়া, তাহার বায়ুকোণে বেলকৃগু, তাহার নৈঞ্চতে কেবাৰীকৃগু, তাহার বায়ুকোণে পানিহাৰিকৃগু। মাতা যশোদা শ্রীকৃষ্ণেৰ পানীয়জল এইকৃগু হইতে ব্যবহাৰ কৱিতেন। তাহার বায়ুকোণে চড়খোৰ তাহার বায়ুকোণে শ্রীবৃন্দাদেবীৰস্থান ও কৃগু। এইকৃগুৰ বায়ুকোণে শ্রীবৃন্দাদেবীৰ দৰ্শননীয় মূর্তি বিৱাজমান, এইস্থান শ্রীনন্দীগুৰেৰ পশ্চিমে অবস্থিত। ইহার উত্তৰে রঞ্জখোৰ তাহার উত্তৰে রঞ্জনীকৃগু, তাহার উত্তৰে পাতৰাকীকৃগু, ইহার ঈশানে পিপুৱাৰকৃগু, এইকৃগু পাবনসৱোবৱেৰ বায়ুকোণে অবস্থিত। সাকল্যে এই ছাপাইকুগু দৰ্শন কৱিতে চাৰি দিবসেৰ আবশ্যক। পাবন সৱোবৱেৰ বায়ুকোণে ছাপাই কৃগু ছাড়াও রামপুকুৱিয়া নামে আৱ একটি কৃগু বিৱাজমান। শ্রীকৃষ্ণেৰ জন্মনীলা পৰ্বেৰপলক্ষ্যে ভাদ্ৰমাসেৰ কৃষ্ণ নবমী পৰ্যন্ত ফাল্গুন মাসেৰ হোৱালীলাপলক্ষ্যে শুক্লাদশমী তিথিতে শ্রীনন্দগ্ৰামে বিশেষ কোতুক ও মেলা বসিয়া থাকে। বৰ্তমানে এই ছাপাই কৃগুৰ মধ্যে বহুকৃগু লুপ্ত ও দৰ্শনেৰ অগোচৰ।

শ্রীনন্দমহারাজেৰ জন্ম পৱিচয়

শ্রীবৃন্দবেৰ পিতা শূব। একজন শ্রীৰ নাম মাৰিয়া এবং অপৱজনেৰ নাম বৈশ্য। এই বৈশ্যেৰ সন্তান শ্রীনন্দমহারাজ। তাহার শৱীৱানি-চন্দনকাষ্ঠি ও দীৰ্ঘ্যকাৰ, উদৱৰ্তি স্তুল। বসন—বন্ধুজীব (বাঁধুলী) পুস্পেৰ ন্যায় বৰ্তবৰ্ণ। শ্রীনন্দমহারাজেৰ শ্রীৰ নাম শ্রীযশোদা মহারাণী। বৰ্ণ—শ্যাম, বন্ধু—ইন্দ্ৰধনুবৎ, দেহ—নাতিস্তুল, কিঞ্চিং দীৰ্ঘ্য।

বিজবাৱী :—খায়ৱা এবং নন্দগ্ৰামেৰ প্ৰায় মধ্যভাগে বিজবাৱী গ্ৰাম অবস্থিত। এইগ্ৰাম খায়ৱা হইতে দুই কি: মি: এবং নন্দগ্ৰাম হইতে দুই কি: মি:। শ্রীঅক্রুৰ মহাশয় যখন শ্রীকৃষ্ণ-বলরামকে মথুৱায় লইয়া যায় তখন সমস্ত গোপ-গোপী এবং শ্রীনন্দ যশোদা সকলেৰ দুয়ৰ যেন মেঘাচ্ছন্ন অবস্থায়

মলিন এবং যথনই শ্রীকৃষ্ণের কথা মনে পড়ে তখনই যেন বিজলীচমকের আয় হৃদয় চঞ্চল হইয়া উঠে। তাহাদের বিরহামুসারে এইস্থানের নাম বিজবারী।

জমালপুর :—বিজবারী হইতে এক কিঃ মিঃ পশ্চিমে জমালপুর গ্রাম অবস্থিত।

নগরিয়া :—ধনসিংহ হইতে দুই কিঃ মিঃ দক্ষিণে নগরিয়া গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাধাকৃষ্ণ মন্দির এবং কুণ্ড বিরাজিত।

জমালপুর :—নগরিয়া হইতে এক কিঃ মিঃ পশ্চিমে জমালপুর গ্রাম অবস্থিত।

পিলোলী / চিললী :—জমালপুর হইতে অদ্বি কিঃ মিঃ পশ্চিমে পিলোলী অবস্থিত। খদিরবন এবং ধাবটের মধ্যভাগে বকথরা নামান্তর চিললী গ্রাম অবস্থিত। শ্রীকৃষ্ণ এইস্থানে বকাস্তুরকে বধ করিয়া ছিলেন। বকাস্তুরের চঞ্চুযুগ ধারণ করিয়া শ্রীকৃষ্ণ উহাকে চিরিয়া অর্থাৎ দু'ফার করিয়া ফেলিলেন সেই জন্য এইস্থানের নাম চিললী গ্রাম।

বকাস্তুরের মুক্তি

হয়গ্রীবের পুত্র উৎকল। মহাবল উৎকল দেবগণকে যুদ্ধে পরাজিত করিয়া, দেবরাজ ইন্দ্রের রাজচ্ছত্র অপহরণ করিয়া, মহাপ্রভাবে শতবর্ষ রাজত্ব করেন। উৎকল একদা সিন্ধুসাগর সঙ্গমে সিন্ধুমুনি জাজলির পর্ণশালাসমীক্ষে বিচরণ করিতে করিতে জলে বড়িশ নিক্ষেপ করিয়া রংসগণকে মৃহর্ষ্যুভু আকর্ষণ করিতে লাগিলেন, মুনি তাহাকে মৎস হত্যা করিতে নিষেধ করিলেন। দুর্ঘতি উৎকলমুণির বাক্য পালন করিলেন না। তাহাতে মুনি ক্রুদ্ধ হইয়া অভিশাপ দিলেন যে—‘রে দুর্ঘতে! তুমি বকের আয় রংসগণকে আকর্ষণ করিতেছ, অতএব বক হও।’ অভিশাপ শুনিয়া উৎকল মুনির চরণে মুক্তির জন্য প্রার্থনা জানাইলে, মুনি বলিলেন যে—আমার বাক্য কদাপি লজ্জন হইবে না। তুমি বকরূপে ভূতলে অবস্থান করিবে এবং শ্রীকৃষ্ণের কৃপায় মুক্তিপদ লাভ হইবে।

উৎকল মথুরায় অসুরযোনীতে জন্ম গ্রহণ করিয়া কংসের অনুচর হইয়াছিলেন। শ্রীকৃষ্ণকে হত্যা করিবার জন্য কংস তাহাকে শ্রীবৃন্দাবনে প্রেরণ করিলেন। তিনি শ্রীবৃন্দাবনে আগমন করিয়া বিভিন্ন বন ও শ্রীষ্মন্নার তটে তটে বিচরণ করিতে লাগিলেন।

একদা শ্রীকৃষ্ণ সখা ও গো-বৎসগণকে সঙ্গে করিয়া বনে ভ্রমণ করিতে লাগিলেন। তাহারা বৎসগণকে জল পান করাইবার জন্য জলাশয় সমীক্ষে গমন করিয়া বৎস সকলকে জলপান করাইয়া নিজে-রাও জলপান করিতেছিলেন, সেইসময় অসুরটি বকরূপ ধারণ করিয়া জলাশয়ের সমীক্ষে অবস্থান করিলেন। বালকগণ বকরূপী মহাস্তুরকে অবলোকন করিয়া ভৌত হইয়াছিলেন এবং শ্রীকৃষ্ণকে রক্ষণ জন্য প্রার্থনা জানাইলেন। বকাস্তুর দ্রুতবেগে আসিয়া শ্রীকৃষ্ণকে গ্রাস করিলে শ্রীকৃষ্ণ অগ্নির আয় বকের তালুম্বল দঞ্চ করিতে লাগিলেন, তাহাতে বকাস্তুর বমন করিয়া শ্রীকৃষ্ণকে বাহির করিয়া দিলেন। পুনরায় বকাস্তুর শ্রীকৃষ্ণকে বধ করিতে উদ্ধত হইলে শ্রীকৃষ্ণ বাহুবারা তাহার চঞ্চুদুয় ধারণ করিয়া অনঙ্গিতৃণ বেণুর

ত্যায় বিদারণ করিয়া ফেলিলেন। এইভাবে শ্রীকৃষ্ণের কৃপায় বকাহুর মুক্তিপদ লাভ করিলেন।

জ্বাব / যাবট

নন্দগ্রাম হইতে তিন কিঃ মিঃ ঈশান কোণে এবং কোশী হইতে ৭ কিঃ মিঃ দূরে জ্বাব গ্রাম অবস্থিত। এই গ্রামের প্রাচীন নাম যাবট।

শ্রীব্রজধাম নামক গ্রন্থে দৃষ্ট হয়—নন্দীগ্রামের দুইমাইল ঈশানকোণে অবস্থিত। গ্রামের পশ্চিমে শ্রীরাধাকাষ্ঠের মন্দির। গ্রামের পূর্বে শ্রীকিশোরীজীউর মন্দির ও (১) শ্রীকিশোরীকুণ্ড। এই কুণ্ড গ্রামের ঈশানকোণে অবস্থিত। তাহার দক্ষিণে এবং গ্রামের অগ্নিকোণে (২) সিদ্ধকুণ্ড। তাহার নৈখতে এবং গ্রামের দক্ষিণে (৩) কুণ্ডকুণ্ড, (নামাঞ্চর নীপকুণ্ড,) তাহার উত্তরে (৪) কুফকুণ্ড (নামাঞ্চর বন্দুকুণ্ড,) তাহার পশ্চিমে (৫) মুক্তাকুণ্ড (নামাঞ্চর গহেনা) তাহার নৈখতে (৬) বৎসখোর। এখানে শুভলবেশে শ্রীরাধিকা শ্রীকৃষ্ণের সহিত মিলিত হইয়াছিলেন। তাহার উত্তরে (৭) ডহরবন। তাহার উত্তরে (৮) যুগল কুণ্ড। তাহার উত্তরে (৯) বিহুলকুণ্ড, তাহার পশ্চিমে (১০) বেরিয়া (অর্থাৎ কুলবৃক্ষের স্তুল) এখানে থাকিয়া শ্রীকৃষ্ণ কোকিলের ত্যায় শব্দ করিয়াছিলেন। তাহার উত্তরে (১১) কানিহারীকুণ্ড। কানিহারীকুণ্ডের অগ্নিকোণে এবং বিহুল কুণ্ডের ঈশানকোণে (১২) লাড়োলিকুণ্ড। তাহার ঈশানে (১৩) নারদকুণ্ড, তাহার পূর্বে (১৪) ধৰ্মকুণ্ড। তাহার দক্ষিণে (১৫) শ্রীপারলগঙ্গা (নামাঞ্চর পিয়াল-কুণ্ড)। এইকুণ্ড যাবটের বায়ুকোণে অবস্থিত। এই কুণ্ডের পশ্চিমতীরে একটি প্রাচীন ফুলের বৃক্ষ আছে। কথিত আছে—শ্রীরাধিকা নিজ হস্তে এইবৃক্ষ রোপণ করিয়াছিলেন এবং এই বৃক্ষের ফুল বহু ঘনে শ্রীকৃষ্ণের মালার জন্য ব্যবহৃত হইত। এই বৃক্ষের নাম পারিজাত বৃক্ষ। বৈশাখ মাসে অতি সুগন্ধি ফুল ফুটিয়া থাকে। বর্ণিত পনের কুণ্ড শ্রীযাবটের চতুর্দিকে বিরাজমান। শ্রীআয়ান ঘোষ এবং জটিলা, কুটিলা স্থান দর্শনীয়।

অষ্টদল কমলাকৃতি ঘোগপীঠের কেশরস্ত প্রিয়নর্ম্ম মণ্ডৱীগণ

(১) **শ্রীরূপমঙ্গলীঃ**—পিতা—বিভান্ত, মাতা—সুলবতী, পতি—গোবর্দ্ধন, বর্ণ—গোরচনা, বন্দু—শিখিপিছ্ছ, সেবা—তাম্বুল, ভাব—বামামধ্যা, গ্রাম—যাবট, স্থিতি—উত্তরে, কুণ্ড—কুপোলাসকুণ্ড, অলঙ্কার—দিব্যভূষণ, বয়স—১৩৬০, নবদ্বীপ লীলায় নাম শ্রীরূপগোস্বামী।

(২) **শ্রীমঙ্গলালী মঙ্গরীঃ**—পিতা—কেতব, মাতা—সুচরিতা, পতি—গোভুট, বর্ণ—তন্ত্র-কাঙ্কন, বন্দু—কিংশুক, সেবা—বন্দুসেবা, ভাব—বামামধ্যা, গ্রাম—যাবট, স্থিতি—ঈশান, কুণ্ড—লীলা-নন্দদ কুণ্ড, অলঙ্কার—নানামণি, বয়স—১৩৬১, নবদ্বীপ লীলায় নাম শ্রীলোকনাথ গোস্বামী।

(৩) **শ্রীরসমঙ্গরীঃ**—পিতা—মহাকীর্তি, মাতা—সোনা, পতি—লবঙ্গ, বর্ণ—চম্পক, বন্দু—হংসপক্ষ, সেবা—চিরি, ভাব—দক্ষিণামৃতি, স্থিতি—পূর্বৰ কুণ্ড—রসানন্দদকুণ্ড, অলঙ্কার—সৰ্পমণি, বয়স—১৩০১০, গ্রাম—যাবট, নবদ্বীপ লীলায় নাম শ্রীরঘূনাথভট্ট গোস্বামী।

(৪) **শ্রীরতীমঞ্জরী :**—পিতা—অঙ্গভদ্র, মাতা—সুমেধা, পতি—বানমাঙ্ক, বর্ণ—বিহুৎ, বন্ধু—তারাবলী, সেবা—চরণ, স্থিতি—অগ্নি, কুঞ্জ—রত্যাম্বজকুঞ্জ, গ্রাম—যাবট, বয়স—১৩।২।০ নবদ্বীপ লীলায় নাম শ্রীরঘূনাথদাস গোস্বামী।

(৫) **শ্রীগুণমঞ্জরী :**—পিতা—ভদ্রকীর্তি, মাতা—মেনকা, পতি—মঙ্গলীভদ্র, বর্ণ—বিহুৎ, বন্ধু—জবাকুমুম, সেবা—জল, ভাব—দক্ষিণাপ্রথম, স্থিতি—দক্ষিণ, কুঞ্জ—গুণানন্দদকুঞ্জ, বয়স—১৩।।।১।২ গ্রাম—যাবট, নবদ্বীপ লীলায় নাম শ্রীগোপালভট্ট গোস্বামী।

(৬) **শ্রীবিলাসমঞ্জরী :**—পিতা—চন্দ্রকীর্তি, মাতা—ষষ্ঠু, পতি—বিলাস, বর্ণ—স্বর্ণকেতকী, বন্ধু—চন্দ্ররীক, সেবা—অঞ্চল, ভাব—বামাঘৃতি, গ্রাম—যাবট, স্থিতি—নৈঝৰত, কুঞ্জ—বিলাসনন্দদকুঞ্জ, বয়স—১৩।০।২, নবদ্বীপ লীলায় নাম শ্রীজীবগোস্বামী।

(৭) **শ্রীলবঙ্গমঞ্জরী :**—পিতা—চন্দ্রভানু, মাতা—ষমুনা, পতি—সুমেধা, বর্ণ—উডিয়মান বিহুৎ, বন্ধু—তারাবলী, সেবা—লবঙ্গমালা, গ্রাম—যাবট, স্থিতি—পশ্চিম, কুঞ্জ—লবঙ্গসুখদকুঞ্জ, বয়স—১৩।৬।।, নবদ্বীপ লীলায় নাম শ্রীসনাতনগোস্বামী।

(৮) **শ্রীকস্তুরীমঞ্জরী :**—পিতা—সুভানু, মাতা—ঘোষণা, পতি—বিটক, বর্ণ—স্বর্ণবর্ণ, বন্ধু—কাচতুল্য, সেবা—চন্দন, ভাব—বামাঘৃতি, স্থিতি—বায়ু, কুঞ্জ—লবঙ্গসুখদকুঞ্জ, গ্রাম—যাবট, বয়স—১৩।০।০, নবদ্বীপ লীলায় নাম শ্রীকৃষ্ণদাস কবিরাজ গোস্বামী।

ধনসিংহ :—তুমোরা হইতে দেড় কিঃ মিঃ অগ্নিকোণে এবং ভদ্রাবল হইতে এক কিঃ মিঃ বায়ুকোণে ধনসিংহ গ্রাম অবস্থিত। এই গ্রামের অপর নাম ধনসিঙ্গ। এই গ্রামে শ্রীধনিষ্ঠা সখীর জন্মস্থান। এইস্থানে ধনিষ্ঠাকুণ্ড এবং শ্রীরাধাকৃষ্ণ মন্দির ও শ্রীমহাদেব মন্দির বিরাজিত। শ্রীধনিষ্ঠাসখীর নামাঘূর্সারে এই গ্রামের নাম ধনসিঙ্গ।

তুমোরা :—ভদ্রাবল হইতে ছুই কিঃ মিঃ উত্তরে তুমোরা গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাধাকৃষ্ণ এবং শ্রীমহাদেব মন্দির বিরাজিত।

গোহারা :—তুমোরা হইতে দেড় কিঃমিঃ পূর্বভাগে গোহারা গ্রাম অবস্থিত।

বরহানা :—কোশীকলা হইতে ছুই কিঃ মিঃ দক্ষিণে অবস্থিত।

মুখারী :—বরহানা হইতে এক কিঃ মিঃ পশ্চিমে অবস্থিত মুখারী।

ধর্মনগর :—সুরবারী হইতে এক কিঃ মিঃ দূরে ধর্মনগর গ্রাম অবস্থিত।

ভদ্রবন :—ধর্মনগর হইতে আড়াই কিঃ মিঃ দক্ষিণাংশে ভদ্রবন অবস্থিত। এইস্থানে সখীগণ শ্রীকৃষ্ণকে ভদ্র অর্থাৎ সুন্দর সুন্দর অলঙ্কারাদি দ্বারা সাজাইয়া শ্রীমতীরাধাৱাণীৰ সহিত মিলন ঘটাইয়াছেন। সেইজন্ত এইস্থানের নাম ভদ্রবন। এইস্থানে কোন জনবসতি না থাকিলেও সুন্দর সুন্দর বাগিচা দ্বারা স্থানখানি অত্যন্ত সুসজ্জিত। বাগানের মধ্যভাগে শ্রীরাধাকৃষ্ণের অপরূপ মন্দির দর্শনীয়।

କୋଣୀକଳା

ଗୋହେତା ହିତେ ସାଡ଼େ ପାଁଚ କିଃ ମିଃ ପଞ୍ଚମେ ଏବଂ ନନ୍ଦଗ୍ରାମ ହିତେ ଦଶ କିଃ ମିଃ ଦୂରେ କୋଣୀକଳା ଅବସ୍ଥିତ । ଏହି ଗ୍ରାମେ ପୂର୍ବନାମ କୁଶସ୍ତଳୀ । ଏହିଷ୍ଠାନ ଶ୍ରୀବ୍ରଜମନ୍ତଲେର ମଧ୍ୟେ ଦ୍ଵାରକାପୁରୀ ନାମେ ବିଖ୍ୟାତ କାରଣ ଏକଦି ଶ୍ରୀନନ୍ଦମହାରାଜ ଦ୍ଵାରକାପୁରୀ ଦର୍ଶନେର ଜନ୍ମ ଗମନ କରିତେ ଚେଷ୍ଟା କରିଲେ ଶ୍ରୀକୃଷ୍ଣ କୌଶଲକ୍ରମେ ଏହି ଷ୍ଠାନେ ଦ୍ଵାରକାପୁରୀର ସମସ୍ତ ଲୀଳା ଦର୍ଶନ କରାଇଯାଇଲେନ । ଏହିଷ୍ଠାନ ଶ୍ରୀନନ୍ଦମହାରାଜେର କୁଶସ୍ତଳୀ ବଲିଆଁ ଓ ପରିଚିତ । ଏହି ଗ୍ରାମେ ପଞ୍ଚମେ ଶ୍ରୀଗୋମତୀ କୁଣ୍ଡ ଇହା ଛାଡ଼ା ବିଶାଖାକୁଣ୍ଡ, ମାୟାକୁଣ୍ଡ, ଶ୍ରୀରାଧାମାଧବ ମନ୍ଦିର, ଶ୍ରୀରାଧାକାନ୍ତ ମନ୍ଦିର, ଶ୍ରୀଲଙ୍ଘ୍ନିନାରାୟଣ ମନ୍ଦିର, ଶ୍ରୀରାଧାବଲ୍ଲଭ ମନ୍ଦିର, ଶ୍ରୀଦ୍ଵାତ୍ରୀ ମନ୍ଦିର ଇତ୍ୟାଦି ଦର୍ଶନୀୟ ।

କୋଟିବନ : - ହୋଡେଲ ହିତେ ନୟ କିଃ ମିଃ ଏବଂ ଉମରାଳା ହିତେ ଦୁଇ କିଃ ମିଃ ଦକ୍ଷିଣେ କୋଟିବନ ଅବସ୍ଥିତ । ସଖାସଙ୍ଗେ ଶ୍ରୀକୃଷ୍ଣର ବିଲାସ ସ୍ଥଳ ଏବଂ ହୋଲୀଖେଲାର ଷ୍ଠାନ । ଗ୍ରାମେ ଶୀତଳାକୁଣ୍ଡ, ସୂର୍ଯ୍ୟକୁଣ୍ଡ, ଶ୍ରୀ-ରାମସୀତୀ ମନ୍ଦିର, ଶ୍ରୀମହାଦେବ ଏବଂ ଶ୍ରୀହର୍ମାନ ମନ୍ଦିର ବିରାଜିତ । ଏହିଷ୍ଠାନେ ଶ୍ରୀମନ୍ମହାପ୍ରଭୁ ଆଗମନ କରିଯା ଉପବେଶନ କରିଯାଇଲେନ ମେହିଜଣ୍ଠ ଶ୍ରୀମନ୍ମହାପ୍ରଭୁର ବୈଠକ ଦର୍ଶନୀୟ ।

—: ତଥାହି ଶ୍ରୀଭକ୍ତିରତ୍ନାକର ହିତେ :—

ନବୀପୁର :—କୋଟିବନ ହିତେ ଦୁଇ କିଃ ମିଃ ଦକ୍ଷିଣେ ନବୀପୁର ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଏହିଷ୍ଠାନେ ଶ୍ରୀକୃଷ୍ଣ ଏକ ନୂତନ ଲୀଳାର ଅଭିନୟ କରିଲେ ଷ୍ଠାନଖାନି ନବୀପୁର ନାମେ ବିଖ୍ୟାତ ଲାଭ କରେନ ।

ଦଇଗ୍ରାମ :—‘ଦଇନ ଖୁଦ’ ହିତେ ଚାର କିଃ ମିଃ ଉତ୍ତରେ ଏବଂ ଲାଲପୁର ହିତେ ଦୁଇ କିଃ ମିଃ ପୂର୍ବଭାଗେ ଦଇଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଏକଦି ଶ୍ରୀକୃଷ୍ଣ କୌତୁକ କରିବାର ନିମିତ୍ତ ଗୋପୀକାଗଣେର ନିକଟ ହିତେ ଏହିଷ୍ଠାନେ ଦଧି ଲୁଟ୍ଟନ କରିଯାଇଲେନ । ମେହିଜଣ୍ଠ ଏହିଷ୍ଠାନେର ନାମ ଦଇଗ୍ରାମ ବଲିଆ ପରିଚିତ । ଗ୍ରାମେ ଦଧିକୁଣ୍ଡ, ମଧୁସ୍ନନକୁଣ୍ଡ, ଶ୍ରଦ୍ଧାର ମନ୍ଦିର, ଶୀତଳକୁଣ୍ଡ, ସନ୍ତୁରୁକ୍ଷ ମଣ୍ଗଳୀ, ବ୍ରଜଭୂଷଣଜୀକା ମନ୍ଦିର, ଏବଂ ଶୀତଳକୁଣ୍ଡ, ତୀରେ କଦମ୍ବତଳେ ଶ୍ରୀବଲ୍ଲଭାଚାର୍ଯ୍ୟେର ଉପବେଶନ ଷ୍ଠାନ ଦର୍ଶନୀୟ ।

—: ତଥାହି ଶ୍ରୀଭକ୍ତିରତ୍ନାକରେ ଦୃଷ୍ଟ ହୟ :—

ଏହି ‘ଦଧି-ଗ୍ରାମେ’ କୁଣ୍ଡ ଦଧି ଲୁଟ୍ଟ କୈଳ । ଗୋପାଙ୍ଗନା ସହ ମହା କୌତୁକ ବାଢ଼ିଲି ॥

ଉମରାଳା :—ଦଇଗ୍ରାମ ହିତେ ଦୁଇ କିଃ ମିଃ ଉତ୍ତର-ପୂର୍ବାଂଶେ ଉମରାଳା ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଗ୍ରାମେ ଶ୍ରୀମହାଦେବଜୀଉର ମନ୍ଦିର ବିରାଜିତ ।

ଲାଲପୁର :—ବିଛୋର ହିତେ ସାଡ଼େତିନ କିଃ ମିଃ ପୂର୍ବ-ଦକ୍ଷିଣାଂଶେ ଲାଲପୁର ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଗ୍ରାମେ ଉତ୍ତରେ ଶ୍ରୀହର୍ବାସାମୁନିର ଆଶ୍ରମ । ଏହିଷ୍ଠାନେ ଶ୍ରୀହର୍ବାସାମୁନିର ବିଗ୍ରହ ଓ ଦୁର୍ବାସା କୁଣ୍ଡ ଦର୍ଶନୀୟ ।

ଗଟ୍ଟୀବୁଥାରୀ :—ଲେଟରୀ ହିତେ ଏକ କିଃ ମିଃ ଉତ୍ତରେ ଗଟ୍ଟୀବୁଥାରୀ ଅବସ୍ଥିତ ।

ମଡୋରା :—ଗଟ୍ଟୀବୁଥାରୀ ହିତେ ଏକ କିଃ ମିଃ ଉତ୍ତରେ ମଡୋରା ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ ।

কমার :—লালপুর হইতে দেড় কিঃ মিৎ দক্ষিণে কমার গ্রাম অবস্থিত। এইস্থানের প্রাচীন নাম কামের। গ্রামের উত্তরপার্শ্বে শ্রীকামরাকুণ্ড, মোহনজীউর মন্দির, বৈষ্টক, শ্রীভুবাসা খাফির আশ্রম বিরাজিত। গ্রামের পার্শ্বে রজবহা স্থান অবস্থিত।

শ্রীচরণপাহাড়ী

ছোট বৈঠান হইতে দেড় কিঃ মিৎ উত্তরে শ্রীচরণ পাহাড়ী অবস্থিত। এখানে শ্রীলক্ষ্মীনারায়ণ মন্দির, পাথরের উপরে গোপগণের বহু পদচিহ্ন, গাভী, সুরভীগাভী, ঘোড়া, ঝিরাবত হস্তী, মুকুট, লাঠি ইত্যাদির পদচিহ্ন, এবং চরণগঙ্গা দর্শনীয়। একদা শ্রীকৃষ্ণ কোন অপূর্ব লীলার অনুষ্ঠান করিবার নিমিত্ত অগ্রজ শ্রীবলরামের সঙ্গে পরামর্শ করেন। তদমুসারে সমস্ত বয়োজ্ঞাত গোপগণ যানবাহন, অগ্র হস্তীকে শিলাখণ্ডের উপরে উপস্থাপিত করেন। এই সময় একটি হরিণও ভিন্ন স্থান হইতে দেঁড়াইয়া পাহাড়ের উপর দিয়া যাইতেছিল। ঠিক ঐ সময়েই শ্রীকৃষ্ণ সুলিঙ্গ বংশীধরনি করেন, সঙ্গে সঙ্গে পাষাণ দ্রব হওয়ায় গোপ ও গাভীগণের চরণচিহ্ন শিলাখণ্ডের উপর বসিয়া যায়। পাষাণ যে কিরণ কর্দম সদৃশ নরম হইয়াছে তাহার গুরুত্ব প্রমাণের জন্য যেন ঐ গতিশীল হরিণের পদখুর পাষাণের ভিতর প্রবেশ করিয়াছিল। সেই অবধি এইস্থানের নাম চরণপাহাড়ী।

অজধামে শ্রীকৃষ্ণ বলরাম এবং সখাদির চরণচিহ্ন চার স্থানে বর্তমানে পরিলক্ষিত হয়। ষেমন—

- (১) কাম্যবনে, পাহাড়ের উপরে।
- (২) নন্দগ্রামে ” ”
- (৩) ছোট বৈঠানে ” ”
- (৪) ভোজনথালির নিকটে ব্যোমাস্ত্রের গুফায় যাইবার কালে।

বর্তেন খুদ’/ছোট বৈঠান :—বর্তেন কলা হইতে অর্দ্ধ কিঃ মিৎ উত্তরে এবং চরণপাহাড়ী হইতে দেড় কিঃ মিৎ দক্ষিণে বর্তেন খুদ’ অবস্থিত। গ্রামের পূর্ব নাম ছোট বৈঠান। গ্রামে শ্রীরাধাকৃষ্ণ মন্দির এবং কুস্তলকুণ্ড বিরাজিত। শ্রীকৃষ্ণ নন্দভবন হইতে গোচারণে আগমন করিয়া খেলা ধূলার পরে এইস্থানে কেশ বিন্দুস এবং সখীগণ পুষ্পচয়ন করিয়া শ্রীমতীর বেণীতে পুষ্প রোপন করিয়াছিলেন। সেইজন্য এই কুণ্ডের নাম কুস্তলকুণ্ড।

বর্তেন কলা / বড় বৈঠান

কোকিলাবন হইতে চার কিঃ মিৎ উত্তর-পূর্বাশে এবং কোশীকলা হইতে পাঁচ কিঃ মিৎ পশ্চিমে বর্তেন কলা অবস্থিত। এই গ্রামের প্রাচীন নাম বড় বৈঠান। ইহা শ্রীকৃষ্ণের উপবেশন স্থান। গ্রামে শ্রীদাউজীমন্দির, শ্রীরাধাকৃষ্ণমন্দির, বলভদ্রকুণ্ড ইত্যাদি দর্শনীয়। বলভদ্র কুণ্ডতে দোলপুণিমার পরের দিন বিরাট মেলা বসিয়া থাকে। এখানে গ্রামবাসীগণ ত্রুট্টা খেলা খেলিয়া থাকেন। ‘ত্রুট্টা’ কথাটার অর্থ হইল গ্রামের যুবতীগণ লাঠি হাতে নিয়ে যুবকদের তাড়া করিবেন যুবকগণ গাছের ডালদ্বারা তাহা রক্ষা করিবেন ইত্যাদি। শ্রীপাদ সনাতন গোস্বামী এইস্থানে কিছুদিন ভজনানন্দে অতিবাহিত করিয়াছিলেন।

— : ତଥାହି ଶ୍ରୀଭକ୍ତିରଙ୍ଗାକର ହଇତେ :—

ଶ୍ରୀପଣ୍ଡିତ ଶ୍ରୀନିବାସ-ନରୋତ୍ତମେ କୟ ।	ଆଗେ ଏହି ଦେଖିବା ‘ବୈଠାନ’—ଗ୍ରାମ ହୟ ॥
ସବେ ସେ କରଯେ ପରାମର୍ଶ ଗୋପଗଣ ।	ଏହି ଥାମେ ଆସିଯା ବୈସୟେ ସର୍ବଜନ ॥
ଗୋପଗଣ ବୈସୟ—ଏହି ହେତୁ ଏ ବୈଠାନ ।	ଏବେ ଲୋକେ କହେ ‘ଛୋଟ’ ‘ବଡ଼’ ଦୁଇ ନାମ ।
ବ୍ରଜବାସିଙ୍ଗେହେ ବନ୍ଦ ହୈଯା ହର୍ଷମନେ ।	ମନାତନ ଗୋଦାମୀ ଛିଲେନ ଏହି ଥାମେ ॥

ଭୁଲବାନୀ :— ବଟେନ ଥୁଦ୍ ହଇତେ ଦେଡ଼ କିଃ ମିଃ ପଞ୍ଚମେ ଭୁଲବାନା ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଏହି ଗ୍ରାମେର ପ୍ରାଚୀନ ନାମ ହାରୋଯାନ ଗ୍ରାମ । ଏହିଥାନେ ଶ୍ରୀକୃଷ୍ଣ ଶ୍ରୀଧିକାର ସହିତ ପାଶାଖେଲାୟ ହାରିଯାଛିଲେନ ମେହିଜନ୍ୟ ଏହିଗ୍ରାମେର ନାମ ହାରୋଯାନ ।

— : ତଥାହି ଶ୍ରୀଭକ୍ତିରଙ୍ଗାକରେ :—

ଦେଖ କୁଷକୁଣ୍ଡ ଏହି ହାରୋଯାଲ’ ଗ୍ରାମ ।	ଏଥା ବିଲସୟେ ରଙ୍ଗେ ରାଇ ସନଶ୍ୟାମ ॥
ପାଶା ଖେଳାଇତେ ରାଇ କୁଷେ ହାରାଇଲା ।	ଖେଲାୟ ହାରିଯା କୁଷ ମହାଲଜ୍ଜା ପାଇଲା ॥
ଲଲିତା କହେ—‘ରାଇ ପାଶକ-କ୍ରୌଢ଼ାତେ ।	ଅନାୟାସେ ତୁମି ହାରାଇଲା ପ୍ରାଣାଥେ ॥
ହଇଲ ତୋମାର ଜିତ ଅନେକ ପ୍ରକାରେ ।	ଦେଖିବ—କନ୍ଦର୍ପ୍ୟୁଦେ କେବା ଜିତେ ହାରେ ॥
ଏତ କଟି’ ନିକୁଞ୍ଜ ମନ୍ଦିରେ ଦୋହେ ଥୁଇଯା ।	ସଖୀଗନ ଦେଖେ ରଙ୍ଗ ଅଲକ୍ଷିତ ହୈଯା ॥
ହଇଲ ପରମାନନ୍ଦ—କହିତେ କି ଆର ।	ଏହି ହାରୋଯାଲେ ହୟ ଅନ୍ତୁତ ବିହାର ॥

ପଥରପୁର :— କାଦୋନା ହଇତେ ଛୁଟ କିଃ ମିଃ ପଞ୍ଚମେ ପଥରପୁର ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଏହିଥାନେ ଶ୍ରୀକୃଷ୍ଣ ଲୀଳା କରିତେ ଆସିଯା ଗୋପବାଲକଗଣ ଜଳ ତୃଷ୍ଣାୟ କାତର ହଇତେ ସ୍ଵିଚ୍ଛାୟ ବଂଶୀଧନୀ କରତଃ ଏକ ପୁଷ୍କରଣୀ ସୃଷ୍ଟି କରିଯାଛିଲେନ । ସେଇ ପୁଷ୍କରଣୀ ହଇତେ ବାଲକଗଣ ଜଳପାନ କରିଯା ଜଳତୃଷ୍ଣା ନିବାରଣ କରିଯାଛେନ । ମେହିଜନ୍ୟ ଏହିଥାନେର ନାମ ପଥରପୁର ବଲିଯା ପରିଚିତ । ଅନ୍ତାବଧି ସେଇ ପୁଷ୍କରଣୀ ଦର୍ଶନ ଲାଭ ହଇଯା ଥାକେନ ।

ଲେଟରୀ :— ପଥରପୁର ହଇତେ ଅର୍କ କିଃ ମିଃ ଉତ୍ତରେ ଲେଟରୀ ସ୍ଥାନ ଅବସ୍ଥିତ । ଏହିଥାନେ ସଖାଗଣ ବସିଯା ବିଶ୍ରାମ କରିଯାଛିଲେନ ମେହିଜନ୍ୟ ଏହିଥାନେର ନାମ ଲେଟରୀ ।

ସିରଥରୀ :— କାମେର ହଇତେ ଛୁଟ କିଃ ମିଃ ଦକ୍ଷିଣେ ସିରଥରୀ ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ ।

ଖିଟାବିଟୀ :— ସାଁଚୋଲୀ ହଇତେ ଆଡ଼ାଇ କିଃ ମିଃ ପୂର୍ବାଂଶେ ଖିଟାବିଟୀ ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଏକଦିନ ଶ୍ରୀକୃଷ୍ଣ ସଖାଗଣେର ମଙ୍ଗେ ଏହିଥାନେ ବିଭିନ୍ନ ଭାବେ ଖେଲାୟ ମତ୍ତ ହଇଲେନ । ଖେଲିତେ ଖେଲିତେ ସଥାଗଣେର ମଧ୍ୟ ହାର-ଜିତ ନିଯେ କିନ୍ତୁ ଖଟମଟ ସୃଷ୍ଟି ହଇତେ ପାରେ ମେହିକପ ଆଶକ୍ତା ମନେ ଜାଗରିତ ହିଲେ ଏହିଥାନେର ନାମ ଖିଟାବିଟୀ ବଲିଯା ପରିଚିତ ।

କଦୋନା :— ଭୁଲବାନୀ ହଇତେ ଆଡ଼ାଇ କିଃ ମିଃ ପଞ୍ଚମ-ଦକ୍ଷିଣାଂଶେ କଦୋନା ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଏହିଥାନେ ଶ୍ରୀକୃଷ୍ଣ ସଥାଗଣ ମଙ୍ଗେ ଦୋନାୟ କରିଯା ଦଇ ଭକ୍ତଗ କରିଯାଛିଲେନ ମେହିଜନ୍ୟ ଏହିଥାନେର ନାମ କାଦୋନା ବଲିଯା ପରିଚିତ । ଗ୍ରାମେ ଶ୍ରୀମହାଦେବ ମନ୍ଦିର ଏବଂ କୁଣ୍ଡ ବିରାଜିତ ।

পুটরী :—পথরপুর হইতে অর্দ্ধ কিঃ মিঃ দক্ষিণাংশে পুটরী গ্রাম অবস্থিত।

রুটরী :—পুটরী হইতে অর্ধ কিঃ মিঃ পশ্চিমে রুটরী গ্রাম অবস্থিত।

সঁচোলী :—পথরপুর হইতে দুই কিঃ মিঃ দক্ষিণে সঁচোলী গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাধা-কৃষ্ণের মন্দির বিরাজিত। গ্রামের দক্ষিণভাগে সূর্যকুণ্ড এবং অগ্নিকোণে চন্দ্রকুণ্ড অবস্থিত। এখানে চৈত্র শুক্লা পঞ্চমী হইতে তিনি দিন ব্যাপী বহু সমারোহে মেলা বসিয়া থাকেন।

বদনগর :—ভড়োখর হইতে দুই কিঃ মিঃ উত্তরে বদনগর গ্রাম অবস্থিত।

গিড়োহ

খিটাবিটা হইতে আড়াই কিঃ মিঃ পূর্বভাগে গিড়োহ গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীনিতাই-গৌর এবং শ্রীরাধাকৃষ্ণ মন্দির বিরাজিত। ইহা শ্রীকৃষ্ণ-বলরামের গেন্দখেলার স্থান। গ্রামের ঢারিদিকে সাতখানি কুণ্ড বিরাজিত। যেমন—(১) উত্তরে গেন্দখোর এইস্থান শ্রীবলরামের দাঁড়াইবার স্থল। এখানে শ্রীরামকৃষ্ণের মুকুটচিহ্ন বিরাজমান। গ্রামের ঈশানকোণে দ্বিতীয় (২)—গেন্দখোর, ইহা শ্রীকৃষ্ণের দাঁড়াইবার স্থল। এই দুই কুণ্ড পরম্পর অর্দ্ধ মাইল ব্যাবধানে অবস্থিত। গ্রামের পূর্বে (৩) গৈধরবন-কুণ্ড, দক্ষিণে (৪) বেলবন কুণ্ড, নৈঞ্চতে (৫) গোপীকুণ্ড, পশ্চিমে (৬) জলভরকুণ্ড এবং বাযুকোণে (৭)—বেহার কুণ্ড বিরাজিত।

কোকিলা বন :—গিড়োহ হইতে দুই কিঃ মিঃ, শ্রীনন্দগ্রাম হইতে তিনি মাইল উত্তরে কোকিলাবন অবস্থিত। বর্তমানেও এই বনখানি জনশুভ্যাবস্থায় অস্ত্যস্ত সুন্দর দর্শনীয়। এখানে শ্রীকোকীলবিহারীজীউ রঞ্জকুণ্ড, শ্রীমহাদেবজীউ বিরাজিত। এই নিজের অরণ্যে শ্রীকৃষ্ণ কোকিলের ঘায় সুলিলিত বংশীধনি করিয়া কোশলক্রমে শ্রীরাধিকার সহিত মিলিত হইয়াছিলেন, সেইজন্য এইস্থানের নাম শ্রীকোকিলাবন।

একদিন কৃষ্ণ এই বনেতে আসিয়া।

কোকিল-সদৃশ শব্দ করে হর্ষ হৈয়া॥

শব্দ শুনিয়া রাই চমকি উঠিল।

সখীগণ সঙ্গে তাই গমন করিল॥

কোকিলের শব্দে কৃষ্ণ মিলে রাধিকারে। এ হেতু 'কোকিলাবন' কহয়ে ইহারে॥

ভড়োখর :—লহরবাড়ী হইতে তিনি কিঃ মিঃ উত্তরে ভড়োখর গ্রাম অবস্থিত। গ্রামের অগ্নিকোণে অমরাকুণ্ড এবং পশ্চিমে ক্ষীরকুণ্ড এবং শ্রীনন্দমহারাজের পশ্চিমে গোশালা বিরাজিত।

মহরানা :—লেবড়া হইতে এক কিঃ মিঃ উত্তরে এবং ভড়োখর হইতে দুই মাইল পশ্চিমে মহ-রানা গ্রাম অবস্থিত। এই গ্রাম শ্রীযশোদার পিত্রালয় বলিয়া বিখ্যাত। গ্রামের পূর্বদিকে ক্ষীরসরোবর, গ্রামের মধ্যভাগে শ্রীরামজানকী মন্দির, মন্দিরে মাতা যশোদার মূর্তি, শ্রীরাম-লক্ষ্মণ এবং সীতাদেবীর মূর্তি, শ্রীমহাদেব ও শ্রীহৃষিমানজীউর মূর্তি দর্শনীয়। ইহা ছাড়া গ্রামে শ্রীকৃষ্ণের জেষ্ঠতাত শ্রীঅভিনন্দের গোশালা বিরাজিত। শ্রীযশোদাদেবী এই গ্রামে জন্ম গ্রহণ করিয়াছেন।

ভূতিয়া :—জৈত গ্রামের এক কিঃ মিঃ উত্তর-পূর্বাংশে ভূতিয়া গ্রাম অবস্থিত।

ଚୌମୁହଁ

ଆଖି ହଇତେ ଦେଡ଼ କିଃ ମିଃ ଉତ୍ତର-ପୂର୍ବାଂଶେ ଚୌମୁହଁ ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଏଇଥାନେ ଚତୁର୍ମୁଖ ବ୍ରଙ୍ଗା ଗୋବଂସ ହରଗ କରିଯା ପରାଜିତ ହଇଲେ, ଶ୍ରୀକୃଷ୍ଣରଣେ କ୍ଷମା ପ୍ରାର୍ଥନାର ଜନ୍ମ ସ୍ମୃତି କରିଯାଇଲେନ । ସେଇଜନ୍ୟ ଏହି ଗ୍ରାମର ନାମ ଚୌମୁହଁ । ଗ୍ରାମେ ଶ୍ରୀଗୋପାଲଜୀତିର ମନ୍ଦିର ଏବଂ ଶ୍ରୀଚତୁର୍ଭ୍ରଜ ବ୍ରଙ୍ଗାଜୀତିର ମନ୍ଦିର ବିରାଜିତ ।

—: ତଥାହି ଶ୍ରୀଭାଗବତେ ୧୦।୧୩।୬୪ :—

ଶୈନେରଥୋଥାୟ ବିମୁଜ୍ୟ ଲୋଚନେ ମୁକୁନ୍ଦମୁଦ୍ରିକ୍ଷୟ ବିନାକକ୍ଷରଃ ।

କୃତାଞ୍ଜଳିଃ ପ୍ରତ୍ସବାନ୍ ସମାହିତଃ ସବେପର୍ଯ୍ୟନ୍ତଗାନ୍ଦିଯୈଲତେଲୟା ॥

ଅନୁବାଦ :—ତାରପର ବ୍ରଙ୍ଗା ଧୀରେ ଧୀରେ ଗାତ୍ରୋଥାନ କରିଯା ନୟନଦୟ ମାର୍ଜନା କରିତେ କରିତେ ନତକକ୍ଷର ହଇଯା ଭଗବାନେର ପ୍ରତି ଦୃଷ୍ଟି ନିକ୍ଷେପ କରିଲେନ ଏବଂ ବିନିତ ଓ ବନ୍ଦାଞ୍ଜଳୀ ହଇଯା ସମାହିତଚିତ୍ରେ କମ୍ପା-ସ୍ଥିତ କଲେବରେ ଗନ୍ଧଗନ୍ଦବ୍ୟବନେ ସ୍ତବ କରିଯାଇଲେନ ।

ପରଥମ

ଛଟୀକରା ହଇତେ ଦଶ କିଃମିଃ ଏବଂ ଦେବୀ ଆଠାସ ହଇତେ ଚାର କିଃମିଃ ଉତ୍ତରେ ପରଥମ ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଜେଓଲାଇ ଅର୍ଥାଏ ଜନୀଇ ଏହିଥାନେ ଶ୍ରୀକୃଷ୍ଣକେ ସଖାସଙ୍ଗେ ଉଚ୍ଛିଷ୍ଟ ଫଳ ଭୋଜନ କରିତେ ଦେଖିଯା ବ୍ରଙ୍ଗା ଶ୍ରୀକୃଷ୍ଣର ଭଗବତ୍ । ସମ୍ବନ୍ଧେ ସନ୍ଦିକ୍ଷମନା ହଇଯାଇଲେନ । ଏହିହେତୁ ତିନି ଏଥାନେ ଦାଢ଼ାଇଯା ଶ୍ରୀକୃଷ୍ଣକେ ପରିକ୍ଷା କରିବାର ମନ୍ତ୍ରକ୍ଷରାତ୍ରି କରିବାଛେ ଯେ—ସକଳେ ଶ୍ରୀକୃଷ୍ଣକେ ଭଗବାନ ଜ୍ଞାନେ ସ୍ଵିକାର କରେ ଅର୍ଥ ସଥାଗଗ ଭଗବାନକେ ଉଚ୍ଛିଷ୍ଟ ଫଳ ଭୋଜନ କରାଯ ଅତ୍ରଏବ ଆମିଶ ଗୋ-ବଂଶ ହରଗ କରିବ ଏବଂ ତାହାର ପରିଗତି ଦେଖିବ । ମେହି ମନ୍ତ୍ରଙ୍ଗ ଅମୁସାରେ ଗ୍ରାମେର ନାମ ପରଥମ ବଲିଯା ପରିଚିତ । ଗ୍ରାମେ ଗୁଜର ଏବଂ ବ୍ରାହ୍ମଣ ହୁଇ ଜ୍ଞାତୀର ଛୁଇଥାନି ମନ୍ଦିର ଦର୍ଶନୀୟ ।

—: ତଥାହି ଶ୍ରୀଭକ୍ତିରତ୍ତାକରେ :—

‘ପରଥମ’—ନାମ ସ୍ଥାନ ଦେଖିବ ଏଥାତେ । ଚତୁର୍ମୁଖ ଛିଲା କୁଣ୍ଡ ପରୀକ୍ଷା କରିତେ ॥

ମଗଲାମୋଜ୍ଜୀ :—ପରଥମ ଗ୍ରାମେର ଉତ୍ତର ଭାଗେ ମଗଲାମୋଜ୍ଜୀ ଅବସ୍ଥିତ ।

ପାରସୋଲୀ :—ପରଥମ ହଇତେ ୪।୫୦ କିଃ ମିଃ ଉତ୍ତରେ, କିଞ୍ଚିତ୍ ପରିଷିମ ଦିଶାଯ ପାରସୋଲୀ ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଏହିଗ୍ରାମେ ଶ୍ରୀକୃଷ୍ଣ ବସନ୍ତକାଳେ ରାମଲୀଲା କରିତେହେମ ।

—: ତଥାହି ଶ୍ରୀଭକ୍ତିରତ୍ତାକରେ :—

ଏହି ପାରସୋଲୀ ଗ୍ରାମ—ଦେଖ ଶ୍ରୀନିବାସ । ବସନ୍ତ ସମୟେ ଏଥା କରିଲେନ ରାମ ॥

ଏକଦିନ ଶ୍ରୀକୃଷ୍ଣ ସଥାଗଗ ମଙ୍ଗଳ ବନେ ଗୋଚାରଗ କରିତେ କରିତେ ଏହି ସ୍ଥାନେ ଆଗମନ କରିଲେ କଂସ ପ୍ରେରିତ ଅଘାମୁର ସର୍ପଦେହ ଧାରଗ କରିଯା ସମସ୍ତକେ ଗ୍ରାମ କରିଲେନ ସେଇଜନ୍ୟ ଏହିଥାନେର ମାମ ସର୍ପଶ୍ଲୀ ବା ମା-ପୌଲୀ ବଲିଯା ପରିଚିତ ।

ଅଘାମୁରର ମୁକ୍ତି

ଅଘାମୁର ଶଞ୍ଚାମୁରର ତମଯ । ଏକ ସମୟ ମଲୟାଚଳେ କଦାକାର ଅଷ୍ଟାବକ୍ରକେ ଦେଖିଯା ଅଘାମୁର ତାହାକେ

কুরূপ বলিয়া উপহাস করিলেন। তাহাতে মুনি অভিশাপ দিলেন যে—বে দুর্ঘতে! ভূমগ্নে সর্পজাতি কুরূপ ও বক্রগতি; অতএব তুমি সর্প হও। দৈত্য তখন গর্ব পরিত্যাগ পূর্বক মুনির পাদদ্বয়ে পতিত হইয়া মুক্তির জন্য প্রার্থনা জানাইলে, মুনি প্রসন্ন হইয়া পুনরায় বরদান করিলেন যে—দ্বাপরযুপে ভগবান শ্রীকৃষ্ণ অবতীর্ণ হইবেন, সেই সময় শ্রীকৃষ্ণের কৃপায় তোমার মুক্তিপদ লাভ হইবে।

সেই অঘাস্তুর মথুরাতে জন্মগ্রহণ করিয়া কংসের অনুচর হইয়াছিলেন। কংস শ্রীকৃষ্ণকে নিহত করিবার জন্য অশুটিকে শ্রীবৃন্দাবনে প্রেরণ করিলেন। অঘাস্তুর শ্রীবৃন্দাবনে আগমন করিয়া বনে বনে বিচরণ করিতে লাগিলেন। একদা শ্রীকৃষ্ণ সখাগণ সঙ্গে গোচারণ করিবার জন্য বনে গমন করিলে, অঘাস্তুর যোজন প্রমাণ দীর্ঘ এবং পর্বতের গ্রাম উচ্চ এক বিশাল অজগর দেহ ধারণ করিলেন এবং শ্রীকৃষ্ণ ও সখাগণকে গ্রাম করিবার জন্য বদন প্রসারিত করিয়া পথিমধ্যে শয়ন করিয়া রহিলেন। সখ ও গো-বৎস-গণ তাহার বদন মধ্যে প্রবেশ করিতে দেখিয়া শ্রীকৃষ্ণ তাহাদিগকে রক্ষা করিবার জন্য অঘাস্তুরের বদন মধ্যে প্রবেশ করিলেন। অঘাস্তুর তাহাদিগকে ভক্ষণ করিতে ইচ্ছা করিলে শ্রীকৃষ্ণের শরীর অতি ক্রুত বৃক্ষ প্রাপ্ত হইতে থাকে। তাহাতে অঘাস্তুরের মুখাদির সকল পথ নিরক্ষ এবং ব্রহ্মবন্ধ ভেদ করিয়া দেহের প্রাণ বহির্গত হইয়াছিল। শ্রীকৃষ্ণ বালক ও বৎসগণ সহ তাহার মুখ হইতে বহির্গত হইয়া আসিলেন এবং বৎসও শিশুদিগকে মৃতাবস্থা দেখিয়া দিব্যদৃষ্টি দ্বারা জীবিত করিয়াছিলেন। এইলীলা শ্রীকৃষ্ণের পঞ্চম বৎসর বয়ঃক্রম কালীন কিন্তু সখাগণ এক বৎসর পরে এই লীলাখানি বর্জে প্রকাশ করিয়াছেন। সেইদিন শ্রীবলদেবজীউ জন্মতিথি উপলক্ষ্যে গৃহে হিলেন।

জনুবীঁ :—পারসৌলী হইতে দেড় কিঃ মিঃ উত্তরে জনুবীঁগ্রাম অবস্থিত।

মাগরোলী :—জনুবীঁ হইতে অর্দ্ধ কিঃ মিঃ পূর্বভাগে মাগরোলী অবস্থিত।

অচুবীঁ :—মাগরোলী হইতে অর্দ্ধ কিঃ মিঃ উত্তরে অচুবীঁ গ্রাম অবস্থিত।

বাজনা :—সেই হইতে দুই কিঃ মিঃ এবং পরখম হইতে দেড় কিঃ মিঃ উত্তরে বাজনা গ্রাম অবস্থিত। পারসৌলী গ্রামে শ্রীকৃষ্ণ অঘাস্তুরকে বধ করিলে স্বর্গ হইতে দেবগণ অত্যন্ত আনন্দিত হইয়া এইখানে আগমন পূর্বক বাজনা অর্থাৎ বাঢ়ুনি করিয়াছিলেন। সেইজন্য এইস্থানের নাম বাজনা বলিয়া পরিচিত। বাজনা গ্রামের পূর্বভাগে শ্রীযমুনার তটে জারা নামক স্থান বিরাজিত।

বরহরা :—সকরায়া হইতে দুই কিঃ মিঃ উত্তরে বরহরা গ্রাম অবস্থিত।

সেই

বাজনা হইতে দুই কিঃ মিঃ উত্তরে সেই গ্রাম অবস্থিত। এইখানে ব্ৰহ্মা শ্রীকৃষ্ণের মায়ায় মোহিত হইয়াছিলেন। শ্রীকৃষ্ণকে পরীক্ষা করিবার জন্য একদিন ব্ৰহ্মা গোবৎস এবং সখাগণকে হরণ করিয়াছেন।

—ঃ তথাহি শ্রীমন্তাগবতে ১০।১৩।১৫ :—

অস্তেজনজয়িষ্ঠদন্তুর্গতো মায়ার্তক্ষ্যেশ্বিতুর্দৃঃ মঞ্জু মহিতমন্তদপি তন্ত্রসানিতো বৎসপান্ত।

ନୀତାତ୍ତ୍ଵ କୁରଦହାତ୍ତ୍ଵରଦ୍ୱାରା ସେହି ବସ୍ତିତୋ ଯଃ ପୁରା ଦୃଷ୍ଟାୟାସ୍ତରମୋକ୍ଷଗଂ ପ୍ରାପ୍ତଃ ପରଃ ବିଶ୍ୱଯମ् ॥

ଅନୁବାଦ :—ହେ ରାଜନ୍ ! ପୂର୍ବେ ଯେ ବ୍ରଜୀ ଆକାଶେ ଅବସ୍ଥିତ ଥାକିଯା ଅସାତ୍ତରେର ମୋକ୍ଷ ଦର୍ଶନେ ବିଶ୍ୱ ପ୍ରାପ୍ତ ହଇଯାଇଲେନ, ମେହି ପଦ୍ମଯୋନି ମେହି ଅବସରେ ଅଥବା ଏହି ଛିନ୍ଦ୍ର ପାଇୟା ମାୟାବାଲକରପୀ ହରିର ଅତ୍ୟ ପ୍ରକାର ମନୋହର ମହିମା ଦର୍ଶନ କରିବାର ନିମିତ୍ତ ତଦୀୟ ବଂସ ଏବଂ ଭୋଜନ ସ୍ଥାନ ହଇତେ ବଂସପାଲଗଣକେ ହରଣ କରିୟା ଲାଇୟା ଗେଲେନ ଏବଂ ଉତ୍ତାଦିଗଙ୍କେ ଅନ୍ତର ରାଖିୟା ନିଜେ ଅନ୍ତର୍ହିତ ହଇଲେନ ।

ଏହିଦିକେ ଶ୍ରୀକୃଷ୍ଣ ମାୟାବଳେ ଗୋବଂସ ଏବଂ ଗୋପବାଲକ ସ୍ଥତ୍ତ କରିୟା ସ୍ଵ-ଗୃହେ ଗମନ କରିଲେନ । ତାହାତେ ବ୍ରଜବାସୀଗଣ ଏହି ମହିମାର କିଛୁଇ ବୁଝିତେ ପାରିଲେନ ନା । ଏହି ଲୀଳା ସମ୍ବନ୍ଧର ପର୍ଯ୍ୟନ୍ତ ଚଲିତେ ଥାକେନ । ତୃତୀୟ ଦର୍ଶନରେ ବ୍ରଜୀ ସେଇଷ୍ଟାନେ ଆସିଯା ପୂର୍ବବର୍ଣ୍ଣ ଗୋବଂସ ଏବଂ ଶିଶୁପାଲସହ ଶ୍ରୀକୃଷ୍ଣଙ୍କେ ଦେଖିତେ ପାଇୟା ନିଜେଇ ହୋଇତ ହଇଯାଛେ ।

—୯ ତଥାହି ଶ୍ରୀମନ୍ତାଗବତେ ୧୦।୧୩।୪୨, ୪୩ :—

ଇତ ଏତେହତ୍ର କୁତ୍ରତ୍ତ୍ଵା ମାୟାମୋହିତେତରେ । ତାବନ୍ତ ଏବ ତତ୍ରକ୍ରିୟା ବିଷୁଣୁ ସମମ୍ ॥

ଏବମେତ୍ୟୁ ଭେଦେତ୍ୟୁ ଚିରଂ ଧ୍ୟାତ୍ମା ମ ଆସ୍ତ୍ରଭ୍ୟଃ । ସତ୍ୟଃ କେ କରରେ ନେତି ଜ୍ଞାତୁଂ ନେଷ୍ଟେ କଥକ୍ଷମ ॥

ଅନୁବାଦ :—ଆମାର ମାୟାଯ ମୋହିତ ବାଲକଗଣ ହଇତେ ଭିନ୍ନ ଏହିସକଳ ବଂସ ଓ ବାଲକଗଣ କୋଥା ହଇତେ ହଇଲ ? ଇହାରା ଏଖାନେହି ବା କି ପ୍ରକାରେ ଆସିଲ ? ମେହି ପରିମାଣଟ ବାବଲଗଣ ଏହିଥାନେ ବିଷୁର ସହିତ ଏକ ବଂସର କାଳ ପର୍ଯ୍ୟନ୍ତ କ୍ରୀଡ଼ା କରିତେଛେ ଦେଖିତେଛି ।

ଅନେକକ୍ଷନ ପର୍ଯ୍ୟନ୍ତ ବ୍ରଜୀ ଚିନ୍ତା କରିୟା ଏହି ଦିବିଧ ବାଲକ ଓ ବଂସଗଣମଧ୍ୟେ କାହାରା ସତ୍ୟ, କାହାରା ଅସତ୍ୟ ଇହାର କିଛୁମାତ୍ରଓ ନିର୍ଣ୍ୟ କରିତେ ପାରିଲେନ ନା ।

ଅତଃପର ବ୍ରଜୀ ଶ୍ରୀକୃଷ୍ଣଙ୍କ ଚରଣେ ଲୁଟିଯେ ନିଜ ଅପରାଧ କ୍ଷମାର ଜନ୍ୟ ପ୍ରାର୍ଥନା କରିଯାଇଲେନ । “ଏହି ମେହି, ମେହି ଏହି ଏହି” ଏହିରୂପ ବ୍ରଜାଜୀ ଚିନ୍ତା କରିତେ ଥାକିଲେ ବର୍ତ୍ତମାନେ ଏହିଷ୍ଠାନେର ନାମ ମେହି ଗ୍ରାମ ନାମେ ପରିଚିତ ହୟ । ଶ୍ରୀମନ୍ମହାପ୍ରଭୁ ଏହିଷ୍ଠାନ ଦର୍ଶନେର ଜନ୍ୟ ଆଗମନ କରିୟା ଯେ ସ୍ଥାନେ ଉପବେଶନ କରିଯାଇଛେ ବର୍ତ୍ତମାନ ମେହି ସ୍ଥାନେ ଶ୍ରୀମନ୍ମହାପ୍ରଭୁର ବୈଠକ, ଶ୍ରୀରାମବିହାରୀଜୀଟ, ମେହିକୁଣ୍ଡ, ଇତ୍ୟାଦି ଦର୍ଶନୀୟ ।

ଜୈତପୁର :—ବସଇ ହଇତେ ଏକ କିଃ ମିଃ ଏବଂ ଶ୍ରୀମନ୍ଦୟାଟେର ହହି ମାଇଲ ଦକ୍ଷିଣେ ଅବସ୍ଥିତ । ଶ୍ରୀ-କୃଷ୍ଣ ବରଣ ଆଲୟ ହଇତେ ବ୍ରଜରାଜକେ ଲାଇୟା ଉପପିତ୍ତ ହଇଲେ ଏଖାନେ ଦେବତାଗଣ ପୁନ୍ଦ୍ରପିତ୍ତମହ ଜୟଦବନି କରିୟାଇଲେନ, ମେହିଜଳ୍ଟ ଏହି ଗ୍ରାମେର ନାମ ଜୈତପୁର ।

ମହି :—ମେହି ଗ୍ରାମେ ହଇତେ ଚାର କିଃମିଃ ଉତ୍ତର-ପୂର୍ବାଶେ ମହି ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଏହିଥାନେ ପ୍ରଥମେ ଶ୍ରୀ-ବ୍ରଜାଜୀ ଶ୍ରୀକୃଷ୍ଣଙ୍କେ ଗୋ-ବଂସ ସମେତ ଦେଖିତେ ପାଇୟା ଅତ୍ୟନ୍ତ ଆଶର୍ଯ୍ୟାସିତ ହଇଯାଇଲେନ ।

ବଂସବନ :—ମହି ଅର୍ଥାଂ ଏହି ଓ ମେହି ଗ୍ରାମେ ମଧ୍ୟଦେଶେ ବଂସବନ ଅବସ୍ଥିତ । ମହାବନେ ଅବଶ୍ଥାନ

কালে শ্রীকৃষ্ণ যখন যমলাজু'ন বৃক্ষদ্বয় ভেঞ্চ করিয়াছিলেন তৎপরে শ্রীব্রজরাজনন্দন কংসের অত্যাচারে তত্যে মহাবন হইতে শ্রীনন্দগ্রামে গমন কালে ছটীকরায় কিছুদিন অবস্থান করিয়াছিলেন। সেই সময় শ্রী-কৃষ্ণ গোপবালক গণকে সঙ্গে করিয়া বনে গোচারণ করিতে করিতে এষ্টানে আসিয়া উপস্থিত হয়। এইদিকে কংস শ্রীকৃষ্ণকে বধ করিবার জন্য বৎসামুরকে প্রেরণ করিলে উল্টা শ্রীকৃষ্ণের হস্তে বৎসামুর বধ হইয়া যায়।

বৎসামুরের মৃত্যি

মরুপুত্র শুরজয়ী প্রমীল নামক মহাদৈত্য একদা বশিষ্ঠাশ্রমে গমন করিয়া তদীয় শুরুপা নন্দিনী-গান্তী দর্শনে প্রলুক্ত হয় এবং ব্রাহ্মণবেশ ধারণ পূর্বক বশিষ্ঠ নিকটে সেই নন্দিনী গান্তী প্রদান করিতে প্রার্থনা জানায়, তখন বশিষ্ঠমুনি ধ্যানযোগে মরুতনয় শুরজয়ী প্রমীলের এই ছলনা বুঝিতে পারিয়া অভিশাপ দিলেন যে—‘রে তুর্ণতি, তুই দৈত্য হইয়া বিপ্রবেশে মুনিজনের গো হরণ করিতে উঞ্জত হইয়াছিস, অতএব গোবৎস হ।’ সেই মহাদৈত্য অভিশাপ শুনিয়া মৃত্যির জন্য মুনির চরণে প্রার্থনা জানাইলে, মুনি প্রসন্ন হইয়া বলিলেন যে—দ্বাপরান্তে শ্রীকৃষ্ণ সখাগণ সঙ্গে বনে গোবৎস সমেত বিচরণ করিবেন, সেই সময় শ্রীকৃষ্ণের কৃপায় তোমার মৃত্যিপদ লাভ হইবে।

মুনির অভিশাপে অস্তুর মথুরায় জন্মগ্রহণ করিয়া কংসের অনুচর হইয়াছিলেন। শ্রীকৃষ্ণকে হত্যা করিবার জন্য কংস তাহাকে শ্রীবন্দুবনে প্রেরণ করিলেন। অস্তুর শ্রীবন্দুবনে আগমন করিয়া মনে মনে চিন্তা করিলেন যে—শ্রীকৃষ্ণ যখন সখা ও গোবৎস সমেত বনে বিচরণ করিতে থাকিবেন তখন আমি গোবৎস রূপ ধারণ করিয়া সেই ঘূর্থমধ্যে প্রবেশ করিব এবং শ্রীকৃষ্ণকে হত্যা করিয়া মনস্কামনা পূর্ণ করিব।

একদা শ্রীকৃষ্ণ সখাগণের সহিত বৎসচারণ করিতে থাকিলে সেই অস্তুর বৎসরূপ ধারণ করিয়া ঘূর্থ মধ্যে প্রবেশ করিলেন। অশৰ্যামী শ্রীকৃষ্ণ তাহা বুঝিতে পারিয়া ধীরে ধীরে তাহার নিকটে আগমন করিলেন এবং অস্তুরের পাদদ্বয় ধারণ করিয়া ঘূর্থাত্তে আরস্ত করিলেন। তাহাতে অস্তুরের প্রাণ বহিগত হইলে, শ্রীকৃষ্ণ একখানি কপিখ বৃক্ষের উপরে অস্তুরটিকে নিঙ্গেপ করিলেন। অস্তুরের প্রহারে বৃক্ষখানি ভগ্ন হইয়াছিল এবং অস্তুর সমেত ভূমিতে পতিত হইয়াছিল এবং দেহান্তে অস্তুর মৃত্যিপদ লাভ করিয়াছেন।

উঘনা :—সেই হইতে এক কিঃ মিঃ দূরে অবস্থিত।

হেলারী :—মই হইতে দেড় কিঃ মিঃ পশ্চিমে অবস্থিত।

বরাইবজ :—হেলারী হইতে এক কিঃ মিঃ দূরে অবস্থিত।

গাঁগরোলী :—ভেগ্রাম হইতে আড়াই কিঃ মিঃ উত্তরে গাঁগরোলী গ্রাম অবস্থিত। ভেগ্রাম হইতে গাঁগরোলী যাইতে হইলে রাস্তার ছই পাশে ছইটা নগলা দেখিতে পাওয়া যায়।

লহরবাড়ী :—গাঁগরোলী গ্রামের দক্ষিণ-পশ্চিমাংশে লহরবাড়ী অবস্থিত।

দলোতা :—গাঁগরোলী হইতে এক কিঃ মিঃ পশ্চিমে দলোতা গ্রাম অবস্থিত।

ଭେଗ୍ରାମ

ଜୈତପୁର ହଇତେ ହୁଇ କିଃ ମିଃ ଉତ୍ତରେ ଭେଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଏଇଷ୍ଟାନ ହଇତେ ଶ୍ରୀବକଳଦେବ ଶ୍ରୀନନ୍ଦ-ମହାରାଜଙ୍କେ ସର୍ବଗାଲୟେ ଲହିୟା ଯାଏ । ତୁର୍ଦର୍ଶନେ ବ୍ରଜବାସୀଗଣ ଅତ୍ୟନ୍ତ ତୟ ପାଇସାଇଲେନ । ମେଇଜନ୍ତ ଏହି ଶାନେର ନାମ ତୟ ଗ୍ରାମ । ବର୍ତ୍ତମାନେ ଭେଗ୍ରାମ ନାମେ ପରିଚିତ । ଏକଦି ଶ୍ରୀବଜରାଜନନ୍ଦନ ଏକାଦଶୀର ଦିନେ ଶ୍ରୀ ଧାରଗ କରିୟା ରାତ୍ରି ଜାଗରଣ କରତଃ ନିଶାକ୍ଷେ ଶ୍ରୀଯମନାୟ ଶ୍ଵାନ କରିୟା ନିଜ ଇଟ୍ଟଧ୍ୟାନେ ନିମଗ୍ନ ଛିଲେନ । ଏମନ ସମୟ ଶ୍ରୀବକଳଦେବେର ଚର ତୋହାକେ ହରଣ କରିୟା ସର୍ବଗ ପୁରୀତେ ଲହିୟା ଯାଏ । ଏହିକେ ଶ୍ରୀବଜରାଜେର ସଙ୍ଗୀୟ ଲୋକ ତୋହାକେ ଦେଖିତେ ନା ପାଇୟା ଅତ୍ୟନ୍ତ ତୌତ ହଇୟା ଅବିଲମ୍ବେ ଶ୍ରୀକୃଷ୍ଣ—ଶ୍ରୀବଲରାମେର ନିକଟେ ଦୌଡ଼ାଇୟା ଗିଯା ବିସୟଟି ଜ୍ଞାପନ କରିଲେନ । ଶୁନିବାମାତ୍ର ଆତ୍ୟୁଗଳ ସମସ୍ତ ବ୍ରଜବାସୀଗତ ମନ୍ଦସାଟେ ଉପସ୍ଥିତ ହଇଲେନ । ଏହିସମ୍ବନ୍ଦ ମାତା ବ୍ରଜେଶ୍ଵରୀ ଓ ଉପାନନ୍ଦ ପ୍ରଭୃତି ଯେ କିରପ ବିଧାଦ ସାଗରେ ନିମଗ୍ନ ହଇୟାଇଲେନ ତାହା ସର୍ବନାମ ଅତୀତ । ଏହିଦିକେ ଅଗ୍ରଜେର ଉପର ବ୍ରଜବାସୀଗଣେର ରକ୍ଷାର ଭାବ ସମର୍ପଣ ପୂର୍ବକ ପିତାର ଉତ୍ତାର କାମନାୟ ପ୍ରବେଶ କରିଲେନ । ଶ୍ରୀବଲରାମେର ଆଶ୍ଵାମେ ବ୍ରଜବାସୀଗଗ ଶ୍ରୀକୃଷ୍ଣଙ୍କେ ଆଗମନ ପଥ ନିରିକ୍ଷଣ କରିୟା ରହିଲେନ । ଶ୍ରୀକୃଷ୍ଣ ସର୍ବଗାଲୟେ ଉପସ୍ଥିତ ହଇଲେ ପର ସର୍ବଗଦେବ ସ୍ଥିଯ ପ୍ରଭୁକେ ନାନା ପ୍ରକାର ସ୍ତବ ସ୍ତୁତି ଓ ପୂଜା କରିୟା ଶ୍ରୀବଜରାଜକେ ମହାସମ୍ମାନେର ସହିତ ଶ୍ରୀକୃଷ୍ଣଙ୍କେ ନିକଟ ଉପସ୍ଥିତ କରିଲେନ ଏବଂ ନାନାବିଧ ମଣି ଓ ରତ୍ନାନେ ପରିତୁଟି କରିଲେନ । ଅନ୍ତରୁ ଶ୍ରୀକୃଷ୍ଣ ପିତାକେ ଅଗ୍ର କରିୟା ଅବିଲମ୍ବେ ତୌରେ ଆଗମନ କରିଲେନ । ତୁର୍ଦର୍ଶନେ ସମସ୍ତ ବ୍ରଜବାସୀ ସାବତୀୟ ଦୁଃଖ ପରିତାପ ତୁଳିୟା ଅତୁଳ ଆନନ୍ଦ ସାଗରେ ନିମଗ୍ନ ହଇଲେନ । ବର୍ତ୍ତମାନେ ଘାଟେର ଉପରେ ଶ୍ରୀନନ୍ଦବାବାର ମନ୍ଦିର, ମନ୍ଦିରେ ଶ୍ରୀନନ୍ଦ ବାବା, ମାତ ଶ୍ରୀରାଧାକୃଷ୍ଣଙ୍କେର ବିଶ୍ଵାହ ଦର୍ଶନୀୟ ।

ଶ୍ରୀପାଦ ଜୀବଗୋଷ୍ଠୀ ଏକଦି ଶାସ୍ତ୍ର ବିଚାରେ କୋନ ଦିମିଜ୍ଜୟାକେ ପରାପ୍ରତ କରିଲେ ଶ୍ରୀରପ ଗୋଷ୍ଠାମୀ ତାହା ଶୁନିତେ ପାଇୟା ଶ୍ରୀଜୀବ ଗୋଷ୍ଠାମୀକେ ସଲିତେ ଲାଗିଲେନ ଯେ—“ଏଥନ ତୋମାର ପ୍ରତିଷ୍ଠା ସୁଦ୍ଧି ଯାଏ ନାହିଁ, ଅତ୍ୟଏ ଆମାର ନିକଟ ହଇତେ ତୁମି ଚଲିୟା ଯାଓ ।” ଏହି କଥା ଶୁନିଯା ଶ୍ରୀଜୀବଗୋଷ୍ଠାମୀ ମନେର ଦୁଃଖେ ଶ୍ରୀନନ୍ଦଘାଟେର ନିକଟସ୍ଥ ଜଙ୍ଗଲେ କାଳ କାଟାଟିତେ ଲାଗିଲେନ ଏବଂ ସ୍ଵ-କିଞ୍ଚିତ ଗୋଷ୍ଠମ ଚର୍ଚ ଜଲେର ସଙ୍ଗେ ମିଶାଇୟା ତଦ୍ଵାରା ଦେହ ମିର୍ବାହ କରିତେ ଲାଗିଲେନ । ଶ୍ରୀସନାତନ ଗୋଷ୍ଠାମୀ ବ୍ରଜ ପରିକ୍ରମା କାଳେ ଶ୍ରୀନନ୍ଦଘାଟେ ଉପସ୍ଥିତ ହଇୟା ବ୍ରଜବାସୀଗଣେର ମୁଖେ ଶ୍ରୀଜୀବେର କଥା ଶୁନିତେ ପାଇଲେନ ଏବଂ ତାହାର ନିକଟେ ଉପସ୍ଥିତ ହଇୟା ମାନ୍ତ୍ରନା ଦାନ ପୂର୍ବକ ବନ ସାତ୍ରାୟ ଗମନ କରିଲେନ ।

ଶ୍ରୀସନାତନ ଗୋଷ୍ଠାମୀ ଶ୍ରୀବଜମନ୍ଦିଲେ ଆଗମନ କରିୟା ଶ୍ରୀକୃଷ୍ଣଗୋଷ୍ଠାମୀ ପାଠେର ମାଧ୍ୟମେ ଜୀବମାତ୍ରେ ଦୟା ମସବକ୍ରେ ଆଲୋଚନା ଶୁନିତେ ପାଇଲେନ । ତଥନ ତିନି ଶ୍ରୀରପ ଗୋଷ୍ଠାମୀକେ ସଲିଲେନ ଯେ—“ଜୀବମାତ୍ରେ ଦୟା କର” ଏହି କଥା ଅଭ୍ୟଜନକେ ଶିକ୍ଷା ଦିତେଛ ଅଥବା ନିଜେ ଆଚରଣ କରିତେଛ ନା । ଶ୍ରୀସନାତନ ଗୋଷ୍ଠାମୀର କଥାର ମର୍ମ ଅବଗତ ହଇୟା ଶ୍ରୀକୃଷ୍ଣ ଗୋଷ୍ଠାମୀକେ ଶୀଘ୍ର ନନ୍ଦଘାଟେ ଆନୟନ କରିୟା ଉତ୍ୟେ ଆଲିଙ୍ଗନ ଦାନେ ମିଲିତ ହଇୟାଇଲେନ । ଏହି ନନ୍ଦଘାଟେ ବସିଯା ଶ୍ରୀଜୀବ ଗୋଷ୍ଠାମୀ ସତ୍ସନ୍ଦଭ୍ ଗ୍ରୁ ପ୍ରଗୟନ କରିୟାଇଲେନ ।

ଶ୍ଵାରହ / ଶ୍ରୀଟୀରଧାଟ

ଦଲୋତା ହଇତେ ଚାର କିଃମିଃ ଏବଂ ଗାଁଗରୋଲୀ ହଇତେ ଆଡ଼ାଇ କିଃମିଃ ଉତ୍ତରେ ଶ୍ଵାରହ ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ ।

গ্রামের পার্শ্বে শ্রীয়মন্তটে ঘাটের নাম শ্রাচীর ঘাট। ঘাটের উপরে অতি প্রাচীন কদম্ববৃক্ষ বিরাজমান। কাত্যায়নী ব্রতের উদ্যাপন দিবসে গোপীগণ এখানকার যমুনাতীরে বন্ধু রাখিয়া স্নান করিবার সময় শ্রীকৃষ্ণ অলঙ্কিত ভাবে তাঁহাদের বন্ধু হরণ করিয়া কদম্ববৃক্ষে উঠাইয়া ছিলেন। অবশেষে গোপীগণকে বাঞ্ছিত বর প্রদানে কৃতার্থ করিয়াছিলেন। নিকটে শ্রীকাত্যায়নী দেবী মন্দির বিরাজমান।

জ্বালী :— দলোতা হইতে দেড় কিঃ মিঃ উত্তরে এবং সেদপুর হইতে দেড় কিঃ মিঃ দ্বারে জ্বালী গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাধাকৃষ্ণ মন্দির এবং শ্রীমহাদেব মন্দির বিরাজিত।

সেদপুর :— অগরয়ালা হইতে দেড় কিঃ মিঃ দক্ষিণে সেদপুর অবস্থিত। শ্রীকৃষ্ণবলরাম সখাগণ সঙ্গে একদিন এমন ভাবে খেলায় মন্ত হইলেন যে— শরীর হইতে অনর্গল সেদ অর্থাৎ ঘর্ম বহির্গত হইতে থাকেন। তথাপি খেলায় মন্ত থাকার জন্য এইস্থানের নাম সেদপুর বলিয়া পরিচিত। গ্রামে শ্রীমহাদেব মন্দির বিরাজিত।

বিলোড়া :— সেদপুরের পশ্চাং ভাগে বিলোড়া গ্রাম অবস্থিত।

অগরয়ালা :— আস্তৌলী হইতে এক কিঃ মিঃ পূর্বভাগে অগরয়ালা গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাধাকৃষ্ণ এবং শ্রীমহাদেবজীউ অত্যন্ত সুন্দর দর্শনীয়। গ্রামের পার্শ্বে নগলা লক্ষণবীর অবস্থিত।

বেহটা :— শেরগড় হইতে পাঁচ কিঃ মিঃ এবং কাজরোঠ হইতে দুই কিঃ মিঃ উত্তরে বেহটা গ্রাম অবস্থিত।

কাজরোঠ / শ্রীঅক্ষয়বট

গাঁগরোলী হইতে আড়াই কিঃ মিঃ উত্তরে কাজরোঠ গ্রাম অবস্থিত। গ্রামের পূর্বভাগে শ্রীরামসীতা মন্দির বিরাজিত। এই শ্রীরামসীতা মন্দিরের পার্শ্বে শ্রীঅক্ষয়বট অবস্থিত। এই গ্রামের পশ্চাং ভাগে গড়িভীমা অবস্থিত। এইস্থানে শ্রীবলরাম প্রলম্বাস্তুরকে নিহত করিয়াছেন।

শ্রীতপোবন :— অক্ষয়বট হইতে অর্ধ কিঃ মিঃ পূর্বপার্শ্বে শ্রীয়মন্তার তটে শ্রীতপোবন অবস্থিত। এইস্থানে শ্রীরাধাকৃষ্ণের যুগলবিগ্রহ দর্শনীয়।

শ্রীগোপী ঘাট :— শ্রীয়মন্তার এইঘাটে গোপীগণ নিত্য রাত্রি তিমটার সময় স্নান করিয়া শ্রীকৃষ্ণকে পতিরূপে পাইবার জন্য তপস্যা মগ্ন থাকিতেন সেইজন্য ঘাটের নাম গোপীঘাট। এবং যে স্থানে বসিয়া তপস্যা করিতেন সেইস্থানের নাম তপোবন বলিয়া পরিচিত। অস্তাৰধি এইস্থানে নিতা নিম্য অনুসারে তপস্যা করিলে শ্রীরাধাকৃষ্ণের দর্শনাদি লাভ হইয়া থাকে।

প্রলম্বাস্তুরের মুক্তি

যক্ষরাজ কুবের শিবপুজার জন্য একখানি সুন্দর পুস্পোদ্ধান করিয়াছিলেন। নিত্য সেই উত্তানের পুস্প অপহরণ হইতে থাকিলে, তিনি ত্রুটি হইয়া অভিশাপ প্রদান করিলেন যে—দেব মানব কিম্বা অগ্ন যে— কেহ এই কাননের পুস্প অপহরণ করিলে, দ্বিতীয়লৈ অসুর হইয়া জন্মগ্রহণ করিবেন। হৃত—তনয়

বিজয় নামক গন্ধর্ব বীগা হস্তে লইয়া পথে পথে শ্রীগোবিন্দ লীলা কির্ত্তন করিতে করিতে বহু তীর্থ ক্ষেত্র বিচরণ করিয়া সেই চিরৱথ কাননে উপনীত হইয়াছিলেন। তিনি বিনা অনুমতীতে পুষ্প চয়ন করিয়া-ছিলেন এবং তৎপরে অভিশাপের কথা শ্রবণ করিয়া মুক্তির জন্য যক্ষরাজ কুবেরের শরণাপন হইলে, তাহার প্রার্থনায় প্রসন্ন হইয়া রাজা বলিলেন যে—তুমি শান্তাঞ্জা বিঝুঙ্কু অতএব শোক করিও না। দ্বাপর যুগে শ্রীকৃষ্ণ বলরাম অবতীর্ণ হইবেন। সেই সময় শ্রীবলরামের কৃপায় তোমার মুক্তিপদ লাভ হইবে।

সেই বিজয় ভূতলে অসুর ঘোনিতে জন্মগ্রহণ করিয়াছিলেন এবং প্রলম্বাস্তুর নাম নিয়ে মথুরায় কংসের অনুচর হইয়াছিলেন। শ্রীকৃষ্ণ-বলরামকে বধ করিবার জন্য কংস তাহাকে শ্রীবন্দুবনে প্রেরণ করিয়াছিলেন। একদা শ্রীকৃষ্ণ-বলরাম সখাগণ সঙ্গে ভাণীর বনে বাল্যলীলা করিতেছিলেন, সেই সময় অসুরটি সখা সাজিয়া তাঁহাদের হরণ করিবার জন্য খেলায় যোগদান করিলেন। সর্বান্তর্ধ্যামী শ্রীকৃষ্ণ ঐ অসুরের অভিপ্রায় জানিয়াও তাহাকে বধ করিবার ইচ্ছায় খেলাতে অসুরোদন করিলেন। তুইপক্ষে খেলা করিবেন সেইজন্য কতকগুলি শ্রীকৃষ্ণের পক্ষও কতকগুলি শ্রীবলরামের পক্ষ হইলেন। ক্রীড়াতে নিয়ম হইল, জেতাগণ পরাজিতের স্ফুরে আরোহণ করিবেন এবং পরাজিতগণ জেতৃগণকে বহন করিবেন। এই প্রকারে বাহু এবং বাহক হইয়। ক্রীড়া আরম্ভ করিলে শ্রীবলরামের পক্ষীয় শ্রীদাম, বৃষত প্রভৃতি জয়-লাভ করিয়াছিলেন। তাহাতে শ্রীকৃষ্ণ শ্রীদামকে, তদসেব বৃষভকে এবং প্রলম্বাস্তুর শ্রীবলরামকে পৃষ্ঠে বহন করিয়াছিলেন। প্রলম্বাস্তুর শ্রীবলরামকে পৃষ্ঠে বহন করিয়া অতিক্রতবেগে ভাণীর বন অতিক্রম করিলেন এবং অসুর মূর্তি (নিজমূর্তি) ধারণ পূর্বক শ্রীবলরামকে বধ করিতে উদ্ধত হইলেন। শ্রীবলরাম অসুরের মস্তকে দৃঢ় ভাবে মুষ্টাঘাত করিতে থাকিলে মুখদিয়া রক্ত বমন করিতে করিতে প্রাণত্যাগ করিয়া মৃত্যিপদ লাভ করিলেন।

শ্রীবিহারবন

শেরগড় হইতে চার কিঃ মিঃ পূর্বভাগে শ্রীবিহারবন অবস্থিত। এই বনখানি বিভিন্ন প্রকার ফুল এবং গুল্মতায় স্থাপিত। একদা শ্রীকৃষ্ণকুণ্ডটে কদম্ববক্ষের মূলে বসিয়া বংশীধরনী করিতে থাকিলে শ্রীমতীরাধাৰামী স্থীরণ সঙ্গে এইস্থানে আগমন করিয়াছিলেন। শ্রীরাধাকৃষ্ণ এইস্থানে বিহারাদি লীলায় মগ্ন থাকিলে বিহার বন নামে অদ্যাবধি পরিচিত হইতেছেন। বনে শ্রীবাঁকে বিহারীজীউর মন্দির এবং বিহার কুণ্ড বিরাজিত। শ্রীকৃষ্ণ এইস্থানে অদ্যাবধি গোচারণলীলা করিতেছেন, সেইজন্য অসংখ্য গাভী অদ্যাবধি দর্শনীয়।

উহবা / শ্রীরামঘাট

বিহারবন হইতে আড়াই কিঃমিঃ এবং ধীমরী হইতে দুই কিঃমিঃ পশ্চিমে উহবা গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীযমুনার তটে শ্রীখেচাদাউজী বিরাজিত। শ্রীবলরামজীউ শ্রীযমুনাজীকে এইস্থানে খেচে অর্থাৎ টেনে বাঁকা ভাবে প্রবাহিত করিয়াছেন সেইজন্য এইস্থানের নাম উবে এবং মন্দিরের নাম শ্রীখেচাদাউজী।

গ্রামের পশ্চাত্তাগে শ্রীয়মন্তার তটে শ্রীরামঘাট বিরাজিত। ঘাট এবং মন্দিরের পার্শ্বে একখানি অপ্রস্থ বৃক্ষ আছে, এই বৃক্ষখানি শ্রীবলরামের স্থা বলিয়া পরিচিত।

চমারগড় :—ধীমরী হইতে অর্দ্ধ কিঃ মিঃ পূর্বভাগে চমারগড় অবস্থিত।

গুলালপুর :—বেহটা হইতে দুই কিঃ মিঃ এবং ধীমরী হইতে অর্দ্ধ কিঃ মিঃ দক্ষিণাংশে গুলাল-পুর গ্রাম অবস্থিত।

বাজেদপুর :—ধীমরী হইতে অর্দ্ধ কিঃ মিঃ দূরে বাজেদপুর অবস্থিত। এইস্থানকে বর্তমানে বাইটপুর বলিয়া থাকে। বাইটপুরের সঙ্গে ভূষণ বন অবস্থিত। এইস্থানে শ্রীকৃষ্ণকে গোপবালকগণ বিভিন্ন প্রকার বন্ধ ফুল ও লতার দ্বারা ভূষীত করিয়াছিলেন। সেইজন্য এইস্থানের নাম ভূষণবন নামে পরিচিত।

ধীমরী / শ্রীনিবারণঘাট :—গুলালপুর হইতে অর্দ্ধ কিঃ মিঃ উত্তরে ধীমরী গ্রাম অবস্থিত। ধীমরীর সঙ্গেই নিবারপুর। নিবারপুর শ্রীয়মন্তার তটে অবস্থিত। গ্রামের পার্শ্বে শ্রীয়মন্তার তটে শ্রী-নিবারণ ঘাট বিরাজিত।

শেরগড় / খেলনবন

পৌরপুর হইতে এক কিঃ মিঃ পশ্চিমে এবং আক্ষোনী হইতে তিন কিঃ মিঃ উত্তরে শেরগড় অবস্থিত। গ্রামে শ্রীদাউজী, শ্রীরাধাকৃষ্ণ, শ্রীমহাদেব এবং শ্রীহমুমান মন্দির বিরাজিত। স্থাগণ সঙ্গে শ্রীকৃষ্ণ-বলরাম বিভিন্ন ভাবে খেলা করিতেছেন। এখানে শ্রীবলরাম কুণ্ড দর্শনীয়।

—: তথাহি শ্রীভক্তিরস্তাকর হইতে :—

দেখহ ‘খেলন বন’—এখা দুই ভাই। সখাসহ খেলে—ভক্ষণের চেষ্টা নাই॥

মায়ের ঘরেতে ভুঞে কুঞ্জ—বলরাম। এ খেলনবনের ‘শ্রীখেলাতীর্থ’ নাম॥

শেরগড়ের পার্শ্বে শ্রীয়মন্তা তটে খেলনবন অবস্থিত। এইস্থানে শ্রীকৃষ্ণ স্থাগণ সঙ্গে কখনো ময়ুর মৃত্যু কখনো লাঠি খেলা, কখনো বা ক্ষেত্রে চড়া ইত্যাদি ভাবে খেলা করিতে থাকিলে খেলনবন নামে পরিচিত হয়। অস্তা-বধি এইস্থানে শ্রীকৃষ্ণের গোচারণ মাঠ দর্শন হইয়া থাকেন।

পৌরপুর :—শেরগড় হইতে এক কিঃ মিঃ উত্তর-পূর্বাংশে এবং উহৰা হইতে এক কিঃ মিঃ পশ্চিম দক্ষিণাংশে পৌরপুর অবস্থিত।

বসই :—খেলন বনের এক কিঃ মিঃ পশ্চিমে বসই গ্রাম অবস্থিত।

সেনবা :—নোগ্রাম হইতে দেড় কিঃ মিঃ উত্তরে সেনবা গ্রাম অবস্থিত।

শেরগড় নগলা :—সেনবাৰ পশ্চাত ভাগে শেরগড় নামে এক ছোট্ট গ্রাম অবস্থিত।

রাজবাড়া :—সেনবাৰ পার্শ্বে রাজবাড়া অবস্থিত।

রঞ্জেৱা :—শেৱগড় হইতে পাঁচ কিঃ মিঃ এবং লাডপুৰ হইতে চাঁৰ কিঃ মিঃ পূৰ্বভাগে রঞ্জেৱা গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাধাকৃষ্ণ মন্দিৱ, শ্রীরাধাকৃষ্ণ এবং মহাদেব মন্দিৱ বিৱাজিত। একদিন ব্ৰজগোপী-গণ শ্রীরাধাৱাণীমামক কুণ্ড হইতে জল ভৱিয়া স্ব-গৃহে প্ৰতাগমন কৱিলে, শ্রীকৃষ্ণ বলিতে লাগিলেন—হে রাধেৱা, আমি থুব জল পিপাসায় কাতৱ, একটু জল পিয়াও। তখন ব্ৰজগোপীগণ প্ৰেমেৱ সহিত শ্রী-কৃষ্ণকে জল পান কৱাইয়াছিলেন। সেই অবধি এই স্থানেৱ নাম রাধেৱা বলিয়া পৱিচিত।

অষ্টোলী :—শেৱগড় হইতে তিন কিঃ মিঃ দক্ষিণে অষ্টোলী গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাধা-ৱমণজীউ, শ্রীবিহাৱীজীউ এবং শ্রীমহাদেব মন্দিৱ বিৱাজিত।

নোগ্রাম

বৰোৱা হইতে এক কিঃ মিঃ এবং তৰোলী হইতে সাড়ে তিন কিঃ মিঃ উত্তৱে নোগ্রাম অবস্থিত। একদিন সৰীগন শ্রীকৃষ্ণ বিৱহে কাতৱ হইয়া অৰ্ঘেন কৱিতে এষ্টস্থান পৰ্যন্ত আগমন কৱিয়াছিলেন এবং পৱন্পৰ তুঃখেৱ মাধ্যমে বলিতে লাগিলেন যে—না সঞ্চি, এইস্থান পৰ্যন্ত শ্রীকৃষ্ণেৱ কোন অনুসন্ধান পাওয়া গেল না। অতএব আৱ পাওয়া যাইবে না। আমাদেৱ প্ৰাগকৃষ্ণ হাঁৱা হইয়াছে। নাই, নাই বলিয়া রোদন কৱিতে স্থানেৱ নাম নোগ্রাম নামে পৱিচিত হয়।

বৰোলী :—ছাতা হইতে তিন কিঃ মিঃ এবং শ্যামৱী হইতে এক কিঃ মিঃ পূৰ্ব ভাগে বৰোলী গ্রাম অবস্থিত।

—ঃ তথাহি শ্রীভক্তিৱাকৱে দৃষ্ট হয় ঃ—

এই দেখ ‘বৰোলী’, ‘বৰোলী—গ্রামদ্বয়। পূৰ্বে গোপকৃত নাম—সকলে কহয় ॥

তৰোলী :—নোগ্রাম হইতে সাড়ে তিন কিঃ মিঃ দক্ষিণে কিঞ্চিৎ পশ্চিম দিশায় তৰোলী গ্রাম অবস্থিত। এইগ্রামে স্বামীবাবাৱ মন্দিৱ, তৰোলীকুণ্ড এবং কুণ্ডেৱ মহাদেব মন্দিৱ দৰ্শনীয়।

নৱী :—শ্যামৱী গ্রাম হইতে এক মাইল পশ্চিমে নৱী গ্রাম অবস্থিত। ইহা শ্রীবলদেব স্থান। গ্রামে শ্রীবলৱাম কুণ্ড দৰ্শনীয়।

শ্যামৱী

ছাতা হইতে চাঁৰ কিঃ মিঃ দক্ষিণে এবং বৰোলী হইতে এক কিঃ মিঃ দূৰে শ্যামৱী গ্রাম অবস্থিত। এক সময় শ্রীৱাধিকা শ্রীকৃষ্ণেৱ উপৱ তুঞ্জ্যমান কৱিলে পৱ নানা চেষ্টা কৱিয়াও মান ভঙ্গ কৱিতে সক্ষম হইলেন না, তখন কোন সঞ্চীৱ মন্ত্ৰমায় এখানে শ্রীকৃষ্ণ শ্যামলা সঞ্চীৱ বেশ ধাৰণ কৱিয়া কৌশলকৰ্মে শ্রীৱাধিকাৱ মান উপশম কৱিয়াছিলেন। এইগ্রামে যুথেৰৱী শ্যামলাৱ গৃহ। এখানে চৈত্ৰ শুক্ৰাষ্টমীতে বিশেষ মেলা বসিয়া থাকেন। গ্রামে দেবী মন্দিৱ দৰ্শনীয়।

—ঃ তথাহি শ্রীভক্তিৱাকৱে ঃ—

পশ্চিম কহয়,—‘নৱী সেমৱী’ এ গ্রাম। ‘শ্যামৱী-কিনৱী’—এ গ্রামেৱ পূৰ্ব-নাম ॥

রাধিকার মানতঙ্গ—উপায় না দেখি । এই খানে শ্রীকৃষ্ণ হইলা শ্যামাসখী ॥
 বীণাঘন্ত বাজাইয়া আইলা এথায় । শ্রীরাধিকা কহে—’ এ কিন্নরী সর্বথায় ॥
 শুনি’ বীণাবান্ত রাই বিহুল হইলা । নিজ-রস্তমালা তা’র গলে পরাইলা ॥
 কিন্নরী কহে,—‘মানরত্ন মোরে দেহ’ । অমুগ্রহ করিয়া আপন করি’ লেহ’ ॥
 এ বাক্য শুনিয়া রাই মন্দ মন্দ হাসে । দূরে গেল মান—মগ্ন হইলা উল্লাসে ॥
 এইরূপে এই দুই গ্রামের নাম হয় । এথা এই দেবীর প্রভাব অতিশয় ॥

বিড়াবল :—ছাতা হইতে পাঁচ কিঃ মিঃ দক্ষিণ-পূর্বভাগে এবং তরোলী হইতে পাঁচ কিঃ মিঃ উত্তর-পশ্চিমাংশে বিড়াবল গ্রাম অবস্থিত । শ্রীকৃষ্ণ যখন ছত্রবনে রাজা হইয়াছিলেন তখন এইস্থানে সমস্ত সৈন্যসামন্তগণকে বিশ্রামের ব্যাবস্থা করিয়াছেন, সেইজন্য এইস্থানের নাম বিশ্রামাগার অথবা বিড়াবল নামে পরিচিত ।

উন্দী :—বিড়াবল হইতে এক কি. মিঃ পূর্ব-দক্ষিণাংশে উন্দী গ্রাম অবস্থিত । উন্দী হইতে এক কিঃ মিঃ দূরে গোরা গ্রাম অবস্থিত ।

লাড়পুর :—ছাতা হইতে পাঁচ কিঃ মিঃ পূর্বভাগে এবং উন্দী হইতে তিন কিঃ মিঃ উত্তরে লাড়পুর গ্রাম অবস্থিত । গ্রামে শ্রীহস্তমানজীউর মন্দির বিরাজিত ।

আজনোটী :—ছাতা হইতে তিন কিঃ মিঃ পূর্ব-দক্ষিণাংশে আজনোটী গ্রাম অবস্থিত । গ্রামে শ্রীহস্তমান মন্দির বিরাজিত ।

গোরা :—আজনোটী হইতে অর্দ্ধ কিঃ মিঃ পূর্বভাগে মোরা গ্রাম অবস্থিত ।

ছাতা/শ্রীচতুর্বন

বিরাবলী হটতে পাঁচ কিঃ মিঃ উত্তরে ছাতা গ্রাম অবস্থিত । এইগ্রামের পূর্ব নাম শ্রীচতুর্বন । এইস্থানে শ্রীগ্রামের চেষ্টায় শ্রীকৃষ্ণ সিংহাসনে বসিয়া রাজা শাসন লীলার অভিনয় কৌতুক করিয়াছিলেন । তখন শ্রীবনরাম শ্রীকৃষ্ণের বামপার্শে উপবেশন করিয়া মন্ত্রীর কার্য করিতে লাগিলেন । শ্রীদাম শিবোপরি বিচিত্র ছত্র ধারণ করিলেন । অর্জুন চামর দুলাইতে লাগিলেন । মধুমঙ্গল সম্মুখে থাকিয়া বিদূষকের কার্য করিতে লাগিলেন । শুবল নিকটে বসিয়া তাঙ্গুল ঘোগাইতে লাগিলেন । সেই বিচিত্র লীলার পরাং বধি এই গ্রামের নাম ছত্রবন বলিয়া পরিচিত । গ্রামে শ্রীমৃদ্যুক্ত এবং চন্দ্ৰ কৃষ্ণ, শ্রীগোপালজী মন্দির, চারভূজা মন্দির, শ্রীরাধারাণী মন্দির, শ্রীদাউজী মন্দির, শ্রীগঙ্গাজী মন্দির, শ্রীগিরি-রাজ মন্দির, শ্রীহস্তমানজী মন্দির, শ্রীরামজানকী মন্দির, শ্রীমহাদেব মন্দির ইত্যাদি বিরাজিত ।

—ঃ তথাহি শ্রীভক্তিবজ্রাকরে :—

অহে শ্রীনিবাস আগে দেখ ছত্রবন । এইখানে হৈলা রাজা ব্রজেন্দ্রনন্দন ॥
 কৃষ্ণ রাজা হইলে কিছুদিনে পৌর্ণমাসী । রাধিকার অভিষেক কৈলা সুখে ভাসি’ ॥

বৃন্দারণ্য-রাণী রাধাস্তুলী-স্থানে। অভিষেকে যে রঞ্জ তা' কহিতে কে জানে॥

—ঃ তথাহি শ্রীস্তৰাবল্যাং ব্রজবিলামে ৬১ তম শ্লোকে :—

সাধঃ মানসজাহুবীমুখনদীবর্গঃ সরঙ্গোৎকরৈঃ সাবিত্রাদিস্তুরীকুলৈশ্চ নিতরামাকাশবাণ্গা বিধোঃ।

বৃন্দারণ্যবরেণ্যরাজ্যবিষয়ে শ্রীপৌর্ণমাসী মুদা রাধাঃ যত্র সিষেচ সিঞ্চতু স্মৰ্থঃ সোম্যত্রাধাস্তুলী॥

অনুবাদ :—ব্ৰহ্মার আকাশবাণীক্রমে শ্রীপৌর্ণমাসী নানাৰ্বণ্যুক্ত মানসগঙ্গাপ্রমুখ নদীবৰ্গ ও সাবিত্রী প্রভৃতি দেবীগণ সহিত যথায় বৃন্দারণ্যকূপ শ্রেষ্ঠরাঙ্গাধিকারে শ্রীরাধাকে সানন্দে অভিষিক্ত করিযাছিলেন, সেই রাধাস্তুলী আমাদিগকে স্মৃথ প্রদান কৰুন।

পিঙ্গৱীঃ—রান্ধেরা হইতে তিন কিঃ মিঃ উত্তর-পশ্চিমাংশে পিঙ্গৱী গ্রাম অবস্থিত।

করাহৱীঃ—রান্ধেরা হইতে ছুট কিঃ মিঃ উত্তরে করাহৱী গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাধা-কৃষ্ণের মন্দির বিৱাজিত।

জটবাড়ীঃ—শেৱগড় হইতে ছয় কিঃ মিঃ পশ্চিমে এবং করাহৱী হইতে তিন কিঃ মিঃ উত্তরে জটবাড়ী গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীমহাদেব মন্দির বিৱাজিত।

ধূৱসীঃ—জটবাড়ীর অর্দ্ধ কিঃ মিঃ পূৰ্বভাগে ধূৱসী গ্রাম অবস্থিত।

খড়বাড়ীঃ—ধূৱসীর পার্শ্বে খড়বাড়ী অবস্থিত।

আজমপুৱ :—শেৱগড়ের পশ্চাং ভাগে আজমপুৱ অবস্থিত।

গোহেতা :—কোশীকলা হইতে সাড়েপঁচ কিঃ মিঃ পূৰ্বভাগে গোহেতা গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীগোপালজী মন্দির, শ্রীমহাদেবজী মন্দির বিৱাজিত।

অজয়পুৱ :—কোশী হইতে দেড় কিঃ মিঃ পূৰ্বভাগে অজয়পুৱ অবস্থিত।

দোতানা :—গোহেতা হইতে এক কিঃ মিঃ পূৰ্বভাগে দোতানা এবং তাহার পার্শ্বে চন্দোৱী অবস্থিত।

বহুৱালী :—ছাতা হইতে ছুট কিঃ মিঃ উত্তর-পূৰ্বাংশে বহুৱালী অবস্থিত।

হুসেনী :—গেগ্রাম হইতে তিন কিঃ মিঃ পূৰ্বে কিঞ্চিৎ উত্তর দিশায় হুসেনী গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীমহাদেব মন্দির বিৱাজিত।

বিশ্বন্তৱী :—হুসেনী হইতে অর্দ্ধ কিঃ মিঃ পশ্চিমে বিশ্বন্তৱী গ্রাম অবস্থিত।

পেগ্রাম

করাহৱী হইতে তিন কিঃ মিঃ পশ্চিমে পেগ্রাম অবস্থিত। গ্রামে শ্রীচতুৰ্ভুজ (বড়) মন্দির, শ্রীরাধা-রাণী মন্দির, শ্রীদাউজী মন্দির বিৱাজিত। একদিন বনে গোচারণ কৰিতে আসিয়া গোপবালক-গণ ভল তৃষ্ণায় কাতৰ হইলে, কোথাও পানীয়জল পাইতেছেন না। এমতাৰস্থায় এক ব্রজগোপীকে দধিৰ

ভাণ্ড মাথায় লইয়া যাইতে দেখিলে, গোপবালকগণ জলের ভাণ্ড মনে করিয়া তাহার নিকটে উপস্থিত হইলেন। ব্রজগোপী একখানি কলসী হইতে সমস্ত গোপবালকগণকে দধি ভক্ষণ করাইয়াও দধি শেষ করিতে পারিলেন না। তখন গোপবালকগণ বলিয়ে লাগিলেন যে—এই কি কাণ্ড, যে ছোট কলসিতে দধি ধরা আছে তাহা চার/পাঁচ জন গোপবালক ভক্ষণ করিলেই ফুরিয়ে যাইবে অথচ সমস্তে ভক্ষণ করিয়াও শেষ করিতে পারিতেছি না। তাহার কারণ মনে হয় আমাদের সঙ্গে যে “সখা শ্রীকৃষ্ণ” আছেন তাহার এই চাতুরী হইবে। এইদিকে ব্রজগোপী বলিতেছেন—উর পীয়, উর পীয়, এই লীলার জন্য এই গ্রামের নাম পেগ্রাম বলিয়া পরিচিত।

শহজাদপুর :—গড়ীবড়া হইতে দেড় কিঃমিঃ উত্তরে শহজাদপুর গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাধাকৃষ্ণ মন্দির এবং শ্রীমহাদেব মন্দির বিরাজিত।

গড়ীবড়া :—রামপুর হইতে এক কিঃ মিঃ পশ্চিমে গড়ীবড়া অবস্থিত।

রামপুর :—উঘানী হইতে দেড় কিঃ মিঃ উত্তরে শ্রীরামপুর গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীহৃষ্মান মন্দির বিরাজিত।

উঘানী :—হসেনী হইতে অর্দ্ধ কিঃ মিঃ উত্তরে শ্রীয়মুনার তটে উঘানী গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীশ্রীরাধাকৃষ্ণ মন্দির বিরাজিত। এইস্থানে শ্রীকৃষ্ণের বংশীধর্মনি শ্রবন করিয়া শ্রীয়মুনা উজান বহিয়াছিল। সেইজন্য এইস্থানের নাম উঘানী। অন্যাপি এইস্থানে শ্রীয়মুনা স্নোতের এক অপূর্ব পরিপাটী দৃশ্য হইয়া থাকে।

ধনোতা :—রূপনগরের উত্তরভাগে ধনোতা গ্রাম অবস্থিত।

রূপনগর :—বুধঘটীর সঙ্গে অবস্থিত। গ্রামে শ্রীমহাদেব মন্দির বিরাজিত।

খেরাল :—মাঝই হইতে দুই কিঃ মিঃ উত্তরে খেরাল গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাধাকৃষ্ণ মন্দির বিরাজিত। এইগ্রাম শ্রীকৃষ্ণের গোচারণ স্থান।

শেরনগর :—খেরালের পার্শ্বে শেরনগর অবস্থিত।

মঝোই / মাঝই :—শহজাদপুর হইতে দেড় কিঃ মিঃ উত্তরে মাঝই গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীদেবী মন্দির বিরাজিত।

এচ :—শাহপুর হইতে চার কিঃ মিঃ উত্তরে এচ গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাধাকৃষ্ণ মন্দির এবং শ্রীমহাদেবজীউর মন্দির বিরাজিত।

সুকসান :—শাহপুর হইতে দেড় কিঃ মিঃ উত্তরে সুকসান গ্রাম অবস্থিত। এই গ্রামকে বর্ত্তমানে সন্মরস বলিয়া থাকেন।

শাহপুর :—ধনোতা হইতে আড়াই কিঃ মিঃ উত্তরে শাহপুর গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাধাকৃষ্ণ মন্দির বিরাজিত।

চৌকৌ :—শাহপুরের পার্শ্বে চৌকৌ স্থান বিরাজিত। শ্রীকৃষ্ণ গোচারণ কালে এইস্থানে বসিয়া বিশ্রাম করিয়াছিলেন সেইজন্তু স্থানখানি স্বরণ করিবার জন্য চৌকৌ নামে অন্তাবধি পরিচিত।

শেষশায়ী

বৎসানা হইতে সাড়ে তিনি কিঃ মিঃ দূরে শেষশায়ী গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীকৃষ্ণরসাগর এবং তীব্র শ্রীলক্ষ্মীমারায়ণদেবজীউর মন্দির বিরাজিত। মন্দিরে শ্রীনারায়ণদেবজীউ অনন্ত শয়নে সায়িত আছেন এবং শ্রীলক্ষ্মীদেবী চৱগসেবা করিতেছেন এইরূপ মূর্তি দর্শননীয়।

এই ক্ষীরসাগর নামক সরোবরে বহু পদ্মফুল প্রসূতিত দেখিয়া শ্রীকৃষ্ণের মনে সেই ক্ষীরসাগরে অনন্ত নাগের উপরে সায়িত শ্রীনারায়ণদেবের কথা মনে পরে। সেইস্থানে শ্রীলক্ষ্মীদেবী শ্রীনারায়ণের চৱণ প্রাপ্তে বসিয়া শ্রীনারায়ণের চৱণ সবা করিতেছেন। এইস্থানে শ্রীমতীরাধাৰাণীৰ ইঙ্গিতে সেইলীলা প্রকাশ করিবার জন্য শ্রীকৃষ্ণ এক পদ্মফুলের উপরে শয়ন করেন এবং শ্রীমতীরাধাৰাণী শ্রীকৃষ্ণের চৱণ প্রাপ্তে বসিয়া পদসেবা করিতে থাকেন। এই লীলা অনুসারে এইস্থানের নাম শেষশায়ী বলিয়া পরিচিত।

—ঃ তথাহি শ্রীভক্তিরস্ত্বাকর হইতে :—

এ ‘শেষশায়ী’ ‘ক্ষীরসমুদ্র’—এথাতে।

শ্রীরাধিকা পাদপদ্ম করয়ে সেবন।

এই শেষশায়ী মূর্তি দর্শন করিতে।

করিয়া দর্শন মহা কৌতুক বাঢ়িলা।

প্রভুতেজ দেখি’ ভগ্যবন্ত লোকগণ।

পরম্পর কহে—এ মুন্ত্র কভু নয়।

কেহ কহে—অহে ভাই, ইথে নাহি আন।

ঐছে কত কহে—কেহ স্থির হৈতে নারে।

শ্রীনন্দনবন :—শেষশায়ী হইতে দেড় ‘কঃ মিঃ দূরে শ্রীনন্দন বন অবস্থিত। এইস্থানে শ্রীনন্দ

মহারাজ ভজনানন্দে মগ্ন থাকিতেন। শ্রীনন্দমহারাজের নামানুসারে স্থানের নাম শ্রীনন্দনবন বলিয়া

পরিচিত। স্থানখানি দর্শন করিবার সঙ্গে সঙ্গে হৃদয় সু-শীতল হইয়া যায়।

সুজাবলী :—বরচাবলী হইতে এক কিঃ মিঃ পূর্বিউক্তরাংশে সুজাবলী অবস্থিত।

বুধরারী :—বরচাবলী হইতে তিনি কিঃ মিঃ উত্তরে বুধরারী গ্রাম অবস্থিত।

গ্রামে শ্রীসীতা-

রাম, শ্রীমহাদেব এবং শ্রীহৃষ্মানজীউর মন্দির বিরাজিত।

বরকা :—বুধরারী হইতে দেড় কিঃ মিঃ উত্তরে বরকা গ্রাম অবস্থিত।

সূর্যকুণ্ড :—কোটবন হইতে দুই কিঃ মিঃ পূর্বভাগে সূর্যকুণ্ড গ্রাম অবস্থিত।

নগলা হসনপুর :—নবীপুর হইতে দেড় কিঃ মিঃ পূর্ব পার্শ্বে নগলা হসনপুর অবস্থিত।

খরোট :—কোশীকলা হইতে ছয় কিঃ মিঃ উত্তর-পূর্বাংশে এবং বুখরারী হইতে আড়াই কিঃ মিঃ পশ্চিমে খরোট গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাধাকৃষ্ণ মন্দির বিরাজিত। ইহা শ্রীকৃষ্ণের গোচারণ স্থান।

হতানা :—খরোট হইতে তিনি কিঃ মিঃ উত্তরে হতানা গ্রাম অবস্থিত।

ফলেনগ্রাম

কোশী হইতে সাত কিঃ মিঃ পূর্বে এবং গোহেতা হইতে ছয় কিঃ মিঃ উত্তরে ফলেন গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাধাকৃষ্ণ মন্দির, শ্রীমহাদেব মন্দির এবং শ্রীকৃষ্ণ অবস্থিত। একদা শ্রীরাধাকৃষ্ণকে মিংহাসনে বসাইয়া সখাগণ বিভিন্ন প্রকার বাড় বাজাইতে থাকিলে, সখীগণ মনানন্দে গানের তালে তালে লাল-নীল ইত্যাদি রংগের ফাঁগ শ্রীরাধাকৃষ্ণের অঙ্গে চরাইতে থাকেন। কখনো কখনো সখাগণ আবির উড়াইতে থাকেন। সেই নৌলার জন্য এইস্থানের নাম ফালেন বলিয়া পরিচিত।

রাজাগটী

বরচাবলী হইতে এক কিঃ মিঃ পূর্বভাগে রাজাগটী অবস্থিত। রাজাগটীর পার্শ্বে সুজাবলী অবস্থিত।

বরচাবলী

ফালেন হইতে ছয় কিঃ মিঃ উত্তরে বরচাবলী গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীমহাদেব মন্দির বিরাজিত।



শ্রীব্রজমণ্ডলের পশ্চিম এবং উত্তরাখণ্ড লীলা

চতুর্থ অধ্যায়

শ্যামডাক

পুছরী গ্রাম হইতে দেড় কিঃ মি� উত্তর-পশ্চিমাংশে শ্যামডাক গ্রাম অবস্থিত। কোন একদিন শ্রীকৃষ্ণ সখাগণের সহিত বৃক্ষের পত্র চয়ণ করিয়া তাহার দ্বারা দোনা প্রস্তুত করতঃ বনভোজন করিয়া ছিলেন এবং এই গ্রামে বিভিন্ন প্রকার বৃক্ষাবলী শ্যামবর্ণে ভূতি হওয়ায় শ্যামডাক নামে পরিচিত। এই স্থানে শ্রীবিঠ্টলনাথজীউর বৈঠক, গোপসাগর, জলঘরা, শ্রীমন্দির এবং গোপতলাই কুণ্ড বিরাজিত।

—ঃ তথাহি শ্রীভক্তিরত্নাকরে ঃ—

এই দেখ পলাশের বৃক্ষ পুরাতন। ‘শ্যামডাক’ কহে লোকে—এ অতি নিজ’ন॥

সামই :—শ্যামডাক হইতে দুটি কিঃ মি� দক্ষিণে সামই গ্রাম অবস্থিত। এইস্থানে শ্রীকৃষ্ণ শ্যামসন্ধী সাজিয়ে শ্রীমতীরাধাৰামীর মান ভঙ্গ করিয়াছেন। ইহা শ্রীকৃষ্ণ-বলরামের গোচারণ স্থান।

বরোলী চৌথঃ :—শ্যামডাক গ্রামের পশ্চিম ভাগে বরোলী চৌথ গ্রাম অবস্থিত, শ্যামডাকের বিভিন্ন তীর্থ দর্শন করিতে করিতে গ্রামবাসীগণ বিরাজ করিতেছেন।

দাঢ়ু নগলা :—শ্যামডাক হইতে দুই কিঃ মি� উত্তর-পশ্চিম ভাগে দাঢ়ু নগলা অবস্থিত। এই স্থানে শ্রীতুলসীকুণ্ড এবং শ্রীরাধামাধব মন্দির দর্শনীয়।

বেহেজ :—গাঁটুলী হইতে ছয় কিঃ মি� পশ্চিমে বেহেজ গ্রাম অবস্থিত। দেবরাজ ইন্দ্র প্রচুর পরিমাণে বারি বর্ষণ করিয়াও যখন শ্রীকৃষ্ণকে কোন প্রকার অনিষ্ট সাধন করিতে পারিলেন না তখন শ্রীকৃষ্ণকে সাক্ষাৎ ভগবান् মনে করিয়া স্বীয় অপরাধ ক্ষমা ভিক্ষার জন্য দৈন্ত্যভরে এইস্থানে আগমন করিয়াছিলেন। গ্রামে শ্রীবলদেবকুণ্ড, শ্রীরাধাকান্ত মন্দির এবং শ্রীদাউজী মন্দির বিরাজিত।

ନଗଲା ମୋତୀ :—ବେହେଜ ହଇତେ ଚାର କିଃମିଃ ପୂର୍ବ ଉତ୍ତରାଂଶେ ନଗଲାମୋତୀ ଅବସ୍ଥିତ । ଏହି ଗ୍ରାମେ ନାମ ବର୍ତ୍ତମାନେ ପଟପରାଗଞ୍ଜ ନାମେ ପରିଚିତ । ଗ୍ରାମେ ଶ୍ରୀରାଧାକାନ୍ତ ମନ୍ଦିର ବିରାଜିତ ।

ମୋତୀର ମାଳା ରାଧାର ଗଲେ କୁଣ୍ଡ ପରାଇଲ । ସେଇଜନ୍ତ ମୋତୀ ନଗଲା ଜଗତେ ବିଦିଲ ॥

ନଗଲା ଖପାନ ୧୦—ନଗଲା ମୋତୀ ହଇତେ ଅର୍ଦ୍ଧ କିଃମିଃ ଉତ୍ତରେ ନଗଲା ଖପାନ ଅବସ୍ଥିତ । ଏହିଙ୍କାନେ ଶ୍ରୀମହାଦେବଜୀଉର ମନ୍ଦିର ବିରାଜିତ ।

ମୋତୀର ମାଳା ପରାଇୟା କୁଣ୍ଡ ପଲାଇଲ । ସେଇଜନ୍ତ ରାଧାରାଗୀ ସଖୀରେ ପୁଛିଲ ॥

ଖପର ପାଇଲେ ସଖୀ କୁଣ୍ଡ କୋଥାଯ ଗେଲ । ଖପରେର ନାମ ଏବେ ଖପାନ ହଇଲ ॥

(ଖପର—ସଂବାଦ)

ଚୌମେଦୀ ୧୦—ନଗଲା ଖପାନ ହଇତେ ଦୁଇ କିଃମିଃ ପଶ୍ଚିମେ ଚୌମେଦୀ ବିରାଜିତ । ଏହିଙ୍କାନେ କୋନ ଜନ ସମ୍ମତି ନାହିଁ ତବେ ଅସଂଖ୍ୟ ସୁନ୍ଦର ସୁନ୍ଦର ସୁନ୍ଦର ସୁନ୍ଦର ସୁନ୍ଦର ଶୁଣାଟିକେ ସୁଶୋଭିତ କରିତେଛେନ । ଚୌମେଦୀଜୀ ମହାରାଜ ମନ୍ଦିରେ ଅବସ୍ଥାନ କରିଯା ସର୍ବଜୀବକେ ସର୍ବଦାର ଜନ୍ମ ଦର୍ଶନ ପ୍ରଦାନ କରାଇତେଛେନ ।

ମାଲୀପୁର ୧୦—ନଗଲା ମୋତୀ ହଇତେ ଦୁଇ କିଃମିଃ ଉତ୍ତରେ ମାଲୀପୁର ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଗ୍ରାମେ ଅସଂଖ୍ୟ ପୁଷ୍ପବ୍ଲକେ ସୁଶୋଭିତ ଏବଂ କୁଣ୍ଡ ବିରାଜିତ । ଫୁଲମାଲୀଗଣ ଏହି ଗ୍ରାମେ ବସିବାସ କରିଯା ନିତ୍ୟ ବିଭିନ୍ନ ପ୍ରକାରେ ଫୁଲଦ୍ୱାରା ଫୁଲମାଲା ପ୍ରସ୍ତନ କରତଃ ଶ୍ରୀକୃଷ୍ଣକେ ଭୂଷିତ କରିତେଛେନ ।

ମାଲପୁର

ଡୀଗ ହଇତେ ଦୁଇ କିଃମିଃ ଉତ୍ତରେ ମାଲପୁର ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । କୋନ ଏକଦିନ ଶ୍ରୀକୃଷ୍ଣ ସଖାଗଣେର ସହିତ ଗୋଚାରଣ କରିତେ ଏହିଙ୍କାନେ ଉପସ୍ଥିତ ହଇଯା ବଲିତେ ଲାଗିଲେନ ସେ—ଆମି ଇଚ୍ଛା କରିଲେ ସେ କୋନ କାର୍ଯ୍ୟ ସେକୋନ ସମୟେ ସମାଧାନ କରିତେ ପାରି । ତଥନ ସଖାଗଣ ଶ୍ରୀକୃଷ୍ଣକେ ପରୀକ୍ଷା କରିବାର ଜନ୍ମ ବଲିତେ ଲାଗିଲେନ ସେ—ଏହି ଗହନ ଅରଣ୍ୟ ବିଭିନ୍ନ ପ୍ରକାରେର ମାଲ (ଲାଡୁ, ମହୁଲ, ରାବରୀ, କୀର ଇତ୍ୟାଦି) ଆନନ୍ଦନ କରନ । ଆମରା ସେଇ ସମସ୍ତ ଭୋଗ୍ୟ ବସ୍ତ୍ର ଭକ୍ଷଣ କରିବାର ପରେଓ ସହି ତଡ଼ପାବସ୍ଥା ଥାକିଯା ଥାଯ, ତବେ ଆପନାର କଥାକେ ଆମରା ବିଶ୍ୱାସ କରିବ । ଶ୍ରୀକୃଷ୍ଣ ଏହିକଥା ଶ୍ରବଣ କରିବାର ସଙ୍ଗେ ସଙ୍ଗେ ସଖାଗଣେର ସମ୍ମାନ ବିଭିନ୍ନ ପ୍ରକାରେର ମାଲ (ଭୋଗ୍ୟବସ୍ତ୍ର) ଉପସ୍ଥିତ କରାଇତେ ଲାଗିଲେନ । ସଖାଗଣ ମନାନଲେ ସେଇ ସମସ୍ତ ଦ୍ରବ୍ୟ ଭକ୍ଷଣ କରିତେ ଲାଗିଲେନ । ଭକ୍ଷଣେର ପରେଓ ସେଇ ସମସ୍ତ ମାଲ ତଡ଼ପାବସ୍ଥା ଦେଖିତେ ପାଇଯା ଶ୍ରୀକୃଷ୍ଣକେ ଅନାଦିର ଆଦି ଗୋବିନ୍ଦ ଜ୍ଞାନେ ସ୍ଵତି କରିତେ ଲାଗିଲେନ । ସେଇ ଲୀଲାର ଜନ୍ମ ସ୍ଥାନଥାନି ଅଦ୍ୟାପିଓ ମାଲପୁରା ନାମ ନିଯେ ଜଗତେ ପରିଚିତ ହଇତେଛେନ ।

ଡୀଗ / ଲାଠାବନ

ଶ୍ରୀଗୋବର୍ଦ୍ଧନ ହଇତେ ଚୌଦ୍ଦ କିଃମିଃ ପଶ୍ଚିମେ ଡୀଗଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଗ୍ରାମେ ଶ୍ରୀଲକ୍ଷ୍ମୀନାରାୟଣମନ୍ଦିର ଶ୍ରୀସାଙ୍କୀ-ଗୋପାଳ ମନ୍ଦିର, ଶ୍ରୀଗୋବର୍ଦ୍ଧନନାଥ ମନ୍ଦିର, ଶ୍ରୀଲକ୍ଷ୍ମୀ ମନ୍ଦିର, ଲାଲାକୁଣ୍ଡ, କୁଣ୍ଡକୁଣ୍ଡ, ସୁରଜ ଭବନ, କୁଣ୍ଡଭବନ, ନନ୍ଦଭବନ, ଜନତା ମହଳ, ହରଦେବ ଭବନ ଇତ୍ୟାଦି ଦର୍ଶନୀୟ । ଗ୍ରାମେ ଭାଦ୍ରମାସେର ଅମାବସ୍ତ୍ରାୟ ବଡ଼ ମେଳା ବସିଯା ଥାକେ ।

ডীগের আংশিক স্থান ব্রজে অবস্থিত। সেইজন্য চৌরাশীক্রোশ পরিক্রমার সময় যাত্রীগণ ডীগ হইয়া পরিক্রমা করিতেন না কিন্তু তরতপুরের রাজা তাহাদিগকে অনুমতি দিয়া বলিতে লাগিলেন যে— তোমরা যদি এইস্থান হইয়া পরিক্রমা না কর তবে আমি লাঠালাঠি করিয়া তোমাদিগকে আনয়ণ করিব। রাজার প্রেমে বৈষ্ণবগণ প্রসন্ন হইয়া তদবধি ডীগ গ্রামের উপর দিয়া পরিক্রমা চালু করিতেছেন। সেই জন্য ডীগ গ্রামের অপর নাম লাঠাবন।

দিদাবলী :—ডীগ হইতে পাঁচ কিঃ মিঃ উত্তরে দিদাবলী গ্রাম অবস্থিত। গ্রামের পূর্বভাগে শ্রীদিদাবলী কুণ্ড এবং কুণ্ডটে শ্রীমসিংহদেবজী, শ্রীমহাদেবজী এবং শ্রীহরুমানজী বিরাজিত। শ্রীকৃষ্ণের পিতামহী এইগ্রামে বসবাস করিয়াছিলেন সেইজন্য দিদাবলী নামে গ্রামধানি জগতে পরিচিত।

কিশনপুর :—ডীগ হইতে দুই কিঃ মিঃ উত্তর-পশ্চিমাংশে কিশনপুর অবস্থিত। দিদাবলী গ্রামে গমন করিতে এই গ্রামধানি বামপার্শে থাকিয়া যায়। গ্রামে শ্রীগোপালজী মন্দির বিরাজিত।

নগলা শ্রীপুর :—দিদাবলী হইতে দুই কিঃ মিঃ পূর্বভাগে নগলা শ্রীপুর অবস্থিত। এইস্থানে শ্রীমহাদেব এবং শ্রীহরুমান মন্দির বিরাজিত। এইস্থানের প্রাচীন নাম মুনিশীর্ষকুণ্ড।

— : তথাহি শ্রীভক্তিরস্থাকরে :—

দেখ মুনিশীরস্থান-কুণ্ড স্মাধীরী। এথা কৃষ্ণে পাইলা মুনিগণ তপ করি'॥

এই দেখ—রামকৃষ্ণ এ সকল স্থানে। সখাসহ নানাক্রীড়া কৈলা গোচারণে ॥

নগলা বদ্রীপুর :—ইকলহরা হইতে আড়াই কিঃ মিঃ উত্তরে নগলা বদ্রীপুর অবস্থিত। এইস্থানে সখাগণ সঙ্গে শ্রীকৃষ্ণকে দর্শন করিয়া মুনিগণ মহা আনন্দের সহিত স্তুতি করিয়াছিলেন।

— : তথাহি শ্রীভক্তিরস্থাকরে :—

আর এই লীলাস্থলী অতি তেজোময়। দেখ ‘দেবশীরস্থান কুণ্ড’ মুশোভয় ॥

সখা-সহ দেখিয়া কৃষ্ণের গোচারণ। এথা মহাহর্ষে স্তুতি কৈলা দেবগণ ॥

নগলা কোকলা :—নগলা বদ্রীপুর হইতে দেড় কিঃ মিঃ উত্তরে নগলা কোকলা অবস্থিত।

ভিলসানা :—নগলা কোকলা হইতে সিকি কিঃ মিঃ পূর্বভাগে ভিলসানা অবস্থিত।

ইকলহরা :—ডীগ হইতে চার কিঃ মিঃ উত্তর-পূর্ব ভাগে ইকলহরা গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাধাকৃষ্ণ মন্দির, কুণ্ড এবং শ্রীরামসীতা মন্দির বিরাজিত।

পাস্তা :—পরমদরা হইতে চার কিঃ মিঃ উত্তর-পূর্বাংশে পাস্তা গ্রাম অবস্থিত।

রঞ্জ নরৈনা :—নগলা হরসুখা হইতে এক কিঃ মিঃ পূর্বে রঞ্জ নরৈনা অবস্থিত।

নগলা হরসুখা :—রঞ্জ নরৈনা হইতে এক কিঃ মিঃ পশ্চিমে নগলা হরসুখা অবস্থিত।

নরৈনাচৌথ :—রঞ্জ নরৈনা হইতে দেড় কিঃ মিঃ দক্ষিণে নরৈনাচৌথ অবস্থিত।

নাহরা চৌথ :—নগলা হরসুখা হইতে তিন কিঃ মিঃ উত্তরে নাহরাচৌথ অবস্থিত।

ধমারী :—নাহরা চৌথ হইতে দুই কিঃ মিঃ পশ্চিমে ধমারী অবস্থিত।

ঘাটা :—ইন্দ্রোলী হইতে তিনি কিঃ মিঃ দক্ষিণে ঘাটা গ্রাম অবস্থিত। শ্রীকৃষ্ণ-বলরাম সংগীগণ সঙ্গে গোচারণ করিতে আগমন করিয়া শ্রীমতীরাধাৰাণীৰ কথা মনে পড়িলে, হৃদয়ে এত প্রবল বেগে ঘাটা (আলোড়িত) হইতে লাগিল যে—শ্রীকৃষ্ণ সুবলকে বলিতে লাগিলেন—হে সখা আমাৰ প্ৰাণপ্ৰীয়াকে আনয়ণ কৰিয়া দাও। শ্রীকৃষ্ণেৰ হৃদয়ে এইৰূপ প্ৰেমেৰ ঘাটাকে শ্রবণ রাখিবাৰ জন্য স্থানখানি ‘ঘাটা’ নামে অস্থাপিও দৰ্শনীয়।

সুহেৱা :—সেউ হইতে দুটি কিঃ মিঃ পূৰ্বভাগে সুহেৱা স্থান অবস্থিত।

সেউ :—বজ্রী হইতে দুই কিঃ মিঃ উত্তরে সেউ অবস্থিত। গ্রামেৰ অপৰ নাম সেউকন্দৱা। এইস্থানে সুগন্ধি শিলা এবং পাহাড়েৰ তটে গ্রামখানি অত্যন্ত সুন্দৰ দৰ্শনীয়।

রঞ্জ পৱনমদৱা :—বজ্রী হইতে এক কিঃ মিঃ পূৰ্বভাগে অবস্থিত।

পৱনমদৱা

দীদাবলী হইতে চার কিঃ মিঃ উত্তরে পৱনমদৱা গ্রাম অবস্থিত। সখীগণ কোন একদিন শ্রীকৃষ্ণকে দৰ্শন কৰিবাৰ জন্য বন ভৱন কৰিতে কৰিতে এইস্থানে আসিয়া উপস্থিত হইলেন। এইস্থানে শ্রীকৃষ্ণেৰ দৰ্শন না পাইয়া কেহ রোদন কেহ উদ্বাদাবস্থা, কেহ বা শ্যামল বৰ্ণ বৃক্ষকে শ্রীকৃষ্ণ জ্ঞানে আলিঙ্গন কৰিতে উদ্যত হইলেন। এমতাবস্থায় শ্রীকৃষ্ণ সেইস্থানে উপস্থিত হইয়া বিভিন্ন সখীৰ ভাবানুসাৰে প্ৰমোদ অৰ্থাৎ আনন্দ প্ৰদান কৰাটিয়াছিলেন। আৱ একদিন সখীগণ জল আনিবাৰ জন্য কুণ্ডে রওনা হইলেন। কুণ্ডেৰ জল শ্রীকৃষ্ণেৰ অঙ্গ-বৰণ মনে কৰিয়া কুণ্ডতটে মৃচ্ছিত হইয়া পড়িলে শ্রীকৃষ্ণ তাহাদেৰ মূৰ্ত্তিঙ্গ কৰাইয়া পৱন আদৰনীয় হইয়াছিলেন ইতাদি কাৰণে এইস্থান পৱনমদৱা নামে পৱিচিত। গ্রামেৰ পূৰ্বভাগে চৱণ কুণ্ড এবং উত্তৱভাগে শ্রীকৃষ্ণকুণ্ড অবস্থিত। শ্রীকৃষ্ণকুণ্ডেৰ তীৰে শ্রীসুন্দৰী সখাৰ মন্দিৰ। মন্দিৰেৰ শ্রী-ৱাধাৰুষেৰ ঘূঁঁগল বিশ্রামিত।

—ঃ তথাহি শ্রীভক্তিৰস্ত্বাকৱেঃ—

এই ‘প্ৰেমোদনা’—গ্রামে কৃষ্ণ কৃত্তহনে। দিলেন প্ৰমোদ ভজসুন্দৰী সকলে॥

এই হেতু প্ৰমোদনা-নাম-গ্রাম হয়। এবে ‘পৱনমদনা’ সকল লোকে কয়॥

বজ্রী :—পৱনমদৱা হইতে তিনি কিঃ মিঃ উত্তরে বজ্রী গ্রাম অবস্থিত। এই গ্রামেৰ অপৰনাম শ্রীবুদ্দেবজী। গ্রামেৰ মধ্যে শ্রীবুদ্দেবজীনাথজী, শ্রীহৃদয়মানজী এবং শ্রীমহাদেবজী বিৱাজিত। মন্দিৰেৰ পূৰ্বভাগে অলকানন্দকুণ্ড দৰ্শনীয়।

গুহানা

বজ্রী হইতে দেড় কিঃ মিঃ দক্ষিণে গুহানা গ্রাম অবস্থিত। অস্থাবধি এইস্থানে শ্রীকৃষ্ণ সখাগণেৰ সহিত গোচারণলীলা কৰিতেছেন। এইস্থানে শ্রীশ্যামকুণ্ড, শ্রীগোপালকুণ্ড দৰ্শনীয়। এই গ্রামে শ্রীসুন্দৰীজীৰ

জন্ম হইয়াছিল। শ্রীকৃষ্ণ-বলরাম যখন সখাগণ সঙ্গে বাল্যকালে গোচারণ লীলা করিতেছিলেন তখন তিনিও সেই লীলায় ঘোগদান করিয়া তাহাদিগকে আনন্দ প্রদান করিয়াছিলেন।

নগলা মহারাণীয়া

টাঁকোলী হইতে দুই কিঃমিঃ উত্তর-পশ্চিমাংশে নগলা মহারাণীয়া অবস্থিত। সখাগণ এইস্থানে বিভিন্ন প্রকার বনফুলের দ্বারা শ্রীমতীরাধারাণীকে শৃঙ্গার করাইয়া মহারাণী উপাধিতে আক্ষয়াণীতা করিয়া-ছিলেন এবং স্বর্ণ-সিংহাসনোপরে উপবেশন করাইয়া চতুর্দিকে ঘূরে ঘূরে মৃত্যু-গীতাদি করিয়াছিলেন। সেই জন্য এইগ্রাম মহারাণী নামে অভিহিত। গ্রামে শ্রীমহারাণী কুণ্ড অবস্থিত। এবং কুণ্ডতটে শ্রীমহাদেবজী দর্শনীয়।

টাঁকোলী :—দিদাবলী হইতে তিন কিঃ মিঃ উত্তর-পশ্চিমাংশে টাঁকোলী গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীগোপালজী মন্দির বিরাজিত।

পহলবাড়া

মোনাকা হইতে এক কিঃমিঃ পূর্বতাগে পহলবাড়া অবস্থিত। কোন একদিন সখাগণ শ্রীকৃষ্ণকে বলিতে লাগিলেন যে—তুমি যদি আমাদের সঙ্গে একাকুস্তি লড়াই করিয়া জয়লাভ করিতে পার তবে তোমাকে পেলেমান অর্থাৎ শক্তিশালী বলিয়া ঘোষনা করিব। বাঁক্যামুসারে শ্রীকৃষ্ণ সকলের সঙ্গে একাকুস্তি খেলা খেলিতে উদ্বৃত হইলেন। তৎপরে সখাগণ ভয়ে একে অন্যকে বলিতে লাগিলেন যে—‘আমরা চতুর্দিকে ঘেবে শ্রীকৃষ্ণকে আক্রমন করিব। আর এক সখা বলিতে লাগিলেন যে—‘হে ভাইয়া তু পহেলা বাড়া’ অর্থাৎ তুমি প্রথমে শ্রীকৃষ্ণকে আক্রমন কর। ইত্যাদি ভাবে আলোচনা করিতে করিতে গ্রামের নাম বর্তমানে পহলবাড়া নামে বিখ্যাত।

মোনাকা :—চুক্ষেরা হইতে এক কিঃ মিঃ দক্ষিণে মোনাকা গ্রাম অবস্থিত।

ডিগচৌলী :—মোনাকা গ্রামের দক্ষিণ পার্শ্বে ডিগচৌলী অবস্থিত।

কল্যাণপুর :—ডিগচৌলীর পশ্চিম পার্শ্বে কল্যাণপুর অবস্থিত। শ্রীকৃষ্ণ-বলরাম গোচারণ লীলা করিতে করিতে এইস্থানে আসিয়া উপস্থিত হইলেন। গোপবালকগণ শ্রীকৃষ্ণ-বলরামকে দর্শন করিয়া দণ্ডবৎ প্রণাম জানাইলেন শ্রীকৃষ্ণ-বলরাম তাহাদিগকে ‘কল্যাণ হট্টক’ বলিয়া আশিষবাদ প্রদান করিয়াছিলেন সেইজন্য এই গ্রামের নাম কল্যাণপুর।

খোঁহ :—টাঁকোলী হইতে চার কিঃমিঃ পশ্চিমে খোঁহ গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীবাঁকেবিহারী মন্দির, শ্রীরাধাকৃষ্ণ মন্দির শ্রীমহাদেবজী মন্দির, এবং শ্রীহরুমানজীউর মন্দির বিরাজিত। শ্রীমতীরাধা-রাণীর মনকে আনন্দ বধ'ন করাইবার জন্য সখী এবং মঞ্জুরীগণ নিত্য—‘খোঁ’ খেলা খেলিয়া থাকেন। খেলার প্রশংসন চতুর্দিকে ছড়িয়ে পরে এবং গ্রামের নাম ‘খোঁ’ বলিয়া পরিচিত হয়।

চুক্ষেরা :—পসোপা হইতে তিন কিঃ মিঃ পূর্বে চুক্ষেরা গ্রাম অবস্থিত।

উদয়পুরী :— কায়রীকা নগলা হইতে ছই কিঃ মিঃ উত্তরে উদয়পুরী নগলা অবস্থিত।

ভয়ারী নগলা :— খোহ হইতে ছই কিঃ মিঃ উত্তরে ভয়ারী নগলা অবস্থিত।

কায়রীকা নগলা।

ভয়ারী নগলা হইতে এক কিঃ মিঃ উত্তরে কায়রীকা নগলা অবস্থিত। সখীগণ কোন একদিন ‘খো’ খেলা খেলিতে খেলিতে সন্ধ্যা হইয়া গেলে ‘খো’ গ্রাম হইতে ভয়ে ভয়ে শ্রীবর্ষাণা গ্রামের দিকে যাত্রা করিলেন। সেইজন্য খোহ হইতে ছই কিঃ মিঃ উত্তরে ভয়ারী নগলা বর্তমানে দর্শনীয়। তৎপরে হে কুষ্ঠ, হে আগেন্ধর এই ‘কারী’ অর্থাৎ কাল সময়কে আমাদের ভয় লাগিতেছে অতিসন্ত্বরে আমাদের মঙ্গলভাবে বর্ষাণা গ্রামে পৌছাইয়া দাও। গোপীগণের আহ্বানে শ্রাকৃষ্ণ একটু হাসিতেই বদনের দন্ত হইতে চাঁদের আলোর ত্যায় জোপ্তা দ্বারা এইস্থান হইতে বর্ষাণা গ্রাম পর্যন্ত আলোকিত হইয়া যায়। এই মহিমার জন্য বর্তমানে কায়রীকা বলিয়া জগতে বিখ্যাত।

শ্রীআদিবদ্রীনাথ

আলিপুর হইতে দেড় কিঃমিঃ দক্ষিণ-পশ্চিমাংশে আদিবদ্রীনাথ অবস্থিত। এইস্থানের প্রাকৃতিক দৃশ্য অত্যন্ত রমণীয়। চতুর্দিক ব্যাপিয়া কয়েকখানি পর্বত রহিয়াছে। এইস্থানে শ্রীনারায়ণজী তপস্থা আরম্ভ করিলে, তাহার বিঘ্ন ঘটাইবার জন্য শ্রীইন্দ্রমহারাজ দীর্ঘাপরায়ণ হইয়া বহু অপ্সরাকে প্রেরণ করিয়াছিলেন। কিন্তু শ্রীনারায়ণদেবজী ঘটনা বুঝিতে পারিয়া বাম উকু হইতে বহু উর্বশীর সৃষ্টি করিয়াছিলেন এবং দর্প চূর্ণ করিয়াছিলেন। তপোবনের দক্ষিণে গন্ধমাদন পর্বত, পশ্চিমে কেশব পর্বত, উত্তরে নিযদি পর্বত এবং পূর্বভাগে শঙ্খকুট পর্বত বিরাজিত। শ্রীআদিবদ্রীনাথ মন্দিরে প্রবেশ করিতে বাম ভাগে শ্রীমালাদেবীর মন্দির, দক্ষিণ দিকে শ্রীগোরীকুণ্ড এবং মন্দিরের সন্মুখে তপ্তকুণ্ড বিরাজিত। মন্দিরাভ্যন্তরে সারিবদ্ধ ভাবে সপ্ত শ্রীবিশ্ব বিরাজিত। যেমন—প্রথমে শ্রীবদ্রীনারায়ণ, এই বিগ্রহের একপার্শ্বে কুবের ভাণ্ডারী, অপর পার্শ্বে শ্রীঅন্নপূর্ণা দেবী চতুর্ভুজরূপে বিরাজ করিতেছেন। শ্রীবদ্রীনাথের দক্ষিণে ধ্যানমগ্ন শ্রীটুন্দবজী, তাহার দক্ষিণে যোগাসনে উপবিষ্ট শ্রীবদ্রীনাথ, তৎপার্শ্বে শ্রীচতুর্ভুজনারায়ণ, তৎপার্শ্বে শ্রীগনেশজী তৎপার্শ্বে শ্রীপার্বতীদেবী, তৎপার্শ্বে শ্রীকেদারনাথ মহাদেব, অগ্রে বৃষত বিরাজিত।

ইহাচার্ড শ্রীরামেশ্বরজী, শ্রীগঙ্গাজী, শ্রীহরিকি পৌড়ী, হরিদ্বার, ঋষীকেৰ, স্বর্গ আশ্রম, শ্রীযোগামায়া মন্দির, লক্ষ্মণঘূর্ণা, দেব সরোবর, চন্দ্ৰ সরোবৰ, চন্দনবন, গাজ, পিগলীবাণী গঙ্গোত্রী, জঙ্গোত্রী, অলখগঙ্গা, নারায়ণ পর্বত, মৈনাক পর্বত, ত্রিকূট পর্বত, নীলঘাটি, সুগন্ধ শিলা, কুষ্ঠকুণ্ড, উদ্বিকুণ্ড, সিঙ্গ গুফা ইত্যাদি দর্শনীয়।

—ঃ তথাহি শ্রীভক্তিরভাকরে ঃ—

এই সেতুকন্দরা—পরম রম্যস্থান। দেখি আদি বদ্রীনারায়ণ কৃপাবান্ন॥

পরম অপূর্ব সেবা বনের ভিতর। গন্ধশিলা বসিয়া পৰ্বত মনোহর॥

এথা কুষ্ঠ আনি' নন্দাদিক গোপগণে। খেদ দূর কৈলা দেখাইয়া নারায়নে॥

ଆଲୀପୁରଗ୍ରାମ :— ପଶୋପା ହିତେ ତିନ କିଃମିଃ ଉତ୍ତରେ ଆଲିପୁର ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଶ୍ରୀଆଦିବଜ୍ଞୀ-ନାଥେ ଜନବସତି ନାହିଁ, ଏହିଷ୍ଠାନେଇ ବିରାଜିତ ।

ପଶୋପା

ଖୋହ ହିତେ ଛୟ କିଃ ମିଃ ଉତ୍ତରେ ପଶୋପା ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଗ୍ରାମେ ପାହାଡ଼େର ଉପରେ ଶ୍ରୀରାଧା-କୁକ୍ଷେର ଯୁଗଳ ବିଗ୍ରହ ବିରାଜିତ । ସଖାଗଣ ଆମାଦିଗକେ କିଶ୍କାର ଭାଲବାସେନ ଆଜ ଆମରା ଲକ୍ଷ୍ୟ କରିବ । ଏହି ପ୍ରକାର ଚିତ୍ତୀ କରିତେ କରିତେ ଶ୍ରୀକୃଷ୍ଣ ଏବଂ ଶ୍ରୀବଲରାମ ବନ ହିତେ ବନାନ୍ତରେ ସାତ୍ରା କରିଲେନ, କିନ୍ତୁ ପଣ୍ଡଗୁଲି ଅର୍ଥାଏ ଗାଭୀଗୁଲି ତାହାଦେର ମନେର ଭାବ ସୁଖିତେ ନା ପାରିଯା ପିଛୁ ପିଛୁ ସାତ୍ରା କରିଲେନ । କିଯଂ ପରେ ଗୋୟାଳ-ବାଲଗଣ ଶ୍ରୀକୃଷ୍ଣ ଏବଂ ଶ୍ରୀବଲରାମକେ ଦର୍ଶନ ନା ପାଇଯା କେହ ରୋଦନ କେହ ଉତ୍ୟାଦାବନ୍ଧାୟ ଅଷ୍ଟେଣ ଆରାନ୍ତ କରିଲେନ । ତେଥର ସଖାଗଣ ପଣ୍ଡଗୁଲିର ପା ଅର୍ଥାଏ ଯେ ଦିକେ ପଣ୍ଡଗୁଲି ଗମନ କରିଯାଛେ ସେଇଦିକେ ତାହାଦେର ପଦଚିହ୍ନ ଦର୍ଶନ କରିତେ କରିତେ ଏହିଷ୍ଠାନେ ଆଗମନ କରିଯା ଗାଭୀଗୁଲି ଏବଂ ଶ୍ରୀକୃଷ୍ଣ-ବଲରାମେର ଦର୍ଶନ ଲାଭ କରିଯାଛିଲେନ । ସେଇଜଣ୍ଠ ଏହି ଗ୍ରାମେର ନାମ ପଶୋପା ବଲିଯା ଜଗତେ ପରିଚିତ ।

ମୋରୋଲୀ :— ଉଦୟପୁରୀ ହିତେ ଏକ କିଃ ମିଃ ଉତ୍ତରେ ମୋରୋଲୀ ଅବସ୍ଥିତ ।

ଖାନପୁର :— ମୋରୋଲୀ ହିତେ ଅର୍ଦ୍ଧ କିଃ ମିଃ ପଶ୍ଚିମେ ଖାନପୁର ଅବସ୍ଥିତ ।

ନଗଳା କିଶୋରାସିଂହ :— ଖାନପୁରେ ଉତ୍ତର ଭାଗେ ନଗଳା କିଶୋରାସିଂହ ଅବସ୍ଥିତ । ଭଗବାନ୍ ଶ୍ରୀକୃଷ୍ଣର ଏକଜନ ଭକ୍ତେର ନାମ ଛିଲ କିଶୋରାସିଂହ । ତାହାର ଭଜନ ପ୍ରଭାବେ ଏହିଷ୍ଠାନଖାନି କିଶୋରାସିଂହନାମେ ପରିଚିତ ହିତେଛେ ।

ରଙ୍କ ସବସାନୀ :— ମଗଳା କିଶୋରାସିଂହେର ପଶ୍ଚିମଭାଗେ ରଙ୍କ ସବସାନୀ ଅବସ୍ଥିତ ।

ବିରାର :— ଖୁଟ୍ଟପୁରୀ ହିତେ ତୁଇ କିଃ ମିଃ ପୂର୍ବାଂଶେ ବିରାର ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଶ୍ରୀକୃଷ୍ଣ କୋନ ଏକ ଦିନ ସୋଲ ହାଜାର ଗୋପୀଗଣ ସମେ ରାମ କରିଯାଛିଲେନ । ରାସେର ପରେ ସଖୀଗଣ ଶ୍ରୀକୃଷ୍ଣକେ ପରିଶ୍ରାନ୍ତ ମନେ କରିଯା ଏହିଷ୍ଠାନେ ପୁଷ୍ପେର ଦ୍ଵାରା ଶୟାଦି ତୈରୀ କରିଯା ବିରାମ ଅର୍ଥାଏ ବିଶ୍ରାମ କରାଇଯାଛିଲେନ । ବିରାମ ହିତେ ଗ୍ରାମେର ନାମ ‘ବିରାର’ ବଲିଯା ପରିଚିତ ।

ପଞ୍ଜା :— ମୋରୋଲୀ ହିତେ ତୁଇ କିଃ ମିଃ ଉତ୍ତର-ପୂର୍ବଭାଗେ ପଞ୍ଜା ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ ।

ସବଲାନୀ :— ପଞ୍ଜା ହିତେ ଆଡ଼ାଇ କିଃ ମିଃ ଉତ୍ତର ପଶ୍ଚିମେ ସବଲାନୀ ଅବସ୍ଥିତ ।

ବରୋଲୀ ଧାଉ :— ପଶୋପା ହିତେ ତୁଇ କିଃ ମିଃ ଉତ୍ତରେ ବରୋଲୀଧାଉ ଅବସ୍ଥିତ ।

ଖୁଟ୍ଟପୁରିଯା :— ବରୋଲୀ ଧାଉ ହିତେ ଦେଡ଼ କିଃମିଃ ଉତ୍ତରେ ଖୁଟ୍ଟପୁରିଯା ଅବସ୍ଥିତ । ଗ୍ରାମେ ଅପର ନାମ ସେରପୁରିଯା । ଏହିଷ୍ଠାନେ ଶ୍ରୀରାଧାକୁଷେର ଯୁଗଳ ବିଗ୍ରହ, ଶ୍ରୀହୃମାନଜୀ ଏବଂ ଶ୍ରୀମହାଦେବ ମନ୍ଦିର ବିରାଜିତ ।

ବିଲୋନ୍ଦ :— ଖୁଟ୍ଟପୁରି ହିତେ ଆଡ଼ାଇ କିଃ ମିଃ ଉତ୍ତରେ ବିଲୋନ୍ଦ ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଗ୍ରାମେ ମୁରଲି ମନୋହର ଏବଂ ବାଲମୁକୁନ୍ଦ ମନ୍ଦିର ବିରାଜିତ ।

କେଦାରନାଥ :— ବିଲୋନ୍ଦ ହିତେ ଏକ କିଃ ମିଃ ପଶ୍ଚିମେ କେଦାରନାଥ ଅବସ୍ଥିତ । ପାହାଡ଼େର

উপরে শ্রীকেদারনাথজীউ, শ্রীপার্বতীদেবী বিরাজিত। পাহাড়ের নীচে কুণ্ডটৈ বৈষ্ণবগণ বসবাস করিতেছেন।

বাদলী : - বিলেন্দ হইতে দেড় কিঃমিঃ দূরে বাদলী গ্রাম অবস্থিত। গ্রীষ্মকালে কোন একদিন প্রচণ্ড গরম দেখা দিলে ব্রজবাসীগণ শ্রীকৃষ্ণকে শীতল বাতাস প্রবাহিত করিয়া সকলকে সান্ত্বনা প্রদান করিতে প্রার্থনা জানাইলেন। মুভুর্তের মধ্যে বাদল এবং শীতল হাওরা প্রবাহিত হইতে থাকিলে সখাগণ মনানন্দে শ্রীকৃষ্ণকে জয় জয় ধ্বনি করিতে লাগিলেন। সেইজন্য এইস্থানের নাম বাদলি বলিয়া পরিচিত।

লুহেসর : —কাঁমা হইতে ছয় কিঃ মিঃ পশ্চিমে এবং বাদলী হইতে দুই কিঃ মিঃ উত্তরে লুহেসর গ্রাম অবস্থিত। গ্রামে মুসলমানদের সংখ্যা বেশী হইলেও পাহাড়ের তটস্থিত অত্যন্ত মনোহর স্থান।

অগরাবলী : —লুহেসর হইতে দুই কিঃমিঃ পূর্বে এবং কাঁমা হইতে সাড়ে তিনি কিঃমিঃ পশ্চিমে অগরাবলী গ্রাম অবস্থিত। পাহাড়ের তটে গ্রামখানি অত্যন্ত সুন্দর দর্শনীয়।

শ্রীচরণপাহাড়ী

কাঁমা হইতে সাড়ে তিনি কিঃ মিঃ পশ্চিমে পাহাড়ের উপরে শ্রীচরণপাহাড়ী অবস্থিত। পাহাড়ের নীচে অগরাবলী গ্রাম দর্শনীয়। ভগবান শ্রীকৃষ্ণ এই পাহাড়ের উপরে আগমন করিয়া লীলাখেলা করিয়াছিলেন তাহার সত্ত্বাপ্রমাণ স্বরূপ অস্তাপিও শ্রীকৃষ্ণের চরণচিহ্ন দর্শনীয়। পার্শ্বে বিহুলকুণ্ড এবং পঞ্চস্থাকুণ্ড অবস্থিত। পঞ্চস্থাযথা :—রঙিলা, ছবিলা, জকিলা, মতিলা, ও দলিতা। এই কুণ্ডের মধ্যে দেশে শ্রীশ্বামকুণ্ড ও মোহিনীকুণ্ড একত্রে অবস্থিত।

শাহপুর : —চরণ পাহাড়ীর পূর্বভাগে, পাহাড়ের তটে দর্শনীয়।

করমুকা : —বাসরা হইতে দুই কিঃ মিঃ উত্তরে করমুকা গ্রাম অবস্থিত। শ্রীকৃষ্ণ কোন একদিন এই বনে আগমন করিয়া শ্রীমতীরাধাৱাণীর সহিত মিলিত হইলে এইস্থানের নাম করমুকা বলিয়া পরিচিত।

লালপুর : —বাসরা হইতে এক কিঃ মিঃ পূর্বে লালপুর গ্রাম অবস্থিত।

বাসরা : —বাদলী হইতে এক কিঃ মিঃ পূর্বদিকে বাসরা গ্রাম অবস্থিত। একদিন কোন একজন ব্রজবাসী স্ব-বাচুর দেখিতে ন। পাইয়া শ্রীকৃষ্ণের শ্রবণাপন্ন হইতেই বাচুরখানি হস্যাহস্যা করিতে করিতে সন্দুর্ধে আসিয়া উপস্থিত হইলেন। এই কথাখানি গ্রামবাসীগণ শুনিতে পাইয়া গ্রামের নাম রাখেন বসরা।

ইন্দ্রোলী

কাঁমা হইতে তিনি কিঃ মিঃ অগ্নিকোণে ইন্দ্রোলী গ্রাম অবস্থিত। ষর্ণের রাজা ইন্দ্র শ্রীকৃষ্ণকে পরাক্রম করিবার জন্য সখাগণ সমেত গোবৎস হরণ করিয়া যখন পুনরায় আগমন পূর্বক তত্ত্বপ গোবৎস সকল দেখিতে পাইলেন তখন শ্রীকৃষ্ণকে অনাদির আদি গোবিন্দ জ্ঞানে এইস্থানে ধ্যান এবং স্তুতি-নতি

করিয়াছিলেন। ইন্দ্র কর্তৃক শ্রীকৃষ্ণ ধ্যানের স্থান বলিয়া ইন্দ্রোলী নামে খ্যাত। কস্মুনি ও এইস্থানে তপস্থা করিয়াছিলেন। গ্রামে শ্রীমনসাদেবী বিরাজিত।

অঙ্গমা :— কাঁমা হইতে আড়াই কিঃ মিঃ দক্ষিণে অঙ্গমা স্থান অবস্থিত।

চিছরবাড়ী :— অঙ্গমা হইতে অর্দ্ধ কিঃ মিঃ পশ্চিমে ছিছরবাড়ী অবস্থিত।

নগলা হরনারায়ণ :— স্বর্হেরা হইতে দুই কিঃ মিঃ দক্ষিণে নগলা হরনারায়ণ অবস্থিত। এই স্থানে শ্রীকৃষ্ণ নারায়ণ মূর্তি ধারণ করিয়াছিলেন।

নগলা হরসুখ :— নগলা হরনারায়ণ হইতে অর্দ্ধ কিঃ মিঃ দক্ষিণে নগলা হরসুখ অবস্থিত। গোপীগণের মনাভুমারে শ্রীকৃষ্ণ এইস্থানে সর্বপ্রকারের সুখ প্রদান করিয়াছিলেন।

কদম্বথগুৰী :— এই কদম্বথগুৰীতে শ্রীকৃষ্ণ গোপীগণের সহিত রাসলীলা করিয়াছিলেন। এই স্থানে শ্রীরাসমণ্ডল এবং শ্রীরত্নকুণ্ড দর্শনীয়। ভাত্র শুক্র চতুর্দশীতে মহা সমারোহের সহিত শ্রীরাসলীলার অভিনয় হইয়া থাকে। কোন কোন ভাগ্যবান অন্ধাপিণি এই রাসলীলা দর্শন পাইয়া থাকেন। পাহাড়ের উপরে বাসমণ্ডল, নীচে শ্রীরাধাকৃষ্ণ মন্দির এবং কদম্ব বৃক্ষাবলী দর্শন করিলে অবশ্যই হৃদয়ে প্রেমের উদয় হইয়াথাকে।

কনৰাড়া

কাঁমা হইতে আড়াই কিঃ মিঃ পূর্বে কনৰাড়া গ্রাম অবস্থিত। এই বনে কোন একদিন স্থীগণ শ্রীমতীরাধারাণীকে মহারাণী সাজাইয়া কেহ দ্বারপাল, কেহ পদসেবক ইত্যাদি ভাবে খেলা করিতে লাগিলেন। এইদিকে শ্রীকৃষ্ণ, শ্রীদাম-স্বদামাদি স্থাগণ, গোপকন্যারূপ ধারণ করিয়া এইস্থানে আগমন করতঃ দ্বারপালকে বলিতে লাগিলেন যে— যদি কৃপা হয় তবে মহারাণীর সঙ্গে একটু বার্তালাপ করিতে পারি তত্ত্বের জন্য দ্বারপাল রাণীর নিকটে প্রার্থনা জানাইলে রাজরাণী জানিতে চাহিলেন যে—‘কে উহারা’, অর্থাৎ তাহারা কে। এইকথা শ্রবণ করিয়া এবং তাহারা পাছে ধরা পড়িয়া যায় এইরূপ চিন্তা করিয়া আস্তে আস্তে পেছনের দিক হইয়া পলায়ন করিলেন। শ্রীমতীরাধারাণীর একখানি প্রশ্নে শ্রীকৃষ্ণ পলায়ণ করিলে স্থানখানি কনৰাড়া নামে জগতে বিখ্যাত লাভ করিতেছে। সর্বশেষে এইস্থানে শ্রীরাধাকৃষ্ণের মিলন ঘটিয়াছিল।

মুল্লাকা :— কনৰাড়া হইতে দুই কিঃ মিঃ পূর্বে মুল্লাকা গ্রাম অবস্থিত।

মুরার :— মুল্লাকা হইতে দেড় কিঃ মিঃ দক্ষিণে মুরার গ্রাম অবস্থিত। এইস্থানে মুরলীর তালে তালে সমস্ত স্থাগণ নৃত্যগীতাদির দ্বারা শ্রীকৃষ্ণকে আনন্দ বর্কন করাইয়াছিলেন।

কাঁমা

লুহেসর হইতে ছয় কিঃ মিঃ পূর্বে কাঁমা গ্রাম অবস্থিত। এই গ্রামের অপর নাম শ্রীকাম্যবন। বনের মধ্যে কাম্যবনই চতুর্থ বন।

କାମ୍ୟବନ ଗ୍ରାମେର ଦର୍ଶନୀୟ ବିଗ୍ରହ :— ଶ୍ରୀବ୍ଲଙ୍ଦାଦେବୀ, ଶ୍ରୀଗୋବିନ୍ଦଦେବଜୀ, ଶ୍ରୀକାମେଶ୍ୱର ମହା-
ଦେବ, ଶ୍ରୀରାଧାମୋହନଦେବଜୀ, ଶ୍ରୀକୋଟେଶ୍ୱର ମହାଦେବ, ଶ୍ରୀକଳ୍ୟାଗରାୟ, ଶ୍ରୀଚୌରାଶୀ ଥାମ୍ବା, ଶ୍ରୀଗୋପାନାଥଜୀଉ,
ଶ୍ରୀଗୋପାନାଥର ମହାଦେବ, ଶ୍ରୀସତ୍ୟନାରାୟଣଦେବଜୀ, ଶ୍ରୀକାମକିଶୋରୀ, ଶ୍ରୀଶୂରାନାରାୟଣ, ଶ୍ରୀଗୋପାଲଜୀ, ଶ୍ରୀଲଙ୍କ୍ଷୀ-
ନାରାୟଣଜୀ, ଶ୍ରୀବିହାରୀଜୀ, ଶ୍ରୀସୀତାରାମଜୀ, ଶ୍ରୀବୈଦ୍ୟନାଥ ମହାଦେବ, ଶ୍ରୀଛୋଟିରାମଜୀ, ଶ୍ରୀଛୋଟିଦାଉଜୀ, ଶ୍ରୀଧର୍ମ-
ରାଜ, ଶ୍ରୀରାଧାବନ୍ଧୁଭଜୀ, ଶ୍ରୀମନ୍ମମୋହନଜୀ, ଶ୍ରୀଗୋକୁଳଚନ୍ଦ୍ରମାଜୀ, ଶ୍ରୀହର୍ମମାନଜୀ, ଶ୍ରୀଗଙ୍ଗାବିହାରୀଜୀ, ଶ୍ରୀମନ୍ମହା-
ପ୍ରଭୁଜୀ, ଶ୍ରୀଗୋବର୍ଦ୍ଧନ ନାଥଜୀ, ଶ୍ରୀଶ୍ଵେତବରାହଦେବଜୀ ଇତ୍ୟାଦି ।

ଶ୍ରୀବ୍ଲଙ୍ଦାଦେବୀ

ଏକଟି କିମ୍ବଦନ୍ତୀ ଆଛେ କାଲାପାହାଡ଼େର ଉତ୍ତପାତକାଳେ ଶ୍ରୀବ୍ଲଙ୍ଦାବନେର ବିଶେଷ ବିଶେଷ ଶ୍ରୀବିଗ୍ରହ
ସ୍ଥାନାନ୍ତରିତ ହଇବାର କାଳେ ଶ୍ରୀବ୍ଲଙ୍ଦାଦେବୀଙ୍କ ସାନବାହନେ ସ୍ଥାନାନ୍ତରିତ ହଇତେଛିଲେନ, କିନ୍ତୁ ବ୍ଲଙ୍ଦାଦେବୀର ଗାଡ଼ୀ
କାମ୍ୟବନେ ଆସିଯା ଉପର୍ଥିତ ହଇଲେ ଦେବୀ ଆଦେଶ କରିଲେନ, ଆମି ଭଜେର ବାହିରେ ସାଇବ ନା, ଅତଏବ ଆମାକେ
ଭଜେର ବାହିର କରିଓ ନା । ସେଇ ଅବସ୍ଥା ଶ୍ରୀବ୍ଲଙ୍ଦାଦେବୀ କାମ୍ୟବନେଇ ଅବସ୍ଥାନ କରିତେଛେ ।

ଶ୍ରୀବିଷୁଣୁସିଂହାସନ

ବୈଶାଖୀ ଶୁକ୍ଳାତୃତୀୟାଯ ଶୁକ୍ରବାରେ ଏହି ସିଂହାସନେ ଶ୍ରୀନାରାୟଣେର ସହିତ ଶ୍ରୀଲଙ୍କ୍ଷୀଦେବୀର ବିବାହକାର୍ଯ୍ୟ
ମୟ୍ୟାନ୍ତର ହୁଏ । ଶ୍ରୀଚରଣକୁଣ୍ଡ, ଶ୍ରୀବୈଦ୍ୟନାଥ ମହାଦେବ, ଶ୍ରୀଗର୍ଭା ଚନ୍ଦ୍ରାତାସ, ଚନ୍ଦ୍ରେଶ୍ୱର ମହାଦେବ, ବରାହକୁଣ୍ଡ, ବରାହକୁପ,
ସଞ୍ଜକୁଣ୍ଡ, ଧର୍ମକୁଣ୍ଡ, ନରନାରାୟଣ କୁଣ୍ଡ, ନୀଲବରାହ, ପଞ୍ଚପାଣ୍ଡବ, ଶ୍ରୀହର୍ମମାନଜୀ, ପଞ୍ଚପାଣ୍ଡବ କୁଣ୍ଡ, ଶ୍ରୀମଣିକର୍ଣ୍ଣିକା,
ଶ୍ରୀବିଶେଷର ମହାଦେବ ଏବଂ ଶ୍ରୀଗଣେଶଜୀ ପ୍ରଭୃତି ଦର୍ଶନୀୟ ।

ଶ୍ରୀରାମେଶ୍ୱର ସେତୁବନ୍ଧ

କୋନ ଏକଦିନ ଶ୍ରୀରାଧାକୃଷ୍ଣଙ୍କ ଏହି ସରୋବରେର ଭଟ୍ଟେ ବସାଇଯା ଚତୁର୍ଦିକେ ସ୍ଥିଗିଗ କ୍ରମାନୁସାରେ ସେବା
କରିତେଛିଲେନ । ଏହିଦିକେ ବୃକ୍ଷଶାଖା ହଇତେ ବାନରଗଣ—କେହ ଲୟକ ଦିଯା ସରୋବରେ ପଡ଼ିତେଛେ, କେହ ବା ଶ୍ରୀକୃଷ୍ଣଙ୍କ
ଚରଣେ ଆସିଯା ପ୍ରଣାମ କରିତେଛେ । ତାହା ଦେଖିଯା ଲଲିତା ସ୍ଥୀ ବିଶାଖାକେ ବଲିତେ ଲାଗିଲେନ ସେ—ରାବ
ସୀତାକେ ହରଣ କରିଯା ଲଙ୍କାଯ ଲଟିଯା ଗେଲେ ଶ୍ରୀରାମଚନ୍ଦ୍ରେର ଆଜ୍ଞାନୁସାରେ ତାରି ତାରି ପାଥରଦ୍ଵାରା ହର୍ମମାନଗଣ ସମୁଦ୍ର
ବନ୍ଧନ କରିଯାଇଲେନ । ଶ୍ରୀରାମଚନ୍ଦ୍ରଙ୍କ କୁପାଯ ପାଥର ଜଳେ ତାସିତେଛିଲ ଏବଂ ଏହି ସେତୁର ଦ୍ୱାରା ଶ୍ରୀରାମଚନ୍ଦ୍ର ସମୁଦ୍ର
ଲଙ୍ଘନ କରିଯାଇଲେନ । ଏହିକଥା ଶ୍ରବନ କରିଯା ଶ୍ରୀକୃଷ୍ଣ ଲଲିତାକେ ବଲିତେ ଲାଗିଲେନ ସେ—ହେ ଲଲିତେ ଆମିଇ
ମେହି ଶ୍ରୀରଘୁନାଥ, ତାହାର ସହିତ ଆମାର କୋନ ଭିନ୍ନତା ନେଇ । ତଥନ ଛିଲାମ ଦଶରଥ ନନ୍ଦନ, ଏଥନ ହଇଯାଇ ଶ୍ରୀ-
ବ୍ରଜରାଜନନ୍ଦନ । ଲଲିତାମୟୀ ବଲିଲେନ—ଶ୍ରୀରଘୁନାଥ ପାଥରାଦି ଦ୍ୱାରା ସମୁଦ୍ରବନ୍ଧନ କରିଯାଇଲେନ, ତୁମ ପାଥର ଦ୍ୱାରା
ସରୋବର ବନ୍ଧନ କର ଦେଖି ? ତୋମାର କାଜ ଦେଖିଲେ ତବେଇ ଆମରା ବିଶ୍ୱାସ କରିବ । ସ୍ଥିର ବାକ୍ୟାନୁସାରେ ଶ୍ରୀକୃଷ୍ଣ
ବାନରଗଣ ସଙ୍ଗେ ଲହିଯା ପାଥର ଦ୍ୱାରା ସରୋବର ବନ୍ଧନ କରିତେ ଲାଗିଲେନ । ପାଥର ଶ୍ରୀକୃଷ୍ଣଙ୍କ ହଞ୍ଚ ପର୍ଶ୍ରେ ଜଳେର
ଉପର ଭାସିତେ ଲାଗିଲ । ଏହି ଲୀଲା-ଖେଳ ଦେଖିଯା ଶ୍ରୀକୃଷ୍ଣଙ୍କ ସେ ଶ୍ରୀରାମଚନ୍ଦ୍ର ଛିଲେନ ତାହା ସକଳେ ବିଶ୍ୱାସ
କରିଲେନ ଏବଂ ସରୋବରେ ନାମ ରାଖିଲେନ ଶ୍ରୀରାମେଶ୍ୱର ସେତୁବନ୍ଧ ।

শ্রীবিমলাকুণ্ড

এ ‘বিমলাকুণ্ড’—স্নানে সর্বপাপ ক্ষয়। এথা প্রাণতাগে বিষ্ণুলোক প্রাপ্তি হয় ॥
 বিমলকুণ্ডের কথা কহা নাহি যায়। এথা শ্রীবিমলাদেবী রহনে সদায় ॥
 বিমলস্থ চ কুণ্ডে চ সর্বং পাপং প্রমুচাতে। যস্তু মুক্তি প্রাপ্তান মমলোকং গচ্ছতি ॥

(আদি বরাহ পুরাণে)

অনুবাদ :-কাম্যবনের বিমলকুণ্ডে স্নান করিলে সর্বপাপের মোচন হইয়া থাকে। যেন্যকি সেইকুণ্ডে প্রাণ ত্যাগ করে, সে আমার ধার্ম প্রাপ্ত হয়। শ্রীবিমলাকুণ্ডের চতুর্দিকস্থ মন্দির ও তৌর্তাদি :—শ্রীসত্যনারায়ণ, শ্রীনিঃশঙ্খদেব, শ্রীবলদেব, শ্রীচতুর্ভুজ ভগবান, সিদ্ধবাবার ভজনকূটীর, শ্রীদাউজী, শ্রীসূর্যদেব, শ্রীনীল-কঢ়েশ্বর মহাদেব শ্রীগোবৰ্কননাথ, শ্রীমদনগোপাল, শ্রীকাম্যবন বিহারী, শ্রীগোরাঙ্গমহাপ্রভু ও শ্রীনিষ্ঠানন্দ-প্রভু, শ্রীবিমলাদেবী, শ্রীবিমলা বিহারী, শ্রীমুরলীনোহর, শ্রীগঙ্গাজী, শ্রীগোপালজী, শ্রীবিহারীজীউইত্যাদি।

লুকালুকি বা লুকলুকিকুণ্ড

শ্রীবৃন্দাবন ও শ্রীবন্যাত্মা হইতে : একদা শ্রীকৃষ্ণ ও গোপবালিকা সকল এইখানে আগমন করিয়া এই কুণ্ডে লুকালুকি খেলা খেলিতেছিলেন। অর্থাৎ যে অধিকক্ষণ জলে ডুবিয়া থাকিতে পারিবে, তাহারট জয় হইবে। সকলে একত্রে ডুবিয়া চতুরা বালিকা সকল জল হইতে মস্তক উত্তোলন পূর্বক কখন শ্রীকৃষ্ণ জন হইতে মস্তক তুলিবেন, তাহারই প্রতীক্ষা করিয়া থাকিতেন। শ্রীকৃষ্ণ যখন জল হইতে মস্তক উত্তোলন করিতেন তাহার অব্যবহিত পূর্বেই আবার তাহারা জলে ডুব দিতেন, স্মৃতরাং তাহারা যে শ্রীকৃষ্ণ অপেক্ষা অধিক্ষণ জলের নীচে ছিলেন, ইহাই প্রতীয়মান হইত। তাহারা এইরপ ছলে-কৌশলে লুকালুকি খেলায় শ্রীকৃষ্ণকে বার কয়েক পরাপ্ত করিয়াছিলেন।

এবার তাহারা পণ রাখিয়া সকলে জলে ডুবিলেন। পূর্বের স্থায় এবারেও গোপবালিকাগণ জল হইতে মস্তক উত্তোলন করতঃ, কখন শ্রীকৃষ্ণ জন হইতে উঠিবেন, তাহারট প্রতীক্ষা করিতেছেন। অনেক ক্ষণ অতীত হইয়া গেল, শ্রীকৃষ্ণ আর জল হইতে মস্তক উত্তোলন করিলেন না। তখন ব্রজগোপীদের প্রফুল্লমন হতাশরপে প্রবলপবনে আন্দালিত করিতে লাগিল ; জলে স্থলে শ্রীকৃষ্ণের অম্বেষণ করিয়া, কোথা ও তাহার সন্ধান না পাইয়া তাহারা বলিতে লাগিলেন, হায় ! আমরা বুঝি জন্মেরমত প্রাণকৃষ্ণকে হারাইলাম ; হায় কেনই বা আমরা জলে লুকালুকি খেলিলাম ! হায় ! কেনই বা আমরা প্রবঞ্চনা করিয়া বার বার তাহাকে খেলায় পরাজিত করিলাম ? হয়ত এই কারণে প্রাণকৃষ্ণ আমাদিগকে এ জন্মের মত পরিত্যাগ করিলেন ? ব্রজগোপীগণ এইরপ বহুবিধ বিলাপ ও অবশেষে ক্রন্দন করিতে লাগিলেন। গোপীগণের ক্রন্দনাবস্থা দেখিয়া প্রাণবন্ধন দর্শন প্রদানাত্মে সকলকে প্রস্তুনা করাইয়াছিলেন।

এইবনে তিনিশত পঞ্চাশকুণ্ড রহিয়াছে তন্মধ্যে প্রধান পুণ্যগুলি যেমন :—শ্রীচরণকুণ্ড, গৱড়কুণ্ড, চন্দ্রভাগা, বরাহ, যজ্ঞ, নরনারায়ণ, পাণ্ডব, মণিকর্ণিকা, বিমলা, মনোকামনা, কামসরোবর,

যশোদা, দেবকী, নারদ, লঙ্ঘা, প্রয়াগ পুষ্কর, গয়া, অগস্ত্য, কাশী, মণি, যোগ, লুকলুকানি, কমলাকর সরো-
বর, জলক্রীড়ন, ধান, তপ, বিহুল, শ্রাম, বলভদ্র, চতুর্ভুজ, ললিতা, বিশাখা, গোপী, গন্ধর্ব, গোদাবরী,
অযোধ্যা, সাবিত্রী, গায়ত্রী, স্বরভী, শ্রী, চক্রতীর্থ, দামোদর, মধুসূদন, পৃথুদক, অর্ধা, অপ্সরা, বেদ, রহিণী,
চন্দ, ক্ষীরসাগর, চৈতন্ত, শাস্ত্রারু, গুপ্তগঙ্গা, নৈমীষতীর্থ হরিদ্বার, অবস্তিকা, মৎস্য, গোবিন্দ, মুসিংহ,
প্রহ্লাদ, গোপাল ব্রহ্ম, ধাম, তোগ, পরশুরাম, দার্ঢীপ্রেম, রঞ্জ, মাধুরী, কেবল, সূর্যকুণ্ড এবং পঞ্চস্থা
অর্থাৎ রঞ্জিলা, ছবিলা, জকিলা, মতিলা ও দতিলা ইত্যাদি।

এইবনে চৌরাশী সিংহাসন নামক একশত পরম সিংহাসন বিরাজমান যেমনঃ—শ্রীবিষ্ণুসিংহাসন,
শ্রীবৈষ্ণনাথসিংহাসন, বীরভদ্র, নিকন্ত, কৌর্তিপাল, মিত্রাবরণ, বৈনতেয়, কশ্যপ, বিনতা, কামদেব, বাযুদেব,
পিতৃ, ধর্মরাজ, আবির্ভূত্যাজ্ঞবল্ক্য, বিশামিত্র জমদগ্নি, বশিষ্ঠ, টিপাসনা, বুধ, দক্ষ, শঙ্খ, বৃহস্পতি, নারদ, ব্যাস,
অঙ্গিরা, অগস্তা, হরিত, পর্বত পরাশর, গর্গ, গৌতম, লিখিত সাতাতপা, গোভিল, বাল্মীকী, সনক, সনদ,
কবি, হবি, অস্ত্ররীক্ষ, প্রবুদ্ধ, পিঙ্গালায়ন, আবির, হোত্র, ক্রমীল, চমস, করভাজন, আপস্তম্ভ, পুরুষ্ঠ,
বিশোকা, বরাহ, নরনারায়ণ, কামধেনু, লাঙ্গুল, কামেশ্বর, সোমনাথ, ইন্দ্র, শচী, জয়ন্ত, অশ্বিনীকুমার, পঞ্চ-
পাণ্ডব, বিশ্বনাথ, গণেশ, চতুর্দশ, অশ্বরীষ, শ্রব, ধনুয়া, গান্ধি, সগর, ককুৎসু, দিলীপ, হরিশচন্দ, জনক,
খাতুপর্ণ, জয়ন্ত, ভগীরথ, বহুলাশ, বালখিল্য, চতুঃসন, স্বত্বদ, গোপদশসহস্র, স্বতপা, পৃশ্চ, ভীম্ব, কৃষ্ণ,
গোপীকা, লঙ্ঘা, পদ্মনাভ, রেবত, অশ্বি, স্বাহা, উন্মুখ, ভদ্রকালী, গয়া, গদাধর, অনিকুল, কাশীশ্বর,
চৌষট্টীযোগিনী, রাম, লক্ষণ, পঞ্চ, বলভদ্র, পৃথু, মুসিংহ, প্রহ্লাদ, পরশুরাম, সূর্য, বলি, ভূগ্র, বিন্দ্যাবলী
বিষ্ণুদাসঘোল, জয়বিজয় ইত্যাদি দ্বাদশ, সম্মুদ্র, গঙ্গা, ইত্যাদি একশত পনর সিংহাসন।

সিদ্ধ শ্রীজয়কৃষ্ণবাবাবাজী মহারাজ

সিদ্ধ বাবা শ্রীগঙ্গামাতা গোস্বামীনীর পরিবার ছিলেন। শ্রীনিত্যানন্দ বংশ ঢাকার শ্রীলক্ষ্মী-
কাস্তপ্রভুর পুত্র শ্রীনবকিশোর গোস্বামীজী শ্রীরাধামদনমোহন বিগ্রহ যুগল সঙ্গে লইয়া ব্রজমণ্ডলে আগমন
করতঃ সিদ্ধ বাবার ভজনকূটীরে কিছুদিন অবস্থান করিয়াছিলেন। কিছুদিন পরে প্রভুপাদ গমনেচ্ছত
হইলে শ্রীরাধামদনমোহন স্বপ্নে তাহাকে জানাইলেন যে—‘আমি তোমার সেবায় পরিতৃষ্ঠ হইয়াছি, এক্ষণে
এই বাবাজীমহাশয়ের সেবা গ্রহণ করিব; আমি আর এইস্থান হইতে যাইব না।’ প্রভুপাদ স্বপ্নাদেশ
পাইয়া প্রস্থান করিলেন, তদবধি বাবাজী মহাশয় মদনমোহনের সেবা করিতে লাগিলেন। শ্রীজগদানন্দ
দাসজী বলিতেন—‘সিদ্ধবাবার শ্রীকৃষ্ণচরণে যথার্থ রতি হইয়াছিল।’ শ্রীভগবৎ-কথাদি-শ্রবণে সিদ্ধবাবা
এরপ প্রেমাবিষ্ট হইতেন যে তাহার মন্তকের শিখাটিও উদ্ধৃয়ী হইতে প্রসিদ্ধ আছে যে ইনি ভজনের
সময়ে প্রেমাবেগে কখনও ছক্ষার করায় ভজনকূটীরের ছাদ কাটিয়া গিয়াছিল—অস্থাবধি তাহা দৃশ্য হয়।
ইনি কখনও নিজে যাইতেন না—দিবা-বাত্র শ্রীহরিনাম করিতেন। তিনি প্রচুর পরিমাণে আহার করিতেও
পারিতেন, আবার অনাহারেও বহুদিন কাটাইতে সমর্থ ছিলেন। শ্রীমদনমোহনের প্রসিদ্ধ দ্রব্য পাইয়া
ভজন করিতেন। প্রচুরতর আহারে বা অনাহারে তাহার কখনও অলসতা হইত না।

শ্রীগোবর্দনের সিন্ধু কৃষ্ণদাস বাবাজী এবং সূর্যকুণ্ডের সিন্ধু মধুসূদনদাস বাবাজী মহাশয় ও ইছারই অনুগত ছিলেন। সিন্ধুবাবাৰ নিকট হইতে সৰ্বপ্রথম ব্ৰজমণ্ডলে শ্ৰীগুৰুপ্ৰণালী দ্বাৰা ভজন কৰিতে হয় ‘ইহা’ প্ৰচাৰ হইয়াছিল। অল্প বয়স্ক এক বাবাজী সিন্ধুবাবাৰ আশ্রমে আগমন কৰিয়া শ্ৰীমদনমোহনেৰ সেবায় সহায়তা কৰিতে লাগিলে, সিন্ধুবাবা সেবায় প্ৰসন্ন হইয়া বলিলেন যে—তোমাৰ গুৰু প্ৰণালী আছে কি? তিনি বলিলেন যে—শ্ৰীগুৰুপ্ৰণালী কি? আমি তাহাৰ কিছুই জানি না। তখন সিন্ধুবাবা তাহাকে শ্ৰীগুৰুপ্ৰণালীৰ জন্য শ্ৰীগুৰুদেবেৰ নিকটে প্ৰেৰণ কৰিলেন। কিন্তু তিনি অনিচ্ছা সত্ত্বেও যাত্রা কৰিয়া রাস্তা হইতে পুনৰায় ফিৰিয়া আসিলেন। এইদিকে সিন্ধুবাবাকে শ্ৰীবৃন্দাদেবী স্বপ্নে জানাই-লেন যে—‘তুমি কেন তাহাকে বাহিৱে পাঠাইয়াছ—তাহাৰ গুৰুপ্ৰণালী তোমাৰ ঠাকুৱেৰ সিংহাসনেই রহিয়াছে।’ সিন্ধুবাবা তাহাকে ফিৰিয়া আসিতে দেখিয়া আনন্দেৰ সহিত আলিঙ্গন কৰিলেন এবং শ্ৰীগুৰুপ্ৰণালী ঠাকুৱেৰ সিংহাসন হইতে আনযণ কৰিয়া প্ৰদান কৰিলেন। কোন একদিন কিছু গোপবালক বাবাজী মহারাজেৰ কুটীৱে আগমন কৰিয়া জল দাও, জল দাও বলিয়া চিংকার কৰিতে লাগিলেন, বাবাজী মহারাজ কুটীৱে হইতে বাহিৱ হইয়া দেখিলেন যে—অনেক সুন্দৰ গো-বৎস এবং অনেক গোপবালক—সিন্ধুবাবা তাহাদেৰ নাম জিজ্ঞাসা কৰিলে কেহ কানাইয়া, কেহ বলদাউ ইত্যাদি নাম কহিতে লাগিলেন। সিন্ধুবাবা তাহাদেৰ জল পান কৰাইয়া কুটীৱে আগমন কৱতঃ তাহাদেৰই চিন্তা কৰিতে লাগিলেন এবং পুনৰায় দৰ্শন কৰিবার জন্য ফিৰিয়া আসিয়া দেখিলেন যে—এইস্থানে আৱ কেহই নাই। তৎপৰে সিন্ধুবাবা দুঃখে কাতৰ ও অধীৰ হইয়া পড়িলেন। কোন একদিন একজন বৃন্দা মহিলা গোপালজীকে আনযণ কৰিয়া বলিতে লাগিলেন যে—‘হে বাবা আমাৰ দ্বাৰা শ্ৰীগোপালজীউৰ আৱ সেবা হইতেছে না। তুমি ঠাকুৱেৰ সেবা কৰ, আমি ঠাকুৱ সেবাৰ ব্যাবস্থা কৰে দিব।’ সেইদিন রাত্ৰে তিনি স্বপ্নে জানিলেন যে—‘ঞি বৃন্দা স্বয়ং শ্ৰীবৃন্দাদেবী।’ চৈত্র শুক্ৰা দ্বাদশী তিথিতে সিন্ধুবাবা অপ্রকট হইয়াছিলেন।

পাণ্ডুবকুণ্ড

পঞ্চপাণ্ডব দুর্যোধনাদিৰ নিকটে পাশা খেলায় পৰাজিত হইলে, পণ অনুসাৰে বনে গমন কৰিয়া ঘুৰিতে ঘুৰিতে এই কাম্যবনে আগমন কৰিয়াছিলেন। তাহারা জলতৃষ্ণায় কাতৰ হইয়া একে একে এই কুণ্ডে আগমন কৱতঃ জলপান কৰিতে চেষ্টা কৰিলে ধৰ্মৱাজ বককৃপ ধাৰণ পূৰ্বক বলিতে লাগিলেন যে—‘তুমি কে? প্ৰথমে আমাৰ প্ৰশ্নেৰ উত্তৰ দাও, তাহাৰ পৱে জলপান কৰিবে। বিনা উত্তৰে জলপান কৰিলে অবশ্যই তোমাৰ মৃত্যু হইবে।’ প্ৰশ্ন হইল—

কি আশৰ্য কিবা বাৰ্তা পথ বলে কাবে। কোন জন সুখী হয় এই চৰাচৰে ॥

তিনি প্ৰশ্নেৰ উত্তৰ দিতে পারিলেন না অৰ্থ বিনা উত্তৰে জলপান কৰিতেই হৃত্যুৰ্বোধ পতিত হইলেন। এইভাৱে ভৌম, অৰ্জুন, নকুল এবং সহদেব চাৰতাহা মৃত্যুমুখে পতিত হইলে শ্ৰীযুধিষ্ঠিৰ মহারাজ আগমন কৰিয়া সমস্ত প্ৰশ্নেৰ উত্তৰ প্ৰদান কৰিলেন। তাহাতে শ্ৰীইন্দ্ৰমহারাজ প্ৰসন্ন হইয়া স্ব-ৰূপ ধাৰণ

করতঃ বলিতে লাগিলেন—আমি স্বর্গের রাজা ইন্দ্র, তোমাদের পরীক্ষা করিবার জন্য বকরণ ধারণ পূর্বক এইস্থানে আগমন করিয়াছি। তোমাদের জয় হউক! তৎপরে রাজা সমস্ত ভাইদের পুনর্জীবিত করিয়া দিলেন। অশ্বের উত্তর হইল—

- (১)—মাঝুষ কখন, কিভাবে প্রাপ্তি হইবে ইহাটি ‘আশ্চর্য’।
- (২)—মাঝুষের মুখ হইতে বিনির্গত মিষ্টিকথা হইতেছে—‘বার্তা’।
- (৩)—মহাজনগণের স্তুতি পদ্মস্তুতিকেই ‘পথ’ বলিয়া নিরূপণ করিয়াছেন।
- (৪)—যে অশ্বী এবং অপ্রবাসী সেই—‘স্মরণী’।

এই সমস্ত লীলামুসারে কুণ্ডের নাম পাণ্ডব কুণ্ড।

শ্রীআলতাপাহাড়ী

এইস্থানে শ্রীমতীরাধাৰাণীৰ চরণে সখীগণ আলতা পরাইয়াছিলেন। সেইজন্তু এইস্থানের নাম আলতাপাহাড়ী এবং পাহাড়ের নাম শ্রীআলতাপাহাড়। এইস্থানকে কেহ কেহ চিৰ-বিচিৰ শিলাখণ্ড বলিয়া উল্লেখ করেন। ইহার উত্তরে দেহিকুণ্ড। ভাস্ত্র শুল্কা দ্বাদশীতে এইস্থানে মহাসমারোহের সহিত মেলা বসিয়া থাকে।

ব্যোমাস্তুরের ঘূড়ি

চৌধুরীখেলাস্থান এ পর্বত-ব্যোমাস্তুরে। বধিলা কৌতুকে কৃষ্ণ এই গোকোদ্বারে॥

বারাণসীতে দানপরায়ণ যজকারী বিষ্ণুভক্তি পরায়ণ মানন ধৰ্মীকারী ভৌমরথ নামে এক রাজা ছিলেন। তিনি তনয়কে রাজ্যার্পণ করিয়া মন্দিরচলে গমন পূর্বক লক্ষ্যবর্ষ তপস্তি করেন। তাহার আশ্রমে শিষ্যবন্দনসহ মহিষি পুলস্ত্য সমাগত হইলেন কিন্তু অভিমানী রাজবৰ্ষী ভৌমরথ তাহাকে দেখিয়া উপৰ্যুক্ত হইলেন না, প্রণাম ও করিলেন না। তাহাতে পুলস্ত্য শাপ দিলেন যে—হে মহাখল! তুমি দৈত্য হও। সেই অভিশাপে রাজবৰ্ষী ভৌমরথের নাম হইলেন ময়দৈত্যের পুত্র ব্যোমাস্তুর।

কোন একদিন শ্রীকৃষ্ণ গোপণ সঙ্গে বনে গোচারণ করিতেছিলেন। তমাধ্যে কতিপয় বালক চোর, কতিপয় বালক মেষের ঘ্যায় ব্যাবহারী আৱ কতকগুলি পালকঙ্গপে ক্রীড়া করিতে লাগিলেন। সেই সময় ময়পুত্র ব্যোমাস্তুর গোপবালকবেশ ধারণ করিয়া চৌরবৎ হইলেন এবং গোপবালক-গণকে অপহৃত করিয়া পর্বত গহ্বরে নিক্ষেপ করিয়া শিলা দ্বারা আবৃত করিয়া রাখিলেন। তখন ক্রীড়া স্থলে শ্রীকৃষ্ণ মাত্র চার পাঁচজন বালকে অবশিষ্ট দেখিয়া ব্যোমাস্তুরের এই কর্ম বুঝিতে পারিলেন। পুনঃ রায় অন্য একজন গোপবালককে ব্যোমাস্তুর লইয়া যাইতে উপ্তত হইলে শ্রীকৃষ্ণ তাহাকে ধরিয়া ফেলিলেন। অস্ত্র তখন নিজরূপ ধারণ পূর্বক শ্রীকৃষ্ণের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন। শ্রীকৃষ্ণ তাহার ভূজদ্বয় গ্রহণ পূর্বক ভূতলে পতিত করিয়া মারিয়া ফেলিলেন। এবং পর্বত গহ্বরের আচ্ছাদন শিলা অপহৃণ করিয়া গোপণকে কষ্টকর স্থান হইতে বহির্গত করিলেন।

বথেরা

অকান্ত হইতে ছই কিঃমিঃ নৈঝত কোণে বথেরা গ্রাম অবস্থিত। এই গ্রামে শ্রীমতীরাধারাণীর প্রিয়ন্ত্র সখী শ্রীরঞ্জদেবী ও সুদেবী যমজ ভগিনীদের জন্মস্থান। নবদ্বীপ লীলায় শ্রীমতী রঞ্জদেবীর নাম শ্রীগোবিন্দ ঘোষ, শ্রজলীলায় তাহার পিতা—রঞ্জসার, মাতা—কঙ্গণা, গ্রাম-বংশেরা, জন্ম-ভাদ্র শুঙ্গ তৃতীয়া, পতি—বক্রেক্ষণ, স্বত্বাব—বামামধ্যা, বর্ণ পদ্মকিঙ্গল, বন্ধু—জয়কুম্ভ, মেবা—অলক্ষ্মী, ভাব—উৎকর্ষ কুঞ্জ—শ্যামবর্ণ সুখদশ্যামকুঞ্জ, স্থিতি—নৈঝত দলে, বয়স—১৪।২।৮, ঘূর্ধে—(১) কলকঠী, (২) শশিকলা, (৩) কমলা (৪) মধুরা, (৫) ইন্দিরা, (৬) কন্দর্পমুন্দরী, (৭) কামলতিকা, (৮) প্রেমমঞ্জরী।

শ্রীনবদ্বীপ লীলায় শ্রীমতী সুদেবীর নাম শ্রীবসুদেব ঘোষ। শ্রজলীলায় তাহার পিতা—রঞ্জসার মাতা—কঙ্গণা, গ্রাম—বংশেরা, জন্ম—ভাদ্র শুঙ্গ তৃতীয়া, পতি—বক্রেক্ষণের ছোটভাই রক্তেক্ষণ, স্বত্বাব—বামা প্রথরা, বর্ণ—সুবর্ণ, বন্ধু—প্রবাল বর্ণ, মেবা—জল, ভাব—কলহাস্তরিকা কুঞ্জ—হরিদ্বর্ণ সুখদকুঞ্জ, স্থিতি—বাযুদলে, বয়স—১৪।২।৮ ঘূর্ধে—(১) কাবেরী, (২) চারুকবরা, (৩) সুকেশী, (৪) মঙ্গুকেশী, (৫) হারহীরা, (৬) মহাহীরা, (৭) হারকঠী, (৮) মনোহরা।

নন্দোলা :—কনবাড়া হইতে ছুট কিঃ মিঃ ঝীশাগ কোণে নন্দোলা গ্রাম অবস্থিত। কদম্ব-খণ্ডিতে রামলীলা করিবার পরে সখীগণ এইস্থানে দোলনা অর্থাৎ শয়া স্থাপন করিয়া শ্রীরাধাকৃষ্ণকে বিশ্রাম প্রদান করাইয়াছিলেন।

রক্ষ নন্দোলা :—নন্দোলার দক্ষিণ পার্শ্বে রক্ষ নন্দোলা অবস্থিত।

পর নন্দোলা :—রক্ষ নন্দোলার পূর্বপার্শ্বে পর নন্দোলা অবস্থিত।

রক্ষ কনবাড়া :—রক্ষ নন্দোলার পশ্চিম ভাগে রক্ষ কনবাড়া অবস্থিত।

সুষ্ঠেরা

অকান্ত হইতে আংড়াই কিঃমিঃ অগ্নিকোণে সুষ্ঠেরা গ্রাম অবস্থিত। এই গ্রামে শ্রীমতীচম্পক-প্রিয়া সখীর জন্মস্থান। শ্রীনবদ্বীপ লীলায় তাহার নাম শ্রীসেনসিবানল। শ্রজলীলায় শ্রীমতী চম্পকলতা সখীর পিতা—আরাম, মাতা—বাটিকা, গ্রাম—সুষ্ঠেরা, জন্ম—ভাদ্র শুঙ্গ সপ্তমী, পতি—চওক্ষ, স্বত্বাব—বামামধ্যা, বর্ণ—হরিতাল, বন্ধু—দাঢ়িমুকুমুর্বর্ণ, মেবা—মৃত্য, ভাব—প্রোষ্ঠিত ভৰ্তিকা, কুঞ্জ—স্বর্ণবর্ণ নন্দদ কমলকুঞ্জ, স্থিতি—দক্ষিণদলে, বয়স—১৪।২।৯, ঘূর্ধে—(১) কুরঙ্গাক্ষী, (২) সুচরিতা, (৩) মঞ্জলী, (৪) মণিকুণ্ডলা, (৫) চলিকা, (৬) চন্দ্ৰলতিকা, (৭) কমলকাক্ষী, (৮) সুমলিরা।

ডানা :—বংশেরা হইতে অর্দ্ধ কিঃ মিঃ পূর্বভাগে ডানা স্থান অবস্থিত। একদিন সখাগণ এই স্থানে আগমন করিয়া ময়ুরের ডানা অর্থাৎ পাখা দেখিতে পাইয়া চিন্তা করিতে লাগিলেন যে—নিশ্চয় এই স্থানে আমাদের প্রাণবন্ধু আগমন করিয়া ময়ুরের সহিত মৃত্যুগীতাংদি করিয়াছেন, তাহার প্রমাণ দেখ—ছিন্নাবস্থায় পতিত এই পাখা। সেই জন্য এইস্থানের নাম ডানা বলিয়া পরিচিত।

ধিলাবটী :—অকাতা হইতে দেড় কিৎসি মিঃ উন্নরে ধিলাবটী গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীমহাদেব মন্দির অসিক্ত।

রাধানগরী :—অকাতা হইতে এক কিৎসি মিঃ পূর্বভাগে রাধানগরী অবস্থিত। শ্রীমতীরাধারাণীর একজন স্বীকৃত এইস্থানে বসবাস করিয়াছিলেন। তিনি আকুল প্রাণে শ্রীমতীরাধারাণীকে ডাকিতে থাকিলে শ্রীমতীরাধারাণী বর্ষাণা গ্রাম হইতে অসময়ে এইস্থানে আগমন করিয়া তাহাকে শান্তি করাইয়াছিলেন। সেই জন্য এইস্থানের নাম শ্রীরাধানগরী।

অকাতা :—রাধানগরী হইতে এক কিৎসি মিঃ পশ্চিমে অকাতা গ্রাম অবস্থিত।

কুলবানা :—ধিলাবটী হইতে দুই কিৎসি মিঃ পশ্চিমে কুলবানা গ্রাম অবস্থিত। পাহাড়ের তর্টে গ্রামখানি অত্যন্ত সুন্দর দর্শনীয়।

বাদিপুর :—কুলবানা হইতে এক কিৎসি মিঃ দূরে বাদিপুর গ্রাম অবস্থিত।

কলাবটা :—ভোজন থালীর পশ্চিম পার্শ্বে কলাবটা গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাধাকৃষ্ণ এবং সীতারাম মন্দির বিরাজিত। কলাবটী হইতে কলাবটা গ্রামের উৎপত্তি। শ্রীকৃষ্ণচন্দ্র যখন ভোজন থালীতে সখাগণ সঙ্গে ভোজন লীলা করিতেছিলেন তখন সখীগণ এইস্থানে এমন ভাবভঙ্গিতে নৃত্যজীব আবস্থ করিতে লাগিলেন যে—শ্রীকৃষ্ণচন্দ্র মূপুরের ধৰনি এবং সুমধুর কঠোর শুনিতে পাইয়া আগমন করিয়াছিলেন।

তার :—উদাকা হইতে এক কিৎসি মিঃ পশ্চিমে অবস্থিত।

ভোজন থালী

কাঁচা হইতে তিনি কিৎসি মিঃ উন্নরে ভোজনথালী অবস্থিত। সখাগণ শ্রীকৃষ্ণকে বলিতে লাগিলেন যে—হে প্রভু, আমাদের গহণ বনে খুব ক্ষুধা লাগিয়াছে অতএব আমাদিগকে ভোজন করাইতে হইবে। ভক্তাধীন ভগবান শ্রীকৃষ্ণ কুণ্ডতর্টে তমালবৃক্ষের নীচে বসিয়া বংশী ধৰনি করিতে থাকিলে বিভিন্ন গ্রাম হইতে দুধ, দই, মাথন ইত্যাদি ঘড়াঘড়া আপনি-আপ আগমন করিতে লাগিলেন। সখাগণ মন্মন্দে সেই সমস্ত দ্রব্য ভোজন করিয়াছিলেন। সেইজন্য এইস্থানের নাম ভোজন থালী। যদিও বর্তমানে স্থানখানি জৌর্বস্থায় লোকজন বসবাস ক্ষমতা পাইয়া স্থানখানি অত্যন্ত সুন্দর দর্শনীয়।

নগলা সীতারাম :—নন্দেরা এবং সত্বাসের মধ্যভাগে নগলা সীতারাম অবস্থিত। এই বনে একদিন সখীগণ শ্রীকৃষ্ণকে রামচন্দ্র এবং শ্রীমতীরাধারাণীকে সীতাদেবী সাজাইয়া ত্রেতায়ুগের লীলারস অন্বাদন করিয়াছিলেন।

নন্দেরা :—গুরুত গ্রাম হইতে তিনি কিৎসি মিঃ পূর্বে এবং সত্বাস হইতে দেড় কিৎসি মিঃ দক্ষিণে নন্দেরা গ্রাম অবস্থিত। এই গ্রামে বর্তমানে মুসলমানের সংখ্যা অধিক হইলেও পূর্বে শ্রীনন্দমহারাজের পরিকল্পন বসবাস করিয়াছিলেন।

କନବାଡ଼ୀ

ଆମୁଖୀ ନଗଲା ହଟିତେ ଅର୍ଦ୍ଧ କିଃମିଃ ପୂର୍ବେ କନବାଡ଼ୀ ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । କୋନବାଡ଼ୀ ହଇତେ କନବାଡ଼ୀ ଟଂପତ୍ତି । ଏକଦିନ ଶ୍ରୀମନ୍ଦମନ୍ଦନ ଏଇଥାନେ ଆଗମନ କରିଯା ଉନ୍ମାଦାବସ୍ଥାୟ, ଆମାର ସଖାର କୋନ ବାଡ଼ୀ, ଆମାର ସଖୀର କୋନ ବାଡ଼ୀ ଇତ୍ୟାଦି ଭାବେ ଚିଙ୍କାର କରିତେ ଧାକିଲେ ବର୍ତ୍ତମାନେ ଥାନଖାନି କନବାଡ଼ୀ ନାମେ ପରିଚିତ ହଇତେଛେ । ଗ୍ରାମେ ଶ୍ରୀମହାଦେବ ମନ୍ଦିର ଦର୍ଶନୀୟ ।

ଟକୋରା :—କୁଳବାନା ହଇତେ ଅର୍ଦ୍ଧ କିଃ ମିଃ ପଞ୍ଚମେ ଟକୋରା ଅବସ୍ଥିତ ।

ଲେବଡ଼ା :—ଅକବରପୁର ହଇତେ ଅର୍ଦ୍ଧ କିଃ ମିଃ ଉତ୍ତରେ ଲେବଡ଼ା ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ ।

ଅକବରପୁର କନବାଡ଼ୀ :—କନବାଡ଼ୀ ହଇତେ ସିକି କିଃ ମିଃ ପୂର୍ବେ ଅକବରପୁର ଅବସ୍ଥିତ ।

ପାପଡ଼ୀ :—ସତବାସ ହଇତେ ଛଇ କିଃ ମିଃ ପୂର୍ବେ ପାପଡ଼ୀ ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଏହି ବନେ ଏକଦିନ ସଖୀଗଣ ଶୁଦ୍ଧ ଫୁଲେର ପାପଡ଼ୀ ଦ୍ୱାରା ସିଂହାସନ, ମୁକୁଟ, ମାଲା ଇତ୍ୟାଦି ତୈରୀ କରିଯା ଶ୍ରୀରାଧାକୃଷ୍ଣକେ ସାଜାଇଯାଇଲେ । ସେଇଜଣ୍ଠ ଏଇଥାନେର ନାମ ପାପଡ଼ୀ ବଲିଯା ପରିଚିତ ।

ଆମୁକା :—କନବାଡ଼ୀ ହଇତେ ଅର୍ଦ୍ଧ କିଃ ମିଃ ପଞ୍ଚମେ ଆମୁକା ନଗଲା ଅବସ୍ଥିତ ।

ସତବାସ :—ନନ୍ଦେରା ହଇତେ ଦେଡ଼ କିଃ ମିଃ ଉତ୍ତରେ ସତବାସ ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଗ୍ରାମେ ଶ୍ରୀମନ୍ଦମନ୍ଦନ ବିରାଜିତ । ଏହି କୁଣ୍ଡତଟେ ଶ୍ରୀକୃଷ୍ଣର ମହିଷୀ ଶ୍ରୀମତ୍ୟଭାମାର ପିତା, ଶ୍ରୀଶତ୍ରାଜିଂ ମହାରାଜ ଶ୍ରୀମୂର୍ତ୍ୟଦେବେର ଆରାଧନା କରିଯାଇଲେ । ଶ୍ରୀଶତ୍ରାଜିଂ ମହାରାଜେର ଭଜନ ପ୍ରଭାବ ହଇତେ ଗ୍ରାମେ ନାମ ସତବାସ ହଇଯାଛେ । କୁଣ୍ଡର ଉତ୍ତରେ ଶ୍ରୀମୂର୍ତ୍ୟଦେବେର ମନ୍ଦିର ଏବଂ ଶ୍ରୀରାଧାକୃଷ୍ଣ ମନ୍ଦିର ବିରାଜିତ ।

ନଗଲା ଈଶ୍ଵରୀସିଂହ :—ବସଇ ଡହରା ହଇତେ ଅର୍ଦ୍ଧ କିଃ ମିଃ ଦକ୍ଷିଣେ ନଗଲା ଈଶ୍ଵରୀସିଂହ ଅବସ୍ଥିତ ।

ନଗଲା ଜାବରା :—ଏଚବାଡ଼ୀ ହଇତେ ଅର୍ଦ୍ଧ କିଃ ମିଃ ପୂର୍ବେ ନଗଲା ଜାବରା ଅବସ୍ଥିତ ।

ନଗଲା ବଲଦେବ :—ନଗଲା ଜାବରା ହଇତେ ଅର୍ଦ୍ଧ କିଃ ମିଃ ଉତ୍ତରେ ନଗଲା ବଲଦେବ ଅବସ୍ଥିତ ।

ନଗଲା ଦାନମହାୟ :—ନଗଲା ଈଶ୍ଵରୀସିଂହ ହଇତେ ଏକ କିଃ ମିଃ ଦକ୍ଷିଣେ ନଗଲା ଦାନମହାୟ ଅବସ୍ଥିତ ।

ଭଟ୍ଟକୀ :—ସତବାସ ହଇତେ ସୋଯା କି ମିଃ ବାୟୁକୋଣେ ଭଟ୍ଟକୀ ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଏଇଥାନେ ଶ୍ରୀହର୍ମାନ ମନ୍ଦିର ବିରାଜିତ ।

ଏଚବାଡ଼ୀ :—ଭଟ୍ଟକୀ ହଇତେ ଏକ କିଃ ମିଃ ଈଶାନ କୋଣେ ଏଚବାଡ଼ୀ ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ ।

ଉଁଚେରା :—ଭଟ୍ଟକୀ ହଇତେ ଦେଡ଼ କିଃ ମିଃ ବାୟୁକୋଣେ ଉଁଚେରା ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ ।

ନଗଲା ବନଚାରିଯା

ପରେହି ହଇତେ ଏକ କିଃ ମିଃ ପୂର୍ବଭାଗେ ନଗଲା ବନଚାରିଯା ଅବସ୍ଥିତ । ଏକସଖା ଅନ୍ୟସଖାକେ ବଲିତେ ଲାଗିଲେନ ସେ—ଶ୍ରୀକୃଷ୍ଣ କି ବନଚାରି ? କାରଣ—ଶ୍ରୀକୃଷ୍ଣ ବନେ ସକାଳ-ବିକାଳ ଗୋଚାରନାବସ୍ଥାୟ ଦିମକେ ଅତିବାହିତ କରେ । ବନଫୁଲେର ମାଲା ଗଲାଯ ପରେ । ଶ୍ରୀଯୁନାର ତଟେ ତଟେ ସଖା ଏବଂ ସଖୀଗଣ ସଙ୍ଗେ ଲୀଳା କରେ ।

কদম্ব বৃক্ষের নৌচেই যেন শ্রীকৃষ্ণকে দেখিতে পাওয়া যায়। ইত্যাদি ভাবে শ্রীকৃষ্ণকে চিন্তা করিতে করিতে স্থানখানি বনচারী নামে অভিহিত হইতেছে।

পরেহী

উচ্চেড়া হইতে এক কিঃ মিঃ উত্তরে পরেহী গ্রাম অবস্থিত। সর্বীগণ একদিন এইস্থানে একথানি কুঞ্জ তৈরী করিয়া শ্রীকৃষ্ণকে আহ্বান করিতে থাকিলে, শ্রীকৃষ্ণ বলিতে লাগিলেন যে—তোমরা সকলে বাহিরে অবস্থান কর এবং আমার কথা শুন—প্রথমে একবার তোমরা আমাকে নিয়ে বনে অনেক হাস্তরস আস্বাদন করিয়াছ কিন্তু এই বারও যদি সেইরূপ অবস্থা হয় “পরে” আমি আর আসিব না। শ্রীকৃষ্ণের এইরূপ বাক্যামুসারে গ্রামের নাম হয় পরেই।

পথরালী

গাঁবড়ী হইতে দুই কিঃ মিঃ পূর্বে পথরালী গ্রাম অবস্থিত। গোপীগণ একদিন জল আনিবার ছলে পথে আগমন করিয়া বলিতে লাগিলেন যে—এই পথেই আমাদের প্রাণবন্ধন চলিয়াগিয়াছে কিন্তু কিছুক্ষণ পরে আসিব বলিয়া এখনও আসিতেছে না। এইরূপ ভাবে কথোপকথন করিতে করিতে পথ-পানে তাকিয়ে চিন্তা করিতে লাগিলেন—ঐ যেন আমাদের প্রাণবন্ধন আসিতেছে, পুনরায়—ঐ যেন দেখা যাইতেছে ইত্যাদি ভাবে চিন্তা করিতে থাকিলে, বর্তমানেও স্থানখানি পথরালী নামে অভিহিত হইতেছে।

সহেড়া :—বসই ডহরা হইতে অর্দ্ধ কিঃ মিঃ পশ্চিমে সহেড়া গ্রাম অবস্থিত।

নগলা ভোগরা :—পথরালী হইতে এক কিঃ মিঃ পূর্ববর্তাগে নগলা ভোগরা অবস্থিত।

নগলা চাহর :—নগলা বলদেব হইতে অর্দ্ধ কিঃ মিঃ পূর্ববর্তাগে নগলা চাহর অবস্থিত।

নগলা দাতু :—বসই ডহরা হইতে সিকি কিঃ মিঃ উত্তরে নগলা দাতু অবস্থিত।

লোহগড় :—বামনবাড়ী হইতে অর্দ্ধ কিঃ মিঃ উত্তরে লোহগড় অবস্থিত।

বসই ডহরা :—নগলা দাতু হইতে সিকি কিঃ মিঃ দক্ষিণে বসই ডহরা অবস্থিত।

বামনবাড়ী :—লোহগড় হইতে অর্দ্ধ কিঃ মিঃ দক্ষিণে বামনবাড়ী অবস্থিত।

কিরাবতা :—পথরালী হইতে এক কিঃ মিঃ উত্তরে কিরাবতা গ্রাম অবস্থিত।

নোনেরা :—কিরাবতা হইতে দুই কিঃ মিঃ উত্তরে নোনেরা গ্রাম অবস্থিত।

রম্মলপুর :—গাঁবড়ী হইতে অর্দ্ধ কিঃ মিঃ পশ্চিমে রম্মলপুর গ্রাম অবস্থিত।

নগলা কুন্দন :—গাঁবড়ী হইতে এক কিঃ মিঃ উত্তরে নগলা কুন্দন অবস্থিত।

মমধারা :—নগলা কুন্দন হইতে অর্দ্ধ কিঃ মিঃ বায়ুকোণে মমধারা অবস্থিত।

নৈগাঁয়া

মমধারা হইতে দুই কিঃ মিঃ উত্তরে নৈগাঁয়া গ্রাম অবস্থিত। সর্বীগণ শ্রীকৃষ্ণকে বলিতে লাগিলেন

যে—আমরা ত্রি দিন যখন জল আনিতে শ্রীমুনায় গিয়াছিলাম তখন তমালপুরকের মীচে কে বংশীধনি দ্বারা আমাদিগকে আহ্বান করিয়াছিল। তদন্তের শ্রীকৃষ্ণ বলিলেন যে—‘হ্ম নহি গায়া ওর, বোলায়া’ শ্রীকৃষ্ণ গোপীগণের সহিত এইরূপ বার্তালাপ করিতে করিতে স্থানখানি নীর্গায়া নামে পরিচিত হয়।

খেচাতান :—নগলা কুলম হইতে অর্ক কিঃমিঃ পশ্চিমে খেচাতান অবস্থিত।

খেলড়ী গুমানী :—পাইগ্রাম হইতে ছুই কিঃ মিঃ পূর্বে খেলড়ী গুমানী গ্রাম অবস্থিত।

নগলা ডবোথর :—খেলড়ী গুমানী হইতে এক কিঃ মিঃ বায়ুকোণে নগলা ডবোথর অবস্থিত।

বামনী :—মমধারা হইতে এক কিঃ মিঃ পশ্চিমে বামনী গ্রাম অবস্থিত। এই গ্রামে একজন শ্রান্তগের দ্বী খুব শ্রীকৃষ্ণতন্ত্র ছিলেন, তাহার ভজন প্রভাবে গ্রামের নাম বামনী রূপে পরিচিত।

পাইগ্রাম :—পরেই হইতে তিন কিঃ মিঃ পশ্চিমে পাই গ্রাম অবস্থিত। একদিন শ্রীকৃষ্ণ কৌতুকের সহিত লুকাচুরি খেলা আরম্ভ করিলে, সমস্ত সখীগণের সহিত শ্রীরাধা বৃহৎ অঘেষণ করিবার পরে শ্রীকৃষ্ণকে এইস্থানে পাইয়াছিলেন। সেই লীলাভূমারে স্থানখানি পাইগ্রাম নামে অভিহিত হইতেছে।

জুরহুরী :—পাইগ্রাম হইতে আড়াই কিঃ মিঃ বায়ুকোণে জুরহুরা গ্রাম অবস্থিত। গ্রামে শিঙ্গার মন্দির (মন্দিরে শ্রীহরুমানজী) বিরাজিত।

জুরহুরী :—জুরহুরা হইতে তিন কিঃ মিঃ পূর্বে জুরহুরী গ্রাম অবস্থিত।



হথানগ্রাম :—নইগ্রাম হইতে তিন কিঃ মিঃ পশ্চিমে হথান গ্রাম অবস্থিত।

শ্রামশাবাদ :—হথানগ্রাম হইতে এক কিঃ মিঃ পূর্বভাগে শ্রামশাবাদ গ্রাম অবস্থিত।

অমিনাবাদ :—হথান গ্রাম হইতে এক কিঃ মিঃ দক্ষিণে অমিনাবাদ গ্রাম অবস্থিত।

জখোপল :—জুরহুরা হইতে তিন কিঃ মিঃ উত্তরে জখোপল গ্রাম অবস্থিত।

বিকটি :—অমিনাবাদ হইতে এক কিঃ মিঃ দক্ষিণে বিকটি গ্রাম অবস্থিত।

ডুড়োলী :—পুষ্টানা হইতে আড়াই কিঃ মিঃ দক্ষিণে ডুড়োলী গ্রাম অবস্থিত।

পুষ্টানা :— শিঙ্গার হইতে তিন কিঃ মিঃ পশ্চিমে পুষ্টনা গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীমহাদেবজী, শ্রীহরূমানজী ও শ্রীদাউজী মন্দির বিরাজিত।

সুহীরা :— ডুড়োলী হইতে এক কিঃ মিঃ দক্ষিণে সুহীরা গ্রাম অবস্থিত।

নেহদা :— সুহীরা হইতে এক কিঃ মিঃ পূর্বভাগে নেহদা গ্রাম অবস্থিত।

হাজীপুর :— শিঙ্গার হইতে এক কিঃ মিঃ পশ্চিম-দক্ষিণাংশে হাজীপুর গ্রাম অবস্থিত।

তিলোয়ারা / টীরবাড়া

নইগ্রাম হইতে ছই কিঃ মিঃ পশ্চিম-উত্তরাংশে এবং স্থান গ্রাম হইতে দেড় কিঃ মিঃ উত্তরে তিলোয়ারা গ্রাম অবস্থিত। এই তিলোয়ারা গ্রামের বর্তমাম নাম টিরবাড়া। এইস্থানে শ্রীরাধাকৃষ্ণ এরূপ নিপুনতার সহিত ক্রীড়া আরম্ভ করিয়াছিলেন যে, তিমাত্র সময় অবসর হয় নাই। এইহেতু স্থানের নাম তিলোয়ারা বলিয়া বিখ্যাত।

— : তথাহি শ্রীভক্তিরস্তাকরে :—

দেখহ কদম্বখণ্ডি 'তিলোয়ার' — গ্রাম। এথা ক্রীড়ারত নাই তিলেক বিশ্রাম।

শিঙ্গার

তিলোয়ারের ছই মাইল উত্তরে এবং পুষ্টানা হইতে তিন কিঃ মিঃ পূর্ব ভাগে শিঙ্গার গ্রাম অবস্থিত। এই স্থলের কাননে একদিন স্থাগন শ্রীকৃষ্ণকে ঘোড়শ শিঙ্গারে ভূষিত করিলেন এবং শ্রীকৃষ্ণ স্ব-হস্তে শ্রীমতীরাধারাণীকে ভূষিত করিলেন। তৎপরে স্থলের বিভিন্ন জাতীর পুষ্পদ্বারা নির্মিত এক ঝুলায় বসাইয়া সর্থীগন চতুর্দিকে ঘুরিয়া ঘুরিয়া নৃতা করিতে লাগিলেন। শ্রীকৃষ্ণ স্ব-হস্তে এই কাননে শ্রীমতীরাধারাণীকে শিঙ্গার করিয়াছেন সেইজন্ত এই গ্রামের নাম শিঙ্গার বলিয়া জগতে বিখ্যাত। যে বটবৃক্ষের ডালে শ্রীরাধাকৃষ্ণ ঝুলন খেলা খেলিয়াছিলেন তাহার নাম শৃঙ্গারবট, এই শৃঙ্গারবট অস্ত্বাবধি দর্শনীয়। গ্রামে শ্রীরাধাকৃষ্ণের মন্দির বিরাজিত।

— : তথাহি শ্রীভক্তিরস্তাকরে :—

এই যে 'শৃঙ্গার-বট' — কৃষ্ণ এইখানে। বাধিকার বেশ কৈল বিবিধ বিধানে॥

নই :— তিলোয়ারার ছই মাইল পূর্বে এবং বিছোর হইতে তিন মাইল পশ্চিম-দক্ষিণাংশে নই গ্রাম অবস্থিত। ইহা শ্রীবলদেব স্থল। শ্রীবলরাম ও সঙ্কর্ষণকৃষ্ণ বিরাজিত।

জরোঢ়ী :— মন্তকী হইত্তে এক কিঃ মিঃ দক্ষিণে জরোঢ়ী গ্রাম অবস্থিত।

মন্তকী :— শিঙ্গার হইতে এক কিঃ মিঃ পূর্বে মন্তকী গ্রাম অবস্থিত।

বসডলা :— শিঙ্গার হইতে দেড় কিঃ মিঃ পশ্চিমে বসডল। গ্রাম অবস্থিত।

বিছোর

শিঙ্গার হইতে দেড় মাইল, কোশী হইতে দশ মাইল এবং অঙ্কোপ হইতে চার কিঃ মিঃ দক্ষিণে বিছোর গ্রাম অবস্থিত। শ্রীরাধিকা শ্রীকৃষ্ণের সহিত বিলাস করিয়া গৃহে যাইবার কালে বিছেদ বশতঃ

অত্যন্ত কাতর হইয়াছিলেন। উভয়ের মধ্যে এইস্থানে বিলাস এবং বেলাবসানে নিজ নিজ গৃহে গমনান্তে বিচ্ছেদ, এই কারণে গ্রামের নাম ‘বিছোর’ বলিয়া পরিচিত।

—ঃ তথাহি শ্রীভক্তিরঞ্জকরে :—

দেখ এ ‘বিছোর-গ্রাম’—এথা চল্লমুখী। কৃষ্ণসহ মিলয়ে সঙ্গেতে প্রিয়সর্থী ॥

ক্রীড়াবসানেতে দেঁহে চলে নিজালয়। বিচ্ছেদ-প্রযুক্ত এ বিছোর নাম হয় ॥

নিমকো :—বিছোর হইতে দুই কিঃ মিঃ উত্তরে নিমকো গ্রাম অবস্থিত।

দারকো :—নিমকো হইতে আড়াট কিঃ মিঃ দূরে দারকো গ্রাম অবস্থিত।

ইন্দানি :—নিমকো হইতে অর্দ্ধ কিঃ মিঃ পশ্চিমে ইন্দানি গ্রাম অবস্থিত!

সামইথেরা :—বিছোর হইতে এক কিঃ মিঃ দক্ষিণে সামইথেরা গ্রাম অবস্থিত।

বদকা :—বুরাকা হইতে এক কিঃ মিঃ উত্তরে বদকা গ্রাম অবস্থিত।

বুরাকা :—বদকা হইতে এক কিঃ মিঃ দক্ষিণে বুরাকা গ্রাম অবস্থিত।

কাচীথেরা :—বুরাকা হইতে দেড় কিঃ মিঃ দক্ষিণে কাচীথেরা গ্রাম অবস্থিত।

অঙ্কোপ :—শিঙ্গার হইতে তিন মাইল এবং বিছোর হইতে দুই মাইল উত্তরে অঙ্কোপ গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীমহাদেবজীউ এবং শ্রীরাধাকৃষ্ণের মন্দির বিরাজিত।

বনচারী

সোন্দ হইতে দুই কিঃ মিঃ উত্তর-পূর্বাংশে বনচারী গ্রাম অবস্থিত। জি, টি, রোড ভজের মধ্যে এটি গ্রাম পর্যন্ত সমাপ্ত। গ্রামে শ্রীদাউজী মন্দির এবং সূরজ কুণ্ড দর্শনীয়।

—ঃ তথাহি শ্রীভক্তিরঞ্জকরে :—

‘বনচারী’ আদি গ্রামে অন্তুত বিলাস। এ সব ভজের সীমা, ওহে শ্রীনিবাস ॥

বনচারী পার্শ্বে শ্রীচামোলী বন অবস্থিত। শ্রীকৃষ্ণ এই বনে বিচরণ করিবেন সেইজন্ত বিভিন্ন প্রকারের বৃক্ষ লতাদি সুসজ্জিত হইয়া শ্রীকৃষ্ণাপেক্ষায় প্রতিক্ষা করিতে লাগিলেন। এই দিকে সখীগণ শ্রীকিশোর-কিশোরীকে চামোলী, বেলি, কদম্ব ইত্যাদি ফুলের দ্বারা সাজাইতে লাগিলেন, সেইজন্ত এই বনের নাম চামোলী বন।

লোহিনা :—বনচারী গ্রাম হইতে দুই কিঃ মিঃ পশ্চিমে লোহিনা গ্রাম অবস্থিত। এই ছোট গ্রামখানিও ভজের মধ্যে অবস্থিত।

সোন্দ :—অঙ্কোপ হইতে চার কিঃ মিঃ উশান কোণে সোন্দ গ্রাম অবস্থিত। এই সোন্দ ভজের উত্তর-পশ্চিম সীমান্ত গ্রাম। গ্রামে শ্রীরাধাকৃষ্ণের মন্দির, শ্রীমহাদেব মন্দির এবং কুণ্ড বিরাজিত। শ্রীকৃষ্ণের খুল্লতাত শ্রীমনন্দের বাস এই গ্রামে। সনন্দের নামাঞ্চল্যারে গ্রামের নাম সোন্দ বলিয়া জগতে পরিচিত।

মরুরলী :—ডাখোরা হইতে ছই কিঃ মিঃ উত্তরে মরুরলী গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীমহাদেবজীউ ও কুণ্ড দর্শনীয়।

ডাখোরা :—বনচারী হইতে ১'২৫ কিঃ মিঃ পূর্বদিকে ডাখোরা গ্রাম অবস্থিত।

কোড়লা :—ডাখোরা হইতে দেড় কিঃ মিঃ দক্ষিণে কোড়লা গ্রাম অবস্থিত।

হোডেল :—ভুলবানা হইতে চার কি মিঃ উত্তরে হোডেল গ্রাম অবস্থিত। পাঞ্চবগণ অস্তাত বাস কালে এইস্থানে আগমন করিয়াছিলেন। তাহার প্রমাণ স্বরূপ এখনও এইস্থানে পাণ্ডব কুণ্ড বিরাজিত। গ্রামের মধ্যে অগ্রবাল ধৰ্মশালায় শ্রীরাধাবিহারীজীউ, পাকীতলাব সবীতলাব, শ্রীহরূমানজী, শ্রীরামসাত্তা মন্দির, দেবীমন্দির, শ্রীলক্ষ্মীনারায়ণ মন্দির, পোরামাতা মন্দির, পাণ্ডব বন ইত্যাদি দর্শনীয়।

বদতোলী :—খিরবী হইতে এক কিঃ মিঃ পশ্চিমে বদতোলী গ্রাম অবস্থিত।

করমন :—হোডেল হইতে সাত কিঃ মিঃ দক্ষিণে এবং কোটবন হইতে তিন কিঃ মিঃ উত্তরে করমন গ্রাম অবস্থিত। শ্রীনন্দগ্রাম হইতে শ্রীকৃষ্ণ শ্রীমতীরাধারাণীর কথা মনে করিতে করিতে এইস্থান পর্যাপ্ত আগমন করিয়া অচেতন হইয়া পড়েন। সেইজন্ত এই গ্রামের নাম করমন বলিয়া পরিচিত।

ভুলবানা

হোডেল হইতে চার কিঃ মিঃ দক্ষিণে ভুলবানা গ্রাম অবস্থিত। শ্রীকৃষ্ণের সঙ্গে একদিন গোপ-বালকগণ এই বনে আগমন করিয়া সকলেই বিভিন্ন ভাবে খেলায় মগ্ন হইলেন কিন্তু শ্রীকৃষ্ণ একথানি কদম্ব গাছের নীচে বসিয়া আনন্দনে শ্রীমতীরাধারাণীর কথা চিন্তা করিতে লাগিলেন। এমন সময় শ্রী-স্ববনস্থা আসিয়া বলিতে লাগিলেন যে—হে বন্ধু, তোমার কি হইয়াছে। একা একা এই গহন কাননে কাহার কথা চিন্তা করিতেছ, উঠ, কথা বল, খেলায় যোগদান কর। তখন শ্রীকৃষ্ণ বলিলেন—দেখ বন্ধু, আমার মনে যখনই শ্রীমতীরাধারাণীর কথা মনে পড়ে তখনই যেন আমি কোথায় থাকি তাহার কিছুই উপলক্ষ করিতে পারি না। স্ববনস্থা বলিলেন—শ্রীমতীরাধারাণী এখন বর্ষাগা গ্রামে আছে আর আমরা এই অবশ্যে আছি কাজেই তাহার কথা এখন ভুলিয়া যাও, ভুলিয়া যাও। আমরা যখন গোচারণ করিয়া নন্দগ্রামে গমন করিব তখন অবশ্যই আমি তোমার মনস্কাননা পূর্ণ করিব। ইত্যাদি ভাবে সান্ত্বনা করিতে থাকিলে শ্রীকৃষ্ণ বলিলেন—ঠিক, ঠিকত, মনে থাহিবে, কখনও ভুলিবে না ত। এই লীলা অচুসারে গ্রামের নাম ভুলবানা বলিয়া পরিচিত।

খিরবী :—হাসনপুর হইতে দশ কিঃ মিঃ এবং বিজয়গঢ় হইতে ছই কিঃ মিঃ দূরে খিরবী গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরামসীতা মন্দির বিরাজিত।

গোরতা :—ডাঙ্গোলী হইতে এক কিঃ মিঃ দক্ষিণে গোরতা গ্রাম অবস্থিত।

ডাঙ্গোলী :—খান্দীগ্রাম হইতে দেড় কিঃ মিঃ দক্ষিণে ডাঙ্গোলী গ্রাম অবস্থিত।

અનુષ્ઠાનિક

মর্বলী হইতে চাঁর কিঃ মিঃ পূর্বভাগে খান্দীগ্রাম অবস্থিত। ঋজের উত্তর সীমান্ত ‘খন্দহর’। এট গ্রাম শ্রীবলদেবজীউর বিলাসস্থল। শ্রীবলদেবজীউ স্ব-হস্তে ঋজের সীমা নির্দিষ্ট করিয়া একখানি ‘খাম’ পোতিয়াছিলেন। সেই খামখানি অঢ়াবধি গ্রামের মধ্যভাগে পর্বতোপরী দর্শনীয়। শ্রীবলদেবজীউর এই লৌলা অনুসারে গ্রামের নাম খান্দী বলিয়া জগতে পরিচিত। গ্রামে শ্রীলঙ্ঘনীনারায়ণজীউ, শ্রী-মহাদেবজীউ, শ্রীরাধাকৃষ্ণ মন্দির এবং খান্দীর পার্শ্বে শ্রীদেবীমন্দির দর্শনীয়।

— তথাকি শ্রীভক্তিরস্থাকরে —

এই ব্রজসীমা—খন্দহরে ‘খানি গ্রাম’। এথা গোচারয়ে রঞ্জে কৃষ্ণ-বলরাম ॥

পালড়ী :—মরুভূমি হইতে এক কিঃ মিঃ উত্তর পূর্বাংশে পালড়ী গ্রাম অবস্থিত।

ভেঞ্চোলী :—ভিকুকী হইতে আড়াই কি.মি: উত্তর-পূর্বাংশে ভেঞ্চোলী গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাধাকৃষ্ণের বিগ্রহ এবং প্যারী পুছুরী কুণ্ড বিরাজিত।

ভিরুংকী : হাসনপুর হইতে সাত কিঃ মিঃ, খিরবী হইতে তিন কিঃ মিঃ পূর্বে এবং এচ. হইতে তিন কিঃ মিঃ পশ্চিমে ভিরুংকী গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীসিদ্ধবাবাৰ আশ্রম এবং আশ্রমে শ্রীরাধাকৃষ্ণেৰ যুগল বিগ্রহ বিৱাজিত।

বৎসানা :— ভিক্রকৌ হইতে দুই কিঃ মি� উত্তরে বৎসানা গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাধাকৃষ্ণ, শ্রীরামসৌতা, শ্রীহৃষুমানজী এবং শ্রীমহাদেবজীউর মন্দির বিরাজিত। শ্রীরামচন্দ্র এবং শ্রীকৃষ্ণচন্দ্রজীউর বৎশধরগণ এই গ্রামে বসবাস করিতেছেন।

লিখীঁ :—খান্দি গ্রাম হইতে তিন কিঃ মিঃ পূর্বভাগে লিখীঁ গ্রাম অবস্থিত। গ্রামে আমহাদেব-জীউর মন্দির এবং কুণ্ড বিরাজিত।

ধারণা :—লিখী হইতে এক কিঃ মিঃ দক্ষিণে ধারণা গ্রাম অবস্থিত।

ରାମଗଢ଼ :— ଭେଣୋଲୀ ହିତେ ଦୁଇ କିଃ ମିଃ ଉତ୍ତରେ ଏବଂ ହାମନପୁର ହିତେ ତିନ କିଃ ମିଃ ପଞ୍ଚମେ ରାମଗଢ଼ ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଗ୍ରାମେ ଶ୍ରୀବାଧାକୁଣ୍ଡର ଯୁଗଳ ବିଗ୍ରହ ଏବଂ କୁଣ୍ଡ ବିରାଜିତ ।

চৌদুরস :—এচ.গ্রাম হইতে অর্ধ কিঃ মি� পূর্বে চৌদুরস গ্রাম অবস্থিত। শ্রীযমুনার তটে শোভাবিস্তার কারী চৌদুরস আমার মনকে অসন্ন প্রদান করিতেছেন।

মাহলি :—সন্দেশ হইতে এক কি: মি: উক্তরে মাহলি গ্রাম অবস্থিত।

ମାହଲିତେ ମହାନନ୍ଦେ ଶ୍ରୀକୃଷ୍ଣ ଭକ୍ତ ସତ ।

বাস করে মহানন্দে শুণ গায় তত ॥

ବ୍ରଜବାସିଗଣ ସବେ ରାମଶୁଣ ଗାୟ ।

ଶ୍ରୀକୃଷ୍ଣକେ ଅନ୍ତରେତେ ସଦାଇ ଯେ ଧ୍ୟାମ୍ ॥

এক জন অন্য জনের সাক্ষাৎ হইলে

ଅର୍ଥମେଟି ‘ରାମ ରାମ’ ‘ରାମ ରାମଜୀ’ ବଲେ ॥

তৎপরে কথাবৰ্ত্তা যাহা কিছু কহে

অজের এই মহিমা বাংলাদিতে নহে ।

ଅଫିସେ ବାଜାରେ ସେ କୋନ ଥାନେତେ । ସକଳେଇ ତିଲକ ମାଳା କରିଯା ଯାଇବେ ॥
 ସର୍ବଜାତି ସମଜାନ ହିଂସା ନିନ୍ଦା ନାହିଁ । ଏହି ଦେଖ ଧାମେର ଶୋଭା ଯାଯବେ ବାଲାହି ଯାହି ॥
 ବ୍ରଜେର କତ ମହିମା ବଳା ଶକ୍ତି କାର । ତୁହି-ଏକ କଥା ବଲିଲାମ ଦେଖିଯା ତାହାର ॥

ହାସନପୁର

ଲିକିଗ୍ରାମ ହଇତେ ତିନ କିଃ ମିଃ ପୂର୍ବଦିକେ ହାସନପୁର ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ । ଶ୍ରୀଯମୁନାର ତଟେ ଏବଂ
 ବ୍ରଜେର ଉତ୍ତର ସିମାନା ଏହି ଗ୍ରାମ । ଗ୍ରାମେ ଶ୍ରୀହମୁନାଙ୍ଗୀ, ଶ୍ରୀମହାଦେବଜୀ ବିରାଜିତ । ଏକଦିନ ସଥାଗଣ ଶ୍ରୀ-
 କୃଷ୍ଣଙ୍କେ ବଲିତେ ଲାଗିଲେନ— ହେ ପ୍ରଭୁ ଆପନି ଶିଶୁକାଳେ ପୁତ୍ରନାଦି ଅସ୍ଵରଗଣକେ କିଭାବେ ନିହିତ କରିଯାଛେ ।
 ଶ୍ରୀକୃଷ୍ଣ ତଥନ ହାସିତେ ହାସିତେ ବଲିତେ ଲାଗିଲେନ ଯେ—‘ଦେଖ, ଆମାର ମାୟା କେହ ବୁଝିତେ ପାରିବେ ନା । ଆମି
 ଯେକୋନ ମୁହଁରେ—ଯେକୋନ କାର୍ଯ୍ୟ କରିତେ ପାରି । ଏହିଗୁଲି ଯେ କେବଳ ମାଧ୍ୟାରଣ ଲୀଲା ।’ ଶ୍ରୀକୃଷ୍ଣଙ୍କେର ମୁଖ-
 ଚନ୍ଦ୍ର ହଇତେ ସୁମ୍ବୁର ‘ବାଣୀ ଓ ହାସି’ ସେଇ ଆଜିଓ ହାସନପୁର ଗ୍ରାମ ନାମେର ମାଧ୍ୟମେ ପ୍ରକାଶିତ ହଇତେଛେ ।

ସହୋଲୀ :—ରାମଗଡ଼ ହଇତେ ଏକ କିଃ ମିଃ ଉତ୍ତରେ ସହୋଲୀ ଗ୍ରାମ ଅବସ୍ଥିତ ।



শ্রীব্রজমন্তের পূর্বাঙ্গ লীলা

পঞ্চম অধ্যায়

মারব গ্রাম

জেদপুরা হইতে তিন কিঃ মিঃ পশ্চিমে মারব গ্রাম অবস্থিত। এই গ্রামখানি আলিগড় জেলায় হইলেও ব্রজের উত্তর সীমানা শ্রীযমুনার তটে অবস্থিত। গ্রামের মধ্যভাগে পাহাড়ের উপরে শ্রীমার্কণ্ডের খবির সমাধি বিরাজিত। এই গ্রামে শ্রীমার্কণ্ডের খবি শ্রীকৃষ্ণ ভজনে সদা সর্বদা মগ্ন থাকিতেন। খবির নামাঙ্গসারে গ্রামের নাম মারব বলিয়া পরিচিত।

রামঘটী :—মারব হইতে দেড় কিঃ মিঃ পশ্চিমে রামঘটী অবস্থিত।

রায়পুর :—ধিদম হইতে দুই কিঃ মিঃ এবং পখোদনা হইতে দেড় কিঃ মিঃ দূরে রায়পুর গ্রাম অবস্থিত। শ্রীযমুনার তটে অত্যন্ত মনোরম স্থান। গ্রামে শ্রীনাগাবাবা আশ্রম এবং শ্রীদাউজ্জী মন্দির বিরাজিত।

জেদপুরা :—মারব হইতে তিন কিঃ মিঃ পূর্বভাগে জেদপুরা গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাধাকৃষ্ণ মন্দির এবং শ্রীমহাদেব মন্দির বিরাজিত।

ভমরোলা :—জেদপুরা হইতে আড়াই কিঃ মিঃ পূর্বভাগে ভমরোলা গ্রাম অবস্থিত।

খাজপুর :—মনিগঢ়ী হইতে দুই কিঃ মিঃ উত্তরে খাজপুর গ্রাম অবস্থিত।

মানাগঢ়ী :—খাজপুর হইতে এক কিঃ মিঃ উত্তরে মানাগঢ়ী অবস্থিত।

অভয়পুর :—মানাগঢ়ী হইতে এক কিঃ মিঃ পূর্বভাগে অভয়পুরা গ্রাম অবস্থিত।

চাঁদপুর খন্দ :—মডআকা হইতে এক কিঃ মিঃ উত্তর ভাগে চাঁদপুর খন্দ' অবস্থিত।

ভর্তিয়াকা :—চাঁদপুর খন্দ' হইতে অর্দ্ধ কিঃ মিঃ পূর্বভাগে ভর্তিয়াকা অবস্থিত।

বিড়োলী :—দিলুপট্টী হইতে অর্দ্ধ কিঃ মিঃ উত্তরে বিড়োলী অবস্থিত।

দিলুপট্টী :—কোলানা হইতে অর্দ্ধ কিঃ মিঃ উত্তরে দিলুপট্টী অবস্থিত।

বঘাই :—কোলানা হইতে এক কিঃ মিঃ পূর্বভাগে বঘাই অবস্থিত।

ধিদম :—রায়পুর হইতে অর্দ্ধ কিঃ মিঃ পূর্বভাগে ধিদম গ্রাম অবস্থিত।

নানাকপুর :— খিদম হইতে এক কিঃমিঃ পূর্বে এবং রায়পুর হইতে দেড় কিঃমিঃ পূর্বে নানকপুর গ্রাম অবস্থিত।

তিলকাঘঢ়ী :—নানকপুর হইতে এক কিঃ মিঃ উত্তরে তিলকাঘঢ়ী অবস্থিত। গ্রামে শ্রীরাধা কৃষ্ণের মন্দির বিরাজিত। প্রাচীন কালে এই গ্রামে এক পরম বৈষ্ণব বসবাস করিতেন, তাঁহার ভজন প্রভাবে গ্রামের সকল ব্রজবাসি নিত্য তিলক ধারণ করিয়া নিজ মিজ কাঁধে রত হইতেন। সেই মহাত্মা ভজন প্রভাবে গ্রামের নাম তিলকাঘঢ়ী বলিয়া পরিচিত।

মনিষটী :—তিলকাঘঢ়ীর পূর্বভাগে মনিষটী অবস্থিত। তিলকাঘঢ়ীতে যে মহাত্মা বসবাস করিতেন তিনি এইস্থানে এক মণি প্রাপ্ত হইয়া, ভজনে বিষ্ণু হইবে মানে করিয়া শ্রীষমুনার জলে বিসজ্ঞন দিয়াছিলেন, সেইজন্তু এইস্থানের নাম মনিগঢ়ী। গ্রামে শ্রীরাধাকৃষ্ণের মন্দির বিরাজিত।

ফিরোজপুর :—নোহরীল হইতে চার কিঃ মিঃ পশ্চিমে ফিরোজপুর গ্রাম অবস্থিত।

মেরই :—ফিরোজপুর হইতে দেড় কিঃ মিঃ উত্তরে মেরই গ্রাম অবস্থিত।

ভগত মকরেতিয়া :—মেরই হইতে এক কিঃ মিঃ উত্তরে ভগতমকরেতিয়া অবস্থিত।

মুসমনা :—মনিষড়ি হইতে সাড়েতিন কিঃ মিঃ এবং নানকপুর হইতে তিন কিঃ মিঃ উত্তরে মুসমনা গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাধাকৃষ্ণের প্রসীদ্ধ মন্দির বিরাজিত।

রামগঢ়ী :—মডআকা হইতে এক কিঃ মিঃ পূর্বভাগে রামগঢ়ী অবস্থিত।

মদারামগঢ়ী :—জাফরপুর হইতে এক কিঃ মিঃ উত্তরে মদারামগঢ়ী অবস্থিত।

কোলানা :—নোহরীল হইতে দুই কিঃ মিঃ উত্তরে কোলানা গ্রাম অবস্থিত। বাজনা হইতে তিন কিঃ মিঃ এবং মনিগঢ়ী হইতে ছয় কিঃ মিঃ দূরে এই গ্রাম অবস্থিত।

নূরপুর :—কোলানা হইতে দেড় কিঃ মিঃ উত্তর-পশ্চিমাংশে নূরপুর গ্রাম অবস্থিত।

অবাখেড়া :—অভয়পুরা হইতে অর্দ্ধ কিঃ মিঃ পূর্বভাগে অবাখেড়া গ্রাম অবস্থিত।

বুদমানা :—মডআকা হইতে দেড় কিঃ মিঃ দক্ষিণে বুদমানা গ্রাম অবস্থিত।

লাগা :—ফসীদপুরের পূর্বভাগে লাগা অবস্থিত।

ফসীদপুর :—মুসমনা হইতে দুই কিঃ মিঃ উত্তরে ফসীদপুর গ্রাম অবস্থিত।

সিগোনী :—মডআকা হইতে এক কিঃ মিঃ পশ্চিমে সিগোনী অবস্থিত।

মডআকা :—মানাঘঢ়ী হইতে দেড় কিঃ মিঃ দক্ষিণে মডআকা অবস্থিত।

ইনায়েতগড় :—নৈঝীল হইতে তিন কিঃ মিঃ দক্ষিণ-পশ্চিমাংশে ইনায়েতগড় অবস্থিত।

আরামিকরণ হিন্দুপট্টী :—ইনায়েতগড় হইতে অর্দ্ধ কিঃ মিঃ উত্তরে আরামিকরণ হিন্দুপট্টী অবস্থিত।

লানাকাসবা :—নৈঝীল হইতে এক কিঃ মিঃ পশ্চিমে লানাকাসবা অবস্থিত।

লনা মকদ্দমপুর :—লানা কাসবা হইতে অর্দ্ধ কিঃ মিঃ পশ্চিমে লানামকদ্দমপুর অবস্থিত।

বাজনা

তৃতৃতীয় সঙ্গে, কটেলিয়া হইতে তিন কিঃমিঃ এবং মণিষড়ি হইতে নয় কিঃমিঃ দূরে বাজনা গ্রাম অবস্থিত। কোন একদিন এইস্থানে এক নৃতাসভার আয়োজন করিলে, শ্রীদাম, সুদামাদি সখাগণ মৃদঙ্গ'তা'র ঘন্টাদি বাজাইতে থাকেন। সরস্বতীদেবী বিভিন্ন রাগরাগিণীর মাধ্যমে গান গাইতে থাকেন এবং শ্রী-রাধাকৃষ্ণকে অপরূপ এক সিংহাসনে বসাইয়া শ্রীমতীললিতা-বিশাখাদি সখীগণ চতুর্দিকে ঘুরিয়া ঘুরিয়া নৃত্য করিতে থাকেন। তাহাতে শ্রীরাধাকৃষ্ণ খুবই প্রসন্ন হইয়াছেন। সেইজন্য বর্তমানে এইস্থানের নাম বাজনা বলিয়া পরিচিত। অচাবধি এইস্থানে সেইরূপ লীলা হইয়া থাকেন।

আমি ইংরাজী ১৯৯০ সালে শ্রীব্রজমণ্ডল দর্শনের জন্য বাহির হইয়া এই গ্রামে শ্রীদাউজী মন্দিরে উপস্থিত হই। মনে করি দিপ্রহরে বিশ্রাম করিয়া বিকালে যাত্রা করিব কিন্তু মন্দিরের পূজাৰী বলিলেন না, আজ কোন প্রকারে চলিতে দিব না। আজ হইতে সাতদিন বাপি শ্রীবৃন্দাবন হইতে রাসমণ্ডলী আগমন করিয়া শ্রীরাধাকৃষ্ণের রাসাদি লীলা প্রকাশ করিবেন। আমি কেবল সেইদিন রাত্রে শ্রীকৃষ্ণের অপরূপ লীলা দর্শন করিয়া পরদিন প্রভাতে শ্রীব্রজমণ্ডল দর্শনের জন্য যাত্রা করি। গ্রামে শ্রীদাউজী মন্দির, শ্রীআনন্দশেষ মন্দির, শ্রীমহাদেবজীউর মন্দির বিরাজিত।

সদীকপুর :—বাজনা হইতে দেড় কিঃ মিঃ দক্ষিণে সদীকপুর গ্রাম অবস্থিত।

লালপুর :—সদীকপুর হইতে এক কিঃ মিঃ দক্ষিণে লালপুর গ্রাম অবস্থিত।

সলাকা :—পরসৌলী হইতে এক কিঃ মিঃ পূর্বভাগে সলাকা গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীহু-মানজীউ এবং শ্রীরামসীও মন্দির বিরাজিত।

পরসৌলী :—বাজনা হইতে ছই কিঃ মিঃ দক্ষিণে কিঞ্চিৎ পশ্চিম দিশায় পরসৌলী গ্রাম অবস্থিত। গ্রামে প্রসিদ্ধ শ্রীকাত্যায়ননৈদেবী মন্দির দর্শননীয়।

নোসেরপুর :—পরসৌলী হইতে দেড় কিঃ মিঃ পশ্চিমে নোসেরপুর অবস্থিত।

মুবারিকপুর :—নোসেরপুর হইতে এক কিঃ মিঃ দক্ষিণে মুবারিকপুর অবস্থিত।

কানেকা :—ভত্তিয়কা হইতে দেড় কিঃ মিঃ পূর্বভাগে কানেকা গ্রাম অবস্থিত।

নবীপুর :—কানেকা হইতে এক কিঃ মিঃ পূর্বভাগে নবীপুর অবস্থিত।

সেউপট্টী :—বঘাই হইতে এক কিঃ মিঃ পূর্বভাগে সেউপট্টী অবস্থিত।

মুড়ালীয়া :—দিলুপট্টী হইতে এক কিঃ মিঃ পশ্চিমভাগে মুড়ালীয়া অবস্থিত।

দিলুপট্টী :—বাজনা হইতে অর্দ্ধ কিঃ মিঃ পশ্চিমে দিলুপট্টী অবস্থিত।

নোহঝীল

দেদনা হইতে ছই কিঃ মিঃ উত্তরে এবং রায়পুর হইতে ১২২০ কিঃ মিঃ দূরে নোহঝীল গ্রাম

অবস্থিত। গ্রামে প্রসিদ্ধ শ্রীহরুমানজীউর বিড়াট মন্দির দর্শনীয়। ইহা ঢাঢ়া শ্রীমহাদেবজীউ, শ্রীরাধা-কৃষ্ণ মন্দির বিরাজিত। খিল কথাটার অর্থ হইল লম্বাধরণের জলাশয় বিশেষ। শ্রীযমুন বাঁকা বাঁকা ভাবে শ্রীব্রজধামের উপরে প্রবাহিত। সেইজন্য শ্রীযমুনার খিল এটস্থান হইতে অনেক দূরে প্রবাহিত অর্থাৎ এইস্থানে কোন খিল নাই এইরূপ আলোচনা করিতে থাকিলে গ্রামের নাম নোঝীল বলিয়া পরিচিত হইতেছেন। শ্রীনোঝীলের পার্শ্বে পথরপুর বিরাজিত।

জাফরপুর :—কয়লানো হইতে ছুই কিঃ মিঃ এবং নোহঝীল হইতে দুই কিঃমিঃ পশ্চিমে কিঞ্চিং উত্তর দিশায় জাফরপুর গ্রাম অবস্থিত।

বসাট :—শ্রীচিনপাহাড়ী গ্রাম হইতে তিন কিঃ মিঃ পশ্চিমে বসাট গ্রাম অবস্থিত। শ্রীকৃষ্ণ ছীনপাহাড়ী হইতে দুধ-দধি লুঠ করিয়া এইস্থানে শ্রীযমুনার তটে বসিয়া গোপবালকগণ সঙ্গে ভোজন করিয়াছিলেন। সেইজন্য এইস্থানের নাম বসাট বলিয়া পরিচিত।

দৌলতপুর :—ছীনপাহাড়ী হইতে ছুই কিঃ মিঃ পশ্চিমে দৌলতপুর গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীমহাদেব মন্দির বিরাজিত।

খাপতগড় :—দৌলতপুর হইতে এক কিঃ মিঃ উত্তরে খাপতগড় গ্রাম অবস্থিত।

মঙ্গলখোহ :—খাপতগড় হইতে অর্ক কিঃ মিঃ পূর্বভাগে মঙ্গলখোহ অবস্থিত।

ছীনপাহাড়ী

নোহঝীল হইতে চার কিঃ মিঃ দক্ষিণে কিঞ্চিং পশ্চিম দিশায় ছীনপাহাড়ী গ্রাম অবস্থিত। ছীন-পাহাড়ী গ্রামের উৎপত্তি সম্বন্ধে মতামত—

প্রথমত :—শ্রীকৃষ্ণ কোন এক গোপীর নিকট হইতে দুধ-দই ছিন করিয়া অর্থাৎ লুঠ করিয়া গ্রহণ করিয়াছিলেন। সেই জন্য এই গ্রামের নাম ছীনপাহাড়ী।

দ্বিতীয়ত :—ছিপিয়া কথাটার অর্থ হইল বাহার। ছাফাই অর্থাৎ পরিষ্কারাদির কাজ করেন। এই ছিপি জাতীর লোকেরা পূর্বে এই গ্রামে অধিক পরিমাণে বসবাস করিতেছিলেন সেইজন্য গ্রামের নাম ছীনপাহাড়ী বলিয়া পরিচিত। গ্রামে শ্রীবিহারীজীউর মন্দির এবং কুণ্ড দর্শনীয়।

বাঘরী

নোহঝীল হইতে আড়াই কিঃ মিঃ দক্ষিণে বাঘরী গ্রাম অবস্থিত। একদিন সখাগণ এই অরণ্যে ক্রিড়া করিতে থাকিলে হঠাৎ এক বাঘ আসিয়া উপস্থিত হইলেন। তখন ডয়ে সখাগণ বাঘরে বাঘরে বলিয়া চিংকার করিতে লাগিলেন। ইত্যবসরে সখাগণের চিংকার শুনিয়া কোথায় হইতে গ্রামবাসিগণ লাঠি-বলম ইত্তাদি লইয়া হৈ-বৈরেশ্বরে আগমন করিতে থাকিলে, বাঘ ভয়ে পলায়ন করিলেন, সেইজন্য গ্রামের নাম বাঘরী বলিয়া বিখ্যাত।

মরহেলা :—বাঘরী হইতে এক কিঃমিঃ পশ্চিমে মরহেলা গ্রাম অবস্থিত।

দেদনা :—মোহৰীল হইতে তুই কিৎ মিঃ পশ্চিমে দেদনা গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীমহাদেব মন্দির বিরাজিত।

মকন্দমপুর :—মোহৰীল হইতে এক কিৎ মিঃ দূরে মকন্দমপুর গ্রাম অবস্থিত।

বরোঠ : সলাকা গ্রামের দক্ষিণ-পশ্চিমভাগে বরোঠ গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীমহাদেবজীউ বিরাজিত। বরোঠ বাঙ্গরের পশ্চাংভাগে শ্রীযমুনার তটে বরোঠ খাদর অবস্থিত।

পিতোরা :—বাকরো হইতে আড়াই কিৎ মিঃ এবং বরোঠ হইতে দেড় কিৎ মিঃ দক্ষিণে পিতোরা গ্রাম অবস্থিত।

মীরপুর :—পিতোরা হইতে এক কিৎ মিঃ দক্ষিণে মীরপুর গ্রাম অবস্থিত।

বেনুয়া :—পিতোরা হইতে এক কিৎ মিঃ পশ্চিম বেনুয়া অবস্থিত। এই শ্রীযমুনার তটে শ্রীকৃষ্ণ একদা বেগু বাদন করিয়া গোপীগণের মন হরণ করিয়াছিলেন। সেইজন্য এইস্থানের নাম বেগুয়া নামে পরিচিত।

লকতোরী :—সুরীর হইতে এক কিৎ মিঃ উত্তরে লকতোরী গ্রাম অবস্থিত।

তেহরা :—লকতোরী হইতে তুই কিৎ মিঃ পূর্বভাগে তেহরা গ্রাম অবস্থিত।

সিকন্দরপুর :—সুলতানপুর হইতে তুই কিৎ মিঃ পূর্বভাগে সিকন্দরপুর গ্রাম অবস্থিত।

জরেলিয়া :—পিতোরা হইতে দেড় কিৎ মিঃ পূর্বভাগে জরেলিয়া গ্রাম অবস্থিত।

বাকলপুর :—জরেলিয়া হইতে তুই কিৎ মিঃ উত্তরে বাকলপুর গ্রাম অবস্থিত।

সেদপুর :—বরোঠ হইতে তুই কিৎ মিঃ পূর্বভাগে সেদপুর গ্রাম অবস্থিত।

সুরীর :—সুলতানপুর হইতে তুই কিৎ মিঃ দক্ষিণে সুরীর গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাধাকৃষ্ণের মন্দির এবং শ্রীহনুমান মন্দির বিরাজিত।

রাজাগঢ়ী :—সুরীর হইতে তুই কিৎ মিঃ দক্ষিণ-পূর্বাংশে রাজাগঢ়ী অবস্থিত।

বিজাট :—সুরীর হইতে এক কিৎ মিঃ পূর্বদিকে বিজাট গ্রাম অবস্থিত।

নগলা মোজী :—সুরীর হইতে এক কিৎ মিঃ পশ্চিমে নগলা মোজী শ্রীযমুনার তটে অবস্থিত।

সুলতানপুর :—মীরপুর হইতে তুই কিৎ মিঃ দক্ষিণে সুলতানপুর গ্রাম অবস্থিত। মীরপুর হইতে এক কিৎ মিঃ দক্ষিণে সুলতানপুর বাঞ্ছর অবস্থিত। গ্রামে শ্রীদুর্গাদেবী মন্দির বিরাজিত।

বৈকুঞ্চপুর :—সরকোরিয়া হইতে অর্দ্ধ কিৎ মিঃ দূরে বৈকুঞ্চ তীর্থ অবস্থিত। এইস্থানে শ্রীকৃষ্ণ সখাগণকে বৈকুঞ্চধাম দর্শন করাইয়াছিলেন।

ইরোলী :—টেটীগ্রাম হইতে তুই কিৎ মিঃ পশ্চিমে ইরোলী গুজর গ্রাম অবস্থিত।

শ্বামলী :—টেটীগ্রাম হইতে তিন কিৎ মিঃ পশ্চিমে শ্বামলী গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাধাকৃষ্ণের মন্দির বিরাজিত।

ওহবা :—সুরীর হইতে ৪'১০ কিঃ মিঃ পশ্চিমে ওহবা গ্রাম অবস্থিত।

বিধোলী :—ওহবা হইতে এক কিঃ মিঃ উত্তরে বিধোলী গ্রাম অবস্থিত।

টেটীগ্রাম :—ম'ঠ হইতে এগার কিঃ মিঃ উত্তরে এবং পরসেতিগড়ি হইতে দুই কিঃ মিঃ দূরে টেটীগ্রাম অবস্থিত। গ্রামে শ্রীমহাদেবজীউ, শ্রীহনুমানজীউ এবং কুণ্ড দর্শনীয়। এই টেটীগ্রামের মধ্যে অক্ষরপুর এবং ডুইসরা গ্রাম অবস্থিত।

সরকোরিয়া

ডুইসরা হইতে এক কিঃ মিঃ উত্তরে সরকোরিয়া গ্রাম অবস্থিত। একদিন সখাগণসঙ্গে শ্রীকৃষ্ণ বনে আগমন করিয়াছেন, সেই সময় সখাগণ শ্রীকৃষ্ণকে বলিলেন—হে বন্ধু আমাদের বড় ক্ষুধা লাগিয়াছে কিছু ছথের ব্যাবস্থা করিতে পারিলে তাল হয় এইকথা বলিবার সঙ্গে সঙ্গে সখাগণের চতুর্দিকে ছথের হাড়ি আসিয়া জমা হইতে থাকে। ছথ এত বেশী পরিমাণে উপস্থিত হইল যে তাহাদের আহারের পরেও অধিক ছথ থাকিয়া যাইবে সেইজন্য ছথ হইতে মাখন, কেহ ছথ হইতে স্বর (মালাই) ইত্যাদি তৈরী করিতে লাগিলেন। ছথের স্বর রাখিবার পাত্র না পাইয়া মটিতে জমা করিতে লাগিলেন। এইদিকে কিছু সখা মনানন্দে মাটি হইতে স্বর কুড়ীয়ে কুড়ীয়ে খাইতে লাগিলেন। সেই মনানন্দকে স্মরণ করিবার জন্য গ্রামের নাম স্বরকোরিয়া বলিয়া বিদ্যাত।

হরনোল :—টেটীগ্রাম হইতে তিন কিঃ মিঃ দক্ষিণে হরনোল গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীদাউজী মন্দির, শ্রীমহাদেব এবং শ্রীহনুমান মন্দির বিরাজিত। এই গ্রামকে বর্তমানে হিণোল বলিয়া থাকেন।

ইরোলী :—হরনোল হইতে অর্দ্ধ কিঃ মিঃ পূর্বভাগে ইরোলী গ্রাম অবস্থিত।

বিলেন্দপুর :—হরনোল হইতে অর্দ্ধ কিঃ মিঃ পশ্চিমে বিলেন্দপুর অবস্থিত।

মৌরতানা :—ভদ্রবন হইতে এক কিঃ মিঃ পূর্বভাগে মৌরতানা গ্রাম অবস্থিত।

নসীটী :—হিণোল হইতে দেড় কিঃ মিঃ দক্ষিণ পার্শ্বে নসীটী গ্রাম অবস্থিত।

নগলা শ্যাম :—নসীটী হইতে অর্দ্ধ কিঃ মিঃ পূর্বভাগে নগলা শ্যাম অবস্থিত।

শ্রীভাগুরিবন

শ্রীগাঠবন হইতে দুই কিঃ মিঃ উত্তর পূর্বাংশে এবং শ্রীভদ্রবন হইতে দুই মাইল দক্ষিণে ও শ্রী-যমুনার পূর্বভৌরে অবস্থিত। এইস্থানে শ্রীভাগুরিকুণ্ড নামান্তরে অভিরাম কুণ্ড, শ্রীদামচন্দ্রজী, শ্রীভাগুরিবট, শ্রীরাধাকৃষ্ণ মন্দির শ্রীবেগুক্ত এবং ভাগুরিবটের পশ্চাত ভাগে শ্রীবংশীবট, শ্রীনিতাই-গৌর এবং শ্রীরাধা-কৃষ্ণ মন্দির দর্শনীয়। এই শ্রীভাগুরিবট দর্শন মাত্রে মানবের গর্ভযাতনা ঘূঁঢ়িয়ে যায়।

— : তথাহি আদিবরাহে দৃষ্ট হয় :—

একাদশস্তু ভাগুরঁ যোগিনাঃ প্রিয়মুত্তমম্। তস্য দর্শনমাত্রেণ নরো গর্ভং ন গচ্ছতি॥

ভাগুরঁ সমন্ব্যপ্য বনানাঃ বনমুত্তমম্। বাসুদেবং ততো দৃষ্টঃ পুনজ'ন্ম ন বিষ্টতে॥

তশ্চিন্তা ভাণীরকে স্মাতো নিয়তাশনঃ । সর্বপাপবিনিয়ুক্ত ইন্দ্রলোকং স গচ্ছতি ॥

অনুবাদ : ভাণীরনামক একাদশ বন উত্তম ও যোগিগণ প্রিয় । ভাণীরের দর্শনমাত্রে লোক আর গভৰ্ণে প্রবিষ্ট হয় না । সকলবন—মধ্যে উত্তম বন ভাণীরে গমন করিয়া তথায় বাস্তুদেব দর্শন করিলে লোকের আর পুনর্জন্ম হয় না । সে—ব্যক্তি সংযতেন্দিয় ও সংযতাহারী হইয়া সেই ভাণীরে স্মান-পূর্বক সকল পাপ হইতে মুক্ত হইয়া ইন্দ্রলোকে গমন করিয়া থাকে ।

শ্রীমতীরাধাৰাণীৰ বিবাহ

—ঃ তথাহি শ্রীগর্গসংহিতায়ঃ গোলোকথওমঃ ॥

শ্রীনারদ উবাচ—

গাঙ্গারয়নন্মনমস্তুদেশে সংলালয়ন্ দৱতমং সকাংশাং ।

কলিনজাতীৱসমীৱকম্পিতং নন্দেৱপি ভাণীৱবনং জগাম ॥

অনুবাদ :—শ্রীনারদ বলিলেন—একদা নন্দ নিজক্ষেত্রে বালককে লইয়া গো-গণকে চৰাইতে চৰাইতে নিজাবাসের দুরদেশে শীতল সমীরণকম্পিত যমুনাতীৱস্তু ভাণীৱবনে গমন করিলেন ।

কৃষ্ণেছয়া বেগতরোহথ বাতোঘনৈৱৰভূমেছৰমমৰঞ্চ ।

তমালনীপদ্মমপল্লবৈশচ পতিত্তিৱেজত্তিৱভীকৈঃ ॥

তদান্ধকারে মহতি প্রজাতে বালে রুদ্রত্যক্ষগতেহত্তিভীতে ।

নন্দেৱ ভয়ং প্রাপ শিশুংস বিভুবরিঃ পরেশং শরণং জগাম ॥

অনুবাদ :—তখন কৃষ্ণের ইচ্ছায় প্রবল বায়ু বহিতে লাগিল ; ঘন মেঘে নভোমঙ্গল স্ত্রী হইল ; তমাল ও কদম্ব প্রভৃতি তরুপল্লব পতিত হওয়ায় সে বন অতি ভৌষণ ভাব ধাৰণ কৰিল । তখন বন অত্যন্ত অন্ধকারময় হইল, বালক নন্দেৱ ক্ষেত্রে ভয়ে ত্রুট্যন করিতে লাগিল ; শ্রীনন্দও ভয় পাইলেন, তিনি শিশুকে ধাৰণ কৰিয়া পরেশ হৱিৱ শৱণ লইলেন ।

তদৈব কোট্যকসমৃহনৌপ্তিৱাগচ্ছতীৰাচলতী দিশামু ।

বতুব তস্যাং বৃষভামুপুত্রীং দদৰ্শ রাধাং নবনন্দৱাজঃ ॥

অনুবাদ :—সূর্যতেজ যেমন সৰ্বদিকে বিচ্ছুরিত হয় তদ্রূপ প্রদীপ্তি কোটি অৰ্কতেজ সদৃশ এক দীপ্তিৱাগ তথায় সৰ্বত্র পরিব্যপ্ত হইল ; নন্দৱাজ তখনই সেই তোজোমধ্যে বৃষভামুনন্দিনী শ্রীমতীৱাধাৰাণীকে দৰ্শন কৰিলেন ।

কোট্যন্তুবিম্বহ্যাতিমাদধানাং নীলাম্বৱং সুন্দৱাদিবৰ্ণম् ।

মঙ্গীৱীৱৰধনিনূপুৱাণামাবিভুতীং শৰমতীৰ মঞ্চুম্ ॥

কাঞ্ছীকলাকঙ্গশক্রমিশ্রাঃ হাৰাঙ্গলীয়াঙ্গদবিস্ফুৰস্তীম্ ।

আনাসিকামৌক্তিকহংসিকাভিঃ শ্রীকৃষ্ণচূড়ামণিকুঙ্গলাঢ্যাম ॥

অনুবাদ :—রাধা শত শশধরের কাঞ্জি ধারণ করিয়াছেন ; সুন্দর ও গাঢ় নীলবর্ণের বসন পরিয়াছেন, অতি ধীর মধুরধৰনি মঞ্জীরযুক্ত মৃপুর পায়ে দিয়াছেন। তিনি শব্দায়মান উত্তম কাঞ্চী, কঙ্কণ এবং হার অঙ্গদ ও অঙ্গুরীয়ক ধারণ করিয়াছেন। তাহার নাসিকায় সুশুভ্র মৌক্তিক, কর্ণে শ্রীকণ্ঠ, মস্তকে চূড়ামণি এবং কর্ণে কুণ্ডল শোভিত হইয়াছে।

তত্ত্বেজসা ধৰ্ষিত আশু নন্দে ন হাথ তামাহ কৃতাঞ্জলিঃ সন् ।

অযন্ত সাক্ষাৎ পুরুষোত্তমস্তং প্রিয়াসি মুখ্যাসি সদৈব রাধে ॥

গুপ্তং খিদং গর্গমুখেন বেদ্মি গৃহণ রাধে নিজনাথমুক্ষাং ॥

এনং গৃহং আপয় মেঘভীতং বদামি চেথং প্রকৃতেন্মাত্ম ॥

অনুবাদ :—শ্রীনন্দ তাহার তেজে ধৰ্ষিত হইয়া তৎক্ষণাত্ কৃতাঞ্জলিপূর্ণে প্রগামপূর্বক তাহাকে বলিলেন,—এই ত আমার ক্রোডস্ত শিশু সাক্ষাৎ পুরুষোত্তম ; আর তুমি তাহার সর্বদা প্রধানা প্রিয়-কারিণী ; হে রাধে ! অমি গর্গমুখে গুপ্তভাবে ইহা শুনিয়াছি ; অতএব আমার ক্রোড হইতে নিজনাথকে গ্রহণ কর। এই বালক মেঘ হইতে ভীত হইতেছে, ইহাকে গৃহে লইয়া যাও ; এই বালক সম্প্রতি মায়াণ্ডণ যুক্ত, তাই এইরূপ বলিতেছি।

তথাস্ত চোত্ত্বাথ হরিং করাভ্যাং জগ্রাহ রাধা নিজনাথমুক্ষাং ।

গতেহথ নন্দে প্রগতে ব্রজেশে তদাহি ভাণীরবনং জগাম ॥

অনুবাদ :—অনন্তর শ্রীরাধা ‘তাহাই হট্টক’ বলিয়া শ্রীনন্দমহারাজের ক্রোড হইতে নিজ প্রিয় হরিকে কর দ্বারা গ্রহণ করিলেন। অতঃপর ব্রজরাজ নন্দ শ্রীগাম পুরসের গমন করিলে রাধা তখনই ভাণীরবনে প্রবেশ করিলেন।

গোলোকলোকাচ্ছ পুরা সমাগতা ভূমিনিজং সং বপুরাদধানা ।

যা পদ্মরাগাদিখচিত্তস্বর্ণং বভুব সা তৎক্ষণমেব সর্বম্ ॥

বন্দাবনং দিব্যবপুর্দিধানং ব্রক্ষের্বর্তৈঃ কামদুর্বৈঃ সহৈব ।

কলিন্দপুত্রী চ স্ববর্ণসৌধৈঃ শ্রীরত্নসোপানময়ী বভুব ॥

গোবর্দ্ধনো রত্নশিলাময়োহভুৎ স্ববর্ণশ্লিঙ্গঃ পরিতঃ স্ফুরত্তিঃ ।

মত্তালিভিন্নিষ্঵'রসুন্দরীভিদ্বৰীভিরচাঙ্গকরীব রাজন् ॥

তদা নিকুঞ্জেহপি নিজং বপুর্দিধৎ সভাযুক্তং প্রাঙ্গণদিব্যমণ্ডপম্ ।

বসন্তমাধুর্যধরং মধুত্রৈমুর্যুরপারাবতকোকিলধবনিম্ ॥

স্ববর্ণরত্নাদিখচিত্তটৈর্তং পতংপতাকাবলিভিবিরাজিতম্ ।

সরংফুটস্তিভ'মরাবলীঢ়িতৈর্বিচচ্চিতং কাঞ্চনচারপঞ্জৈজঃ ॥

তদৈব সাক্ষাৎ পুরুষোত্তমো বভুব কৈশোরবপুর্যনপ্রভঃ ।

পীতাম্বরঃ কৌস্তুভরত্বভূষণে বংশীধরো মন্মথরাশিমোহনঃ ॥

ভুজেন সংগৃহ হসন্ম প্রিয়াং হরির্জগাম মধ্যে সুবিবাহমণ্ডপম ।

বিবাহসন্তারযুতঃ সমেখলং সদর্ভমদ্বারিষটাদিমণ্ডিতম্ ॥

অনুবাদ :—ভূমিদেবী স্বদেহ ধারণ করিয়া গোলোক হইতে পূর্বেই আগমন করিয়াছিলেন। তিনি সেখানেও যেমন পদ্মরাগাদি রত্ন ও সুবর্ণমণ্ডিত ছিলেন, এখানে আসিয়াও তৎক্ষণাতঃ তদ্রূপ হইয়া গেলেন। বন্দাবন দিবাদেহ ধারণ করিয়া অভিলাষিত প্রদ উত্তম উত্তম তরনিকরসহকারে প্রতিভাত হইলেন; যমুনা রত্ন সোপানময়ী ও বহু সুবর্ণ অট্টালিকায় শোভিত হইলেন; গিরি-গোবর্দন রত্ন শিলাময়, সর্বদিকে উজ্জল ও সুবর্ণ শৃঙ্গসমষ্টিত হইলেন; হে রাজন! মদোন্মত ভ্রমর ও নিঝ'রিণী যুক্ত সুন্দর গৃহা দ্বারা ঐ গিরিয়েন উর্ভাঙ্গ মাতঙ্গের স্থায় প্রতিভাত হইল। তখন লতাপত্রাদিময় নিকুঞ্জ ও সভা অঙ্গন ও মণ্ডপাদি নিজ নিজ আকার ধারণ করিল, বসন্ত মধুর্যা বিস্তৃত হইল, মধুকর, ময়ূর, পারাবত ও কোকিলকুল ধ্বনি করিল, সুবর্ণ রত্নাদিভূষিত ভট্টগণে পরিবৃত হইয়া পতপত শৰ্কায়মান পতাকাবলী দ্বারা নিকুঞ্জবন পরিশোভিত হইল, সরোবরে মনোহর স্বর্ণকমল সকল প্রস্ফুটিত হইল, তাহাতে মধুকরনিকর গুণ, গুণ, রবে পতিত হইয়া পুষ্পপরাগের আস্থাদন গ্রহণ করিল; আর তখনই সাক্ষাৎ পুরুষোমন্ত হরি কৈশোর দেহ ধারণ করিলেন। তিনি পৌত্রাদির কৌস্ত্রভরত-ভূষিত বংশীধারী ও অগনিতমদন-মোহনমূর্তি হইলেন এবং প্রিয়াকে করব্যে গ্রহণ করিয়া হাসিতে সুন্দর বিবাহমণ্ডল মধ্যে প্রবেশ করিলেন। মেখলা, কুশ ও জলপূর্ণকুস্ত প্রভৃতি বিবাহোচিত দ্রব্যসন্তারে মণ্ডপ পরিপূর্ণ ছিল।

তবৈব সিংহাসনউদ্বাগতে বরে পরম্পরং সম্মিলিতে বিরেজতুঃ ।

পরং ক্রবন্তো মধুরঞ্চ দম্পতী স্ফুরংপ্রভো খে চ তত্ত্বিদ্যনাৰিব ॥

তদাস্মরাদেবরো বিধিঃ প্রভুঃ সমাগতস্তস্ত পরস্ত সম্মুখে ।

নস্তা তদজ্যৈ উশত্তীগিরাভিঃ কৃতাঞ্জলিশচারচতুস্মুখো জগো ॥

অনুবাদ :—সেই স্থানেই এক উত্তম সিংহাসনে দম্পতি রাধাকৃষ্ণ মিলিত হইয়া পরম্পর মধুর আলাপ করতঃ উজ্জল বিদ্যুৎযুক্ত মেঘের স্থায় শোভিত হইতে লাগিলেন। তখন দৈববর প্রভু ব্রহ্ম আকাশপথে পরমপুরুষের সম্মুখে সমাগত হইলেন এবং তাহার চরণে প্রণত হইয়া কৃতাঞ্জলিপুটে উজ্জল বাকো চতুর্মুখে বক্ষ্যমাণ চাকু বাক্য বলিতে লাগিলেন।

সদা পঠেন্দ্যো যুগলস্তবং পরং গোলোকধামপ্রবরং প্রয়াতি সঃ ।

ইহৈব সৌন্দর্যসমুদ্দিসিদ্ধযো ভবন্তি তস্তাপি নিসর্গতঃ পুনঃ ॥

যদা যুবাংপ্রীতিযুতো চ দম্পতী পরাংপরো তাৰমুক্লপুৱাপিতো ।

তথাপি লোকব্যবহার সংগ্রহাদিধিৎ বিবাহস্ত তু কারযামহম্ ॥

অনুবাদ :—যে ব্যক্তি রাধাকৃষ্ণের পরম স্তব স্তব পাঠ করে, তাহার সর্বধামপ্রবর গোলোকে গতি হইয়া থাকে। আর ইহলোকে ও আপনা আপনি সৌন্দর্য, সমুদ্দি শু সিদ্ধিসমূহ লাভ হয়। আপনারা

পরাংপর ও শ্রীতিযুক্ত দম্পতি এবং পরম্পর অনুরূপ, তথাপি আমি লোকব্যবহার রক্ষার জন্য বিবাহ-বিধির অনুষ্ঠান করিব।

তদা স উথায় বিশ্বর্তাশনং প্রজাল্য কৃগেছিতযোস্তয়োঃ পুরঃ ।

শ্রংতেঃ কর্ণগ্রাহবিধিং বিধানতো বিধায় ধাতা সমবস্থিতোহভবৎ ॥

স বাহয়ামাস হরিঞ্চ রাধিকাঃ প্রদক্ষিণঃ সপ্ত হিরণ্যরেতসঃ ।

ততশ্চ তৌ তে প্রণমহ্য বেদবিত্তো পাঠয়ামাস চ সপ্তমন্ত্রকম্ ॥

অনুবাদ :—তখন ব্রহ্মা উদ্ধিত হইয়া উপবিষ্ট রাধাকৃষ্ণের সম্মুখে কুণ্ড মধ্যে যথাবিধি অগ্নি প্রজালন করিলেন এবং বৈদিক বিধি অনুসারে পাণি গ্রহণ ক্রিয়া সম্পাদন করাইয়া উপবিষ্ট হইলেন। বেদ-বিধিঙ্গ ব্রহ্মা রাধাকৃষ্ণের সম্মুখের অগ্নি প্রদক্ষিণ ও তাঁহাদিগের দ্বারা প্রণাম করাইলেন এবং তারপর সপ্তমন্ত্র পাঠ করাইয়া বিবাহ বিধি সম্পন্ন করিলেন।

ততো হরেবক্ষসি রাধিকায়াঃ করঞ্চ সংস্থাপ্য হরেঃ করং পুনঃ ।

শ্রীরাধিকায়াঃ কিল পৃষ্ঠদেশকে সংস্থাপ্য মন্ত্রাংশ বিধি প্রপাঠয়ন् ॥

রাধাকরাত্যাঃ প্রদদৌ চ মালিকাঃ কিঞ্জক্লিনীঃ কৃষ্ণগলেহলিনাদিনীম্ ।

হরেঃ করাত্যাঃ ব্রহ্মভাসুজাগলে ততশ্চ বহিঃ প্রণমহ্য বেদবিঃ ॥

সংবাসয়ামাস স্ফুর্পীঠযোগ্য তৌ কৃতাঞ্জলী মৌনযুতৌ পিতামহঃ ।

তৌ পাঠয়ামাস তু পঞ্চমন্ত্রকং সমপ্ত্য রাধাকৃপিতেব কল্যানাম্ ॥

অনুবাদ :—অনন্তর ব্রহ্মা রাধিকার হস্ত কৃষ্ণের বক্ষঃস্তুলে এবং কৃষ্ণের হস্ত শ্রীরাধিকার পৃষ্ঠদেশে সংস্থাপন পূর্বক মন্ত্রপাঠ করাইলেন। বেদজ্ঞ ব্রহ্মা রাধা-করন্দয় দ্বারা কৃষ্ণের কষ্টে ও কৃষ্ণ-করন্দয় দ্বারা রাধার গলে কেশরযুক্ত কমল-মাল্য প্রদান করাইয়া তাঁহাদের উভয়কেই অগ্নি প্রণাম করাইলেন; তখন তাঁহাদের গললগ্ন মালায় মধুকরগণ লগ্ন হইয়া সুমধুর বর করিয়াছিলেন। অনন্তর পিতামহ কৃতাঞ্জলি মৌনযুক্ত রাধাকৃষ্ণকে উন্নত আসনে উপবেশন করাইয়া পঞ্চ মন্ত্র পাঠ করাইলেন। পিতা যেমন বরকরে কল্যাপণ করেন, পিতামহও তজ্জপ করিয়া রাধাকে কৃষ্ণকরে অপণ করিলেন।

পুস্পাণি দেবা ব্রহ্মসন্দা নৃপ বিদ্যাধরীভিন্ন'ন্তুঃ স্বরাঙ্গনাঃ ।

গন্ধর্ববিদ্যাধরচারণাঃ কলঃ সকিন্তুরাঃ কৃষ্ণস্মদ্বলঃ জগ্নঃ ॥

মৃদঙ্গবীণামুরযষ্টিবেগবঃ শঙ্খানকা দুন্দুভযঃ সতালকাঃ ।

নৈহৃষ্টুর্দেববৈরেণ্ডিবি স্থৃতৈর্জ্জয়েত্যভূম্বলশব্দমুচ্ছকৈ; ।

অনুবাদ :—হে নৃপ তখন দেবগণ পুষ্পবর্ষণ ও অমরনারীরা বিদ্যাধরীগণের সহিত মৃত্য করিলেন; গন্ধর্ব, বিদ্যাধর, চারণ ও কিন্তুরগণ সুমধুর কৃষ্ণমঙ্গল গান করিল। মৃদঙ্গ, বীণা, তানপুর, বংশী, শঙ্খ, ঢঙ্কা ও দুন্দুভিবাদ্য তাললয়ে মুহূর্মুহূর্মু বাদিত হইল; স্বর্গবাসী দেববরগণ উচ্চরবে মঙ্গলময় জয়শৰ্ম্ম করিলেন।

ভদ্ৰবন

মঁঠ হইতে সাত কিঃ মিঃ এবং বিজোলী হইতে দেড় কিঃ মিঃ উত্তরে ভদ্ৰবন অবস্থিত। শ্রী-ভদ্ৰবন দ্বাদশ বনেৰ অন্ততম ষষ্ঠি বন। এই উত্তম বনে গমন কৱিলে ভক্তগণ বন প্ৰভাবে নাগলোকে এবং স্বর্গলোকে গমন কৱিয়া থাকে। এই বন শ্রীরামকুঞ্জেৰ বিবিধ খেলা ও গোচাৰণ স্থল।

—ঃ তথাহি শ্রীভক্তিৱত্তাকৰে ॥

সুরুথুৰু হৈতে কৱি' প্ৰভাবে গমন। শ্রীনিবাসে কহে,—এই দেখ 'ভদ্ৰবন'॥

কৃষ্ণপ্ৰিয় হয় ভদ্ৰবন-গমনেতে। নাকপৃষ্ঠ-লোক—প্ৰাপ্তি বন-প্ৰভাবেতে ॥

—ঃ তথাহি শ্রীবৰাহপুৱাণে ॥

অস্তি ভদ্ৰবনং নাম ষষ্ঠং বনমুন্মম् ।

তত্ত্ব গৃহা চ বসুধে মন্তকো মৎপৰায়ণঃ ।

তদ্বনস্ত প্ৰভাবেন নাগলোকং স গচ্ছতি ॥

অনুবাদঃ—ভদ্ৰবন নামক ষষ্ঠি উত্তম বন আছে। হে বসুধে! তথায় গমন কৱিলে আমাৰ ভক্ত আমাতে একনিষ্ঠ হয় এবং সেই বনেৰ প্ৰভাবে সেই ভক্ত নাগলোকে গমন কৱে।

বিজোলী

মঁঠ হইতে চার কিঃ মিঃ উত্তরে বিজোলী গ্ৰাম অবস্থিত। এই গ্ৰামেৰ পূৰ্বনাম 'ছাহেৱী'। ভাণীৰ বনে খেলাৰ পৰে শ্রীকৃষ্ণ-বলৱাম স্থাগণ সঙ্গে এইস্থানে ছায়ায় বসিয়া ভোজন কৱিয়াছিলোৱ।

—ঃ তথাহি শ্রীভক্তিৱত্তাকৰ গ্ৰন্থ হৈতেঃ—

স্থাসহ শ্রীকৃষ্ণ ভাণীৰে খেলাইয়া। ভুঞ্জে নামা সামগ্ৰী এ ছায়াৰে বসিয়া ॥

এ হেতু 'ছাহেৱী'—নাম গ্ৰাম এই হয়। যমুনা—নিকট স্থান দেখ শোভাময় ॥

জ্বাৰণঃ—নসীটি হইতে ছয় কিঃ মিঃ দক্ষিণে এবং মঁঠ হইতে পাঁচ কিঃ মিঃ পূৰ্বভাগে জ্বাৰণ গ্ৰাম অবস্থিত। গ্ৰামে শ্রীমহাদেৱজৌতি, শ্রীহৃষ্মানজৌতিৰ মন্দিৰ বিৱাজিত।

মঁঠ

বিজোলী হইতে চার কিঃ মিঃ দক্ষিণে মঁঠ গ্ৰাম অবস্থিত। এই গ্ৰামে অনেক ছোট বড় মাটি দ্বাৰা তৈৰী বিভিন্ন প্ৰকাৰেৰ মৃৎপাত্ৰ তৈৰী হইয়া থাকে সেইজন্য গ্ৰামেৰ নাম মঁঠ। দ্বিতীয়তঃ শ্রীকৃষ্ণ-বলৱাম স্থাগণ সঙ্গে এইস্থানে নিত্য গোচাৰণ লীলা কৱিয়া থাকেন সেইজন্য গ্ৰামেৰ নাম মঁঠবন। এই গ্ৰামে অস্তাৰধি শ্রীকৃষ্ণ-বলৱামেৰ গোচাৰণ স্থান দেখিতে পাওয়া যায়। গ্ৰামে শ্রীদাউজৌ মন্দিৰ, শ্রীবেৱৰূপা বাবা আশ্রম, শ্রীমহাদেৱ মন্দিৰ বিৱাজিত। শ্রীবেৱৰূপা বাবা আশ্রম হইতে শ্ৰীযমুনাৰ শোভা অত্যন্ত সুন্দৰ দৰ্শনীয়।

ৱাজাগটীঃ—মঁঠ গ্ৰামেৰ পশ্চাৎ ভাগে শ্ৰীযমুনাৰ তটে ৱাজাগটী অবস্থিত।

ছাহরী :—বিজেলী হইতে এক কিঃ মিঃ পশ্চিমে শ্রীয়মুনার তটে ছাহরী গ্রাম অবস্থিত।

জাঙ্গিরপুর :—বেগমপুর হইতে অর্দ্ধ কং মিঃ পশ্চিমে জাঙ্গিরপুর গ্রাম অবস্থিত। জাঙ্গিরপুরে শ্রীবেলবন অবস্থিত।

বেগমপুর :—শ্রীয়মুনার পূর্বতটে,জাঙ্গিরপুর হইতে অর্দ্ধ কিঃমিঃ পূর্বভাগে বেগমপুর অবস্থিত।

ডরহোলী :— বেগমপুর হইতে দুই কিঃ মিঃ উত্তরে ডরহোলী গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীমহাদেব মন্দির এবং শ্রীসীতারাম মন্দির বিরাজিত।

ভীম :—মাঠ হইতে তিন কিঃ মিঃ দক্ষিণে কিঞ্চিৎ পূর্বদিশায় ভীম গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীমহাদেব মন্দির এবং শ্রীরামসীতা মন্দির বিরাজিত।

শ্রীবেলবন

মাঠ হইতে শ্রীবৃন্দাবনে আগমন করিলে রাস্তায় শ্রীয়মুন নদী পার হইতে হয়। তখন দক্ষিণ পার্শ্বে শ্রীবেলবন অবস্থিত। শ্রীবৃন্দাবন হইতে দেড় কিঃ মিঃ উত্তরে বেলবন অবস্থিত। বেলবনে যাইতে হইলে প্রথমে শ্রীবৃন্দাবন কেশীঘাট হইতে শ্রীয়মুন পার হয়। কাশীঘাট হইতে শ্রীয়মুন পার হয়ে বেলবনে প্রবেশ করিবে। সেই গ্রামের পশ্চাংতাগে শ্রীবেলবন অবস্থিত। বর্তমানেও বেলবনে শ্রীলক্ষ্মীদেবী শ্রীকৃষ্ণ আরাধনায় রত, এইরূপ মূর্তি মন্দিরে দর্শন হইয়া থাকে। পার্শ্বে শ্রীমন্মহাপ্রভুর বৈঠক বিরাজিত। শ্রীমন্মহাপ্রভু শ্রীবৃন্দাবনে আগমন করিয়া এই বন দর্শন করিয়াছিলেন।

ব্রজের শ্রীকৃষ্ণলীলা রস আস্তাদন করিতে হইলে শ্রীমতীরাধারাণীর অনুগত স্বীকার করিতে হয় কিন্তু শ্রীলক্ষ্মীদেবী বিচার করিলেন যে—আমি সমস্ত ধন-সম্পদের অধিস্থরীদেবী অতএব শ্রীমতীরাধা-রাণীর অনুগত না হইয়া এই বেলবনে তপস্থার মাধ্যমে শ্রীকৃষ্ণের লীলারস আস্তাদন করিব। শ্রীকৃষ্ণ নিত্য সখাগণ সঙ্গে এই বনে গোচারণ লীলা করিতে আসেন অতএব অবশ্যই প্রভু একদিন আমাকে দর্শন দান করিবেন। কিন্তু অস্তাবধি শ্রীলক্ষ্মীদেবী কেবল তপস্থাই করিতেছেন, শ্রীকৃষ্ণের ব্রজলীলা রস আস্তাদন এখনও করিতে পারিতেছেন না।

“রাধাশঙ্কি বিনা না কোই শ্যামল দর্শন পাবে
শ্যামল দর্শন পাবে ।

আরাধনা কর রাধে রাধে কানা ভাগে আবে
কানা ভাগে আবে ॥

তজ রাধে গোবিন্দ গোপাল হরিকা প্যারা নাম হে ॥”

(ভজন কৌর্ত্তন)

শ্রীকৃষ্ণ সখাগণ সঙ্গে একদিন এইবনে আগমন করিলে সখাগণ শ্রীকৃষ্ণকে বলিতে লাগিলেন যে— হে বন্ধু, আমাদের আজ বেলফল অবশ্যই খাওয়াইতে হইবে। এই কথা বলিয়া শ্রীয়মুনার তটে মনোহর

এক কদম্ব বৃক্ষের নীচে শ্রীকৃষ্ণকে বসাইয়া সখাগণ বেলফলের চিঞ্চা করিতেছেন। এইদিকে শ্রীকৃষ্ণ বংশীধর্মনী করিবার সঙ্গে সঙ্গে বহু পাকা পাকা বেলফল আসিয়া জমা হইতে থাকে। সখাগণ মনানন্দে তাহা ভোজন করিতে লাগিলেন এবং যেই ফলটা বেশী মিষ্টি সেই ফল হইতে ঝুটা হাতে শ্রীকৃষ্ণকে খাওয়া হইতে লাগিলেন। এই লীলার জন্য এইস্থানের নাম বেলবন বলিয়া পরিচিত। এইস্থানে পৌষমাসের প্রতি বৃহস্পতিবারে শ্রীব্রজাবনস্থ দেবালয়ের সেবাইত বৃন্দ তথা নাগরিক বৃন্দ মহাসমারোহের সহিত বন্ধ-ভোজনের আয়োজন করিয়া থাকেন। এইস্থানে শ্রীকৃষ্ণকুণ্ড দর্শনীয়।

--ঃ তথাহি শ্রীভক্তিরঢ়াকরে দৃষ্ট হয় :—

বামকুষ্ণ সখাসহ এ ‘বিষ্঵বনে’ তে। পক বিষ্঵ফল ভুঞ্জে মহা কৌতুকেতে॥
দেবতা-পূজিত বিষ্঵বন শোভাময়। এ বন-গমনে ব্রহ্মলোকে পূজ্য হয়॥
বিষ্঵বনে শ্রীকৃষ্ণকুণ্ডে যে করে স্থান। সর্বপাপে মুক্ত সে পরম ভাগ্যবান॥

—ঃ তথাহি শ্রীআদিবরাহে :—

বনঃ বিষ্঵বনঃ নাম দশমঃ দেবপূজিতম্। তত্র গন্ধঃ তু মহুজো ব্রহ্মলোকে মহীয়তে॥

অনুবাদঃ—বিষ্঵বন—নামক বন দেবপূজিত দশম বন। লোক তথায় গমন করিয়া ব্রহ্মলোকে পূজিত হইয়া থাকে।

নন্দন মুরিয়া :—ভীম হইতে দুই কিঃ মিঃ পূর্বভাগে নন্দন মুরিয়া অবস্থিত।

অরুণা :—নন্দন মুরিয়া হইতে এক কিঃ মিঃ পূর্বভাগে অরুণা অবস্থিত।

নগলা অলিয়া :—ভীম হইতে এক কিঃ মিঃ দক্ষিণ ভাগে নগলা অলিয়া অবস্থিত।

পিপরোলী :—ভীম হইতে এক কিঃ মিঃ দক্ষিণে পিপরোলী গ্রাম অবস্থিত।

পাণি ঘাট / পাণি গ্রাম

মান সরোবর হইতে দুই কিঃ মিঃ দক্ষিণে পাণিঘাট অবস্থিত। একদা তুর্বাসামুনি একাদশী পারণ উপলক্ষে শ্রীব্রজাবনে শ্রীকৃষ্ণের নিকট অন্ন ভোজনের অভিপ্রায় প্রকাশ করিয়া শ্রীযমুনার পরপারে যাইয়া শ্রীভগবন্তজনে প্রবৃত্ত হন। শ্রীকৃষ্ণ গোপীগণের চমৎকারিত্ব উৎপাদক কোন লীলার অভিনয় করিয়া তাঁহাদিগকে শ্রীযমুনা পার করাইয়া মুনিকে ভোজন করাইয়াছিলেন। গোপীকাঙ্গণ যে ঘাটে পার হইয়া মুনিকে ভোজন করাইয়াছিলেন সেই ঘাটের নাম পাণিঘাট এবং যে স্থানে বসিয়া মুনি ভোজন করিয়াছিলেন সেইস্থানের নাম পাণিগাঁও বলিয়া বিখ্যাত। গ্রামের মধ্যভাগে বৎসরুণ, তৈরবনাথ, শ্রী-গঙ্গাভী, শ্রীহমুমানজী ইত্যাদি বিরাজিত।

সোর :—পাণি গ্রাম হইতে দেড় কিঃ মিঃ উত্তরে কিঞ্চিৎ পূর্বদিশায় সোর অবস্থিত।

লোহগঢ় :—সোর হইতে দুই কিঃ মিঃ পূর্বভাগে লোহগঢ় অবস্থিত।

কুকরারী :—লোহগঢ় হইতে এক কিঃ মিঃ উত্তরে কুকরারী অবস্থিত।

কসেরা :—ভৌম হইতে আড়াই কিঃ মিঃ পূর্বতাগে কসেরা গ্রাম অবস্থিত।

পোথর হৃদয় / শ্রীমানসরোবর

পাণি গ্রাম হইতে ছই কিঃ মিঃ পূর্বে পোথর হৃদয় অবস্থিত। এইস্থানের অপরনাম শ্রীরাধা-রাণী এবং শ্রীমানসরোবর। কিংবদন্তী—কোন কারণ বিশেষে শ্রীমতীরাধা-রাণী মান বশতঃ এইস্থানে উপবেশন করিয়া অঙ্গ বর্ধন করিলে সেই অগ্রহ সরোবর কাপে প্রকটিত হইয়াছিল। দ্বিতীয়তঃ—এক-দিন শ্রীকৃষ্ণ শ্রীমতীরাধা-রাণীকে লক্ষ করিয়া বলিলেন—হে দেবী, এই সরোবর এবং আমার হৃদয় একই স্বরূপ। শ্রীমতীরাধা-রাণীও বলিলেন, হঁ? ইহা আমারও হৃদয় স্বরূপ, এই কৃষ্ণে স্থান করিলে মানব আমার হৃদয়ে অবশ্যই স্থান পাইবে। সেই বার্তালাপের পর হইতে এই সরোবর পোথর হৃদয় নামে পরিচিত হইতেছেন। গ্রামবাসী সকলে এই সরোবরকে এই কারণে রাধা-রাণী নামে প্রকাশ করিতেছেন। সরোবরের তৌরে শ্রীরাসবেদী, শ্রীরাধা-রাণীর মন্দির, মন্দিরের পদতলে বসিয়া স্তবরত শ্রীকৃষ্ণ বিরাজিত। পার্শ্বে শ্রীবল্লভাচার্যের বৈঠক দর্শনীয়।

মাবলী :—পাণিগ্রাম হইতে দেড় কিঃ মিঃ দক্ষিণে মাবলী গ্রাম অবস্থিত।

কিনারাই :—মাবলী হইতে অর্দ্ধ কিঃ মিঃ দক্ষিণে কিনারাই অবস্থিত। সখাগণ একদিন স্থির করিলেন যে আজ আমরা শ্রীয়মন্ত এই কিনারে খেলা করিব। সেইজন্ত এইস্থানের নাম কিনারাই বলিয়া পরিচিত।

সরায় :—কিনারাই হইতে অর্দ্ধ কিঃ মিঃ দক্ষিণে সরায় নামক স্থান অবস্থিত।

জয়পুর :—ইসাপুর হইতে অর্দ্ধ কিঃ মিঃ উত্তরে জয়পুর নামক স্থান অবস্থিত। একবার খেলা করিতে করিতে শ্রীকৃষ্ণ পরাজয় হইলে সমস্ত সখাগণ হৈ হৈ করিয়া জয় জয় করিতে লাগিলেন যে, রোজ তুমি জয়লাভ কর কিন্তু আজ আমরা জয়ী হইয়াছি অতএব তোমাকে আজ নল্দালয় হইতে তুধ দহি আনিয়া আমাদিগকে খাওয়াইতে হইবে ইত্যাদি। সেইজন্ত এইস্থানের নাম জয়পুর।

ইসাপুর :—লক্ষ্মীনগর হইতে এক কিঃ মিঃ পশ্চমে ইসাপুর অবস্থিত।

লক্ষ্মীনগর :—শ্রীমথুরা হইতে চার কিঃ মিঃ পূর্বতাগে লক্ষ্মীনগর অবস্থিত। এইস্থানে শ্রী-মহাদেব মন্দির, শ্রীহৃষুমান মন্দির, শ্রীদাউজী মন্দির বিরাজিত।

শ্রীচুর্বাসামুনির আশ্রম

শাস্তি নগলাৰ পার্শ্বে বিসনগঞ্জ। এই বিসনগঞ্জে শ্রীচুর্বাসা মুনির আশ্রম বিরাজিত। একবার শ্রীচুর্বাসামুনি এইস্থানে আগমন করিয়া গোপীদিগের মনস্ত্রম দূর করিয়াছিলেন যেমন—গোপীগণ কাত্যায়ণী ব্রত করিবার জন্য শ্রীবন্দীবনে গমন করিবেন কিন্তু রাস্তায় শ্রীয়মন্ত। যমুনায় অনেক জল। শ্রীচুর্বাসামুনি বলিলেন—‘শ্রীকৃষ্ণ বালবন্ধচারী’ এই বাক্য উচ্চারণ করিতে করিতে যমুনায় গমন করিলে শ্রীয়মন্ত জলে তোমাদের কোন অসুবিধা হইবে না। সখীগণ তখন খুব হাসিতে লাগিলেন। তাহারা

মনে মনে চিন্তা কৱিলেন যে—শ্রীকৃষ্ণ নিত্য আমাদেৱ সহিত বিহারাদি লীলা কৱিয়া থাকে, তিনি আবাৰ ব্ৰহ্মচাৰী। দেখা গেল এইবাক্য উচ্চাবণ কৱিতে কৱিতে শ্ৰীযমুনী পাৰ হইলেন, তাহাতে জলেৱ বেগ কোথায় কিভাবে কম হইয়াছিল তাহার কিছুই উপলক্ষ্মি কৱিতে পাৱিলেন না। তখন স্থীগণেৱ মনেৱ অম দূৰ হইয়াছিল।

উহুৱয়া :—লক্ষ্মীনগৱ হইতে অৰ্দ্ধ কিঃ মিঃ উত্তৰে উহুৱয়া অবস্থিত।

কল্যাণপুৰ :—দিবানা হইতে দুই কিঃ মিঃ এবং ভূতিয়া হইতে আড়াই কিঃ মিঃ পশ্চিমে কল্যাণপুৰ অবস্থিত। গ্ৰামে শ্ৰীৰাধাৰূপ মন্দিৱ, শ্ৰীমহাদেৱ মন্দিৱ বিৱাজিত।

ভূতিয়া :—ছদ্মৱান হইতে দুই কিঃ মিঃ দূৰে ভূতিয়া গ্ৰাম অবস্থিত। গ্ৰামে শ্ৰীহৃষ্মান মন্দিৱ বিৱাজিত।

সুৱজ :—ভূতিয়া হইতে অৰ্দ্ধ কিঃ মিঃ পূৰ্বভাগে সুৱজ গ্ৰাম অবস্থিত।

দিবানা :—শাহপুৰ হইতে দুই কিঃ মিঃ উত্তৰে এবং শ্ৰীমথুৱা হইতে আট কিঃ মিঃ পূৰ্বভাগে দিবানা গ্ৰাম অবস্থিত। গ্ৰামে শ্ৰীদাউজী মন্দিৱ, শ্ৰীমহাদেৱজী মন্দিৱ বিৱাজিত।

ছিকৱা :—লোহগড় হইতে দুই কিঃ মিঃ দূৰে ছিকৱা গ্ৰাম অবস্থিত।

চুৱাহসী :—ছিকৱা হইতে দেড় কিঃ মিঃ দূৰে চুৱাহসী অবস্থিত।

সৱদাৱগঢ় :—সুগনগঢ় হইতে সিকি কিঃ মিঃ দূৰে সৱদাৱগঢ় অবস্থিত।

নথোহসী :—সুগনগঢ় হইতে এক কিঃ মিঃ দূৰে নথোহসী গ্ৰাম অবস্থিত।

থানা অমৱসিংহ :—সৱদাৱগঢ় হইতে দেড় কিঃ মিঃ দক্ষিণে থানা গ্ৰাম অবস্থিত।

গৌৱাঙ্গ :—ৱায়া হইতে আড়াই কিঃ মিঃ পশ্চিমে গৌৱাঙ্গ নামক গ্ৰাম অবস্থিত।

ৱায়া :—শ্ৰীমথুৱা হইতে আট কিঃ মিঃ পূৰ্বভাগে এবং নৱবে হইতে দেড় কিঃ মিঃ দূৰে ৱায়া গ্ৰাম অবস্থিত। এখামে শ্ৰীনন্দমহারাজেৱ কোষাগার ছিল। গ্ৰামে শ্ৰীছৰ্বাসা ঝৰিৱ আশ্রম, শ্ৰীগোপালজী মন্দিৱ, শ্ৰীমহাদেৱজী এবং শ্ৰীহৃষ্মানজীউৱ মন্দিৱ বিৱাজিত। এইগ্ৰাম ব্ৰজেৱ দক্ষিণ পূৰ্বভাগেৱ শেষ সিমানা এবং উত্তৰ পূৰ্বভাগেৱ শেষ সিমানা হইতেছে বাজনং।

আচৰু :—ৱায়া হইতে দেড় কিঃ মিঃ দূৰে অবস্থিত।

সাৱসা :—ৱায়া হইতে দুই কিঃ মিঃ দূৰে অবস্থিত।

ভেসৱা :—সাৱসা হইতে এক কিঃ মিঃ দূৰে অবস্থিত।

পড়ৱাৱী :—ভেসৱা হইতে এক কিঃ মিঃ দূৰে অবস্থিত।

কটেলা :—খেয়াৱী হইতে দুই কিঃ মিঃ দূৰে কটেলা গ্ৰাম অবস্থিত।

মল্লা ককৱেটিয়া :—ৱায়া হইতে চাৱ কিঃ মিঃ পশ্চিমে মল্লা ককৱেটিয়া গ্ৰাম অবস্থিত। পাৰ্শ্বেই শ্ৰীমহাদেৱ মন্দিৱ বিৱাজিত।

বাহাতুরপুর : কারব হইতে সোয়া কিঃ মিঃ উত্তরে বাহাতুরপুর গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীসীতারাম মন্দির এবং শ্রীমহাদেব মন্দির বিরাজিত।

ইটোলী :—হাবেলী হইতে অর্দ্ধ কিঃ মিঃ এবং কারব হইতে দুই কিঃ মিঃ পূর্বভাগে ইটোলী গ্রাম অবস্থিত।

কারব :—শ্রীবলদেব হইতে আট কিঃ মিঃ এবং সোহেরা হইতে চার কিঃ মিঃ দূরে কারব গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাম-লক্ষ্মণ এবং সীতাদেবীর মন্দির, শ্রীরাধাকৃষ্ণ মন্দির, শ্রীমহাদেব ও শ্রীহরূমানজী মন্দির বিরাজিত।

গোসানা :—মায়াপুরী হইতে এক কিঃ মিঃ পূর্বভাগে গোসানা গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীমহাদেব মন্দির বিরাজিত।

মায়াপুরী :—লক্ষ্মীনগর হইতে অর্দ্ধ কিঃ মিঃ পূর্বভাগে মায়াপুরী গ্রাম অবস্থিত।

শাহপুর :—গোসানা হইতে দুই কিঃ মিঃ পূর্বভাগে কিঞ্চিৎ দক্ষিণ দিশায় এবং পাকারাস্তা হইতে ১৫০ কিঃ মিঃ দূরে শাহপুর গ্রাম অবস্থিত।

সিহোরা :—চিতা নগলা হইতে তিন কিঃ মিঃ এবং শাহপুর হইতে আড়াই কিঃ মিঃ দক্ষিণে সিহোরা গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাধাকৃষ্ণ, শ্রীহরূমানজী এবং শ্রীযমুনামাতা মন্দির বিরাজিত।

লৌহবন

শ্রীমথুরা হইতে সাড়ে ছয় কিঃ মিঃ পূর্বভাগে লৌহবন অবস্থিত। শ্রীকৃষ্ণ-বলরাম এইস্থানে গোচারণ লীলা করিয়া থাকেন। লোহ জ্বালান এইস্থানে বধ হওয়ায় এই রমনীয় স্থানের নাম লৌহবন বলিয়া প্রসিদ্ধ। লৌহজ্যবন নামক নবম বন সর্বপাপ নাশক।

— : তথাহি শ্রীভক্তিরস্তাকর হইতে :—

অহে শ্রীনিবাস ! এই দেখ ‘লৌহবন’। লৌহবনে কুফের অস্তুত গোচারণ ॥

নানাপুষ্প সুগন্ধে দাপিত রম্যস্থান । এথা লোহজ্যবনে বধে ভগবান् ॥

লৌহজ্যবন-নাম হয়ত ইহার । এ সর্বপাতক হৈতে করয়ে উদ্বার ॥

— : তথাহি শ্রীআদিবরাহে :—

লৌহজ্যবনং নাম লৌহজ্যেন রক্ষিতম্ । নবমস্ত বনং দেবী সর্বপাতকনাশনম্ ॥

অমুবাদ :—হে দেবী ! লৌহজ্য কর্তৃক রক্ষিত লৌহজ্যবন নামক নবম বন সর্বপাতক নাশক।

— : তথাহি শ্রীচৈতন্যমঙ্গলে :—

তাহার উত্তরে আছে লৌহ নামে বন । ভাণীর বন আছে তাহার টিশান ॥

আলীপুর / আয়রে গ্রাম

নগলা পোলা হইতে এক কিঃ মিঃ দূরে এবং খেরিয়া হইতে এক কিঃ মিঃ উত্তরে আলীপুর গ্রাম

ଅବଚ୍ଛିତ । ଏଟ ଗ୍ରାମେ ପ୍ରାଚୀନ ନାମ ଆସିରେ । ଶ୍ରୀକୃଷ୍ଣ ଦନ୍ତବକ୍ରକେ ବଧ କରିଯା ଆଗମନ କରିଲେ ସମସ୍ତ ବ୍ରଜବାସୀଗଣ ପ୍ରେମେ ଆସିରେ ଆସିରେ କାହାଇୟା ବଲିତେ ବଲିତେ ଏହିଥାନେ ମିଲିତ ହଇଯାଇଲେନ । ମେହିଜନ୍ମ ଥାନେର ନାମ ଆସିରେ ବଲିଯା ପରିଚିତ ।

—: ତଥାହି ଶ୍ରୀଭକ୍ରିରଙ୍ଗାକରେ :—

କୃଷ୍ଣ ଦେଖି' ସାଥ ଗୋପ ଆମନ୍ଦେ ବିହଳ ।	"ଆସୋରେ ଆସୋରେ" ବଲି କରେ କୋଲାହଳ ॥
ମିଲିଯା ମବାରେ କୃଷ୍ଣ, କୃଷ୍ଣ ମବେ ଲୈଯା ।	ନିଜାଲୟେ ଆଇଲା ଯମୁନା ପାର ହୈଯା ॥
ହଇଲା ପରମାନନ୍ଦ ବ୍ରଜେ ଘରେ ଘରେ ।	ପୂର୍ବମତ ମବା—ମହ ଶ୍ରୀକୃଷ୍ଣ—ବିହରେ ॥
"ଆସୋରେ" ବଲିଯା ଗୋପ ଘେଖାନେ ମିଲିଲ ।	ଆସୋରେ ନାମେତେ ଗ୍ରାମ ତଥାଯ ହଇଲ ।

ଗୌରବାଇ / ଗୋରାଇ ଗ୍ରାମ

ଆସିରେ ଗ୍ରାମେ ପାର୍ଶ୍ଵ ଗୋରାଇ ଗ୍ରାମ ଅବଚ୍ଛିତ ।

—: ତଥାହି ଶ୍ରୀଭକ୍ରିରଙ୍ଗାକରେ ଦୃଷ୍ଟ ହୟ :—

ନନ୍ଦାଦିକ ମବେ ସାଥ କୈଲା ଯେଇଥାନେ ।	'ଗୌରବାଇ' ମେ ଗ୍ରାମେ ନା ଜାନେ ॥
ଯେକଥେ ଏନାମ ହୈଲ ଶୁନନ୍ତ ମେ-କଥା ।	ଢାନା—ନାମେ ଏକ ବୃଦ୍ଧଗ୍ରାମ ଆଛେ ତଥା ॥
ମେହି ଢାନା-ଗ୍ରାମେର ବିଶିଷ୍ଟ ଜମିଦାର ।	ଶ୍ରୀନଦରାୟେର ସହ ଅତି ପ୍ରୀତି ତା'ର
କୁରକ୍ଷେତ୍ର ହେତେ ନନ୍ଦ-ଗମନ ଶୁନିଯା ।	ମହାହର୍ଷେ ଆଶ୍ଵସରି' ଆନିଲେନ ଗିଯା
ବାସ କରାଇଲା—ମେ ଗୌରବ-ସୀମା ନାଟ ।	ଏହି ହେତୁ ଗ୍ରାମ-ନାମ ହୈଲ ଗୌରବାଇ
ଏବେ ମେ ଗ୍ରାମେ ନାମ ଗୋରାଇ କହଯ ।	ଢାନା-ଆସୋରେ-ଗ୍ରାମାଦି ନିକଟସ୍ଥ ହୟ
ଏହି ଗ୍ରାମ-ପ୍ରାସଙ୍ଗେ ଅନ୍ତତଃ ପ୍ରଚାରଯେ ।	ଆର ସେ ସେ ଗ୍ରାମ ନାମ କହିଲେ ନା ହେୟ

—: ତଥାହି ଗୋପାଳଚମ୍ପୁପତ୍ତେ ଦୃଷ୍ଟ ହୟ :—

କଥକିନିପି ମଥୁରାନନ୍ଦଗତା: କୁରୁଗା ସ୍ଥଳାଦିଜେନ୍ଦ୍ରମୁଖଗୋତ୍ତଃ: ପୁନରଗୈତୁମାଞ୍ଚାଲୟମ୍ ।

ବିରକ୍ତମନସକ୍ତା ତପନଜାଂ ମୁଦ୍ରିତ ଗୌରବିତି ବିଦିତକ୍ଷଳେ ବ୍ରଜବାସୟନ ଦୂରତଃ: ॥

ଗୋକୁଳପତିରିତି ନାମା ଗୌରବ ଇତି ତନ୍ଦଗୌରବିତାପିଚ । ସଂକ୍ଷତଜଂ ପ୍ରାକୃତଜଂ ଗ୍ରାମଜମାଧ୍ୟାନମଞ୍ଜତି ସ୍ଥାନମ୍ ॥
ଗୋକୁଳପତିରିତି ନାମା ଖ୍ୟାତଂ ଗୋକୁଳପତ୍ତେ ସ୍ଥାନମ୍ । ପୁରୁଷୋତ୍ତମ ଇତି ସନ୍ଦେ ପୁରୁଷୋତ୍ତମ ଧାମ ବିଖ୍ୟାତମ୍ ॥

ଅନୁବାଦ :— କୁରକ୍ଷେତ୍ର ସ୍ତରମ୍ଭପର୍ବକ ହେତେ ପୁନଃ ନିଜ ଗୃହେ ଗୋକୁଳେ ଗମନେଛୁ ବ୍ରଜେଶ୍ଵର ଶ୍ରୀନନ୍ଦ ପ୍ରମୁଖ ଗୋପଗଣ ଅନିଷ୍ଟା ହେତୁ କୋନ ପ୍ରକାରେ ମଥୁରାର ଦିକେ ପ୍ରଥମ କରିଲେନ । କିନ୍ତୁ ଗୃହ-ଗମନେ ବିରକ୍ତଚିତ୍ତ ହେଯା ତଥନ ଯମୁନା ପାର ହେଇୟା ଗୋକୁଳ ହେତେ ଦୂରେ ଗୌରବାଇ ନାମେ ପ୍ରସିଦ୍ଧ ଥାନେ ଗୋଟିଏ ପ୍ରଥମ ପ୍ରାପ୍ତ କରିଲେନ । ମେହି ଥାନେ 'ଗୋକୁଳପତି' ଏହି ସଂକ୍ଷତ-ନାମ 'ଗୌରବ' ଏହି ପ୍ରାକୃତ ନାମ ଏବଂ ଗୌରବ ଏହି ଗ୍ରାମ ନାମ ପ୍ରାପ୍ତ ହେଇଯାଇଁ । ଯେକଥେ ପୁରୁଷୋତ୍ତମଧାମ 'ପୁରୁଷୋତ୍ତମ' ଏହି ନାମେ ବିଖ୍ୟାତ, ତନ୍ଦପ ଗୋକୁଳପତିର ଏହିଥାନେ 'ଗୋକୁଳପତି' ଏଇନାମେ ଥିଲା ।

নগলা পোলা :—সিহোরা হইতে ছুই কিঃ মিঃ দক্ষিণে নগলা পোলা অবস্থিত। গ্রামে শ্রীমহাদেব মন্দির বিরাজিত।

হয়াতপুর :—আলীপুর হইতে এক কিঃ মিঃ দূরে হয়াতপুর অবস্থিত।

নগলা মীরবুলাখী :—অজয়নগর হইতে এক কিঃ মিঃ দূরে নগলা মীরবুলাখী অবস্থিত।

নগলা কাজী :—মীরবুলাখী হইতে এক কিঃ মিঃ উত্তরে নগলা কাজী অবস্থিত।

তারাপুর :—কারব হইতে ছুই কিঃ মিঃ দূরে অবস্থিত।

মদনপুর :—কারব হইতে তিন কিঃ মিঃ দূরে অবস্থিত।

কিশনপুর :—খেরিয়া হইতে দেড় কিঃ মিঃ পূর্বভাগে কিশনপুর গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাধাকৃষ্ণের বিগ্রহ মন্দির বিরাজিত। দীর্ঘ বিরহের পরে ব্রজবাসীগণ শ্রীকৃষ্ণ ও বলরামকে পাইয়া অতুল আনন্দেৎসবে ব্রজকে পরিপূর্ণ করিয়াছিলেন।

খেরিয়া :—মনোহরপুর হইতে এক কিঃ মিঃ উত্তরে খেরিয়া গ্রাম অবস্থিত। কোন এক সময় লৌহজ্যামুরের ভয়ে ব্রজগোপবালকগণ খায়রে খায়রে বলিয়া চিংকার করিতেছিলেন, সেইজন্ত এই গ্রামের নাম খেরিয়া বলিয়া পরিচিত।

বান্দী / আনন্দ বিনন্দী

কারব হইতে চার কিঃ মিঃ দক্ষিণে এবং শ্রীবলদেব হইতে চার কিঃ মিঃ উত্তরে বান্দী গ্রাম অবস্থিত। গ্রামের পূর্বনাম শ্রীআনন্দ বিনন্দী। এইস্থানে বল প্রাচীনকালে আনন্দীদেবী এবং বান্দীদেবী তজনানন্দে নিমগ্ন ছিলেন সেইজন্ত এই গ্রামের নাম বান্দী বলিয়া পরিচিত। গ্রামের মধ্যস্থাগে শ্রীআনন্দী-দেবী, শ্রীবান্দীদেবী এবং শ্রীআনন্দেশ্বর মহাদেব ও বান্দীকুণ্ড বিরাজিত। এই স্থলের দেৰীদৰ্যকে দর্শন করিলে মানব অতিসত্ত্বে প্রেমভক্তি লাভ করিয়া থাকেন।

জগদীশপুর :—কারব হইতে তিন কিঃ মিঃ দক্ষিণ-পশ্চিমাংশে জগদীশপুর গ্রাম অবস্থিত। এই জগদীশপুরের পশ্চাংতাগে জকরিয়াপুর এবং জকায়াপুর অবস্থিত।

ধানপুর :—বান্দী হইতে এক কিঃ মিঃ পশ্চিমে ধানপুর গ্রাম অবস্থিত।

মনোহরপুর :—আনন্দঘড়ী হইতে অর্ধ কিঃ মিঃ দূরে মনোহরপুর গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীমহাদেব মন্দির বিরাজিত।

অমীরপুর :—ছোলী হইতে দেড় কিঃ মিঃ পশ্চিমে মীরপুর অবস্থিত।

ছোলী :—বলদেব হইতে ছুই কিঃ মিঃ উত্তরে ছোলী গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীহুমান এবং শ্রীমহাদেব মন্দির বিরাজিত।

বলদেব

ঝায়া হইতে ঘোল কিঃ মিঃ, মথুরা হইতে চৰিশ কিঃ মিঃ এবং বান্দী হইতে চার কিঃ মিঃ দক্ষিণে

বলদেব গ্রাম অবস্থিত : ইহা শ্রীবলদেবের বিহার স্থান। এইস্থানে শ্রীবলদেব কেবল স্ব ইচ্ছায় গোপ-ধালক গগকে নিজরূপ দর্শন করাইয়াছিলেন, সেইজন্তু এই গ্রামের নাম শ্রীবলদেব। গ্রামে প্রসিদ্ধ শ্রীবল-দেব মন্দির বিরাজিত। ইহাছাড়া শ্রীমহাদেবজী ও কুণ্ড দর্শননীয়। এইস্থান শ্রীব্রজমণ্ডলের যমুনা তটস্থ শেষ সিমান্ত। উত্তর পূর্বভাগে শ্রীবলদেবজীটি ষেই ভাবে খান্নি স্থাপন করিয়া ভজের সীমা নিরূপণ করিয়াছেন ঠিক সেই ভাবে শ্রীবলদেবজীটি এই স্থানেও শ্রীবলদেব গ্রাম নামের মাধ্যমে ভজের দক্ষিণ পূর্ব সীমা নিরূপণ করিয়াছেন। শ্রীবলদেবজীটির মন্দিরে শ্রীবলরাম ও শ্রীমতীরেবতীর মূর্তি দর্শননীয়। মন্দিরের পশ্চিমভাগে শ্রীসন্কৃত কুণ্ড নামান্তর ক্ষীরসাগর, গ্রামের দক্ষিণে মতিকুণ্ড, উত্তরে রেখকুণ্ড ও রীড়া গ্রাম অবস্থিত।

ছবরটি :—শ্রীবলদেব হইতে আড়াই কিঃমিঃ দক্ষিণ-পশ্চিমাংশে ছবরটি গ্রাম অবস্থিত। শ্রী-যমুনার পূর্বতটে অত্যন্ত মনোরম দর্শননীয় স্থান।

খড়েরা :—বলদেব হইতে ত্রুই কিঃ মিঃ পশ্চিমে খড়েরা অবস্থিত।

সাহবপুর :—হাথৌড়া হইতে তিন কিঃ মিঃ দক্ষিণ সাহবপুর অবস্থিত।

জুচারদার :—সাহপুরের পার্শ্বে জুচারদার অবস্থিত।

হাথৌড়া :—বলদেব হইতে সাড়ে তিন কিঃ মিঃ পশ্চিমে এবং নগরিয়ার সঙ্গে হাথৌড়া গ্রাম অবস্থিত। এই গ্রামে শ্রীনন্দমহারাজের বৈষ্টক বিয়াজিত। এইস্থানে শ্রীমহাদেব মন্দির দর্শননীয়।

হবিবপুর :—সাহবপুর হইতে এক কিঃ মিঃ দূরে হবিবপুর অবস্থিত।

বলরামপুর :—হবিবপুরের পার্শ্বে বলরামপুর অবস্থিত।

শোরপুর :—হবিবপুরের পশ্চিমভাগে শ্রীযমুনার তটে শোরপুর অবস্থিত।

নরহোলী :—বিজাপুর হইতে এক কিঃ মিঃ এবং হাথৌড়া হইতে তিন কিঃ মিঃ পশ্চিমে নরহোলী গ্রাম অবস্থিত। গ্রামে শ্রীরাধাকৃষ্ণ এবং শ্রীহনুমানজীটির মন্দির বিরাজিত। এই গ্রামের পার্শ্বে নবীপুর এবং মুরপুর অবস্থিত।

যোগীপুর :—নরহোলী হইতে দেড় কিঃ মিঃ পশ্চিমে যোগীপুর অবস্থিত। তাহার পূর্ব-ভাগে খন্ডরপুর অবস্থিত।

শ্রীমহাবন (পুরাতনগোকুল)

শ্রীযমুনার পূর্বতীরে এবং চিঞ্চাহরণ ঘাটের বায়ুকোণে শ্রীমহাবন অবস্থিত। এই অষ্টমবন শ্রী-মথুরা হইতে সাড়ে আট মাইল দূরে অবস্থিত। শ্রীকৃষ্ণভগবান বাল্যকালে এই বনে বহু লৈলা করিয়া-ছেন, সেইজন্তু এই বনে কেহ আগমন করিলে ইন্দ্রলোকে পূজীত হয়।

এখানকার বিশেষ বিশেষ দর্শননীয় স্থান যেমন :—(১) শ্রীনন্দমহারাজের দন্তধাবন টীলা, (২)-শ্রীগোপীকাগণের হাবেলী, (৩) শ্রীপুতনা মোক্ষণ স্থান, (৪) শকট ভঞ্জন স্থান, (৫) তৃণাবর্ত্ত বধের স্থান,

- (୬) ଶ୍ରୀନିନ୍ଦମହାରାଜେର ସିଂହପୌରୀ, (୭) ଶ୍ରୀନିନ୍ଦତବନ, (୮) ଦଦିମନ୍ତ୍ରମ ସ୍ଥାନ, (୯) ଶ୍ରୀକୃଷ୍ଣର ସଂଗୀପୂଜା ସ୍ଥଳ,
 (୧୦) ଆଶୀ ଖାସା, (୧୧) ଶ୍ରୀଶାମଲାର ମନ୍ଦିର, (୧୨) ଶ୍ରୀକୃଷ୍ଣର ନାଡ଼ୀଛେଦନ ସ୍ଥଳ, (୧୩) ଶ୍ରୀନିନ୍ଦକୃପ (୧୪)
 ଶ୍ରୀଷମଲାର୍ଜୁନ ଭଞ୍ଜନ ସ୍ଥଳ, (୧୫) ଶ୍ରୀବ୍ରଜରାଜେର ଗୋଶାଳା, (୧୬) ଶ୍ରୀଗୋରାଦାଉଜୀ ଏବଂ ଶ୍ରୀମତୀରେବତୀଜୀ,
 (୧୭) ଶ୍ରୀପାତାଳ ଦେବୀ, (୧୮) ଝଣ୍ଗାବାଲା ଶ୍ରୀସାଙ୍କ୍ଷିଗୋପାଲଜୀଟ, (୧୯) ତୁନାବର୍ତ୍ତ ବିହାରୀଜୀଟ, (୨୦) ଶ୍ରୀ-
 ଲକ୍ଷ୍ମୀନାରାୟଣଜୀଟ, (୨୧) ଶ୍ରୀୟମୁନାମତାଜୀ, (୨୨) ଶ୍ରୀଯୋଗମାୟାଜୀ, (୨୩) ଶ୍ରୀଯଶୋଦାତବନ ନନ୍ଦ ଟିଲାର
 ଉପରେ, (୨୪) ଶ୍ରୀଗୋଡ଼ୀୟ ମଠ ଇତ୍ୟାଦି ।

—: ତଥାହି ଶ୍ରୀଭକ୍ତିରତ୍ନାକରେ :—

ଅହେ ଶ୍ରୀନିବାସ, ଏଥା ସ୍ଵର୍ଗର ଅବଧି । କୈଲ କୃଷ୍ଣନେର ଲୌକିକ ଯେ ଯେ ବିଧି ॥
 ଏଥା ଦେଖ ନନ୍ଦେର ଗୋଶାଳା-ସ୍ଥାନ ଏଥା । ଗର୍ଗାଚାର୍ଯେ ନନ୍ଦ ଜାନାଇଲ ମନ: କଥା ॥
 କଂସଭୟେ ଗର୍ଗ ରାମକୃଷ୍ଣର ଗୋପନେ । କୈଲ ନାମକରଣ ଏଥାଇ ହର୍ଷମନେ ॥
 ପୂତନା ବଧିଲା ଏଥା ବ୍ରଜେନ୍ଦ୍ରକୁମାର । ଏହି ଖାନେ ଅଗ୍ନିକ୍ରିୟା ହୈଲ ପୁତନାର ॥
 ଶୁହେ ଶ୍ରୀନିବାସ, କୃଷ୍ଣ ରହିଯା ଶୟନେ । ଶକଟ ଭଞ୍ଜନ କରିଲେନ ଏହିଖାନେ ॥
 ଉତ୍ତାନ ଶୟନେ କୃଷ୍ଣ-ଶୋଭା ଅତିଶୟ । ଶୈଶବେ ଅନ୍ତୁତ ଲୀଲା ଦେଖିତେ ବିଶ୍ୱଯ ॥
 ଏଥା କୃଷ୍ଣଚନ୍ଦ୍ର ଚଢ଼ି' ମାୟେର କ୍ରୋଡ଼େତେ । ସ୍ତନତୁଳ ପିଯେ ମହା ଅନ୍ତୁତ ଭଞ୍ଜିତେ ॥
 ଯଶୋଦା କୃଷ୍ଣର ମୁଖ କରି' ନିରିକ୍ଷଣ । ଆନନ୍ଦେ ବିହବଳ ହଟିଲ ପିଯାଧେନ ଶ୍ରମ ॥
 ଏଥା କୃଷ୍ଣ ସଶୋଦା ଆକର୍ଷେ ମହାସ୍ଵର୍ତ୍ତେ । ହାମାଗୁଡ଼ିଯାନ, କି ମଧୁର ହାସିମୁଖେ ॥
 ଏଥା କୃଷ୍ଣ ଗୋପିଗଣ ଜିଜ୍ଞାସେ ଯାହା । ଅନ୍ତୁଲିନିଦିର୍ଶେ କୃଷ୍ଣ ଦେଖାଯେନ ତାହା ॥
 ଏଥା କୃଷ୍ଣ ଧୂଲାୟ ଧୂମର ହୈୟା ହାସେ । ଦେଖି ମା ଗାପୁତ୍ରେ କତ କହେ ଯୁଦ୍ଧଭାଷେ ॥
 ପରମ ଶୁନ୍ଦର କୃଷ୍ଣ ବସି' ଏହିଖାନେ । ଦୁନ୍ଧପାନ ଲାଗି' ଚାହେ ଜନମୀର ପାନେ ॥
 ଏଥା ତୃଗାବର୍ତ୍ତ ଦୁଷ୍ଟ କୃଷ୍ଣରେ ଲହିୟା । ଉଟିଲ ଆକାଶେ ଅତି ଉଲ୍ଲାସିତ ହୈୟା ॥
 ପରମ କୌତୁକେ କୃଷ୍ଣ ଚାହି' ଚାରି ପାଶେ । ତୃଗାବର୍ତ୍ତେ ବଧେ ଏହି କଂସେର ଆବାସେ ॥
 ଏଥା କୃଷ୍ଣ ମୃତ୍ତିକା-ଭକ୍ଷଣ କୈଲ ସ୍ଵର୍ଗେ । ବ୍ରଜେଶ୍ଵରୀ ବ୍ରଜାଗୁ ଦେଖିଲ କୃଷ୍ଣମୁଖେ ॥
 ଏ—ହେତୁ 'ବ୍ରଜାଗୁଷାଟ'—ନାମ ସେ ଇହାର । ଦେଖ ସମୁନାର ଶୋଭା ଚମକାର ॥
 ଯଶୋଦା ଆନନ୍ଦେ ବସି' ଗୋପିଗଣ—ସନେ । ଦେଖ୍ୟେ ପୁତ୍ରେର ଚାକୁ-ଶୋଭା ଏ ଅଙ୍ଗନେ ॥
 ଏଥା ଉଦୂଖଲେ କୃଷ୍ଣ ସଶୋଦା ବାନ୍ଧିଲା । ବନ୍ଧନ ସ୍ଵିକାର କୃଷ୍ଣ କୌତୁକେ କରିଲା ॥
 ଏହି 'ସମଲାର୍ଜୁନ-ଭଞ୍ଜନ' ତୀର୍ଥସ୍ଥଳ । ଅପୂର୍ବ କୁଣ୍ଡେର ଶୋଭା ଶୁନିଶ୍ଚଳ ଜଳ ॥
 ମିଳିଯେ ଅନ୍ତ ଫଳ ଆମୋପବାସେତେ । ଇଲ୍ଲୋକେ ପୂଜ୍ୟ ମହାବନ-ଗମନେତେ ॥
 ଦେଖ ଗୋପିଶ୍ଵର—ମହାପାତକ ନାଶୟ । କୃଷ୍ଣପ୍ରିୟ ମହାବନ କୃଷ୍ଣଲୀଲାମୟ ॥
 ସମ୍ପୁର୍ଣ୍ଣମୁଦ୍ରିକ କୂପ ଦେଖ ଏହିଖାନେ । ପିଣ୍ଡ—ପ୍ରଦାନାଦି ଫଳ ବ୍ୟକ୍ତ ସେ ପୁରାପେ ॥

এই মহাবনে শ্রীমন্মহাপ্রভু এবং শ্রীসনাতনাদি গোষ্ঠামীগণ আগমন করিয়া শ্রীকৃষ্ণলীলা রস অস্বাদন করিয়াছেন। শ্রীসনাতন গোষ্ঠামী এইবনে শ্রীমদ্বগোপালজৈউর লীলা দর্শন করিয়াছেন।

শ্রীপৃতনার মুক্তি

শ্রীবলিমহারাজ যখন শ্রীগুরুদেব শুক্রাচার্যের আজ্ঞামুসারে দান প্রদান করিতেছিলেন তখন শ্রীভগবান দান গ্রহণ করিবার জন্য বামনরূপ ধারণ করিয়া ধরাধামে অবতীর্ণ হইয়াছিলেন। বামনদেবকে দর্শন করিয়া শ্রীবলিমহারাজের কন্তা 'রস্তমালা' মনে মনে বলিতে লাগিলেন যে—আহা ! কি সুন্দর এইবালক যদি তিনি আমার পুত্র সদৃশ হইত তাহা হইলে আমি তাহাকে বক্ষে ধারণ করিয়া মুখে স্তন পান করাই-তাম। তাহার কিছু পরে বলিতে লাগিলেন যে—এই বামন আমার পিতার নিকট ত্রিপাদ ভূমি গ্রহণ করলে সর্ববস্থ হরণ করিয়াছে অতএব এইরূপ বালক যদি আমার হইত তবে তাহাকে আমি বিষ মিশ্রিত স্তন পান করাইয়া প্রাণ নাশ করাইতাম। বামনরূপী হরিও পরম ভক্তিমতী বলিকন্তাকে মনে মনে বরদান করিলেন যে—তোমার মনোরথ পূর্ণ হউক।

দ্বাপরাষ্ট্রে সেই বলি মহারাজের কন্তা পৃতনা নামে মথুরায় কংসের অনুচরী হইয়া জন্মগ্রহণ করিলেন। কংসের আজ্ঞামুসারে পৃতনা শ্রীকৃষ্ণকে হত্যা করিবার জন্য গোকুলে গমন করিলেন। কামচারিণী পৃতনা মায়াবলে নিজেকে এক অপূর্ব সুন্দরী রমণীরূপ ধারণ করিয়া শ্রীনন্দালয়ে প্রবেশ করিলেন। সেখানে প্রবেশ করিয়া শ্রীকৃষ্ণকে বাংসল্য ভাবে ক্রোড়ে তুলিয়া বিষযুক্ত স্তন পান করাইতে লাগিলেন। পৃতনা মনে বিচার করিলেন যে—স্তনের উপরে বিষ মাখানো আছে অতএব তাহা পান করিলে অবশ্যই শ্রীকৃষ্ণের মৃত্যু হইবে। এইদিকে শ্রীকৃষ্ণ ক্রুদ্ধ হইয়া পৃতনার স্তন ছুটিকে নিপীড়ন করিয়া পান করিতে থাকিলে “ছাড় ছাড়” বলিয়া চিংকার করিতে করিতে হস্ত-পদ প্রস্মারণ করিয়া শেষ নিঃশ্বাশ ত্যাগ করিলেন। মৃত্যু অবস্থায় পৃতনার রাঙ্কসী রূপটি প্রকাশিত হইয়াছিল। দেহাষ্টে শ্রীকৃষ্ণ তাহাকে মাতৃগতি দান করিলেন। তৎপর মাতা যশোদা গোপীগণ সঙ্গে গোপুচ্ছ অমনাদি দ্বারা সর্ব প্রকারে (বাংসল্য-ভাবে) শ্রীকৃষ্ণকে রক্ষা বিধান করিয়াছিলেন। এই পৃতনা বধ লীলা শ্রীকৃষ্ণের আবির্ভাবের সপ্তম দিবসে ঘটিয়াছিল।

তৃণাবর্ত্তের মুক্তি

পাঞ্চদেশে হরিভক্ত ধর্মনিষ্ঠ এবং যজ্ঞ ও দানে তৎপর সহস্রাক্ষ নামে প্রতাপবান् এক রাজা ছিলেন। তিনি লতাবেতে পরিবৃত নর্মদার দিব্যতটে সহস্র রমণীর সহিত রমমাণ হইয়া বিচরণ করিতেন। একদা তৃণাসামুনি তথায় আগমন করিলে তিনি প্রণাম করিলেন না। তখন মুনি অভিশাপ দিলেন যে—‘রে দুর্ঘতি ! তুই রাঙ্কস হইবি।’ অতঃপর সহস্রাক্ষ তাহার পাদদ্বয়ে পতিত হইলে মুনি মৃপকে বরদান করিলেন যে—“হে মৃপ ! শ্রীকৃষ্ণ শরীর স্পর্শে তোমার মুক্তি হইবে।”

সেই সহস্রাক্ষ ভূতলে তৃণাবর্ত্ত হইয়া জন্মগ্রহণ করিলেন। শ্রীকৃষ্ণকে হত্য করিবার জন্য কংস

তাহাকে গোকুলে প্রেরণ করিলেন। একদিন মাতা যশোদা শ্রীকৃষ্ণকে ক্রোড়ে লইয়া লালন করিতে ছিলেন, হঠাৎ গিরিশিখর তুল্য শিশুর গুরুত্ব বোধ হইলে শিশুটিকে ভূমিতে রাখিয়া বিশ্রাম করিতে লাগিলেন। এমন সময় তৃণাবর্ত্ত নামক দৈত্য সেই স্থানটিকে ধূলি কঁকর যুক্ত ঘূর্ণিবায়ু দ্বারা আচ্ছাদিত করিয়া দিলেন। তাহাতে মাতাযশোদা চক্ষু দ্বারা আর কিছুট দেখিতে পাইতেছেন না। তখন তৃণাবর্ত্ত শ্রীকৃষ্ণকে হরণ করিয়া নভোমার্গে যাইতে লাগিলেন কিন্তু শ্রীকৃষ্ণের অতিভার তাহার গতিবেগকে মন্দিভূত করিয়া দিলে সে আর যাইতে সমর্থ হইলেন না। শ্রীকৃষ্ণ তাহার গলদেশ এমনভাবে চাপিয়া ধরিলেন যে—সে তখন শ্রীকৃষ্ণকে পরিত্যাগ করিতে ইচ্ছা করিলেও সেই অন্তু বালককে ত্যাগ করিতে সমর্থ হইলেন না। গলগ্রহণ জন্ম তাহার চক্ষুব্যবহৃত হইয়াছিল এবং অব্যক্ত শব্দ করিতে করিতে গতপ্রাণ হইয়া বালকের সহিত অজধামে পরিয়া গেল।

এইদিকে মাতা যশোদা শিশু পুত্রকে না দেখিয়া রোদন করিতে লাগিলেন। স্বীকৃত রোদন খনি শ্রবণ করিয়া সেই স্থানে আগমন করিলেন এবং শ্রীকৃষ্ণকে অস্বেষণ করিতে লাগিলেন। অস্বেষণ করিতে করিতে বিড়াট এক মৃত্যুবস্থা অস্তরের উপর শ্রীকৃষ্ণকে দেখিতে পাইলেন এবং সেইস্থান হইতে আনয়ন করিয়া মাঝের ক্রোড়ে স্থাপন করিলেন। দানব কর্তৃক শুন্মার্গে নীত অথচ ঘৃত্যামুখ হইতে মুক্ত ও সর্বতোভাবে কুশলী শ্রীকৃষ্ণকে লাভ করিয়া গোপীগণ ও নন্দ প্রমুখ গোপগণ অতিশয় আনন্দিত হইয়াছিলেন। এই লীলাখানি শ্রীকৃষ্ণের এক বৎসর বয়ঃক্রম কালের।

শকট ভঞ্জন লীলা

একদা শ্রীমন্দপঙ্ক্তি যশোদা গুর্খানিক উৎসব উপলক্ষে গোপগোপীগণকে আহ্বান করিয়া দ্বিজগণ দ্বারা তাহার মঙ্গল কার্য্য আরম্ভ করিলেন। মাতা ক্রোড়ে শ্রীকৃষ্ণকে নির্দিত অবস্থা দেখিয়া একখানি শকটের নিচে শয়ন করাইলেন এবং গোপ, গোপী ভ্রান্তগণের সেবা-পূজায় রত হইলেন। কংস প্রেরিত উৎকচ নামক দৈত্য বায়ুরূপে শিশুর নিকটে আসিয়া শকট খানি শ্রীকৃষ্ণের উপর পাতিত করিতে চেষ্টা করিলে, অসুরামী ভগবান শ্রীকৃষ্ণ রোদন (ছলনা করিয়া) করিতে করিতে হস্ত-পদ প্রসারণ করিলেন। তখন কোমল চরণাঘাতে সেই বৃহত্তম শকটখানি বিপর্যস্ত হইল। তাহাতে শকটের জোয়াল ছিন্ন হইয়াছিল ও শকটের আঘাতে উৎকচ নামক দৈত্য নিহত হইয়া মুক্তিপদ লাভ করিয়াছিল। এই স্থানে গুণভাবে উৎকচ নামক দৈত্যকে শ্রীকৃষ্ণ নিহত করিয়া ভ্রজবাসী গোপ গোপীদিগকে রক্ষা করিয়া ছিলেন। মাতা যশোদা রোদন পরায়ণ শিশু পুত্রটিকে ক্রোড়ে লইয়া দুষ্ট গৃহের এই কার্য্য, ইহা আশঙ্কা করিয়া ভ্রান্ত দ্বারা বেদমন্ত্রে স্বস্ত্যায়ন করাইয়াছিলেন ও শিশুপুত্রকে স্তরপান করাটিতে লাগিলেন।

উৎকচ নামক দৈত্য পূর্বে হিরণ্যাক্ষের পুত্র ছিল। উৎকচ একদা লোমশমুনির আশ্রমে গমন পূর্বক অনেক বৃক্ষ চূর্ণ করিতে থাকিলে, রোষ পরবশ লোমশমুনি তাহাকে অভিশাপ দিলেন যে—‘রে দ্বন্দ্বতে! তুই শরীর হীন হইবি।’ অভিশাপ শুনিয়া অস্তর মুনির চরণে মুক্তির জন্ম প্রার্থনা জানাইলেন,

মুনি প্রার্থনায় সন্তুষ্ট হইয়া বলিলেন যে—‘চাকুর মন্ত্রের তোমার বায়ুদেহ লাভ হইবে এবং বৈবস্ত মন্ত্রের শ্রীহরির পদাঘাতে তুমি মৃত্তি লাভ করিবে।’ এইলীলাটি শ্রীকৃষ্ণের তিনমাস বয়ঃক্রম কালিন।

শ্রীমতী ষশোদামাতা কর্তৃক শ্রীকৃষ্ণের সামবঙ্গন এবং যমপাঞ্জুন বৃক্ষদ্বয়ের মুক্তি

কুবেরের দুই পুত্র নলকুবর ও মণিশ্রীব। তাহারা রুদ্রের অনুচর ছিলেন। একদিন উভয়ে বাঁকুনী মদিরাপামে মন্ত্রা প্রাপ্ত ও ঘূর্ণিত নয়ন হইয়া অঙ্গরা গণের সহিত বিবন্দ্রাবস্থায় মন্দাকিনীর জলমধ্যে জলক্রীড়ায় প্রবৃত্ত হইলেন। সেই সময় যদৃচ্ছাক্রমে দেবৰ্ষি নারদ দৈবাং সেই দিক দিয়া যাইতে ছিলেন, তিনি গুহাকদ্বয়কে দেখিলেন এবং তাহারা যে মদমন্ত্র তাহাও বুঝিলেন। দেবৰ্ষি নারদকে দেখিয়া বিবন্দ্রা দেবৌগণ লজ্জিতা ও শাপভয়ে ভীতা হইয়া সহুর বসন পরিধান করিয়াছিলেন কিন্তু ঐ বিবন্দ্র গুহাকদ্বয় বসন পরিধান করিলেন না। তাহাতে নারদঘৰ্ষি ক্রুক্ষ হইয়া অভিশাপ দিলেন যে—‘তোমরা কামে মন্ত্র এবং বৃক্ষের তুল্য নিল’জ অতএব তোমরা বৃক্ষদেহ প্রাপ্ত হইয়া ভূতলে অবস্থান কর।’ খৰির অভিশাপ শুনিয়া তাহাদের চৈতন্য ফিরিয়া আসে এবং মুক্তির জন্য খৰির চরণে প্রার্থনা জানায়। তখন খৰি বলিলেন যে— দেব পরিমাণের শতবর্ষ অতীত হইলে ভগবান শ্রীকৃষ্ণ ভূতলে অবতৌর হইবেন, সেই সময় শ্রীকৃষ্ণের কৃপায় তোমাদের মুক্তিপদ লাভ হইবে। খৰির অভিশাপে গুহাকদ্বয় গোকুলে দুইটি অর্জুন বৃক্ষরূপে অবস্থান করিতে লাগিলেন।

একদিন গৃহদাসীগণ কর্ম্মাঙ্গে নিযুক্ত থাকিলে ষশোদামাতা স্বয়ং দধিমন্ত্র করিতে লাগিলেন। সেই সময়ে স্তুপানাকাঞ্চী শ্রীকৃষ্ণ দধিমন্ত্রকারিনী জননীর নিকট আসিয়া হস্তস্থারা মন্ত্রনদণ্ড ধারণ করিয়া ষশোদা প্রীতি উৎপাদন পূর্বক মন্ত্র করিতে নিষেধ করিলেন। ষশোদামাতা ক্রোধে আরাতু শ্রীকৃষ্ণের সহায় মৃখ নিরীক্ষণ করিতে করিতে প্রেহ ক্ষরিত দুঃখপান করাইতে ছিলেন, চুল্লীর উপরে যে দুঃখভাণ্ড ছিল তাহা অগ্নির অত্যাধিক তাপে উখলিত হইল, অতএব শ্রীকৃষ্ণকে অতৃপ্ত অবস্থায়ই পরিত্যাগ করিয়া মাতা ষশোদা বেগে সেইদিকে গমন করিলেন। তখন শ্রীকৃষ্ণ ক্রোধ বশত একটি মুড়ি দ্বারা নবনীতের ভাণ্ড ভাঙ্গিয়া ফেলিলেন ও মিথ্যা করিয়া অশ্রুপূর্ণ নয়ন হইয়াছিলেন এবং গৃহের অত্যাঙ্গের গমন করিয়া নবনীত ভক্ষণ করিতে লাগিলেন। মাতা ষশোদা চুল্লী হইতে স্বপক দুঃখ নামাইয়া রাখিয়া পুনর্বার দধিমন্ত্র-স্থানে প্রবেশ করিয় ও দধিপাত্র ভগ্ন দেখিয়া নিজপুত্রের এই কর্মদর্শনে ও পুত্রকে সেইস্থানে না দেখিয়া অধ্বেষণ করিতে লাগিলেন। শ্রীকৃষ্ণ মাতাকে যষ্টি হস্তে আসিতে দেখিয়া তায়ে পলায়ন করিতে লাগিলেন। মাতা ও পশ্চাদ্বাবিতা হইলেন। মায়েয় পরিশ্রম দেখিয়া অনাদির আদি গোবিন্দ স্ব-ইচ্ছায় গতিবেগ মন্দিভূত করিয়ে, মাতা তাহাকে ধরিয়া ফেলিলেন স্মৃতবৎসলা ষশোদা পুত্রকে ভৌত জানিয়া যষ্টি পরিত্যাগ করিয়া রঞ্জুদ্বারা বন্ধন করিতে ইচ্ছা করিলেন। মাতা রঞ্জুদ্বারা বন্ধন করিতে আরম্ভ করিলে দুই আঙুল ছোট হইয়াছিল। গোপীগণের এবং গৃহের সমস্ত রঞ্জু সংযোগ করিয়াও মাতা শ্রীকৃষ্ণকে বন্ধন করিতে পারিলেন না। ঘর্মাঙ্গ কলেবরা মাতা ষশোদার এই পরিশ্রম দেখিয়া শ্রীকৃষ্ণ কৃপা পূর্বক স্বয়ং বন্ধনস্থ হইলেন। মাতা পুত্রের উদরে এবং একটি উদুখলের সঙ্গে রঞ্জুদ্বারা বন্ধন করিয়া গৃহকাঠ্যে

ব্যস্ত হইলেন। কাঠিক মাসে শ্রীকৃষ্ণের উদরে মাতা যশোদা রঞ্জু দ্বারা শ্রীকৃষ্ণকে বন্ধন করিয়াছিলেন, সেইজন্তু এই মাসকে দামোদর মাস বলিয়া থাকেন।

বৃক্ষ ছাইটি যে স্থানে অবস্থিত ছিল সেই দিকে শ্রীকৃষ্ণ উদুখল সহকারে আস্তে গমন করিলেন। বৃক্ষ ছাইটির মধ্যাদিয়া শ্রীকৃষ্ণ গমন করিলে সেই উদুখলটি বক্রভাবে বৃক্ষবয়ের সঙ্গে আটকিয়ে যায়। শ্রীকৃষ্ণ উদুখলকে বেগে আকর্ষণ করিলে বৃক্ষবয়ের মূল সমেত উৎপাটিত হইয়া ও প্রচণ্ড শব্দ করিয়া ভূমিতে পতিত হইল। তৎক্ষণাৎ সেই বৃক্ষবয়ের অভাস্তর হইতে নলকুবর ও মণিগ্রীৰ বহির্গত হইয়া শ্রীকৃষ্ণকে স্মৃতি ও প্রণাম করিলেন এবং শ্রীকৃষ্ণের কৃপায় তাহারা মুক্তিপদ লাভ করিলেন। নলাদি গোপগণ ঐ বৃক্ষবয়ের পক্ষে শব্দ শ্রবণ করিয়া সেইস্থানে গমন করিলেন এবং তত্র বালকগণ কর্তৃ'ক সেই বৃক্ষবয় উৎপাটনের কারণ শ্রবণ করিয়া সন্দিক্ষ চিন্ত হইয়াছিলেন। শ্রীনন্দমহারাজ রঞ্জুবন্দ নিজপুত্রকে উদুখল আকর্ষণ করিতে দেখিয়া হাস্যমুখে তাহার বন্ধন মোচন করিয়া দিয়াছিলেন। ইহা শ্রীকৃষ্ণের দ্বারা বৎসর তিনিমাসের লৌলা।

কাকাসুরের মৃত্তি

কাকরপী কংসের এক অস্ত্র ছিল। অস্ত্র কংসের আঙ্গামুসারে শ্রীকৃষ্ণকে হত্যা করিবার জন্য আকাশমার্গে গোকুলে গমন করিলেন। শ্রীকৃষ্ণ দোলায় শয়াবস্থায় খেলা করিতেছিলেন। মাতা যশোদা রোহিণীয়াদি নিজ নিজ কাজ কর্মে ব্যাস্ত ছিলেন। এমন সময় কাকাসুর স্বত্তেজ প্রভাবে বহুপ্রকার চেষ্টা করিয়াও শ্রীকৃষ্ণকে হত্যা করিতে পারিলেন না। উল্টা নিজে শ্রীকৃষ্ণের কৃপায় মুক্তিপদ লাভ করিয়া-ছিলেন এবং কাকরপী শরীর কংসের রাজসভায় পতিত হইলেন।

শ্রীকৃষ্ণের মুখ্যমধ্যে যশোদামাতার বিশ্ব দর্শন

একদিন মাতা যশোদা শ্রীকৃষ্ণকে কোলে করিয়া স্তন পান করাইতেছিলেন। শ্রীকৃষ্ণ স্তন পান করিতে করিতে হাই তুলিলে, মাতাযশোদা মুখের মধ্যে আকাশ, স্বর্গ, মর্ত্যলোক, স্মর্য, চন্দ, বচ্ছি, বায়ু, সমুদ্র, দ্বীপ, পর্বত, নদী, বন, স্থাবর ও জঙ্গল ইত্যাদি দেখিয়াছিলেন।

অপর একদিন শ্রীবলরাম ও সখাগণসঙ্গে শ্রীকৃষ্ণ ক্রিড়া করিতে করিতে মৃত্তিকা ভক্ষণ করিলেন। ইহা দর্শন করিয়া সকলে আসিয়া মাতা যশোদার নিকট নিবেদন করিলেন। পুত্রহিতাকাঞ্জিণী মাতা যশোদা, পুত্রের হস্ত ধারণ করিয়া ভ'ৎসনা পূর্বক বলিতে লাগিলেন—ওহে অস্ত্রিচিন্ত বালক, ঘরে ননী-মাখন ইত্যাদি থাকা সত্ত্বেও তুমি কেন মৃত্তিকা ভক্ষণ করিয়াছ? তাহার প্রতি উত্তরে শ্রীকৃষ্ণ বলিলেন—না মাতা! আমি মাটি খাই নাই। তাহার তোমার নিকট মিথ্যা কথা বলিয়াছে। তুমি আমার মুখ নিরীক্ষণ করিয়া দেখ। যশোদা মাতা বলিলেন, তবে তুমি মুখ প্রসারিত কর। এই কথা শুনিয়া ভগবান् শ্রীকৃষ্ণ মুখ্যব্যাদন করিলে, মুখ্যমধ্যে মাতা—জঙ্গম, স্থাবর, আকাশ, দিক, সসাগর। পৃথিবী, বায়ু, অগ্নি চন্দ ইত্যাদি দেখিতে পাইলেন। মাতা পুত্রের মুখ্যমধ্যে বিশ্ব দর্শন করিয়াও বাংসল্য (এই অমাবস্যার পুত্র ইত্যাদি) ভাবে স্নেহ করিয়াছিলেন।

শ্রীব্ৰহ্মাণ্ড ঘাট

শ্রীমহাবনের এক কিঃ মিঃ দক্ষিণে ব্ৰহ্মাণ্ডঘাট অবস্থিত। একদিন শ্রীকৃষ্ণ মাটি খাইলে সখাগণ আসিয়া মাতা ষষ্ঠোদাকে বলিতে লাগিলেন যে—দেখ, দেখ গোপাল মাটি খাইয়াছে। তখন মাতা গোপালকে ধরিয়া বলিতে লাগিলেন—হে বাহা তুমি কেন মাটি খাইয়াছ ? আমাৰ ঘৱে ননী, মাখন কিসেৰ অভাৱ। শ্রীকৃষ্ণ বলিলেন—না মাতা, আমি মাটি খাই নাই। মাতা বলিলেন তবে হঁ কর, যেই শ্রীকৃষ্ণ হঁ করিলেন—তখন মায়শোদা শ্রীকৃষ্ণেৰ মুখেৰ মধ্যে সপ্ত স্বর্গ, সপ্ত পাতাল, চন্দ্ৰ, সূৰ্য ইত্যাদি সমস্ত কিছু বিশ্বব্ৰহ্মাণ্ড দেখিতে পাইলেন। সেইজন্ত এইস্থানেৰ নাম শ্রীব্ৰহ্মাণ্ডঘাট। ঘাটেৰ উপৱে শ্ৰী-বালগোপালেৰ অপূৰ্ব মূৰ্তি দৰ্শনীয়।

শ্রীচিন্তাহৱণ ঘাট

শ্রীব্ৰহ্মাণ্ড ঘাট হইতে এক কিঃ মিঃ দক্ষিণে শ্রীচিন্তাহৱণ ঘাট অবস্থিত। তটে শ্ৰীরাধাকৃষ্ণেৰ মন্দিৰ, শ্রীচিন্তোৰ মহাদেব মন্দিৰ অত্যন্ত সুন্দৰ দৰ্শনীয়। শ্রীমহাদেবজী একদা শ্রীকৃষ্ণকে নৱৰূপে দৰ্শন কৰিবাৰ জন্য কৈলাস পৰ্বত হইতে এইস্থানে আগমন কৰিয়া শ্রীকৃষ্ণেৰ চিন্তা কৰিতে কৰিতে দৰ্শন লাভ কৰিয়াছিলেন। সেইজন্ত এইস্থানেৰ নাম চিন্তাহৱণ ঘাট।

শ্ৰীবলৱামেৰ আবিৰ্ভাৱ

মথুৰায় কংসেৰ কাৰাগারে শ্রীবস্তুদেব এবং শ্রীমতী দেবকী যখন আবদ্ধ ছিলেন তখন পৱপৱ দুয়োনি সন্তানকে কংস হত্যা কৰেন। তাহাদেৱ নামগুলি শ্রীমন্তাগবতে উল্লিখিত যথা—(১) কীৰ্তিমান, (২) সুষেণ, (৩) ভদ্রসেন, (৪) ঋজু, (৫) সংমৰ্দন ও (৬) ভদ্ৰ। অনাদিৰ আদি গোবিন্দ সপ্তম গৰ্ভেৰ সন্তান শ্ৰীবলৱামকে যোগমায়াৰ দ্বাৰা মাতা দেবকীৰ গৰ্ভসিদ্ধ হইতে মাতা রোহিণীতে স্থাপন কৰেন। শ্ৰীবলৱামেৰ আবিৰ্ভাৱ হইবাৰ সময় তিথি ও নক্ষত্ৰাদি যথা—মাস—শ্রাবণ, পক্ষ—গুৰুপক্ষ, তিথি—ষষ্ঠী, সময়—মধ্যাহ্ন সময়, নক্ষত্ৰ—স্বাতীনক্ষত্ৰ লগ্ন—তুলালগ্ন, পক্ষ—উত্ত্ৰগ্ৰহাবৃত, জন্ম—পাঁচদিনে, গ্ৰাম—পুৱাতন গোকুল। সেই সময় স্বৰ্গ হইতে দেবগণ পুস্পৰষ্টি কৰিয়াছিলেন ইত্যাদি।

যোগপৌঠে শ্ৰীবলৱামেৰ বয়স, বন্ধু রসনাদি :—পিতা—শ্ৰীবস্তুদেব, মাতা—শ্ৰীরোহিণীদেবী, পিতৃহিত্রি—শ্ৰীনন্দমহারাজ, ভাই—শ্রীকৃষ্ণ, ভগিনী—শ্রীমতীশুভদ্ৰাদেবী, স্ত্ৰী—ৱেবতীদেবী, বড়মাতা—শ্ৰীমতীষষ্ঠোদাদেবী, গ্ৰাম—গোকুল, বৰ্ণ—শুভ কৃটিক বৰ্ণ, বন্ধু—নীলবন্ধু, বয়স—১৬, দীৰ্ঘকেশ, সুলাবণ্য রঞ্জকুণ্ডলধাৰী, নানাৰীধৰণী পুস্পক পুস্পক কেশ, কেশুৰ বলয়াদি মণিত বিবিধ কেলিৱসাকাৰ।

শ্ৰীবলৱামেৰ আবিৰ্ভাৱ কালে শ্ৰীব্যাসদেব, শ্ৰীদেবল, শ্ৰীদেবৱৰাত, শ্ৰীবশিষ্ঠ, শ্ৰীবৃহস্পতি ও শ্ৰীগৰ্ম্মনি উপস্থিত হইয়াছিলেন। শ্ৰীনন্দমহারাজ তাহাদিগকে পাঠাদি দ্বাৰা পূজা কৰিয়াছিলেন।

ইসলামপুৰ :—মহাবন হইতে ছই কিঃ মিঃ উত্তৱে ইসলামপুৰ অবস্থিত। এই গ্ৰামেৰ পশ্চাত্তঙ্গে সৱায় আলীঁ অবস্থিত।

মুবারেকপুর ঃ—রাভেল হইতে এক কিঃ মিঃ দক্ষিণে মুবারেকপুর অবস্থিত ।

শ্রীগোকুল

শ্রীমথুরা হইতে সাত কিঃ মিঃ এবং মহাবন হইতে তিনি কিঃ মিঃ উত্তর-পশ্চিমে অবস্থিত শ্রী-গোকুল গ্রাম । এই গ্রামে শ্রীবল্লভাচার্যের সন্তানগণ বসবাস করিতেছেন । দর্শনীয় স্থানগুলি—(১) শ্রীগোপালঘাট, (২) শ্রীবল্লভ ঘাট, (৩) শ্রীগোকুলনাথজীউর বাগিচা, (৪) বাজনটীলা, (৫) সিংহপৌরী (৬) শ্রীযশোদাঘাট, (৭) শ্রীবিঠ্ঠল নাথজীউর মন্দির, (৮) শ্রীমদনমোহন মন্দির, (৯) শ্রীমাধবরায়ের মন্দির, (১০) বৰুজ ছোকুরা বৃক্ষ, (১১) শ্রীগোবিন্দঘাট, (১২) শ্রীঠাকুরাণীঘাট, (১৩) শ্রীগোকুলচন্দ্রমাৰ মন্দির, (১৪) শ্রীমথুরানাথজীউর মন্দির, (১৫) শ্রীনন্দমহারাজের গাড়ী রাখিবার স্থান (১৬) শ্রীনবন্দীত প্রীয়াজী, (১৭) শ্রীনন্দভবন, (১৮) শ্রীনন্দটীলা, (১৯) শ্রীকৃষ্ণকৃত্ক মাটি খাওয়া স্থান ইত্যাদি ।

শ্রীরমণরেতী :—শ্রীযমুনার তটে এবং শ্রীমহাবন হইতে এক কিঃ মিঃ দূরে শ্রীরমণরেতী অবস্থিত । এইস্থানে শ্রীউদ্যাষীণকার্ণী মন্দির এবং বিড়াট গোশালা দর্শনীয় ।

রাভেল গ্রাম

শ্রীযমুনার তটে অতিসুন্দর মনোরম স্থান । ইহা মথুরা হইতে সাত কিঃ মিঃ এবং পাকা সড়ক হইতে ১২৫ কিঃ মিঃ দূরে অবস্থিত । মন্দিরে শ্রীমতীরাধাৱাণীর অপৰূপ শ্রীবিগ্রহ দর্শনীয় । এইস্থানে শ্রীমতীরুষভানুমন্দিনী আবিভূতা হইয়াছেন । শ্রীমতীরাধাৱাণীর জন্মতিথিতে সেইজন্য এইস্থানে মহা-সমারোহে মেলা বসিয়া থাকেন ।

—ঃ তথাহি শ্রীআদিবরাহে :—

অহে শ্রীনিবাস দেখ এ ‘রাবল’—গ্রাম । এথা বৃষভানু বসতি অনুপম ॥

শ্রীরাধিকা প্রকট হইলা এইখানে । যাহার প্রকটে সুখ ব্যাপিল ভুবনে ॥

প্রথমে শ্রীবৃষভানুমহারাজ এইস্থানে বসবাস করিতে হিলেন । যখন শ্রীনন্দমহারাজ শ্রীকৃষ্ণকে রক্ষাকরার জন্য গোকুল হইতে শ্রীনন্দগ্রামে চলিয়া যায় তখন শ্রীবৃষভানু মহারাজ ও এই রাভেল গ্রাম হইতে শ্রীবৰ্ধানা গ্রামে চলিয়া যায় ।

—ঃ তথাহি শ্রীগৰ্গ সংহিতায়ঃ :—

অঈবে রাধা বৃষভানুপত্নামাবেশু রূপঃ মহসঃ পরাখ্যম্ ।

কলিন্দজাকুলনিকুঞ্জ দেশে সুমন্দিরে সাবততার রাজন् ॥

অনুবাদ ঃ—হে রাজন् ! শ্রীকৃষ্ণ আপনার পরম তেজ বৃষভানু পত্নীতে রাধাকৃপে আবেশিত করেন, সেই তেজ হইতে যনুনাকুলের নিকুঞ্জ দেশে উত্তম মন্দিরে শ্রীরাধা আবিভূতা হন ।

ঘনাবৃতে ব্যোম্নি দিনস্ত মধ্যে ভাজ্জে সিতে নাগতীঝো চ সোমে ।

অবাকিৰন্দ দেবগণাঃ শুরপ্তিস্তমন্দিরে নন্দনজৈঃ প্রসূনৈঃ ॥

রাধাবতারেণ তদা বঙ্গবুন শ্রোহমণাভাষ দিশঃ প্রসেছঃ ।

ববুচ বাতা অরবিন্দরাগৈঃ সুশীতলাঃ সুন্দরমন্দযামৈ ॥

অনুবাদ :—ভাদ্র মাসের শুক্লাষ্টমী তিথিতে সোমবার মধ্যাহ্নকালে তিনি অবতীর্ণ হন, সে সময় আকাশ মেঘাবৃত ছিল। তখন দেবগণ সেই মন্দিরে নন্দনবনজাত প্রফুল্ল প্রমৃশ বর্ষণ করিলেন, নদী সকল অমল ও দিক সকল প্রসর হইল, পদ্মপরাগসহ সুগন্ধ সুশীতল সমীরণ মন্দ মন্দ প্রবাহিত হইল।

স্তুৎঃ শরচচন্দ্রশত ভিরামাঃ দৃষ্ট্বাথ কীর্তিমুদমাপ গোপী ।

শুভঃ বিধায়াশু দদৌ দ্বিজেভ্য় দ্বিলক্ষ্মানন্দকরং গবাঞ্চ ॥

শ্রেষ্ঠে খচিদ্রত্তমযুথপূর্ণে সুবর্ণযুক্তে কৃতচন্দনাঙ্গে ।

আন্দোলিতা সা ববুধে সৰ্থীজনৈদিনে দিনে চন্দ্ৰকলেৰ ভাসিঃ ॥

অনুবাদ :—শত শরৎ-শশধর-কাষ্ঠি রমণীয়া কল্পা দর্শনে মাতা কীর্তি অত্যন্ত হৰ্ষ প্রাপ্ত হইলেন, তিনি সহর শুভ বিধান করিয়া আনন্দদায়ক দ্বি লক্ষ গো দ্বিজগণকে দান করিলেন। অনন্তর রাধা কিরণ-পূর্ণ রঞ্জিত চন্দনলিঙ্গ সুবর্ণময় দোলায় সৰ্থীগণ কর্তৃক আন্দোলিত হইয়া দিনে দিনে নিজপ্রভায় শশীকলার আয় বদ্ধিত হইতে লাগিলেন।

—ঃ তথাহি শ্রীগোপালচম্পু গ্রন্থ হইতেঃ—

সত্যঃ বহুসুতৰস্ত্রাকরতাঃ স প্রাপ গোপতুঃস্থাক্ষিঃ । কিঞ্চমৃতচ্ছাতি-রাধা, লক্ষ্মীজননাদগাং পুর্তিম্ ॥

স খন্তু শ্রীকৃষ্ণজন্মবর্ধানন্তরবর্ষে (ক) সর্বস্মুখ-সত্রে । রাধানাম্বিনক্ষত্রে জাতেতি রাধাভি ধীয়তে ॥

অনুবাদ :—সত্যটি সেই বৃষভান্তু গোপকূপ ক্ষীরসিন্ধু, বহু পুত্রকূপ রত্নের আকরহ প্রাপ্ত হইল ইহা সত্য, কিন্তু অমৃত-প্রভাশালীনী রাধিকারপা লক্ষ্মীর জন্মতে তাহা পরিপূর্ণতা প্রাপ্ত হইয়াছেন। সেই কল্পা নিশ্চয়ই শ্রীকৃষ্ণের জন্মউৎসবের পরবর্ষে সর্বস্মুখ সংযুক্ত অনুরাধা নামক নক্ষত্রে জন্মগ্রহণ করেন। এই হেতু সকলে তাহাকে রাধিকা বলিত।

শ্রীমতীরাধারাণীর আবির্ভাবের সময় তিথি নক্ষত্র

(১) মাস—ভাদ্র, (১) পক্ষ—শুক্লপক্ষ, (৩) বার—সোমবার, (৪) নক্ষত্র—অনুরাধা, (৫) সময়—মধ্যাহ্ন কাল, (৬) পিতা—শ্রীবৃষভান্তু মহারাজ, (৭) মাতা—শ্রীমতী কীর্তিদাদেবী, (৮) ভ্রাতা—শ্রীদাম, (৯) ভগিনী—অনন্তমঞ্জরী।

প্রকৃতি—আকাশ মেঘাবৃত, মৃদুমন্দ বাতাস, নদ-নদী সকল প্রসর, সেই সময় স্বর্গ হইতে দেবগণ পুস্পবৃষ্টি করিতেছিলেন ইত্যাদি। যোগপাঠে শ্রীমতীরাধারাণী নিত্যকিশোরী, বসন—নীল, গঠন—গলিত হেমবর্ণ, বয়স—১৪।২।২৪, চতুদিকে পদ্মদলে অষ্টসৰ্থীও মঞ্জরীগণ পরিবেষ্টিত। কুঞ্জ—শ্রীগোবিন্দানন্দদকুঞ্জ।

নবীপুর :—লোহবন হইতে ছাই কিঃ মিঃ দূরে অবস্থিত।

অদ্বুল :—লক্ষ্মীনগর হইতে এক কিঃ মিঃ দূরে অবস্থিত।

রায়পুরমহী :—অদ্বুলের পার্শ্বে রায়পুরমহী অবস্থিত।

এই শ্রীবৃন্দাবনধামে শ্রীরাধাকৃষ্ণ নিরস্তর নিজপরিকর, ব্রজপরিকর পশ্চ পক্ষী-কীট-পতঙ্গ ইত্যাদি সকলের সহিত প্রেমলীলারস আস্থাদন করিয়াছেন এবং করিতেছেন, সেইজন্ত এই লীলাময় ভূমির অনন্ত মহিমা যেমন—

—ঃ তথাহি গৌতমীয়ে নারদ প্রতি শ্রীকৃষ্ণ বাক্যমঃ—

ইদং বৃন্দাবনং রমাং মম ধামৈব কেবলম् । অত্র যে পশবঃ পক্ষি বৃক্ষ-কীট-নরাময়ঃ ।

বসন্তে সমাধিষ্ঠে মৃতা যাষ্টি মমালয়ম্ ॥

অনুবাদঃ—এই রমা বৃন্দাবন সমগ্রই আমার ধাম। আমার এই ধামে যে সকল পশ্চ-পক্ষি-বৃক্ষ-কীট নর-দেবতা বাস করে, তাহারা দেহাষ্টে আমার গোলোকধামে গমন করে।

—ঃ তথাহি শ্রীবৃন্দাবন-মহিমায়ত গ্রন্থেঃ—

যৎ পুষ্পং ভ্রাতবন্তঃ সুন্দপি পবনং বা স্পৃশন্তঃ স্বরূপং

লোকং বাহলোকযন্তঃ কমপিমতিকৃতঃ কর্ষিচিদ্ যদিশেহপি ।

যন্নামাপ্যেকবারং শুভমভিদ্বিতঃ কীটকটাদৌ চ মৃতা

প্রাপ্যাষ্ট্যে বাঞ্ছসা তন্মুনিবর মহিতঃ ধাম যে কেচিদেব ॥

অনুবাদঃ—ঘঁহারা (জীবনে) একবারও শ্রীবৃন্দাবনের পুষ্প দ্বাগ করিয়াছেন, তাহার বায়ু স্পর্শ করিয়াছেন, তাহার স্বরূপ বা তত্ত্ব যে কোনও লোককে দর্শন করিয়াছেন অথবা তাহার দিকে লক্ষ্য করিয়া যে কোনও স্থানে দণ্ডবৎ প্রগতি করিয়াছেন, তাহার মঙ্গল মধুর নাম একবারও উচ্চারণ করিয়াছেন— তাহারা কিকট (বিহার) প্রভৃতি দেশে তরুত্যাগ করিলেও শীঘ্রই মুনিশ্রেষ্ঠগণ কর্তৃক বন্দনীয় এই শ্রীবৃন্দাবন ধাম প্রাপ্ত হইবেন—ইহাতে সন্দেহ নাই। ইত্যাদি ইত্যাদি।

শ্রীরাধাকৃষ্ণের লীলামাধুর্য যেন আমাকে বর্তমানে এবং ভবিষ্যতে অর্থাৎ যত্যুর সময়ে স্ফুরিত করায় ইহাই সকলের চরণে একমাত্র কামনা রাখিয়া এইস্থানে গ্রহণিত্বা সমাপ্ত করিতেছি।

মগঃ শ্রীরাধিকা শ্রীমুরলীধর মহা প্রেমসিঙ্কো নিমগঃ

তদ্গৌর শ্রামগাত্রচ্ছবি শয় জলধৌ শ্রোজিতাবার পারে ।

শোভা মাধুর্য পূর্ণীর বুড়িত মহোমন্ত মেতনমাষ্টঃ ॥

শ্রীবৃন্দাবন্যমেব শুরতু ন কলিতং মায়য়াহিবিদ্যায়া চ ॥

অনুবাদঃ—আহো ! শ্রীরাধা ও শ্রীমুরলীধরের মহা প্রেমসিদ্ধতে মগ, সেই গৌর শ্রামের গাত্র কাষ্ঠিময় পারাবার বিহীন সমুদ্রে নিমগ্ন এবং তাহাদের শোভা মাধুর্য পূর্ণ সাগরে বুড়িত (সংনিমগ্ন) ও মন্ত এই শ্রীবৃন্দাবন—যাহা মায়া বা অবিদ্যা কর্তৃক কখনও দৃষ্ট হয়েন না—আমার অন্তঃকরণে স্ফুর্তি প্রাপ্ত হউন—এই প্রার্থনা ।

—ঃ প্রকাশিত গ্রন্থাবলী :—

১। শ্রীশ্রীগিরিরাজ পরিক্রমা মার্গ	১৫০০
২। শ্রীশ্রী ৮৪ ক্রোশ ব্রহ্মগুল (চিত্র সঙ্গে সুশোভিত)	৫০০০

৳৯

—ঃ বাংলা হিন্দি এবং ইংরাজী অক্ষরে লক্ষা :—

৩। (ক) শ্রীশ্রীগিরিরাজ পরিক্রমা মার্গ	২০০
(খ) শ্রীশ্রী ৮৪ ক্রোশ ব্রহ্মগুল (আমের মানচিত্র)	২০০
(গ) শ্রীশ্রী ৮৪ ক্রোশ ব্রহ্মগুল এবং সৌমান্তর্গত মানচিত্র	২০০

৳৯

—ঃ শ্রীলভজহরিদাস বাবাৰ প্রকাশিত গ্রন্থাবলী :—

৪। তত্ত্ব ও শ্রীকৃষ্ণকথা	১০০০০
৫। বৈষ্ণব-গীতিকা	৩০০০